
ঢাকাইয়া কুট্টি ভাষার অভিধান

সংকলন ও সম্পাদনা

মোশাররফ হোসেন ভূঞা



পুরনো ঢাকার কুট্টি ভাষা শ্রবণে খুবই শ্রুতিমধুর। এই ভাষা সহজ-সরল আঙ্গিকে মনের ভাব প্রকাশ করে অত্যন্ত দ্রুত ও সহজিয়া ভঙ্গিতে। ফলে শ্রোতার মর্মে গেঁথে যায় যন্ত্রধ্বনির মতো। কিন্তু কালের প্রবাহে এই মধুর ভাষা হারিয়ে যাচ্ছে ক্রমশ। জনপ্রিয় ও শ্রুতিমধুর এই ভাষাকে কালের স্রোতে চিরকালের জন্য ধরে রাখতেই 'ঢাকাইয়া কুট্টি ভাষার অভিধান' প্রণয়ন করার প্রয়াস নেন মোশাররফ হোসেন ভূঞা। প্রায় দুই বছর কঠোর পরিশ্রম করে অভিধানটি প্রণয়ন করায় এই ভাষাটি বিলুপ্ত হওয়ার হাত থেকে রক্ষা পেল। এই দুরূহ কাজের জন্য সংকলক ও সম্পাদককে অকৃত্রিম অভিনন্দন জানাই।

মণি হায়দার



মোশাররফ হোসেন ভূঞা গাজীপুর জেলার জয়দেবপুর থানাধীন পূবাইল ইউনিয়নের বড়দল গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সপ্তম বিসিএস ব্যাচের সদস্য হিসেবে বর্তমান সরকারি গুরুত্বপূর্ণ পদে দায়িত্বরত। কর্মজীবনে প্রচুর ব্যস্ততার মাঝেও 'ঢাকাইয়া কুট্টি ভাষার অভিধান' সংকলন ও সম্পাদনার দায়িত্ব পালন করেন সফলভাবে। তার অন্য গবেষণা গ্রন্থ 'কনস্টেবলের ডায়েরি' প্রকাশের অপেক্ষায় আছে। তিনি লিখেছেন উপন্যাস, কবিতা, প্রবন্ধ ও শিশুতোষ গ্রন্থ। এ যাবৎ তার প্রকাশিত গ্রন্থের সংখ্যা ১৮টি। অত্যন্ত দুরূহ কাজের ফসল এই অভিধানটির উপজীব্য বিষয় পাঠকের মনে প্রচুর কৌতূহল ও উদ্দীপনা যোগাবে বলে আমি বিশ্বাস করি।

প্রকাশক

ঢাকাইয়া
কুট্টি
ভাষার
অভিধান

ঢাকাইয়া কুট্টি ভাষার অভিধান

সংকলন ও সম্পাদনা
মোশাররফ হোসেন ভূঞা

ঐতিহ্য

ঢাকাইয়া কুট্টি ভাষার অভিধান
সংকলন ও সম্পাদনা : মোশাররফ হোসেন ভূঞা

প্রকাশক
ঐতিহ্য
রুমী মার্কেট ৬৮-৬৯ প্যারীদাস রোড
বাংলাবাজার ঢাকা ১১০০

প্রকাশকাল
মাঘ ১৪২১
ফেব্রুয়ারি ২০১৫

প্রচ্ছদ
ধ্রুব এষ

মুদ্রণ
ঐতিহ্য মুদ্রণ শাখা

মূল্য
চারশত ত্রিশ টাকা

DHAKAIYA KUTTI BHASHAR ABHIDHAN
Compiled & Edited by
Mosarrof Hossain Bhuiyan
Published by Oitijjhya
Date of Publication : February 2015

Email: oitijjhya@gmail.com

Price: Taka 430.00 US$ 12.00
ISBN 978-984-776-204-3

উৎসর্গ

কুট্টি ভাষার গদ্যকার
মালিক খসরু পিপিএম

কুট্টি ভাষার কবি
রোকেয়া ইউসুফ

কুট্টি ও সুখবাস ভাষায় দক্ষ কারিগর
আসলাম সানী

কথাসাহিত্যিক ও ছড়াকার
আমীরুল ইসলাম
এবং
শত শত বছর আগে সেইসব মহান কারিগর
যারা সহজিয়া প্রণোদনায় এই ভাষা সৃজনে
ও লালনে রেখেছেন মহত্তম ভূমিকা–
তাদের স্মৃতির চরণে

সূচিপত্র

ভূমিকা ও ভাষ্য

শব্দ!

শব্দ কী? শব্দ সকল সম্পর্কের সেতু। পৃথিবীতে এখন প্রায় সাড়ে সাতশো কোটি মানুষ, সেই সাড়ে সাতশো কোটি মানুষের মধ্যে সম্পর্কের যে সেতু, তার প্রথম ও অবধারিত অভীপ্সা 'শব্দ'। আদিমকালে যখন মানুষের সঙ্গে মানুষের সম্পর্কের সেতু তৈরি হয়নি, ছিল না শব্দ, কেমন ছিল সেই শব্দহীন অন্ধকার কাল? এখন অনুমান করলেও শিউরে উঠতে হয়। ভাষাহীন নীরব নিঃশব্দ মহাকাল পার হয়ে মানুষ সরব ও মুখর হয়েছে 'শব্দ' আবিষ্কারের পর। শব্দই কালের পরিক্রমণে তৈরি করেছে ভাষা। ভাষা তৈরি করেছে আশা। আশা ও ভাষার মিলিত স্রোতে মানব সভ্যতা পার করছে এক মহা সুবর্ণকাল।

মানুষের পৃথিবীতে 'মানুষ' আশ্চর্য আধার ও আধেয়। কত প্রকারের মানুষ, কত দেশের মানুষ, কত রঙের মানুষ, কত ভাষার মানুষ, কত শব্দের মানুষ যে বাস করে আজব এই দুনিয়ায়, ভাবলে বা হিসেব কষতে বসলে হিসাব মেলে না। মানুষের মননের, বোধের, পরিচয়ের, সময়ের, ইতিহাসের, বন্ধুত্বের, প্রেমের, ব্যবসায়ের, যুদ্ধের, প্রতারণায়, প্রেমে অ-প্রেমে মানুষের সকল প্রবাহের স্রোত মানুষের মুখের উচ্চারিত 'শব্দ'। উচ্চারিত এক একটি শব্দ অ্যাটমের ক্ষমতা ধারণ করে আছে। শব্দের পর শব্দের বুনন কাঠামোর উপর দাঁড়িয়ে আছে 'ভাষা'। সব কথার শেষ কথা– শব্দ ও ভাষার উপর দাঁড়িয়ে আছে গোটা মানব সভ্যতা।

ভাবুনতো, এক সকালে উঠে দেখলেন– আপনার মুখের প্রতিদিনের উচ্চারিত ভাষা বা শব্দ হারিয়ে গেছে। আপনার সঙ্গে ভাষা হারিয়েছে আপনার স্ত্রীর, কন্যার, পুত্রের, পিতার, মাতার– আত্মীয় স্বজনের, পাড়া প্রতিবেশী ও দুনিয়ার সকল মানুষের। কী করবেন আপনি বা আমি বা আমরা? কোটি কোটি মানুষের সঙ্গে এতদিনের তৈরি সম্পর্কের সব সেতু, সব গ্রন্থি একেবারে ছিন্ন হয়ে যাবে। আমরা কি মানুষ ছিলাম? কোথায় এই নিঃশব্দ জগতে এসে পড়লাম? অবস্থার পরিপ্রেক্ষিতে মানুষ নিজেকে খুন করবে। শব্দ ও ভাষাহীন

পৃথিবী থেকে মুক্তি চাইবে। তাহলে? ভাষাই মানুষের সঙ্গে মানুষের সকল সম্পর্কের অবিচ্ছেদ্য কেন্দ্রবিন্দু।

আজকের আধুনিক বাংলা ভাষা কেমন ছিল প্রাচীনকালে? ইন্দো ইউরোপীয় ভাষাবংশের ইন্দো আর্য ভাষার বিবর্তনের পথ ধরে জন্ম নিয়েছে বাংলা ভাষা। প্রতীচ্যের ধ্রুপদী ভাষাসমূহ থেকে বিকশিত ইংরেজি, ফরাশি, জার্মান, গ্রীক ও ল্যাটিন ভাষার সঙ্গে নব্য ভারতীয় আর্য ভাষাগোষ্ঠির এই ভাষা ঐতিহাসিক সূত্রেই জ্ঞাতি সম্পর্কে আবদ্ধ। প্রাচীনকালে ভারতবর্ষের ভাষা সংস্কৃতির সঙ্গে আর্য ভাষা ও সংস্কৃতির সংশ্লেষ ঘটে খ্রিষ্টের জন্মের পনেরশো বছর পূর্বে। সে সময়ে বাংলা ভাষার আকার, আঙ্গিক ও প্রকরণ কেমন ছিল, এই বিষয়ে যেমন নিশ্চিত করে কিছু জানা যায় না, তেমনি বঙ্গ অঞ্চলে আর্যদের আগমন সম্পর্কেও নিশ্চিত কোনো তথ্য পাওয়া যায় না।

বাংলা ভাষার উদ্ভবের কোনো সুস্পষ্ট কাল নির্নয় করা সম্ভব না হলেও অনুমান করা হয় খ্রিষ্টীয় নবম-দশম শতকেই প্রথম অঙ্কুরোদগম হয়েছিল বাংলা ভাষার। প্রাকৃত, অপভ্রংশ এবং অবহট্ট– এই তিনটি স্তর পেরিয়ে বাংলা ভাষার যে রূপ দাঁড়ায় তাতেই রচিত হয়েছে অবিস্মরণীয় 'চর্যাপদ' আর এই ভাষাকে সঙ্গায়িত করা হয়েছে প্রাচীন বাংলা ভাষা হিসেবে। বাংলায় তুর্কি, পাঠান এবং মুগল শাসনকালকে [১২০৪ থেকে ১৭৫৭] বাংলা ভাষার বিকাশের ইতিহাসের পারম্পর্যে বিবেচনা করলে বাংলা ভাষার কালসীমার বিচারে মধ্য বাংলা ভাষার কালকে [১৩৫০-১৮০০] নির্দেশ করে। সেইকালের প্রায় সকল শাসক বাংলা ভাষার পরিচর্চা করেছেন। ফলে ধীরে ধীরে বাংলা ভাষা সর্বজনগ্রাহ্য ভাষায় রূপ পেতে থাকে। এবং অষ্টাদশ শতকে বাংলা ভাষা নিজের শিরদাঁড়ার উপর নিজেকে স্থাপন ও প্রতিস্থাপন করতে সক্ষম হয়। প্রমাণস্বরূপ সুলতান ও মুগলদের পৃষ্ঠপোষকতায় যথাক্রমে বড়ু চণ্ডীদাস বিরচিত শ্রীকৃষ্ণকীর্তন (আনুমানিক ১৪০০), কৃত্তিবাস রচিত রামায়ণ (পনেরো শতকের প্রথমার্ধ) মালাধর বসু বিরচিত শ্রীকৃষ্ণবিজয় (১৪৮০), বিজয়গুপ্ত রচিত মনসামঙ্গল (১৪৯৪-১৪৯৫), বিপ্রদাস পিপিলাই রচিত মনসাবিজয় (১৪৯৫-১৪৯৬), কবীন্দ্র পরমেশ্বর রচিত মহাভারত পাঞ্চালী, শ্রীকর নন্দী রচিত মহাভারতের অশ্বমেধ পর্ব ও দ্বিজ শ্রীধর রচিত বিদ্যাসুন্দর কাব্য, শাহ মোহাম্মদ সগীরের ইউসুফ জোলেখা (পনেরো শতক), কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তী রচিত চণ্ডীমঙ্গল (১৬৫৪), ভারতচন্দ্র রায়গুণাকর রচিত অন্নদামঙ্গল (১৭৫৩) উল্লেখযোগ্য।

বাংলা ভাষা যদিও নিজের শিড়দাঁড়ার উপর স্থাপিত হয়েছে কিন্তু সামনে অগ্রসর হতে অনেক বাধাও পার হতে হয়েছে। বৌদ্ধ ও মুসলিম শাসনামলে

বাংলা ভাষার প্রচার ও প্রসার হয়েছে বলে, ইতিহাসবিদরা মনে করেন। কিন্তু হিন্দু ব্রাহ্মণদের শাসনামলে বাংলা ভাষার উপর নেমে এসেছিল দমন ও পীড়ন। কারণ, তারা ছিল আগ্রাসী বিদেশি জাতি। তারা নিয়ে এসেছিল সংস্কৃত ভাষা। হিন্দু ব্রাহ্মণ শাসকেরা বাংলা ভাষার উপর জবরদস্তি সংস্কৃত ভাষার প্রচলনের চেষ্টা চালায়, সেই প্রচেষ্টার মধ্যেই বাংলা মুগল শাসনাধীনে চলে আসে। মোগলের সময়ে বাংলা ভাষার উপর তেমন কোনো দমন পীড়নের খবর পাওয়া যায় না। কারণ, মুগলেরা কেবল রাজ্য দখল করে শাসন করতে চেয়েছিল, তারা স্থানীয় জনগণের মুখের ভাষা কেড়ে নিতে চায়নি। যদিও, তাদের রাজকীয় ভাষা ছিল ফারসি।

কালের প্রবাহে মুগলদের হটিয়ে ক্ষমতায় অধিষ্ঠিত হয় সাত সাগরের ওপার থেকে আসা সাদা চামড়ার ইংরেজ বেনিয়া গোষ্ঠী। ইংরেজরা ব্যবসা করতে এলেও তারা শীঘ্রই দেশীয় আত্মপ্রতারক ও শঠ রাজনৈতিক নেতা, ব্যবসায়ীদের নির্মম আনুকূল্যে পেয়ে যায় রাষ্ট্রক্ষমতার স্বাদ। সপ্তদশ শতক থেকে তাদের আপাত নিরীহ আগ্রাসন শুরু হলেও ক্রমে ক্রমে সেই আগ্রাসন রক্তাক্ত আগ্রাসনে রূপান্তরিত হতে সময় লাগেনি। এতোসব ভাঙাগড়ার মধ্যেও অষ্টাদশ শতকে বাংলা ভাষা নতুনভাবে ডালপালা মেলে এই অঞ্চলের মানুষের মুখে প্রতিষ্ঠা পেয়ে যায়। অন্যদিকে ইংরেজ কূট রাজনীতির প্রবাল্যে ধীরে ধীরে মুগলদের ফারসি ভাষা সরিয়ে সেখানে প্রতিস্থাপন করতে প্রয়াস পায় নিজেদের ইংরেজি ভাষা। সাম্রাজ্যবাদের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায়, সাম্রাজ্যবাদীরা কেবল দেশ বা ভূখণ্ড দখল করেই তাদের আগ্রাসী দায়িত্ব শেষ করে না, দখলকে চিরস্থায়ী করার জন্য প্রথমে কিছু উচ্ছিষ্টভোগী দালাল তৈরি করে, দ্বিতীয়ত দালাল ব্যবহার করে সুকৌশলে ভূমিপুত্রদের সংস্কৃতির উপর, ভাষার উপর দখলিস্বত্ব কায়েম করে। সংস্কৃতির প্রথম সোপান– ভূমিপুত্রদের উচ্চারিত 'শব্দ'। যে 'শব্দ' পরম্পরায় হাজার বছর ধরে ভূমিপুত্ররা লালন করে আসছিল। ইংরেজরাও এই অঞ্চল দখল করে সেই সাম্রাজ্যবাদী আগ্রাসন চালু করে। ডিভাইড অ্যান্ড রুল এবং হাজার বছর ধরে উচ্চারিত শব্দ ও ভাষার উপর দখল করার চক্রান্ত চালায়– 'ইংরেজি' ভাষা ও সংস্কৃতি চালুর সঙ্গে সঙ্গে ভাষার এই প্রতিস্থাপনের সুযোগটা গ্রহণ করে হিন্দু সম্প্রদায়। তারা মুসলিম শাসন থেকে মুক্তির জন্য সাত সাগরের ওপার থেকে আসা ইংরেজদের স্বাগত জানায়। লক্ষণীয়, যে কালে সুবে বাংলার রাজধানী হিসেবে অভিষেক ঘটে 'ঢাকা'র, যে কালটি বাংলা ভাষার বিকাশের কাল পরিক্রমা বলা যায় বাংলা ভাষার মহাকাল।

'ঢাকা' একটি প্রাচীন জনপথ।

ঢাকা গড়ে উঠেছে বুড়িগঙ্গার তীরে। ঢাকা শহর হিসেবে কীভাবে গড়ে উঠেছে তার আছে দীর্ঘ বিবরণ ও ইতিহাস। *১৫৮২ সালের টোডরমলের বাংলার রাজস্ব বন্দোবস্ত থেকে ঢাকা সম্পর্কে তথ্য পাওয়া যায়* আইন ই *আকবরীতে। এখানে উল্লেখ পাওয়া যায়, ঢাকা– বাজু ছিল সরকার বাজুহার একটি পরগনা। ঢাকার তথ্য আরও পাওয়া যায় আকবরনামা, বাহারিস্তান ই গায়েবি গ্রন্থে। পুনঃপুন এই স্থানকে নির্দেশ করা হয়েছে এনায়েতুল্লার আকবরনামায় ও মুগল সেনাপতি শাহবাজ খান [১৫৮৩ থেকে ৮৫] এবং মানসিংহের [১৫৯৪ থেকে ১৬০৫] যুদ্ধের বর্ণনায়। ঢাকাকে নির্দেশ করা হয়েছে একটি থানা হিসেবে এবং একজন থানাদার অবস্থান করত।*

যদিও ইতিহাসে ঢাকা খিস্ট্রীয় সময়ের শুরু থেকে পরিচিত, এই স্থানের উদ্ভব সম্পর্কে খুব অল্প তথ্যই লিপিবদ্ধ হয়েছে। প্রাপ্ত তথ্য নির্দেশ করে যে, সেন শাসকদের সময় বিকশিত এই অঞ্চল বাণিজ্যিক কেন্দ্র হিসেবে গড়ে ওঠে এবং স্বাধীন সুলতানি বাংলার অধীনে মুসলিম নগর কেন্দ্র তথা কসবা নগর হিসেবে পরিবর্তিত হয়। সুলতান বরবক শাহের সময়ে [১৪৬০ খ্রিস্টাব্দ] ঢাকা সের ই গোমস্তা ও কাজির অধীনে একটি রাজস্ব আদায় কেন্দ্র ছিল।

[রাজধানী ঢাকার ৪০০ বছর ও উত্তরকাল প্রথম খণ্ডে হাবিবা খাতুনের প্রবন্ধ 'প্রাক-মুঘল ঢাকাঃ লিপিতাত্ত্বিক সাক্ষ্য']

সুতরাং আমরা বলতে পারি ঢাকা দেখেছে অনেক শাসন, অনেক রাজন্য। দেখেছে অনেকের উত্থান আর পতন। তবে মুগল সম্রাট জাহাঙ্গীরের সময়ে ঢাকা একটি প্রশাসনিক কেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করে। তার আগে সম্রাট আকবর এই অঞ্চলে শাসন কায়েমের চেষ্টা করেছেন, কিন্তু পুরোপুরি সফল হতে পারেননি। এ ব্যাপারে ইতিহাসবিদ অধ্যাপক আবদুল মমিন চৌধুরী 'মুঘল সুবাদারদের আমলে ঢাকা' প্রবন্ধে লিখেছেন–'*সম্রাট জাহাঙ্গীরের [১৬০৫ থেকে ১৬২৭] রাজত্বকালে উপমহাদেশের পূর্বাঞ্চলে মুগল শাসন দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয় এবং ঢাকাকে মুঘল সুবাহ ই বাঙ্গালার রাজধানী করা হয়। তখন থেকেই ঢাকা মর্যাদার আসনে প্রতিষ্ঠিত। লিপি সাক্ষর ভিত্তিতে প্রাক-মুঘল যুগে ঢাকার অস্তিত্বের প্রমাণ সুস্পষ্ট কিন্তু ঢাকার প্রশাসনিক ও অর্থনৈতিক মর্যাদা নিঃসন্দেহে মুঘলদের আগমনের ফলেই শুরু হয়েছিল।*

এই তথ্যসমূহকে আরও বুনিয়াদীর ভিত্তির উপর দাঁড় করাতে সক্ষম হয়েছে সম্প্রতি [২০১৪] বাংলা একাডেমি প্রকাশিত আনিস আহমেদের লেখা গ্রন্থ– ঢাকাইয়া আসলি'র 'ঢাকাঃ ইতিহাসের-পটভূমি' থেকে উদ্ধৃতি'– *বৌদ্ধ*

আমলের ৭৫০ থেকে ১১৬০ সাল পর্যন্ত 'ঢাবাকা' নামক ৪১০ বছরের সমৃদ্ধশালী বৌদ্ধ জনপদই আজকের ঢাকা মহানগরী। ১১৬০ থেকে ১২২৯ সাল পর্যন্ত মাত্র ৬৯ বছর ঢাবাকা তথা ঢাকা জনপদ দাক্ষিণাত্যের কর্নাটক থেকে আগত হিন্দু সেনবংশ দ্বারা শাসিত ছিল। দিল্লির সুলতান ইলতুতমিশের আমলে তাঁর পূবাঞ্চলীয় সেনাপতি মালিক সাইফুদ্দিন আইবেক সেন বংশের এ অঞ্চলের প্রধান সূর্যসেনকে যুদ্ধে পরাজিত করে মুসলিম শাসনের গোড়াপত্তন করেন।

'ঢাবাকা' শব্দটি তৎকালীন সরকারি ভাষা ফারসিতে ঢাওয়াকা উচ্চারিত হতে হতে স্বরবর্ণ 'ওয়াও' উহ্য হয়ে পরবর্তীকালে 'ঢাকা' হয়ে যায়। মুগল বাদশাহ আকবরের আমলে ঢাকা বাজু অর্থাৎ ঢাকা একটি থানা মর্যাদার শহর ছিল। ১৬০৮ সালে মতান্তরে ১৬১০ সালের জুলাই মাসের কোনো এক তারিখে দিল্লির সম্রাট জাহাঙ্গীরের মনোনীত বাংলার সুবেদার ইসলাম খাঁ চিশতী ঢাকার বুড়িগঙ্গা তীরবর্তী সবচেয়ে উঁচু ভূমি চাদনীঘাটে তার নৌবহর নোঙর করেন। এবং সুবা বাংলার রাজধানী হিসেবে শহর 'ঢাকা'র পত্তন করেন। তিনি এ অঞ্চলকে 'জাহাঙ্গীরনগর' নামকরণ করলেও পূর্বকালের ধারাবাহিকতা এ জনপথের মানুষ 'ঢাকা' নামটিকে স্থায়ীভাবে ধারণ করেন।

ইতিহাসের মজাটা অন্যরকম। প্রতি পর্বে ইতিহাসের একটু একটু তথ্যর বিকাশ ঘটে। ঘাটে ঘাটে তথ্য নিজেকে বিলিয়ে দেয়। সেই তথ্যর স্রোত থেকে আজকের মহানগরী ঢাকার গোড়াপত্তনের অবাক সকল ঘটনার মুখোমুখি আমরা। মুখোমুখির মুখ থেকে আমরা তুলে নেই আমাদের প্রয়োজনীয় রসদ বা তথ্যটুকুর নির্যাস। আজকের ঢাকা, কালের ঢাকা, ভাষার প্রকাশ, ভাষার বিকাশ– সবই ইতিহাসের আঁতুরঘরে ঠাঁই নিয়েছে। মানুষ তো ইতিহাসের হাত ধরে যেতে যেতে মহাকালের যাত্রী হিসেবে নিজেকে স্থাপন করে থাকে।

ইতিহাস সাক্ষ্য দেয়, ইতিহাসের যাত্রা বড় বিচিত্র। কখন কোথায় ইতিহাসের হাতুড়ির ঘা পড়বে হয়তো ইতিহাসও জানে না। ইতিহাস যেখানে গেছে সঙ্গে সঙ্গে নিয়ে গেছে মানুষ। মানুষের সমারোহও ছিল আরও বিচিত্র, বহুমুখী। কারণ একই সঙ্গে সৃজনশীল প্রাণী, বিপরীত রেখায় ভয়ংকর ধ্বসংত্মক প্রাণীও মানুষ। এই দুয়ে মিলে মানুষের যাত্রা মহাকালের মহাপথে। সেই পথে ও প্রান্তরে বাঙালি জাতির আত্মপ্রকাশ। অনাধিকাল থেকে বাঙালি সৃজনশীল জাতি। আরও জানা যায় সৃজনের বিক্রিয়ায় বাঙালি কেবল নিজ পথে চলেনি। পথের পাশে যত সুকুমার কলা পেয়েছে সৃষ্টি সুখের উল্লাসে, প্রাচুর্যের বিমল আনন্দে উদার বক্ষে গ্রহণ করেছে। ফলে, ইটের উপর ইট

রাখলে যেভাবে প্রাসাদ হয়, সেইভাবে ভাষা, কলা, শিল্প, গান, নৃত্যর নৈবেদ্য গ্রহণ করে সমৃদ্ধ থেকে আরও সমৃদ্ধ হয়েছে বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতি।

বাংলা অনাদিকাল থেকে সমৃদ্ধ জনপথ। সেই সমৃদ্ধির লোভে রাজা এসেছে, ঘোড়া এসেছে, সৈন্য এসেছে, প্রশাসনিক কাঠামো গড়ে উঠেছে. সেই জাগরণের তালে তাল রেখে মানুষও এসেছে। ঢাকার আশপাশ, দূর দূরান্ত থেকে এসেছে জীবনের আশায়, কাজের জন্য। সেই সঙ্গে জীবন ও জীবিকার প্রয়োজনে ঢাকায় এসেছে নানা অঞ্চলের মানুষ। ঢাকা ছিল রাজধানী, মানুষ তো আসবেই। যখনই যে এসেছে নিজের আশাকে সামনে রেখে নিজের ভাষায় কথা বলেছে। বহু অঞ্চলের মানুষ একত্রে মিলে নিজস্ব ভাষায় কথা বলতে বলতে ঢাকার প্রাচীন জনপথ ঘিরে নতুন একটি ভাষার উদ্ভাবন হয়েছে। নতুন উদ্ভাবিত ভিন্নমাত্রার ভাষাটির নাম 'কুট্টি' ভাষা।

আদি ঢাকার আদি মানুষেরা এখনও সেই 'কুট্টি' ভাষায় কথা বলে। বাংলা, উর্দু, হিন্দি, ফারসি ভাষার সংমিশ্রণে এই ভাষার উদ্ভব ও বিকাশ। আসলে মানুষ আদিমকাল থেকে অয়োময় প্রাণী। মানুষ লড়াই করতে করতে জায়গা ত্যাগ করে কিন্তু হেরে যায় না। মানুষ যেখানে গেছে সেখানেই নিজস্ব চেতনা ও ভাবনার স্বাক্ষর রেখেছে। 'কুট্টি' ভাষাকে আজ যদিও ঢাকার আদি ভাষা বলে অনেকে মনে করে থাকেন কিন্তু 'কুট্টি' ভাষা ঢাকার আদি অধিবাসীদের আদি ভাষা নয়। 'কুট্টি' ভাষার সৃষ্টি হয়েছে ঢাকার বাইরে থেকে আসা একদল মানুষের নিজস্ব সৃজন কারুকাজের ধারাবাহিকতায়। নতুন এই ভাষা সৃজনকারী কারা? কোত্থেকে এসেছিল এই নতুন ভাষা সৃজনের মানুষেরা? সেই মানুষ, তাদের মনন ও মেধা সম্পর্কে ইতিহাস কি তথ্য রেখেছে আমাদের জন্য?

ইতিহাস ঘেঁটে 'কুট্টি'দের সম্পর্কে বেশ কৌতূহল উদ্দীপক তথ্য জানা গেছে। আমরা জানি, মানুষের ইতিহাস রূপান্তরিত ইতিহাস। কালের প্রভাবে, ঘটনার আবর্তে, জীবনের পরিঘাতে ইতিহাস সৃষ্টি হয়। আবার সৃষ্ট ইতিহাস ভেঙে নতুন ইতিহাসও তৈরি করে ইতিহাসই। কখনো কখনো তৈরি হয় ইতিহাস। 'কুট্টি' সম্প্রদায়, এবং 'কুট্টি ভাষার' সৃষ্টিও একটি ইতিহাস।

হাকিম হাবিবুর রহমান রচিত, ঢাকা পাচাশ্‌ বারস্‌ পহেলে, এস এম তাইফুর রচিত *Glimpses of old Dacca,* নাজির হোসেন রচিত কিংবদন্তির ঢাকা, হাফিজা খাতুন রচিত *Dhakaiyas on the Move,* বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি থেকে প্রকাশিত গ্রন্থ যথাক্রমে ফিরোজা ইয়াসমীন সম্পাদিত, ঢাকাই উপভাষা প্রবাদ-প্রবচন কৌতুক ছড়া, আবদুল মমিন

চৌধুরী ও শরীফ উদ্দিন আহমেদ সম্পাদিত, রাজধানী ঢাকার ৪০০ বছর ও উত্তরকাল; প্রথম খণ্ড শরীফ উদ্দিন আহমেদ সম্পাদিত ঢাকা কোষ, বাংলা একাডেমি থেকে প্রকাশিত, আনিস আহমেদ রচিত, ঢাকাইয়া আস্‌লি, মালিক খসরু পিপিএম রচিত আন্ধা মিয়ার ঢাকা শহরের বুলির বাজার ইত্যাদিসহ আরও বেশ কিছু গ্রন্থে আদি ঢাকার বিভিন্ন সম্প্রদায় বিশেষত, কুট্টি ও সুখবাস বা ছোব্বাছি জনগোষ্ঠী এবং তাদের ভাষার উদ্ভব-উৎপত্তি ও বিকাশ নিয়ে আলোচনা করা হয়েছে।

এসকল গ্রন্থে উল্লেখিত বিষয় পর্যালোচনা করে জানা যায় মুগল আমলে মূলত কুট্টি সম্প্রদায়, কুট্টি ভাষার উৎপত্তির কাল। আঠারো শতকের মধ্যে ভাগ থেকে পূর্ববঙ্গে চাল একটি গুরুত্বপূর্ণ রপ্তানি পণ্য ছিল। এবং সুবে বাংলার রাজধানী ঢাকা ব্যবসা বাণিজ্যের বিরাট কেন্দ্রে পরিণত হয়। চাল রপ্তানিকারকরা ছিল মাড়োয়ারি ও ভারতের মধ্য অঞ্চলের মানুষ। তারা পূর্ব বঙ্গের বিভিন্ন এলাকা থেকে ধান সংগ্রহ করতো। সংগ্রহ করা বিপুল ধান ঢেকিতে ভানতে বা কুটতে হতো। এই ধান ভানা বা কোটার কাজে প্রচুর শ্রমিক নিয়োগ করতে হতো। এসব ধান কুটতে ঢাকার আশপাশ এলাকা থেকে শ্রমিক আসত। ধান কোটা বেশ পরিশ্রমলব্ধ কাজ। সুতরাং ধান কোটা শ্রমিকেরা ধান কুটেই ঢাকা ছেড়ে চলে যেত না। তারা আশপাশেই থাকতে শুরু করল। যেহেতু ঐসব মেহনতি মানুষ কাজ করছে, এক সঙ্গে থাকছে, গল্প করছে, সুখ দুঃখের বিনিময় করছে– তারা নিজেদের মধ্যে কথা বলতে বলতে একটি ভাষার জন্ম দিল। ধান কুটতে কুটতে তাদের আসল নাম ফেলে দিয়ে মাড়োয়ারিরা সংক্ষেপে 'কুট্টি' হিসেবে ডাকতে শুরু করল, কালের পরিক্রমায় তারা 'কুট্টি' হিসেবেই পরিচিতি অর্জন করে। অর্থাৎ ধান কোটার কোটা থেকে 'কুট্টি' শব্দ বা সম্প্রদায়ের উৎপত্তি।

আরও একটি তথ্যে জানা যায়, রাজধানী ঢাকার শহুরে সম্প্রদায়ে একটি সনাতন সামজিক বর্গ হিসেবে কুট্টিদের উদ্ভবের মূলে ছিল ১৭৬০ খ্রিষ্টাব্দ থেকে নিরবচ্ছিন্নভাবে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগ। ১৭৬২ খ্রিষ্টাব্দে এপ্রিল মাসে ঢাকায় সংঘঠিত গুরুতর দুর্ভিক্ষের কারণে ঢাকার মধ্য অঞ্চল থেকে এক শ্রেণীর শ্রমিক এসে ঢাকার ধোলাইখাল এলাকায় বসবাস করতে থাকে। এইসব শ্রমিকদের প্রধান কাজ ছিল ধান কুটে চাল বের করা। এবং যে সকল জমিদার ঢাকায় বসবাস করতে আসত, তাদের দালান কোঠা তৈরির জন্য ইট ভেঙে দেওয়া লাগত। সেই ইট ভাঙা বা কোটার কাজও করতো ঐ শ্রমিকেরা। তাদের কোটা কাজ থেকে 'কুট্টি' শব্দের বা একটি গোষ্ঠী মানব সমাজ নতুন

নাম ধারণ করে সমাজে থেকে যায়। সেই থেকে যাওয়া মানুষরাই পুরনো ঢাকার মানুষ। যে মানুষেরা নিজেরা একটি ভাষা তৈরি করেছে নিজেদের জীবন ধারণ ও জীবনে প্রয়োগের জন্য। তারা হয়তো জানত না নিজেদের অজান্তেই একটি ভাষার জন্ম তারা দিচ্ছে বা দিয়েছে। কালের বিবর্তনে ঢাকা শহরে, পুরনো ঢাকা মানে কুট্টিদের ঢাকা, কুট্টি ভাষা নতুন রূপ পরিগ্রহ করে আজকের জায়গায় পৌঁছেছে।

এদের পুরাতন আবাসস্থল ধোলাইখাল এলাকায় হলেও জনসংখ্যা বৃদ্ধি ও দ্রুত নগর সম্প্রসারণের কারণে তারা ধোলাইখালের আশপাশে বিভিন্ন স্থানে আবাস গড়ে তোলে। ১৯৪৭ সাল পর্যন্ত সময়ে এদের আবাসস্থল ছিল পুরান ঢাকার ধোলাইখালসহ তাঁতি বাজার, শাঁখারিবাজার, পাটুয়াটুলি, বাংলাবাজার, ফরাশগঞ্জ, গেন্ডারিয়া, লক্ষ্মীবাজার, নারিন্দা, মৈশুন্দি, মদনমোহন বসাক রোড, নবাবপুর, ওয়ারী, বনগ্রাম, হাটখোলা, টিকাটুলি, কায়েতটুলি, নবাবগঞ্জ। এদের উচ্চারণে বাংলা বর্ণমালার মহাপ্রাণ ধ্বনি যেমন- ঘ, ধ, ঢ়, ভ ইত্যাদি বেশিরভাগ ক্ষেত্রে অনুপস্থিত। মহাপ্রাণ ধ্বনি বিশিষ্ট বর্ণ ঝ এবং ঢ এর কিছুটা সঠিক ব্যবহার লক্ষণীয়। একই সাথে যথাক্রমে- শ, ষ, স এর উচ্চারণ ছ এবং ছ এর উচ্চারণ চ হিসেবে করে থাকে।

এই বিষয়ে বিশিষ্ট সমাজবিজ্ঞানী ড. রংগলাল সেন *রাজধানী ঢাকার ৪০০ বছর ও উত্তরকাল*, প্রথম খণ্ডে তাঁর 'মুঘল আমল থেকে রাজধানী ঢাকার সমাজ ও সমাজ কাঠামো' প্রবন্ধে এস এম টাইফুর রচিত Glimpses of old Dacca গ্রন্থের আলোকে উল্লেখ করেছেন, *'উপযুক্ত সামাজিক বর্গ শ্রেণী ব্যতীত এস. এম তাইফুর মুঘল ঢাকায় বসবাসরত অন্য চারটি সনাতন পেশাজীবী গোষ্ঠী শনাক্ত করেছেন। এসব হল : কুট্টি, খোসবাস কিংবা সুখবাস, বসাক এবং শাঁখারি। প্রথম দুটি গোষ্ঠি মুসলমান, আর শেষোক্ত দুটি হিন্দু। এখানে একটি কথা উল্লেখ করা উচিত যে, রাজধানী ঢাকার শহুরে সম্প্রদায়ে একটি সনাতন সামাজিক বর্গ হিসেবে কুট্টিদের উদ্ভবের মূলে ছিল ১৭৬০ খ্রিস্টাব্দ থেকে নিরবচ্ছিন্নভাবে সংঘটিত প্রাকৃতিক দুযোর্গ। ১৭৬২ খ্রিস্টাব্দের এপ্রিল মাসে ঢাকায় সংঘটিত প্রচণ্ড ভূমিকম্পের ফলে বিরাট সংখ্যক লোক মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়। কিন্তু, বিশেষ করে, ১৭৬৯- ১৭৭০ খ্রিস্টাব্দে বারংবার সংঘটিত গুরুতর দুর্ভিক্ষের ফলে কুট্টি বলে কথিত এক শ্রেণীর শ্রমিক ব্যাপক সংখ্যায় ঢাকার মধ্যাঞ্চল থেকে এসে শহরের ধোলাইখাল এলাকার কতক অংশে বসতি স্থাপন করে। এদের প্রধান কাজ ছিল ধান কুটে চাল বের করা এবং যে সকল জমিদার ঢাকায় বসবাস করতে*

আসতেন, তাদের দালান– কোঠা তৈরির জন্য প্রয়োজনীয় ইট ভেঙ্গে দেওয়া। কুট্টি এক বিশেষ ধরনের বাংলা উপ ভাষায় কথা বলে, যা তাদেরকে অন্য বাঙালিদের কাছে উপহাসের পাত্র করে তুলে। কারণ, অন্যদের ব্যবহৃত ভাষা অধিকতর মার্জিত বলে মনে করা হয়।'

অধ্যাপক রংগলাল সেন একই প্রবন্ধে হাফিজা খাতুন রচিত Dhakaiyas on the Move গ্রন্থের বিবরণ উল্লেখ করেন, '*হাফিজা খাতুন মুঘল শহর ঢাকার অন্যতম আদি বাসিন্দা হিসেবে কুট্টিদের উৎপত্তির উল্লেখ করেছেন। তাঁর মতে আঠারো শতকের মধ্যভাগ থেকে পূর্ব বঙ্গে চাল একটি গুরুত্বপূর্ণ রপ্তানি বাণিজ্যের পণ্যে পরিণত হয়। ঢাকা ধান-চাল ব্যবসার বিরাট এক কেন্দ্র হয়ে ওঠে। চাল রপ্তানিকারকরা সকলেই ছিল মাড়োয়ারি ও ভারতের মধ্যাঞ্চলের ব্যবসায়ী। তারা পূর্ববঙ্গের বিভিন্ন জেলার অভ্যন্তর থেকে ধান-চাল সংগ্রহ করত এবং তারা ধান ভানার কাজে স্থানীয় বিপুল সংখ্যক শ্রমিক নিয়োগ করত। এসব ধান ভানার লোকেরা যারা ঢাকা শহরের পার্শ্ববর্তী এলাকা থেকে আসত তারাই কুট্টি নামে অভিহিত হয়। হিন্দুস্থানী ব্যবসায়ী এবং স্থানীয় ধানভানার কাজে নিয়োজিত লোকদের মধ্যে পরস্পারিক কথোপকথনের মাধ্যম হিসেবে যে এক বিশেষ উপভাষার বিকাশ ঘটে, সেটাই কুট্টিদের ভাষা বলে গণ্য হয়।'*

অধ্যাপক রংগলাল সেনের বিবরণ থেকে ঢাকার কুট্টিদের উৎপত্তি ও বিকাশ সম্পর্কে একটা ধারণা পাওয়া গেল। ঢাকার এই আদি আদিবাসীরা লেখাপড়ার প্রতি তেমন উৎসাহী ছিলেন না। ছিলেন না নিজেদের সম্পর্কে খুব একটা সচেতনও। ফলে কালের বিবর্তনে, সময়ের তীব্র অভিঘাতে তারা এখন প্রায় বিলীয়মান এক প্রান্তিক জনগোষ্ঠী। গবেষকেরা গবেষণা করে অনেক তথ্য উপাত্ত দিচ্ছেন, প্রত্যেকেই একই তথ্য দিলেও একটু একটু করে পার্থক্য থাকছে। আবার যুক্ত হচ্ছে নতুন তথ্য, নতুন উপাত্ত। নতুন তথ্য যুক্ত ও পার্থক্যের সূত্রের ভেতরে থেকে যাচ্ছে অনেক মসলা।

আরো জানা যায়, কুট্টিদের এই ভাষা সাধারণের গ্রাহ্য ছিল না। মাড়োয়ারি, সরকারি রাজ কর্মচারী, জমিদার বা ভূস্বামীরা কুট্টিদের ভাষা ব্যবহার করতো না। কারণ এই ভাষা সৃজন করেছে প্রান্তিক শ্রমিক জনগোষ্ঠী। ইতিহাস সাক্ষ্য দেয়, অভিজাত সম্প্রদায় সব সময়েই প্রান্তিক মানুষদের ঘৃণা করেছে। উপহাস করেছে। অবজ্ঞা করেছে। এড়িয়ে গেছে। কিন্তু তারা জানত না, সময় বড় ঘাতক।

আজ কোথায় সেই অভিজাত সম্প্রদায়? তারা হারিয়ে গেছে কালের স্রোতে। কিন্তু পুরনো ঢাকার অন্ত্যজ শ্রেণী, প্রান্তিকজন, যারা উঠে এসেছিল মাটি থেকে, মাটির গভীর গহব্বর থেকে, তারা আজও টিকে আছেন। কেবল কি টিকে আছেন? সেই প্রান্তিক মানুষেরা একটি নতুন ভাষারও জন্মদাতা। সাধারণে যার পরিচিতি– পুরনো ঢাকার ভাষা। পুরনো ঢাকার ভাষা বা কুট্টিদের ভাষা যে নামেই বলি না কেন, এই ভাষাটার উচ্চারণ বড় মধুর। সহজ সরল অন্তসলীলে খুব দ্রুত এই ভাষা প্রবেশ করতে পারে।

'কুট্টি' শব্দটি আজকাল গালি হিসেবে ব্যবহার করা হচ্ছে জেনে খুবই মর্মাহত হয়েছি। আবার অনেক গবেষক এদের ভাষাকে উপ-ভাষা হিসেবে আখ্যায়িত করেছেন। এক্ষেত্রে মানবিকতার সামান্য স্পর্ধা নিয়ে বলতে চাই, যারা মাতৃজঠর থেকে জন্মের পর বাবা-মায়ের মুখ থেকে শুনে শুনে এই ভাষা শিক্ষতে সক্ষম হয়েছে যা তাদের মাতৃভাষা, তাকে উপভাষা না বলে ভাষা বলাই শ্রেয়।

প্রচুর চুটকি, হিউমার আর গাল গল্প ধারণ করে 'কুট্টি' ভাষার নিজস্ব শক্তির প্রকাশ করেছে। পুরনো ঢাকার মানুষদের জীবন আধুনিক ঢাকার মানুষদের থেকে আলদা। পুরনো ঢাকার মানুষদের জীবন যাপন বেশ সরল। মনে ও মননে আন্তরিক। হাসিখুশি তাদের মুখশ্রী। অতিথিপরায়ণ। আড্ডাবাজ। অন্যর বদনাম করে না। তাদের আর একটি বৈশিষ্ট্য, প্রবল ধর্মভীরু। কিন্তু ধর্ম নিয়ে ব্যবসাও করে না। অনেক কাল আগে থেকে পুরনো ঢাকার মানুষদের আচরণের সঙ্গে তাদের ভাষারও একটা সাযুজ্য আছে।

তাদের, কুট্টিদের হিউমার নিয়ে প্রচুর গল্প চালু আছে। সেই প্রচুর থেকে একটি মাত্র গল্প উপস্থাপন করছি। এই গল্পটির ভেতর দিয়ে কুট্টি বা পুরনো ঢাকার আদি– আদিবাসীদের সরস ও কৌতুকপূর্ণ মনের পরিচয় পাওয়া যাবে নিঃসন্দেহে।

'এক বন্ধু তার আর এক বন্ধুকে জিজ্ঞেস করছে, আব্বে ছল্লু, তর বাপে নাকি হজ করবার যাইবো?

জবাব দেয় ছল্লু, যাইবার পারে, হালায় ছয়তান আছে।'

কুট্টিদের আত্মপ্রকাশ ও ভাষার বিকাশ সম্পর্কে নাজির হোসেন তাঁর কিংবদন্তির ঢাকা গ্রন্থের ভূমিকায় আরও পরিষ্কার ধারণা দিয়েছেন। তিনি লিখেছেন'–*মোঘল আমলে ঢাকাবাসীদের মধ্যে যারা মোঘল শাহীর অধীনে চাকরি করতেন অথবা জমিদার কিংবা ব্যবসা সংক্রান্ত ব্যাপারে জড়িত ছিলেন তারা নিজেদের উঁচু স্তরের লোক ভাবতেন। তৎকালে যন্ত্রের কোনো প্রচলন*

ছিল না। মানুষকে নিজেদের চাহিদা মেটাবার সব রকম উপকরণ হাতেই তৈরি করতে হতো। এইসব পেশাজীবীদের অনেকেই ধান কুটতো, যব কুটতো, ডাল কুটতো,ডাল কুটতো,সুরকি কুটতো, ইট কুটতো অর্থাৎ যে কোনো ধরনের কুটার কাজ যারা করতেন, তারা চিলেন খুবই দরিদ্র। ... অন্যদিকে তারা কুটার কাজ করতেন বলে শহরের উঁচু স্তরের লোকেরা এইসব কোটার সঙ্গে যুক্ত মানুষদের 'কুটিয়াল' বলতো। সাধারণভাবে এদের কুট্টি বলেই ডাকতেন। পেশাই যে কালে পদবীতে পরিণত হতো ইতিহাসে সে রকম ভূরি ভূরি প্রমাণ বিদ্যমান রয়েছে।'

এই পরিপ্রেক্ষিতে বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি থেকে প্রকাশিত ঢাকা কোষ গ্রন্থে অনুপম হায়াৎ এর লেখা আর একটি টিকা –ঢাকার এক প্রাচীন অধিবাসিদের 'কুট্টি' নামে অভিহিত করা হয়। কুট্টি শব্দটি এসেছে ধান কুটা বা ধান ভাঙা থেকে। ঢেঁকির মাধ্যমে ধান হতে চাল ও তুষ আলাদা করার পদ্ধতির নাম 'ধানকুটা'। ধানকুটে জীবন-যাপন করত বলে এদেরকে 'কুট্টি' বলা হয়। এরা একটি পেশাজীবী সম্প্রদায়।

জানা যায় যে, ১৭৬৯ থেকে ১৭৭০ সালের দিকে যখন বাংলাদেশে ব্যাপক দুর্ভিক্ষ দেখা দেয় তখন নাসিরাবাদ [ময়মনসিংহ], কুমিল্লার সুধারাম [নোয়াখালি], জালালপুর [ফরিদপুর], মুন্সিগঞ্জ ও অন্যান্য এলাকা হতে দরিদ্র শ্রেণীর লোকজন জীবিকা অর্জনের জন্যে ঢাকায় এসে ভিড় জমায় এবং ধোলাইখাল এলাকায় বসতি স্থাপন করে। তখন শহরের ধনী জমিদারেরা খাজনার পরিবর্তে প্রজাদের কাছ থেকে যে ধান আদায় করত এসব লোক সেই ধান ঢেঁকিতে কুটতো বা বানতো এবং এ বাবদ প্রাপ্ত মজুরি বা অর্থ দিয়ে জীবিকা নির্বাহ করতো। এ জন্যই ধান কুটা কাজে নিয়োজিত শ্রেণীর লোকরা 'কুট্টি' নামে পরিচিত হয়। পরবর্তীকালে বংশবৃদ্ধি ও পেশাগত কারণে কুট্টিরা ঢাকার বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়ে। এরা মুসলমান। এদের নিজস্ব বিভিন্ন সামাজিক রীতি–নীতি রয়েছে। এসব রীতি-নীতি জাঁকালোভাবে পালিত হয়। এদের মুখের ভাষা বাংলা হলেও কিছুটা উর্দু মিশ্রিত। এদের কথা বলার ঢং বা উচ্চারণে বিশেষ টান রয়েছে। কুট্টিরা বংশানুক্রমে ঢাকাবাসী এবং নিজেদের পারিবারিক ও সামাজিক ঐতিহ্যের অনুসারী।

দিনবদলের পরিপ্রেক্ষিতে কুট্টিদের আবাস ও পেশার পরিবর্তন হয়েছে। সেই সঙ্গে পারিবারিক ও সামাজিক রীতিতেও পরিবর্তন হয়েছে। এখন তাদের 'কুট্টি' বললে অপমানিত বোধ করে। দরিদ্র শ্রেণীর ঢাকাবাসী, কোচওয়ান ও

দোকানদারদের মধ্যে ঢাকাইয়া ভাষা অর্থাৎ 'কুট্টি' ভাষার প্রচলন দেখা যায়। তাদের চলনে-বলনে রঙ্গরসিকতায় এর প্রকাশ ঘটে।

কুট্টিদের সম্পর্কে উদ্ধৃতিগুলোর ভেতর লক্ষ করলে দেখা যাবে, প্রত্যেকটি লেখায় বা উদ্ধৃতি একটি থেকে অন্যটি পৃথক কিন্তু নতুন তথ্যে পূর্ণ। একটি জাতি বা সম্প্রদায় তো একদিনে জাদু মন্ত্রে গড়ে ওঠে না। দীর্ঘ যাত্রায়, অনেক ত্যাগে, সীমাহীন শ্রমে, অতুলনীয় ত্যাগে, অবর্ননীয় তিতিক্ষায় এবং গ্রহণ বর্জনের কঠিন প্রস্তরে গড়ে ওঠে। আজ, এই কালে সেই ধূসর সময়ের শেষ প্রান্তে বর্তমানের উপর দাঁড়িয়ে তাকালে কিছুটা অস্পষ্টতা, কিছুটা কুয়াশা, কিছুটা দ্বিধার মেঘ দেখা যেতেই পারে। কিন্তু সমকালীন মানুষদের দায় হচ্ছে, ঐ কুয়াশার চাদর ভেদ করে ইতিহাসের সঠিক তথ্য উপাত্ত সংগ্রহ ও চলমান সময়ের কাছে উপস্থাপন করা। 'কুট্টি'দের বা আদি ঢাকার আদি আদিবাসীদের মুখের ভাষা ও শব্দ নিয়ে এই অভিধানও সেই অমোঘ দায় পূরণের সামান্য চেষ্টা মাত্র।

আদি ঢাকার আদি অধিবাসীদের অন্য সম্প্রদায়ের নাম- খোসবাস বা সুখবাস বা ছোব্বাছি। ঢাকার এই দুটি ভাষার উদ্ভব ও বিকাশের সঙ্গে উর্দু ভাষার সম্পৃক্ততার বিষয়ে নিশ্চিত হওয়া যায় ভাষা দুটির ভাষিক উপাদানে বহুল উপস্থিতি থেকে। ঢাকাই ভাষার উর্দু মিশ্রণের কারণ দিল্লী থেকে আগত মোগল সৈন্যদের ব্যবহার করা ভাষা। এই দুটি ভাষায় উর্দু ছাড়াও বাংলাদেশের বিভিন্ন এলাকার ভাষার প্রভাবও লক্ষ্য করা যায়। 'কুট্টি' ভাষা গড়ে উঠেছে 'বাংলা' এবং 'উর্দু' ভাষা- উভয়কে সমানভাবে আশ্রয় করে। অন্যদিকে সুখবাস ভাষা- ভাষা বিজ্ঞানীদের মতে উর্দু প্রধান হওয়া সত্ত্বেও এতে রয়েছে বাংলা ভাষার উপাদান। অধিকন্তু কুট্টি ভাষার মতো এক্ষেত্রেও রয়েছে ফারসি, হিন্দি ভাষার প্রভাব, তারা ঢাকাইয়া বাংলা ভাষায় কথা বলতে সক্ষম। তবে কুট্টিদের মতো তারাও বাংলা বর্ণমালার মহাপ্রাণ ধ্বনি সকল ক্ষেত্রে উচ্চারণ করে না।

এ প্রসঙ্গে আনিস আহামেদ ঢাকাইয়া আস্‌লি গ্রন্থে মুন্সী রহমান আলী তায়েশ বিরচিত তাওয়ারিখে ঢাকা (১৯১০) গ্রন্থের উদ্ধৃতি দিয়ে বলেছেন- 'প্রায় ১০০ বছর ঢাকা ছিল বাংলা, বিহার ও উড়িষ্যা- এই তিন প্রদেশের রাজধানী। এ সময় যত সুবেদার দিল্লি থেকে এখানে এসেছেন, সকলেই দিল্লি সব শ্রেণির লোকজন নিজেদের সাথে নিয়ে এসেছেন। বিদ্বান, কেরানি, যোদ্ধা, কারিগর, শিল্পী, ব্যবসায়ী, দর্জি, স্বর্ণকার, শালকার, আমুদে, রুটি প্রস্তুতকারী, ময়রা সকলেই দিল্লি থেকে এসেছেন। এ শহর বিস্তৃতি, জনবসতি, জ্ঞান ও

প্রযুক্তি বিদ্যায় তখন দিল্লির অনুরূপ ছিল। বড় বড় ধনী ও সম্পদশালী লোকরা এ শহরে ছিলেন। যদিও পরবর্তীতে মুর্শিদাবাদে রাজধানী স্থানান্তরিত হওয়ায় এ শহরে জনবসতি হ্রাস পেতে থাকে। তবুও যত লোক এখানে থেকে যান তারা সবাই দিল্লি থেকে আগত লোকদেরই বংশধর। ব্যবসা উপলক্ষে বিদেশিরা দিনে দিনে ঢাকায় আসে ব্যবসা করে লাখ লাখ টাকা আয় করে বিশাল জমিদারি ও ভূ-সম্পত্তি করে ফেলেছেন। মুঘল, গ্রিক, আর্মেনীয়, ইংরেজ, ফরাসি, পর্তুগিজ, দিনেমার প্রভৃতি জাতি ঢাকায় বসবাস করে প্রচুর সম্পদের অধিকারী হন।' এখানে উল্লেখ্য যে, ১৬০৮ সালে মতান্তরে ১৬১০ সালে মুগল সুবাদার ইসলাম খাঁর ঢাকা আগমনের পর হতে ১৮৪৩ সাল পর্যন্ত যতবার সুবাদার ও নায়েব-ই-নাযিমগণ ঢাকা আগমন করেছেন, প্রতিবারই নিয়ে এসেছেন তাদের প্রয়োজনীয় লোকবল। কিন্তু বিদায়ের সময় আগত ঐ সকল লোকজন সকলে দিল্লী বা মুর্শিদাবাদে প্রত্যাবর্তন না করে বিভিন্ন অনিবার্য কারণে ঢাকাতেই অবস্থান করে গেছেন। ফলে উর্দুভাষাভাষী সুখবাস সম্প্রদায় বিস্তৃত ও প্রসারিত হয়। ১৯৪৭ সাল পর্যন্ত সময়ে এদের আবাসস্থল ছিল ফুলবাড়িয়া, নাজিরাবাজার, বংশাল, নয়াবাজার, মাহুতটুলি, দেওয়ানবাজার, চকবাজার, বেগমবাজার, সাতরওজা, মৌলভীবাজার, মুগলটুলি, ইসলামপুর, কলতাবাজার, কসাইটুলি, উর্দু রোড, খাজে দেওয়ান, লালবাগ, নবাবগঞ্জ। এরা মুসলমান। এদের নিজস্ব বিভিন্ন সামাজিক রীতি-নীতি রয়েছে। এসব রীতি-নীতি জাঁকালোভাবে পালিত হয়। বর্তমানে অনেকে ঢাকার বিভিন্ন আবাসিক এলাকায় বসবাস করছে।

মনে রাখা দরকার, সুখবাস ভাষা উর্দু প্রধান হলেও বিশুদ্ধ উর্দু ভাষা থেকে আলাদা, অন্যরকম। 'কুট্টি' বা 'সুখবাস' উপভাষা দুটি যে ভাবেই গড়ে উঠুক না কেন দুটি ভাষাই নির্মিত হয়েছে বাংলা এবং উর্দু ভাষাকে কেন্দ্র করে। এই যে একটি শহরকে কেন্দ্র করে ভাষার জন্ম, বিকাশ ও প্রকাশ সভ্যতার মাপকাঠিতে নতুন কোনো ঘটনা নয়। পৃথিবীতে, মানুষ নিজের প্রয়োজনে অনেক ভাষার জন্ম দিয়েছে। আবার কালের বিবর্তনে অনেক ভাষা হারিয়েও গেছে। আফ্রিকা অঞ্চলে অনেক ভাষা যেভাবে গড়ে উঠেছে আবার হারিয়েও গেছে। এখনও আফ্রিকা অঞ্চলের ভাষা হারিয়ে যাওয়ার পথে রয়েছে। পৃথিবীতে অরেক আদিবাসী আছে, যাদের ভাষার কোনো লেখ্যরূপ নেই। মুখে মুখে চর্চিত হচ্ছে সেই ভাষা অল্প কিছু মানুষদের মধ্যে।

আফ্রিকা অঞ্চলে ছোট ছোট গোষ্ঠী নিয়ে মানুষ চলাচল করে, বেঁচে থাকে। দূর্ভিক্ষ, মহামারী লেগেই থাকে ওই এলাকায়। একবার মহামারী

লাগলে মরে সব শেষ। তাদের মৃত্যুর সঙ্গে সঙ্গে ভাষার অকাল মৃত্যু ঘটে। মানুষ মরে যাবার সঙ্গে সঙ্গে ভাষাটার মৃত্যু। ভাষা মৃত্যুর সব চেয়ে বড় কারণ– সেই ভাষার লিখিত রূপ না থাকা। এই তো বছর খানেক আগে পত্রিকায় জেনেছি, আফ্রিকার অঞ্চলের একটি ভাষা গোষ্ঠীর একজন মাত্র মানুষ বেঁচে আছে সেই বেঁচে থাকা মানুষটির বয়স অনেক। আশি বছরের কাছাকাছি। যে কোনো সময়ে মারা যেতে পারেন মানুষটি। সেই মানুষটির মৃত্যুর সঙ্গে দুনিয়ার মানচিত্র থেকে আর একটি ভাষার চিরকালের বিদায়। কারণ, সেই ভাষার কোনো লিখিত রূপ নেই।

ভাষা বিজ্ঞানের কল্যাণে আমরা জেনেছি, প্রত্যেকটি ভাষা প্রতি তিন থেকে চার কিলোমিটার পর পর পরিবর্তন হচ্ছে। আমরা যারা ভাষা নিয়ে কাজ করছি না, গবেষণায় যুক্ত নই, তারা ভাষার এই রূপান্তর বুঝব না। কিন্তু চেষ্টা করলে তিন চার কিলোমিটার পর পর মানুষের ভাষিক উচ্চারণ, অভিব্যক্তি প্রকাশ পার্থক্য বুঝতে না পারলেও একটু দূরে পার্থক্য ঠিকই বুঝতে পারি।

বাংলাদেশ পৃথিবীর মানচিত্রের দিকে তাকালে কত ক্ষুদ্র আয়তনের একটি দেশ। পুরো দেশটি ঢুকে আছে বিশাল ভারতের কুমির মুখো হা'য়ের ভেতরে। মাত্র পঞ্চান্ন হাজার বর্গমাইলের এলাকায় সীমাবদ্ধ বাংলাদেশ। এই বাংলাদেশেই দেখুন ভাষার বিচিত্র প্রকাশ, শব্দের ভাষার বিচিত্র প্রকাশভেদ। ভাষাকে কেন্দ্র করে অঞ্চল ভেদে ভাষার বিস্ময়কর রূপান্তরিত প্রকাশ।

বরিশালের ভাষার সঙ্গে ঢাকার ভাষার কি মিল আছে? সিলেটের ভাষা এবং এই ভাষার উচ্চারণ কি আপনি বুঝবেন? একই কথা বলা যায় চট্টগাম অঞ্চলের ভাষার সঙ্গে বাংলাদেশের অন্য অঞ্চলের ভাষার সঙ্গে কি মিল আছে? ঠিক একইভাবে বলা যায় ময়মনসিংহ, খুলনা, কুষ্টিয়া, বগুড়া, রাজশাহি– প্রতিটি এলাকার ভাষা ভিন্ন ভিন্ন রূপ পরিগ্রহ করে আমাদের সামনে দৃশ্যমান। বানান রূপ এক থাকলেও ফনিটিক বা উচ্চারণ একেবারেই আলাদা।

এই যে পঞ্চান্ন হাজার বর্গমাইল এলাকার বাংলাদেশে, বিশ কোটি মানুষের মধ্যে ভাষার ব্যবহারের, উচ্চারণের যে পার্থক্য এটাই মহামানবজাতির জন্য বিস্ময় বা মিরাকল। কীভাবে কেন এই নানা শ্রেণীর ভাষা গড়ে উঠেছে ভিন্ন ভিন্ন লোকালয়ে– এই প্রশ্নের উত্তর দিতে পারবেন ভাষা বিজ্ঞানীরা। আমি ভাষা বিজ্ঞানী নই। মনের খেয়ালে, সৃষ্টির আনন্দে পুরনো ঢাকার আদিবাসীর ভাষা নিয়ে অভিধানের কাজ করতে শুরু করেছিলাম।

শুরুর পিছনে ছোট্ট একটি ঘটনা আমার ভেতরে কাজ করেছিল। আমি প্রচুর বই পড়ি। কোনো নির্দিষ্ট পুস্তক নয়, নানাবিধ বই পাঠ করি। ঢাকাই উপভাষা প্রবাদ-প্রবচন যৌতুক ছড়া গ্রন্থে মনিরুজ্জামান এর প্রবন্ধ পরিবর্তনশীল ঢাকার উপভাষা পাঠ করতে করতে জানতে পারি, পুরনো ঢাকার এই আদি ভাষাটি ধীরে ধীরে হারিয়ে যাচ্ছে। পুরনো ঢাকার বনেদি মানুষজন এখন আধুনিক জীবনের দিকে যাত্রা করেছেন, বা যাত্রা করতে বাধ্য হয়েছেন। পুরনো ঢাকা ঘিরে গড়ে উঠেছে নানা অঞ্চলের মানুষের বসবাস। বরিশাল, টাঙ্গাইল, ময়মনসিংহ, গাজীপুর নানা জায়গার মানুষের আগমনে, এলাকার ভাষ্যে– ঢাকাইয়া ভাষাটার প্রাণ প্রায় যায় যায়। আমার বুকের ভেতর এই ভাষাটার প্রতি একটা মমতা তৈরি হলো। মমতা তৈরির পেছনে ঘটনার ঘনঘটা আছে, নটরডেম কলেজে পড়াশোনা করেছি সাতাত্তর-আটাত্তর সালে। তখন আরামবাগে এক অকৃত্রিম আদি ঢাকাবাসী বুলু মিয়ার বাড়িতে মেস করে আমরা কয়েকজন ছাত্র থাকতাম। এমনিতে আমরা যুবক। অবিবাহিত। সেই সময়ে ঢাকা শহরে অবিবাহিতদের বাসা ভাড়া দেওয়ার ব্যাপারে বাড়িঅলারা বেশ কঠোর ছিল। তারপরও বুলু মিয়া আমাদের বাসা ভাড়া দিয়েছিলেন। কিন্তু সময় এবং সুযোগ বুঝে তিনি আমাদের তাঁর অকৃত্রিম ঢাকাইয়া বা কুট্টি ভাষায় নানা বিষয়ে ছবক দিতেন। যাতে আমরা কোনো প্রকারের দুষ্টচালে না পড়ি। তাঁর বিবাহযোগ্য কন্যাদের দিকে....। তাঁর সেই সময়ের ভাষার ব্যবহার ও প্রয়োগ আমার করোটিতে গেঁথে ছিল। ফলে দূরাগতভাবে হলেও আমার ভেতরে ঢাকাই ভাষা বা কুট্টি ভাষার জন্য দরদের একটা ঢাক বাজছিল। এই ঢাকে ঘি ঢেলে দিলেন পুলিশের সাবেক এআইজি মালিক খসরু পিপিএম। তিনি খুবই পড়ুয়া মানুষ। ইতিহাস তাঁর প্রিয় প্রসঙ্গ। লিখছেনও প্রচুর। তিনি তাঁর রচিত বই পুরনো ঢাকার প্রেক্ষাপটে শতভাগ কুট্টি ভাষায় লেখা আন্ধা মিয়ার ঢাকাইয়া বুলির বাজার এর পাণ্ডুলিপি আমাকে পাঠ করতে দিলেন। বইটি আদি ঢাকাসহ বাংলার প্রাচীন ইতিহাস, আধুনিক সময়, মুক্তিযুদ্ধ ও সমকালীনতায় জাগ্রত। পাঠ করতে করতে আমার ভেতরের ঢাকাইয়া বা কুট্টিদের ভাষার দরজাটা নতুন করে খুলে যায়। ভাবলাম, এই বাংলার এবং দীর্ঘদিন ধরে ঢাকা শহরে বসবাসকারী হিসেবে কুট্টি ভাষার একটি অভিধান রচনা করি। যেই ভাবা সেই কাজ। নেমে পড়লাম কাজে। কাজটা শুরু করতে খুব আনন্দ পাচ্ছিলাম।

অস্বীকার করার উপায় নেই, আমার বন্ধু ভাগ্য বেশ ভালো। শুরুতে বন্ধুরা মননশীল বা সৃজনশীল লেখার বাইরে অভিধান রচনার মতো খটোমটো

বিষয় নিয়ে আমার এই যাত্রাকে স্বাগত জানাননি। তাদের আশংকা, অভিধানের মতো নীরস বিষয়ে কাজ করলে আমার সৃজনশীল লেখায় ভাটা পরবে। আমিও অনুমান করেছিলাম। কিন্তু করোটির ভেতরে ঢুকে যাওয়া ঢাকাইয়া ভাষার মোহ থেকে মুক্তি পাচ্ছিলাম না। সুতরাং কাজে লেগে গেলাম। কাজে নেমে যাওয়ার পর আমার এই আনন্দযাত্রায় বন্ধুরা হাত বাড়িয়ে দিয়েছেন। প্রথমে আঁতকে উঠলেও বন্ধুরা মেনে নিয়েছেন আমার এই হঠাৎ খেয়ালি কাজ। আমি লিখি কবিতা, গল্প, উপন্যাস। এই সৃজনশীল লেখার বাইরে, ভিন্ন ঘরানার কাজ– যে কাজে মন ও মনন দাবি করে গবেষণার মতো ধীশক্তি– সেটা আমার কই? সরকারি কাজের চাপে পিষ্ট হচ্ছি হরদম। বিশিষ্ট কথাশিল্পী মনি হায়দার আমাকে প্রথম সন্ধান দিলেন আদি ঢাকার ভাষার কাব্য জগতে এককভাবে কাজ করা কবি ও গল্পকার– রোকেয়া ইউসুফের। রোকেয়া ইউসুফের সঙ্গে যোগাযোগ করলে তিনি পাঠিয়ে দিলেন তাঁর কুট্টি ভাষায় রচিত তারাবানু এবং অন্যান্য কবিতা, তালাশ (কাব্যগ্রন্থ) এবং দিলের টুকরা (কাব্যগ্রন্থ)। ঢাকাইয়া ভাষা বা কুট্টিদের ভাষা নিয়ে তিনি অবিরাম সাধনা করে গেছেন। জানা যায়, এই ক্ষেত্রে তাঁর প্রয়াত স্বামী মোঃ ইউসুফ উল্লাহ কমিশনার এর বিশেষ ভূমিকা ছিল। রোকেয়া ইউসুফের বই থেকে আমি নিয়েছি অনেক শব্দ। বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত আদি ঢাকার সুখবাস ও কুট্টি ভাষায় অসামান্য দক্ষতা সম্পন্ন ছড়াকার আসলাম সানী আমার এই উদ্যোগের কথা জেনে এনে দেন তার বিশাল ছড়াসম্ভার ঢাকা সমগ্র। এই গ্রন্থ থেকে পেয়েছি অনেক দুষ্প্রাপ্য শব্দ। বাংলা একাডেমি থেকে প্রকাশিত আনিস আহমেদের বই আসলি ঢাকাইয়া বইটিও আমাকে এনে দেন কথাশিল্পী মনি হায়দার। আনিস আহমেদের বই থেকেও অভিধানের জন্য অনেক শব্দ আমি গ্রহণ করেছি। তাছাড়া কাজী রফিকুল হক সংকলিত ও সম্পাদিত 'বাংলা ভাষায় আরবী, ফারসী তুর্কী হিন্দী উর্দু শব্দের অভিধান, এশিয়াটিক সোসাইটির 'ঢাকাই উপভাষা প্রবাদ প্রবচন কৌতুক ছড়া' হাবিবা খাতুন ও হাফিজা খাতুন সম্পাদিত ঢাকাই খাবার, সিতারা ফিরদৌসের ঢাকাই রান্না ইত্যাদি গ্রন্থ থেকেও আমি বহু শব্দ গ্রহণ করেছি। অধিকাংশ ক্ষেত্রে বাক্যগুলোও উক্ত গ্রন্থ থেকে হুবহু সংযোজন করেছি। তবে নাম সংকেত ব্যবহার করিনি। এ ব্যাপারে যথার্থ পরামর্শ প্রদান করলে ভবিষ্যতে তা সংযোজন করব। আসলে অভিধান তো গ্রহণেরই ক্ষেত্রফল। ফলে পুরনো ঢাকার ভাষা বা কুট্টি বা সুখবাস ভাষা নিয়ে

কাজ করতে, অন্যভাবে বললে এই অভিধান তৈরির কাজ আমাকে আরও সহজ করেছে।

প্রথাবিরোধী লিটল ম্যাগাজিন ধমনি'র সম্পাদক আবদুল মান্নান স্বপন গালি অভিধান সম্পাদনা করেছেন। স্বপনের গালি অভিধান থেকেও সাহায্য নিয়েছি অনেক। তাছাড়া তিনি অভিধানটির ব্যাকারণগত দিকটিও দেখে দিয়েছেন। গোলাপজান নামে বেশ কয়েক বছর আগে ঢাকার মঞ্চে পুরনো ঢাকার ঘটনা ও ভাষা নিয়ে একটি মঞ্চ নাটক হয়েছিল। নাটকটির মূল গল্পকার ছিলেন গল্পকার, উপন্যাসিক, বিটিভির উপমহাপরিচালক মোহাম্মাদ আবু তাহের। তাঁর লেখা গোলাপজান গল্প পাঠ করে আমাদের মঞ্চ নাটকের অন্যতম কুশীলব, নাট্য ব্যক্তিত্ব এস এম সোলায়মান গল্পটি রূপান্তর করে মঞ্চে আনেন। যতদূর জানা যায়, পুরনো ঢাকাকে কেন্দ্র করে এটিই প্রথম মঞ্চ নাটক। এই গোলাপজান নাটকে গোলাপজান চরিত্রে অসামান্য অভিনয় করেছেন রোকেয়া রফিক বেবী। থিয়েটার আর্ট ইউনিটের সেই নাটক দেখেছেন মনি হায়দার। আমার পুরনো ঢাকার ভাষা নিয়ে কাজ করছি জেনে থিয়েটার আর্ট ইউনিটের অন্যতম সদস্য ড. মোহাম্মাদ বারীর সঙ্গে যোগাযোগ করে গোলাপজান নাটকের পাণ্ডুলিপি এনে দেন। এই অভিধান তৈরিতে আবু তাহেরের গল্প, এস এম সোলায়মানের রূপন্তরিত গোলাপজান নাটক আমাকে অনেক সাহায্য করেছে। এস এম সোলায়মান বড় অকালে প্রয়াত হয়েছেন, প্রয়াত হয়েছেন গল্পকার আবু তাহেরও। আমি তাদের কর্ম ও আত্মার প্রতি নিবেদন করছি গভীর শ্রদ্ধা।

স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কীর্তিমান পুরুষ, বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সাংবাদিক এম আর আখতার মুকুলের চরমপত্র– একাত্তরের সেই চরম ও মুমূর্ষু দুঃসময়ে আমাদের দিয়েছিল সাহস ও আশ্বাস। কথাকার মনি হায়দারের দেয়া তথ্যর আলোকে আমি সেই চরমপত্র থেকেও নিয়েছি অনেক শব্দ। তীর্যক পুরুষ, ইতিহাসের অন্যতম কাণ্ডারী এম আর আখতার মুকুলের প্রতি জানাই আমার গভীর প্রণতি।

যে কোনো ভাষায় 'অভিধান' রচনা জীবনের মতো চলমান প্রক্রিয়া। জীবন কখনো থেমে থাকে না। জীবন গতিশীল। প্রবহমান। চলমান জীবন চলে গ্রহণ ও বর্জনের নানাবিধ প্রক্রিয়ার ভেতর দিয়ে। জীবনের মতো চলমান শব্দ 'অভিধান'। সে কারণে থেমে থাকে না শব্দ, বাক্য, ভাষা ও সাহিত্য। আজ যে শব্দ বাক্য জীবন্ত, কালের প্রবাহে দেখা যায়, নতুন শব্দ বাক্য এসে সেই জায়গা দখল নিয়েছে। ঝরা পাতার মতো পুরাতন শব্দেরা ঝরে গেছে।

নতুনের আগমন, পুরাতনের প্রস্থান মানে– জীবনের জয়গান। জীবন সামগ্রিকভাবে প্রবল উদ্দাম, চমৎকার বেগবান। চারপাশ থেকে নতুন শব্দ যুক্ত হওয়া মানে ভাষাটির ভেতরে প্রাণের উৎস আছে। প্রাণময় ভাষাই তো টিকে থাকে প্রবল প্রতিযোগিতায়। ভাষার ভেতরের প্রাণের প্রাচুর্যই যোগায় টিকে থাকার রসদ, শক্তি ও প্রেরণা।

পুরনো ঢাকার প্রাণবন্ত মানুষের মতো তাদের ভাষাও জীবন্ত, জাগ্রত। এই অভিধান পাঠ করলে আমার কথার সত্যতা মিলবে।

বক্ষমান অভিধানটিতে শব্দের সংখ্যা ৩৯৯১টি। নিবিড়ভাবে জরিপ, সরাসরি অংশ গ্রহণ ও পর্যবেক্ষণ অর্থাৎ নৃতাত্ত্বিক পদ্ধতিতে গবেষণার মাধ্যমে শব্দ সংগ্রহ করলে এই সংখ্যা পাঁচ হাজার ছাড়িয়ে যেতে পারে। শব্দ সংগ্রহের ক্ষেত্রে আমার প্রচেষ্টা ছিল আংশিক নৃতাত্ত্বিক। বেশির ভাগ ক্ষেত্রে ঢাকাইয়া বাংলা অর্থাৎ কুট্টি ভাষায় বা কুট্টিদের নিয়ে রচিত বিভিন্ন গ্রন্থাদি থেকেই মূলত শব্দগুলো সংগ্রহ করা হয়েছে। কিছু কিছু ক্ষেত্রে সরাসরি অংশ গ্রহণ অর্থাৎ জিজ্ঞাসাবাদের মাধ্যমেও শব্দ সংগ্রহ করা হয়েছে। এই পদ্ধতিতে শব্দ সংগ্রহের ক্ষেত্রে কিছু বিড়ম্বনাও বিদ্যমান। যেমন– অধিকাংশ ক্ষেত্রেই ব্যক্তি বিশেষ শব্দ সমূহ বলার সময় কুট্টি ভাষার স্বরূপ ব্যবহার করলেও লেখার সময় বিশুদ্ধ বাংলায় রূপান্তরিত করে ফেলে। অনেক ক্ষেত্রে উচ্চারিত শব্দের বানান জানতে চাইলে বিশুদ্ধ শব্দের অনুরূপ বানান করে থাকে। তাছাড়া কুট্টি ও সুখবাস ভাষা সম্পর্কে আমার জ্ঞানের সীমাবদ্ধতার কারণে নানাবিদ ত্রুটি ও সমস্যা সৃষ্টি হয়েছে। ফলে অভিধানটিতে বিভিন্ন ভুলত্রুটি আছে। যথার্থভাবে সম্পাদনা ও নিবিড়ভাবে পরীক্ষা-নিরীক্ষা ছাড়াই অভিধানটি প্রকাশনার লোভ সম্বরণ করতে পারিনি। তাই, এই ভাষায় যারা বিশেষজ্ঞ এবং পাঠক সকলের কাছে সনির্বন্ধ অনুরোধ– হারিয়ে যাওয়া অনেক শব্দ ও আমার অনুসন্ধান তৎপরতার আড়ালে থেকে যাওয়া হাজারো শব্দ দয়া করে আমাকে জোগান দিলে আগামীতে সংযোজন করার চেষ্টা করব। তাছাড়া শব্দের দ্বিরুক্তি ও বানান ত্রুটিজনিত বিষয়গুলো মার্জনা করে পরামর্শ দিলে ভবিষ্যতে সংশোধন করব।

পুরনো ঢাকার মানুষ বিশিষ্ট ছড়াকার আমীরুল ইসলাম, আনিসুল বারী, রাজু, শাহীন বারী, হাজি কুদরতে আলম রিপন, হাজি নাসরীন আক্তার, নুরুল ইসলাম, দিলরুবা শারমীন নায়না দুষ্পাপ্য অনেক শব্দাবলি ও শব্দার্থ দিয়ে আমার প্রচেষ্টাকে সমৃদ্ধ করেছেন। কথাসাহিত্যিক মনি হায়দারসহ বর্ণিত গবেষক, সম্পাদক, সংকলক, কবি, লেখক, ছড়াকার সকলের কাছে আমি

চিরকৃতজ্ঞ হয়ে থাকব। তাছাড়া, এই অভিধান সম্পাদনা সংকলনের কাজে নিবিড়ভাবে যুক্ত থেকে গবেষকের মতো কাজ করেছেন ওমর ফারুক, ফরহাদ ও জিয়াউর রহমান। অগাধ ধৈর্য্য ও সহিষ্ণুতার পরিচয় দিয়ে আমাকে সহযোগিতা করেছেন স্ত্রী শাহানা সুলতানা ও কন্যা মধুস্মিনী মোহনা। নানাভাবে উপদেশ, পরামর্শ, দিকনির্দেশনা তথ্য ও সহযোগিতা দিয়ে উৎসাহিত করেছেন বিশিষ্ট কবি ও নজরুল গবেষক মুহম্মদ নূরুল হুদা, কবি মতিন বৈরাগী, ড. শিহাব শাহরিয়ার, কবি শাফীকুর রাহী, কবি জাকির হোসেন চৌধুরী, কবি মিলন সব্যসাচী, কবি ও কথাসাহিত্যিক অ্যাডভোকেট শামীমা আক্তার শিউলী, কাজী আবদুর রহমান, জহিরুল হক শামীম, পুরনো ঢাকার বিভিন্ন গুণী আধিবাসীসহ আরও অনেক শুভাকাঙ্ক্ষী লেখক, কবি ও বন্ধু বান্ধব– তাদের সকলকে জানাই স্বকৃতজ্ঞ ধন্যবাদ।

পরিশেষে, স্বনামধন্য প্রকাশনা সংস্থা ঐতিহ্য'র স্বত্বাধিকারী আরিফুর রহমান নাইম, যিনি এই অভিধানটি প্রকাশনার ঝুঁকি নিয়েছেন, তাঁকে শুধুমাত্র কৃতজ্ঞতা জানিয়ে খাটো করব না, প্রকাশনার জগতে আরো দুর্বার গতিতে এগিয়ে যুগপৎ সফলতা অর্জন করুক এই শুভাশিষ রইল।

মোশাররফ হোসেন ভূঞা
ফেব্রুয়ারি ২০১৫

বেইলী ফিয়েস্তা
ফ্ল্যাট-এ/৭
১/২ নিউ বেইলী রোড
ঢাকা

অভিধানে ব্যবহৃত বর্ণক্রম

অ আ ই ঈ উ এ ঐ ও

ক খ গ

চ ছ জ ঝ

ট ঠ ড ঢ

ত থ দ ন

প ফ ব ম

য র ল হ

পদ সংকেত

বি.	বিশেষ্য
বিণ.	বিশেষণ
সর্ব.	সর্বনাম
ক্রি.	ক্রিয়া
অব্য.	অব্যয়
ক্রি.বি.	ক্রিয়া বিশেষণ
প্র.	প্রবাদ

সহায়ক গ্রন্থপঞ্জি

১. ঐতিহাসিক ঢাকা মহানগরী বিবর্তন ও সম্ভাবনা—সম্পাদক ইফতিখার-উল-আউয়াল, বাংলাদেশ জাতীয় যাদুঘর, ঢাকা, ২০০৩
২. কিংবদন্তির ঢাকা—নাজির হোসেন, থ্রিস্টার কো-অপারেটিভ মালটিপারপাস সোসাইটি লিঃ, ঢাকা, ১৯৯৫
৩. গালি অভিধান—সংকলন ও সম্পাদনা, আবদুল মান্নান স্বপন, ঐতিহ্য, ২০১৪
৪. চরমপত্র—এম আর আখতার মুকুল, সাগর পাবলিশার্স, ঢাকা, ২০০০
৫. ঢাকা অভিধান—সংকলন ও সম্পাদনা, খন্দকার মাহমুদুল হাসান। ঐতিহ্য ২০১৪
৬. চিলেকোঠার সেপাই—আখতারুজ্জামান ইলিয়াস, ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, ঢাকা, ১৯৯৭
৭. ঢাকা ইতিহাস ও নগরজীবন ১৮৪০-১৯২১—শরীফ উদ্দিন আহমেদ, একাডেমিক প্রেস এন্ড পাবলিশার্স লিমিটেড, ঢাকা, ২০০১
৮. ঢাকার কথা—রফিকুল ইসলাম, আহমদ পাবলিশিং হাউস, ঢাকা, ২০০১
৯. ঢাকা কোষ—সম্পাদক শরীফ উদ্দিন আহমেদ, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, ২০১২
১০. ঢাকা পঞ্চাশ বছর আগে—হাকিম হাবিবুর রহমান-প্যাপিরাস, ২০০৫
১১. ঢাকা সমগ্র—আসলাম সানী, অনিন্দ্য প্রকাশ ঢাকা, ২০১৩
১২. ঢাকাই উপভাষা প্রবাদ-প্রবচন কৌতুক-ছড়া—সম্পাদক ফিরোজা ইয়াসমীন, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, ২০১০
১৩. ঢাকাই খাবার—সম্পাদক হাবিবা খাতুন ও হাফিজা খাতুন, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, ২০১০
১৪. ঢাকাই রান্না—সিতারা ফিরদৌস, অবসর প্রকাশনা সংস্থা, ঢাকা, ২০১৩

১৫. ঢাকাইয়া আস্‌লি—আনিস আহামেদ, বাংলা একাডেমি, ঢাকা, ২০১৪
১৬. তাওয়ারিখে ঢাকা— মুন্‌শী রহমান আলী তায়েশ, দিব্যপ্রকাশ, ঢাকা, ২০০৭
১৭. তারাবানু এবং অন্যান্য কবিতা—রোকেয়া ইউসুফ, ছায়ালোক পাবলিকেশন্স, ২০০৫
১৮. তালাশ—রোকেয়া ইউসুফ, রিদম প্রকাশনা সংস্থা, ঢাকা, ২০১৪
১৯. দিলের টুকরা—রোকেয়া ইউসুফ, রিদম প্রকাশনা সংস্থা, ঢাকা, ২০০৮
২০. ব্যবহারিক বাংলা অভিধান—প্রধান সম্পাদক ডক্টর মুহম্মদ এনামুল হক, সম্পাদক শিবপ্রসন্ন লাহিড়ী, বাংলা একাডেমি, ঢাকা, ২০০০
২১. বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান—প্রধান সম্পাদক ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্, বাংলা একাডেমি, ঢাকা, ২০০০
২২. বাংলা ভাষায় আরবী ফার্‌সী তুর্কী হিন্দী উর্দু শব্দের অভিধান-সংকলন ও সম্পাদনা কাজী রফিকুল হক—বাংলা একাডেমি, ঢাকা, ২০০৪
২৩. বৃহত্তর ঢাকা জেলার বিবরণসহ ঢাকার ইতিহাস ১ম ও ২য় খণ্ড—শ্রী কেদারনাথ মজুমদার—দে'জ পাবলিশিং কলকাতা, ২০০৩
২৪. রাজধানী ঢাকার ৪০০ বছর ও উত্তরকাল; প্রথম খন্ড-রাজনীতি সমাজ প্রশাসন—সম্পাদক, আবদুল মমিন চৌধুরী, শরীফ উদ্দিন আহমেদ। বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, ২০১২

অ

অইচে *ক্রি.* হয়েছে; হয়ে গেছে; ঘটেছে; ঘটে গেছে। 'মাইয়্যার বাত্পাক্কা অনুষ্টানের খায়োন-উয়োন জব্বর বালা অইচে।'

অইচিল *ক্রি.* হয়েছিল; ঘটেছিল; হইয়াছিল। 'বিচ্ছ কবি রবিন-দোরনাত নোয়াবগো তুরাগ বোটে নিম পাইরা খুব খোছ অইচিল।'

অইত্যাচার *ক্রি. বি.* অত্যাচার; নির্যাতন; জুলুম। 'জালিম আর জুলুমের অইত্যাচারে লণ্ডবণ্ড দ্যাছ।'

অইতাচে *ক্রি.* হচ্ছে; হইতেছে; হইতাছে। 'রাস্তার মোচরার মইদ্যে কি অইতাচে দেহ না ক্যালা?'

অইতে *অব্য.* হতে; হইতে; থেকে। 'তুমরা অইলা গিয়া দনু অইতে তীর বারায়া যায়োনের দল।'

অইব *ক্রি.* হবে; হইবে; হইবো; হওয়ার উপক্রম হয়েছে এমন; আসন্ন; অতি নিকটবর্তী। 'আছমানে ম্যাগ না থাকলে বারিছ অইব কইথনে।'

অইবার *ক্রি.* হবার; হবে; হব; হবু; হেবু; হবার জন্য; হতে চাওয়া। 'যে না খোমার ছিরি, হ্যালায় আবার অইবার চাহে কমিছনার।'

অউগ্যা *ক্রি.* একটা; একটি; এক। 'অউগ্যা অউগ্যা কইরা না দিয়া এক লগে দিয়া দেও।'

অক্কর *বি.* অক্ষর; বর্ণ; হরফ; একবার উচ্চারণযোগ্য শব্দের ক্ষুদ্রতম অংশ। 'অক্কর গ্যায়ান নাই আবার হিরু বনবার চাও!'

অক্করে *বিণ.* একেবারে। 'মুকতিগো গাজুইরা মাইরের খবর পায়া ইয়াহিয়ার চান্দি অক্করে গরম অয়্যা পরত।'

অকখন *বিণ.* এখন; ইদানীং; সম্প্রতি; এই সময়; বর্তমান কাল; অধুনা; এই যুগে। 'অকখন দুই চাইর মিলিটের মইদ্যে চিরিয়াখানায় পওছায়া যামু।'

অকখনে *বিণ.* এক্ষণে; এ সময়; এ মুহূর্তে; এখন; বর্তমানকাল; এখনকার। 'ফাজিলটারে অকখনে যায়্যা দইরা লয়্যা আহ।'

অকটুবার *বি.* অক্টোবর মাস; ইংরেজি বর্ষের দশম মাস।

অকটুপাছ *বি.* অকটোপাস। 'আচমানি, জমিনি বালা তুমারে অকটুপাছের লাহান গিরা ফালাইচে।'

অখুছি *বি. বিণ.* অখুশি; অখুশী; অসন্তোষ; অসন্তুষ্ট; নাখোশ; নাখুশ; অপ্রসন্ন; রুষ্ট। 'মানুরে অখুছি রাকলে আল্লায় নারাজ অহে।'

অখ্যান *বিণ. দ্র.* অকখন।

অচতে অচতে *বিণ.* আস্তে আস্তে; ধীরে ধীরে; ব্যস্ত না হয়ে; মন্থরগতিতে; মৃদু মৃদু; ধীর গতিতে; চুপিসারে; অবারিতভাবে; উত্তেজিত না হয়ে। 'অচতে অচতে বংগোবনদু ছেখ মুজিব লইরা পাকিচতানিগো বুঝায়া দিচে বানগালিগো দাবায়া রাখন যাইব না।'

অচতোরো *বি.* অস্ত্র; হাতিয়ার; প্রহরণ; আয়ুধ; প্রহারের উদ্দেশ্যে নিক্ষেপ করার ধারালো যন্ত্র; কাটার জন্য ব্যবহৃত যন্ত্র। 'মুকতিগো আচলি অচতোরো আচিল মোনের বিতরে ছাদীনতার আগুন।'

অছওয়াছা *বি. দ্র.* অছাওছা।

অছচতি *বিণ.* অস্বস্তি; অস্থির; অস্থিরত্ব; অধৈর্য; আকুল; বিহ্বল। 'তুমার চেহারা দেইখ্যা মোনে অইতাচে খুব অছচতিতে পইরা গেচ?'

অছনমানি *বিণ.* অসম্মানী; অবমান; অপমান; মর্যাদাহানি; সম্মানহানী; অনাদর; অবহেলা। 'মুকতি যুদদার নাম কাইটা অইন্ন নাম রাখন অছনমানি ছারা আর কি অইবার পারে।'

অছমায় *বিণ.* অসময়; দুঃসময়; নিদানকাল; দুর্বিপাকের কাল। 'ইমুন অছমায়ে অইল ছমায় কিমুন কইরা হায়।'

অছরমানি *বি. দ্র.* অছনমানি।

অছহযুগ বি. অসহযোগ; সহায়তা বা সাহায্য না করণ; একত্রে কাজ না করা; সরকারকে রাজ্য শাসনে সাহায্য না করার আন্দোলন বিশেষ। 'ছেক ছাবের ডাকে অছহযুগ, ছাদীন জয়বাংলা ফেলাগ উরায়া এহিয়ারে ছাপছাপ বারচিটির পোলাপানরা জানায়া দেয় দাবি না মানলে খবর আচে।'

অছয়ায় *বি. বিণ.* অসহায়; নিরীহ; সহায়-সম্বলহীন। 'দুরন্ত ছকুনে খুইরা খাইলো মা হাওয়ার অছয়ায় দেহ।'

অছাওছা *বি. দ্র.* অসওয়াসা; ওয়াসওয়াসা; প্রলোভন; প্রলুব্ধ; লোভ দেখানো; লুব্ধ করা; লোভ জন্মানো; লালসা উৎপাদন। 'ছয়তান অছাওছা দিয়া ছয় কিছিমের কাম কইরা প্যাচ লাগায়া ঈমান নাছ করে।'

অছানতি *বিণ.* অশান্তি; শান্তির অভাব; মানসিক যন্ত্রণা; মানসিক অস্থিরতা; কলহ; বিবাদ; বিতর্ক; গোলমাল; কোলাহল। 'দরমো লয়্যা বারাবারি কইরা অছানতি করন ঠিক না।'

অছিয়ত *বি.* অছিঅত; অছিঅতি; অছিয়তনামা; অছিয়তি; অসিয়ত; ওছিয়ত।

'মরবার আগে আমার দাদা জমি-জমার অছিয়ত কইরা গেচেন।'

অছুইক্কা *বিণ.* অসুস্থ; রোগাক্রান্ত; অসুখী; দুঃখিত; ব্যথিত। 'মাখ্খি-মছা ছাবদান, অছুইক্কা গর।'

অছুইরা *বিণ.* অসুরের মতো; দৈত্য-দানবের মতো। 'অঞ্চল পাইতা বয়া রইছি– কব্বে যে পরমাণুর বিছফোরণ ছিন্নবিন্ন করব তগো অছুইরা জীবন!'

অজম *বি.* হজোম; পরিপাক; সহ্যকরণ; আত্মসাৎকরণ; আত্মসংবরণ। 'গুরুপাক আমার অজম অহে না।'

অজান *বিণ.* অজানা; অচেনা; নাম ঠিকানাবিহীন। 'মোনের মানু অজান দ্যাছে দিন অইল আন্দার।'

অজুয়াত *বি.* অজুহাত; ওজুহাত; কারণ; হেতু; ছুতা; বাহানা; ওজর; আপত্তি। 'তুমার অজুয়াত কুনো মানু মাইন্যা নিব না।'

অটার *বি.* ওয়াটার; জল; পানি। 'জনমের লাইগা চাবি মাইরা বন্ কইরা দিমু চান্দি গাটের অটার ছাপ্লাই।'

অতনদো পহরি *বি. বিণ.* অতন্দ্র প্রহরী; নিদ্রাহীন; মনোযোগী; সতর্ক; সাবধান। 'ছেনাবাহিনী আমগো জাতির অতনদো পহরি।'

অদলবদল *বিণ. বি.* পরিবর্তন; ওলট-পালট; বিনিময়; এক জিনিস দিয়া অন্য জিনিস লওয়া। 'আহ আমরা মাতার পাগরী অদলবদল করি।'

অদিকার *বি.* অধিকার, স্বত্ব; স্বামিত্ব; দাবি; কর্তৃত্ব; আধিপত্য। 'অদিকার বঞ্চিত বুকা ফাকা মানু বারতাছে দলে।'

অদিন *বিণ.* দুর্দিন; অশুভকাল; দুঃসময়; বিপদের দিন; দুর্যোগময় দিন; অসময়। 'ছুদিনে আছিলা দিলের বিতর/অদিনে অইলা পর/ বাইঙ্গা দিলা লাবের আছায়/ আমার ছোনার গর।'

অনদো *বি. বিণ.* অন্ধ; চক্ষুহীন; দৃষ্টিহীন; কানা; মূর্খ। 'মোনে

রাকবা অনদো মানুর বি দিল আচে।'

অপারেছন *ক্রি.* অপারেশন; অস্ত্রোপচার; চিকিৎসার্থ রোগীর দেহে অস্ত্রপ্রয়োগ। 'বেরেন অপারেছন করলেও তোমগো মনের কালি যাইব না।'

অপিচার *বি.* অফিসার; পদস্থ কর্মচারী; আফিসর। 'তুমি বর অপিচার অয়্যা আমগো মহল্লাটারে রোছনাই করচ।'

অবচতা *বি.* অবস্থা; দশা; হাল; ভাব; গতিক; ক্ষেত্র. দুর্গতি। অবচ্তা দেইখা মোনে অইতাচে আনদুলুন জমায়া তুলবার পারব না।'

অবলা *বিণ.* নারী; ললনা; বলহীনা; অক্ষমা; কান্তা; পত্নী। 'যখন বাংছ মোন, মোনের মানু/ বাইঙ্গা অবলার গর-গরের পতি।'

অবাইদ্য *বিণ.* অবাধ্য; অবশীভূত; কথা শোনে না এমন; দুর্বার; আদেশ অমান্যকারী; আজ্ঞা লঙ্ঘনকারী। 'অবাইদ্য যিমুন আরব মুল্লুকের পাগলা গুরা।'

অবাগিনী *বিণ.* অভাগিনী; অভাগী; দীনা; দুর্ভাগিনী; দুর্ভাগী; ভাগ্যহীনা; হতভাগিনী। 'থাক বাই দূর দ্যাছে ছুখ-ছান্তি লয়্যা/অবাগিনী বয়্যা রইছি পন্থের দিকে চায়্যা।'

অবাগী *বিণ.* অভাগী; ভাগ্যহীনা; অভাগিনী স্ত্রী। 'এ্যাদ্দিনে বুজি পৌরল মোনে অবাগীর কতা?'

অবিচছাছ *বিণ.* অবিশ্বাস; বিশ্বাস না করা; বিশ্বাসের অভাব; অপ্রত্যয়; অনাস্থা; সন্দিগ্ধ।

'মানুর মনে ডর, অবিচছাছ ঢুকলে ফের বাইর করন বহুত কুঠিন অয়্যা পরে।'

অবুজ *বিণ.* না বুঝা; জ্ঞাত নয়; বুঝে না এমন। 'এইটা লয়্যা তুমগো মাতা ব্যাতা আমার অবুজের বিছয়।'

অমাবইচ্ছা *বি.* অমাবস্যা; অমাবৈস্যা; অমানিশা; অমানিশি; অমারজনী; কৃষ্ণপক্ষ। 'যেই দ্যাছে না আছে পেমের দুছমন/ না আছে অমাবইচ্ছা, গতরের বাঙ্গন।'

অমূইল্য *বিণ.* অমূল্য; দুষ্প্রাপ্য; যার মূল্য হয় না। 'আমার অমূইল্য দন তোমার পায়ে ঢেলা!'

অর *সর্ব.* ওর; ঐ ব্যক্তির; তার; তাহার। 'আগে দেইখা লও অর পিচের নেতাটা ক্যাঠা।'

অরা *সর্ব.* ওরা; তারা। 'অরা আমগো গোষটীর মানু।'

অলক্ষী *বিণ.* অপয়া; দুর্ভাগিনী (গালি বিশেষ)। 'এই অলক্ষীর বাচ্চাটায় ছংছারটারে ডুবায়া ফালাইচে।'

অলক্ষীর বাচ্চা *বিণ.* অপয়ার সন্তান; দুর্ভাগিনীর সন্তান (গালি বিশেষ)। 'অলক্ষীর বাচ্চাটারে বালা কইরা গারা মার।'

অলি *বি.* ওলি; আউলিয়া; আওলিয়া; সিদ্ধ তাপস বা দরবেশ। 'অলি-আউলিয়াগো ছনমান করলে আল্লায় খোছ অহে।'

অহন *বিণ.* এখন; এ সময়; এ মুহূর্তে; বর্তমানে; ইদানীং। 'অহন আমরা হ্যালায় বুড্ডা অয়্যা দিন কাবার কইরা দিতাচি।'

অহনকার *বিণ.* এখনকার; বর্তমানকালের; এ সময়; এ মুহূর্তে; এই সময়ের; বর্তমান সময়ের; ইদানীন্তন; ইদানিং; সম্প্রতি। 'অহনকার ফিলিমে আগের মোতন কাহানি দেখন যায় না।'

অক্ষেম *বিণ.* অক্ষম; ক্ষমতাহীন; শক্তিহীন। 'এই অক্ষেম মানুটারে খাটাইতাচ ক্যালা?'

অয়রান *বিণ.* হয়রান; হয়রাণ; ক্লান্ত; পরিশ্রান্ত; উত্যক্ত; জ্বালাতন; উৎপীড়িত; নাকাল। 'তুমার লগে লৌর পাইরা অয়রান অয়্যা গেচি।'

অয়ার *ক্রি.* হওয়ার; হতে; হবার; বর্তমান বা বিদ্যমান বা উপস্থিত থাকা; পরিণত বা রূপান্তরিত হওয়া; পদ বা স্থান লাভ করা; অবস্থা প্রাপ্ত হওয়া। 'তা'বি অয়ার পারলাম না ছোহাগ বানুর পেমী।'

অয়্যা[১] *ক্রি.* হয়ে; হইয়া। 'কামটা অয়্যা গেলে তুমারে দিল্লিকা লাড্ডু খিলামু।'

অয়্যা[২] *ক্রি.* হয়ে; হইয়া। 'বর নেতা অয়্যা দেক ছরিলের রোছনাই কেমুন জিনকান দেয়।'

অয়োন *ক্রি.* হওয়া; বর্তমান বা বিদ্যমান বা উপস্থিত থাকা; ঘটা বা সংঘটিত হওয়া; উৎপন্ন হওয়া; ফলা। 'বালায় বালায় কামটা অয়োন সবতের লাইগা মোঙ্গলের।'

অয়োনতক *অব্য.* হওয়া পর্যন্ত; আদায় করা; কোনো কিছু শুরু করে শেষ না হওয়া পর্যন্ত স্থিতি থাকা। 'এই দাবি আদায় না অয়োনতক দ্যাছের পোলা, মাইয়্যা আর পাবলিক গরে ফিরব না।'

অংলি *বি.* আঙুল। 'কইচিনা ছোজা অংলিতে গি উটে না।'

আ

আইচ্ছা *অব্য.* আচ্ছা; হ্যাঁ; সম্মতি বা স্বীকার সূচক; বেশ। 'আইচ্ছা কয়্যা চইলা গেলা, ফিরৎ আয়্যা ট্যাকা দিলানা ক্যালা?'

আইছা *ক্রি.* এসে; আসিয়া; আসা; আগমন করা; উপস্থিতি। 'আইছা যখন পরছ চাইট্টা খায়্যা যাও।'

আইছিল *ক্রি.* এসেছিল; আগমন করা; উপস্থিত হওয়া; উদ্রেক হওয়া। 'হ্যাই কব্বে আইছিলা ফাল্গুন মাছে পূন্নির রাইতে।'

আইজ *বি. বিণ.* আজ; অদ্য; এখন; সম্প্রতি; আজকের দিন; বর্তমান কাল। 'আইজ তুমারে রাছদানী ঢাহার কাহানি হুনামু।'

আইজকা *বি. বিণ.* আজকে; আজ; আজি; অদ্য; অধুনা; বর্তমানে। 'আইজকা বি গুরাটারে পাছানের মোতন চাবুক খিচ্‌বার পারলা?'

আইজকাইল *বি. বিণ..* আজকাল; আজকার; আজকে; আজকের; সম্প্রতি; অধুনা; সবে; এইমাত্র; কেবলমাত্র। 'তহন আইজকাইলের লাহান হরতাল-বাংচুর বি আচিল না।'

আইজতক *বি. বিণ.* আজ পর্যন্ত; অদ্য পর্যন্ত। 'বাইচকোপের বাছকের ছেদায় চক লাগায়া ফুটো দেখনের মজা আইজতক মোনে অইলে মন বি ময়ুরের লাহান নাইচা উটে।'

আইজবি *বি. বিণ. দ্র.* আইজতক।

আইটম *বি.* আইটেম; তালিকায় অন্তর্ভুক্ত স্বতন্ত্র বস্তু বা দ্রব্যাদি। 'কাম বাগায়া নিবার লাগলে এক লমবর আইটম অইল তেল।'

আইটা *ক্রি. বি.* এঁটে; শক্ত করে; কষে; আঁটিয়া। 'বালা কইরা আইটা না দরবার পারলে কাম অইব না।'

আইতাচি *ক্রি.* আসছি; আসিতেছি। 'কামটা ছেছ কইরা আইতাচি।'

আইতাচে *ক্রি.* আসছে; আসিতেছে; আসা; আগমন করা; উপস্থিত হওয়া; দেখা দেওয়া। 'আজিজ্জা লৌর পাইরা আইত্যাচে ক্যালা?'

আইন-কানুন *বিণ. বি.* বিধিব্যবস্থা; বিধি-নিষেধ; নিয়ম-নীতি; বিধি-বিধান। 'ছোমাজে থাকবার চাইলে ছোমাজের আইন-কানুন মাইনা চলোন লাগে।'

আইনা *ক্রি.* আনা; এনে; নিয়ে আসা; আনয়ন করা। 'কছম খোদার যেইজন অরে আইনা দিবার পারে।'

আইন্দা *বিণ. বি.* আয়েন্দা; আয়ন্দা; আএন্দা; ভবিষ্যৎ;

আগামী। 'আইন্দা কি করবা হ্যাই খোয়াপ দেইখ্যা লাব অইব না।'

আইবনি *ক্রি.* আসবে কিনা; কারো আসার ব্যাপারে সংশয় বা সন্দেহ পোষণ করা। 'জমিনের চান ছোহাগবানু আইবনি তার গরে।'

আইবার *ক্রি.* আসবার; আসিবার। 'দছ মাহিনা পার অয়্যা গেল হ্যায় একবার বি আইবার পারল না!'

আইল *বি.* আল; আলি; জীবন-সীমা নির্দেশক বাঁধ; উঁচুপথ; জাঙাল; পাড়; তীর; বাধা; আটক। 'আগে বুরিগনগার পারে বইলে জিঞ্জিরার জমিনের আইল দেখা যাইত।'

আইলা *ক্রি.* এলে; আসা; আসলে; আগমন করা; উপস্থিত হওয়া। 'জব্বর দেরী কইরা আইলা বন্দু, জব্বর দেরী।'

আইলে *ক্রি.* আসলে; এলে; উপস্থিত হলে; হাজির হলে। 'জনগিরা আইলে দ্যাছের ছাদীনতার নাম নিছানা মুইচা যাইব।'

আউগানো *ক্রি.* এগিয়ে যাওয়া; অগ্রসর হওয়া। 'সবকিছু বি বদল অইছে আইজকার এই ঢাকাতে/ জীবনটাবি আউগাইছে বাই চলতি গারির চাকাতে।'

আউগায়া *ক্রি.* এগিয়ে রাখা; এগিয়ে যাওয়া; অগ্রসর হওয়া; আগুয়ান। 'তার লিগা বরকূলা–মোয়া-পিঠা-গুলগুলা আউগায়া রাখি।'

আউছ *বিণ. বি.* হাউস; শখ; আকাঙ্ক্ষা; ইচ্ছা; উচ্চাশা; যশ; ঝোঁক; আমোদ; বিলাস। 'পুছ ছনকেরানতির পিঠা খায়্যা আউছ মিট্টা গেচে।'

আউল[১] *বি.* আয়াল; আড়াল; অন্তরাল; পর্দা; আবরণ; গোপন ব্যবধান; অবকাশ; দূরত্ব; তিরোধান। 'ছাপ্পর ফাইরা ছুক দিলা ছুকের ছেছ নাই/ তুমার ছৈল্লের আউলেতে ছুকের নিদ্রা যাই।'

আউল[২] *বি.* আউল-বাউল; সহজপন্থী সাধক সম্প্রদায়ের লোক। 'আউল যখন বইনা গেচ, তাইলে জোঙ্গলে চইলা গেলেই পার।'

আউলা *বিণ.* আউল; আওলা; এলোমেলো; বিশৃঙ্খল। 'আউলা-ঝাউলা বেউলা পরান ছটফটায়া মরে।'

আউয়াল *বিণ.* আওয়াল; প্রথম; আদি; আরম্ভ; শ্রেষ্ঠ; উৎকৃষ্ট; উত্তম; প্রকৃষ্ট, উন্নত। 'আউয়ালে

আখেরে যিমুন আছেকে মাছুক।'

আওতা *বিণ. বি.* বেড়; বেড়া; বেষ্টনী; পরিধি; পাল্লা। 'আওতা-পর্দা মুছলমানগো ঈমানের নিছানা।'

আওলাত *বি.* আওলাৎ; হাওলাত; ধার; কর্জ; কর্য; ঋণ; দেনা। 'আমারে দুই আজার ট্যাকা আওলাত দেও।'

আওয়াজ *বি.* আবাজ; ধ্বনি; কণ্ঠস্বর শব্দ; রব; নাদ; সোরগোল; অভিধান; হিল্লোল। 'কতার আওয়াজ হুইনাই বুচছি ক্যাঠা আইচে।'

আওর *বিণ.* আরো; অনেক; বেশি পরিমাণ। 'বাপরে মারোনের কাপপারা আমরা আবিতক দিয়া যাইতাচি, আওর বি দিতে হইব।'

আওরত *বি.* আউরত; অওরত; মহিলা; স্ত্রীলোক; নারী; পত্নী; স্ত্রী। 'আওরত ছারা ছংছার চলে ক্যাম্বে?'

আওরায়্যা *ক্রি.* উচ্চারণ করা; ব্যক্তকরণ; প্রকাশকরণ; মুখ দ্বারা ধ্বনি সৃষ্টি; বাচন; কথন। 'কতায় কতায় ছিরিক আওরায়্যা ডর দেহান দরমের ছহি কাম না।'

আওলা চাইল *বি. বিণ.* আতপ চাল; সিদ্ধ নয় এমন ধান হতে যে চাল সংগৃহীত হয়।

আওলাত *বি.* হাওলাৎ; ঋণ; কর্জ; ধার; আমানত; জিম্মা। 'আমারে কিচু ট্যাকা আওলাত দেও।'

আওলিয়া *বি.* ওলি; সিদ্ধ তাপস বা দরবেশ। 'ওলি-আওলিয়াগো খিদমত করলে আল্লায় খোছ অহে।'

আকরায়া *বি. বিণ.* আঁকড়িয়ে ধরা; জড়িয়ে ধরা; বেষ্টন করা। 'জিহাদি জিনদেগানি আকরায়া দইরা খিলাফতি ছাছন চালু করন এই বাংলায় কুনো দিন অইবার পারব না।'

আকাইমা *বিণ.* বাজে কাজের; কুকর্ম; মন্দ; নিরর্থক। 'তুমার মোতন আকাইমা মানু ঢাহার ছহরে হ্যালায় আর একটা বি পাওয়া যাইব না।'

আকাম *ক্রি. বিণ.* কুকাম; কুকর্ম; কুকাজ; কুকার্য; অসৎ বা খারাপ কাজ; নিন্দনীয় কাজ; খারাপ কাজ; পাপকর্ম। 'তুমিত হ্যালায় আকামের হরদার অয়্যা গেচ।'

আকামত *বি.* আকামৎ; ইকামত; একামত; প্রতিষ্ঠা; উদ্বোধন; ফরজ নামাজ শুরুর জন্য দাঁড়িয়ে আজানের প্রায় অনুরূপ শব্দাবলি উচ্চারণ। 'আকামত দেয়োন ছেছ অইলে ইমামছাব নুমাজ পরান ছুরু করেন।'

আকামা *বিণ.* অকর্মণ্য; অকেজো; কর্মক্ষম নয় এমন; অসৎ বা পাপ কাজ করে যে। 'আকামা কেউ ডাকলে কয়া দিলেতে চোট পাই।'

আকাল *বি.* অভাব; অনটন; অর্থকষ্ট; না থাকা ভাব; দারিদ্র্য। 'রব হুইনা মোনে অইতাচিল গারমেনে আকালের দিন ছেছ।'

আকিকা *বিণ. বি.* আকীকা; নবজাত শিশুর নামকরণ; কেশকর্তন এবং সেই উপলক্ষে ছাগল জবেহ্ করে উৎসব অনুষ্ঠান। 'ছন্তানের জন্ম অইলে আকিকা দেয়োন পয়জোন অহে।'

আকুল *বিণ.* উৎকণ্ঠিত; ব্যগ্র; উৎসুক; অশান্ত; অধীর; উতলা; বিহ্বল; চঞ্চল। 'আকুল অয়্যা চায়্যা রইচি আইবা বন্দু কবে।'

আক্কেল *বি.* আকেল; বুদ্ধি; বিবেচনা; কাণ্ডজ্ঞান; জ্ঞান; শিক্ষা; শাস্তি। 'কতা হুইনা মোনে অয় তুমার রয়েছ অইলে বি আক্কেল অহে নাইক্যা।'

আক্কল-গেয়ান *বি.* জ্ঞানবুদ্ধি। 'বয়ছ অইছে চাল্লিছ, আক্কল গেয়ান আর কবে অইব?'

আঙ্গুট *বি.* আংটি; অঙ্গুরীয়। 'কইনা পছিন অইলে আঙ্গুট পরাইয়া দিমু।'

আখিরাত *বি.* আখেরাত; পরজীবন; পরকাল; পরলোক; মৃত্যুর পরবর্তী অবস্থা; উত্তরকাল। 'আখিরাতের ছোময় ছব কুচ হিছাবের মইদ্যে আয়্যা পরব।'

আখের *বি. বিণ.* আখির; শেষ; অন্তিম; মৃত্যু; পরকাল। 'গলায় বাইন্দা কবে পিরীতের ফাছ/ আখেরে কৌরবা তুমি আমার তালাছ।'

আখেরি *বিণ.* আখিরি; শেষ অবস্থা; অন্তিমাবস্থা; পরকাল; সর্বশেষ। 'আজিমপুর গোরচতান আমাগো আখেরি ঠিকানা।'

আগলাগি *ক্রি.* আগুন লাগা; অগ্নি সংযুক্ত হওয়া; অভাব উপদ্রব বিপত্তি বিশৃঙ্খলা প্রভৃতির আবির্ভাব হওয়া। 'ছায়রা বানু স্বপ্ন দ্যাখে... আগলাগি তার মনমে।'

আগলী *বি. বিণ.* আগলি্য; আগুলি; অগ্রবর্তী; প্রধান; সম্মুখবর্তী; ঠেলে আগে যাওয়া। 'ফর্ ফর্ কইরা উইঠ্যা যায় গাছের আগলীতে।'

আগা[১] *বি. বিণ.* অগ্রভাগ; ডগা; সম্মুখভাগ। 'আগা আর পিছা-তার লিগা বাবিনা, আইব যে দিন-ছপ্ন রঙ্গিন।'

আগা[২] *ক্রি.* এগিয়ে যাওয়া; এগনো; এগোনো; এগুনো; অগ্রসর

হওয়া; সামনে যাওয়া; সম্মুখে যাওয়া। 'সামনে আগা ধাক্কা লাগা/ নাইলে হ্যালায় বাইগা যাগা।'

আগায়[১] *বি. বিণ.* অগ্রভাগে; ডগা; সম্মুখভাগ; উপরিভাগ; সম্মুখদিক। 'বেহায়া কুত্তার দল অহন বি জিবলার আগায় খামচা মারবার চায়।'

আগায়া[২] *ক্রি.* এগিয়ে; অগ্রভাগে; সামনে; এগনো; এগোনো; এগুনো; অগ্রসর হওয়া; এগিয়ে যাওয়া। 'দেহা যাউক ক্যাঠা আগায়া আহে।'

আগিলা *বিণ.* পূর্ব দিন; আগের দিন; পূর্ব সময়; পূর্ব জমানায়; পূর্বকাল। 'আগিলা জমানার মানু খুব ছোজা আছিল।'

আগুন *বি.* অগ্রহায়ণ; বাংলা বর্ষের অষ্টম মাস। 'আগুন মাছে দানে বরে কিরছানেরি গর।'

আগুনের গোল্লা *বি.* উল্কাপাত; মহাকাশ থেকে আগত বা পতিত জ্বলন্ত পাথর খণ্ড যা বায়ুমণ্ডলে ঘর্ষণের ফলে জ্বলন্ত অবস্থায় পৃথিবীতে পতিত হয়।

আগেকাইর *বিণ.* আগেকার; পূর্বের; পূর্ববর্তী; আগে থেকে; পূর্ব থেকে; প্রাচীনকাল; অতীতকাল; বর্তমান জীবনের পূর্বকালীন জীবন; বিগত; পূর্বকালীন। 'অহনকার মানু আগেকাইর মানুগো মোতন হোজা না।'

আগে হাটুনি পান বাটুনি *প্র.* আগ বাড়িয়ে কথা বলা। 'চায়্যা দেখ আগে হাটুনি পান বাটুনি আইবার লাকচে।'

আচ্‌কারা *বি.* প্রশ্রয়; নৈকট্য পাওয়া; নিকটে আশা; সুবিধা পাওয়া; তদন্তের পর গুপ্ত রহস্যোৎঘাটন করা। 'খাইতে খাইতে হুইয়া পরবা পায়্যা আচ্‌কারা।'

আচতর *বি.* অন্তর; আস্তর; আছতর; পলস্তারা; চুন-সুরকি-বালি ইত্যাদির প্রলেপ; জামা টুপি ইত্যাদির লাইনিং বা ভিতর দিকের কাপড়। 'নকলি ছিমেন দিয়া গর বানাইচ দেইখা বচ্ছর গেতে না গেতেই আচতর খুইল্যা গেচে।'

আচতিক *বি. বিণ.* আস্তিক; ধর্মে বিশ্বাসী; আল্লাহর অস্তিত্বে বিশ্বাসী; পরকাল মানে এমন। 'আমার মোতন আচতিক এই মহল্লায় আচে ক্যাঠা?'

আচমানি *বিণ.* আসমানি; স্বর্গীয়; ঐশী; আকাশ ও পৃথিবী; আকাশ সম্বন্ধীয়; দ্যুলোক ও ভূলোক; সীমাহীন; দূরতিক্রম্য দুষ্প্রাপ্য জিনিস লাভ করা। 'আজরাইল ছিংগা ফুকাইলে

বুহবা আচমানি বালা আয়্যা পরচে।'

আচলা *বি.* আঁচল; রমণীদের বস্ত্রের প্রান্তভাগ; রমণীদের একান্ত অনুগত। 'আচলা দিয়া মুইছ্যা দিমু পছিনা তুমার।'

আচলি *বিণ.* আসল; খাঁটি, সঠিক; সত্য; বিশুদ্ধ; অবিকৃত; নির্ভেজাল; সঠিক; প্রকৃত; যথার্থ; মূল; আদি। 'আইজ আমি তুমারে হপন না আচলি কতা হুনামু।'

আচানক *বিণ. বি.* আচমকা; অলৌকিকভাবে; হঠাৎ করে; অপরিচিত; আজগবি; অকস্মাৎ; হঠাৎ; আকস্মাৎ; অতর্কিতভাবে; দৈবাৎ। 'মালিকে এলাহীর দেওয়া অবাগীর দুই আত/ আচানক উইঠ্যা যায় তাঁর রহমতের দরবারে।'

আচান *বি.* বিপদমুক্ত হওয়া; সংকট মোচন; বিপদ থেকে নিষ্কৃতি। 'কতায় কয় যত মুচকিল তত আচান।'

আচান মুনজিল *বি.* আহসান মঞ্জিল। 'আরে বে ঢাহা ছহরের নোয়াবগো বারির নামই অইল আচান মুনজিল।'

আচানি *বি.* শান্তি; শমগুণ; প্রশান্তি; উৎকণ্ঠা শূন্যতা; বিরাম; উপশম। 'এহন বি ছময় আচে বালা কাম কইরা পাবলিকরে আচানি দেও।'

আচার *বি. দ্র.* আছার।

আচিল *ক্রি.* ছিল; ছিলো; বিরাজমান ছিল; প্রচলিত ছিল; অতীতে ছিল। 'আমগো বাপ-দাদারা হোজা মানু আচিল।'

আচিলা *ক্রি.* ছিলেন; ছিল; ছিলো। 'কি আচিলা আর অহন কি অইলা।'

আচে *ক্রি.* আছে; বিরাজমান; প্রচলিত; বর্তমান। 'অরে লয়্যা বাজারে বহুত রমরইম্যা খবর আচে।'

আচ্রয় *বি.* আশ্রয়; সহায়; অবলম্বন; আধার। 'নিদান কালে আমি ছারা ক্যাঠা আচ্রয় দিব!'

আছকারা *বি. দ্র.* আচকারা।

আছ্ছিন *বি. বিণ.* আশ্বিন; বাংলা বর্ষের ষষ্ঠ মাস। 'আছ্ছিন মাছে দুর্গা আহে অছুরে পায় ডর।'

আছছ *ক্রি.* আছিস; আছে; হওয়া; থাকা; বিদ্যমান বা উপস্থিত থাকা; জীবিত থাকা; অবস্থান বা বাস করা। 'বাছায় আছছ, কতা কছ না ক্যালা?'

আচ্ছা *বিণ. অব্য.* খাসা; বেশ; চমৎকার; খুব ভালো; অতিউত্তম; খুব; ভালো। 'বিয়ার

খায়োন-উয়োন আচ্ছা মজাদার অইচে।'

আছনাই *বি.* প্রেম; প্রণয়; আসক্তি; অবৈধ প্রেম; অসামাজিক প্রণয়। 'দিলেরে বি বুঝে না, কিমনে বুঝবে দিলের আছনাই।'

আছনাইবাত্তি *বি.* কামনা প্রদীপ; বাসনা; ইচ্ছা; মনোরথ; অভিলাষ। 'হপ্পায় দিলের আছনাইবাত্তি কৌরতাছে রোছনাই।'

আছফাছ *ক্রি.* ছট্‌ফট্; অস্থিরতা; চঞ্চলতা; ব্যাকুলতা; আকুল; ধড়ফড়; উদ্বেগ। 'মজায়া পিরীতে দিল করি আছফাছ।'

আছতানা *বি.* আস্তানা; খানকা; আশ্রম; আড্ডা; বসত; বাসস্থান; আশ্রয়স্থল। 'ছহরের পুরান বাছাগুনা নেছাকোরের আছতানা অয়্যা গেচে।'

আছর[১] *বি.* ভর করা; প্রভাব; চিহ্ন। 'তুমার ঈমানে জমাতি রাজনীতি আছর করচে।'

আছর[২] *বি.* আসর; সভা; মজলিস; বৈঠক; অপরাহ্ণ; বৈকাল; নামাজের ওক্ত বিশেষ; বাকচাতুর্য হাস্য পরিহাস ইত্যাদি দ্বারা শ্রোতৃবর্গকে হর্ষোৎফুল্ল করে তোলা। 'নুরা পাগলারে বট গাচের নিচে আছর জমাইবার দেকচি।'

আছটো *বি.* আট; অগস্ট মাস। 'অগাছ মাইনে আছটো মাছে ৫০০ বোমা ফাটায়া মোনে করচিলা বাংলাদ্যাছ বাছাইয়া দিবা?'

আছমান *বি.* আকাশ; গগন; অন্তরীক্ষ; আসমান; ব্যোম; শূন্য; অম্বর; স্বর্গ; আবহাওয়া; বায়ুমণ্ডল। 'মনে কইর না তুমরা আছমানের চান আতে পায়্যা গ্যাচ।'

আছরাইয়্যা *ক্রি.* আছাড় দেওয়া; সজোরে মাটিতে নিক্ষেপ করা। 'বেছি বারাবারি করলে দইরা আছরাইয়্যা চেহেরা পাল্টায়্যা দিমু।'

আছলাহাখানা *বি.* অস্ত্রাগার; অস্ত্রশালা; অস্ত্রালয়। 'আমরিকার আছলাহাখানায় কি আচে জানে ক্যাঠা?'

আছলি *বিণ.* *দ্র.* আচলি।

আছছ *ক্রি.* আছিস; আছে; হওয়া; থাকা; বিদ্যমান বা উপস্থিত থাকা; জীবিত থাকা; অবস্থান বা বাস করা। 'বাছায় আছস, কতা কছ না ক্যালা?'

আছা *বি.* আশা; আশ; আকাঙ্ক্ষা; কামনা; ইচ্ছা; মনোবাসনা; অভিপ্রায়; প্রত্যাশা; আকাঙ্ক্ষিত কোনো কিছু পাওয়ার জন্য অপেক্ষা। 'পচ্চিমে ডোবে দিয়া

আমি নিরুপায়/ তা'বি গুরি আতিপাতি তোমার আছায়।'

আছান *বি.* আশান; আসান; লাঘব; উদ্ধার; রেহাই; নিষ্কৃতি; মুক্তি; সুবিধা; সান্ত্বনা; নিরাময়; সহজ। 'ইয়া আল্লা, বালা-মুছিবত থেইক্যা আছান কর।'

আছানি[১] *বি. বিণ.* শান্তি; শমগুণ; প্রশান্তি; উৎকণ্ঠা শূন্যতা; নিবৃত্তি; বিরাগ; বিরাম; উপশম। 'দ্যাছের মানু আছানি চায়, অছানতি না।'

আছানি[২] *বিণ. বি.* সহজভাব; আরাম; আয়েছ; আয়াস; আয়াশ; বিলাস; সুখভোগ; আমোদ; স্ফূর্তি। 'বেছি আছানি কইরা চলন-বালা না।'

আছাপূরণ *ক্রি. বিণ.* লক্ষ্য অর্জন; কাম্যবস্তু পাওয়া; প্রত্যাশা পূরণ; কোনকিছু লাভ করা। 'বুদ্ধি কইরা কাম না করবার পারলে আছাপূরণ অহে না।'

আছাম *বি.* আসাম; আসাম প্রদেশ; ভারতের একটি অঙ্গরাজ্য। 'অহন আছাম অইল ইনডিয়ার একটা আলহেদা পোদেছ।'

আছার[১] *বিণ. বি.* আচার; তৈল মসলাযোগে আম- লেবু- কুল- জলপাই প্রভৃতি ফলে প্রস্তুত মুখরোচক চাটনি। যেমন: কাশ্মিরি আচার; কাচা আমের আচার; জলপাইয়ের আচার; বরই আচার; করমচার আচার; রসুনের আচার; আমলকির আচার; চালতার আচার।

আছার[২] *ক্রি.* ছুড়ে ফেলা; নিক্ষেপ করা; ইতস্তত নিক্ষেপ করা; বিক্ষেপ করা। 'হ্যেয় তুমাগো মাতায় তুইলা আছার দিব।'

আছার[৩] *বি. বিণ.* আষাঢ়; বাংলা বর্ষের তৃতীয় মাস। 'আছার মাছ কানি ব্যাঙ্গের পইল্লা পরথম মাছ।'

আছার-বিছার *বি.* আচার-বিচার; ন্যায় সঙ্গত সুরাহা; ন্যায়ের শাসন; নিয়ম-শৃঙ্খলা; শাস্ত্রসম্মত বাছবিচার। 'আছার-বিছার না মানবার পারলে মহল্লা ছাইরা চইল্যা যাও।'

আছুরা *বি.* আশূরা; আরবি বর্ষের মহররম মাসের দশম দিন। এই দিনে ইয়াজিদ বাহিনী ইরাকের কারবালা প্রান্তরে নবীজি হজরত মোহাম্মদ (সা.) এর দৌহিত্র হজরত ইমাম হোসেন (রা.) ও তাঁর পরিবারের অধিকাংশ সদস্যদের খাদ্য ও পানিকষ্ট দিয়ে নির্মমভাবে হত্যা করে। পৃথিবী সৃষ্টি ও ধ্বংসসহ অনেক ধর্মীয় তাৎপর্যপূর্ণ এবং ঐতিহাসিক ঘটনা সংঘটনের দিন এটি।

আছেক *বি. বিণ.* আশেক; প্রেমিক; আশেক; প্রেমে মগ্ন; দেওয়ানা; আসক্তি; অনুরাগ; মমতাসক্ত। 'আছেক মোনে ইছকের তুফান কদম্ব তলায়।'

আছেকী *বিণ.* আশেক; প্রেমে মগ্ন; প্রেমিক। 'আছেকী নয়নে দিল পূইণ্যের বর।'

আছোর *বি.* আসর; প্রভাব; চিহ্ন; ফল; ক্রিয়া; ভরকরা; ন্যস্ত হওয়া। 'ছয়তানে আছোর করলে বালা কতা বাহার অহেনা।'

আজত *বি.* হাজৎ; বিচারের আগে অপরাধীকে প্রয়োজন মতো হাজির করবার জন্য পুলিশের জিম্মায় রাখার স্থান; অভাব; প্রয়োজন; প্রাকৃতিক ডাক; পেশাব-পায়খানার বেগ। 'কুর্টের অনুমুতি ছারা পুলিছ চাব্বিছ গন্টার বেছি ছোময় আজতে আছামী রাকবার পারে না।'

আজদাহা *বি. বিণ.* বিশাল; প্রকাণ্ড; বৃহৎ; বিস্তীর্ণ। 'কত আজদাহা জাহাজের বাণিজ্য বেছাতি।'

আজব *বিণ.* আজায়েব; অদ্ভুত; আশ্চার্য; অসাধারণ; অলৌকিক। 'পীরছাবের কাম-কাইজ ছবই আজব।'

আজলা *বি.* অঞ্জলি; যুক্তকর; করজোড়; আঁজল; করপুট; দুই হাতের যুক্ত অথবা এলায়িত তালু। 'তামাম দুনিয়ায় ছুখ, আমার জিন্দেগানী/ তোমারে দেখামু আমি আজলা বইরা আনি।'

আজাইরা *ক্রি. বিণ.* অহেতুক; অর্থহীন; অনর্থক; ব্যর্থ; নিষ্ফল; অকারণ; বেকার; বেহুদা; শুধু শুধু; বৃথা। 'আজাইরা খায়্যা গজাইরা গীত গায়োন ছারা তুমার কুনো কাম নাইক্যা।'

আজরাইল *বি.* আযরাঈল; প্রাণহরণকারী; ফিরিশ্‌তা; মালেক-উল-মৌত; যমদূত। 'আজরাইল আইলে কুনো অজুয়াত খাটব না।'

আজাদ *বিণ.* আযাদ; স্বাধীন; বাধাহীন; স্বচ্ছন্দ; মুক্ত; অব্যাহতিপ্রাপ্ত; নিষ্কৃতি প্রাপ্ত। 'পায়রাটারে আজাদ কইরা দেও।'

আজান *বি.* আযান; নামাজ পড়তে আসার জন্য আহ্বান। 'আজানের মোতন মদুর ছুর আর কোনখানে হুনবার পাইবা?'

আজাব *বি.* আযাব; শাস্তি; সাজা; দণ্ডবিধান। 'ছেরেক করলে আজাবের মাপ পাইবা না।'

আজার *বি.* হাজার; দশশত সংখ্যা; ১০০০; সহস্র; দশশত সংখ্যক। 'এক হপ্তায় আজার ট্যাকা লোচকান গেলে খামু কি?'

আজাম *বি.* হাজ্জাম; মুসলমান ক্ষৌরকার বা নাপিত; যে খৎনা করে। 'অমগো বাচপান কালে আজাম দিয়া মচলমানি করা অইত।'

আজিব *বিণ.* আজব; আজায়েব; অদ্ভুত; আশ্চর্য; অসাধারণ; অলৌকিক; বিস্ময়কর; আশ্চর্যজনক; চমৎকার; আকস্মিক। 'তামাম দুনিয়ার কেউ করে নাই কুনো দিন/ বাছার কারণে ইমুন আজিব কুরবানী!'

আজী *বি.* হাজি; যিনি মক্কা হতে হজ্জ্ব করে এসেছেন। 'আজিছাব মহল্লায় মহল্লায় গুইমা মানুরে হেদায়েত করেন।

আজুরা *বি.* মজুরি; মজুরী; পারিশ্রমিক; বেতন; মজুরের কাজ বা শ্রমিকের কাজ। 'কাম ছেছ অয়োনের লগে লগে ছরমিকের আজুরা দেয়োন বালামানুর কাম।'

আঞ্চল *বি. দ্র. আচল।*

আঞ্জাম *বি. দ্র.* আন্‌জাম।

আটবার *ক্রি. বি.* হাঁটবার; হাঁটতে বা চলতে বলা। 'বাবতাচি তুমারে কুন লাইনে আটবার কমু।'

আটকায়া *ক্রি.* আটকিয়ে; আটক করে; আটকানো; আবদ্ধ করা; অবরুদ্ধ করা; বাধা দেওয়া; প্রতিবন্ধকতা সৃষ্টি করা। 'ইচলামের পাঁচ খুঁটিরে আটকায়া ফয়দা অইব না।'

আটকানো *ক্রি.* চলাচল বন্ধ করা; আবদ্ধ করা; অবরুদ্ধ করা; বাধা দেওয়া। 'ছরকার অবরোদ করা রাজাকারগো এইবার বালা কইরা আটকাইচে।'

আট্‌কুইরা *বিণ.* নিঃসন্তান; যে পুরুষের সন্তান নেই (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'ছক্কাল বেলা আটকুইরার মুকটা দেইখা মোনটা খরাব অয়্যা গেল।'

আটকুইরার বাচ্চা *বি. বিণ.* অর্থহীন তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ। 'আটকুইরার বাচ্চা আবার নেতা অইল কবে?'

আটকুইরার গরের আটকুইরা *বি. বিণ.* অর্থহীন তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ। 'আটকুইরার গরের আটকুইরার খোমায় আলকাতরা লেইপ্যা দে।'

আট-ঠারো *বিণ.* আঠারো; মাসের অষ্টাদশ দিবস।

আটঠু *বি.* হাঁটু; জানু; উরুর সন্ধি। 'একখান মাত্র ছিঁরা কাপর-বিজনের ডরে/ আটঠুর উপর তোলে, উরাতের উপরে।'

আটপান্ন *বিণ.* আটান্ন।

আটবিলিং আপিস *বি.* ঘোড়ার গাড়ির টানা দরোজা।

আটলান ফিটিং *বি.* বড় বড় জমিদারদের ব্যবহৃত বিদেশি গাড়ি।

আটা *ক্রি.* ঠিক করা; কষে বা শক্ত করে বাঁধা; স্থির করা; নির্ধারণ করা। 'ইচলামি জিনদেগি ফুলো করনের লাইগা বহুত বর পেলান আটচি।'

আটু *বি. দ্র.* আটঠু।

আঠঠারো ছ *বিণ.* আঠার'শ।

আণ্ডা *বি.* এণ্ডা; অণ্ড; ডিম। স্ত্রী লিঙ্গের পাখি, সরিসৃপ, পতঙ্গ জাতীয় প্রাণিদের দ্বারা পাতিত গোলাকার বস্তু, যা তাদের ভ্রূণ ধারণ করে এবং প্রজননের একক।

আত্‌কা *বিণ.* হঠাৎ; আচমকা; আচানক; অকস্মাৎ; অতর্কিতভাবে। 'খবর-টবর না দিয়া এমুন আত্‌কা আয়্যা পরলা ক্যালা?'

আতছবাজি *বি.* তুবড়ি; তুপড়ি; এক ধরনের আতশ-বাজি; হাউই; পটকা প্রভৃতি বাজি। 'আগের জমানায় দছরার রাইতে বহুত আতছবাজি অইত।'

আত্‌পান *বি.* পানচিনি; বিবাহের সম্বন্ধ সৃষ্টির নিমিত্তে বিভিন্ন শর্তাদি নিরূপণের লক্ষ্যে বর ও কনে পক্ষের মধ্যে চূড়ান্ত বৈঠক বা অনুষ্ঠান (নিম্ন মধ্যবিত্ত ও স্বল্প আয় সম্পন্নদের ক্ষেত্রে)।

আতায়া *ক্রি. বি.* হাতায়া; হাতানো; হাত দিয়ে; নেড়ে চেড়ে দেখা; হস্তগত করা, অধিকার করা। 'হ্যার ছরিলে এমুন কইরা আতায়া কি দেকবার লাকচ?'

আতিকুলা *বি.* হাতিকুলা; শ্বশুর বাড়িতে নববধূকে বরণ করার জন্য ধান-দূর্বা ইত্যাদি দিয়ে সাজানো কুলা। 'কেমুন মানু হ্যারা, নতুন বউডারে আতিকুলা বি দেয় নাইক্যা।'

আতিপাতি *বি. বিণ.* এদিক সেদিক; তন্ন তন্ন করে; পুঙ্খানুপুঙ্খরূপে। 'পচ্চিমে ডোবে দিয়া আমি নিরুপায়/ তা'বি গুরি আতিপাতি তোমার আছায়।'

আতুর *বিণ.* শারীরিক প্রতিবন্ধী; খোড়া রুগ্ন; অসুস্থ; কাতর। 'তুমি কি কিচ্ছু বোজ না, কিচ্ছু দেহ না/ কানা, বয়রা না আতুর অইছ?'

আত্তর *বিণ. বি.* আতর; পুষ্পসার; ফুলের নির্যাস; সুগন্ধি। 'পাক-পবিত্র অয়্যা ছরিলে আত্তর মাখা দরমের নিয়োম।'

আত্তরদান *বি.* আতরদান; আতরদানি; আতর রাখারপাত্র। 'এ্যাই আত্তরখানি বালা কইরা আত্তরদানে বইরা রাক।'

আদত *বি.* আদৎ; স্বভাব; অভ্যাস; আচার; রীতি; ধরন। 'পেছানি খায়্যা বি আদত ছরিফ করবার পারল না।'

আত্তি *বি.* হাতি; হাতী; হস্তী; গজ; করী। 'আত্তির ঝিল চালু কইরা ছহরে একটা কামের কাম অইচে।'

আদখান *বিণ.* আধখান; অর্ধ; অর্ধেক; আধাআধি; দুইভাগের একভাগ। 'বুকের মইদ্যে দিলের টুকরা একখান যুদি লাগে/ আদখান আমার চরকা গুরায় আদখান তোমার বাগে।'

আদব *বি.* ভদ্রতা; ভদ্রতা; নম্রতা; বিনয়; শিষ্টাচার; ভদ্র ব্যবহার; নম্র আচরণ; সম্মান প্রদর্শন। 'আদবের বর দাম, বেআদবের নাই ডাইন বাম।'

আদমখোর *বিণ.* মানুষ খেকো (জঘন্য গালি বিশেষ)। 'হ্যালায় একটা আদমখোর, হোমনে যা পায় ছবই খায়।'

আদমখোরের বাচ্চা *বি. বিণ.* মানুষ খেকোর সন্তান (জঘন্য গালি বিশেষ)। 'আমদখোরের বাচ্চারে আমার হোমনেত্তে জলদি খ্যাদা।'

আদরছ *বি. দ্র.* আদরছো।

আদরছো *বি.* আদর্শ; সততা; নমুনা; দৃষ্টান্ত; আয়না; দর্পণ; অনুকরণযোগ্য শ্রেষ্ঠ বিষয়। 'যেইকিনা লুব না কইরা আদরছো লয়্যা চলে হ্যায় অইল জনতার নেতা।'

আদল্যাংটা *বিণ.* অর্ধনগ্ন। 'আদল্যাংটা গাম গতরে পরের দালান গরে/ রইদে পুইরা ম্যাগে বিজ্যা থাহে উদলা গরে।'

আদা *বিণ.* আধা; অর্ধ; অর্ধেক; আধাআধি; দুইভাগের একভাগ। 'তুমার কতা আদা হাচা আদা মিছা।'

আদায় *বি.* আদাই; আদা; উসূল; গ্রহণ; লাভ; সংগ্রহ; পরিশোধ; সম্পাদন; সাধন; আদায়কারী। 'জকাত আদায় করন তুমার লাইগা ফরয অয়্যা গেচে।'

আদালত *বি.* বিচারালয়; কাছারি; কাচারি; কোর্ট। 'আল্লার আদালতের চাইত্তে বর আদালত কই পাইবা?'

আদি *বিণ.* পুরানো; পুরাতন; প্রাচীন; সেকেলে; বহুকাল স্থায়ী। 'তবে বি আমরা ঢাকার আদি/ আপনেরা খালি পায়ে

আইছেন/ অহন বি আপনেরা মাদি।'

আদিহিলা *বি.* আদিক্ষিলা; যে কোনো কিছু না জানার ভান করে (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'অবচতা খরাব দেইখ্যা আদিহিলা অহনে হাদু হাজ্ছে।'

আদিহিলার পুলা *বি. বিণ.* আদিক্ষিলার সন্তান (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। আদিহিলার পুলায় অর বাপের তাছির বালা মোতনই পাইচে।'

আদেহা *বিণ.* যাকে দেখা যায় না; অদেখা; অদৃশ্য; অদর্শনীয়; দৃষ্টির অগোচর; দৃষ্টির বহির্ভূত। 'আদেহায় দিয়া দ্যাহা কৌরব দয়া/ পরম পরান কতা যাইব কয়া।'

আনগুল *বি.* আঙ্গুল; আঙুল। 'চাইর বচ্চরে রানা আনগুল ফুইলা কলাগাচ বইনা যায়।'

আনচান *বিণ.* অস্থির; আকুল; উচাটন; আকুলি; বিকুলি; চঞ্চল; উতলা; প্রলাপ; বাজে কথা। 'দিল করে আন্চান ফাল্গুন মাছ/ কুকিলায় কূ কূ করে হারে ছব্বনাছ!'

আনচি *ক্রি.* এনেছি; নিয়ে এসেছি; নিয়েছি। 'তুমার লাইগা বেনারছি ছারি আনচি।'

আনচে *ক্রি.* এনেছে; নিয়ে আসা; আনয়ন করা; আনীত; সংগৃহীত। 'হ্যায় রাজনীতিতে আহে নাই, রাজনীতি হ্যারে আনচে।'

আন্জাম *বি.* আঞ্জাম; আমজাম; আয়োজন; ব্যবস্থা; বন্দোবস্ত; সমাপ্তি; নির্বাহ; পালন; সামগ্রী; দ্রব্য; সম্ভার; উপকরণ। 'আছুরার দিনে আমার মা ফকির-মিছকিনরে খিলানের আন্জাম করতেন।'

আনটার *বিণ.* আন্ডার; নিয়ন্ত্রণে; কব্জায় নেওয়া। 'ছরকারি দলের আন্টারে ইলেকছোন অইলে ছটিক অইবনা কয় ক্যাঠা?'

আনতাজ *বি.* আন্দাজ; অনুমান; অনুমিতি; ধারণা; অনুরূপ; অনুযায়ী; আনুপাতিক; পরিমিত; নির্ধারণ; যুক্তির দ্বারা সিদ্ধান্তে আগমন। 'রোজ হক্কাল বেলা বুট্টু খালি ইয়াহিয়ারে জিগাইত-যুদ্দের কেমুন আনতাজ করতাছেন?'

আনদুলন *বি.* আন্দোলন; বিক্ষোভ; আলোড়ন; সংগ্রাম; বিশেষ উদ্দেশ্য সিদ্ধির জন্য প্রচার বা আলোচনা দ্বারা উত্তেজনা সৃষ্টি করা। 'আনদুলন কারে কয় বানগালি বাপান্ন ছালে বি দেখাইয়া দিচে।'

আনপরা *বিণ.* অবলা; বলহীনা; অক্ষম; বাকশক্তিহীনা; নারী; ললনা; আনাড়ি। 'ছত ছত গারমেন অয়োনে দ্যাছের আনপরা মাইয়্যা মানু রুজগারের লাইন পাইচে।

আনবারি *বি. বিণ.* আনবাড়ি; অন্যবাড়ি; অপর বাড়ি; পরের ঘর। 'ফুলিরে ফেলায়া চান যায় আনবারি।'

আনাজ *বি.* সব্জি; সবজী; কাঁচা বা সবুজ তরকারি। 'ফল মেহের আনাজ তরকারি ছব ফরমালিনে রইরা গেচে।'

আনার *বিণ. বি.* ডালিম; বেদানা। 'আনার বেহেস্তের ছেরা ফল।'

আনারি *বিণ.* আনাড়ি; অপটু; অনভিজ্ঞ; অনিপুণ; মূর্খ; অশিক্ষিত; হাতুড়ে। 'আচলি ইতিহাছ না লিকলে আনারিরা দুইদিন বাদে ইতিহাছ বানায়া নতুন বয়ান দিব।'

আন্দর *বি.* অন্দর; ভিতর; অভ্যন্তর; অন্তঃপুর; অন্দরমহল। 'আন্দরে যাইবার আগে গলাখেছি দেয়োন দরকার অহে।'

আন্দা *বিণ.* দৃষ্টি প্রতিবন্ধী; অন্ধ; চক্ষুহীন; দৃষ্টিহীন; কানা। 'অহন আমি জন্ম আন্দা ফকিরের লাহান।'

আন্দাইরা *বিণ.* অন্ধকার করে দেওয়া; এলোপাতাড়ি; আলোর অভাব; তিমির; তমঃ; আঁধার। 'বারিছ আইবার লগে লগে মুকতিগো আন্দাইরা মাইরে পাকি ছেনারা হাউমাউ জুইরা দিচিল।'

আন্দাকুন্দা *বিণ.* অন্ধকারে; না দেখে; আলোর অভাব; তিমির; তমঃ; আঁধার; অন্ধকারময়; তমিস্র। 'মাগনা পায়া পরের বাইতে আন্দাকুন্দা খাইচ না/ পইরা থাকা পরের মালে চোরাচোখে চাইচ না।'

আন্দার *বিণ.* অন্ধকার; আলোর অভাব; তিমির; আঁধার; ঘনীভূত বা পুঞ্জীভূত অন্ধকার; অন্ধকারাচ্ছন্ন; তমঃ; তমিস্র; আলোক বা জোৎস্নাবিহীন রাত্রি। 'এমুন আন্দার রাইতে একলা একলা কই যাইবার লাকচ।'

আপগান *বি. বিণ.* আফগান; আফগানি; আফগানিস্তানের অধিবাসী। 'জনগি কাইজ-কামে আপগান ফানাফানা অয়্যা যাইবার লাগচে।'

আপচে আপ *বিণ.* আপনা আপনি; আপনিতেই; স্বীয়; স্বয়ং; নিজে নিজে; স্বতঃপ্রবৃত্ত হয়ে; স্বতঃস্ফূর্তভাবে। 'ঈমান ঠিক

থাকলে হত্য কতা আপচে আপ বাহার অয়্যা আহে।'

আপছে আপ *বিণ. দ্র.* আপচে আপ।

আপছোচ *বি.* আপসোস; আফসোস; আফশস; পরিতাপ; অনুতাপ; মনস্তাপ; অনুশোচনা। 'গ্যাছে গ্যাছে যেই দিন করিছনা আপছোচ।'

আপিচ *বি.* অফিস; আপিস; দপ্তর; কার্যালয়। 'চাননিগাটে বুরিগনগার তীরে আচিল মুগল নাও বাহিনীর আপিচ।'

আপিম *বি.* আফিম; একধরনের মাদকদ্রব্য। 'আমার মোনে অইচে নাছারারা আমগো আপিম, হিরুইন, হাছিছ খাওয়াইয়া গোমরা কইরা রাকবার চায়।'

আপোছ *বি.* আপস; আপোস; মিটমাট; রফা; পরস্পরের মত বিনিময়; উভয় পক্ষের মত বিনিময়; উভয় পক্ষের সম্মতি। 'হরদারের কাচে গেলেই মামলা আপোছ অয়্যা যায়।'

আপোছহীন *বিণ.* আপসহীন; কোনো অন্যায় কথা বা কাজ কিছুতেই মেনে না নেওয়ার প্রবৃত্তি; কোনো কিছুতে ছাড় না দেওয়া; প্রতিপক্ষের সহিত কোনো মিটমাট না করার মনোভাব। 'ম্যাডাম অইলেন গিয়া আপোছহীন নেতরি।'

আব-জমজম *বিণ. বি.* আবে জমজম; আবে-যমযম; আব-ই-জমজম; আব-এ-জমজম; মক্কার পবিত্র জমজম কূপের পানি। 'আব-জমজম আল্লার বেহেস্তি নিছানা।'

আবরু *বি.* আব্রু; মর্যাদা; আভিজাত্য; মান সম্ভ্রম; নারীর সম্ভ্রম; ইজ্জৎ; সতীত্ব। 'ট্যাকা লাগে দিমু, মাগার আবরু দিমু না।'

আবাদ *বি.* কৃষিকর্ম; চাষ; কর্ষিত জমি; চাষ ভূমি; জনপদ; বসতি; বাসযোগ্য স্থান। 'আগের জমানায় ঢাহা ছহরের চাইর দারে দান-ছবজির আবাদ অইত।'

আবাল *বি. বিণ.* বোকা; নির্বোধ; বেআক্কেল; বুদ্ধিহীন (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'আবালরে গেয়ানী বানাইবা ক্যামে?'

আব্বাজান *বি.* বাবা; পিতা; জনক; পিতার মতো আশ্রয়স্থল। 'আব্বাজানের আদরছ আমার হারা জীবুনের ছাত্তির লাহান।'

আবালের গরের আবাল *বি. বিণ.* বোকার সন্তান বোকা; নির্বোধের সন্তান নির্বোধ; বেআক্কেলের

সন্তান বেআক্কেল (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'মাপে কম দিলে বেছতি লাব অইব, ইটা আবালের গরের আবালে বি বুজে।'

আবালের বাচ্চা *বি. বিণ.* বোকার সন্তান; নির্বোধের সন্তান; বেআক্কেলের সন্তান (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'আবালের বাচ্চা আবাল অইবনা ত বিগ্‌গানি অইব?'

আবিতক *বিণ.* আভিতক; এখন পর্যন্ত; আজ পর্যন্ত; অদ্য পর্যন্ত। 'নোয়াবগো দানের বহুত কাহানি আবিতক ছরায়া ছিটাইয়া রইচে।'

আবে *বি.* এই ব্যাটা; আরে এই; আরে ঐ। 'আবে ছরিলে আত্তর মাইখ্যা যাছ কই?'

আব্বে *অব্য.* এই; এইরে; ঐ। 'আব্বে আছস নিহি কেউ/ কুত্তার লাহান চিল্লাইতাছে/ কেউগারে গেউগেউ?'

আবে-কওছর *বি.* আবে কওসর; আব-ই-কওসর; বেহেশ্‌তের কওসর নামক ঝরনার পানি। 'আবে-কওছরের পানি কার বাগ্যে আচে, আল্লাঐ জানে।'

আমগো *সর্ব.* আমাদের; আমি সহ এক বা একাধিক ব্যক্তি। 'আমগো বাইত নাইওর আইচে ছইয়ের নাও বইরা।'

আমগোর *সর্ব. দ্র.* আমগো।

আমজুরি *বিণ.* দুর্বল; বলহীন; শক্তিহীন; ক্ষীণ; রোগা। 'এমুন আমজুরি মানু দিয়া কাম অইব না।'

আমদানি *বি.* বিদেশ হতে আনা; বিক্রয়ের পরিমাণ; আয়; আগমন; উপস্থিতি। 'বারিছকালে ঢাহা ছহরে বজরা নাও দিয়া মাল-ছামানা আমদানি অইত।'

আমবিয়াতা *বিণ.* অবিবাহিতা; যে মেয়ে বা রমণীর বিয়ে হয়নি। 'আমবিয়াতা মাইয়্যাটা বেগানা মানুর লগে গুরে ক্যালা?'

আমল বি. রাজত্বকাল; শাসনকাল; অধিকার; দখল; প্রশ্রয়; পালন; অনুষ্ঠান। 'মোগল আমলে ঢাহা ছহরে মুছলিন কাফোরের বর বাজার আচিল।'

আমলনামা *বি.* বিষয়াধিকারের হুকুমনামা; সম্পত্তি ভোগদখল করার নিমিত্ত মালিকের আদেশপত্র; মানুষের পাপ-পুণ্যের হিসাবপত্র। 'মুনকীর-নকীর ফিরিছতা ছব আমলনামা লেইখ্যা রাকতাচে।'

আম্মক *বিণ.* আহাম্মক; আহাম্মুক; আহমক; নির্বোধ; বুদ্ধিহীন;

কাণ্ডজ্ঞানহীন; স্থূলবুদ্ধি সম্পন্ন। 'তর লাহান আম্মকের কাচে মাইয়্যা বিয়া দিব কুন হ্যালায়?'

আম্মাজান *বি.* মা; মাতা; গর্ভধারিণী; জননী; মাতৃস্থানীয়া নারীর প্রতি সম্বোধন। 'আম্মাজানের পায়ের নিচে বেহেস্ত আমার।'

আমমানু *বি. বিণ.* আম জনতা; জনসাধারণ; সর্বসাধারণ। 'তুমগো নাজায়েজি কাইজ-কামের হিছাব আম মানু ঠিকই রাকে।'

আমানত *বি.* আমানৎ; গচ্ছিত বস্তু; গচ্ছিত; জমা। 'আমানতের খেয়ানত করা মহাপাপ।'

আমাবইছ্যা *বি. বিণ. দ্র.* অমাবইচ্ছা। কইরা গুরবার লাকচ ক্যালা?'

আমরিকা *বি.* আমেরিকা; মার্কিন যুক্তরাষ্ট্র। 'আমবিকা বহুত ছকতিশালী দ্যাছ।'

আমলি *বি.* তেঁতুল; অতিশয় টক স্বাদবিশিষ্ট এক জাতীয় ফল। 'আমলি দেকলে কার জিব্বায় পানি আহেনা?'

আমান *বি.* আমন; শান্তি; নিরাপত্তা; আশ্রয়। 'বিচার ছুরু কইরা দেহায়া দিচে আমি লীগ ইমান আমান ঠিক রাইখা কাম করে।'

আমীর *বি.* বড়লোক; ধনী; বিত্তবান; সম্ভ্রান্ত ব্যক্তি; সম্পদশালী সম্ভ্রান্ত মুসলমান; কতিপয় দেশের শাসনকর্তার উপাধি। 'হ্যায় ত আইজ কাইল আমীর অয়্যা গেচে, দেহা পামু ক্যাম্বে?'

আরঙ *বি.* আড়ং; আড়ঙ্গ; আরঙ্গ; হাট; গঞ্জ; ক্রয়-বিক্রয়ের প্রধান স্থান; মেলা; কারখানা; গোলাঘর। 'বেপারিরা আরঙ্গে মাল-ছামানা রাইখা মজুদ্দারি করে।'

আরগারা *বি.* আড়গাডা; আস্তাবল; অশ্বশালা; হাতি ঘোড়া উট ইত্যাদি পশু রাখার স্থান। 'ইচলাম খার আমলে পুরান ঢাহায় অনেক বর আরগারা আচিল।'

আরতদার *বি.* আড়তদার; যে অন্যের মাল নিজের গোলায় রাখে এবং দালালি বা কমিশন নিয়ে বিক্রয় করে দেয়। 'খানের পুলায় আরতদারি ব্যবছা বালাই জমাইচে।'

আরছ *বি.* আরশ; আরস; সর্বব্যাপী খোদার আসন; উচ্চতম স্বর্গীয় অবস্থান। 'মা-বাপের মোনে কছটো দিলে খোদার আরছ বি কাইপা উটে।'

আরজি *বিণ. বি.* আর্জি; আরজী; আর্জি; প্রার্থনা; অনুরোধ;

দরখাস্ত; আবেদনপত্র। 'আমার আরজিখান মন্‌জুর কইরা দেন।'

আরটিছ *বি. বিণ.* আর্টিস্ট; চিত্রকর; যে ছবি আঁকে। 'আরটিছ এছ এম ছুলতান ছাবের উনিছটা বিলাই আচিল।'

আরাই ছেরি *বিণ.* আড়াই সের ওজনের; দুইসের এবং আধা সের। 'বালা তেল মাইনে দুলিচান ওমরালালের আরাই ছেরি টিনের তেল বুঝতাম।'

আরাদন *বি.* আরাধনা; প্রার্থনা; উপাসনা; সেবা; আবেদন; যাচ্‌ঞা; মোনাজাত। 'জ্বালায়া মমের বাত্তি করি আরাদন/ তোমারে ছইপা দিয়া ছোনার যৈবন।'

আরাম *বি.* সুখ; আনন্দ; আয়েশ; বিশ্রাম; শ্রান্তি; অপনোদন। 'আরাম-আয়েছে দিনক্ষণ বালাই যাইবার লাকচে।'

আরায়া *ক্রি.* হারিয়ে; নিখোঁজ; পাত্তাহীন; সন্ধানশূন্য; নিরুদ্দেশ; খোঁজ পাওয়া যায় না এমন। 'আরায়া পাইছি তারে জোরের কাপাল।'

আলকাতরা *বি.* পাথুরে কয়লা ইত্যাদি হতে প্রস্তুতকালে ঘন তীব্র গন্ধযুক্ত নির্যাসবিশেষ। 'ওই পাঠা মাগনা পাইলে আলকাতরা বি খাইবার পারে।'

আলবত *অব্য.* আলবাত; আলবৎ; আলবাৎ; আলবত্তা; অবশ্য; নিশ্চয়। 'তুমার মাইয়্যার বাতপাক্কার অনুষ্টানে আলবত যামু।'

আলম *বি.* পতাকা (মহররমের তাজিয়া উপলক্ষে ব্যবহৃত); পৃথিবী; দুনিয়া। 'তাজিয়ার আলম হাতে কান্দে বরদার।'

আলম-বরদার *বি. বিণ.* মহররমের তাজিয়া মিছিলের পতাকা বহনকারী। 'আলম বরদার চলে তাজিয়ার আগে।'

আলর *বি.* আলোর; খোয়াব; খোওয়াব; স্বপ্ন; স্বপন; সুপ্ত বা নিদ্রিত অবস্থায় কোনো বিষয়ের প্রত্যক্ষবৎ অনুভব; নিদ্রিত অবস্থায় মনের ক্রিয়া বা অনুভূত বিষয়; অলীক স্বপ্নবৎ বস্তু। 'আলর দেখোন বালা, মাগার জাইগ্যা দেখোন বালা না।'

আলাই *বি.* আপদ; বিপদ; অমঙ্গল; রোগশোক। 'যুদ্ধ বিগ্রহ কত আলাই বালাই/ ডুবানি-বাছানী কত বুরাই- বালাই।'

আলাগ *বিণ.* ভিন্ন; ভিন্ন ধরনের; আলাদা; পৃথক; স্বতন্ত্র; স্বতন্ত্র বিচ্যুত। 'তুমি আলাগ দল করলে বি আমার জানিদোছ।'

আলানে *বি.* আঙ্গিনায়; আঙ্গিনা; আঙিনা; আঙ্গন; অঙ্গন; উঠান;

প্রাঙ্গণ। 'বিনদিনীর আলানে জোছনার মেলা চান্দের আট।'

আলাবালি *বি. বিণ.* উর্দু 'আলা' (শ্রেষ্ঠ) এবং বাংলা ভালো শব্দের মিশ্রণে তৈরি মসলিনের নাম।

আলাবোলা *বিণ.* আলাভোলা; আত্ম-বিস্মৃত; আপনভোলা; সাদাসিধা; অচতুর; সরল সোজা। 'ছাইজা মিয়ার মাইজা পোলা গায়গতরে আলাবোলা।'

আলামত *বি.* চিহ্ন; নিদর্শন; লক্ষণ; অলৌকিক ঘটনা; অবাক কাণ্ড; জমির সীমানির্দেশক চিহ্ন। 'খরাবিরা বুলে-বালে কিচুনা কিচু আলামত রাইখ্যা যায়।'

আলাহেদা *বিণ.* আলাদা; ভিন্ন; পৃথক; স্বতন্ত্র; বিভিন্ন রকমের। 'হাইকোট মাজার লয়্যা আলাহেদা বহুত কতা বাজারে চালু আছে।'

আলিছান *বিণ.* বিশাল; বিরাট; অতিকায়; খুব বড়; অত্যধিক জাঁকজমকপূর্ণ; অতি আরামদায়ক; মহান; সম্ভ্রান্ত; মর্যাদাসম্পন্ন। 'বাংলার জান তুমি বাংলার ছম্মান/ আলিছান পার্বত তোমার বুকের পাটা।'

আলিম *বি. বিণ.* আলেম; আলীম; ইসলাম ধর্মতত্ত্বজ্ঞ; বিদ্বান। 'আলিমরে ছনমান করা দরমের বিদান।'

আলুখোর *বিণ.* পরনারীতে আসক্ত পুরুষ (ঘৃণ্য গালি বিশেষ)। 'বুরার বয়ছ আছি অইলে বি আলুখোরি ছবাব যায় নাইক্যা।'

আলুখোরের বাচ্চা *বি. বিণ.* পরনারীতে আসক্ত ব্যক্তির সন্তান (ঘৃণ্য গালি বিশেষ)। 'আলুখোরের বাচ্চায় হাচাই দেখি আলুখোর অয়্যা গেচে।'

আলুচনা *বি.* আলোচনা; বৈঠক; অনুশীলন; চর্চা; আলোচ্যমান। 'দুইজনে মিললা আলুচনা কইরা কামে আগায়া গেলে ঢাহার ছহরের ইতিহাছের ফাক-ফোকর কিচু বাদ যাইবার পারব না।'

আলুবুখরা *বি.* আলুবোখারা; অম্ল স্বাদযুক্ত কাবুলি ফলবিশেষ। 'কাচ্চি বিরিয়ানির লগে আলুবুখারর চাটনি জব্বর মজা।'

আলোয়ান *বি.* শাল বা গরমের কাপড়; আলওয়ান; পশমি চাদর বিশেষ; পাড়বিহীন শাল। 'কাছমিরী আলোরানের কুনো জুবী নাইক্যা।'

আহন *ক্রি.* আসা; আগমন করা; উপস্থিত হওয়া; আমদানি হওয়া; ঢোকা; প্রবেশ করা; আগত; এসেছে এমন। 'তাও বি তোমার আহনের ছমায় অইলো না।'

আহনে *ক্রি.* আসে বলে; আসার কারণে। 'দ্যাছ বিদেছের মানু আহে বালা; মাগার এই আহনে কি ইমান পাকনা অহে।'

আহাজারি *বি.* বিলাপ; বিরামহীন সশব্দে কান্নাকটি। 'যার লিগা আহাজারি গোপন জিগিরে/ ডুব দিয়া মদু খায়া চিনা লও তারে।'

আহুক *ক্রি.* আসুক; আসলে; আগমন করলে; উপস্থিত হলে; উদ্রেক হলে; দেখা দিলে। 'আহুক আইজকা, বইক্যা দিমুনে।'

আহে *ক্রি.* আসে; আসা; আগমন করা; উপস্থিত হওয়া; উদ্রেক হওয়া; উপার্জন হওয়া; আমদানি হওয়া; ঢোকা; প্রবেশ করা; আগমন করে। 'ব্যাটায় কিমুন জামা পরচে, আহে না যাহে বুঝবার পারতাচিনা।'

আহেন *ক্রি.* আসেন; আসার জন্য অনুরোধ করা; আগমন করা; উপস্থিত হওয়া; উদ্রেক হওয়া। 'আহেন, চাইট্টা বাত খায়্যা যান।'

আহো *ক্রি.* এসো; আস; আসতে বলা বা অনুমতি দেওয়া; আগমন-উপস্থিত-উদ্রেক বা দেখা দিতে বলা। 'এই দিকে আহো, তুমার লগে বাতেনি কতা আচে।'

আয়না *বি.* দর্পণ; আরশি; কাঁচ; কাচ; বালি ও এক প্রকার ক্ষার থেকে প্রস্তুত স্বচ্ছ ও ভঙ্গুর বস্তুবিশেষ; পরকলা। 'চেহারাটা মোনের আয়না, কতাটা একদম হাচা।'

আয়্যা *ক্রি.* এসে; আসা; এসে পড়া; আগমন করা; উপস্থিত হওয়া; চলে আসা। 'গেরাম ছাইরা ছহরে আয়্যা কামটা বালা কর নাইক্যা।'

আয়ালে *বি.* আরামে; আরাম; সুখ; আনন্দ; আয়েশ; বিশ্রাম; শ্রান্তি; অপনোদন। 'তাইতে থাকি হোয়্যা-বয়্যা, আয়ালে নিদ যাই।'

আয়েছ *বি.* আয়াস; আয়াশ; আরাম বিলাস; সুখভোগ; আমোদ; স্ফূর্তি। 'রোজগার না কইরা খালি আয়েছ কইরা খাইলে রাজার বাণ্ডার বি খালি অয়্যা যায়।'

আয়েছি *বিণ.* আয়েশী; আয়েসি; আরামপ্রিয়; বিলাসী; মহাসুখে জীবন-যাপনকারী; ইন্দ্রিয়পরায়ণ। 'দুনিয়াটা খালি আয়েছি জিন্দেগানির জাগা না।'

আয়েন্দা *বিণ.* *দ্র.* আইন্দা।

আয়োন *ক্রি.* আসা; আগত; এসেছে এমন; আগমন করা; উপস্থিত হওয়া; আরম্ভ হওয়া; ঘটা; হওয়া; উদ্রেক হওয়া; দেখা

দেওয়া; জোগানো। 'আয়োন ছোজা মাগার যায়োন বি কঠিন।'

আংগুর *বি.* আঙুর; আঙ্গুর; সুমিষ্ট রসাল ফল বিশেষ। 'আংগুরের দাম হুনলে অংলি চাইট্টা খাইবার মোন চাহে।'

ই

ইকটু *বিণ.* একটু; সামান্য; অতি অল্প; খানিক। 'তুই খালি আমার লেইগা ইকটু দোয়া করিছ।'

ইচটিছন *বি.* স্টেশন; রেল জাহাজ ইত্যাদি থামার এবং থাকার স্থান। 'আখিরাত আমগো লাছ ইচটিছন।'

ইচরাপিল *বি.* ইসরাফিল; ইসারাফিল, ইস্রাফিল; চারজন ফেরেশতার অন্যতম–যাঁর শিঙার ফুৎকারে কিয়ামত হবে। 'ইচরাপিল ফিরিচতা ছিঙ্গা ফুকার দিলে দুনিয়াৎ কিয়ামত নাইম্যা আইব।'

ইচলাম *বি.* ইসলাম; ইছলাম; এছলাম; প্রাকৃতিক ধর্ম–হজরত মুহম্মদ (সা.) একে পূর্ণতা দান করে প্রচার করেন; আল্লাহ্‌র নিকট আত্মসমর্পণ। 'আমরা ইচলাম দরমে জানে-পরানে বিছছাচি।'

ইচা *বি.* চিংড়ি মাছ; এই জাতীয় মাছ দেশের অর্থকরি সম্পদ। বিভিন্ন প্রজাতির চিংড়ি নোনা ও মিঠা উভয় প্রকার জলে বাস করে।

ইছক *বি.* প্রেম; ইশক; এশক; প্রণয়ী; প্রেমিক; অনুরক্ত. মমতাময়ী; প্রেমাস্পদ। 'ইছকে কার দিল বাছে নাই একবার।'

ইছকুরুব *বি.* স্ক্রু; ইস্ক্রু; স্ক্রুপ; ধাতুর তৈরি প্যাঁচযুক্ত কীলক বিশেষ; প্যাঁচকাটা প্যারেক।

ইছকুল *বি.* ইস্কুল; স্কুল; বিদ্যালয়; শিক্ষাপ্রতিষ্ঠান; শিক্ষাগার; পাঠশালা; প্রাথমিক বা মাধ্যমিক বিদ্যালয়; মতবাদ; গোষ্ঠী; সম্প্রদায়। 'তুমার পেমের ইছকুলেতে বত্তি অইবার চাই।'

ইছটিমার *বি.* স্টিমার; বাষ্পীয় পোত; জাহাজ। 'ইছটিমার গাটের কুলিগো দাপট, বারাবারি, জুলুমের কতা আইজতক ইতিহাছ হয়্যা রইচে।'

ইছটিট *বি.* স্ট্রিট; সরু রাস্তা। 'পুলিছ কি করব; চিনতাই কইরা ইছটিটের মইদ্যে হানদাইয়া পরলে চিনতাইকারীরে পায় ক্যাঠা।'

ইছটিল *বি.* স্টিল; ধাতু বিশেষ। 'আমাগো ইমানী দিল ইছটিলের লাহান ছক্ত।'

ইছতক[১] *অনু.* পর্যন্ত; সীমা; প্রান্ত; অবধি। 'ক্যাঠায় কইছে কাম পারি না? ব্যাবাক পারি আমি/ আঠ্ঠু পানি নামবার কইলে গলা ইছতক্ নামি।'

ইছতক[২] *অব্য.* আরো; এবং; ও; অতঃপর; এর পরে; এর অধিক; এর বেশি; যুগপৎ; এককালে; তদুপরি; তার উপর। 'অহনেই খায়োনের কি দেকলেন, ইস্তক রইচে ফিন্নী-দই।'

ইছতারি *বিণ.* ইস্ত্রি; ধোওয়া ও কোঁচকানো জামা-কাপড় সোজা ও মসৃণ করার জন্য ধাতব তৈরি যন্ত্রবিশেষ। 'দুপখোলার দোপারা বারি বারি গিয়া ময়লা কাফোর আইনা ছাপা কইরা ইছতারি মাইরা ফের বারি বারি পওছায়া দিত।'

ইছপাত *বি.* ইস্পাত; শক্ত; মজবুত। 'ইমান কি যাওয়া আর আহা করবার জিনিছ, ইমান থাকব ইছপাতের লাহান।'

ইছপিছিয়াল *বিণ.* স্পেশাল; বিশেষায়িত; বিশেষ ধরনের। 'আয়েন্দা বিছছ ইজতিমায় ইছপিছিয়াল মলানা আইব।'

ইছারা *বি.* ইশারা; ইসারা; এশারা; ইঙ্গিত; সংকেত; সঙ্কেত; আভাস; মনের ভাব প্রকাশার্থে আঙুল চালনা বা চোখের ঠার। 'ছোহাগবানুর এক ইছারায় জিন্দা মৌরবার পারে?'

ইজাজত *বি.* এজাজত; অনুমতি; সম্মতি; মত দেওয়া; ইচ্ছুক; রাজী; সমর্থন; অনুমতিপত্র; ছাড়পত্র। 'আপনি ইজাজত দিলে কামটা বালা মোতন হাইরা ফালাইবার পারি।'

ইজ্জৎ *বি.* ইজ্জত; মান; সম্মান; সম্ভ্রম; নারীর পবিত্রতা; সতীত্ব; আব্রু। 'মানুরে ইজ্জৎ করলে নিজের ইজ্জৎ বারে।'

ইঞ্জিশন *বি.* ইঞ্জেকশন; প্রাণীদেহের মাংসপেশি বা রক্তনালিতে সূচের দ্বারা তরল ঔষধ সঞ্চালন। 'মুকতিগো গাবুর মাইরে পেকের মাইদ্যে হান্দাইয়া থাহা পাকি ছেনাগো ইঞ্জিশন দিয়া বি ছোজা করোন গেতাচিল না।'

ইটা *সর্ব.* এটা; এটি; এইটা; নানা জিনিস; অবান্তর বা বাজে জিনিস পত্র। 'ট্যাকা দিলাম একছটা, বদলে তুমি ইটা কি দিলা?'

ইট্টুজারা *বিণ.* একটুখানি; খুব সামান্য; অল্প বিস্তর; অল্পস্বল্প। 'ইট্টুজারা গতর-ছতর, ছুইন্যের উপুর খারা।'

ইতিউতি *বিণ.* এদিক-ওদিক; নানাদিক। 'কাম কাইজ থুইয়া ইতিউতি গুরবার লাকছ ক্যালা?'

ইতিহাছ *বি.* ইতিহাস; অতীতকাল; পূর্বেকার সময়ের কাহিনি।

ইদার উদার *বিণ.* ইধার উধার' এখানে সেখানে; যত্রতত্র। 'তোমগো কামই অইল ইদার কা মাল উদার, উদার কা মাল ইদার করন।'

ইনছান *বি.* ইনসান; এনসান; মানুষ; মানব; মনুষ্য; লোক; জন; আদমসন্তান। 'ছিছটির ছেরা জীব ইনছান অয়্যা বেইনছাপি কাম করোন দরমে মানা।'

ইনজিন *বি.* ইঞ্জিন; রেলগাড়ি; যান্ত্রিক যানবাহন; কারখানা ইত্যাদি চালানোর যন্ত্র।

ইন্তেজার *বি.* এন্তেজার; এন্তেজারি; এন্তাজার; এন্তাজারি; প্রতীক্ষা; আগ্রহের সহিত অপেক্ষা করা। 'তুমার লাইগা বচ্ছর দইরা ইন্তেজার কইরা কুনো ফয়দা অহে নাইক্যা।'

ইনদিয়া *বি.* ইন্ডিয়া; ভারত। 'ইনদিয়া যে তলে তলে তোমগো হাওয়া দেয় এটা আমরা বালা কইরা জানি।'

ইনদুর *বি.* ইন্দুর; ইঁদুর; ইন্দূর; মূষিক; উন্দূর; ইংদুর। 'মুকতিরা পাকি ছেনাগো ইনদুর মারার কলের বিত্রে আটকায়া ফেলাইচিল।'

ইনদুরের বাচ্চা *বি. বিণ.* তুচ্চার্থবোধক গালি বিশেষ। 'ইনদুরের বাচ্চার হ্যালায় চুরির ছবাব গেল না।'

ইন্দারা *বি.* ইদারা; মাটি খনন করে পানি সংগ্রহের নিমিত্তে তৈরি পাকা কুয়া। 'মাথিনের ইন্দারা ইতিহাছ অয়্যা আচে।'

ইনাম *বি.* এনাম; পুরস্কার; বখ্‌শিশ; পারিশ্রমিক; পুরস্কার; অর্চনা; অভ্যর্থনা; সম্মান প্রদর্শন; সমাদর। 'ছমাজের লাইগ্যা বালা কাম করলে ইনাম দিব আল্লায়।'

ইন্তেকাল *বি.* মৃত্যুবরণ করা; মৃত্যু; মরণ; প্রাণত্যাগ। 'বাপের ইন্তেকালের পরে পুলাটা গুরার গারি ছাইরা রিছকা চালান ছুরু করচে।'

ইন্তেজারি *ক্রি. বি.* প্রতীক্ষা; আগ্রহের সঙ্গে অপেক্ষা; ইন্তেজার; এন্তেজারি। 'নিছার বদলে মানু করো ছুখের ইন্তেজারি।'

ইপতার *বি.* ইফতার; এফতার; আল্লাহর সন্তুষ্টির জন্য সারা দিন রোজা রেখে সূর্যাস্তের পর খাদ্য

ও পানীয় গ্রহণ; যে খাদ্য ও পানীয় গ্রহণ করে সারা দিনের রোজা সাঙ্গ করা হয়।

'এইবার দেখবা রোজদারগো লাইগা বাজারে ইপতার আর ছেহেরির মালের ছরাছরি।'

ইপতারি *বি.* ইফতার; এফ্তার; আল্লাহ্‌র সন্তুষ্টির জন্য সারাদিন রোজা রেখে সূর্যাস্তের পর কিছু খাদ্য ও পানীয় গ্রহণ করে রোজা ভঙ্গকরণ। 'মাগরিবের আজান পরচে, আহ ইপতারি করি।'

ইবলিচ *বি.* ইবলিশ; শয়তান; পাপাত্মা; অতি দুর্বৃত্ত ব্যক্তি (ঘৃণ্য গালি বিশেষ)। 'ইবলিচটা অহন বালা অয়্যা মজিদ যায়োন দরচে।'

ইবলিচের চোদা *বিণ.* পাপাত্মা ব্যক্তির সাথে রমণ করে যে মহিলা; অতি দুর্বৃত্তের সাথে রমণ করে যে মহিলা (ঘৃণ্য গালি বিশেষ)। 'ইবলিচের চোদা খাওয়া মাগিটার লেহাজ বলতে কিচ্ছু নাইক্যা।'

ইবলিচের বাচ্চা *বিণ.* পাপাত্মার সন্তান; অতি দুর্বৃত্তের সন্তান (গালি বিশেষ)। 'ইবলিচের বাচ্চাটায় অর বাপের ঢেমনির গরে যায় ক্যাম্বে?'

ইবলিচি *বিণ.* শয়তানি; দুর্বৃত্ততা; বদমায়েশি। 'অহন ছোমায় আচে, ইতলিচি কাইজ কাম ছাইরা বালা অয়্যা যাও।'

ইবলিছ *বি. দ্র.* ইবলিচ।

ইবাদত *বি.* প্রার্থনা; প্রার্থন; আরাধনা; আবেদন; যাচ্ঞা; মোনাজাত। 'খাইটা পিটা খায়োন ইবাদতের ছামিল।'

ইবাদৎ *বিণ. বি. দ্র.* ইবাদত।

ইবার *বিণ.* এবার; এইবার; এখন; এ সময়ে; এ দফা; এ অবস্থায়; এক্ষেত্রে। 'আমলনামা খুইলা দ্যাখ ইবার রক্ষা নাই।'

ইমান *বি.* ঈমান; আল্লাহর ফিরিশ্‌তাগণ, আসমানি কিতাবসমূহ, নবীরসুলগণ, শেষ বিচারের দিন, ভাগ্যের ভালোমন্দ ও মৃত্যুর পর পুনরুত্থান–এসবের উপর বিশ্বাস; বিশ্বাস। 'মানুর দিলে কছ্‌টো দিলে ইমান নছটো অহে।'

ইমানদার *বি. বিণ.* বিশ্বাসী; বিশ্বাসযোগ্য; বিশ্বাসের বা আস্থার পাত্র; নির্ভরযোগ্য; আস্থা স্থাপন করা যেতে পারে এমন। 'মহল্যায় ইমানদার বইলা তুমি খেতাব পাইচ।'

ইমানি কুয়াত *বিণ.* ঈমানি শক্তি। 'দ্যাছের মানুর ইমানি কুয়াত বাইরা গ্যেচে।'

ইমানি জজবা *বি.* ঈমানি শক্তির তীব্র প্রকাশ। 'ইমানি জজবা তইয়ার করনে ইমানি কুয়াত বহুত কাম দেয়।'

ইমাম *বি.* এমাম; যিনি নামাজে নেতৃত্ব দেন; ধর্মীয় নেতা বা পথপ্রদর্শক শাস্ত্রবিদ্‌। 'ইমামছাব হুকুম করচে, নুমাজে খারাও।'

ইমারত *বি.* ইমারৎ; এমারত; দালান; অট্টালিকা; পাকা বাড়ি। 'আচান মুনজিলের মোতন আলিছান ইমারত ঢাহা ছহরে আরেকটা পাইবা না।'

ইমুন *অব্য.* এমন; এই রকম; এরূপ; এমনি। 'ইমুন আকুল বহুতদিন পাগলা হাওয়ার বাকে।'

ইয়া নপছি *অব্য.* ইয়া নফসি; হায়, আমার নিজের কি হবে? 'রুজ কিয়ামতের দিন ইয়া, নপছি ইয়া নপছি কইরা কূল পায়োন যাইব না।'

ইয়াদ *বি.* স্মরণ; স্মৃতি; ধ্যান; চিন্তা; খেয়াল। 'ইয়াদ রাইখ, আমি তুমার বাচপানকালের দোছ।'

ইয়ার *বি.* এয়ার; বন্ধু; সখা; বয়স্য; দোস্ত; একই মনোভাবাপন্ন ব্যক্তি; রসিক; ফাজিল। 'ইয়ার লয়্যা ব্যবছা করলে দোছতালি থাকে না।'

ইলছা *বি.* ইলিশ মাছ; সমুদ্রে বাস করে। মিঠা পানিতে ডিম পারে। গায়ের রং রুপালি। সবচেয়ে সুস্বাদু মাছ হিসেবে বিশ্বজুড়ে খ্যাতি আছে। এটি আমাদের জাতীয় মাছ।

ইলেকছন *বি.* ইলেকশন; নির্বাচন। 'ইলেকছন আইলেই নেতারা ছমাছছেবি অয়্যা যায়।'

ইংলিচ *বি.* ইংলিশ; ইংরেজি ভাষা।

ঈ

ঈছা *বি., বিণ.* ঈসা; ইসা; ঈশা; আল্লাহর প্রেরিত নবী বিশেষ; যিশু; খ্রিষ্টীয়; ধর্মের প্রবর্তক; যিশুর মতাবলম্বী। 'ঈছা নবীর দরমের মানুগো কয় খিছটান।'

ঈদ *বি.* ইদ; মুসলমানদের বিখ্যাত পর্বদ্বয় বিশেষ– ঈদুজ্জোহা ও ঈদুল-ফিৎর; খুশি উৎসব। 'বচ্ছরের দুই ঈদ মুছলমানগো ছেরা খুছির দিন।'

ঈদগা *বি.* ঈদগাহ; ঈদের নামাজের স্থান। 'ছক্কু মিয়া ঈদগাহে যায়/ বুকের লগে বুক মিলায়/ ছোটো-বরো নাই বেদাবেদ/ সবাই আনন্দে হারায়।'

ঈদে মিলাদুন্নবী *বি.* নবীজি হজরত মোহাম্মদ (সা.) এর জন্মদিন।

উ

উইটা *সর্ব.* ঐটা; সেইটা; ঐটি; ঐটে। 'হ্যার বেরেনে উইটা দরব না।'

উইট্যা *ক্রি.* উঠে; উঠা; ওঠা; উঠিয়া; উত্থিত হওয়া বা করা; উদিত হওয়া; আরোহণ করা; গাত্রোত্থান করা; আসন ছেড়ে দাঁড়ানো; শয্যাত্যাগ করা; জাগা; গজানো; অঙ্কুরিত হওয়া। 'জলদি উইট্যা পর, আজান অইচে।'

উইটা পইরা *ক্রি.* উঠে পড়ে; বাড়াবাড়ি; অতিরিক্ত; বিরুদ্ধাচরণ। 'বিরুদ্দি গো ছমালোচনা বন করনের লাইগা উইটা পইরা লাগচে।'

উইঠ্ঠা *ক্রি.* উইট্যা।

উইপ *বি.* ওয়াইফ; স্ত্রী; সহধর্মিণী; অর্ধাঙ্গিনী। 'উইপের লগে কথা পাইরা টেরেন ছাইরা বাছ দ়রনের কামটা ঠিক অহে নাইক্যা।'

উইরা *ক্রি.* উড়ে; উড়ে আসা; হঠাৎ আসা; অযাচিতভাবে আসা; অতি দ্রুত আসা। 'উইরা আয়্যা জুইরা বওয়া নেতাগো মিঠা কতায় কাম করলে বরাডুবি এরান যায় না।'

উচকানি *ক্রি.* উস্কানি; উসকানি; উসকানো; উসকে দেওয়া; উত্তেজিত করা; প্ররোচিত করা; ইন্ধন; প্ররোচিত; প্ররোচনা। 'তবে দুই দলের মইদ্যে চাল্লু মাল আছে যারা উচকানি দিয়া ফয়দা উটায়া লয়।'

উচকায়া *ক্রি.* উস্কিয়ে দেওয়া; উত্তেজিত করা; প্ররোচিত করা; বাড়িয়ে দেওয়া। 'জিনিছের দাম বারায়া হ্যালায় পাবলিকরে বি উচকায়া দিবার তালে আচে।'

উচ্টা *বি.* উষ্ঠা বা হোঁচট খাওয়া; উঁচট; হুঁচট; হুঁচোট; চলমান অবস্থায় কোনো বস্তুর সঙ্গে অলক্ষিতে হঠাৎ পায়ের বা পায়ের আঙুলের সংঘর্ষ বা চোট। 'রেজাকাররা পাকিগো উচ্টা মুছ্টা খায়া বি বেনকার ছারে নাইক্যা।'

উচ্টা খাওয়া *বি.* হোঁচট খাওয়া; হুঁচট খাওয়া; হুঁচোট খাওয়া; চলমান অবস্থায় কোনো বস্তুর সঙ্গে অলক্ষিতে হঠাৎ পায়ের বা পায়ের আঙুলের সংঘর্ষ বা চোট। 'না চাইয়া রাচতায় চললে উচ্টা খাওয়া ছাবাবিক বিছয়।'

উচ্টামারা *বি.* লাথি মারা; পদাঘাত করা; পা দিয়ে প্রহার করা। 'কতা মোতন না চললে উচ্টামারা খাবি।'

উচতাদ *বি.* ওস্তাদ; গুরু; শিক্ষক; দীক্ষাদানকারী; জ্ঞানদানকারী। 'ছব কাম হিগবার চাইলে উচতাদ দরন লাগে।

উচা *বিণ.* উঁচু; তুঙ্গ; উচ্চ; বড়। 'এমুন উচা জুতা পাও দিয়া কই যাইবার লাকচ।'

উছিলা *বি.* অছিলা; অছীলা; অসিলা; অসীলা; ওছিলা; উপলক্ষ; মাধ্যম; ওজর; অজুহাত; বাহানা। 'খিলানের মালিক আল্লা, তুমি অইলা উছিলা।'

উছুমকা *বিণ.* ঐ সময়; সেই সময়। 'উছুমকা আমি না থাকলে তর পুলায় পানিৎ পইরা মরত।'

উছুল *বি.* উশুল; উসুল; আদায়; জমা; পরিশোধ। 'তুমার ট্যাকা চাইবার আগে উছুল কইরা দিমু।'

উজবুক *বিণ.* অজবুক; উজবক; উজবুগ; উজবগ; আজবক; আহাম্মক; মূর্খ; অশিক্ষিত; হাবাগোবা; অতিশয় নির্বোধ; স্থূলবুদ্ধি; সামান্য বিকৃতমস্তিষ্ক; বুদ্ধি-বিবেচনাহীন; উজবেগ; তাতার জাতি বিশেষ। 'উজবুকের লাহান একলা একলা আছতাছ ক্যালা?'

উজার *বিণ.* শূন্য; খালি; নিঃশেষ; জনহীন; বসতিশূন্য। 'পরাণ উজার কইরা দিলাম তোমারে/ আছিল যা আমার।'

উজালা *বিণ.* উজাল; উজিয়ালা; উজ্জ্বল; দীপ্তিমান; আলোকিত; উদ্ভাসিত; শোভামান; ঝলমলে; ঔজ্জ্বল্য। 'পিঞ্জরে কেউগা বয়া বাজায় ডগর/ উজালা কইরা দিলের আন্দা নগর?'

উজীরি *বি.* উজিরি; উজিরালী; উজীরালি; মন্ত্রিত্ব। 'উজীরি ব্যাবছা ছাইরা বালা কামে নাম।'

উটচে *ক্রি.* উঠেছে; উঠিয়াছে। 'এহন হ্যালায় রব উটচে ঢাহা ছহর বাচাইতে অইব।'

উটবার *ক্রি.* উঠবার; উঠছে এমন; উদীয়মান; বৃদ্ধিশীল। 'বেইল দছটা বাজার আগে হ্যালায় গুমেত্তে উটবার পারে না।'

উটল *ক্রি.* উঠলো; উঠিলো; উঠেছে। 'বেইল উটল মাগার করম আলী উটল না ক্যালা?'

উটা *ক্রি. দ্র. উইট্যা।*

উটান *বি.* উঠান; উঠোন; আঙিনা; প্রাঙ্গণ। 'আইজকাইল ছহরের কুনো বাছায় উটান দেকা যায় না।'

উতছাহ *বি.* উৎসাহ; কার্যে আগ্রহ; তৎপরতা; উদ্যম; উদ্দীপনা। 'বালা বালা কতা কয়্যা কর্মীগো উৎছাহ বারায়া লও।'

উথাল-পাথাল *বিণ.* উত্থান-পতন; এলোপাতাড়ি ঢেউ। 'কত বাঙ্গা কত গরা, উথাল-পাথাল।'

উদলা *বিণ.* উদ্‌লা; অঢাকা; ঢাকনাবিহীন; খোলা; উন্মোক্ত; উন্মুক্ত; নগ্ন; অনাবৃত; অবাধ; অবারিত। 'তুমার ছতর ঢাকনের লাইগা জিহাদ করুম, মাগার উদলা করবার দিমু না।'

উদাছী *বিণ.* উদাসী; উদাসীন; আকুল; ব্যাকুল; উন্মনা; উদাস্য; বৈরাগ্য। 'মোন উদাছী যাদুর বাছি/ পাতার ফাকে ফাকে।'

উদ্দার *বি.* উদ্ধার; মুক্তি; পরিত্রাণ; নিষ্কৃতি; অব্যাহতি; অপহৃত নষ্ট বিস্মৃত বা লুপ্ত বিষয়ের পুনরাধিকার। 'রাহুর কবল থিকা কর উদ্দার আলা-বোলা বাঙ্গালি ছন্তান তোমার।'

উরদু *বি.* উর্দু; ঊর্দু; আরবি ফারসি শব্দবহুল এবং ফারসি লিপিতে লিখিত হিন্দিভাষা; পাকিস্তানের রাষ্ট্রভাষা। 'ছোব্বাছিরা হিন্দস্তানী উর্দুতে কতা কহে।'

উন-চালিচ *বিণ.* উনচল্লিশ। 'দ্যাছ ছাদীন অয়োনের উন-চালিচ বচ্চর পরে পুলিশ বাহিনী পুরদানমুনত্রি শেক হাচিনার আত থাইকা ছাদীনতার পদক পায়।'

উপননাচ *বি.* উপন্যাস; দীর্ঘ আখ্যায়িকা; বড়ো গল্প; কাল্পনিক উপাখ্যান; কাহিনি গল্প; কোনো বিষয় সম্পর্কে লিখিত গ্রন্থ। 'ঢাহার ইতিহাছ আরব্য উপননাচের থাইকা কম না।'

উপরায়া *ক্রি.* উপড়িয়ে; উপড়ানো; ওপড়ানো; উৎপাটিত করা; উন্মূলিত করা; উৎপাটন। 'খুছিতে দেকি তুমার মোনের মদু উপরায়া পরবার লাকচে।'

উপাছ *বি.* উপাস; উপোস; না খেয়ে থাকা; অনশন; অভুক্ত। 'ম্যানেজ কইরা না চলবার পারলে উপাছ কইরা মরতে অইব।'

উপ্রে *বিণ.* ওপরে; উর্ধ্বে। 'ট্যাকার দাম উপ্রে অইলে বি ল্যাহাপরা হক্কলের উপ্রে।'

উবৃতা *বিণ.* উপুড় করা; নিম্নমুখী; অধোমুখী। 'হ্যালারে উবৃতা কইরা ফালায়া পিটে ঠ্যাংগা মার।'

উমা *বি.* উপমা; তুলনা; সাদৃশ্য; উদাহরণ; এক ধর্মবিশিষ্ট দুই ভিন্নজাতীয় বস্তুর সাদৃশ্য বর্ণনা। 'তুমারে উমা দিয়া কইতাছি দ্যাছ ছোনার বাংলা অইবই।'

উম্মত *বি.* শিষ্য; অনুচর; অনুসারী; নিবেদিত দোসর; জাতি।

'আমরা আখেরী নবী (সা.) এর উম্মত।'

উম্মা[1] *বি.* সম্প্রীতি; সদ্ভাব; সৌহার্দ্য; সন্তোষজনক আচরণ; সুভাব; সহমর্মিতা; সহানুভূতি; সমবেদনা; অন্যের দুঃখ বেদনায় তার সাথে সমান অনুভূতি। 'ইচলামি উম্মা বিচ্ছের হক্কল দরমিয় গোছটির উপ্রের স্তানে আচে আর হারা জীবোন থাকব।'

উম্মা[2] *বি.* চুমা; চুমু; চুমো; চুম্বন; চুমা খাওয়া; চুমা দেওয়া; চুমাচুমি; একে অন্যকে চুম্বন; অধরের স্পর্শ; অধরে অধরের স্পর্শ। 'আমি উম্মা দিয়া কইলাম মরলে একলগে মরুম।'

উরছ *বি.* ছারপোকা। রক্তচোষা এক ধরচের কীট।

উরতি *বি.* ফুরতি শব্দের সমার্থক হিসেবে ব্যবহৃত শব্দ। 'ফুরতি-উরতি করবার লাইগা কিচু মালপানি দেন।'

উরদি *বি.* উর্দি; উর্দী; উৰ্দ্দী; পোশাক; পরিচ্ছদ; বেশ কর্মচারীদের জন্য নির্ধারিত পোশাক। 'টেরাফিক পুলিছের কছটো কমাইবার লাইগা হালকা উরদি পরবার দেয়োন দরকার।'

উরপেলেন *বি.* এ্যারোপ্লেন; বিমান; উড়োজাহাজ। 'ছরকের মইদ্যে এই চাইনিজ 'মিগ' ফাইটার উরপেলেন ফিট কইরা কি বুজায়া দিবার চাইচে আমি বুজবার পারতাচি না।'

উরা *বি.* মাটি বা মালামাল বহন করার ঝাঁকি। 'তুমার মোন খোছ করবার লাইগা এক উরা গোলাপ ফুল দিমু।'

উরায়া *ক্রি.* উড়িয়ে দেওয়া; শূন্যে বিচরণ করা; দ্রুতগতিতে ছুটে যাওয়া; কাপ্তানি করা; বাবুগিরি করা; প্রচারিত হওয়া। 'আমার জানি দোছ অয়্যা আমারে উরায়া দিবার পারলা!'

উলটায়া *ক্রি.* উল্টিয়ে; উলটো; উল্টো; বিপরীত; ঘোরালো; প্যাচালো; বৈপরীত্যসূচক যাত্রা। 'হিছাব উলটায়া গনেছ বি পালটায়া গ্যাচে।'

উলায়া *ক্রি.* উস্কে দেওয়া। 'সোহাগ বানুর মোকাম যুদি কইবার পারে কেউ/ তার পাছেনা উলায়া দিমু সদরগাটের ফেউ।'

উলু *বি.* উইপোকা। 'বাছায় উলু দরলে আগুন জ্বালায় বি ছেছ করোন যায় না।'

উলুক *ক্রি. বি.* আলো ঝলমল করা। 'আছমানেতে রূপার চান উলুক ঝুলুক করে/ জমিনের চান ছোহাগবানু আইবনি তার গরে।'

উলুক-ঝুলুক *ক্রি. বি.* উঁকিঝুঁকি; আড়াল থেকে ক্রমাগত এদিকে

সেদিকে দৃষ্টিপাত; গোপনে দেখা; লুকিয়ে দেখা। 'এমুন উলুক-জুলুক মাইরা কি দেকবার লাকচ।'

উলু খাগরা *বি.* সাধারণ মানুষ; সরল মানুষ; যে সকল মানুষের মনের ভেতর কোনো ঘোর প্যাঁচ নেই। 'রাজায় রাজায় যুদদ্য অইব মইদ্যে খানে পাবলিক উলু খাগরার লাহান মরব।'

উহাবি *বি. বিণ.* ওহাবী; ধর্ম-সংস্কারক নজদ্বাসী মুহম্মদ ইব্ন আবদুল ওহাবের অনুসারী বা শিষ্য; ওহাবি মতবাদ জাত।

উয়ার[১] *বি.* ওয়াড়; ওসার; গেলাফ; বালিশ-লেপ ইত্যাদির অবরণ বা খোল। 'বালিছের উয়ারগুনা রইদে দেও।'

উয়ার[২] গাভীর ওলানে দুধ আসার অবস্থাসূচক শব্দ; ওয়ার। 'গাইয়ে উয়ার দিচে, এহন দুদ দুয়াইবার পার।'

এ

এইগুনি *সর্ব.* এইগুলো। 'এইগুনি হুনাইলে পোলা মাইয়ারা বি কইব বানোয়াটি গপ।'

এইর *সর্ব.* এর। 'এইর মইদ্যে তুমি গপ্পের কি দেকলা?'

এউগা *বিণ.* একটি; একটা; একটিমাত্র; একমাত্র; শুধুমাত্র; নির্দিষ্ট কোনো এক সংখ্যা। 'পুরান ঢাহার পোলা আমি নাম জানে না কেউগা/ ঢাকাইয়্যাগো বাত্তি আমি জিনিস মাগার এউগা।'

একওই *বিণ.* একই; একই রকম; একই ধরন। 'পেইজ আর রহুনের হোগা একওই রহমের।'

একডণ্ড *বি. বিণ.* এক মুহূর্ত; এক নিশ্বাস; কিঞ্চিন্মাত্র; অতি সামান্য সময়; চোখের পলকের ন্যায় কাল। 'একডণ্ড না বয়্যা কই যাইতাচ?'

একিন *বি.* স্থির বিশ্বাস; দৃঢ় প্রত্যয়; নিশ্চিত থাকা; বিশ্বাসে আত্মনিবেদন করা। 'বাছলাম তুমারে বালা একিন মিলায়া।'

একীন *বি. দ্র.* একিন।

একচিডেন *বি.* এক্সিডেন্ট; দুর্ঘটনা; অশুভ বা ক্ষতিকর ব্যাপার; বিপদ-আপদ; আকস্মিক বিপদ; জখম; আঘাত। 'একচিডেন কইরা মরলে জীবন ছেছ আর পনগু অইলে পরিবার বি ছেছ।'

একছিডেন *বি. দ্র.* একচিডেন।

এক ছে এক একের পর এক; একটার পর অন্যটা। 'এখন রিমুট টিপলেই নানা রোঙ্গের

গানা বাজনা এক ছে এক হামনে আয়্যা হাজির অয়্যা পরে।'

এক ছো তে একছো একশো ভাগ; শতভাগ। 'ইলেকছন এক ছো তে একছো বাগ খাটি অইব।'

একমাতরো *বিণ.* একমাত্র; একলা; একেলা; একাকী; নিঃসঙ্গ; সঙ্গীহীন; অসহায়। 'ইচলাম দরমো বালা কইরা বুজবার চাইলে একমাতরো আমল কইরা বুজন লাগব।'

একমোন *বিণ.* একমত; ঐকমত্য; মতের অভিন্নতা; মতের মিল বা ঐক্য। 'মালিক-ছরমিক একমোন অয়্যা আগে বারতে অইব।'

একরোহা *বিণ.* একরোখা; একগুঁয়ে; গোঁয়ার; দৃষ্টি একদিকে নিবদ্ধ হয় এমন। 'একরোহা মানুর তেজারতি বালা অইবার পারে না।'

একলা *বিণ.* একাকী; নিঃসঙ্গ; সঙ্গিহীন; অসহায়। 'দুনিয়ায় একলা আইচ, একলা যাইতে অইব।'

একাট্টা *বিণ.* একাত্ম; একজোট; দলবদ্ধ; সংহত; অভিন্ন; পার্থক্যহীন। 'তুমার ছব কতার লগে আমি বি একাট্টা অয়্যা আচি।'

এচটোডিয়াম *বি.* স্টেডিয়াম; দেয়াল ঘেরাখেলার মাঠ। 'ছরকার দ্যাছে এত্তগুনা এচটেডিয়াম করচে কি মাগনা?'

এচতেমাল *ক্রি.* কাজে পরিণত করা; চূড়ান্ত রূপ দেওয়া; উদ্দেশ্য সিদ্ধ করা; অর্জন করা। 'গি আর তেল দুইটা এচতেমাল করবার পারলে কুনো কাম ঠেইকা রহে না।'

এছটাট *ক্রি.* স্টার্ট; চালুকরণ। 'তখনকার মোমিন মটর কোমপানির বাচ হেনডেল মাইরা এছটাট দিত।'

এছটেজ *বি.* স্টেজ; মঞ্চ; মাচা; মাচান; সভা মঞ্চ; নাট্য মঞ্চ। 'ছিনডিকেট কলকাটি নাইরা নাটক হাজায়া হ্যাইটারে এছটেজে আইনা পরদা তুইলা দিচে।'

এছটোক *বি.* স্ট্রোক; আঘাত; মস্তিষ্কে আঘাত। 'আইজ কইল এছটোক করলে মরণ ছারা উপায় নাইক্যা।'

এছপিছিয়াল *বিণ.* *দ্র.* ইছপিছিয়াল।

এছরে *বি.* এক্সরে; রঞ্জন রশ্মি; অনুসন্ধান কার্য; পরীক্ষা; অজ্ঞাত কোনো কিছু জানবার জন্য একাগ্রচিত্তে বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা।

এজলাছ *বি.* এজলাস; ইজলাস; বিচারাসন; বিচারালয়। 'হাকিমছাব এহন বি এজলাছে আহেন নাইক্যা।'

এজমালি *বিণ.* ইজমালি; ইজমালী; যৌথ; সাধারণ; একাধিক জনের অধিকারভুক্ত। 'এমজালি ছম্পদের হক নছটো করা নাফরমানির কাম।'

এজাজত *বি. দ্র.* ইজাজত।

এজাহার *বি.* এজহার; এজেহার; ইজাহার; ইজহার; কোনো ফৌজদারি ঘটনা সম্পর্কে থানায় প্রদত্ত বিবৃতি। 'থানায় গিয়া চুরি মামলার এজাহার দাখিল করুম।'

এটাক *ক্রি.* আক্রমণ; হামলা; অধিষ্ঠান; গ্রাস; প্রকোপ; হিংসাবশে বা ক্ষতির উদ্দেশ্যে অন্যের উপর বলপ্রয়োগ। 'এইটার মাইনে অইল আগে এটাক কইরা আগায়া থাকন লাগব।'

এত্‌না *বিণ.* এতো; এত; প্রচুর; অনেক; এই পরিমাণ; এই সংখ্যক। 'ঢাহার ছহরের মোতন তামাম দুনিয়ার মইদ্যে আর কুনো দ্যাছে এত্‌না মজিদ নাইক্যা।'

এতিম *বিণ. বি.* এতীম; মাতাপিতা হীন বালক-বালিকা; অনাথ; অসহায়। 'এতিমের হক মাইরা খায়োনের লাহান বেইনছাপি কাম দুনিয়াৎ আর অইবার পারে না।'

এত্তেলা *বি.* এতেলা; ইত্তিলা; খবর; সংবাদ; বিজ্ঞাপন; লিপিবদ্ধ বর্ণনা। 'চিঠ্‌ঠি উঠ্‌ঠি কিচ্ছু নাই, নাইক্যা কুনো এত্তেলা– খবর।'

এদবোকেত *বি.* অ্যাডভোকেট; আইনজীবী। 'মামলার জিতবার চাইলে বালা এদবোকেত দরন লাগব।'

এদ্দিন *বিণ.* এতদিন; এত দিবস; এতকাল; এত সময়; এত বিলম্বে; এতদিন অতিক্রম করে। 'এদ্দিনে ফরাক্কা ছমছ্ছার বি একটা ছমাদান অয়্যা যাইতো।'

এনাম *বি.* উপহার; পুরস্কার; প্রীতিসূচক দান; উপঢৌকন; উপহারস্বরূপ প্রদত্ত; উৎসর্গীকৃত; আনীত; আহৃত। 'বিচ্ছকবি রবিনদোরনাত নোয়াব বারি আইলে অনেক এনাম বি দিচিল।'

এবারেছ *বি.* এভারেস্ট; হিমালয় পর্বতমালার সর্বোচ্চ চূড়া। 'আগের নেতারা যেই কামে ছাকছেচ অইবার পারে নাই হেই কাম বংগোবনদু বানগালিগ এবারেছের চুরায় লয়্যা গেচে।'

এরাদা *বি.* মনস্থির করা; আশা করা; অভিপ্রেত; সংকল্পিত; ইচ্ছা; অভিপ্রায়; সংকল্প; প্রতিজ্ঞা; অঙ্গীকার করা; ওয়াদা করা; কথা দেওয়া; মত দেওয়া; একমত হওয়া। 'এরাদা করচি তুমার বাবি ছাবরে লয়্যা তাজমেহেল দেকবার যামু।'

এরেছ *বি.* এ্যারেস্ট; গ্রেফতার; আটক করা। 'পুলিছের কাম এরেছ করা, বিচার বি করা না।'

এ্যাছা *বি.* এশা; ইশা; রাত্রিকালীন ফরজ নামাজের সময়; রাত্রিকালীন ফরজ নামাজ; রাত্রির প্রথম যাম। 'এ্যাছার নুমাজের আজান দিচে, লও মজিদ যাই।'

এ্যাম্‌তে *বিণ.* এমনিতে; এমনেই; এমনিই। 'এ্যাম্‌তেই কি পাকি ছেনারা কইত–মুক্‌তি কিয়া চীজ হ্যায়?'

এ্যাম্বে *বিণ.* এভাবে; এইভাবে; এই উপায়ে; এই পথে। 'বাঁচবার চাইলে এ্যাম্বে এ্যাম্বে চইলা যাও।'

এ্যালা *বিণ.* তারপর; এবার; এইবার; এখন; এ সময়ে; এ যাত্রা, এ দফা, এ অবস্থায়। 'চান উটছে, এ্যালা চলেন রাচতায় নাইমা পরি।'

এ্যালান *বি.* এলান; বিজ্ঞাপন; বিজ্ঞপ্তি; নিবেদন; বিশেষভাবে জ্ঞাপন; ঘোষণা। 'হরদারের কাছেত্তে কি এ্যালান লয়্যা আইলা?'

এলেখেলে *বিণ.* অনায়াসে; অবলীলায়; সহজে; হেসেখেলে; হেলায়; হেলে। 'বাইবাছিলি এলেখেলে পায়া যাবি পার?'

এ্যালেহা *বি.* এলেকা; এলাকা; ইলাকা; অঞ্চল; প্রদেশ; সম্পর্ক; সংস্রব; সম্বন্ধ; সীমা; দখল। 'আমগো মহল্লায় ত দুরের কতা, অরে এ্যাই এ্যালেহায় ঢুকবার দিমুনা।'

ঐ

ঐগুনি *সর্ব.* ঐগুলি। 'ঐগুনি খাট্টা মানুর জুট্টা মাত।'

ঐছরয *বি.* ঐশ্বর্য; জৌলুস; বিপুল ধন-সম্পত্তির মালিক। 'না যাইঅ পরাণের বন্দু ঐছরযের বাজারে/ নাছিম বানু বিত্ত চায় না, চায় খালি তুমারে।'

ও

ওউগা *বিণ.* একটি; একটা। 'হরদারের বইবার লাইগ্যা ওউগা চেয়ার লইয়া আহ।'

ওক্ত *বি.* ওয়াক্ত; ওয়াক্তি; ওয়াক্তিয়া; ওক্ত; ওক্‌ত; অক্ত; সময়; কাল; সুযোগ; উপযুক্ত সময়; নির্দিষ্ট সময়– বিশেষত

নামাজের সময়। 'নুমাজের ওক্ত অইছে, লও মজিদে যাই।'

ওকিল *বি.* উকিল; আইন ব্যবসায়ী; আইনজীবী; প্রতিনিধি; মুখপাত্র; মুসলমানদের বিবাহের কনের সম্মতি নিয়ে যে ব্যক্তি বরকে জানায়। 'মামলায় পরলে ওকিল দরোন পয়জোন অহে।'

ওকালতনামা *বি.* উকালত; উকিলতি; ওকালত; ওকালৎ; উকিলের কাজ বা চাকরি; ভারার্পণ; মনোনয়ন। 'ওকালতনামায় ছই না করলে ওকিল কোর্টে তুমার ছাফাই গাইব না।'

ওয়াচ *বি.* ওয়াশ; পরিষ্কার; পরিচ্ছন্নতা; স্বচ্ছতা; নির্মলতা; সাফ। 'ছয়তানের আছাওছায় পইরা তুমার বেরেন ওয়াচ অয়্যা গেচে।'

ওচিলা *বি. দ্র.* উছিলা।

ওছ *বি.* শিশির, শীতকালে শীতল বাতাস ঘনীভূত হয়ে বিন্দু বিন্দু আকারে পতন। 'কাত্তিমাছ আইলেই ওছ পরোন ছুরু অয়্যা যায়।'

ওছ্তাগার *বি.* রাজমিস্ত্রি; যে কারিগর ইট-সুরকি-সিমেন্ট যোগে অট্টালিকা নির্মাণ করে। 'আইজকাইল হৎ ওছতাগার পায়োন কঠিন অয়্যা পরচে।'

ওজর *বি.* আপত্তি; মিথ্যা অজুহাত; ছল; কৈফিয়ৎ। 'সদরগাটের হোদর, বুরিগঙ্গার উদর/ বইরা দিতে জঞ্জালে কৌরলনা কেউ ওজর।'

ওজু *বি. দ্র.* ওযু।

ওজুহাত *বি. দ্র.* অজুয়াত।

ওযু *বি.* অজু; উযু; ওজু; শরীর ও মনের পবিত্রতা বিধানের জন্য প্রথমে দুই হাতের কব্জি পর্যন্ত ধুয়ে গড়গড়া কুলি করা, নাকে পানি দেওয়া, মুখ মণ্ডল ধোয়া, দুই হাত কনুইসহ ধোয়া, মাথা মসেহ্ করা, দুই পায়ের পাতা গিরাসহ ধৌত করা। 'ওযু কইরা পাক-ছাপ অইয়া নুমাজ পরবার লাগে।'

ওম্বে ওম্বে *বিণ.* চুবি চুবি; চুপিসারে; চুপে চুপে; অপরের অজ্ঞাতসারে বা অগোচরে। 'গল্লির পিছ দিয়া ওম্বে ওম্বে আমগাছ তলাৎ গেছিলাম।'

ওর *বি.* ওলান; গাভীর স্তন; পালান। 'গাইয়ের ওরের মইদ্যে বারে বারে আত দেও ক্যালা?'

ওয়াকফা *বি.* অক্ফ; ওয়াক্ফ; ধর্ম বা পুণ্যের উদ্দেশ্যে প্রদত্ত দান; একপ্রকার উইল; ওয়াক্ফ্। 'জাগাটা মজিদ বানাইবার লাইগা ওয়াকফা কইরা দিলাম।'

ওয়াজেন *বি.* ওয়াজকারী; উপদেশ বা বক্তৃতা; ধর্মব্যাখ্যা; ধর্মপ্রচার। 'কুনো কুনো ওয়াজেনরা মাঝে মইদ্যে বানায়া বানায়া বেহুদা বেছতি কতা কয়।'

ওয়াতান *বি.* দেশ; মাতৃভূমি; জন্মভূমি; নিজ দেশ। 'উট, দুমবা অইল পাক ওয়াতানের নিয়ামতি জানুয়ার।'

ওয়াতার *বি.* ওয়াটার; পানি; জল; বারি; সলিল; উদক; অম্বু; নীর; পয়; তোয়; অপ্। 'মোনে রাইক্ক ওয়াতার এমুন জিনিছ, যা না অইলে জীবুন বাচেনা।'

ওয়ান ট্যু ওয়ান *বিণ.* একেক করে; একের পর এক। 'কইতাচ বাজার মনিটর কইরা ওয়ান ট্যু ওয়ান ছব কুচ ঠিক কইরা ফালাইবা।'

ওয়াপাছ *বি.* ফেরা; প্রত্যাবর্তন করা; ফিরে যাওয়া; অভিমুখী হওয়া; পশ্চাদ্দিকে যাওয়া; বিফল মনোরথ হয়ে প্রত্যাবর্তন করা; চলে যাওয়া। 'পাকিরা ছালেন্ডার কইরা মাতা নিচা কইরা পাকিচতানে ওয়াপাছ অইচে।'

ওয়ারিছ *বি.* ওয়ারিশ; ওয়ারিস; ওয়ারেশ; ওয়ারেস; বংশধর; উত্তরাধিকারী। 'ওয়ারিছরে ঠকাইলে দংছ অইয়া যাইবা।'

ওলদেন *বিণ.* প্রাচীন; পুরাতন; বহুকাল পূর্বের; অনাধুনিক; সেকেলে। 'তুমরা ওলদেন ঢাহার গোলদেন ইতিহাছ বালা কইরা হিক্কা লও।'

ওলামা *বি.* উলামা; উলমা; ওলমা; ইসলামি শাস্ত্রবিদগণ, আলিম সম্প্রদায়। 'ওলামাগো বাতউত খাছদিলে হুনলে বহুত নেকী অহে।'

ওহি *বি.* অহী; ওহী; অহি; ঐশীবাণী; আল্লাহ্‌র প্রেরিত বাণী; প্রত্যাদেশ। 'আল্লার ওহি লয়্যা জিবরাইল ফিরিচতা নবীজির কাচে আইতেন।'

ক

কইঅ্যানা *ক্রি.* বলতে মানা করা। 'আমারে কইঅ্যানা অহন বালবাছার কতা।'

কইচিল *ক্রি.* বলেছিল; বলছিল; বলিয়াছিল। 'তুমার লাহান পাকিরা কইচিল এরা বারতের দালাল।'

কইচিলা *ক্রি.* বলেছিলা; বলেছিলে। 'তুমি কইচিলা কালা বিলাই

দরন যায় মাগার মারন যায় না।'

কইচে *ক্রি.* বলেছে; বলা; কথন; কথা বলা; ভাষণ; উক্তি; বিবৃত্তি; উল্লেখকরণ। 'ছা'রে কইচে কিছের বাই, আলহাদের আর ছীমা নাই।'

কইতা *ক্রি.* বলতা; বলতে; বলিতে (তুমি সম্বোধনার্থে)। 'অহন কইতাচ, আগে কও নাই ক্যালা?'

কইতাচে *ক্রি.* বলছে; বলিতেছে; বলে যাচ্ছে। 'কান পাইতা হুন টক ছো আর পাবলিক কি কইতাচে।'

কইথন *বি.* কোথা থেকে; কেথেকে। 'একলা একলা কইথন আইলা ব্যাটা?'

কইথন *বি. দ্র.* কইথন।

কইথিকা *বি. দ্র.* কইথন।

কইনা *বি.* কনে; বিবাহের পাত্রী; বিবাহ অনুষ্ঠানের বধূ; বিবাহযোগ্য কন্যা; বিবাহের কথাবার্তা চলতে পারে এমন কুমারী; নববধূ; নব বিবাহিতা কন্যা; বালিকাবধূ; কচি বউ। 'কইনা ত মাছাল্লা রূপবানের লাহান ছুরতি।'

কইবা *বি.* কোথায়; কোন দেশে; কোনখানে; উধাও হয়ে যাওয়া; নিরুদ্দেশ হওয়া। 'কারবা দ্যাছে কইরা বছত কইবা চইলা গ্যালা।'

কইবার *ক্রি.* বলতে; কথন; বর্ণন; উল্লেখকরণ; বর্ণনা করা; জ্ঞাপন করা; প্রকাশ বা ব্যক্ত করা; উপদেশ বা পরামর্শ দেওয়া। 'কত কাইব্য কইবার লাগছে/ হায়রে পিরীত জইমা গ্যাছে।'

কইরা *ক্রি দ্র.*কইর‍্যা।

কইর‍্যা *ক্রি.* করে; করা; সম্পাদন করা; সাধন করা; অনুষ্ঠান করা; উৎপাদন করা; সৃষ্টি করা। 'আগে কামটা কইর‍্যা দেহাও, ছাব্বাছি পরে পাইবা।'

কইল *ক্রি.* বলল; বলিল; বলেছে; বলা; কথন; কথা বলা; ভাষণ; উক্তি; বিবৃতি; উল্লেখকরণ। 'হিক্কামারা কান্দোনের লাইগা কি কইল বুঝবার পারি নাইক্যা।'

কইলজা *বি.* কলিজা; কলজে; যকৃৎ; মেটুলি; সাহস; বুকের পাটা; মর্ম; প্রাণ; অন্তর। 'এই দিকে নিয়াজীর কইলজা কাপাকাপি ছুরু অইলে প্রিয় খাবার খাছির কইলজা খায়োন বন কইরা দিল।'

কওয়া *ক্রি. দ্র.* কয়োন।

কওরাতেল *বি.* সর্ষে তেল; সরিষার তেল। 'দোকান থনে এক পোয়া কওরাতেল লয়্যা আহ।'

কওলা *বি.* কবালা; কওয়ালা; কাবালা; বিক্রয়ের চুক্তি-দলিল। 'জাগা ছাফ কওলা কইরা দেয়োনের লগে লগে ছব ট্যাকা ছোদ কইরা দিমু।'

কচ *ক্রি.* বলা, কওয়া; কথন; উল্লেখকরণ; বর্ণন; বিবৃত; জ্ঞাপন করা। 'মুখে কী কচ, হাতে কী লচ/ রাম দাদারে ফালা/ হাতে যুদি রহিম বায়ে/ থাকে তবে চালা।'

কচ-কইচ্যা *বিণ.* কচকচে; কচকচানি; কচকচি; কচাকচি; চিবানোর সময় কচকচ আওয়াজ হয় এমন। 'কচ-কইচ্যা নোট না পায়্যা জান বাজি কইরা নাইমা পরচিল।'

কচ্ছিনকাল *ক্রি. বিণ.* কস্মিনকালে; কোনো কালে; কখনো। 'কচ্ছিনকালে বি তুমার পুলার লগে মাইয়্যা বিয়া দিমুনা।'

কছ *বি.* রস; দ্রববস্তু; নির্যাস; নিঃস্রাব; ক্ষরণ; শ্লেষ্মা। 'মলমের চাইত্তে গাছের কছ অনেক বালা।'

কছটো *বি.* কষ্ট; দুঃখ; ক্লেশ; বেদনা; শ্রম; বিশেষ যত্ন; মেহনত। 'হরতাল দিয়া দ্যাছের মানুরে কছটো দেয়োন আর পুরায়া মারন ঠিক না।'

কছম *বি.* কসম; শপথ; দিব্যি; শপতি; প্রতিজ্ঞা; দিব্য। 'বাপ-মার কছম কইরা কইতাচি কুনো কছুর করি নাইক্যা।'

কছরত *বি.* কসরত; অশ্বচালনার কৌশল; ব্যায়াম; কায়দা; কৌশল; চর্চা; অভ্যাস; অনুশীলন। 'খালি কছরতে কাম অহেনা, বুদ্দি বি লাগে।'

কছাই *বি.* কসাই; যারা গবাদি পশু হত্যা করে মাংস বিক্রয় করে; পশুবধকারী; অতিশয় নির্মম ব্যক্তি; অত্যন্ত স্বার্থপর ব্যক্তি; নির্মমতা; হৃদয়হীন আচরণ। 'ঈদের আগেই বি কছাই ঠিক কইরা রাখন লাগব।'

কছুর *বি.* কসুর; দোষ; অপরাধ; অন্যায়; ভুল; মন্দকাজ; ত্রুটি; খুঁত; দোষারোপ করা; অবহেলা; দ্বিধা; দ্বিধাদ্বন্দ্ব; সংশয়; দোটানা; ন্যূনতা; কমতি; অসম্পূর্ণতা। 'বিনা কছুরে মানুটারে নির্যাতন কইরা মারনটা ঠিক অহে নাইক্যা।'

কটকট বগর বগর; অর্থহীন কথা বলা। 'একলা একলা এমুন কটকট করবার লাকচ ক্যালা?'

কতল *বি.* কাতল; কোতল; শিরশ্ছেদ; হত্যা; মেরে ফেলা; খুন করা; খতম করা; শেষ করে দেওয়া; তরবারির আঘাতে

মানুষ খুন; হত্যা; বধ। '৭১ এ পাকি বাহিনীর চামচারা খালি মানু কতলই করে নাইক্যা, মা বইনের ইজ্জত বি নিচে।'

কতা *বি.* কথা; বচন; ভাষা; উক্তি; উচ্চারণ; প্রসঙ্গ; বিষয়; বিবরণ; বৃত্তান্ত; প্রতিশ্রুতি; বাক্যালাপ; কথকতা; প্রবচন। 'কতা কম কাম বেছি, নাইলে বি থাকব না খেছি।'

কথ *বি.* খয়ের; খদির বৃক্ষের নির্যাস হতে প্রস্তুত পানের মসলাবিশেষ। 'পানে কথ না অইলে ছাদ অহে না।'

কদম *বি.* পা; পদ; চরণ; পদক্ষেপ; পদচিহ্ন। 'ছাম পরার আগে পছবার চাইলে কদম টাইনা হাট।'

কদু *বি.* কুমড়া; জাংলা ও মাটিতে যে লতানো উদ্ভিদের চাষ হয়। তরকারি ও মুরুব্বা বানানোর উপাদান বিশেষ। 'কদুর মোরুব্বার টেছই আলাহদা।'

কনগেছ *বি.* কংগ্রেস। 'ইনদিয়ার কনগেছ বহুত পুরানা আর ছেয়ানা পাট্টি।

কনটোল *বি.* কন্ট্রোল; নিয়ন্ত্রণ; পরিচালক; শাসন; নিয়মন; সংযমন; নিবারণ; প্রশমন; সংযত; দমিত; শৃঙ্খলিত। 'নোয়াব আবদুল গনি ছাব বহুত চাল চাইলা দানগা বন কইরা ছব কুচ কনটোল করেন।'

কবচ[১] *বি.* মাদুলি; তাবিজ; আবরণ; বর্ম; আরক্ষক; অধিকারপত্র। 'মলানাছাবের কাচেত্তে বুত খেদানের কবচ আনন লাগব।'

কবচ[২] *ক্রি.* শেষ করা, হত্যা করা, নিহত করা; সমাপ্তি টানা। 'কতাটা মোনে রাইখ্য, জান কবচ করবার লাইগ্যা আজরাইল আচে।'

কবজা[১] *বি.* করায়ত্তকরণ; হাতের মুঠোয় নেওয়া। 'পাতি নেতারা হ্যালায় বর নেতাগ কবজা কইরা টু পাইচ পাইবার দান্দায় মাইতা রইচে।'

কবজা[২] *বি.* হাতের কবজি। 'আরব দ্যাছে চুরের আতের কবজা কাইট্টা দেয়োনোর আইন আচে।'

কব্বর *বি.* কবর; সমাধি; গোর; মৃতদেহ মৃত্তিকা নিম্নে প্রোথিতকরণ। 'কব্বর আমগো আখেরি ঠিকানা।'

কবাব *বি.* কাবাব; শলাকায় বিদ্ধ করে আগুনে সেঁকা মাংস। উল্লেখযোগ্য ঢাকাইয়া কাবাব যেমন: শামি কাবাব; সুতলি কাবাব; শিশ কাবাব; শিক কাবাব; বটি কাবাব; জালি কাবাব; ক্ষীরা কাবাব; টিক্কা

কাবাব; নার্গিসি কাবাব; দুধ কাবাব; চাপলি কাবাব; গুর্দা কাবাব; পিষা কাবাব; মাংসের তাতারি কাবাব; আরমেনীয় কাবাব ইত্যাদি। 'গরুর কবাব আর নান-রুটির উপ্রে আবার খাওন আচে নাকি।'

কব্বির *বি.* বড়ো পাতিলে পোলাও রান্না করার বড়ো চামচ।

কবীরা *বিণ.* মারাত্মক; অতিশয় গর্হিত কাজ; অত্যন্ত ভয়াবহ; সাংঘাতিক; জীবন নাশকারী। 'কবীরা গুনার মাপ নাইক্যা।'

কবুল *বি.* বিবাহের সম্মতি; বিবাহের চুক্তিতে স্বীকৃতি; বিবাহের অঙ্গীকার; সম্মতি; স্বীকৃতি; দায় স্বীকার; অনুমোদিত; স্বীকৃত; অনুমোদন; পালন। 'বিয়া অইবার চাইলে কইনার কবুল লয়োন দরকার অহে।'

কব্বে *বিণ.* কবে; কখন; কোন দিন। 'কব্বে আইব রইছা বন্দু ছুখ পরানের ছুখ।'

কম *বিণ.* সংখ্যায় বা পরিমাণে অল্প; তুচ্ছ; সামান্য; লঘু; অল্প। 'এত্ত কম দামে খাছ্‌ছি টারে কেমনে বেচলা?'

কমজুরি *বি.* কমজোরী; শক্তিহীনতা; ক্ষীণতা; দুর্বলতা; স্বল্পশক্তি বিশিষ্ট; ক্ষীণবল; দুর্বল। 'যত কমজুরি মানু বেবাক আমার দলে বিরচে।'

কমলা *বি.* কমলা; বিদেশি সুমিষ্ট ফল। তবে এদেশের সিলেট অঞ্চলে অল্প বিস্তর উৎপন্ন হয়।

কমর *বি.* কোমর; কটিদেশ; মাজা। 'বিদেছি ফিলিমের নায়িকারা কমর দুলায়া নাচনা দেহায়া আমগো পুলা মাইয়্যাগো মাতা খায়া বুদদি নাছ করতাছে।'

কমপিটিছন *বি.* কম্পিটিশন; প্রতিযোগিতা; প্রতিদ্বন্দ্বী; সমকক্ষ; বিপক্ষ; পরস্পর ক্ষমতা বা শক্তি পরীক্ষাকারী; প্রতিদ্বন্দ্বিতা; বিরুদ্ধতা। 'দেকতাছনা দিনে দিনে মহল্লায় মহল্লায় মজিদ বানাইবার কমপিটিছন লাগচে।'

কম্মর *বি. দ্র.* কমর।

কমানঠার *বিণ.* কমান্ডার; দলনেতা; গোত্রপ্রধান। 'ছেকটর কমানঠাররা দ্যাছের লাইগা জান কুরবানী দেয়োনের ছপথ নিচিল।'

কমিনা *বিণ.* নষ্টা; নীচ; চরিত্রহীনা; (ঘৃণ্য গালি বিশেষ)। 'কমিনামাগি আবার গোমটা টানে!'

কমিনার বাচ্চা *বি.* কমিনার সন্তান (ঘৃণ্য গালি বিশেষ)। 'কমিনার

বাচ্চার ছবাব কমিনার লাহান না অয়্যা কি পারে?'

কমিনার গরের কমিনা *বি.* কমিনার সন্তান কমিনা (ঘৃণ্য গালি বিশেষ)। 'কমিনার গরের কমিনার ছবাব আর কত বালা অইব!'

কমু *ক্রি.* বলব; কইব; বলা; কথন; কথা বলা; ভাষণ; উক্তি; বিবৃতি; উল্লেখকরণ। 'হোনবার যহন চাইচ, তাইলে ছব খুইলাই কমু।'

কমুনিছট *বি. বিণ.* কম্যুনিস্ট; কম্যুনিজমের আদর্শে বিশ্বাসী লোক। 'দ্যাছে এহন আর কমুনিছট নাইক্যা।'

করতাচি *ক্রি.* করছি; করিতেছি। 'তুমার কতা মোতন হক্কল কামই করতাচি।'

করন *ক্রি.* করা; কার্য; সম্পাদন; কারণ; কার্যের প্রধান সাধন; করণোপযোগী কারণ। 'দ্যাছে থাইকা বি অনেক কাম করন যায়।'

করমজা *বি.* করমচা; ছোট আকৃতির টক ফল। আচার হিসেবে এক প্রকার মুখরোচক খাদ্য।

করমি *বি.* কর্মী; যে কাজ করে; শ্রমিক বা কর্মচারী; কর্মকুশল; কর্মপটু। 'করমি না থাকলে আনদুলন করব ক্যাঠা?'

করায় গনডায় *বিণ.* গুনে গুনে আদায় করা; পুরোপুরি হিসাব বুঝে নেয়া। 'দাবি কেমতে মানাইতে অয় আমরা করায় গনডায় বুজায়া দিমু।'

করুম *ক্রি.* করব; করা; সম্পাদন করা; সাধন করা; অনুষ্ঠান করা; উৎপাদন করা; সৃষ্টি করা; জন্মানো; নির্মাণ করা; গড়া; তৈরি করা; উদ্ভাবন করা। 'মায়না না দিলে কাম করুম ক্যালা?'

কলচটরাল *বি.* কোলেস্টরাল; রক্তচর্বি; প্রাণীদেহস্থ জমাট স্নেহ পদার্থ। 'এই ত্যেল কলচটরাল মাইনে হারটে চরবি জমবার দেয় না।'

কলব *বি.* মন; হৃদয়; অন্তঃকরণ; চিত্ত; অন্তরিন্দ্রিয়; স্মৃতি; স্মরণ; বোধ; ইচ্ছা; প্রবৃত্তি। 'কলব ঠিক করলে চয়-চরিত্র এ্যাম্নেই ঠিক অয়্যা যায়।'

কল্লা *বি.* মাথা; শির; মস্তক বা মাথা; শীর্ষ; চূড়া; উপরিভাগ; অগ্রদেশ। 'কতায় কতায় কল্লা কাটবার কতা কও ক্যালা?'

কলিজি *বি.* কলিজা; কলেজা; কলেজি; কল্‌জে; যকৃত; মেটুলি; বুকের পাটা; সাহস; মর্ম; প্রাণ।

'আমগো পুরান ঢাহার বুনা কলিজি আগের লাহান টেছ লাগে না।'

কহুম্ *ক্রি.* কওয়া; বলা; বলতে পারা; কথন; উল্লেখকরণ; বর্ণন; কথিত; বর্ণনা করা। 'মাইরা পিটা আমারে বাঙ্গিফাটা করবার পার, মাগার কতাটা কহুম না।'

কয়না[১] *ক্রি.* লোকে বলে। 'মানু কয়না গুরু হপায় তো ছুরু।'

কয়না[২] *বি.* কন্যা; মেয়ে; জায়; বালিকা; যুবতি; নারী; স্ত্রীলোক। 'খালি কয়না বালা অইলেই অহেনা জাত বি বালা অইবার লাগে।'

কয়বার *ক্রি.* বলার মতো; কিছু বলতে পারা; কিছু জানতে চাওয়া। 'কার কারণে ডুইবা গেল কয়বার কিছু পাও?'

কয়্যা *ক্রি.* বলে; বলা; বলিয়া; বলে দেওয়া; বচনের মাধ্যমে জানিয়ে দেওয়া। 'জনগি আর ছনতারাছিগো বিচার করব কয়্যা বুট নিচে।'

কয়েদ *বি.* আবদ্ধ; আটক; বন্দী; কারারুদ্ধ; কয়েদি; কয়েদী। 'চুট্টায় কয়েদ খাইটা বি ছবাব পাল্টায় নাইক্যা।'

কয়োন *ক্রি.* বলা; কথন; উল্লেখকরণ; বর্ণন; জ্ঞাপন; কথিত; পূর্বে বর্ণিত; বিবৃতি বা বর্ণনা করা। 'কয়োন হোজা, করা বরই কঠিন।'

কয়োনতক *ক্রি.* না বলা পর্যন্ত; না কওয়া পর্যন্ত; অনুমতি না দেওয়া পর্যন্ত। 'তুমারে না কয়োনতক দিলের তোলপার বন অইব না।'

কাইচ্ছ্যাফুল *বি.* কাশফুল। 'কাইচ্ছ্যাফুলে ঢিলমারা ছফেদ চুলের রাছি?'

কাইজা *বি.* কাজিয়া; কেজিয়া; কাযিয়্যা; বিসংবাদ; কলহ; বচসা; ঝগড়া; মারামারি; বিবাদ; ফসাদ; তর্কাতর্কি বা বাদানুবাদ। 'নিজেগো মইদ্যে কাইজা কইরা কুনো ফয়দা নাইক্যা।'

কাইজাকুন্নি *বিণ.* ঝগড়াটে; কলহপ্রিয়; কলহাসক্ত। 'কাইজাকুন্নি থনে দছ কদম ফারাক থাকন বালা।'

কাইটা *ক্রি.* কেটে; কাটা; কর্তন করা; খনন করা; খোঁড়া; কাটিয়া; খণ্ডন করা; ছেদন করা। 'অন্তর কাইটা লৌহ-কলম পারলে দেখাইবার।'

কাইট্টা *ক্রি.* কেটে পড়া; সরে পড়া; ভেগে পড়া; চলে যাওয়া; প্রস্থান করা। 'আপনা পারায় কুত্তাবি গেউগেউ করে/ অন্য পারায়

লেজ তুইল্যা জলদি কাইট্টা পরে।'

কাইনঠামো *ক্রি.* ফকড়ামি করে; তর্কবাজ; তর্কাভাজ; তর্কাতর্কি; কুতর্ক; যুক্তিহীন বাজে তর্ক; ত্রুটিপূর্ণ যুক্তি; অকিঞ্চিৎকর যুক্তি; তর্কে তর্কে; বাদপ্রতিবাদ ছলে; তর্কচ্ছলে; তর্কেবিতর্কে। 'তুমার মতোন কাইনঠামো করইন্যা মানু এই মহল্লায় দুইটা বি নাইক্যা।'

কাইনদা *ক্রি.* কাঁদা; কেঁদে; রোদন করা; ক্রন্দন করা; কান্নাকাটি; বিলাপ। 'অহন নোয়াব বারি দেইখ্যা বি হাল্যায় মন কাইনদা উটে।'

কাইন্দা *ক্রি. দ্র.* কাইনদা।

কাইনদা কাইট্যা *ক্রি.* কেঁদে কেটে; কান্নাকাটি করে; বিলাপ করে; ক্রন্দন করে। 'পুলাপানে কাইনদা কাইট্যা কয় আমগো মিটিগের কতা হুনাইয়া আনে নাইক্যা।'

কাইব্য *বি.* কাব্য; কবিতা; কবিতাগ্রন্থ; পদ্যরচনা; পদ্য সাহিত্য; ছন্দোময় রসাত্মক ও ভাবমধুর বাক্য বা রচনা। 'এই গটনাটারে কাইব্য বানায়া কি লাব অইবার পারে?'

কাইরা *ক্রি.* কেঁড়ে; কাঁড়িয়া; কাঁইড়া; হরণ; লুণ্ঠন; চুরি; জোরপূর্বক; বলপ্রয়োগ; পরদ্রব্য বলপূর্বক কেড়ে নেওয়া; বলপূর্বক ছিনিয়ে নেওয়া। 'আর কতকাল রে অত্যাচারী ছার্বীয় দানব/ থাবা মাইরা কাইরা নিবি পিঞ্জিরার পাখি?'

কাইর‍্যা *বিণ. দ্র.* কাইরা।

কাইল[১] *বিণ.* কাল; গতকাল; আগামীকাল। 'কাইলেরটা কাইল আইজেরটা বি আইজ কাবার কর।'

কাইল[২] *বিণ.* ক্লান্ত; অতিশয় শ্রান্ত; পরিশ্রান্ত; অবসন্ন; অবসাদগ্রস্ত। 'এট্টু লৌর পাইরা কাইল অইলে চলবো ক্যামনে?'

কাইলকা *বিণ. বি.* কালকে; গতকাল; আগামীকাল; কাল; কালকে; কালি; কালিকে; আগামী দিন। 'কাইলকা বেয়েন অইলেই ঈদ, আইজকা কাইজা করতাচ ক্যালা?'

কাউঠা *বি. বিণ.* কিপটা স্বভাবের; কৃপণ (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'কাউঠায় নাকি দ্যাছি মুর্গির বিরিয়ানী খিলাইব?'

কাউঠ্যা *বি.* কচ্ছপ; কাছিম; পিঠে শক্ত হাড়সম্পন্ন চার পা বিশিষ্ট জলজপ্রাণী; কূর্ম। 'ছ্যালেন্ডার কইরা নিয়াজী কাউঠ্যার লাহান মাতাডারে বিত্রে ঢুহাইয়া ফালাইল।'

কাউঠার বাচ্চা *বি.* কিপটার সন্তান; কৃপণের সন্তান (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'এত্ত পেদানী খায়্যা বি কাউঠার বাচ্চার চোকে পানি আইল না।'

কাউঠার গরের কাউঠা *বি.* কিপটার সন্তান কিপটা; কৃপণের সন্তান কৃপণ (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'কাউট্ঠ্যার গরের কাউঠায় জকাত ফিত্‌রা কিচ্ছুই দেয় না।'

কাউয়া *বি.* কাক; করট; বলিপুষ্ট; সকৃৎপ্রজ; ধ্বাঙ্ক্ষ; আত্মঘোষ; পরভৃৎ; বলিভুক; বায়স; পক্ষীবিশেষ; কাল রঙের মাঝারি আকৃতির পাখি। 'কাউয়া হাজলে-গুজলে কুনোদিন ময়ূর পকখি অইবার পারব না।'

কাউয়্যা *বি.* কাউয়া।

কাউয়াল *বি.* কাওয়ালি গায়ক; কাওয়ালী; মুসলমান সমাজে প্রচলিত হামদ ও নাত শ্রেণির স্তুতিমূলক সংগীত; ঐ সংগীতের তাল ও সুর। 'তার মাজারে ইনডিয়ার বর বর কাউয়ালরা কাউয়ালি গায়।'

কাউয়ালি *বি.* কাওয়ালি; কাওয়ালী; মুসলমান সমাজে চালু মহানবীর (সা.) প্রশংসাপূর্ণ সংগীত বিশেষ। 'আমার কাচে কাউয়ালি অইল ছেরা গানা।'

ক্যাচকা *বিণ.* ফাঁদে ফেলা; বেকায়দায় ফেলা; চক্রান্তে ফেলা; কৌশলে আটকে ফেলা; ফন্দিতে প্যাঁচে ফেলা। 'পাকি ছেনারা মুকতিগো ক্যাচকা মাইর খায়্যা খালি ইয়া নপছি ইয়া নপছি করবার লাগছিল।'

ক্যাচকি *বিণ.* *দ্র.* ক্যাচকা।

কাচমিঠা *বিণ.* কাঁচা মিঠা। 'তুমার দিলটা এক্কেবারে কাচমিঠা আমের টুরকার লাহান।'

কাচা মাইরা *ক্রি.* কোমর বেঁধে; মাজা বেঁধে; কোনো কার্যসাধনে উঠে পড়ে লাগা; পেটি বেঁধে। 'বোলা ফল চাইলে কাচা মাইরা নাইমা পর।'

কাচ্চাম্বর *বি.* উন্নতজাতের শাঁখা; নারীদের হাতে ব্যবহৃত অলংকার বিশেষ। 'দুরগা পূজা আইলে তুমারে কাচ্চাম্বর কিন্না দিমু।'

কাচে *বি.* কাছে; নিকটে; অদূরে; সমীপে; সন্নিহিত; আসন্ন; কাছাকাছি। 'ইতিহাছ জানবার লাইগা ছুটলাম পোপেচার মতিন ছাবের কাচে।'

ক্যাচাল *বি.* ঝামেলা; ঝঞ্ঝাট; ঝক্কি; ফ্যাসাদ; ঝগড়া; বিবাদ। 'ক্যাচাল কইরা ফয়দা অইব না।'

কাছ *বি.* কাশ; কাশি; ঠান্ডারোগ। 'বুইর‍্যা ব্যাটার নিমুনিয়া খকুর খুকুর কাছ।'

কাছমির *বি.* কাশ্মির; জাফরান; কুঙ্কুম; হিমালয়ের পশ্চিমে ভারত ও পাকিস্তানের দ্বারা দ্বিধাবিভক্ত একটি প্রাচীন রাজ্য।

কাছায়া *ক্রি.* নিকটে আসা; ঘনিয়ে আসা; কাছে আসা; এগিয়ে; এগোনো; এগুনো; অগ্রসর হওয়া; আগুয়ান। 'মাইয়্যার ইচকুল ছুট্টি অইবার টাইম কাছায়া আইচে।'

কাছার *বি.* নেংটির মতো কোমরে কাপড় বাঁধাকে বলে কাছা। 'একবার পাইলে হালার কাছার নাগাল/ টেংরি বাইঙ্গা কান্দে ঝুলায়া দিমু।'

কাছুনদি *বি.* আচারের পরিপূরক তৈল সরিষা বাটা মিশ্রিত তরল খাদ্য বিশেষ। 'পুরানা কাছুনদি না গাইটা আগে বারনের কতা কও।'

কাজাই *বি.* ঘোড়ার লাগাম। 'বেছি হক্‌ত কইরা কাজাই দরলে গুরায় ফাল দিব।'

কাটন *ক্রি.* কাটা; কেটে পড়া; দূর হওয়া; ছিন্ন হওয়া। 'ট্যাকা না দিয়া কাটন দিবার চাও, তুমার গারের উপ্রে মাতা কয়টা?'

কাটমুল্লা *বি.* কাঠমোল্লা; অল্পশিক্ষিত; কাণ্ডজ্ঞানহীন ও গোঁড়া মুসলমান। 'হাদে কি মানু তুমারে কাটমুল্লা কয়?'

কাটাইচে *ক্রি.* কাটিয়েছে; কর্তন করেছে; খণ্ডন করেছে; বিপদমুক্ত হয়েছে বা করেছে। 'মুল্লার পুলায় বহুত মেন্নত কইরা বিপদ কাটাইচে।'

কাট্টি *বিণ.* উগ্র; অত্যধিক পরিমাণ গোঁড়া; একরোখা। 'কাট্টি মাইরা পেমের গুড্ডি ফালাইবো ছায়রে।'

কাটে *ক্রি.* কাটা; কর্তন করা; ছিন্ন করা; বিচ্ছিন্ন করা।' 'কাইলায় গাচের উপ্রে পানি ঢালে গুরায় বি কাটে।'

ক্যাঠা *সর্ব.* কে; কোনো লোক; অনির্দিষ্ট কোনো লোক; দিকে; উদ্দেশ্যে; প্রতি। 'মাইনষে কয় আমি ক্যাঠা/ ফুইছা ওঠে বাপের জ্যাঠা।'

কাঠ্ঠাল *বি.* কাঁঠাল; বিশাল আকৃতির সুমিষ্ট কোষযুক্ত ফল। এর বাহিরের দিকে ভোতা কাঁটাযুক্ত। এটি আমাদের জাতীয় ফল।

কাতার *বি.* সারি; শ্রেণি; পঙক্তি; পাঁতি; দল; লাইন। 'জমাতে নুমাজ পরবার অইলে কাতার বাইনদা খারান দরকার অহে।'

কাতেল *বি.* কাতিল; ঘাতক; বর্ধকারী; খুনি; জল্লা; হন্তা; হত্যাকারী। 'কাতেল মানুর ফাছি অইলে মোনে কছটো পাইবার কি আচে?'

কাত্তি *বি. বিণ.* কার্তিক; বাংলা বর্ষের সপ্তম মাস। 'কাত্তি মাছে ছিছির পরে লাগে ছর্দ্দি জ্বর।'

কানজির চালের বাত *বিণ.* মাটির পাতিলে চাউল দুই/ তিন দিন ভিজিয়ে রেখে যে ভাত রান্না করা হয়।

কানজুছ *বিণ.* হাড়কিপটে; বখিল; কৃপণ; ব্যয়কুণ্ঠ; অভাবগ্রস্ত; শূন্য; রিক্ত। 'কানজুছ মানু ছমাজকর্মী অইবার পারে না।'

কানদে *বি.* কাঁধে; কাঁধ; ঘাড়; স্কন্ধ; কোনো কাজের দায়িত্ব গ্রহণ করা; ভার বইবার জন্য প্রস্তুত হওয়া। 'এই কামের বার তাগো কানদে দিচে।'

কানপরা *বি.* কুবুদ্ধি দেওয়া; নির্বুদ্ধিতা; মূর্খতা; মন্দবুদ্ধি; দুর্বুদ্ধি; অসৎবুদ্ধি; মন্দবুদ্ধিবিশিষ্ট; দুর্বুদ্ধিযুক্ত। 'আকামের লাইগা কার কানপরা নিলা?'

কান বানগানি *বি.* কুমন্ত্র দেওয়া; খারাপ বুদ্ধি; কূটবুদ্ধি; অন্যের ক্ষতি করা। 'মনে অয় দলের কেউ কান বানগানি দিচে।'

কানা *বি. বিণ.* দৃষ্টিপ্রতিবন্ধী; অন্ধ; চক্ষুহীন; দৃষ্টিহীন; মূর্খ; অজ্ঞান। 'বিনা দোছে কানা বন্দুর মুন্ডা মাতায় গোল!'

কানাওলা *বি.* দৃষ্টিভ্রম; দিকভ্রান্তি। 'রাইতের বেলা কানাওলায় পইরা রছুলপুর চইলা গেচিলাম।'

কানাকানি *বি.* রটনা করা; গোপনে দোষালাপ করা; গোপন মন্ত্রণা; কানে কানে বলা কথা; বদনাম। 'কানাকানি কইরা চলোন এক্কেবারে দেকবার পারি না।'

কানাচোদা *বি. বিণ.* অন্ধ লোক দ্বারা রমণকৃত রমণী (ঘৃণ্য গালিবিশেষ)। কানা চোদার ঢেমনীটা বি কানা অয়্যা গেচে।'

কানা চোদার বাচ্চা *বি.* দুশ্চরিত্র অন্ধলোকের ঔরশজাত (ঘৃণ্য গালিবিশেষ)। 'কানা চোদার বাচ্চায় বি চখে কম দেখে।'

কানা লেওরা *বি. বিণ.* নিস্তেজ পুরুষ জনেন্দ্রিয় (গালি বিশেষ)। 'কানা লেওরা লয়্যা বেছ্ছাপারায় যাও ক্যালা।'

কানা লেওরার ঝাল ফুলুরি *বি. বিণ.* নিস্তেজ পুরুষ দিয়ে তৈরি পিঁয়াজো (আজব গালি বিশেষ)। 'তর কানা লেওরার ঝাল ফুলুরি কুনো বেছ্ছায় বি খাইব না।'

কানুন *বি.* আইন; রাজ্যশাসনের ব্যবস্থা; বিধিব্যবস্থা; নিয়ম। 'ছানতিতে থাকবার চাইলে দ্যাছের আইন-কানুন মাইনা চলোন লাগে।'

কানেকছন *বি.* সংযোগ; মিলন; নির্মাণকারী; সম্যক যোগ। 'মাজারের লগে দেছের ইচলাম দরমের বহুত দিনের কানেকছন আচে।'

কান্দা[১] *ক্রি. বি.* কাঁদা; কান্না; ক্রন্দন করা; রোদন করা। 'কান্দাকান্দি থুয়্যা বালা মোতন কাম কর।'

কান্দা[২] *বিণ.* কাঁধ; কাঁদ; ঘাড়; স্কন্ধ। 'বেছি কান্দাকান্দি করলে কান্দা বাইনগা ফালামু।'

কান্দাইয়্যা *ক্রি.* কাঁদিয়ে; কাঁদানো; ক্রন্দন করানো; রোদন করানো। 'মানুরে বেহুদা কান্দাইয়্যা কুনো লাব আচে তুমার?'

কানি বগা *বি.* ছোট আকৃতির বক পাখি। 'কানি বগার লাহান গার লম্বা কইরা কি দেকবার লাকচ?'

কান্নি *বি.* কোনাকোনি ধাবমান হওয়া; কোনা; কোনা দিয়ে; কোনা হয়ে; কোণ; প্রান্ত; ধার; কোণযুক্ত; কোণবিশিষ্ট। 'মার গুড্ডি, কান্নি মার।'

কাপনী *বি.* কাঁপন; কাঁপ; কাঁপুনি; কম্পন; স্পন্দন। 'বুকের কাপনী বারে রূপের চমকে।'

কাপায়া *ক্রি.* কাঁপিয়ে; কাঁপুনি; কাঁপানো; কম্পন; কাঁপছে এমন; ঝাঁকুনি; দোলানো; নাড়ানো। 'আমগো কিরকেট টাইগাররা মাট কাপায়া হুইটা চলে।'

কাফুর-চোফুর *বি.* কাপড়-চোপড়; দৈনন্দিন ব্যবহার্য পোশাক পরিচ্ছদ। উল্লেখযোগ্য ঢাকাইয়া ব্যবহার্য কাপড়-চোপড় যেমনঃ সার্ট; প্যান্ট; গেঞ্জি; পায়জামা; পাঞ্জাবি; কোর্তা; লুঙ্গি; শাড়ি; ধুতি; ব্লাউজ; পেটিকোট; নিমা; গামছা; তোয়ালে। তাছাড়া ঐতিহ্যবাহী কাপড়-চোপড় যেমনঃ বাফতা; বুনী; একপাট্টা; জোড়; হাম্মাম (পূর্বে ব্যবহৃত হতো)।

কাফফারা *বি.* ক্ষতিপূরণ করা; খেসারত; লোকসানের জন্য মূল্যদান। 'ক্ষমতা গেলে তোমগো আকামের কাফফারা দিতে অইব।'

কাফনী *বি.* গলায় জড়ানো কাফনের কাপড় বিশেষ যা মহররমের তাজিয়া মিছিলের সময় ব্যবহার করা হয়।

কাফুন *বি.* কাফন; কাফনি; কাফানি; কফন; মুসলমানদিগের মৃতদেহ আবৃত করবার সাদা কাপড়। 'আমার বাপে কাফুনের কাফুর মক্কাথনে লয়্যা আইচেন।'

কাবাকাবা *ক্রি. বি.* বকবক করা; বিরক্তিকর কথাবার্তা; পেচাল পাড়া। 'কিচুই না বুইজা কাবাকাবা করন বুজমানের কামনা।'

কাবার *বিণ.* পার করা; পরিপূর্ণ করা; অতিক্রম করা; সমাপ্ত; সমাপ্তি। 'ঢাহা ছহরের ইতিহাছ এক দুই দিনে কয়্যা বি কাবার করবার পারবা না।'

কাবিন *বি.* কাবীন; মুসলিম বিবাহে কন্যাকে দেয় মোহরানা। 'মুছলমানগো বিয়া ছাদিতে কাবিন দেয়োন পয়জোন অহে।'

কাবিননামা *বি.* কাবীননামা; বিবাহের চুক্তিপত্র। 'ছোমবারে মাইয়্যার বিয়ার কাবিননামার দিনক্ষণ ঠিক করছি।'

কাবিল *বিণ.* কাবেল; যোগ্য; উপযুক্ত; উপযুক্ততা; যোগ্যতা; পাণ্ডিত্য; নৈপুণ্য। 'আগে কাবিল অয়্যা পরে বিয়া- ছাদি কর।'

কাবু *বিণ.* ধরাশায়ী; নিস্তেজ; দুর্বল; বশীভূত; পরাজিত; জব্দ। 'তিনদিনের জ্বরে হরদার ছাব এক্কেবারে কাবু অয়্যা গেচে।'

কাম *বিণ.* কাজ; কর্ম; কার্য; আবশ্যক; দরকার; কৃত বিষয়; কর্তব্য; জীবিকা; চাকরি; বৃত্তি; পেশা; স্বভাব; অভ্যাস; সুফল; উদ্দেশ্য সাধন। 'তুমি চক্ষু মিয়া, মাগার চিন্তা, কামে আক্কা।'

কাম-উম *বি.* কাজকর্ম; জীবিকা; চাকরি; পেশা। 'কাম-উম কিচ্ছু নাই, ছংছার চালামু ক্যামে?'

কামরাকামরি *ক্রি. বি.* ঝগড়া ফ্যাসাদ; হিংসা বিদ্বেষ; বিবাদ; তুচ্ছ বিষয়ে ঝগড়াঝাটি। 'দুনিয়া আগায়া যাইতাচে আর আমরা কামরাকামরি কইরা পিচায়া পরতাচি।'

কামরায়া *ক্রি.* কামড়িয়ে; কামড়ানো; দংশন করা; দাঁত দ্বারা আঘাত করা; শূলানো; সজোরে চেপে ধরা। 'দাঁতে দাঁত কামরায়া কুল কিনারা পাইব না।'

কামলা *বি.* মজুর; শ্রমিক; গোলাম; ভৃত্য। 'ছরিলের গাম হুকানের আগে কামলার পাওনা মিটায়া দেও।'

কামাই *বিণ. বি.* উপার্জন; রোজগার; উপার্জন করা ধন; অনুপস্থিতি; বিরাম। 'কামাই নাই, কুমাই নাই, হারামাজাদা আবার বিয়া করবার চাহে?'

কামাইচ *ক্রি.* কামানো; অর্জন করা; রুজি করা; আয় করা; রোজগার করা। 'তুমি রাজনীতি কইরা বহুত কামাইচ।'

কামাইতাচে *ক্রি.* কামানো; অর্জন করা; উপার্জন করা; রোজগার করা; ক্ষৌরকর্ম করা; উপার্জন। 'বিদ্যাছে আমগো পুলা মাইয়ারা গিয়া বহুত বালা কাম কইরা নাম কামাইতাচে।'

কামানো *ক্রি.* আয় করা; অর্জন করা; উপার্জন করা; রোজগার করা; ক্ষৌরকর্ম করা; মুণ্ডিত। 'খাইটা পিটা কামানো পছা বেলাইনে খরচা করমু ক্যালা!'

কামিজ *বি.* কামেজ; ঢিলা জামা বিশেষ। 'আমগো ছহরে আইজকাইল কামিজের চল উইঠা গেচে।'

কামিয়াব *বিণ.* সফল; সার্থক; ফলযুক্ত; ফলবান; সুপরিণতিযুক্ত; সিদ্ধ; সফলকাম; কৃতকার্য; কামিয়াবি; কামিয়াবী; সাফল্য; সফলতা; কৃতকার্যতা। 'যে কুনো কামে কামিয়াবি অইবার চাইলে বহুত খাটাপিটা করবার লাগে।'

কামেল *বিণ.* কামিল; সিদ্ধ; পরিপূর্ণ; পূর্ণাঙ্গ; সাধন ভজনে যিনি পরিপূর্ণতা লাভ করেছেন। 'আমগো মজিদের ইমামছাব একজোন কামেল মানু।'

কায়দা *বি.* কাএদা; কৌশল; কুশলতা; দক্ষতা; নৈপুণ্য; উপায়; নিপুণতা; ফন্দি; চাতুর্য; ছল; ধূর্ত। 'কায়দা-কানুন হিকা কামে নামলে বালা ফল অহে।'

কায়েম *বিণ.* কায়িম; কায়িমী; কায়েমি; কায়েমী; কায়মী; কাএম; কাএমী; মজবুত; দৃঢ়; স্থায়ী; প্রতিষ্ঠিত। 'ছহি মোতন নুমাজ কায়েম না করা গুনার কাম।'

কারখানা *বি.* যে স্থানে দ্রব্যাদি প্রস্তুত হয়; কর্মশালা; কর্মাগার; বিপুল ব্যাপার; বিরাট কাণ্ড। 'চুর-বাটপারে আমার কারখানাটা বইরা গেচে।'

কারচুফি *বি.* কারচুপি; কারচোপ; কারচুবি; কারচোব; কৌশল; চালাকি। 'কারচুফি কইরা জাহান্নামের লাকরি অইও না।'

কারছাজি *বি.* কারসাজি; কারসাজী; কূটকৌশল; চালাকি; ছলনা; ছলচাতুরি; প্রবঞ্চনা। 'আমার লগে কারছাজি করলে দোছতালি বাইনগা দিমু।'

কারতুন *বি.* কার্টুন; ব্যঙ্গচিত্র; রঙ্গচিত্র। 'পোলাপানেরা টিবির ছামনে বয়্যা বয়্যা খালি কারতুন দেহে।'

কারবার *বি.* ব্যবসায়; বিজনেস; পেশা; ব্যবহার; লেনদেন ঘটিত সম্বন্ধ; কাজকর্ম। 'হিছাব-নিকাছ ঠিক না রাকলে তুমার লগে কারবার করুম না।'

কারবারি *বি. বিণ.* ব্যবসায়ী; ব্যবসাদার; সওদাগর; বণিক; বিশেষ কর্মে নিপুণ; উদ্যমী; উদ্যোগী। 'অহন যারা ত্যালের কারবারি অইবার পারব হ্যারা জয় ছিনায়া আইনা জিত্যা যাইব।'

কারবালা *বি.* ইরাকস্থ ঘাসপাতাহীন ধূসর
প্রান্তরবিশেষ, যে স্থানে খ্রিষ্টীয় ৭ম শতাব্দীতে হজরত ইমাম হোসেন সপরিবারে ও সবান্ধবে শহীদ হন। 'এজিদ কারবালাৎ যা গটাইচে, মোনে অইলে পানিতে চোক বইরা যায়।'

কারিগর *বিণ. বি.* কারিকর; কারীগর; কারিগরি; মিস্ত্রি; কারুশিল্পী; সূক্ষ্ম শিল্পকার্য; শিল্পনৈপুণ্য। 'তাজমোহল বানাইন্যা কারিগর আর পয়দা অইবার মোতন না।'

কারিছমা *বি.* কারিশমা; অলৌকিক শক্তি; ক্ষমতা বা গুণাগুণ; মনুষ্যের পক্ষে অসম্ভব; লোকাতীত; ইহলোকের নয় এমন। 'কারিছমা কইলে বলিউদের হিরুইন কারিছমারে বুইজ না।'

কারু *সর্ব.* কারো; কাহারো। 'কারুরটা খাইনা, আজাইরা গীত গাইনা।'

কারুন *বি. বিণ.* কৃপণ; কিরপিন; কৃপোন; অত্যন্ত ব্যয়কুণ্ঠ; কিপটে; কঞ্জুস; খরচ না করে কেবল সঞ্চয় করতে চায় এমন; অনুদার; ধনপতি; সম্পদশালী। 'পছাওলা মানু এমুন কারুন, বাবলে গিন্না অহে।'

কালা *বিণ.* কালো বস্তু; অনভিপ্রেত বস্তু; অনাকাঙ্ক্ষিত বস্তু। 'হ্যারা ঠিকই বুইজা নিচে ডাল মে কুচ কালা হ্যায়।'

কালাকানুন. *বি.* অন্যায় বিধি; প্রজাপুঞ্জের স্বার্থহানিকর আইন। 'কালাকানুন বানাইয়া গোলা পানিৎ আরামছে মাছ দরবার মওকা দিমু না।'

কালাজাবুন *বি.* কালো জাম; বিশাল গাছে ক্ষুদ্রাকৃতি সুমিষ্ট ফল।

কালাম *বি.* বাক্য; বাণী; কথা; আদেশ; নির্দেশ; হুকুম। 'আমি আল্লার পাক কালাম অক্করে অক্করে মাইন্যা চলি।'

কালিয়া *বিণ. বি.* মাছ-মাংসাদিতে প্রস্তুত উপাদেয় তরকারি বিশেষ। 'রুইত মছলির কালিয়া না অইলে বাতপাক্কা জমবার পারব না।'

কাহানি *বি.* কাহিনি; ইতিহাস; বিবরণ; জনরব; গল্প; উপন্যাস; বৃত্তান্ত; কথনিকা। 'তুমি বহুত

দিন আগে বাইচকোপের কাহানি হুনাইচিলা।'

কাহালি *বি.* ধানবানার জন্য শক্ত কাঠের তৈরি সরঞ্জাম। 'কাহালি দিয়া দান কুইট্টা দিন চালাইত বইলা এরা কুট্টি নাম পায়।'

কাহিনী মারানী *বি. বিণ.* যে রমণী কুকীর্তি করে বেড়ায় (ঘৃণ্য গালি বিশেষ)। 'ঢেমনির গরের ঢেমনি কাহিনী মারানী না অয়্যা কি পারে!'

কাহিল *বিণ.* নিস্তেজ; দুর্বল; কমজোর; পরিশ্রান্ত; ক্লান্ত; রুগ্‌ণ। 'তুমারে খুব কাহিল কাহিল মোনে অইবার লাকচে।'

কাহেক *বিণ.* ধূর্ত; চতুর; চালাক; ঠক; শঠ; প্রবঞ্চক; প্রতারক; ঠকবাজি। 'বাঙলার এক দুষ্মন হ্যালায় ইমুন কাহেক।'

কাহেল *বি.* কাঠের হামান দিস্তা। 'আগিলা জমানার মানু কাহেল দিয়া দান মছলা কুটত।'

কাহেলা *বি. দ্র.* কাহেল।

কাহেলচা *বি.* কাহেল দিয়ে চাল, মসলা গুঁড়া করার নিমিত্তে মোটা কাঠের তৈরি সরঞ্জাম বা বড় পাত্র বিশেষ।

ক্যাটক্যাট *ক্রি* বগর বগর। 'এত্ত ক্যাটক্যাট থুয়্যা বালা কতা কও।'

ক্যাঠা *সর্ব.* কে; কেডা; কেটা; কোন জন। 'দ্যাছের লাইগা জান দিচে ক্যাঠা, মুকতিরা নাকি হ্যালায় রাজাকাররা।'

ক্যান *অব্য.* কেন; কী জন্য; কী কারণ; কী প্রয়োজন। 'আমার টাইত্তে বুদ্দি না লয়্যা একলা একলা গেলি ক্যান?'

ক্যাপটিন *বি.* ক্যাপটেন; অধিনায়ক; দলনেতা। 'অল-রাউন্ডার ছাকিবরে ক্যাপটিন বানায় না ক্যালা?'

ক্যামুন *ক্রি.বিণ.* কেমুন; কিরূপ; কী প্রকার; কী ধরনের; কী রকম; কেমন। 'মাইয়া মানুর মোন বুঝ না ক্যামুন মানু তুমি?'

ক্যাম্বে *বিণ.* কীভাবে; কী করে; কোনভাবে; কোন প্রকারে; কিরূপে। 'এই আচানক কামটা ক্যাম্বে করলা?'

ক্যারক্যার *ক্রি.* অনর্গল কথা বলা; বকর বকর করা; ক্রমাগত বৃথা বাক্য ব্যয় করা; বাচালতা করা। 'মুরগির মোতন তুমার ক্যারক্যার ছবাব কবে যাইব!'

ক্যারক্যারি *বি.* যে অনর্গল কথা বলে; অনর্থক বকবককারী; অতিরিক্ত বাচালতা করে যে। 'এই ছব ক্যারক্যারি থুয়্যা বালা মোতন কতা কও।'

ক্যারাব্যারা *বিণ.* এলোমেলো; এলোপাতাড়ি; এলোপাথাড়ি; এলোপাতালি; বিশৃঙ্খল; দিগ্বিদিকজ্ঞানশূন্য। 'ব্যাবছায় লুচকান খায়্যা অহন আমার ক্যারাব্যারা অবচতা অয়্যা গেচে।'

ক্যারদানী *বি.* বাহাদুরি; ইংরেজ আমলের সরকারি খেতাবের অংশ; বীর; দুঃসাধ্য কর্ম সম্পন্নকারী; কৃতী; সাহসী; নির্ভীক। 'ক্যারদানী মার্কা পাকি জেনারেলরা মাইরের চোটে বেনকারে হান্দাইয়া আর বাহার অইবার নাম লইবার পারচিল না।'

ক্যালা *বিণ.* কেন; কেনে; কেনি; কী জন্য; কী হেতু; কী কারণে। 'আমারে মিছাকতা কইবার কও ক্যালা?'

ক্যালা কেন; কোনো; কেনে; কেনি; কী জন্য; কী হেতু; কী কারণে; আহ্বান বা ডাকের উত্তরে প্রশ্ন; আহ্বানের কারণ জিজ্ঞাসা। 'আমার পারমিছোন ছারা গেচ ক্যালা?'

ক্যালাইগা *অব্য.* কিসের জন্য; কী জন্য; কেন। 'এদ্দিন বাদে ক্যালাইগা আইচ।'

ক্যালাকর *বিণ.* পাত্‌লা শাঁখা; নারীদের হাতে ব্যবহৃত অলংকার বিশেষ।

কিচিম *বি.* রকম; প্রকার; ধরন; মতো; নীতি; ভঙ্গি; বিভিন্ন ধরনের; বিচিত্র ধরনের; ভাবভঙ্গি; চালচলন; হাবভাব। 'হাইকোর্ট মাজার নিয়া বহুত জন বহুত কিচিমের কতা পারে।'

কিছিম *বি. দ্র.* কিচিম।

কিচু *বিণ.* কিছু; অল্প পরিমাণ; সামান্য কয়েক; অল্প স্বল্প। 'বহুত দিন বাদে আইলা, কিচুদিন থাইকা যাও।'

কিছমত আলা *বিণ.* সৌভাগ্যবান। 'তুমার মোতন এমুন কিছমত আলা মানু কয়জোন আচে?'

কিছমৎ *বি.* কিসমত; কেসমত; অদৃষ্ট; ভাগ্য; তকদির; কপাল। 'ব্যাবছায় লাব করবার চাইলে বুদ্ধি কিছমৎ দুই বি লাগে।'

কিচ্ছা *বিণ.* কেচ্ছা; কেস্‌সা; কিস্‌সা; গল্প; উপাখ্যান; কাহিনি; উপকথা; ক্ষুদ্র উপন্যাস; আলাপ; কুৎসা; নিন্দাচর্চা। 'বাচপানকালে দাদি নানির কাচে বহুত কিচ্ছা হুনচি।'

কিচ্ছু *বিণ.* কিচু।'

কিছ্যু *বিণ. দ্র.* কিচু।

কিতাব *বি.* কেতাব; গ্রন্থ; পুস্তক; বই; কুরআন শরিফ;

পুঁথি। 'পাক কুরআন ছব চাইত্তে ছেরা আছমানি কিতাব।'

কিনন *ক্রি.* ক্রয় করা; খরিদ করা; কেনা; মূল্য দিয়ে কোনো কিছু গ্রহণ করা; মূল্য দিয়ে নেওয়া হয়েছে এরূপ। 'কিনন মাল ফিরৎ লয় না।'

কিনারা *বি.* কিনার; তীর; পার; সীমা; প্রান্ত; প্রতিকার; সমাধান; উপায়; বিহিত-ব্যবস্থা; নিষ্পত্তি; ফয়সালা; সন্ধান; খোঁজ; খোঁজ বা অনুসন্ধানের দ্বারা বাস্তব তথ্য উদঘাটিত করা। 'তুমার কতার কুনো কুল-কিনারা পাইতাচিনা।'

কিন্না *ক্রি.* কিনে; ক্রয় করে; খরিদ করে। 'দুই আন্নির বাদাম কিন্না খাইতে খাইতে ছহরের বাপান্ন বাজার আর তিন পঞ্চাছ গলি বি গুইরা আহন যাইত।'

কিবলা *বি.* কেবলা; মক্কা মোয়াজ্জমার কাবাগৃহ, যার দিকে মুখ করে নামাজ পড়া হয়; এমন শ্রদ্ধেয় ব্যক্তি যিনি মাতাপিতা বা অন্যান্য গুরুজনের স্থলাভিষিক্ত হতে পারেন; পিতা। 'ছব মুছলমান কিবলামুখি অয়্যা নুমাজ আদায় করে।'

কিমত *বি.* দাম; মূল্য; ক্রয়-বিক্রয়ে দ্রব্যের বিনিময় নির্ধারণ; দর। 'জমিনের কিমত জব্বর বেচতি অয়্যা গেচে।'

কিম্‌তি *বিণ.* দামি; মূল্যবান; দুর্লভ; বহুমূল্য; মহৎকর্মক্ষম; উন্নত কর্মের যোগ্য; দাম দিয়ে নেওয়ার অযোগ্য এমন। 'কিমুন কিম্‌তি কিমুন মদুর ছাদীনতার ছাদ!'

কিমুন *ক্রি. বিণ.* কেমন; কী প্রকার; কী ধরনের। 'কিমুন পুরুছ তুমি মাইয়্যামানুর মোন বুজ না।'

কিমুনতর *ক্রি. বিণ. দ্র.* কিমুন।

কিম্মত *বি. দ্র.* কিমত।

কিরকেট *বি.* ক্রিকেট; একই দলে এগারোজন খেলোয়াড় বিশিষ্ট বিশেষ ধরনের খেলা। 'কিরকেট খেলায় আমগো জয় দেখলে ছরিলের খুন ফাল দিয়া উটে।'

কিরছক *বি.* কৃষক; কৃষান; চাষি। 'কিরছক অওয়া কি মোখের কতা?'

কিয়ামত *বি.* কেয়ামত; পুনরুত্থানের দিন; চূড়ান্ত বিচারের দিন; যেই মহা ভয়ংকর দিনে আল্লাহ্ পাক মানবজাতির পৃথিবীতে কৃত যাবতীয় কার্যের সূক্ষ্মাতিসূক্ষ্ম বিচার করবেন। 'দুনিয়া কিয়ামত অইব, এইটা কুরআন- হাদিছের বিদান।'

কিরছান *বি.* কিরছক।

কিরছি *বি.* কৃষি; চাষ; কর্ষণকার্য; কৃষকের কর্ম। 'কিরছি, ফরিন,

হুমের মুনতিরির পদ বহুত বরঅ আর দামি।'

কিরা *বি.* কিরে; কীরা; শপথ; কসম; প্রতিজ্ঞা। 'কতায় কতায় এত্ত কিরা-কছম কাটছ ক্যালা?'

কিরুম *ক্রি. বিণ. দ্র.* কিমুন।

কিলবি *ধন্যা.* অনবরত নড়চড় করা; লাফালাফি করা; ফালাফালি করা। 'কানি ব্যাঙ্গের লাহান কিলবি পারতাছ ক্যালা?'

কিলিয়ার *বিণ.* ক্লিয়ার; পরিষ্কার; নির্ঝঞ্ঝাট। 'কুনো জৎবা না রাইখ্যা দিলডারে কিলিয়ার রাক।'

কিল্লা *বি.* কেল্লা; সৈন্যদের আস্তানা; রাজপ্রাসাদ ও সেনানিবাস; দুর্গ; গড়। 'শায়েস্তা খা লালবাগের কিল্লা বানাইছে।'

কিল্লাইগা *অব্য. দ্র.* ক্যালাইগা।

কিস্তিমাত *ক্রি. বি.* কিস্তিমাৎ; অভাবিত বিজয় অর্জন; সম্পূর্ণরূপে জয়লাভ; পূর্ণ সফলতা লাভ। 'মৌজ-ফুর্তি-জিন্দাবাদ/ ফুটানিতেই কিস্তি মাত।'

কীনা *বি.* হিংসা; বধ; হনন; অনিষ্ট; অপকার; ক্ষতি; পরের ক্ষতি করবার বাসনা। 'কীনা কাতর আত্নীয়-বান্দপ দল/ যখন তখন দিয়া ছুখের খোচা।'

কুইট্টা *ক্রি.* কুটে; ধানবেনে; ধানকুটে; ধানের খোসা ছাড়িয়ে। 'দানগুনা কুইট্টা দেয়োনের মানু ডাক।'

কুইরা *বিণ.* কুঁড়ে; অলস; পরিশ্রমবিমুখ; উদাস; মন্থর। 'এই কুইরাটারে লয়্যা কুনোমুখি যায়োনের মোন চাহে না।'

কুকিলা *বি.* কোকিল; কালো রঙের মাঝারি আকৃতির অর্থাৎ কাকের চেয়ে একটু ছোট আকৃতির মৌসুমি পাখি। বসন্তকালে এর কু-উ রব সকলের মনমুগ্ধ করে।

কুচ *বিণ.* কিছু; অল্প; সামান্য। 'কুচ আমি কমু, কুচ তুমি বি কইবা।'

কুচুয়ান *বি.* কোচোয়ান; কোচওয়ান; কোচম্যান; কটচম্যান; গাড়োয়ান; ঘোড়ার গাড়িচালক। 'কুচুয়ান কও গারুয়ান কও ছহর ঢাকায় বারি, মেগে বিজি; রইদে হুকাই ক্যার লগে নাই আরি।'

কুছতাকুছতি *বি.* কোস্তাকুস্তি; ধস্তাধস্তি; টানাহেঁচড়া; জবরধস্তি। 'জিতবার চাইলে কুছতাকুছতির চাইত্তে বুদ্দি বেছি কাম লাগে।'

কুটনা *বি. বিণ.* দংশনকারী; বিবাদ সৃষ্টিকারী; ষড়যন্ত্রকারী; অসরল; বক্র। 'কুটনা মানু আমার জানের দুছমন।'

কুটনামী *ক্রি. বি.* দুর্নাম রটানো এবং বিবাদ সৃষ্টিকারী ব্যক্তি বা মহিলা। 'এই বয়ছে কুটনামী ছুবা পায় না।'

কুটনি চোদা *বিণ.* বিবাদ সৃষ্টিকারীর দ্বারা রমণকৃত (ঘৃণ্য গালি বিশেষ)। 'কুটনি চোদায় দুই ছিনালের মইদ্যে কাইজা লাগাইচে।'

কুটনি মাগী *বিণ. বি.* অন্যের কাছে কথা লাগায় যে নারী; নিন্দাচর্চাকারী নারী (ঘৃণ্য গালি বিশেষ)। 'এই বুরিটা একটা ছাংগাতিক কুটনি মাগী অয়্যা গেচে।'

কুটনি মাগীর গরের কুটনি মাগী *বি. বিণ.* কুটনির মেয়ে কুটনি (ঘৃণ্য গালি বিশেষ)। 'কুটনি মাগীর গরের কুটনি মাগী আবার কাহিনী মারান ছুরু করচে।'

কুটিল *বি. বিণ.* অসরল; বক্র; সোজা নয় এমন; জটিল; কুটিলতা। 'কুটিল মানু কারুর দোছ অইবার পারে না।'

কুট্টি *বি.* আদি ঢাকায় বসবাসরত ঢাকাইয়া বাংলা ভাষাভাষী সম্প্রদায়। ঢাকার এই প্রাচীন অধিবাসিদের 'কুট্টি' নামে অভিহিত করা হয়। কুট্টি শব্দটি এসেছে ধান কুটা বা ধান ভানা থেকে। ঢেঁকির মাধ্যমে ধান হতে চাল ও তুষ আলাদা করার পদ্ধতির নাম 'ধানকুটা।' ধানকুটে জীবন-যাপন করত বলে এদেরকে 'কুট্টি' বলা হয়। এরা একটি পেশাজীবী সম্প্রদায়। জানা যায় যে, ১৭৬৯ থেকে ১৭৭০ সালের দিকে যখন বাংলাদেশে ব্যাপক দুর্ভিক্ষ দেখা দেয় তখন নাসিরাবাদ [ময়মনিসিংহ], কুমিল্লার সুধারাম [নোয়াখালি], জালালপুর [ফরিদপুর], মুন্সিগঞ্জ ও অন্যান্য এলাকা হতে দরিদ্র শ্রেণীর লোকজন জীবিকা অর্জনের জন্যে ঢাকায় এসে ভিড় জমায় এবং ধোলাইখাল এলাকায় বসতি স্থাপন করে। তখন শহরের ধনী জমিদারেরা খাজনার পরিবর্তে প্রজাদের কাছ থেকে যে ধান আদায় করত এসব লোক সেই ধান ঢেঁকিতে কুটত বা ভানত এবং এ বাবদ প্রাপ্ত মজুরি বা অর্থ দিয়ে জীবিকা নির্বাহ করত। এ জন্যই ধান কুটা কাজে নিয়োজিত শ্রেণীর লোকরা 'কুট্টি' নামে পরিচিত হয়।
এ সময় অর্থাৎ আঠারো শতকের মধ্যভাগে পূর্ব বঙ্গে চাল একটি গুরুত্বপূর্ণ রপ্তানি পণ্য ছিল। এবং সুবে বাংলার রাজধানী ঢাকা ব্যবসা বাণিজ্যের বিরাট কেন্দ্রে পরিণত হয়। চাল রপ্তানিকারকরা

ছিল মাড়োয়ারি ও ভারতের মধ্যে অঞ্চলের মানুষ। তারা পূর্ব বঙ্গের বিভিন্ন এলাকা থেকে ধান সংগ্রহ করত। সংগ্রহ করা বিপুল ধান ঢেকিতে ভানতে বা কুটতে হতো। এই ধান ভানা বা কোটার কাজে প্রচুর শ্রমিক নিয়োগ করতে হতো। এইসব শ্রমিকদের প্রধান কাজ ছিল ধান কুটে চাল বের করা এবং যে সকল জমিদার ঢাকায় বসবাস করতে আসত, তাদের দালান কোঠা তৈরির জন্য ইট ভেঙে দেওয়া লাগত। সেই ইট ভাঙা বা কোটার কাজও করতো ঐ শ্রমিকেরা। তাদের কোটা থেকে 'কুট্টি' শব্দের বা একটি গোষ্ঠী মানব সমাজ নতুন নাম ধারণ করে সমাজে থেকে যায়। সেই থেকে যাওয়া মানুষরাই পুরনো ঢাকার মানুষ। যে মানুষেরা নিজেরা একটি ভাষা তৈরি করেছে নিজেদের জীবন ধারণ ও জীবনে প্রয়োগের জন্য। তারা হয়তো জানত না নিজেদের অজান্তেই একটি ভাষার জন্ম তারা দিচ্ছে বা দিয়েছে। কালের বিবর্তনে ঢাকা শহরে, পুরনো ঢাকা মানে কুট্টিদের ঢাকা, কুট্টি ভাষা নতুন রূপ পরিগ্রহ করে আজকের জায়গায় পৌঁছেছে। ১৯৪৭ সাল পর্যন্ত সময়ে এদের আবাসস্থল ছিল পুরান ঢাকার ধোলাইখাল, তাঁতি বাজার, শাঁখারিবাজার, পাটুয়াটুলি, বাংলাবাজার, ফরাশগঞ্জ, গেন্ডারিয়া, লক্ষ্মীবাজার, নারিন্দা, মৈশুন্দি, মদনমোহন বসাক রোড, নবাবপুর, ওয়ারী, বনগ্রাম, হাটখোলা, টিকাটুলি, কায়েতটুলি, নবাবগঞ্জ। পরবর্তীকালে বংশবৃদ্ধি ও পেশাগত কারণে কুট্টিরা ঢাকার বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়ে। এরা মুসলমান। এদের নিজস্ব বিভিন্ন সামাজিক রীতি–নীতি রয়েছে। এসব রীতি–নীতি জাঁকালোভাবে পালিত হয়। এদের মুখের ভাষা স্থানীয় বাংলা হলেও কিছুটা উর্দু, ফার্সি, আরবি, হিন্দি মিশ্রিত। কথা বলার ঢং বা উচ্চারণে বিশেষ টান রয়েছে। উচ্চারণে বাংলা বর্ণমালার মহাপ্রাণ ধ্বনি যেমন- ঘ, ধ, ড়, ভ ইত্যাদি বেশিরভাগ ক্ষেত্রে অনুপস্থিত। তবে মহাপ্রাণ বর্ণের ধ্বনি বিশিষ্ট বর্ণ ঝ এবং ঢ এর কিছুটা সঠিক ব্যবহার লক্ষণীয়। একই সাথে শ, ষ, স এর উচ্চারণ ছ এবং ছ এর উচ্চারণ চ হিসেবে করে থাকে। কুট্টিরা বংশানুক্রমে ঢাকাবাসী এবং নিজেদের পারিবারিক ও সামাজিক ঐতিহ্যের অনুসারী। বর্তমানে অনেকে ঢাকার বিভিন্ন আবাসিক এলাকায় বসবাস করছে।

কুতুকুতু *বি.* কাতুকুতু; অঙ্গস্পর্শ দ্বারা সুড়সুড়ি; শরীরের স্থান বিশেষে স্পর্শ দ্বারা শিহরিত করানো যা হাসানো। 'রইবারে কবির দলে মারে কুতুকুতু।'

কুত্তা *বি.* কুকুর; চতুস্পদ গৃহপালিত পশুবিশেষ; সারমেয়; প্রাণীকুলের মধ্যে সবচেয়ে প্রভুভক্ত; প্রাণী হিসেবে এর খ্যাতি বিশ্বজুড়ে। 'কুত্তার লগে কুত্তার পাওঅ কামর দিলে কুত্তায় বি মাতায় কামর দিব।'

কুত্তাচোদা *বিণ.* কুকুরের সাথে সঙ্গম করা সন্তান (জঘন্য ও ঘৃণ্য গালি বিশেষ)। 'কুত্তাচোদায় আবার গেয়ান দিবার চায়।'

কুত্তার বাচ্চা *বি. বিণ.* কুকুরের বাচ্চা, নীচ স্বভারের লোক (ঘৃণ্য গালি বিশেষ)। 'একটা কুত্তার বাচ্চার নাম হ্যালায় বাগা অয় ক্যামে?'

কুদরত *বি.* কুদরৎ; ক্ষমতা; বিপুল শক্তি; অসাধারণ বা অলৌকিক ক্ষমতা; দক্ষতা; নৈপুণ্য; কৌশল। 'আল্লার কুদরতের কুনো ছিমা নাই।'

কুনহানে *বিণ.* কোথায়; কোনস্থানে; কোনখানে। 'ঢাকার পোলা আমি মাগার ঢাকায় অহন নাই/ পুরান ঢাকায় মনটা থাকে কুনহানে কন যাই?'

কুনো *বিণ.* কোনো; অনির্দিষ্ট বা অনির্ধারিত একজন লোক বা একটি বস্তু; কে বা কী; বহুর মধ্যে একটি বা একজন। 'জীবুনে পাপ করে নাই এমুন কুনো মানু কই পাইবা।'

কুনি *বি.* হাতের কুনই। 'হেপাজতের লগে বিরা কুনি মাইরা লাছ চানচ নিবার চাইচিল।'

কুপানি *ক্রি.* কোপানো; কোবানো; তীক্ষ্ণধার অস্ত্র দ্বারা পুনঃপুন আঘাত করা; তীক্ষ্ণ অস্ত্র দ্বারা কোপ দেওয়া। 'মুকতিগো কুপানির চোটে পাকিগো অনেক বিদেছি গেটুরা মুক ফিরাইয়া লইচিল।'

কুপ্পি *বি.* কুপি; মশক; টিনের তৈরি কোরোসিনের প্রদীপবিশেষ। 'আমরা কুপ্পি-বাত্তি দিয়া লিহাপরা হিকা আইচি, আমগো বিদদার জুর মানবনা ক্যালা?'

কুফতা *বি.* কোপ্তা; মসলা সহযোগে প্রস্তুত মাছ বা মাংসের ভাঁজা বড়া বিশেষ। যেমন– কোপ্তাকারি; নবাবি কোপ্তা; বেরঞ্জি কোপ্তা; মিষ্টি কোপ্তা; টক কোপ্তা; নারগিসি কোপ্তা; চিতল মাছের কোপ্তা; চিংড়ি মাছের কোপ্তা; ফলিমাছের কোপ্তা।

কুফর *বি.* কোফর; আল্লাহ্‌র আদেশ নির্দেশকে যারা অবজ্ঞাভরে প্রত্যাখ্যান করে, আল্লাহ্‌য় অবিশ্বাসী; বহু ঈশ্বরবাদ; আল্লাহ্‌র তাওহীদ বা একত্ববাদে অবিশ্বাস; আল্লাহ্‌কে প্রত্যাখ্যান; আল্লাহ্‌হ ও রসুলের প্রতি অবিশ্বাস; মিথ্যা বা অলীক শাস্ত্র। 'কুফররা পরকালে জাহান্নামের লাকরি অইব।'

কুফা *বিণ.* অপয়া; অলক্ষণা; কুলক্ষণা; অমঙ্গলজনক; অশুভ। 'টিক্কার মতন কুফা হায়ার করচিল দেইখ্যা ইয়াহিয়ার হ্যাই অবচ্‌তা অইচিল।'

কুমপানি *বি.* কোম্পানি; কম্পানি; যৌথ ব্যবসায় বা ব্যবসায় প্রতিষ্ঠান; বণিক সমিতি; ইস্ট ইন্ডিয়া নামে খ্যাত বণিক সম্প্রদায় যারা ভারতবর্ষে ব্রিটিশ সাম্রাজ্য স্থাপন করে। 'হ্যাইকালে মানু কইত কুমপানিকা মাল অগো মায়রে বাপ দরিয়া মে ঢাল।'

কুমবির *বি.* কুমির; নক্র; জলচর সরীসৃপবিশেষ; বিরাটকায় হিংস্র জন্তুবিশেষ। 'পানি বিদদুত গ্যাছ নিয়া মজমা মিলায়া গলা ফাটায়া কুমবিরের লাহান কানদন শুরু করচ।'

কুরছি *বিণ. বি.* কুরসি; কুরসী; কুর্সি; কুর্শী; উপবেশন করার উঁচু আসন; কাঠ- লোহা বা অন্য কোনো বস্তু দ্বারা নির্মিত আসন; কেদারা; চেয়ার। 'মেমানের বছবার লাইগা কুরছিটা আইন্যা দেও।'

কুরবান *বি.* কোরবান; কোরবানি; কোর্বান; কুর্বান; কুরবানি; কোর্বানি; আল্লাহ্‌ তাআলাকে সন্তুষ্ট করার জন্যে কৃতজ্ঞতাস্বরূপ কোনো প্রাণী বলিদান; বিশেষ কোনো উদ্দেশ্যে আত্মাহুতি বা জীবনদান; খোদার রাহে ১০ই জিলহজ তারিখে ইসলাম ধর্মের বিধি মোতাবেক সক্ষম মুসলমানদের পশু উৎসর্গ। 'বকরিদে মোনের খরাবি কুরবান করাটা আছল কাম অয়োন পরে।'

কুরবানি *বি.* কোরবানি; কুরবানি; কোর্বান; কুর্বান; কোর্বানি; অসীম ত্যাগ; বিসর্জন; উৎসর্গ; বিশেষ উদ্দেশ্যে জীবন বা আত্মদান; আল্লাহর উদ্দেশে জিলহজ মাসের দশ তারিখে ইসলামি শরিয়ত অনুযায়ী পশু জবাই। 'গরু, ছাগল, দুম্বা, উট কুরবানি করবার আগে নিজের নপচের কুরবানি অইল গিয়া ফরজ কাম।'

কুরমা *বি.* কোর্মা; কোরমা; তুর্কি পদ্ধতিতে প্রস্তুত ঝালহীন রান্না করা গোশ্‌ত। যেমন- মাংসের কোরমা; কোরবানির সাদা মাংস বা মাংসের কোরমা; গরুর মাংসে পেঁয়াজের কোরমা; খাসির মাংসের কোরমা; আরমানি কোরমা; চিংড়ি মাছের কোরমা; শৈল মাছের কোরমা; কোফতা কোরমা। মুরগির মুলতানি কোরমা; মুরগির পেঁয়াজি কোরমা; আনারসের টক মিষ্টি কোরমা।

কুরাল *বি.* কুঠার; কুঠারী; কুড়াল; কাষ্ঠছেদক অস্ত্র; টাঙ্গি; পরশু; বাইস।

কুলফি *বি.* আইসক্রিম জাতীয় খাবার। 'তুমারে দেইহা দিলডা কুলফির লাহান ঠানডা হিতল অয়্যা গেচে।'

কুলাইব *ক্রি. বি.* কুলানো; সক্ষম হওয়া; যথেষ্ট হওয়া; প্রয়োজন মেটা; অভাব দূর হওয়ার মতো হওয়া; জায়গা পাওয়া; স্থান সংকুলান হওয়া; বন্দোবস্ত করা। 'গাহানা নিয়া কতা পারবার গেলে দুই চাইর রাইতে কুলাইব না।'

কুলানো *ক্রি.* সক্ষম হওয়া; সবল; সমর্থ; শক্তিময়; সবল অবস্থা; শক্তিযুক্ত অবস্থা; নিপুণতা; ক্ষমতা সামর্থ্য। 'বই গাটোন ছারা কুলানো কঠিন বিছয়।'

কুলায়া *ক্রি.* কুলিয়ে; কুলিয়ে ওঠা; পেরে ওঠা; সেরে ওঠা; যথেষ্ট হওয়া; প্রয়োজন মেটা; অভাব দূর হওয়ার মতো হওয়া। 'প্যাটের বুক ছামাল দিয়া কুলায়া উটবার পারুম না, লও খ্যায়া লই।'

কুলি *বি.* মালপত্র বহনকারী; মুটে; মুটিয়ে; যে মোট বহন করে জীবিকা অর্জন করে; মোট বহনকারী; ভারিক; গরিব শ্রমিক; অতি সাধারণ শ্রমজীবী। 'কুলিগো কছটো দেইখা দিল কাইপা উটে।'

কেইল্লা *বিণ.* কেন; কী জন্য; কী কারণে। 'রিকশা-ঠেলা ঠেইল্লা/ অবাক দুচোখ মেইল্লা/ বাচার রুটি বেইল্লা...আইছিল যে কেইল্লা!'

কুয়ত *বি.* কুওত; কূওত; কুওৎ; কুয়ৎ; শক্তি; শকতি; ক্ষমতা; সামর্থ্য; বল; সক্ষমতা; শক্তিশালী; শক্তিমত্তা; কর্মদক্ষতাদির মাত্রা; মনের শক্তি; বিপুল ক্ষমতার অধিকারী; শক্তিমত্তা। 'মুকতিগ ইমানি কুয়ত না থাকলে নিয়াজীরে পিয়াজী বানাইচে ক্যাম্বে?'

কুয়া *বি.* কূপ; মাটি খনন করে পানি সংগ্রহের নিমিত্তে তৈরি সরু গর্ত বিশেষ। 'কুয়ার ব্যাঙ্গে হাগরের খবর জানব ক্যাম্বে?'

কেউচা *বি.* কেঁচো; কেচুয়া; ভূমি মধ্যস্থ কৃমি জাতীয় কীটবিশেষ; মহীলতা; কৃমি সদৃশ পোকা; কেঁচোর মতো হীন বা কৃশকায় ব্যক্তি। 'কেউচা না হাপ দেইখ্যা ওজা ডাকতে অইব।'

কেউরে *সর্ব.* কাউকে; কোনো ব্যক্তিকে; কোনো লোককে। 'বুইলা গেচিলা বিদেছিরা কেউরে বেছিদিন কোলে তুইলা নাচে না।'

কেতনা *বিণ.* কত; কতো; কতটুকু; কতখানি; কী পরিমাণ; কী সংখ্যক; বহু; অনেক। 'ছামরিক আইন আর কারফু দিয়া কেতনা বচ্ছর দ্যাছ চালাইচে!'

কেতরামি *বি.* ছল-চাতুরি; শঠতা; প্রতারণা; কপটতা; ধোঁকাবাজি; ধাপ্পাবাজি। 'কেতরামি কইরা চলবার চাইলে মহল্লা ছাইরা দেও।'

কেথা *বি.* কাঁথা; কতকগুলো জীর্ণ বস্ত্রে প্রস্তুত মোটা শীতবস্ত্রবিশেষ।

কেদা *বি.* কাদা; কর্দম; প্যাক। 'বারিছ অইলেই রাচতটা কেদা অয়্যা যায়।'

কেনচেল *ক্রি. বি.* ক্যানসেল; বাতিল করা; অগ্রাহ্য করা; না-মঞ্জুর করা; পরিত্যাগ করা। 'ছেছমেছ ইজ্জতের রছ্ছি ছিররা যায়োনের ডরে ইয়াহিয়া আগস্ত মাহিনায় বানগালাদ্যাছে ছফর কেনচেল কইরা দিল।'

কেনতোনমেন *বি.* ক্যান্টনমেন্ট; সেনানিবাস। 'আগগরতলা ছরযনতো মামলায় ছারজোন জুহুররে কেনতোনমেনে গুল্লি কইরা মারছে।'

কেয়র *বি.* দরজা; দ়রওয়াজা; ফটক। 'কেয়র গুচা, কেয়র গুচা, আ-লো মাগী উঠ্, তর খছম আইছে।'

কেয়ামততক *বিণ.* কেয়ামত পর্যন্ত; আজীবন; অমর; সবসময়; সার্বক্ষণিক; সারাক্ষণ। 'মানু মইরা গেলে বি বালা কাম কেয়ামততক বাইচা থাকে।'

কেরদানী *বি.* কেরদানি; কারদানি; কারদানী; কৌশল; নৈপুণ্য; বাহাদুরি; কৃতিত্ব। 'নাতির কেরদানী দেইখা ছানতিতে বুকটা বইরা গেল।'

কেরাচি *বি.* এক ধরনের ঘোড়ার গাড়ি।

কেরামন-কাতেবিন *বি.* যেই ফেরেশতাদ্বয় মানুষের নিত্য নৈমিত্তিক কার্যাবলির হিসাব

লিপিবদ্ধ করতে নিয়োজিত আছেন; শ্রদ্ধেয় লিপিবদ্ধকারীগণ। 'তুমার দুই কান্দ বয়্যা কেরামন- কাতেবিন ফিরিছতা ছব লেইখ্যা লইতাচে।'

কেরায়া *বি.* ভাড়া; ভাড়াটে; বাড়ি-গাড়ি-নৌকা ইত্যাদির ভাড়া; *বিণ.* ভাড়া করার উপযোগী; ভাড়ায় যায় এমন। 'চল্লিছ জোন মানু যায়োন যায় এমুন একটা নাও কেরায়া আন।'

কেরেচ *বি.* কেরোসিন; কেরাসিন; খনিজাত এক প্রকার জ্বালানি তেল। 'কেরেচ ত্যেল ঢাইলা আনদুলনের আগুন ছরায়া দিবার লাইগা মাতায় ফেটা বাইনদা নামচে।'

কেরেন *বি.* ক্রেন; লৌহ নির্মিত যে যন্ত্রের সাহায্যে ভারী জিনিস তোলা হয়।

কেলাচ *বি.* ক্লাস; বিভাগ; শ্রেণি; স্তর; পর্যায়। 'এইটা ঠিক আমি ঠিক মতন কেলাচ করি নাই।'

কেলান্তি *বি.* ক্লান্তি; অতিশয় শ্রান্ত; শ্রান্তি; পরিশ্রান্তি; অবসাদ; অবসন্নতা। 'কেলান্তি লাগেত গুমায়া পরবা কোলেতে আমার/ গালেতে মোছামু চান্দের কপাল, পছিনা তোমার।'

কেলাব *বি.* ক্লাব; আমোদপ্রমোদ খেলাধুলা বা কোনো বিশেষ উদ্দেশ্যে স্থাপিত স্থায়ী গোষ্ঠী; সভা বা সমিতি। 'কেলাবের ছামনে টেনিচ কোর্ট আচিল, খেইল অইত।'

কৈছর *বি. বিণ.* কৈশোর; কিশোর; বয়োঃসন্ধিকাল; যৌবনের শুভারম্ভকাল। 'তুমি আমার কৈছরের পেম/ বাইল্যকালের আমলি আচার।'

কৈথন *বিণ.* কোথা হতে; কোথা থেকে; কোত্থেকে। 'কৈথন যে আইছে হ্যালায়-যাইবো আবার কোন দুনিয়ায়।'

কৈফৎ *বি.* কৈফিয়ত; কৈফিয়ৎ; কৈফৎ; নিজের দোষত্রুটি ইত্যাদির হেতু প্রদর্শন; আত্মপক্ষ সমর্থন; আয়-ব্যয় বা জমাখরচের অবশিষ্ট হিসাবাদি। 'আমার কৈফৎ চায়োনের তুমি হ্যালায় ক্যাঠা?'

কোই *বিণ.* কোথা হতে; কোথা থেকে; কোনস্থানে; কোথায়। 'বাবতাচি ঢাহা ছহরের ইতিহাছ কোই থাইক্যা ছুরু করুম।'

কোই থ্যাইকা *বিণ.* কোথা হতে; কোথা থেকে। 'কোই থ্যাইকা দিছ আয়্যা পোলাপানগো বেবাক মাতা খায়্যা বি ফালাইচ্যে।'

কোইরো *ক্রি.* করিও; কোরো; কোনো কিছু করতে বলা। 'বাইবা কোইরো কাজ, কোইরা বাইবো না।'

কোছা *বি.* কোশা; নৌকা বিশেষ; নাও; তরণী; জলযান; পোত; তরী; দাবা খেলার গুটিবিশেষ। 'একটা কোছা বারা কইরা লয়্যা আহ।'

কোছিছ *ক্রি. বি.* চেষ্টা করা; প্রাপ্তির জন্য সন্ধান; উদ্যোগ; প্রয়াস; কোনো কিছু লাভ করার জন্য শরীর ও মনের চালনা। 'এতনা কোছিছ করলাম, মাগার কুনো লাব অইল না।'

কোট বকস *বি.* ঘোড়ার গাড়ি চালকের বসার আসন।

কোটা *বি.* গাছ হতে ফল কুড়ানোর দণ্ডবিশেষ। 'ছাদীনতা গাছের ফল না যে কোটা-লগগি দিয়া পাইরা খামু।'

কোথ্থায় *বিণ.* কোথায়; কোনোস্থানে; কোনো জায়গায়। 'কোথায় আমার রফিক, জব্বার ছালাম আর বরকত/ কোথায় আমার ফাগুন মাছের আগুনের ছপথ?'

কোনখানে *বিণ.* অব্য, সর্ব. কোনো স্থানে; কোথায়; কুস্থানে; অস্থানে। 'কোনখানে লুকাইচিলা, খুইজ্যা পাইলাম না যে?'

কোন হানকার *বিণ.* কোথাকার; কোথায়; কোনোস্থানে; কোন স্থানের। 'এইবার বুজবা কোন হানকার পানি কই গিয়া খারায়।'

কোপ *বি.* কোব; ভারী ও শাণিত অস্ত্র দিয়ে আঘাত; রূঢ় ভাষা বা কটু কথার আঘাতজনিত বেদনা। 'কাতেলটায় এক কোপে কল্লাটা কাইট্টা ফালাইল।'

কোপায়া *বিণ.* কুপিয়ে; কেটে-কুটে; ধারালো অস্ত্রের আঘাত। 'কছম খোদার মইরা যামু কোপায়া ছিরা দেও।'

কোপাল *বি.* কপাল; ললাট; করোটি; ভাগ্য; অদৃষ্ট; বিধিলিপি; ললাটলিখন; মাথার খুলি। 'তর কোপালে খারাবী আচে কইলাম।'

কোবাকাম *বি.* দোকান; বিপণি; পণ্যশালা; ক্রয়বিক্রয়ের স্থান বা ঘর। 'কোবাকামে বয়্যা বয়্যা গুমাইলে ব্যাবছা চলব ক্যাম্নে?'

কোল দিরিং *বি.* কোলড্রিংস; কোমল পানীয়। 'বুরহানি, দই লগে কোল দিরিং দিলে খায়োনটা জমব বালা।'

ক্যোই *বিণ.* কোনো; অনির্দিষ্ট বা অনির্ধারিত একজন লোক বা একটি বস্তু; কে বা কী; কোনো জন; কোনো বিষয়; বহুর মধ্যে একটি বা একজন। 'ক্যোই বি নাই আমারে ছায্য করবার।'

কৌরব *ক্রি.* করবে; করিবে। 'মিঠা মিঠা বাতচিতে কৌরব আদর/ পরানে বাইন্দা দিব খোয়াবের গর।'

কৌরল *ক্রি.* করল; করিল। 'কুন ছিমারে কৌরণ আমার দিলেরে কতল!'

কোৎ *ক্রি. বি.* কোঁত; কোঁথ; মলত্যাগের বেগ। 'মাইর খায়া টিক্কা ছাব ইছলামাবাদ গিয়া বি কোৎ পারবার লাকচে।'

খ

খচ্চর *বি.* খচ্চর নামীয় চতুষ্পদ বন্য প্রাণীর ন্যায় অত্যধিক নোংরা; খাচ্চর; বদমাশ; দুর্বৃত্ত; নষ্ট চরিত্রের লোক (গালি বিশেষ)। 'খচ্চরের গলায় মালা দিলে হ্যালায় মানু খচ্চরই কইব।'

খছম *বি.* স্বামী; পতি; ভূস্বামী; প্রভু; মনিব, মালিক, অধিপতি। 'এইহানে এই দানছোনা গায়ে আছিল আমার খছমের বারি।'

খছমআরা *বিণ.* স্বামীহারা; পতিহারা। 'আহ সপ্তে মিল্লা খছমআরা মাইয়্যাটারে ছায্য করি।'

খট্টর খট্টর *ধন্যা.* খট খট শব্দ। 'বাদলা রাইতে খট্টর খট্টর, বেদরদী বৈদেছী নাগর।'

খত্‌ *বি.* খৎ; চিঠি; চিঠিপত্র; লিপি; পত্র; পাতা; পাত; ফলক; দলিল; ঋণশোধের অঙ্গীকারপত্র বা দলিল; ঋণ স্বীকারপত্র। 'খত্‌ লিকবার গিয়া নাকে খত্‌ দিয়া ফালাইচে।'

খতনা *বি.* খৎনা; সুন্নৎ; লিঙ্গমুখের ত্বকচ্ছেদ। 'মুছলমান ছিলা ছনতানের খতনা করাইবার পয়জন অহে।'

খতম *বি.* শেষ; সমাপ্তি; সমাপন; অন্ত; শেষ; অবসান; মরণ; সমাপ্ত; নিঃশেষিত। 'মানু ক্ষতম করার কতা কওয়া বি গুনার কাম।'

খতরনাক *বিণ.* ভয়ানক; বিপজ্জনক; ভয়ংকর; ভীতিকর; ভয়াবহ; বিপত্তিকারক; অত্যন্ত ক্ষতিকারক; ক্ষতি হয় এমন; আপদময়; দুর্ঘটনা সংকুল; দুরবস্থাকারী; শঙ্কাযুক্ত। 'মুকতিগো গেরনেড হামলা

পাকিগো লাইগ্যা বহুত খতরনাক আচিল।'

খতরে *বিণ.* বিপদগ্রস্ত; বিপদাপন্ন; বিপদকাল; বিপদপূর্ণ সময়; বিপদাপন্ন; সংকটাপন্ন। 'ইচলাম তোমাগো যমানায় খতরে মে হ্যায়।'

খন্নাছ *বি.* খন্নাস; খান্নাস; শয়তান; ধূর্ত; দুষ্ট; কুপ্ররোচনা দানকারী। 'ওই খন্নাছটার লগে কতা কয়োন দূরে থাক, দারে কাচে বি যাইবার মোন চাহে না।'

খবর *বি.* সংবাদ; বার্তা; তথ্য; বৃত্তান্ত; তত্ত্ব; যত্ন; তত্ত্বাবধান; সন্ধান; উদ্দেশ্য। 'বহুত দিন বাদে খবর পাইলাম তুমি দ্যাছে আইচ।'

খব্বিছ *বিণ.* খবীস; খবিস; খবীছ; খবীশ; খবিশ; নোংরা; অপরিষ্কার; কদাচারী; নষ্ট; অপবিত্র ভূত; অপদেবতা; শয়তান। 'মহল্লায় থাকবার চাইলে খব্বিছটারে তবা করবার কও।'

খব্বিছ মাগী *বি. বিণ.* অতিরিক্ত নোংরা স্বভাবের নারী (গালি বিশেষ)। 'খবিচ্ছ মাগীর ছবাব দুইলে বি যায় না।'

খব্বিছের গরের খব্বিছ *বি. বিণ.* অতিরিক্ত নোংরার অতিরিক্ত নোংরা সন্তান (গালি বিশেষ)। 'খান ছাবে খব্বিছের গরের খব্বিছের কাচে যায় ক্যাম্বে?'

খম-খেয়ালি *বি.* খামখেয়ালী; অস্থির মতিত্ব; অকারণ বা অযৌক্তিক খেয়ালখুশি মতো চলা যার স্বভাব। 'খম- খেয়ালি করইন্না মানু ব্যাবছায় বালা করবার পারে না।'

খরচা *বি.* খরচ; খর্চা; ব্যয়; ব্যয় করার অর্থ। 'এতনা ট্যাকা খরচা কইরা বি মোন পাইলাম না।'

খরম *বি.* খড়ম; খারাও; কাঠের জুতা বা পাদুকা। 'আইজকাইল খরম পাও দেয়োনের চল উইঠ্যা গেচে।'

খরা *বি. বিণ.* রোদ; রৌদ্র; অনাবৃষ্টি; একটানা প্রখর রৌদ্র। 'জ্যাড মাইছা কত খরা মাগ মাইছা জার।'

খরাপ *বিণ.* মন্দ; অননুকূল; ভালো নয়; ধীর; অলস; অসুস্থ; পীড়িত; ক্ষীণ; ভোঁতা। 'দ্যাছের বেবাক মানু খরাপ না, বেছিরবাগ মানুই বালা।'

খরাবি *বি.* খারাবি; অনিষ্ট; ক্ষতি; অহিত; অপচয়; সর্বনাশ; চরম দুর্দশা বা দুরবস্থা; বদমায়েশি। 'খরাবির বিচার দুনিয়াৎ বি অহে।'

খরিদ *বি.* ক্রয়; কেনা; ক্রীত; অর্থের বিনিময়ে জিনিস কেনা। 'পকেটে ট্যাকা না থাকলে খরিদ করবা ক্যাম্নে?'

খলিফা[১] *বিণ.* *বি.* খলীফা; প্রতিনিধি; হজরত মুহম্মদ (সা.) এর পর ইসলামি রাষ্ট্রের নির্বাচিত প্রধান শাসনকর্তা; যিনি একাধারে শাসনকর্তা ও ধর্মনেতা; ওস্তাদ; কারিগর; সর্দার; প্রধান; দলপতি। 'হজরত আবুবকর খুলাফায়ে রাছেদীনের পরথম খলিফা আচিলেন।'

খলিফা[২] *বিণ.* দর্জি; যে কাপড় সেলাই করে। 'খলিফায় জামাটা হিলাই কইরা দিব কবে?'

খয়রাত *বি.* খায়রাত; ভিক্ষা; দান; পুণ্যার্থে দান; বিতরণ। 'ছামর্থবান মানুর খয়রাত করোন ছুন্নত।'

খয়রি *বিণ.* খয়েরি; খয়েরী; খয়রা রঙের নাম।

খায়োন *ক্রি.* খাওয়া দাওয়া; অন্নভোগ করা; ভোজ। 'খায়োন-উয়োন জব্বর বালা অইচে।'

খাইটা পিটা *ক্রি.* খেটে পিটে; পরিশ্রম করে; উদ্যোগ; চেষ্টা; অত্যায়াস। 'আমরা খাইটা পিটা দিন কাবার করি।'

খাউজাইয়া *ক্রি.* চুলকিয়ে; চুলকানো; চুলকান। 'পাকি ছেনাপতিগো পিট খাউজাইয়া দেয়োন আচিল রেজাকারগো পরথম কাম।'

খাওইন্যা *ক্রি.* *বিণ.* খাওয়ার; খাওয়া; আহার করা; ভোজন করা; খিলানো। 'রান্দা করা খায়োন থাকলে খাওইন্যা মানুর অবাব অহেনা।'

খাক *বিণ.* নিঃশেষ হওয়া; সবকিছু হারিয়ে ফেলা; সহায়হীন; সম্বলহীন; শেষ হয়ে যাওয়া। 'দুজকে তুমি কয়লা অয়্যা খাক অয়্যা থাকবা।'

খাকি *বিণ.* খাকী; মেটে বা ঘোর বাদামি রঙের; পাংশুবর্ণ; খাকি রঙের জামা; সামরিক পোশাক; মাটি হতে প্রস্তুত অর্থাৎ মানুষ। 'আগিলা দিনে পুলিছে খাকি পোছাক পরত।'

খাচ *বিণ.* খাস; আসল; বিশুদ্ধ; খাঁটি; বিশেষ; স্বকীয়; নিজস্ব। 'ইচলাম দরমো আল্লাহর খাচ দান।'

খাচ্চর চোদা *বি.* *বিণ.* খচ্চর দ্বারা রমণকৃত নারী (জঘন্য গালি বিশেষ)। 'এই খাচ্চর চোদা মাগীর কাচে যাইবার চাইলে নাকে আত্তর মাখন লাগব।'

খাচ্চরের বাচ্চা *বি. বিণ.* খচ্চরের সন্তান (গালি বিশেষ)। 'খাচ্চরের বাচ্চারে খাচ্চর কমুনা ত গুরা কমু?'

খাচ্ছি *বি.* খাসি; অণ্ডহীন ছাগ; ছিন্নমুষ্ক ছাগল। 'এইবার দুইটা গরু আর ছয়টা তাগরা খাচ্ছি কুরবানি দিমু।'

খাছ *বিণ.* খাস; আসল; বিশুদ্ধ; খাঁটি; নির্ভেজাল; নির্মল; অবিকৃত; বিশেষ; স্বকীয়; নিজস্ব; সরকারের অধিকারভুক্ত। 'আমি হ্যালায় বাপের ব্যাটা কাঠের বাক্‌ছ খাছ বাঙ্গালীর জাত।'

খাছছি *বি. দ্র.* খাচ্ছি।

খাছালত *বি.* খাসলত; স্বাভাব; আচরণ; অভ্যাসাদি; চালচলন; ব্যবহার। 'বেটীটার খাছালত এক্কেবারে খাটাছের লাহান।'

খাজনা *বি.* খাজানা; খায্‌না; খাযানা; রাজস্ব; রাজা; সরকার বা ভূম্যাধিকারীকে দেয় কর বা শুল্ক; ভূমি কর। 'ছোময় মোতন জমিজমার খাজনা দেয়োন সব মানুর আছলি কাম।'

খাজাঞ্চিখানা *বি.* ধন ভাণ্ডার। 'খাজাঞ্চিখানায় কত্ত ট্যাকা আছে জানে ক্যাঠা?'

খাটা-খাটনি *বিণ.* পরিশ্রম করা; শ্রম; মেহনত; খাটুনি; আয়াস; শ্রমশীল; পরিশ্রম বা মেহনত করতে পারে এমন; মেহনত করতে অভ্যস্ত। 'খাটা-খাটনি কইরা বেছি লাব অইল না।'

খাটাপিটা *ক্রি. বি.* খাটুনি; শ্রম; পরিশ্রম; মেহনত; প্রয়াস। 'হক্কলের লগে এম এ খান তহন বহুত খাটাপিটা করচে।'

খাট্টা[১] *বিণ.* খাটা; চুকা; অম্লরস; অম্ল; অম্বল; টক; অম্লস্বাদ ব্যঞ্জন। 'চৈত মাইয়া রইদের দিনে খাট্টা বহুত টেছ লাগে।'

খাট্টা[২] *বিণ.* নষ্ট; বিনাশপ্রাপ্ত; ধ্বংসপ্রাপ্ত; বিকৃত; ব্যবহারের অযোগ্য; দোষযুক্ত; পণ্ড; অসৎ; কুচরিত্র; অনুদ্দিষ্ট; তিরোহিত; অপব্যয় করা হয়েছে এমন; ব্যর্থ; বিফল; নিষ্ফল। 'মনটা বহুত খাট্টা হয়্যা অর মায়রে বাপ খরাব অয়্যা পরচে।'

খাট্টা[৩] *বিণ.* খাটো; খাট; খারাপ; খর্ব; বেঁটে; হীন; তুচ্ছ; অনুচ্চ; দুর্বল; ক্ষীণ। 'জামাই ব্যাটা মানু বালা তবে এট্টু খাট্টা।'

খাট্টাছ *বিণ.* খাটাশ নামীয় চতুষ্পদ বন্য প্রাণীর ন্যায় নোংরা; বদমাশ; অত্যধিক নোংরা স্বভাবের (গালি বিশেষ)। 'খান

ছাবের পুলাটা আস্তা একটা খাট্টাছ।'

খাট্টাছের চোদা *বিণ.* খাট্টাশ দ্বারা রমণকৃত নারী (জঘন্য গালি বিশেষ)। 'এই খাট্টাছের চোদা মাগীটার মুখে চুন কালি মাইখা দে।'

খাট্টাছের বাচ্চা *বি. বিণ.* খাট্টাছের সন্তান (গালি বিশেষ)। 'খাট্টাছের ছন্তানরে মানু খাট্টাছই কয়।'

খাট্টি *বিণ.* নির্ভেজাল; আসল; খাঁটি; বিশুদ্ধ; অবিকৃত; মূল; আদি। 'গানি কুলু না থাকলে দ্যাছের মানু খাট্টি তেল কোই পাইব।'

খাতির *বি.* খাতের; কারণ; নিমিত্ত; জন্য; সমাদর; কদর; যত্ন; সম্মানার্থ; সম্মানহেতু; সৌহার্দ্য; প্রীতিপূর্ণ সম্পর্ক; অন্তঃকরণ; মন; প্রতি; নিকট; কাছে; প্রভাব; দৌলত। 'মানুরে খাতির করলে খাতির মিলে।'

খ্যাদায়া *ক্রি.* খেদিয়ে; খেদানো; তাড়ানো; দূর করা; বিতাড়িত করা। দূরীভূত করা; বের করে দেওয়া; তাড়না করে চালানো। 'নকরটায় চুরি করায় খ্যাদায়া দিলাম।'

খানকি *বি.* বারবণিতা; বেশ্যা; পতিতা; বারাঙ্গনা; গণিকা; দুশ্চরিত্রা; বারনারী; বারস্ত্রী; কুলটা; কামিনী; দেহোপজীবিনী; রূপোপজীবিনী (ঘৃণ্য গালি বিশেষ)। 'খানকি মাগির বাজার বহুত বালা যাইবার লাকচে।'

খানকির পুলা *বি. বিণ.* দুশ্চরিত্রার পুত্র সন্তান; বেশ্যার সন্তান (ঘৃণ্য গালি বিশেষ)। 'খানকির পুলা খানকির গরে যাইব এত্তে তাজ্জব অইবার কি আচে।'

খানছামা *বি.* খানসামা; আহার পরিবেশনকারী ভৃত্য; পরিচারকবিশেষ। 'নোয়াবগো খানছামারা মাতায় লাল পাগরি পরত।'

খানদান *বি.* খান্দান; বংশ; উচ্চ বংশ; বংশধর; তরিকা; সাধনপথ। 'আচান মুনজিলে যারা থাকে সপ্তেই নোয়াব খানদানের মানু না।'

খানদানী *বি.* খানদানি; খান্দানি; উচ্চ বংশমর্যাদাযুক্ত; বংশগৌরব বিশিষ্ট; ঐতিহ্যবাহী পরিবার; অভিজাত পরিবার; সম্মানিত পরিবার; নামী-দামি পরিবার; উচ্চবংশীয়। 'ছুখে- দুখে তা'বি তুমি আছ খানদানী, আছ মহামানী।'

খানা[১] *বি.* খাদ্যদ্রব্য; আহার্য বস্তু; খাবার; খাওয়ার যোগ্য; বক্ষ্য। 'খানা খিলাইবার লাইগা ছব তইয়ার অয়্যা আচে।'

খানা[২] *বি.* গৃহ; স্থান; কক্ষ; কহর; গরিবখানা। 'এই মহল্লায় দুইছ বারটা খানা আচে।'

খানা-খন্দ *বি.* খাদ; গর্ত; নালা; নিচুভূমি; ডোবা। 'ফুটপাত খানা-খন্দকে বরা, মানু আটব ক্যাম্নে?'

খাপে-খাপ *বিণ.* মাপমতো মিলে যাওয়া; একেবারে মিলে যাওয়া; মাপসই; লাগসই; সোনায় সোহাগা। 'আজরাইল ফিরিছতার লিস্টির লগে টিক্কা-ছা'বের লিস্টি খাপে-খাপ মিল্যা গেচিল।'

খাপের খাপ *বিণ. দ্র.* খাপে-খাপ।

খাবলা *ক্রি. বি.* থাবা মারা; ছিনিয়ে নেওয়া; খাবল মারা; ছোবলানো। 'বিছ্ছাছের যম কইলজার মইদ্যে খাবলা মাইরা কয়/ ছিখাইয়া দিমু হ্যালার আছেক কারে কয়!'

খামবা খাম; খুঁটি; থাম; স্তম্ভ; বৈদ্যুতিক খুঁটি। 'তুমার মোতন আন্দারা হাত্তির পাওরে বি খামবা কয়।'

খামাখা *বিণ.* খামোখা; খামখা; অনর্থক; ব্যর্থ; নিষ্ফল; অযথা; অকারণ; অহেতুক; অকারণে; শুধু; বৃথা। 'বেলেহাজের লগে খামাখা তর্ক কইরা কুনো লাব নাইক্যা।'

খারা *বিণ.* খাড়া; সোজা; সিধা; দাঁড়িয়ে রইল রেখা; সতর্ক; দণ্ডায়মান; লম্বরূপে অবস্থিত; সটান উঠে যাওয়া। 'খারাইয়া খারাইয়া উজবুকের লাহান কি দেকবার লাকচৎ।'

খারায় *ক্রি.* দাঁড়ায়; দাঁড়ানো; দাঁড়ান; দণ্ডায়মান হওয়া; খাড়া হওয়া; আক্ষেপ করা; সবুর করা; থামা; বিরত হওয়া; বিলম্ব করা; প্রতীক্ষা করা। 'ছোনার কাঙ্কন গরায়া জুম্মন খারায় এই পারে।'

খামোছ *ক্রি. বি.* খামুশ; খামোশ; চুপ থাকার নির্দেশ; খবরদার; সাবধান; হুঁশিয়ার; সতর্ক করা; স্তব্ধ হও; চুপ থাকো; নীরব; নিঃশব্দ। 'খামোছ কতাটা বাছানী ছাব বেছি বেছি কইত।'

খায়্যা *ক্রি.* খেয়ে; খাওয়া; আহার করা; ভোজন করা; পান করা; সেবন করা; ভোগ করা। 'খায়োন- উয়োন লেডি আচে, আহ খায়্যা লও।'

খায়েছ *বি.* খায়েস; খায়েশ; খাইশ; খাহেশ; খাহিশ; ইচ্ছা; আশা; আকাঙ্ক্ষা; কামনা; বাসনা; অভিলাষ; শখ; সাধ; স্পৃহা; কাম্যবস্তু পাওয়ার সম্ভাবনায় বিশ্বাস। 'তোমার খায়েছ, তোমার খোয়াব, তোমার

অদিকারে ছার্থের কল দিতাছে লারা চতুর জুলুমবাজ।'

খায়োন-উয়োন *বি.* আহার্য বস্তু; ভোজ্য দ্রব্য; খাদ্যদ্রব্য; খাবার-দাবার। উল্লেখযোগ্য ঢাকাইয়া খাদ্যদ্রব্য যেমন: ভাত; শাক-সবজি; তরি-তরকারি; ডাল; খিচুড়ি; জাউ; পোলাও; বিরিয়ানি; কাচ্চি বিরিয়ানি; মুগডালের বিরিয়ানি; মতি বিরিয়ানি; মোরগ পোলাও; শাহি মোরগ পোলাও; নবাবি মোরগ পোলাও; কাশ্মিরি পোলাও; কুবুলি; সোয়া পোলাও; কাবুলি পোলাও; কাশ্মিরি পোলাও; তেহারি; গরুর ঝাল তেহারি; আখনি পোলাও; নারকেল পোলাও; ভুনা খিচুড়ি; ইলিশ ভাতে; ঝাল কালিয়া রুখ্খা পোলাও; বড় বাপের পোলায় খায়; বউখুদি। 'পুরান ঢাহার লাহান খায়োন-উয়োন আর কুনো ছহরে পায়োন যাইব না।'

খারাইলে *ক্রি.* দাঁড়ালে; দাঁড়ানো; দাঁড়ান; দণ্ডায়মান হওয়া; খাড়া হওয়া। 'অলিব তেল ছরিলে মাইখ্যা রইদ খারাইলে বহুত আরাম পায়োন যায়।'

খারায়া *ক্রি.* দাঁড়িয়ে; দাঁড়ানো; দাঁড়ান; দণ্ডায়মান হওয়া; খাড়া হওয়া। 'এমুন উজবুকের লাহান খারায়া আছ ক্যালা?'

খারিছ *বি.* খারিজ; বাতিল; অগ্রাহ্য; পরিত্যক্ত; পরিবর্তিত; বর্জন; অগ্রাহ্যকরণ; পরিবর্তন; বর্জিত; বাদ। 'কপালের দোছে আর্জিটা খারিছ অয়্যা গেল।'

খালাছ *বি. বিণ.* খালাস; খলাস; না-মঞ্জুর; অসার; নাচক; মুক্তি; ছাড়; মুক্ত; উদ্ধার; দায়মুক্ত; ভারমুক্ত; কারামুক্তি; বন্ধনমোচন; রেহাই; নিষ্কৃতি; অব্যাহতি; প্রসব; বিযুক্ত; বিরত। 'চুর বে-কছুর খালাছ অয়্যা গেলে মোনের দুক্ক রাহুম কই?'

খালি *বিণ.* খালী; শূন্য; রিক্ত; শুধু; অনাবৃত; আবরণহীন; ফাঁকা; শুধু; কেবল; ক্রমাগত; অনবরত। 'কুনো বাছার ছামনে বাগান করার মোতন খালি জাগা পাইবা না।'

খ্যাতে *বি.* ক্ষেতে; জমিতে; জমি; শস্য জন্মানোর মাঠ; ভূমি; স্থান; জায়গা। 'আমগো কিরছকেরা খ্যাতে ছোনার ফছল ফলায়।'

খ্যাদানো *ক্রি.* তাড়ানো; বিতাড়িত করা; দূরীভূত করা; বের করে দেওয়া। 'খবিছটারে এই মহল্লা থনে খ্যাদানো দরকার।'

খ্যাপ *বি.* খেপ; ক্ষেপ; দফা; টাকার বিনিময়ে মানুষ বা মালামাল নিয়ে যাত্রা বা পরিবহন করা। 'আইজকা কুনো খ্যাপ পাই নাইক্যা।'

খ্যায়া *ক্রি. দ্র.* খায়্যা।

খিচ *বি.* টান; আকর্ষণ; মনান্তর; কলহ; বিবাদ; গোলযোগ; তর্কাতর্কি। 'নারিতে নারিতে লাইগা গেছে জম্মের খিচ।'

খিচবার *বি.* খিঁচুনি; খিঁচনি; খিচচুনি; ভেংচানি; বিকৃত অঙ্গভঙ্গি; বিকারবশত বিশেষভাবে হাত-পা ছোড়া। 'লৌরায়া জান বাচাইবার গিয়া এহন খিচবার লাগচে।'

খিচুরী *বি.* খিচুরি; খিচুড়ি; চাল ও ডাল মিশিয়ে তৈরি অন্নবিশেষ। 'বুনা খিচরী আর গরুর গোছের লাহান বালা খায়োন আর কি আচে?'

খিচানো *ক্রি.* ছবি তোলা; প্রতিমূর্তি, প্রতিকৃতি, চিত্র। 'দেকলাম জুয়ান মরদ মাগী মাইয়া পোলারা ফুটো খিচানো ছুরু করচে।'

খিচারত *বি.* খেসারত; খিসারত; ক্ষতিপূরণ; খেসারতি ক্ষতিপূরণের অর্থাদি। 'এর লাইগা বহুত খিচারত দিতে অইব।'

খিচ্যা *বি.* টানা; ধরে রাখা; নেওয়া; খিঁচানো; খিচানো; ভেংচানো; ভেংচি কাটা; মুখ বিকৃত করা। 'মুকতিগো গেরনেডের ছবদো পাইলে পাকি আর রেজাকাররা দম খিচ্যা দোয়া-দুরুদ পরবার লাগত।'

খিচে *ক্রি.* ছবি তোলা; চিত্রগ্রহণ করা; ধারণ করা। 'বিটিটছরা নবাব বারির ছবি কম খিচে নাই।'

খিছটান *বি. বিণ.* খ্রিষ্টান; খ্রিষ্টানি; খ্রিস্টানী; খৃষ্টানী; যিশু খ্রিষ্টের ধর্মানুসারী; খ্রিষ্টাধর্মালম্বী; খ্রিষ্টধর্ম সম্বন্ধীয়।

খিতাব *বি.* খেতাব; সম্মান-সূচক; উপাধি। 'আমার দাদা নোয়াব জমানার খিতাব পাউইন্না মানু।'

খিত্তা *বি.* খির্তা; এস্তেমার বিভাজন।

খিদমত *বি.* খেদমত; সেবাযত্ন; যত্ন বা শুশ্রূষা করা; পরিচর্যা; পূজারি; শ্ববৃত্তি; উপাসনা; চাকরি; দাসত্ব। 'বুট চাইবার আয়্যা ছব নেতারাই জনগণের খিদমত করবার লাইগা বর বর কতা কয়।'

খিদমতকারী *বিণ.* সেবাদানকারী; পরিচর্যাকারী; উপাসনাকারী; যত্ন বা শুশ্রূষাকারী। 'ইলেকছন অয়োনের পরে খিদমতকারী গো খুইজা পায়োন যায় না।'

খিরকি *বি.* জানালা; খিড়কী; বাতায়ন; ঝরোকা; বাড়ির পশ্চাদ্দিক; গুপ্ত দরজা। 'পুরান পেরমিক খিরকি বাইনগা বাগলপুর অয়্যা গেল।'

খিরমিজানি *বি.* মিষ্টান্ন বিশেষ।

খিল *বি.* কপাটের অর্গল; হুড়কা; কীলক। 'বাত্তি নিবানের আগে দরজার খিলটা লাগায়া লইঅ।'

খিলাইচি *ক্রি.* খেয়েছি; খাইয়েছি; খাওয়াইছি। 'মেমানরে কাচ্চি বিরানী খিলাইচি।'

খিলাইবার *ক্রি.* খাওয়ানো; ভোজন বা পান করানো; আহার করানো। 'দল করি বইলা বকরিদে মানু খিলাইবার পারুম না এইটা ঠিক না।'

খিলাপ *ক্রি. দ্র.* খিলাফ।

খিলাফ *ক্রি.* খেলাপ; খেলাফ; অন্যথা আচরণ; বৈপরীত্য; নড়চড়; ব্যতিক্রম; ব্যত্যয়; বিপরীত; প্রতিকূল; মিথ্যা। 'বর খিলাফ করা ইমান নছটের ছামিল।'

খিলায়া *ক্রি.* খাওয়ায়ে; খাওয়ানো; ভোজন বা পান করানো। 'দিলদার মানু ফকীর-মিচকিনরে খিলায়া ছানতি পায়।'

খিয়াল *বি.* খেয়াল; স্বপ্ন; কল্পনা; জ্ঞান; চেতনা; হুঁশ; লীলা; খেলা; সখ; সাধ; বাসনা; মর্জি; ইচ্ছা; স্মরণ; বিশেষ লক্ষ্য; মনোযোগ; অনুমান; আন্দাজ; চিন্তা; ঝোঁক; প্রবৃত্তি। 'চাইরদিক খিয়াল রাইখা চললে ছবকুচ ঠিক থাকে।'

খুছকি *বি.* খুশকি; খুস্কি; খুস্কি; খুস্কি; মরামাস; মাথার শুষ্ক চামড়া; শুষ্ক স্থান; শুকনা জায়গা। 'নিয়োম কইরা ছ্যাম্পু দিয়া মাতা দুইলে খুছকি দূর অয়্যা যাইব।'

খুছামুদ *বি.* খোশামোদ; খোসামোদ; খুসামোদ; তোষামোদ; চাটুকারিতা; স্তুতি। 'এত্ত খুছামুদ কইরা তুমার মন পাইলাম না।'

খুছবু *বি.* খুশবো; সুগন্ধ; সুবাস; সৌরভ। 'তার লিগা অন্তর খুছবুর মন্তর ছিটাইয়া রাখি।'

খুজলি *বি.* চুলকানি; খোস; এক প্রকার চর্মরোগ; পাঁচড়া। 'এহনকার বুরিগনগার পানিৎ নাহাইলে ছরিল খুজলিতে বইরা যায়।'

খুতি *বি.* ঝুলি; ঝোলা; ব্যাগ; খুচরা পয়সা রাখার জাল জাতীয় ব্যাগ; ছোট থলে বিশেষ। 'বাচ্পান কালে কমরের কালা কাইতোনে খুতি বাইন্দা রাকতাম।'

খুদ[১] *বি.* চালের ভাঙা অংশ যা কুরা ঝেড়ে সংগ্রহ করা হয়। 'আগিলা দিনে খুদের লগে পেইছ মরিছ তেল দিয়া বউখুদী খায়োন রান্না করত।'

খুদ[২] *বিণ.* খোদ; স্বয়ং; স্বয়ম, স্বকৃত; নিজের দ্বারা কৃত; আসল; নিজ; স্ব; আত্ম। 'খুদ আল্লার রছুল (সা.) এর বাণী এইটা।'

খুদা[১] *বি.* খোদা; আল্লাহ্; কোরানোক্ত নিরাকার; বিশ্বচরাচরের স্রষ্টা ও রক্ষাকর্তা; একক;অদ্বিতীয়; জন্ম ও মৃত্যুহীন; পাপের শাস্তিদাতা; পুণ্যের পুরস্কারদাতা; সর্বশক্তিমান; সর্বজ্ঞ; সদাজাগ্রত; অক্লান্ত; পরম দয়ালু; একমাত্র উপাস্য; সর্বজীব ও জগতের একমাত্র প্রভু। 'খুদা ছারা আমগো আর কুনো মাবুদ নাই।'

খুদা[২] *বিণ. ক্রি. বিণ.* খোদা; খোঁড়া; খুঁড়া; খনন করা; উৎকীর্ণ করা; ক্ষোদিত করা; উৎকৃতি; খনন; ক্ষোদিত; উৎকীর্ণ; খাত। 'পরের লাইগা খুদা গাতাৎ নিজেরই পরোন লাগে।'

খুন *বি.* রক্ত; লহু; হত্যা; বধ; শোণিত; রুধির; নিহত; মৃতপ্রায়; আধমরা; হয়রান; অতিশয় ক্লান্ত; অত্যন্ত পরিশ্রান্ত; দেহে শিরা ধমনি প্রভৃতিতে প্রবাহিত শ্বেত ও লালকণিকায় প্রস্তুত তরল; রক্তিম। 'তামাম ছরিলে খুনের দইরা রয়্যা যাইবার লাকচে।'

খুনি *বিণ.* খুনী; খুনীয়া; খুনে; হত্যাকারী; ঘাতক; দাংগাবাজ; বিবাদপ্রিয়; চরম নিষ্ঠুর; ঘাতকের ন্যায় নিষ্ঠুর। '৭১ এর খুনিরা দ্যাছের লাইগা বর বর কতা কইলে হাছি আহে।'

খুন-খরাবি *বি.* খুন-খারাবী; হত্যাকাণ্ড; রক্তারক্তি; রক্তপাত; দাংগা-হাংগামা; অত্যুজ্জ্বল লাল রং বিশেষ। 'আইজ কাইল ছহরে খুন-খরাবি বাইরা গেচে।'

খুব *ক্রি.* অত্যন্ত; অতিশয়; বেশ; ভালো; উত্তম; চমৎকার; যথেষ্ট; নিশ্চয়; অবশ্য; নিঃসন্দেহে; প্রশংসাসূচক উক্তি বা ধ্বনি; অতি উত্তম। 'আমগো মহল্লায় খুব বালা একজোন কবি আচে।'

খুবছুরত *বিণ. দ্র.* খুবছুরাত।

খুবছুরাত *বিণ.* সুন্দর চেহারা; লাবণ্যময়; মনোহর; উত্তম; রূপবান; খুপসুরৎ; খুপসুরতি; খুবসুরৎ; খূবসূরৎ; খাপসুরৎ; খোপসুরৎ; খাবসুরত; সুরূপ; সুদর্শন; সুশ্রী। 'আমার বিবিছাবের লাহান খুবছুরাত আওরাত কমই আচে।'

খুবি *বি. বিণ.* সৌন্দর্য; সুন্দর; লাবণ্যময়; মনোহর; উত্তম; কলামণ্ডিত; গৌরবর্ণ; রূপবান; সুষ্ঠু। 'খুবি ছুরতের মাইয়্যাটায় দিলটা খান খান কইরা ফালাইল।'

খুরচুন *বি.* খন্তি; খুন্তি; রন্ধনকালে ব্যবহৃত হাতাবিশেষ।

খুরমা *বিণ. বি.* খোরমা; খোর্মা; খুর্মা; বড় খেজুর বিশেষ। 'আরব দ্যাছে পচুর খুরমা অহে।'

খুলা *বিণ.* খোলা; পরিষ্কার; পরিচ্ছন্নতা; স্বচ্ছতা; নির্মলতা; নির্মল; সাফ; সরল; অকপট; উদার; স্পষ্ট; বাধাবিঘ্নহীন; প্রতিবন্ধকশূন্য; শুভ্র; অমলিন। 'নিজের দিলখুলা থাকলে মোনে অইব হক্কলের দিল খুলা।'

খুলাছা *বিণ.* খোলাসা; খোলসা; খুলাসা; স্পষ্ট; বিশদ; পরিস্ফুট; স্পষ্টাস্পষ্টি; খোলাখুলি; অবারিত; উন্মুক্ত; খোলা; অকপট; অমায়িক; সরল; সাদা; খালি; শূন্য; উজাড়; ভারমুক্ত; পরিষ্কার। 'বিছয়টা সপ্তেরে খুলাছা কইরা কও।'

খেই *বি.* তালগোল; বিবেক বুদ্ধি; খাই; প্রসঙ্গ। 'কইবার গেলে বাবের কতা হারায়া যায় খেই।'

খেইল *বি.* খেলা; খেলানো; ক্রীড়া; লীলা; প্রমোদ; বিলাস; কেলি; কৌশল বা পারদর্শিতা প্রদর্শন; কৌতুক প্রদর্শন; প্রতিযোগিতা; ভেলকিবাজি; কৌতুক; তামাশা। 'পয়ছা ছেছ খেইল খতম।'

খেছ *বি.* আত্মীয়; স্বজন; জ্ঞাতি; কুটুম্ব; বন্ধু-বান্ধব; অন্তরঙ্গ ব্যক্তি; আত্ম সম্পর্কীয়; আপন; স্বীয়; নিজ; নিকটজন। 'এই মহল্লার ছপ্তেই আমার খেছ।'

খেছারত *বিণ. বি. দ্র.* খিচারত।

খেছি *বি.* আত্মীয়; স্বজন; জ্ঞাতি; কুটুম্ব; অন্তরঙ্গ ব্যক্তি; স্বীয়। 'তুমি হাজির থাকলে খেছিগো লগে পরিচয় করায়া দিবার পারতাম।'

খেতা *বি.* কাঁথা; কতকগুলো জীর্ণ বস্ত্রে প্রস্তুত মোটা শীতবস্ত্র বিশেষ। 'তুমি আমার আছমানের চান, ছীতের রাইতে গরম খেতা।'

খেদমত *ক্রি. বি.* সেবা; যত্ন বা শুশ্রূষা; উপাসনা; ভোজন; আহার; উপভোগ। 'হেপাজতিরা ঢাহায় আয়্যা নিজ চুক্ষে দেকচে ছরকার ইচলামের খেদমত করতাচে।'

খেদাইচি *ক্রি.* খেদানো; তাড়ানো; তাড়িয়ে দেওয়া; বিতাড়িত করা; দূরীভূত করা; বের করে দেওয়া। 'নিজের খায়্যা

জোঙ্গলের বইছ বহুত খেদাইচি।'

খেমতা *বি.* ক্ষমতা; শক্তি; সামর্থ্য; পটুতা; দক্ষতা; প্রভাব; শক্তিশালী; প্রভাবশালী। 'খেমতা আরায়া অহন পাকি রেজাকাররা অগো মায়রে বাপ কেথা হিয়াইতাচে।'

খেয়ানত *বি.* খিয়ানত; খেয়ানৎ; খিয়ানৎ; হারিয়ে ফেলা; নষ্ট করা; ক্ষতি; বিশ্বাসঘাতকতা; নাশ; গচ্ছিত দ্রব্য আত্মসাৎ; তহবিল তসরুপ; বিশ্বাস ভঙ্গ; অসাধুতা। 'আমানতের খেয়ানত করা মহাপাপ।'

খোছ *বিণ.* খুশি; খোশ; খোস; খুশ; খুস; আনন্দিত; উৎফুল্ল; আহ্লাদ; সন্তুষ্ট; মজাদার; আমোদপূর্ণ; খোশগল্প; সুষ্ঠু সুন্দর; স্বেচ্ছাকৃত বা স্বেচ্ছা প্রণোদিত; আপন ইচ্ছা বা বাসনা অনুমত; সন্তোষ; প্রীতি। 'বহুত দিন বাদে তুমার দিলের খোছ দেইখা মোনে বহুত ছানতি পাইলাম।'

খোছ-খবর *বিণ.* খোশ-খবর; সুসংবাদ; শুভসংবাদ; মঙ্গলজনক; মঙ্গলসূচক; কল্যাণজনক; কল্যাণদায়ক। 'কয়োনের মোতন খোছ-খবর থাকলে বহ।'

খোছবাছ *বিণ.* সুগন্ধি; সুবাতাস; সুবাস; সুঘ্রাণ। 'তুমার ছরীল থনে বালা খোছবাছ বাহার অইতাচে।'

খোছাল *বিণ.* খোশাল; সুখী জীবন; খোশহাল; খুশহাল; আনন্দে ভরপুর। 'হোমানে হোমান তুমি পরকিত মানু খোছাল জিন্দেগানী।'

খোদ *সর্ব. দ্র. খুদ*[২]।

খোমা *বি.* মুখ; মুখমণ্ডল; চেহারা; চোয়াল; মুখগহ্বর; গৃহাদির প্রবেশপথ; মোহনা; সম্মুখ অংশ। 'অহন এক নেতা আরেক নেতার খোমা বি দেকবার পারে না।'

খোয়া *বি.* কুয়াশা, শীতকালে মাটি ও বাতাসের তাপমাত্রার পার্থকের ফলে বাতাসে অতিরিক্ত জলীয় বাষ্প ঘনীভূত হওয়া। 'খোয়ার লাইগা দুই কদম ছামনের কিচ্ছু দেহা যাইতাচে না।'

খোয়াব *বি.* খোওয়াব; খাব; খ্বাব; স্বপ্ন; স্বপন; সুপ্ত বা নিদ্রিত অবস্থায় কোনো বিষয়ের প্রত্যক্ষবৎ অনুভব; নিদ্রিত অবস্থায় মনের ক্রিয়া বা অনুভূত বিষয়; ভবিষ্যৎ সম্পর্কে কল্পনা। 'বাইঙ্গা যে গ্যাছে আমার আলর খোয়াব নীদ জাগরণে।'

খোয়ায়া *ক্রি.* খোয়ানো; খুয়ানো; হারিয়ে যাওয়া; লাশ হওয়া; নিখোঁজ হওয়া; অদৃশ্য হওয়া। 'খোয়ায়া যাওয়া মানুটার কুনো হদিছ পাওয়া গেল না।'

খোরপোচ *বি.* ভরণপোষণ; খাদ্য ও বস্ত্র; খোরাক। 'আইল যে দিন গরের মইদ্যে তারে দে খোরপোচ।'

খোলছ *বি.* চেহারা; আদল; আকৃতি; রূপ; মূর্তি; মুখচ্ছবি। 'অহন ছময় অইচে, বাংলাদ্যাছে রাজনীতির পুরানা খোলছ বদল করনের।'

খোলাছা *বিণ.* খোলাসা; খোলসা; খুলাসা; স্পষ্ট; বিশদ; পরিস্ফুট; পষ্টাপষ্টি; খোলাখোলি; স্বচ্ছতা; অবারিত; উন্মুক্ত; অকপট; পরিষ্কার পরিচ্ছন্নতা; নির্মলতা; অকপট। 'মোন খোলাছা, জোবান খাছা, খাছা জব্বর দিন/ বৈছাক মাইছা রঙ্গের মেলায় জিন্দেগী রঙ্গিন।'

গ

গঅত্ *অব্যয়.* ঘত ঘত শব্দ। 'মতি মাতোয়াইলায় চাইর বোতল মাল টাইনা গঅত্ গঅত্ করবার লাকচে।'

গইরা *বিণ.* গড়া; প্রস্তুত করা; তৈরি করা; নির্মাণ করা; সৃষ্টি করা; সংগঠন করা; প্রতিষ্ঠা করা; বানানো বা সাজানো। 'আহ, ছপ্তে মিল্লা দ্যাছটারে মোনের মোতন কইরা গইরা লই।'

গজব *বি.* গযব; খোদার মার; আল্লাহ প্রদত্ত শাস্তি; নির্মম শাস্তি; বিপর্যয়; দুর্বিপাক; দুর্যোগ; দুর্ঘটনা; অবাঞ্ছিত ঘটনা; অশুভ বা দুঃখময় পরিণাম। 'বেছতি দিন বাকি নাইকা আল্লার গজব নাইম্যা আইব।'

গজল *বি.* গযল; সংগীতের সুর বিশেষ; কবিতা বিশেষ; প্রণয় গীতি; ধর্মসংগীত। 'মহরমের গজল হুনলে চোকে পানি আহে।'

গজা *ক্রি.* গজান; গজানো; জন্মানো; অঙ্কুরিত হওয়া; বাড়া; বৃদ্ধি পাওয়া। 'আইলে কুকিল দ্যাছে, মরা গাছে আচানক গজাইব পাতা।'

গজাইরা *বিণ.* উপযাচক হয়ে কষ্টসাধ্য কাজ করা; স্বয়ংপ্রার্থী; উপরপড়া; বিনা আহবানে অপরের দায়িত্ব নিয়ে কাজ করে দেয় এমন। 'নিজেরটা খায়্যা গজাইরা কাম কইরা ফয়দা অহেনা।'

গজাল *ক্রি.* গজানো; গজে উঠা; জন্মানো; অঙ্কুরিত হওয়া; বাড়া; বৃদ্ধি পাওয়া; গজা। 'ড্রেনের পানি পথে বাসে ম্যানহোলের ঢাকনা/কোথায় হলো উদাও বলো গজাল কি পাখনা?'

গতর *বি.* শরীর; দেহ; বিগ্রহ; কলেবর; কায়; শারীরিক; দেহসম্পর্কীয়; দেহস্থ। 'ইল্‌ছাকাটা কইরা তগ ছাদের গতর/ মোনের ছুক্কে বিলাইয়া দিমু নেরি কুত্তার ছামনে।'

গদ্দি *বি.* গালিচা; বিছানা; রাজাসন; সিংহাসন। 'কুয়াছা চাইদ্দর ঢাকা গাছের গদি/ ছর্‌গ বি ছাইরা আমু চরণে তোমার।'

গনতনতো *বি.* গণতন্ত্র; বহুদলীয় শাসনকার্য। 'ফাইটার গনতনতো আনচে নাকি বনগবনদুর ডাকে মুকতিরা ছংগেরাম কইরা আনচে!'

গয়না পিন্দানী *বি.* বরের আত্মীয়স্বজন কর্তৃক কনেকে গয়না পরানোর অনুষ্ঠান। 'গয়না পিন্দানী অনুষ্টানে দুই মোন মিঠ্‌ঠাই আনচে।'

গয়রহ *অব্য.* ইত্যাদি; অন্যসকল; অপরাপর; সংক্ষিপ্ত রূপ-গং। 'মোনের গয়রহ বাব দূর কইরা সপ্তের লগে একট্টা না অইবার পারলে জীবুনে তরক্কি অইব না।'

গর্‌গর্‌ *ধন্যা.* প্রচণ্ড রাগের বহিঃপ্রকাশ। 'এত যে গরগর করতাচ, আয়নায় চায়া দেক খোমাটা কিমুন জিলকাইতাছে।'

গরজ *বি.* গরয; আবশ্যক; প্রয়োজন; দায়; আগ্রহ; যত্ন; স্বার্থ। 'ছমাজপতি অইবার চাইলে ছমাজের মানুর লাইগা বালা কাম করনের গরজ থাকন লাগব।'

গরদান *বি.* গর্দান; গরদান; স্কন্ধ; গ্রীবা; ঘাড়; গলা; গলার পশ্চাদ্‌ভাগ; ঘাড়সমেত মাথা। 'মিছা পরমান করবার পারলে নিজের গরদান নিজে কাটুম।'

গরবর *বিণ.* গোলমাল পাকিয়ে ফেলা; কাজে ভুল করা; উল্টাপাল্টা কাজ করা। 'অহন বুইজা লও ক্যালা হিছাব গরবর অয়্যা পরচে?'

গরম *বিণ. বি.* উত্তাপ; উষ্ণতা; গ্রীষ্মকাল; দর্প; অহংকার; রোগ; উষ্ণ; তপ্ত; ক্রুদ্ধ; রুষ্ট; শীতনিবারক; উদ্ধত; উগ্র; চড়া; কড়া; তীব্র; তিরস্কার পূর্ণ; উত্তেজক; মহার্ঘ; টাটকা; সদ্যপ্রাপ্ত। 'মোনের গরম দূর করবার পারলে ছরিলের গরম আপনা আপনি দূর অয়্যা যায়।'

গরমকাল *বি.* গ্রীষ্মকাল; বৈশাখ ও জ্যৈষ্ঠ দুই মাস গ্রীষ্মকাল। 'গরমকালে কাচা আমের বর্তা বরই মিঠা।'

গরমায়া *বিণ.* গরম; উদ্ধত; উগ্র; চড়া; কড়া; তীব্র; ভর্ৎসনাপূর্ণ; উত্তেজিত হওয়া; উত্তপ্ত হয়ে উঠা; রাগান্বিত হওয়া; ক্রোধ; রোষ। 'বনগবনদুর বাছনে রাজনীতি চাঙ্গা হয়্যা দ্যাছ গরমায়া উটত।'

গরমি *বি.* গর্মি; গরম; তাপ; উত্তাপ; গ্রীষ্মকাল; নিদাঘ; অহংকার; ঔদ্ধত্য; উগ্রতা; উপদংশ রোগ; দেমাক; ক্রোধ; রোষ: উষ্মা; উত্তপ্ত; উষ্ণ। 'ছর্দি কও গরমি কও–দুই বি ছাস্তের লাইগা খরাপ।'

গরুহ *বি.* গ্রহ; গ্রোহো; যে জ্যোতিষ্ক সূর্যকে প্রদক্ষিণ করে; জ্যোতির্মণ্ডল। 'দ্যুলোক-বুলোক আমার অজানা গরুহ/ উজার কইরা দিমু যৈবন মোহ।'

গরহণ *বি.* গ্রহণ; চন্দ্রগ্রহণ; সূর্য ও গ্রহদের গ্রাস। 'বাইগ্যকূলের চান্দের গরহন/ খাইল গিল্যা আমার পিরীতের হানকি নগর।'

গরিমা *বি.* অহংকার; অহমিকা; গৌরব; মহিমা; মাহাত্ম্য; গর্ব; দর্প; আত্মচেতনা। 'বেবাক ছুখ, বেবাক গরিমা, বেবাক ছুখের গান/ চউখের পলকে কাইর‍্যা নিল আজরাঈল তুফান।'

গরিব *বিণ.* দরিদ্র; বিনীত; দীন; দীন-হীন; রিক্ত; বেচারা। 'গরিবেরে হেলাকরন দরমের মানা।'

গর্জায়া *ক্রি.* গর্জিয়ে; গর্জা; গর্জন; গর্জানো; গরজানো; অত্যন্ত জীর্ণ বা পুরনো। 'গর্জায়া উটল ব্যাবাক ফাটায়া আছমান।'

গলদ *বি.* গলত; গলৎ; ভুল; দোষ; ত্রুটি; ফাঁক আছে এমন বস্তু; গলদভরা। 'গোরায় গলদ থাকলে আগা বাইনগা মাতাৎ পরব।'

গলনদো *বিণ.* গোয়ালন্দ; রাজবাড়ী জেলায় অবস্থিত একটি স্থানের নাম।

গল্লি *বি.* গলি; চলাচলের সংকীর্ণ পথ; অতি অপ্রশস্ত পথ ও তার নানা বাঁক বা শাখা-প্রশাখা। 'ছিনতাইকারী চক্কের পলকে গল্লির বিত্রে ঢুইহা গেল।'

গহন *বিণ.* গহিন; গভীর; অতল; দুরধিগম্য; অতলস্পর্শ; যেস্থানে গমন কষ্টসাধ্য। 'লয়েল বেনগল টাইগার গহন জোঙ্গলে থাকে।'

গইছা *ক্রি.* ঘসে।

গইটা *ক্রি.* ঘটে যাওয়া; সংঘটিত হওয়া; সম্যক ঘটিত; অনুষ্ঠিত;

সাধিত। 'ছাবারে যা গটচে, কইবার গেলে একটা রুজ কিয়ামত গইটা গ্যেচে।'

গাই *বি.* গাভী; গৃহপালিত চতুষ্পদ প্রাণী। গাভী কৃষক বা মালিকের অর্থ আনয়নকারী সম্পদ। মাতৃ দুধের পরই এর দুধ উপাদেয়।

গাইঞ্জা *বি.* পাটের রশি বা সুতা দিয়ে তৈরি কাঁথা বালিশ রাখার সরঞ্জাম। 'বালোবাছা কি গাইঞ্জায় তোলা কেথা বালিছ/চাইলা আর বিছাইয়া দিলাম?'

গাইট[১] *ক্রি.* গাইড; পরিচালনা করা; নেতৃত্ব দেয়া; সঞ্চালন; সম্পাদন; শাসন। 'বিদ্যাছে বেরাইবার গেলে গাইট থাকোন দরকার অহে।'

গাইট[২] *বিণ.* পকেট; জামার সংলগ্ন থলি; জেব। 'জমানো গাইটের ট্যাকা দিয়া কুনো মতে ঠ্যাকা কাম চালায়া নিতাচি।'

গাইটা *ক্রি.* ঘেটে; ঘোঁট পাকানো; জটলা পাকানো; জট পাকানো; পেঁচ পড়ানো; জটিলতা সৃষ্টি করা; নাড়াচাড়া; এলোমেলো করা; স্থানচ্যুত করা; অন্যত্র সরানো; চর্চা বা আলোচনা করা; ঘাঁটাঘাঁটি। 'অনেক বইপত্র গাইটা ঢাহার আচলি ইতিহাছ হিকবার পারচি।'

গাইথা *ক্রি.* গেঁথে; গেড়ে; প্রোথিত করে; মনের মধ্যে চেপে বসা; কোনো জিনিস দীর্ঘদিন মনে রাখা। 'কতার মালা গাইথা দ্যাছবাছিরে বুলাইবার পারবা না।'

গাইব্য *বিণ.* গায়েবি; গায়েবী; অদৃশ্য; রহস্যময়; গুপ্ত। 'গ্যাছে যেই মেগ আমার, গ্যাছে ত গ্যাছে গাইব্যের দেছে।'

গাইবী *বিণ. দ্র.* গাইব্য।

গাইব্বের *বিণ.* গায়েবি; গায়েবী; গৈবি; গৈবী; অদৃশ্য; রহস্যময়; গুপ্ত; আজগুবি। 'গাইব্যের রছে অইবা রছিক মারফতী ফানা।'

গাইব্যেরতন *বি.* গায়েবী ধন সম্পদ; অদৃশ্য ধন সম্পদ; গুপ্ত সম্পদ। 'ছুক্কের বাছরে গাইব্যেরতন ঝইরা পরবো বালোবাছার ফুল।'

গাইয়্যা *ক্রি.* গেয়ে; গাওয়া; গাহা; গান করা; মহিমা কর্তন করা বা প্রশংসা করা; প্রচার করা; ছন্দোবন্ধে বর্ণনা করা। 'অনুষ্টানে খুব বালা গাইয়্যা আইচিল।'

গাইরা *ক্রি.* গেরে; গেঁথে; গাড়া; প্রোথিত করা; ভিতরে প্রবেশ করানো; গর্ত; খোঁদল; খানা; ডোবা; স্থাপন করা। 'আমার

গতরে চরণ দুইয়া, লাঠি গাইরা আমার কোলে!'

গাইল *বি.* গালি; কটুবাক্য; ভর্ৎসনাপূর্ণ বাক্য; ভর্ৎসনা; অশ্লীল শব্দ প্রয়োগ; অশিষ্ট বাক্য। 'ইয়াহিয়ার দবচামারা ছেনাগো গাইল পাইরা বি বাহার করোন গেত না।'

গাইলছ্যা *বি.* মুখ গহ্বর; গালের ভেতরের দিক। 'মিছা কথা কইতে-কইতে খোমার গাইলছ্যার মইদ্যে এক ডিব্বা ফেনা জমায়া ফালাইচে।'

গাউরা *বিণ.* ঘাউড়া; গোয়ার; ঘাড় বাঁকা প্রকৃতির; অত্যন্ত পাজি বা অহেতুক জেদি। 'গাউরা মানু আর বাউরা গরুর মইদ্দে ছবারের কুনো ফারাক নাইক্যা।'

গাউরামি *ক্রি.* ঘাউরামি; গোয়ারতমি; মনগড়ামতো কাজ করা; অহেতুক তর্ক করা। 'ছিনতিকেত কইরা গাউরামি করলে এইবার খবর আচে।'

গাও *বি.* ক্ষত; ঘা; শরীরের কাটা স্থান; আঘাতপ্রাপ্ত স্থান; বিদারিত; কর্তিত। 'এই গাও এতনা জলদি হুকাইব না।'

গাওজুরি *বি. দ্র.* গা-জুরি।

গাঙ *বি.* নদী; পাহাড়,হ্রদ, প্রস্রবণ প্রভৃতি থেকে উৎপন্ন ও নানা জনপদের জলস্রোত; চার ক্রোশের অধিক বাহিনি জলনালি; স্বাভাবিক জলস্রোত; স্রোতস্বিনী; তটিনী; তরঙ্গিণী; প্রবাহিণী। 'যদি থাকে বন্দের মোন গাঙ পার অইতে কতক্ষোন!'

গা-জুরি *বি.* গায়ের জোরে; ক্ষমতা প্রদর্শন; শক্তি প্রদর্শন; জবরদস্তি; বলপ্রয়োগ। '২৫ তারিকের পরে মহাজুট মাঠে লাইমা বুজায়া দিব গা-জুরি আর বাহানার নতিজা কারে কয়।'

গাছ *বি.* ঘাস; দূর্বা; তৃণ। 'ডাইনে বাঁয়ে ছামনে পিছে হাজার হাজার গাছ/ হুকুম আলী হুকুম করে হাকীম কাটে গাছ।'

গাজী *বি.* গাযী; আল্লাহ্‌র নির্দেশ অনুযায়ী ইসলামের জন্য যুদ্ধ করে যে যোদ্ধা; সুপ্রসিদ্ধ ইসলামি যোদ্ধা ও বীর; পুঁথি সাহিত্যের অন্যতম নায়ক। 'পুথিতে গাজীগো কাহানি পরলে ছরিলের লোম্বা খারায়া উটে।'

গাজুইরা *বিণ.* বেদম প্রহার; ভয়াবহ মার। 'মুক্তিফৌজের গাজুইরা মাইরের চোটে হানাদার ছেনারা গাথায় লুকাইয়া বি জান মান বাচাইবার পারে নাইক্যা।'

গাটন *ক্রি.* ঘাঁটাঘাঁটি; পর্যালোচনা করা; অনুশীলন করা;

নাড়াচাড়া। 'বাইবা দেকলাম, বই গাটন ছারা ঢাহা ছহরের ইতিহাছ জানন যাইব না।'

গাটলা *বি.* ঘাট; জলাশয়াদিতে অবতরণের জায়গা; নৌকা বা জাহাজ ভিড়বার স্থান; প্রবেশপথ। 'বুরিগনগা নদীর পারে আচান মনজিলের বহুত বর গাটলা আচিল।'

গাঠ্‌ঠি *বি.* কাপড়-চোপরের গাট বা বান্ডেল; বোঁচকা; পুঁটুলি। 'স্মৃতির মাঝে খুইজা ফেরে/ গাঠ্‌ঠি বোচকা গোল।'

গারা *বি.* গর্ত; ফাঁদ; খোঁদল; খানা; ডোবা; জলাশয়; প্রাকৃতিকভাবে নির্মিত কম ব্যবহৃত জলাভূমি। 'বুট্টুর কতায় বানগালিগো উপ্রে আক্রমোন কইরা ইয়াহিয়া গারার মাইদ্যে পাও দিচিল।'

গারুয়ান *বি.* গাড়োয়ান; গাড়ওয়ান; শকটচালক; যানবাহক। 'গারুয়ান কও, কুচুয়ান কও, ছপ্তের আমি বাই/ রইদে গাইম্যা, মেগে বিজ্যা কামাই কইরা খাই।'

গাথায় *বি.* গর্ত; খাদ; নালা-নর্দমা। 'বুড্ডা বি অইচ, এক পাও গাথায় গেচে, অহন বি মিত্যা বাত মাত!'

গাদ্দি *বি.* গাদি; নিতম্ব; কটির পশ্চাদ্ভাগ; জঘনের বিপরীত দিক; পাছা; পর্বতের পার্শ্বদেশ। 'গদিতে গাদ্দি লাগায়া কি করতাচ?'

গান্দসের থাল *বি.* বিয়ের দিন বিকেলে বরের বাড়ি থেকে বিয়ের কাপড়, গয়না এবং পুরোহিতসহ কনের বাড়িতে যে থাল পাঠানো হয়।

গান্দা *বিণ.* দুর্গন্ধযুক্ত; পচা; ময়লা; অপবিত্র; আবর্জনা; অপরিচ্ছন্ন। 'এহন বুরিগনগার পানি গান্দা অয়্যা গেচে।'

গানি *বি.* সরিষার তেল ভাঙানোর সরঞ্জাম। 'হারা জীবুন কুলুর বলদের লাহান গানি টাইনা গেলা, ফল বি পাইলা না।'

গাবরায়া *ক্রি.* ঘাবরিয়ে যাওয়া; থমকে যাওয়া; থমকে পড়া; ভয় পাওয়া। 'বউ তুমার কথা হুইনা বহুত গাবরায়া গ্যাচে।'

গায়গতর *বি.* শরীর-স্বাস্থ্য; দেহ; কায়। 'বাল বাচ্চা লয়্যা গায়গতরে বালাই আচি।'

গায়েব *বিণ.* অদৃশ্য; গুপ্ত; আত্মসাৎ; গাপ; হঠাৎ উধাও হয়ে যাওয়া। 'এইছব পান্ডাগো বিরুদ্ধে কুনো কতা কইলে গায়েব কইরা দিব।'

গায়েবানা *বিণ.* অদৃশ্য; চোখে দেখা যায় না এমন; দৃষ্টির অগোচর;

অপ্রত্যক্ষ জগতের; অতীন্দ্রিয় সত্তার। 'গায়েবানা জানাজায় ছরিক অয়্যা হ্যারা ছহি কাম করচে।'

গারি *বি.* গাল; কটুবাক্য কথন; গালাগালি; তিরস্কার; বকুনি দেওয়া। 'গুরা নাই গারি নাই জেবটাও খালি/ আমারে যে পাবলিকে খালি দেয় গালি।'

গাহানা *বি.* গান; গীত; সংগীত; কণ্ঠসংগীত; গীতিকবিতা; গীতাভিনয়; গীতিনাট্য; সমুধুর ধ্বনি বা রব; কীর্তন; বর্ণন; গীতবাক্য; ধ্রুপদ। 'আইজকাইলের গাহানা হুনবার দুই দিন বাদে হারায়া যায়।'

গ্যাইরা *ক্রি. দ্র.* গাইরা।

গ্যাচ *ক্রি.* গিয়েছ। 'তুমি আইজতক মজিদে গ্যাচ হুনি নাইক্যা।'

গ্যাচে *ক্রি.* গিয়েছে; চলে গেছে; চলে যাওয়া; উধাও হওয়া; হারিয়ে যাওয়া। 'আবুইল্লা কই গ্যাচে কুনো হদিছ নাইক্যা।'

গ্যাছ *বি.* গ্যাস; বায়বীয় পদার্থ; বাষ্পীয় পদার্থবিশেষ। 'গ্যাছ দিয়া গারি চালানে পেট্রুলের অনেক পছা বাইচা গেচে।'

গ্যাছ বাত্তি *বি.* গ্যাস চালিত আলোক ব্যবস্থা। 'নোয়াব গনি ছাব ঢাহায় পরথম খায়োনের পানি আর গ্যাছবাত্তি ছিছটেম চালু কইরা বাপ দাদাগো টাছকা লাগায়া দেয়।'

গ্যাছে *ক্রি. দ্র.* গ্যাচে।

গ্যাছেগা *ক্রি. দ্র.* গ্যাচে।

গ্যানজাম *বি.* ঝামেলা; ঝঞ্ঝাট; ঝক্কি; ফ্যাসাদ; ঝগড়া; বিবাদ; ঝামেলা। 'খুদ ঢাহার ছহরে মুকতিরা গেরনেড ফাটায় আর নিয়াজী কয় পাবলিকে গ্যানজাম চালাইচে।'

গ্যানগ্যান *ক্রি. দ্র.* প্যানপ্যান।

গ্যারা[১] *বি.* ফাঁদ; পশুপাখি ধরার যন্ত্রবিশেষ; কৌশল; ছল; ফন্দি; চক্রান্ত। 'ইয়াহিয়া বুট্টুর গ্যারার মইদ্যে পাও দিয়াই মরচে।'

গ্যারা[২] *ক্রি. বি.* দখল করা; আত্মসাৎ করা; অধিকার; আয়ত্তে আনয়ন। 'গবর্নর ঠ্যাটা মালেক্যায় হোলি ফ্যামিলী হাসপাতালে গ্যারা মাইরা বইয়া থাকনের কারণটা কি আচিল?'

গ্যালোগা *ক্রি. দ্র.* গ্যাচে।

গ্যায়ানী *বি. বিণ.* জ্ঞানী; জ্ঞানসম্পন্ন; ধার্মিক; সত্ত্ব প্রভৃতি গুণযুক্ত। 'গ্যায়ানী অইবার চাইলে বহুত মেন্নত কইরা ল্যাহাপরা করন লাগে।'

গিজগিজ *ধন্যা.* ঠাসাঠাসি করে একত্রে অবস্থানের ভাব প্রকাশ

করা; গাদাগাদি; ঘেঁষাঘেঁষি; চাপাচাপি; ভিড়; অত্যন্ত চেপে ঢুকানো; বেশি বোঝাই করা। 'আমার লগে কথা কয়া বাববেন একখান চিজ/ বালা না অউক বুরা কতায় মাতাটা গিজগিজ।'

গিন *বি.* ঘৃণা; অবজ্ঞা; অশ্রদ্ধা; কদর্যতার কারণে উপজিত প্রবল বিরাগের অনুভূতি; তীব্র বিতৃষ্ণা; লজ্জা বা অপমান বোধ। 'ঢাহার ছহরে দুনিয়ার মইদ্দে বেছতি মজিদ আচে, তাই বইলা কেউ মনদির গিরজারে গিন করে না।'

গিঞ্জি *বিণ.* ঘিঞ্জি; ঘুঁজি; ঘুঞ্জি; ঘন; নিবিড়; সংকীর্ণ ও ঘেঁষাঘেঁষি; ঘুপচি; জনবহুল বা ঘন বসতিপূর্ণ। 'পুরানা ঢাহার গিঞ্জি গল্লি ছাইরা মালদার কুট্টিরা গুলছানে যাইয়া বাছা বানাইচে।'

গিট্টু *বি.* প্যাচ লাগা; ঘিরা; ঘিরান; বন্ধন; বাঁধন। 'অহনকার জমানা অইল ব্যবছা আর জানা হুনার লগে গিট্টু বাইনদা জুইলা চলনের।'

গিদর[১] *বি.* শকুন; ছকুন; এক প্রকার বৃহৎ মাংসাসী পাখি। 'গিদরের দুয়ায় গরু মরে, কইচে ক্যাঠা?'

গিদর[২] *বি. বিণ.* নোংরা; বুদ্ধু; অপরিষ্কার; মালিন্য; অপরিচ্ছন্ন; মলিন। 'ছকুনের লাহান গিদর অয়্যা গেলি ক্যামনে?'

গিবৎ *বি.* গিবত; গীবত; কুৎসা; পরনিন্দা। 'গিবৎ গাওয়া আর ইমান নাছ করা হোমান কতা।'

গিরা. *ক্রি.* ঘিরা; ঘেরা; ঘিরে; ঘিরিয়া; বেষ্টন করা; বেষ্টনী দেওয়া; পরিবেষ্টন করে; অবরোধ করে; বেড়া। 'দিলের কছটোরে গুলবাগ বানায়া গিরা দিয়া ফালাও।

গিলা *বি.* বীজ বিশেষ; বীজ সদৃশ যা মুসলমানদের বিয়ে-শাদিতে কনেকে গোসল করানোর সময় বেটে মেথি, সোন্ধা, হলুদ ইত্যাদির সাথে মিশিয়ে ব্যবহৃত হয়।

গিলায়া *ক্রি.* গিলিয়ে; গলাধঃকরণ করে। 'জনমের ব্যাবাক ছোদ একবারে লিমু/ মুগুর গিলায়া জোবান বন্ কইরা দিমু।'

গিলু *বি.* মগজ; মেধা; মস্তিষ্ক; সারবস্তু; মজ্জা; শাঁস। 'কয়না মাতায় গিলু থাকলে বুদদি খুইলা যায়।'

গিল্যা *ক্রি.* গিলা; গিলে; গেলা; খাওয়া; আহার করা; ভোজন করা; খিলানো; গলাধঃকরণ করা; গ্রাস করা; গলাধঃকরণ করা হয়েছে এমন; গলাধঃকৃত; গেলা হয়েছে এমন; ভক্ষিত।

'বানগালাদ্যাছের যুদ্দের হাচা খবর পায়া ইয়াহিয়া খান নিয়াজীরে গিল্যা খাইবার চাইচিল?'

গিল্‌লা *ক্রি. দ্র.* গিল্যা।

গুইচা *বিণ.* ঘোচা; খোলা; মুক্ত করা; পরিষ্কার করা; দূর হওয়া; বিগত হওয়া; মোচন বা খণ্ডিত হওয়া। 'তুমারে দেইখ্যা মোনের কছটো গুইচা গেল।'

গুইছা *ক্রি.* ঘসে; ধুকে ধুকে। 'গুইছা গুইছা জ্বলে তুছের আগুন বুকের মাজার।'

গুইরা *ক্রি.* ঘুরে; ঘুরা; ঘোরা; পাক খাওয়া; পাক দেওয়া; আবর্তন করা; ঘূর্ণিত হওয়া; ভ্রমণ করা; বেড়ানো; হাঁটাহাঁটি করা; বার বার আসা যাওয়া করা। 'তুমি গুইরা আইলে এক লগে যামু।'

গুঙ্গুর *বি.* ঝুমুর; ঘুঙ্গুর; ঘুঙুর; ঘুঁঘর; নূপুর; কিঙ্কিনী; শিঞ্জিনী; মল জাতীয় চলনালঙ্কার বিশেষ। 'হপ্পায় বুকের রঙ্গিলা ময়ূর পিনতাছে গুঙ্গুর পায়।'

গুচা *বিণ.* ঘোচা; খোলা; মুক্ত করা; পরিষ্কার করা; দূর হওয়া; বিগত হওয়া; মোচন বা খণ্ডিত হওয়া। 'তুমারে দেইখ্যা মোনের কছটো গুচা গেল।'

গুচানো *বিণ.* গুটানো; গোটানো; গুটনো; জড়িয়ে নেওয়া; টেনে এনে জড় করা; সংকুচিত করা। 'পাবলিক অহন বুজতাচে তুমরা আখের গুচানো ছুরু কইরা দিচ।'

গুছল *বি.* গোসল; স্নান; অবগাহন; নাওয়া; সমস্ত শরীর ধোওয়া। 'রুজ ছক্কাল বেলা গুছল করলে ছরিল বালা থাকে।'

গুছি *বিণ. বি.* ঘুসি; ঘুষি; ঘুষা; ঘুষো; মুষ্ঠি প্রহার; মুষ্ট্যাঘাত। 'মিছাবাত করবি ত গুছি খাবি।'

গুজাপিঠা *বি.* কুলি পিঠা।

গুজরান *বি.* অতিক্রমণ; অতিক্রান্ত হওয়া; যাপন করা; অতিবাহন করা; জীবিকা নির্বাহ করা। 'গুমনি বেচার পছা দিয়া কুনোমতে দিন গুজরান করতাচি।'

গুজারায়া *ক্রি.* পার হওয়া; অতিক্রান্ত হওয়া; পরিত্রাণ করা; উত্তীর্ণ হওয়া। 'অহন হ্যাই দিন গুজারায়া গ্যেচে।'

গুল *বি.* গোল; গোলাকার; বৃত্তাকার; চক্রাকার; গোলমাল; হৈচৈ; হল্লা; দ্বিধা; দ্বন্দ্ব; সমস্যা; ফ্যাসাদ; জটিলতা; ভুল; ঝগড়া; বিবাদ। 'দুনিয়াটা ফুটবলের লাহান গুল মোতন।'

গুলমারা *বিণ. বি.* চাপাবাজি করা; অতিরঞ্জিত করে বলা; সত্যের অতিরঞ্জন; মিথ্যা বলা; মিথ্যা উক্তি দ্বারা প্রবঞ্চনা। 'এই বয়ছে এত্ত গুলমারা কই হিকছছ?'

গুলবদন *বি.* কোমলাংগ; নরম দেহবিশিষ্ট; গোলাপের ন্যায় কোমলদেহী; রেশমি কাপড় বিশেষ। 'তুমার গুলবদন না দেকলে দিনটারে ছুরুজ গন্যায় পায়্যা বহে।'

গুলবাহার *বি.* গুলবাগ; গুলবাগিচা; ফুলবাগান; সুশোভিত কানন; কুসুম কানন। 'দিল্লিতে বাছ্‌ছাগো গুলবাহার কি এহন তক আর আচে?'

গুপন *বিণ.* গোপন; কাউকে না জানানো; লুকানো; গুপ্ত; গোপনীয়; অপ্রকাশিত; অপ্রকাশ্য। 'নিজের গুপন বিছয় গুপন না রাকবার পারলে আর মানু গুপন রাকব ক্যাম্বে?'

গুটাইচে *ক্রি.* গোটানো; গুটনো; জড়িয়ে নেওয়া; টেনে এনে জড় করা; টেনে তোলা; বন্ধ করা; তুলে দেওয়া; সংকুচিত করা; নিষ্ক্রিয় করা। 'ল্যাজ গুটাইচে পণ্ডা পাকি।'

গুড্ডি *বি.* ঘুড়ি; ঘুড্ডি; সুতার সাহায্যে আকাশে উড়াবার কাগজের খেলনা বিশেষ। 'অহন বি পুরান ঢাহায় গুড্ডি উরান খেইল অহে।'

গুনা *বি.* গুণা; গুনাহ্; গোনা; গোনাহ; পাপ; অপরাধ; দোষ; কলুষ; দুষ্কৃতি; অন্যায়; অধর্ম; শাস্ত্রবিরুদ্ধকর্ম। 'কবিরা গুনা মাপ অহে না।'

গুপচি *বিণ.* অন্ধকার বা আড়ালের ক্ষুদ্র স্থান; অন্ধকারাচ্ছন্ন ও সংকীর্ণ; ঘোপের মতো বন্ধ ও অপরিসর। 'এই অলি-গলি গুপচির মইদ্যেই টিক্যা আচি।'

গুমচে *ক্রি.* ঘুরছে; চক্কর; ঘোরা; পাক খাওয়া; আবর্তন করা; ঘূর্ণিত হওয়া; ভ্রমণ করা। 'ঢাহায়ারা গুরার গারিৎ চইরা কইত পনখিরাজে উইঠা গুমচে।'

গুমবার *ক্রি.* ঘোরাফিরা করা; ঘোরাঘুরি করা; পাক খাওয়া; বেড়ানো; হাঁটাহাঁটি করা; বার বার আসা যাওয়া করা; ঘুরপাক। 'আমি হপতার ছুটির দিন বিবি ছাবরে লয়্যা গুমবার যাই।'

গুমরা *বিণ.* ক্ষতিগ্রস্ত হওয়া; অনিষ্ট হওয়া; লোকসান; অর্থনাশ; ভোতা; অবিশ্বাসী হওয়া। 'পোলা মাইয়াগুনা হারাম মদ ইয়াবাবা খায়্যা দিনকে দিন গোমরা অয়্যা গেতাচে।'

গুমা *ক্রি.* ঘুরা; ঘুরাফেরা; বেড়ানো; ভ্রমণ; চক্কর। 'খালিখালি বয়্যা না থাইক্যা রমনা পার্কে গুমা বহুত বালা।'

গুরার গারি *বি.* ঘোড়ার গাড়ি। 'গুরার গারি আচিল ঢাহা ছহরের ইজ্জতের নতিজা।'

গুরায়া *ক্রি.* ঘুরিয়ে; ঘুরাইয়া। 'তুমাগো দিলের চাক্কা ছাদীন দ্যাছে যুদ্দু করবার লাইগা গুরায়া দিচ।'

গুর্দা *বি.* কিডনি; রেচনী; রেচনতন্ত্র। 'বিচ্চুগো মাইরের ডরে মছুয়াগো গুর্দাগুলা কাইজ কাম বন কইরা দিচিল।'

গুলগুল্লা *বি.* তেলেভাজা পিঠা জাতীয় খাবার। 'পুরানা ঢাহার গুলগুল্লার কতা মোনে অইলে অহন বি জিবে পানি আহে।'

গুলজার *বিণ.* জাঁকজমকপূর্ণ; জমজমাট; গোলজার; গুলযার। 'আপনা-আপনি আছিলাম তো আনন্দে গুলজার।'

গুল্লা *বিণ.* ঘোলা; ময়লা; ব্যবহার উপযুক্ত নয়। 'লৌরায়া আইতাছে আকাইলা যম খাওয়াইতে গুল্লা পানি।'

গুলাম *বি. বিণ.* গোলাম; ভৃত্য; চাকর; নফর; দাস; চাকর; চাকরানী' দাসত্ব; ক্রীতদাস; একান্ত অনুগত; আজ্ঞাবহ; অধীন; ছবিওয়ালা তাসবিশেষ, যাতে গোলামের ছবি থাকে। 'গুলাম কইয়া গাইল দেয়োনের দিন আর নাইক্যা।'

গুলিচতান *বি.* গুলিস্তান; ঢাকা শহরের একটি ব্যস্ততম এলাকার নাম। 'গুলিচতান মাইনে ফুলের বাগিচা।'

গুল্লি *বি.* গুলি; গোলা; গোলাবারুদ; আগ্নেয়াস্ত্রে ব্যবহৃত গুলি। 'গুল্লি কইরা মুক বন করবার দিন গুজুইরা গ্যাচে।'

গুয়ার *বিণ.* গোঁয়ার; একগুঁয়ে; জেদ্দী; গ্রাম্য; গেঁয়ো; বর্বর; কাণ্ডজ্ঞানহীন; হোঁত্কা; হঠকারি; উদ্ধত; দুঃসাহসী; অশিক্ষিত; অমার্জিত; অসভ্য। 'গুয়ারের মোতন চলন-বলন ছাইরা বালা মানু অয়্যা যাও।'

গেইছা *ক্রি. বিণ.* ঘেঁষা; নিকটবর্তী হওয়া; কাছাকাছি হওয়া; গায়ে গায়ে লেগে বা অতি নিকটবর্তী হয়ে থাকা; ঘনিষ্ঠ বা নিবিড় হওয়া; সংস্রবে যাওয়া বা সম্পর্ক রাখা। 'ফারাকে ক্যালা, আমার লগে গেইছা বই।'

গেউ *বি.* গম; এক ধরনের শর্করা জাতীয় খাদ্য শস্য।

গেউ এর দুধ *বি.* গমের দুধ। গম বেটে পানি মিশিয়ে তৈরি সাদা পানীয়।

গেউদুধের হালুয়া *বি.* গমের দুধের হালুয়া।

গেচিলি *ক্রি.* গিয়েছিলি (তুই সম্বোধনার্থে)। 'আইজকা ফেরি করবার লাইগা কোন মহল্লায় গেচিলি?'

গেছা *ক্রি.* ঘেষা; ঘেঁষা; ধাক্কা দেওয়া; নিকটবর্তী হওয়া; কাছাকাছি হওয়া; গায়ে গায়ে লেগে বা অতি নিকটবর্তী হয়ে থাকা; ঘনিষ্ঠ বা নিবিড় হওয়া। 'জিন্দেগীতে– ইছকুল কলেজের দার গেছা দেই নাইক্যা।'

গেটাগ্যাট *বিণ.* বিরতিহীন; একাধারে; নিবৃত্তহীন; ক্ষান্তহীন। 'মুকতিগো ডরে পাকি ছেনারা আছমানে গেটাগ্যাট গুল্লি চালাইত।'

গেত *ক্রি.* যেত; যাইত; চলে যাওয়া; গমন করা; প্রস্থান করা; যাওয়া। 'পরছতাবটা আগে পারলে একটা কিছু করোন গেত।'

গেতাচি *ক্রি.* যাচ্ছি; যাইতেছি। 'গেতাচি কয়্যা বয়্যা আছছ ক্যালা?'

গেতাচে *ক্রি.* যাচ্ছে; চলে যাওয়া; চলে যাচ্ছে। 'বাইচকোপ অলা কইত দেহেন দেহেন দাদার মজা কেমতে চইলা গেতাচে।'

গেতে *ক্রি.* যেতে; যাইতে। 'আমার বারি গেতেরে বন্দু অয়না যেনি বুল।'

গেনডারি *বি.* আখ; আক; ইক্ষু। 'গেনডারির মইদ্‌দ্যে মিঠঠারছ আল্লার কদরতির নিছানা।'

গেরনেড *বি.* গ্রেনেড; ছোট বোমা; যুদ্ধে ব্যবহৃত ধ্বংসকারী গোলাবিশেষ। 'গুলিচতানের গেরনেড হামলা থাইকা বুজন যায় রাজনীতি কই গিয়া খারাইচে।'

গেরাণ *বি.* ঘ্রাণ; সুগন্ধি; সুঘ্রাণ; খুশবো; সৌরভ; সুবাস; গন্ধ; বাস; দুর্গন্ধ; ঘ্রাত; ঘ্রাতব্য; ঘ্রাতা; ঘ্রেয়; নাসিকা; ঘ্রাণেন্দ্রিয়। 'ছাচ্চা দিলে তারে আমি দিমু পরতিদান/ ফুলছজ্জার ব্যাবাক ফুল, ব্যাবাক গেরাণ।'

গেররা *ক্রি. বি.* প্যাঁচ লাগানো; পেঁচানো; প্যাঁচানো; প্যাচানো; পাকানো; পেঁচ দেওয়া; পেঁচ দিয়ে অল্পে অল্পে কাটা; ঘুরিয়ে ঘুরিয়ে এঁটে দেওয়া; কূটকৌশলে জটিল করা। 'লাগা গুড্ডি, গেররা লাগা।'

গেরাকল *বি.* ফাঁদ; ফান; ফান্দ; পশুপাখি ধরার যন্ত্রবিশেষ; কৌশল; ছল; ফন্দি; চক্রান্ত; বিপদ; অস্বস্তিকর পরিস্থিতি।

'গেরাকলে পইরা ফালাফালি কইরা লাব নাইক্যা।'

গেরাচ্যুইটি *বি.* পারিতোষিক; চাকরি থেকে অবসরগ্রহণকারী ব্যক্তিকে প্রদত্ত ভাতা বা গ্র্যাচুয়িটি; পেনশন।

গেরাম *বি.* গ্রাম; গাঁও; গাঁ; পাড়াগাঁ; পল্লি এলাকা। 'গেরাম থেইকা পিঠা আনছি, মজা কইরা খাও।'

গেরামীন *বিণ.* গ্রামীণ; গ্রাম্য। 'এক ছোময় গেরামীন জীবুন আছিল ছুক্ষের জীবুন।'

গেরামীন ব্যাং *বি.* গ্রামীণ ব্যাংক। 'গেরামীন ব্যাংক অনেক গরিব মানুরে ছুক্ষের মুক দেখাইচে।'

গেরেড *বি.* গ্রেড; অনুক্রম; স্তর; শ্রেণি; উচ্চ ধাপ। 'পাচ ছো গেরেড লোহার খাচার বিতরে টাইগার মামা আটকা আছে।'

গেলগা *ক্রি. দ্র.* গ্যালোগা।

গেল্লাছ *বি.* গ্লাস; গেলাস; পান করার জন্য ব্যবহৃত পাত্রবিশেষ। 'এক গেল্লাছ পানি দেও, তিল্লাছে মইরা যাইবার লাকচি।'

গোচুল *বি.* গুচ্ছল।

গোছ *বি.* গোশ্ত; গোস্ত; গোস; মাংস। উল্লেখযোগ্য ঢাকাইয়া মাংস জাতীয় খাবার যেমন : তন্দুরি মোরগ; মুরগির রেজালা; আনারস মুরগির দোপেঁয়াজি; চিকেন ঝাল ফ্রাই; চিকেন বুখারা; নারকেল মুরগি; দম মোরগ; মোসাল্লাম; মোরগ মোসাল্লাম; চিকেন টেক্কা; মুরগির রোস্ট; হাঁসের ঝাল ভুনা; হাঁসের মালাই কারি; কবুতরের ঝোল ঝাল; চিকেন কাটলেট; কাটা মসলার মাংস; শাহি কাটা মসলার মাংস; গরুর মাংসের কালিয়া; খাসির মাংসের রেজালা; টমেটো গোশত; পুনিদা মাংস; নুইনার শাকে মাংস; কুটা গোশত; ঝাল কালিয়া; গর্দানের ঝোল; খাসির রেজালা; করোলি পুদিনা; ভুনা গোশত; রেজালা; গ্লাসি; খাসির গ্লাসি; আখনি; খাসির মাথার রেজালা; আনারস গোশত; বাঁধাকপি গোশত; সোন্দা গোশত; গরুর মাংস মেথিশাক; পাঁচফোড়ন দিয়ে গরুর মাংস; মাংসের স্টু; মাটন-দোপেঁয়াজি; গরুর মগজ দিয়ে পালংশাক; খাসির চাপভাজা; খাসির চাপ; গরুর চাপ; গ্রিল চাপ; ফ্রাই চাপ; খাসির রানের রোস্ট; তেক্‌কা; গরুর টেক্কা; নেহারি; পায়া; নোনা গোশত; মগজ ভুনা; দই মগজ; মেথি কলিজা; গরুর টিকিয়া; তন্দুরি মাটন; মাংসের চাপ; মাটন চপ; মাংসের কাটলেট; মাংসের চপ;

ক্রাম্ব চপ; ঝুরা গোশত; পনির গোশত।

গোছা *বি.* হাঁটুর পেশি।

গোছক *বি.* ঘোষক; ঘোষণাকারী; নিনাদক; প্রচার। 'ছাদীনতার গোছক আর গোছনা লয়্যা কুনো ছুবা-ছন্দ নাইক্যা।'

গোছনা *বি.* ঘোষণা; ঘোষণ; উচ্চ রবে প্রচার; বিজ্ঞাপন; বিজ্ঞপ্তি; ইস্তেহার। 'তুমাগো নেতা বাইচা থাকতে বি ছাদীনতার গোছনা লয়্যা কুনো কতা পার নাইক্যা।'

গোচ্ছা *ক্রি. বি.* গোস্বা; রাগ; ক্ষোভ; গোসা; গোশা; গোস্‌সা; গোশ্‌শা; ক্রোধ; অভিমান। 'হারু মিয়া টিক্কা খান পিণ্ডিতে ফিরৎ গিয়া ইয়াহিয়ার গোচ্ছা মিটাইবার লাইগ্যা কম তেল মারে নাইক্যা।'

গোত্তা *ক্রি. বি.* ডিগবাজি খাওয়া; গোতা; গোপ্তা; মাথা নিচের দিকে দিয়ে এই অবস্থায় সবেগে ধাবিত হওয়া। 'মার গুড্ডি, গোত্তা মার।'

গোদ *বি.* রোগ বিশেষ যাতে পা ফুলে যায়; বিপদের ওপর বিপদ। 'গরীব হ্যালায় কাইন্দা মরে/ নিত্তি হেগর রোজা/ পওলা- কুরমা, নয়া জামা/ গোদের ওপর বোজা।'

গোদাজাবুন *বি.* গোদা জাম; অপেক্ষাকৃত ছোট গাছে ফলবান কিছুটা টক জাতীয় ফল।

গুমর *বি. বিণ.* গুমোর; গুমার; আসল বিষয়; অন্তর্নিহিত অর্থ; রহস্য; গূঢ় অর্থ বা তাৎপর্য; মর্ম; গুপ্ত তথ্য যা সহজে বুঝতে পারা যায় না; গোপনীয়; গূঢ় তাৎপর্যপূর্ণ; দুর্বোধ্যতায় আচ্ছন্ন। 'গুমর না বুইজা উজবুকের লাহান ছমালোচনা করন ঠিক না।'

গোমরা *বি. বিণ. দ্র.* গুমরা।

গোর *বি.* সমাধি; কবর; উৎসর্গ। 'গোর আজাব থেইকা রেয়াই দেও আল্লা।'

গোরা *বি.* ঘাসফড়িং।

গোলদেন *বিণ.* সোনালি; সোনারবরণ; স্বর্ণাভ; গিলটি। 'গোলদেন ঢাহা ছহরের ইতিহাছ জানন জরুলী অয়্যা পরচে।'

গোলর‌্যাত *বি.* শাঁখায় নকশা করার জন্য ব্যবহৃত যন্ত্রবিশেষ।

গোল্লা *বি.* আগুনের শিখা; অগ্নিশিখা; অগ্নিস্ফুলিঙ্গ; আগুনের ফুলকি; অনল; বহ্নি। 'হিরুইন চইল্যা গেল আর আগুনের গোলার লাহান চক কইরা পোলাডা খালি চায়া রইল।'

চ

চই চই করা *বিণ.* অহেতুক চঞ্চলতা; অস্থির; ছটফটে; অশান্ত; উৎকণ্ঠিত; বিচলিত। 'আছোল কতা থুইয়্যা এমুন চই চই করবার লাকচ ক্যালা?'

চইত[১] *বি. বিণ.* চৈত্রমাস; বাংলা বর্ষের দ্বাদশ বা সর্বশেষ মাস। 'চইত মাছে আছমানেতে মেগে দরে জং।'

চইত্[২] *বিণ.* আশ্চর্য; চকিত; ত্রস্ত; কম্পিত; ভয়চঞ্চল; চমকিত; আকস্মিক; চমক বা বিস্ময় সৃষ্টিকারী। 'বারতের বিমান বাংলাদেছ্যের বিত্‌রে ঢুইহা যহন চইত্ কারবার ছুরু করচে, তহন বি নিয়াজী কয় জয় ছুনিরচিত।'

চইলা *ক্রি.* চলে যাওয়া; চলে যায়; চলে গেছে; চলছে; চলমান; প্রস্থান করা বা স্থান ত্যাগ করে আসা; দ্রুত আসা; পা চালিয়ে আসা। 'অনেক মানু ছহরের বাছা-বারি বেইচা গেরামে চইলা গেচে।'

চউকাট *বি.* দরজার চৌকাঠ। 'তুমি ত কেলাছ ফাইপ পরযনত পইরা ইচকুলের চউকাটে কুনোদিন বি হ্যালায় পাও রাক নাইক্যা।'

চউখ *বি.* চোখ; নয়ন; নেত্র; আঁখি; চক্ষু। 'মায়ের বুকে, বাই এর চউখে, বাপের আদরী।'

চক্ *বি. বিণ.* চাঁদরাতে চকবাজারে ঈদের কেনাকাটা। 'চান্নিরাইতে তরে লইয়া 'চক্' করবার যামু।'

চক্কর[১] *ক্রি. বি.* ঘোরা ফিরাকরন; চক্কোর; আবর্ত; ঘূর্ণি; পাক; ঘুরিয়া ঘুরিয়া পরিক্রমণ; ঘূর্ণন। 'নবাবের নাতি আমি দেই চক্কর,/ গোরাগারি-টমটম টরে টক্কর।'

চক্কর[২] *বি.* ঘোড়ার গাড়ির চাকা।

চক্কু *বি.* চক্ষু; চোখ; আঁখি; অক্ষি; নয়ন; লোচন; নেত্র; দর্শনেন্দ্রিয়; দৃষ্টি; নজর; অন্তর্দৃষ্টি। 'হ্যাই আমলে ঢাহার ছহর দেইখ্যা চক্কু জুরায়া গেত।'

চক্ক্যু *বি. দ্র.* চক্কু।

চছমখোর *বিণ.* চক্ষুলজ্জাহীন; অকৃতজ্ঞ; বেহায়া; নির্লজ্জ (গালি বিশেষ)। 'অর মোতন চছমখোর মানু দুনিয়াৎ দুইটা বি নাইক্যা।'

চছমা *বি. বি.* চশমা; উপনেত্র; দৃষ্টিশক্তি সহায়ক কাঁচ বিশেষ। 'চছমা ছক কইরা পরবার জিনিছ না।'

চজ *বিণ.* চয়েস; পছন্দ; মনের মতো। 'বংগোবনদুরে তোমগো খনদোকার ছাব কুনোদিন চজের মানু মোনে করে নাইক্যা।'

চটপট *বিণ. ক্রি. বিণ.* জল্‌দি; জলদী; শীঘ্র; দ্রুত; সত্বর;

অচিরে। 'আহ চটপট খ্যায়া রাচতাৎ বাহার অয়্যা পরি।'

চপ্পল *বি.* চটিজুতাবিশেষ; কাবলি স্যান্ডেল। 'আমার চপ্পল দুইখান গেল কই?'

চমেতকার *বিণ.* চমৎকার; অতিসুন্দর; দর্শনীয়; মনোরম; উপভোগ্য; চমকে দেয় যা। 'তারপরেতে ঢাহার ছহর আয়্যা পরল, কি চমেতকার দেহা গেল।'

চরা *ক্রি.* চরে; চেপে বসা। 'ছহরে গুরার গারি বি নাই, গারিৎ চরার ছক বি নাই।'

চরকা *বি.* সুতা কাটার হস্তচালিত যন্ত্রবিশেষ।

চর্বি *বি.* মেদ; চর্বী; চরব; চর্বিদার; চর্বিযুক্ত। 'ছরিলে বেছি চর্বি জমলে খতরনাক অছুক অহে।'

চল *বি.* রীতি; প্রচলিত নিয়ম। 'ইংলিশরা আয়্যা ফারচি বাছার চল বন কইরা অগো মায়রে বাপ ইংলিশ চালু করচে।'

চলতাচে *ক্রি.* চলছে; চলিতেছে; চলমান। 'দ্যাছ অহনে কিমুন চলতাচে ছব মানু বালা জানে।'

চলন-বলন *বি.* চালচলন ও কথাবার্তা; চলন ও বলন; স্বভাব-চরিত্র। 'মাইয়্যাটার চলন-বলন এক্কেবারে খাট্টাছের লাহান।'

চল্লিছা *বি.* চেহলাম। 'বাপের চল্লিছায় ফকির মিছকিনরে খিলাইচি।'

চহিদার *বি.* চৌকিদার; যে গ্রামে পাহারা দেয়; প্রহরী; কর আদায়কারী পেয়াদা। 'চহিদারি নকরিটা আইজকাইল এক্কেবারে নাকাল অয়্যা গেচে।'

চাইছ্যা *ক্রি. বি.* চেঁছে; চাঁছা; চাঁচা; অস্ত্রের সাহায্যে উপরের আবরণ অথবা স্তর বা ছাল উঠিয়ে ফেলা; কামানো; ছোলা। 'বাছটা চাইছ্যা যত্ন কইরা রাইখা দেও।'

চাইতে *অনু.* চেয়ে; অপেক্ষা; হতে; থেকে; তাকিয়ে। 'হ্যারা জানে নেতাগো চাইতে দ্যাছ বর।'

চাইদর *বি.* চাদর। 'কালা চাইদরে খোমা মুইরা রাখনের মাজেজা বি বুঝবার পারিনা।'

চাইদ্দর *বি. দ্র.* চাইদর।

চাইর *বিণ.* চার; চতুর্থ। 'আগিলা দিনে চাইর আনার পছায় দুইটা রছগোল্লা পাওয়া গেত।'

চাইরপাছ *বিণ.* চারপাশ; চতুর্দিক; সর্বদিক; সকল দিক; উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম এই চারটি দিক। 'আকুল বক্ত বেবাক ব্যাকুল চাইরপাছে।'

চাকরি *ক্রি.* চাকরী; চাকুরী; নির্দিষ্ট বেতনের বিনিময়ে অপরের কাজ করা বা কারো অধীনে কাজ করা; দাসত্ব; অপরের সেবা বা পরিচর্যা। 'খালি চাকরির মাইনায় দিন গুজরান খুব কুঠিন অয়্যা পরচে।'

চাকাই *বি.* শাঁখা তৈরির সময় শক্ত করে ধরে রাখবার জন্য কাঠের তৈরি যন্ত্রবিশেষ।

চাক্কা *বি.* চাকা; টায়ার। 'ঢাহার ছহর এহন চাক্কায় গুমবার লাকচে।'

চাগার *বিণ.* উত্তেজনা; প্রবল ভাবাবেগ বা চাড়; উত্তেজিত হয়ে উঠা; প্রবল ভাব ধারণ করা; মাথা চাড়া দেওয়া; বেড়ে উঠা। 'ঢাকাইয়্যা নাম আমার কথা, ছত্য ছবি মাগার/ নবাবির ওই ছবাবই যে, দেয় মগজে চাগার।'

চাংগারি *বি.* বৃহদাকার ঝুড়ি; চাঙ্গাড়ি; চাঙারি; চাঙারী; চওড়া মুখ বিশিষ্ট ঝুড়িবিশেষ। 'আগের দিনে দছ ট্যাকার ফল-মেহের আর আনাজ- তরকারি কিনলে চাংগারি বইরা গেত।'

চাচ্চা *বি.* চাচা; পিতার ভাই।

চাচি আম্মা *বিণ.* চাচি; চাচার স্ত্রী।

চাছ *ক্রি.* চাষ; আবাদ; ভূমি কর্ষণ। 'কীমুন কইরা ছোনার দেছে করমু ছোনার চাছ/ বাংলাদেছের বুকের জমিন বরা দীর্গছাছ্।'

চাছি *বি.* চাষি; কৃষক; কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করে যারা। 'শেরে বাংলা ফজলুল হক ছাব কইত চাছি আর জাউলাগো কতা।'

চাটগাম *বি.* চট্টগ্রাম; বন্দরনগরী চট্টগ্রাম; বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম মহানগরী।

চাঠনি *বি.* চাটনি। চেখে ও চেটে খাওয়ার মুখরোচক খাদ্যবিশেষ; আচার; অম্লমধুর স্বাদযুক্ত লেহ্য ব্যঞ্জনবিশেষ যেমন: আলুবোখারার চাটনি; আমসত্ত্বের চাটনি; তেঁতুলের চাটনি; আমলকির চাটনি; লেবুর চাটনি; বরই চাটনি; চালতার চাটনি।

চান১ *বিণ.* স্নান; গোসল; গোছল; অবগাহন। 'হিনদুরা চান করনের কালে গনগা মা আর ছুরুজ পূজা করবার দেকচি।'

চান২ *বি.* চন্দ্র; পৃথিবীর একমাত্র উপগ্রহ। পূর্ণিমার চাঁদ শিল্পের অহংকার ও অলংকার দুইই। 'কবি কইচে পুন্নিমার চান নাকি জ্বলছাইন্যা রুটি।'

চানকা *ক্রি. বি.* পায়ু পথে বাঁশ ঢুকিয়ে। 'চানকা দিয়া মানু হোজা করা যায় আটান বি যায় না।'

চানগন্না *বি.* চন্দ্রগ্রহণ; পৃথিবীর ছায়াপাতে চন্দ্রের অন্ধকারাচ্ছন্ন হওয়া।

চানচ *বি.* সুযোগ; সুবিধা; উত্তম সময়; সুবিধা খুঁজে বেড়ায় এমন। 'ঢাহা ছহর বাচাইবার রব তুইলা অগো মায়রে বাপ টু পাইচ কামাইবার চানচে আচে।'

চান্দা *বি.* চাঁদা; কোনো বিশেষ কাজ সম্পাদনের জন্য বহুজনের কাছ থেকে সংগৃহীত অর্থ; কিছু অর্থ সাহায্য; নির্দিষ্ট সময়ের ব্যবধানে দেয় মূল্য বা অর্থ সাহায্য। 'চান্দাবাজগো যনতরনায় বাছা খেইকা বাহার অইবার পারতাছিনা।'

চান্দি *বি.* মাথার তালু; মস্তিষ্ক; মস্তক; শির। 'মরিচ পিঁয়াজ মছলার দাম হুনলেই চোক্ষের পানি হুকায়া মাতার চান্দি গরমায়া যায়।'

চান্দিফাটা *বিণ.* প্রখর; তীব্র; কড়া; তীক্ষ্ণতা; তীব্রতা। 'চইত মাহিনার চানদিফাটা রইদের মইদ্যে কই যাইবার লাকচ।'

চান্দে *বি.* চাঁদে; চাঁদের দেশে। 'মানু যায় চানদে আর তুমরা দেও ছরক বলক।'

চান্দে চান্দে *পদদ্বৈত.* প্রতিচাঁদে; প্রতিমাসে। 'দ্যাছে ছুট বর মিলায়্যা চান্দে চান্দে বহুত গটনা গটবার লাগচে।'

চাপরি *বি.* চাপড়ি; এক ধরনের দোসা বা চিতল পিঠা; পিঁয়াজ মরিচ মিশিয়ে সর্ষের তেলে ভেজে খাওয়া হয়।

চাপরাছি *বি.* চাপরাসী; চাপরাসি; চাপরাশি; পেয়াদা; আরদালি; পিয়ন। 'চাপরাছির নকরিরে হেলাকরন উচিত অহে না।'

চাপাতি[১] *বি.* হাতে চাপড়িয়ে তৈরি রুটি। 'বুটের ডাইল আর চাপাতি বর ছুরুছ নাছতা।'

চাপাতি[২] *বি.* ক্ষুদাকৃতির রামদা বিশেষ। 'চান্দা না দিলে কতায় কতায় চাপাতি উটায়।'

চাপাবাজি *বি. বিণ.* গলাবাজি; আজগুবি কথা; আজগবি; অদ্ভুদ কথা; বানোয়াট; বানাওট; কৃত্রিম; কল্পিত; মিথ্যা; অবিশ্বাস্য; বানানো; ভিত্তিহীন; বানোয়াট কথা বলা; অবাস্তব কথা বলা; অসত্য কথা বলা; সত্য পরিবর্তন করা। 'মামা ওরে মামা, চাপাবাজি থামা/ পকেটগুলা তোরই যেন, বাপের শুধু জামা।'

চাপিছ্ *ক্রি. বি.* চেপে যাওয়া; গোপন করে যাওয়া; গলগ্রহ হওয়া; কাউকে না জানানো; এড়িয়ে যাওয়া; লুকানো; গুপ্ত;

গোপনীয়; অপ্রকাশিত। 'পাকি ছেনাপতিরা মুকতিগো আতে গাবুর মাইরের খবর চাপিছ্ কইরা রাকত!'

চাবুক *বি.* বেত্র; কশা; কসা; কষা; চাবুক; কোড়া; বেত চামড়া ইত্যাদি দিয়ে তৈরি প্রহরণ বিশেষ; ঘোড়া চালাবার প্রহরণ বিশেষ। 'গারোয়ান মইরা গেলে কি অইব, চাবুক ত রাইখা গেচে।'

চামচা *বি. বিণ.* চাটুকার; তোষামোদকারী; সাঙ্গপাঙ্গ; মোসাহেব; চেলা; দুষ্ট সঙ্গী। 'নেতারে হিরু করবার গিয়া চামচারা জিরু বানায়্যা ফালাইচে।'

চামচাগিরি *ক্রি. বি.* চাটুকারি; তোষামোদ; তোষামোদকারী; স্তুতিবাক্য; খোশামোদকারী; তোষামোদ করে এমন। 'নোয়াব ছাব চামচাগিরি কইরা বিটিছগো বহুত পেয়ারা বইনা গেচিল।'

চামচামি *বি. দ্র.* চামচাগিরি।

চামরা *বি.* চামড়া; চর্ম; চাম; ত্বক; ছাল। 'মস্তানে কয়, চান্দা না দিলে চামরা ছিল্লা নুন মাইখ্যা দিব।'

চামি চামি *ক্রি. বিণ.* ফুর্তিতে; আনন্দে। 'পোলাপানে টানকি মাইরা চামি চামি দিন কাবার করতাচে।'

চায়্যা *ক্রি.* চেয়ে; তাকিয়ে; দেখে; দর্শন করে; চোখ মেলে। 'আইজকালকার পুলা-মাইয়াগো চলন-বলন চায়্যা চায়্যা দেহোন ছারা করবার কিছু নাইক্যা।'

চারি *বি.* নখ; নোখ; আঙুলের অগ্রভাগস্থিত উপস্থিত। 'জুম্মাবারে নাহানের আগে চারি কাটা ছুন্নত।'

চাল চাইলা *ক্রি. বি.* ছল চাতুরি করে; ফন্দি ফিকির করা; কূট-কৌশল এঁটে; ধূর্ততা জাহির করে; শঠতার বশবর্তী হয়ে। 'না বুজ কইরা চাল চাইলা লাব অইব না।'

চালাক *বিণ.* বুদ্ধিমান; চতুর; ধূর্ত; কুটিল বুদ্ধিসম্পন্ন। 'তুমি দেখি হিয়ালের লাহান চালাক অয়্যা গেচ।'

চালিছ *বিণ.* চল্লিশ। 'গেল চাইর বচ্চরে চালিছ বচ্চরের কাম অইচে।'

চালিঞ্জ *বি. বি.* চ্যালেঞ্জ; প্রতিযোগিতা; প্রতিদ্বন্দ্বিতায় আহ্বান। 'আকবইরা, আমার লগে চালিঞ্জ দরিছনা।'

চালু *বিণ.* চালাক; চঞ্চল; দুরন্ত; বুদ্ধিমান; চতুর; ধূর্ত; চঞ্চল;

ছটফটে; চপল; ব্যাকুল; উৎকণ্ঠিত; অস্থির; চলমান; কুটিল বুদ্ধিসম্পন্ন। 'চালু মালরা আগে বাইরা বই লিখা ছাপায়া বাজারে ছাইরা দেয়।'

চাল্লু *বিণ. দ্র.* চালু।

চাহন *বি.* চাওয়া; দেখা; দর্শন; চোখে পড়া; দৃষ্টিপাত করা; তাকানো; তত্ত্বাবধান করা। 'মহল্লার ছবমানু কয় তুমার চাহন বালা না।'

চাহে *ক্রি.* চাওয়া; কামনা করা; ইচ্ছা করা; দৃষ্টিপাত করা; তাকানো। 'অহন বুরিগনগার পারে যাইবার লাইগা মন চাহে না।'

চিক্কইর *ক্রি.* চিৎকার; সজোরে কান্নাকাটি। 'ইজ্জতহারা মাইয়্যা মানুর চিক্কইরের চোটে/ খোদার আরছ বি থরথরাইয়া কাপে।'

চিকিতচা *ক্রি. বি.* চিকিৎসা; বৈদ্য; ভিষক; রোগ নিরাময়ের নিমিত্ত গৃহীত ব্যবস্থাদি। 'চিকিতচার লাইগা এতনা বচ্চর লাগনে মোনে অইতাচে বিটিছ দাকতররা রুগটা অহনতক দরবার পারে নাইক্যা।'

চিজ *বি.* চীজ; সামগ্রী; দ্রব্য; উপকরণ; মূল্যবান বস্তু বা সামগ্রী; মন্দ বা অদ্ভুত লোক। 'চয়-চরিত্র নাছ অইলে মানু আজব চিজ অয়্যা যায়।'

চিজিল-মিজিল *ক্রি. বি.* গোছ-গাছ; গুছিয়ে নেয়া। 'আগে গর চিজিল-মিজিল, পরে লহুম বিয়ার নাম।'

চিট্‌ঠি *বি.* চিঠি; লিপি; পত্র; পাতা; পাত; ফলক; দলিল। 'পাকি ছেনারা মা বইনগো কাছে চিট্‌ঠি লিখা কইত ইনডিয়া দখল করবার দিন কাচাই আইচে।'

চিত্তর *ক্রি. বিণ.* চিত হয়ে; চিত; চিৎ; ঊর্ধ্বমুখী হয়ে মাটিতে পিঠ রেখে শয়ন; চিত অবস্থায় শায়িত। 'মুকতিগো ক্যাচকা মাইর ছামাল দিবার না পাইরা ইয়াহিয়া অক্করে চিত্তর অইয়া পরচিল।'

চিথই পিঠা *বি.* চিতই পিঠা।

চিনন *ক্রি. বিণ.* চেনা; পরিচিত; জানাশোনা। 'বহুত দিন বাদ তুমারে দেইখা চিনন যাইতাচে না।'

চিন্যা *ক্রি.* চিনে; চেনা; পূর্বে পরিচিত বলে মনে পড়া; প্রকৃত স্বরূপ জানা। 'পাবলিকে হেরে ছইরুদ্দি বইল্যা চিন্যা ফেলাইবো বইল্যাই পাকনা ছফেদ চুলে মেনদী লাগাইচে।'

চিনিমিনি *ক্রি. বিণ.* ছিনিমিনি; বেহিসেবিভাবে; অর্থ ব্যয়; টাকা

ওড়ানো; জলের উপর ঢিল বা খোলামকুচি চালিয়ে খেলাবিশেষ। 'দ্যাছ লয়্যা চিনিমিনি খেলবার দিমু না।'

চিপ্পা *বিণ.* চিপা; চাপা; সংকীর্ণ; সরু। 'এমুন চিপ্পাগল্লি দিয়া কই লয়্যা যাইবার লাকচ?'

চিপ্পুছ *বিণ.* ছোট; সরু; কৃপণ। 'তোমগো দিলটা দ্যাছি মুরগির কইলজার লাহান চিপ্পুছ।'

চিবি *ক্রি.* চিপা; চেপে; টিপে; চেপা বা চাপ দেওয়া; নিষ্পেষিত করা; দলিত-মথিত করা। 'আইজবি তোমার দোরে চিবি মারে গজমতির হার।'

চিরিয়া *বি. বি.* জিনিস; জীব; জানোয়ার; প্রাণি; পশু; জন্তু। 'তুমার মোতন আজব চিরিয়া এই মহল্লায় আর নাইক্যা।'

চিলমচি *বি.* হাত ধোয়ার পাত্র।

চিল্লানি *ক্রি.* চিৎকার করে; চেঁচামেচি করা; হাঁকডাক করা। 'চিল্লায়া কাম অইবনা, মাতা ঠান্ডা কইরা দিলের কতা পারতে থাক।'

চিল্লাপাল্লা *ক্রি. বি.* চেঁচামেচি; ডাক চিৎকার; হৈ হুল্লোর; শোরগোল; হইচই করা; চিৎকার করা; চিৎকার; চীৎকার; উচ্চস্বর; চেঁচানি; রব; গোলমাল; গণ্ডগোল। 'চিল্লাপাল্লা না কইরা আহ আমরা বর বর কামে জাপায়া পরি।'

চিল্যায়া *ক্রি.* চিৎকার করে; চীৎকার; উচ্চস্বর; চেঁচানি; রব; গোলমাল; গণ্ডগোল; চেঁচামেচি; কোলাহল। 'চিল্যায়া মোকাম গরম করবার লাকচ ক্যালা?'

চিহুন *বি. বিণ.* চিকন; বস্ত্রাদির উপর সূক্ষ্ম সূচিকর্ম; পাতলা; মিহি; সূক্ষ্ম। 'আগিলা জমানায় ঢাহা ছহরে মুছলিন নামে খুব চিহুন কাফুর পাওয়া গেত।'

চিৎপটাং *বিণ.* কুপোকাত। 'বেহায়া পাকিরা এ্যাক্কেবারে চিৎপটাং অয়্যা কইতাচিল, ছাইরা দে মা কাইন্দা বাচি।'

চুইছা *ক্রি.* চুষে; চুষা; চোষা; মুখ দিয়ে রস শোষণ করা; শোষণকারী। 'বিটিছরা ব্যাবছা করবার আয়্যা দুই ছ বছছর এই দ্যাছ ছাছন করে আর চুইছা খায়।'

চুকা *বিণ.* টক; অম্লস্বাদবিশিষ্ট; অম্বল; খাটা; অম্লরস। 'গরুর গোছে চুকা আমলির আচার মিছায়া খাইতে বহুত জোছ অহে।'

চুগলখোর *বি. বিণ.* আড়ালে নিন্দাকারী; কানে কথা লাগানি; বাচাল (গালি বিশেষ)।

'চুগলখোর মানু আর ইবলিছের মইদ্যে ফারাক নাইক্যা।'

চুঙ্গা *বি.* শিঙ্গা; চোংগা; চোঙা; চুঙা; ফাঁপা নল; বাঁশের নল; একদিকে গাঁটযুক্ত অন্যদিকে ফাঁপা বাঁশের টুকরা যার সাহায্যে দুধ তেল ইত্যাদি মাপা হয়। 'মুকতিগো মাইরের চোটে কছাই টিক্কা চুঙ্গা ফুয়াইতে ফুয়াইতে ঢাহা ছাইরা পিণ্ডি গিয়া থামচিল।'

চুছ্‌ত *বিণ.* চুস্ত; আঁটসাঁট; কষা; ঢিলা নয়; প্রাঞ্জল; মসৃণ; চৌকস; ঋজু; সোজা; বিশুদ্ধ; খাঁটি; পরিপাটি; সমতল; চালাক; চটপটে। 'দিলের গুলবাগে ফুল ফুটলে চেহারা চুছ্‌ত অয়্যা উটে।'

চুছা *ক্রি. দ্র.* চুইছা।

চুটায়া *বিণ.* চুটিয়ে; চরম বা চূড়ান্ত করা; সর্বশক্তি ব্যবহার বা প্রয়োগ করা। 'বানগালি জাতিরে উজবক বাইবা চুটায়া ব্যাবছা করতাচ?'

চুতমারানি *বি.* চরিত্রহীন মেয়ে; বেশ্যা; গণিকা; দুশ্চরিত্রা (ঘৃণ্য গালি বিশেষ)। 'ওই বাছার মাইয়্যাগো লেবাছ দেকলে বৌরানী নিকি চুতমারানি হ্যালায় বুঝা বি যায় না।'

চুতমারানির পুলা *বি.* অসতীর ছেলে (জঘন্য ও ঘৃণ্য গালি বিশেষ)। 'চুতমারানির পুলা আর খোমা লারাইছ না।'

চুতমারানির মাগি *বি.* চরিত্রহীন নারী (জঘন্য ও ঘৃণ্য গালি বিশেষ)। 'অর মায়রে বাপ হ্যালার চুতমারানির মাগি কই যায় মহল্লার সপ্তেই বি জানে?'

চুতিয়া *বি.* গালিবিশেষ; মূর্খ। 'হ্যালায়, এক চুতিয়ায় আরেক চুতিয়ারে বালা বনবার কয়।'

চুনকুট্যা *বি. বিণ.* ঢাকার কেরানিগঞ্জের একটি স্থান। 'রোজার হোদর আমি চুনকুট্যার চিমু/ চুবি মাইরা ঠোট তর আটকায়া দিমু।'

চুনি চুদি *বিণ.* কমবয়স্ক ও নিকৃষ্ট লোকের দ্বারা রমণকৃত নারী (ঘৃণ্য গালি বিশেষ)। 'চুনি চুদি মাগীগুনা বেনারছি ছারি পায় কই থনে?'

চুপছায়া *বিণ.* চুপসে; চুপসা; চুপসানো; চুপসান; নিশ্চেষ্ট; নিরুদ্যম; কথা না বলা; নিস্তব্ধ। 'মামলায় হাইরা চুপছায়া গিয়া বিদ্যাছে গুইমা ফিরা বেরাইতাচে।'

চুপরও *অব্য.* চোপরাও; চোপরও; চুপ থাকো; চুপ করো; আর কথা

নয়। 'চুপরও, মুরুব্বিগো লগে তর্ক করবার ছাহছ কই পাইলা?'

চুপান্ন *বিণ.* চুয়ান্ন।

চুবি *বি.* ছোট পেরেক; তারকাঁটা; পিন। 'জিগইরে চুবি মাইরা ক্যামনে চইলা গ্যালা?'

চুমবুক *বিণ.* চুম্বক; লোহা আকর্ষণকারী পদার্থ; অয়স্কান্ত মিণ। 'মরব্বিগো বয়ানের চুমবক টানে দলে দলে মানু খিত্তায় আয়া জমা অহে।'

চুয়া *বি.* ইঁদুর; ইনদুর; ইন্দুর; ইন্দূর; মূষিক; উন্দূর; ইংদুর। 'দাত বেছতি বর অয়্যা গেলে চুয়ায় ছামনে যা পায় ছবই কাটে।'

চুলাচুলি *বি.* ঝগড়া-বিবাদ; মারামারি; টানা হেঁচড়া; বিবাদ-বিসম্বাদ; পরস্পর প্রহার। 'বেছছা পারার মাইয়্যাগো লাহান চুলাচুলি মহল্লায় অইবার দিমু না।'

চুলের ছাট *বি.* চুল কাটার ধরন। 'হিরু বনবার লাইগা চুলের ছাট দিতাম দিলীপ কুমারের লাহান।'

চেইত্যা *ক্রি.* চেতে ওঠা; রেগে ওঠা; ক্ষেপে যাওয়া; তেতে ওঠা; ক্রুদ্ধ বা উত্তেজিত হওয়া। 'মুকতিগো মাইর ছইবার না পাইরা ছেনারা অপিচারগো উপ্রে চেইত্যা গেচিল।'

চেরা *বি.* মুখ; মুখগহবর; মুখমণ্ডল; ভোজ্য গ্রহণের দ্বার; বাক্যনিঃসরণ। 'তুমার চেরাখান দেখি চেরাপুঞ্জি অয়্যা গেচে।'

চেরাগ *বি.* চিরাগ; প্রদীপ; বাতি; দীপ। 'দিলের চেরাগ দিয়া চায়্যা দেখ, দুনিয়া কেতনা ছুন্দর।'

চেহেরা *বি.* মুখমণ্ডল; আকৃতি; রূপ; মূর্তি; মুখচ্ছবি; প্রতিকৃতি। 'বারিছ বন অইলেই দেখবা চেহেরা জিলকায়া উটচে।'

চোক *বি.* চোখ; চক্ষু; নয়ন; নেত্র; আঁখি। 'চেহেরার আঁচলি ছোবা অইল চোকের চাউনি।'

চোছলা *বি.* ঢং; রকম; পদ্ধতি; ধরন; ভঙ্গি; ফ্যাশন; তামাশা; ছলাকলা; ভান; কৃত্রিম বা অদ্ভুতভাব। 'চোছলামি কইরা কত্ত খেইল দেখাইবা?'

চোট্ *বি.* আঘাত; জখম; ক্ষত; ব্যথা; কোপ; ঘা; প্রহার; বেদনা; আঘাতকরণ; আঘাতদান; বধ্যস্থান। 'মানুর দিলে চোট পায় এমুন কতা কইবার লাগে না।'

চোট্টা *বি.* চোর; গোপনে পরদ্রব্য অপহরণকারী; যে না বলে পরের দ্রব্য আত্মসাৎ করে; প্রবঞ্চক।

'চোট্টার গরের চোট্টার মুখে কালি মাইখ্যা দে।'

চোত্‌রা *বি.* একধরনের পাতা যা লাগলে শরীর চুলকায় এবং সাময়িকভাবে ফুলে যায়। 'কতা না হুনলে ছরিলে চোতরা পাতা গইছ্যা দিমু।'

চোদনা *বি. বিণ.* পর নারীতে যৌন সঙ্গমে অভ্যস্ত পুরুষ (ঘৃণ্য গালি বিশেষ)। 'এত পেদানী খায়্যা বি চোদনায় মাগীবারী যায়োন বন করল না।'

চোদনার গরের চোদনা *বিণ.* পর নারীতে যৌন সঙ্গমে অভ্যস্ত পুরুষের সন্তানও পর নারীতে যৌন সঙ্গমে অভ্যস্ত (ঘৃণ্য গালি বিশেষ)। 'হ্যালারা চোদনার গরের চোদনা না অইলে বাপ ব্যাটায় এক খানকীর কাছে যায় ক্যামনে?'

চোদনার পুলা চোদনা *বিণ.* পর নারীতে যৌন সঙ্গমে অভ্যস্থ পুরুষের সন্তানও পর নারীতে যৌন সঙ্গমে অভ্যস্থ (ঘৃণ্য গালি বিশেষ)। 'চোদনার পুলা চোদনার লেওরাখান কাইট্যা দেও।'

চোদানি মাগি *বি. বিণ.* রমণ করে বেড়ায় এমন নারী; অসতি মেয়ে, দুশ্চরিত্রা নারী (ঘৃণ্য গালি বিশেষ)। 'ছা ছাবের কাছে বিয়া দিলে বি চোদানি মাগি বালা অইব না।'

চৌআন্নি *বি. বিণ.* চার আনা; এক সিকি ভাগ; এক টাকার চার ভাগের এক ভাগ। 'আগিলা দিনে এই জিনিছটা কিনবার লাইগ্যা চৌআন্নি খরচা অইত।'

চৌদা *বিণ.* চৌদ্দ। 'বাপ দাদা চৌদা পুরুছ ঢাহার ছহরে কাটায়া দিন-দুনিয়া ছাইরা চইলা গ্যাচে।'

ছ

ছই[1] *বি. বি.* সই; সহি; দস্তখত; স্বাক্ষর। 'ছাদা কাগজে যেই কয়টা কইবেন ছই বি দিয়া দিমু।'

ছই[2] *বি.* নৌকা ও গরুর গাড়ির অর্ধগোলাকার ছাদ বা চাল।

ছই[3] *বিণ.* বান্ধবী। 'ছইপাতা আগিলা দিনে ছমাজের বালা একটা রীতি আছিল।'

ছইত্য *বিণ.* সত্য; সত্যি; সঠিক; অমিথ্যা; যথার্থ; বাস্তব; নির্ভুল; সাচ্চা; মিথ্যে নয় এমন। 'ছুন্দরের ছপ্ন, ছইত্যের ছাদনা, ছান্তির জয়/ গোলা বইরা দেও তারে কবিতার আঙিনায়।'

ছইপা *ক্রি.* সঁপে দেওয়া; আত্মনিবেদন করা; হেফাজতে দেওয়া; তত্ত্বধানে দেওয়া; জিম্মাদারি দেওয়া। 'জীবুনখানি ছইপা দিলাম তুমার দিলেতে।'

ছইরা *ক্রি.* সরে যাওয়া; কেটে পড়া; ভেগে পড়া; চলে যাওয়া। 'তুমগো পাওয়ের নীচের মাটি ছইরা গ্যাচে।'

ছইয়দ *বিণ.* সৈয়দ। 'ছইয়দ বারীর পুলা অয়্যা পাঠার লাহান ব্যা ব্যা কর ক্যালা?'

ছইলতা *বি.* শলিতা; সলিতা; সলতে; প্রদীপের পলিতা; পলিতা সদৃশ সরু। 'হারিক্যানের ছইলতাটা ছুটু অয়্যা গেচে।'

ছওদা *বি.* সওদা; সদাই; পসরা; বাজার-সদাই; সওদাপত্র; সওদাপাট; ক্রয়; কেনা; খরিদ; পণ্য বেচাকেনা; বেসাতি। 'পিচ্চিকালে ছওদা কিন্না পয়ছা বাচায়া বাইচকোপে ফিলিম দেইখা দিল খোছ অয়্যা পরত।'

ছক্তি *বি.* শক্তি; বল; ক্ষমতা। 'ইমুন কিমুন ছক্তি পেমের/ রাইজ্য ছারে রাজা।'

ছকতিছালি *বিণ.* শক্তিশালী; ক্ষমতাবান; সামর্থ্যবান; বলশালী; শক্তিধর; বিপুল ক্ষমতার অধিকারী। 'রাজনীতিতে টিকা থাকনের লাইগা দরমো বর ছকতিছালি অচতোরো না।'

ছকুন *বি.* শকুন; এক প্রকার বৃহৎ মাংসাশী পাখি। 'কতায় আচেনা, ছকুনের দুয়ায় গরু মরে না।'

ছর্গমদুর *বিণ.* স্বর্গমধুর; স্বর্গসুখ; বেহেস্তি সুখ; সর্ববিধ সুখ বা আনন্দ। 'তুমারে পায়্যা জীবুনটা ছর্গমদুর অয়্যা গেচে।'

ছ ছ বচ্ছর *বিণ.* শত শত বছর, শতবর্ষ; শতাব্দী। 'ইতিহাছে নাম তুলনের লাইগা এমুন কাম করন লাগে যেইটা ছ ছ বচ্চর টিক্কা থাকবার পারে।'

ছটকাট *বিণ.* সংক্ষেপে; সংক্ষিপ্ত; অল্পীকরণ; ক্ষুদ্র আকারকরণ; কমানো; সংকুচিতভাবে। 'এই ছরক দিয়া ছটকাট নোয়াবপুর; রতখোলা অয়্যা ছদরগাট বাংলাবাজার যায়োন যাইত।'

ছটফটায়া *ক্রি.* ছটফট করে; ছটফটানো; ছটফটান; অস্থিরতা; ব্যাকুলতা। 'মরা পুলাটার কতা মোনে অইলেই দিলটা ছটফটায়া উটে।'

ছটফটানি *ক্রি.* ছটফট করা; অস্থিরতা; চঞ্চলতা; ব্যাকুলতা; আকুলতা; ধড়ফড়; উদ্বিগ্নতা। 'তুমার এমুন ছটফটানি দেইক্যা

আমার মাতা বিম্‌রি খাইবার লাকচে।'

ছঠিক *বিণ.* সঠিক; সত্য। 'ঢাহা ছহরের ছঠিক ইতিহাছ কইতে না পারলে মহল্লার মানু হাচাহাচি করব।'

ছত *বিণ.* শত; শতক; শত রকম। 'বাজারের ছত রোহমের ফল মেহের পাওয়া যাইত।'

ছতর *বি.* পশ্চাৎদেশ; পিঠের নিম্নাংশ। 'ছতর ঢাকন ঈমানের বর কাম।'

ছতরু *বিণ.* শত্রু; শত্তুর; অরি; অরাতি; বৈরী; দুশমন; রিপু; বিপক্ষ; প্রতিপক্ষ; বিরুদ্ধ পক্ষ; বিরোধী পক্ষ। 'ছতরুগো এরাইয়া চলবার লাইগা ইচলাম খান বানগালার রাচদানী ঢাহা থাইক্যা রাজমেহেল লয়্যা গেচিল।'

ছতিপোলা *বি. বিণ.* সতীনপুত্র; সৎ ছেলে। 'ছতিপোলা আপন অইবার পারেনা কয় ক্যাঠা?'

ছতী *বিণ.* সতী; শোতি; সাধ্বী; পতিব্রতা; স্বামী ভিন্ন অন্য পুরুষে আসক্ত নয় এমন। 'ছতী মাইয়্যা মানু দুনিয়ার ছেছটো ছুবা।'

ছদচ্ছ্য *বি.* সদস্য; মেম্বর। 'দলের একজোন পাতি ছদচ্ছ্যের এতনা পাওর, ছবাপতি না জানি কি!'

ছদগা *বি.* সদকা; ছদকা; সাদকা; খয়রাত; সাহায্য দান; দান। 'পুলার অছুকটা আল্লায় বালা কইরা দিলে আমি দুইট্টা খাছ্‌ছি ছদগা দিমু।'

ছদর *বি. বিণ.* সদর; ছদর; বহির্বাটি; অন্তঃপুরের বাহির; বাইরের পিঠ; জেলার প্রধান শহর; রাজধানী; দেশের সর্বোচ্চ শাসনকর্তার পদবি বিশেষ; খোলা; ফাঁকা। 'এই বাছার কুনো ছদর আন্দর নাইক্যা।'

ছদাগর *বি.* সদাগর; সওদাগর; ব্যবসায়ী; বণিক। 'আগে ছদাগরেরা বর নাও দিয়া মাল-ছামানা লয়্যা ছদরগাট আইত।'

ছনগীত *বি.* সংগীত; গান-বাজনা; গীতবাদ্য; বাদ্যযন্ত্রের সুর লয় ধ্বনি। ' আমি বি রবিনদোর ছনগীত হুনবার গেলে নাওয়া খাওয়া বুইলা যাই।'

ছনতারাছ *বি.* সন্ত্রাস; কোনো উদ্দেশ্যে মানুষের মনে ভীতি সৃষ্টি করার প্রচেষ্টা; অতিশয় শঙ্কা বা ভীতি; শঙ্কিত। 'রাজনীতিতে ছনতারাছ ডুকলে দ্যাছের কাম অহে না।'

ছনমান *বি.* সম্মান; ইজ্জত; গৌরব; গুরুত্ব; মহিমা; মর্যাদা; আদর; উৎকর্ষ; শ্রেষ্ঠত্ব; অহঙ্কৃতা। 'ছনমান এমুন একটা চীজ

যেইটা পাইতে অইলে আগে দিবার লাগে।'

ছনমানী *বিণ.* সম্মানী; পুরস্কার; মর্যাদা বা সম্মানের অধিকারী; কাজের জন্য প্রদেয় প্রশংসা বা মর্যাদাসূচক অর্থাদি। 'ছনমানী মানুরে ছনমান না দিলে নিজে ছনমান পায়োন যায় না।'

ছনির দছা *বিণ.* শনির দশা; শনির দৃষ্টি; অতিশয় দুঃসময় বা অশুভ কাল। 'নজর না লাগে আমার ছোহাগী চন্দনে/ নালাগে ছনির দছা।'

ছনিবার *বিণ.* শনিবার; সপ্তাহের প্রথম দিন। 'ছনিবারে ছনির দছা থাকব না এক জারা/ নিমথনে উইঠ্যা নুমাজ পরবার চলে যারা।'

ছন্দানী *বিণ.* সন্ধানী; সন্ধান; খোঁজখবর; তল্লাশ; অনুসন্ধান; অন্বেষণ। 'আমার ছন্দানী চউক্কের বাছা বুইর্‌য়া বাপ বি হ্যালায় দেকলেই বোজে।'

ছন্দেছ *বি.* সন্দেশ; সংবাদ; খবর; আদেশ; ছানাজাত মিষ্টিবিশেষ। 'হ্যালায় মইরা গেলে বি অমর রইবি/ খাইলে আমার নাতিনের পিরীতি ছন্দেছ।'

ছন্তান *বি.* সন্তান; পুত্র; কন্যা; অপত্য; বংশধর; সন্ততি; সন্তানসন্ততি; গোত্র। 'জননীর বুক করে হাহাকার ছন্তান হারাইনা ছোকে।'

ছপত *বি.* শপথ; প্রতিজ্ঞা; দৃঢ়ভাবে মনস্থির করা; সংকল্প; দিব্য। '৭১ ছালেই ছপত নিচি বেঈমানগো দ্যাছে রাখুম না।'

ছফর *বি.* সফর; ভ্রমণ; দেশ পর্যটন; যাত্রা। 'দ্যাছ ছফর করলে গেয়ান ও ইমানের ছকতি বারে।'

ছফেদ *বিণ.* সফেদ; সুফেদ; সাদা; ধবধবে সাদা; পরিষ্কার; শ্বেতবর্ণ। 'ঢাহাইয়া ছফেদ রোঙ্গের মুছলিন কাফোর এখন হৈতিহাছ অয়্যা আচে।'

ছফেন *বিণ.* ফেনাযুক্ত; বুদ্বুদযুক্ত; দুধ, সাবান বা সাগর থেকে উদ্ভূত বুদ্বুদ। 'চাইর দিকে ছুন্‌ছান, ছমুদ্দুর ছফেন/ কায়মোনে করি আমি কবিতার দ্যান।'

ছব *বিণ.* সব; সকল; সমস্ত; তামাম; সর্ব; সর্বস্ব। 'জোয়ার বাটা ছব বন্, মরা গাঙ্গের বুক/ বালুবনে চোরা বালি করে দুক্ দুক্।'

ছবক *বি. বি.* সবক; পাঠ; দৈনিক পড়া; শিক্ষা। 'চান্দাবাজী করবার ছবক নিলা কবে থেইক্যা?'

ছব কুচ *বিণ.* সব কিছু; সকল; সমস্ত; তামাম; সর্বস্ব; পুরাপুরি; কিছুই বাদ না দিয়ে; সর্বসমেত। 'দ্যাছের ইমাম ঠিক থাকলে ছব কুচ ঠিক থাকব।'

ছবজি *বি.* তরকারি; তরকারী; তরি-তরকারি; আনাজ; ব্যঞ্জন রন্ধনের উপযুক্ত শাকসবজি।

ছবতে *সর্ব. দ্র.* ব্যাবাকতে।

ছবতেরে *সর্ব.* সবাইকে; সকলকে। 'এই মহল্লার ছবতেরে আমি চিনি।'

ছবমিরাজ *বি.* শবে-মিরাজ; শবে মেরাজ। 'নবীজী (সা.) ছব মিরাজের ছোময় আল্লাপাকের দরছন লাভ করেন।'

ছবরিআম *বি.* পেয়ারা, ফল বিশেষ।

ছবা *বিণ.* সভা; সমাবেশ; মিটিং; সম্মেলন; বৈঠক। 'কতায় কতায় রাচতা বন কইরা ছবা করলে দুর্গতি বারে।'

ছবাছ *বি.* সহবাস; সহঅবস্থান; একত্রে অবস্থান; একসঙ্গে বাসকরা; সংস্পর্শ; সান্নিধ্য; সঙ্গম; রমণ। 'মোনের মিলমিছ না থাকলে ছবাছ করে ক্যাম্বে?'

ছবুজা *বিণ.* সবুজ; বিশেষ বর্ণ; হরিৎ রঙের নাম; হরিত; তরুণ; দূর্বা; অল্পবয়স্ক। 'আমার মায়ের ছবুজা আঞ্চল ফুলে ফলে বরা।'

ছবদা *বিণ.* ছফেদ; ধবধবে সাদা। 'বাছবন, রাজহাছ, ছবদা মেগের বেলা/ তারার আকাছ আর জোছনার মেলা।'

ছবদো *বি.* শব্দ; আওয়াজ। 'গুলিচতান অইল ফারচি ছবদো'

ছব্বনাছা *বিণ.* সর্বনাশা; ভয়ংকর; ক্ষতিকারক। 'ছব ছেছ হায়, ছব্বনাছা দুমপান আর মাদকের নিছায়।'

ছবিনাখতম *বি.* শবিনাখতম; শবীনাখতম; একরাতে কয়েক জন হাফিজ মিলিতভাবে বিভিন্নাংশ পাঠ করে একবার কুরআন মজিদ খতম করার প্রথা।

ছবুর *বি.* সবুর; সবর; ছবর; অপেক্ষা; দেরি বা বিলম্বকরণ; আস্তে; ধীরে; ধৈর্যধারণ; সহ্য; আস্তেধীরে। 'ইমুন বেছরম পরানের দন ছবুর- অবুর নাই।'

ছবেকদর *বি.* শবেকদর; মর্যাদাপূর্ণ রাত; রমজান মাসের ২১, ২৩, ২৫, ২৭ অথবা ২৯ তারিখের রাত, যে রাতে কুরআন শরিফ প্রথম অবতীর্ণ হয়েছিল।

ছমছ্ছা *বি. বিণ.* সমস্যা; অসুবিধা; সংকটময় অবস্থা; অস্বস্তি;

ঝামেলা; জটিল ও সংকটময় বিষয়; সমাধানার্থ অসমাপ্ত শ্লোক; বিপদগ্রস্ত; । 'কবিতা পুইরা বর্তা বানায়া/ খাইদ্য ছমছ্ছার ছমাদান কর।'

ছমছ্যা *বিণ. দ্র.* ছমছ্ছা।

ছমজদার *বিণ.* সমঝদার; জ্ঞানী ব্যক্তি; গভীর বোধসম্পন্ন ব্যক্তি; পণ্ডিত। 'এর লাইগা তুমারে কই তুমি গাহানার বহুত বর ছমজদার।'

ছমজায়া *ক্রি.* বুঝিয়ে দেওয়া; সমর্পণ করা। 'ছমজায়া কাম করলে দ্যাছরে আগায়া নেয়োনের মওকা পাইত।'

ছময় *বি.* সময়; কাল; জমানা; বেলা; জীবনকাল; দিনকাল; বর্তমান কাল; অবকাশ; ফুরসত। 'মরন নিয়া ডর কইরা ফায়দা অইবনা; ছময় অইলেই ডাক পরব।'

ছমরাট *বি. বিণ.* সম্রাট; বহু রাষ্ট্র ও জনপদের অধিকারী; রাজাধিরাজ; সার্বভৌম রাজা। 'কুনোদিন যুদি ছমরাট ছাজাহান অইবার পারি/ তুই জিন্দা থাকতেই আমি তরনামে তাজমহল বানায়া ছাইরা দিমু।'

ছমালুচনা *বি.* সমালোচনা; সমালোচন; সামলোচিকা; সমালোচনীয়; ত্রুটিবিচ্যুতি প্রদর্শনপূর্বক আলোচনা; সাহিত্য বা শিল্পের দোষগুণের রসজ্ঞ আলোচনা। 'তয় তারে নিয়া বহুত ছমালুচনা ছুরু অইচে।'

ছমুদ্দুর *বি.* সমুদ্র; সমুদ্দুর; সুমুদ্দুর; সমুন্দর; সাগর; জলধি; উদধি; সিন্ধু; বারীশ। 'পেমের মরা ডুইবা মরবো- কই ছেই ছমুদ্দুর?/ আকাছ-পাতাল, ছর্গ-নরক ছোমরছে বরপুর।'

ছরিল *বি.* শরীর; দেহ; বিগ্রহ; কলেবর; কায়; শারীরিক; দেহ সম্পর্কীয়; দেহস্থ। 'ছরিলের নাম মহাছয়, যা ছইবার তা বি ছয়।'

ছয়তান *বিণ. বি.* শয়তান; ইহুদি, খ্রিষ্টীয় ও ইসলামি শাস্ত্রোক্ত আল্লাহ্‌দ্রোহী; পাপাত্মা; অতিশয় দুর্বৃত্ত ব্যক্তি। 'ছয়তানের কাম অইল বালা কামে বাওআত হান্দায়া দেয়োন।'

ছয়তানি *ক্রি.* শয়তানি; দুর্বৃত্ততা; বদমায়েশি; অত্যন্ত দুষ্ট স্বভাবের লোক। 'বাপ দাদারা পাকিগো ছয়তানি বুজবার পারে নাই।'

ছয়লাব *বি.* বন্যা; জলোচ্ছ্বাস; প্লাবন; বান। 'বানের পানিতে ছব ছয়লার অয়্যা গ্যাচে।'

ছয়ার[১] *বিণ. দ্র.* ছাওয়ার।

ছয়ার[২] *বিণ.* বেড়ানো; ঘোরা; ভ্রমণ করা; ঘুরে বেড়ানো; বিচরণ

করা; হাঁটা; পদচারণা করা; উদ্দেশ্যবিহীনভাবে চলাফেরা করা। 'তোমার লগে ছয়ার করমু বুরীগনগার পারে/ ঠান্ডা হাওয়ায় যুদি দিলের পরমায়ু বারে।'

ছয়লাপ *বিণ. দ্র.* ছয়লাব।

ছমুন্দী *বি.* স্ত্রীর বড় ভাই; বড়গিরি।

ছর্বছান্ত *বিণ.* সর্বস্বান্ত; নিঃশেষ; কপর্দকহীন; কিংকর্তব্যবিমূঢ়। 'ছহরবানু, নগরবানু, পরীবানুর মায়/ ছর্বছান্ত অয়্যা অহন কৌরতাছে হায় হায়।'

ছর্মান *বি.* ছনমান।

ছর্বলোক *বি.* সর্বলোক; সকল মানুষ; সর্বজন। 'ছর্বলোকে কয় তারে বিদাতার অবিছাপ।'

ছরক *বি.* সড়ক; রাজপথ; বড় রাস্তা; সরণি; মাটি দ্বারা বাঁধা পথ। 'কতায় কতায় ছরক বন কইরা মানুর কছটো বারায়া লাব আচে?'

ছরকারি *বিণ.* সরকারি; সরকার সম্বন্ধীয়; রাষ্ট্রের; গভর্নমেন্টের। 'ছরকারি ট্যাকার কুনো হিছাব নাইক্যা এইটা বেহুদা কতা।'

ছর্গ *বি.* স্বর্গ; বেহেশ্‌ত; জান্নাত; স্বর্গীয়; চির সুখপ্রদ জায়গা। 'ছর্গ বি ছাইরা আমু চরণে তোমার।'

ছরছ *বি. বিণ.* সরস; রসযুক্ত; রসালো; সহৃদয়; রসিক; রসিকতায় পরিপূর্ণ; প্রীতিদায়ক; সৌন্দর্যপূর্ণ; সরোবর; হ্রদ। 'তুমার দিলটা বালা ছরছ।'

ছরদি *বি.* সর্দি; সর্দী; শৈত্য; শীত; কফরোগ। 'ছরদি বুকের মইদ্যে বয়্যা গেচে।'

ছরবত *বি.* শরবত; শরবৎ; সরবত; সরবৎ; মিষ্ট শীতল পানীয়; চিনি মিছরি ফলের রস ইত্যাদি সমন্বয়ে তৈরি ঠান্ডা পানীয়। উল্লেখযোগ্য ঢাকাইয়া শরবত যেমন : লেবুর শরবত; বেদানার শরবত; ফালুদার শরবত; আদা লেবুর শরবত; বেলের শরবত; পুঁদিনার শরবত; তেঁতুলের শরবত; তরমুজের শরবত; জামের শরবত; মাখনার শরবত; তালশাঁসের শরবত; তোকমার শরবত; বা তোতমার শরবত; ইসবগুলের শরবত; দুধের শরবত; শরবতে পেস্তা বাদাম; বনেদি কাশ্মিরি শরবত; শরবত-ই-খাস; বেলের লাচ্ছি; বিটলবণের লাচ্ছি; শাহি লাচ্ছি; শাহি বোরহানি; তরমুজের ঠান্ডা; সিকান জাবিন; নামাস। 'ইফতারির লগে ঠান্ডা ছরবত খাইলে ছরিল দিল ছবই ঠান্ডা অহে।'

ছরম *বি.* শরম; সরম; লজ্জা; ব্রীড়া; হ্রী; লাজ; লাজুক; লজ্জাশীল; লাজুকতা। 'আছাইরা ঢল বি ছরমে মোক ঢাকে।'

ছরাছরি১ *ক্রি. বি.* ছড়াছড়ি; ছড়াছোড়ি; দ্রব্যসমূহের বিশৃঙ্খলভাবে নিক্ষেপ; প্রাচুর্য; আতিশয্য; অবহেলাজনিত অপচয়। 'ছরকে, বাজার-ঘাটে মাইয়া মানুর ছরাছরি।'

ছরাছরি২ *ক্রি. বিণ.* সরাসরি; সরাসর; সিধা; সোজাসুজি; মধ্যস্থবিহীন যোগসাধন; মুখোমুখি হওয়া। 'ছরাছরি আমার ছামনে চইল্যা আহ।'

ছরণী *বি.* সরণী; সরণি; পথ; রাজপথ; রাস্তা; সড়ক। 'ছংছদ ববনের ছামানের ছরনীটা অইল দ্যাছের ছেরা ছরণী।'

ছরদার *বি.* সর্দার; কর্তা; গোত্রের প্রধান। 'আমরা কুট-কাচারী চিনিনা, আমগো ছরদার বি আচে।'

ছরবোছেছটো *বিণ.* সর্বশ্রেষ্ঠ; সর্বোত্তম; শ্রেষ্ঠত্ব; অতি উৎকৃষ্ট। 'মিয়া তানছেন অইল হারা দুনিয়ার ছরবোছেছটো গায়ক।'

ছরমিক *বি.* শ্রমিক; মজুর; যে শরীর খাটিয়ে খায়; শ্রমজীবী; মেহনতি মানুষ; পরিশ্রম করে জীবিকার্জন করে এমন। 'এহন গারমেন ছরমিকরা ছোল ছ ট্যাকার জাগায় চাইর হাজার ট্যাকা বেতন পায়।'

ছরযনতো *ক্রি. বি.* ষড়যন্ত্র; চক্রান্ত; কূটকৌশল; একাধিক ব্যক্তির কূটপরামর্শ। 'কাম দেইখা মোনে কয় এইটা একটা ছরযনতো।'

ছরাছটো *বি. বিণ.* স্বরাষ্ট্র; নিজরাজ্য; রাজ্য বা রাষ্ট্রের অভ্যন্তরীণ শাসন ব্যবস্থা।

ছরাব *বি.* শরাব; শারাব; সরাব; মদ্য; সুরা; । 'ইচলামে ছরাব খায়োন হারাম।'

ছরাবী *বিণ. বি.* শরাবী; শারাবী; শরাবখোর; যে মদ্যপান করে; মদ্যপায়ী মাতাল। 'আইজকাইল ছরাবীগো যনতরনায় রাইতে নিন্দ যায়োন হারাম অয়্যা গেচে।'

ছরিক *বি.* শরিক; শরীক; সরিক; অংশী; ভাগীদার; অংশ আছে যার। 'ছরিকরে ঠকাইলে নিজে ঠকে।'

ছরিছা *বি.* সরিষা; তৈলবীজ; শস্য। 'ছরিছারে বুতে পাইলে বুত ছারাইবার পারন যায় না।'

ছরিয়ত *বি.* শরিয়ত; শরীয়ৎ; সরিয়ত; ইসলামের বিধি-বিধান; ধর্মাচার ও ধর্মীয় আইনকানুন। 'ছরিয়ত না মানলে ঈমানের জুর কইম্যা যায়।'

ছরিয়া *বি.* শরিয়ত; শরিয়ৎ; সরিয়ত; সরিয়ৎ; ইসলামের বিধি-বিধান; ধর্মাচার ও ধর্মীয় আইন-কানুন।

ছহইরা *বি. বিণ.* শহরের লোক; টাউনের লোক। 'ছহইরা মানুরা গোরামীনগো গাইয়্যা কয় ক্যালা বুঝবার পারতাচি না।'

ছহর *বি.* শহর; সহর; বৃহৎ নগর; নগর; মহানগর; রাজধানী। 'আজব ছহর ঢাহার মানুগুনা জব্বর আজব।'

ছহি *বিণ.* আসল; খাঁটি; বিশুদ্ধ; অবিকৃত; নির্ভেজাল; সঠিক; সত্য; প্রকৃত; যথার্থ; মূল; আদি। 'আমি তুমারে ছহি বই গাইটা যেইটা জানচি, তুমারে জানামু।'

ছহিছ *বি.* সহিস; সইস; অশ্বের তত্ত্বাবধায়ক বা পালক। 'পুরান ঢাহায় গুরা নাই, গুরার ছহিছ পাইবা কই?'

ছহিদ *বিণ. বি.* শহীদ; শহিদ; সহিদ; ধর্মযুদ্ধে নিহত; সত্য বা ন্যায়ের জন্য আত্মোৎসর্গকারী ব্যক্তি। 'মুনজিলে পওছায়া যাইতে অইলে দ্যাছের লাইগা ছহিদ অয়োন দরকার।'

ছংকেরানতি *বিণ.* সংক্রান্তি; সূর্য ও গ্রহাদির এক রাশি থেকে অন্য রাশিতে গমন; সঞ্চার; ব্যাপ্তি; অসময়। 'বাচপানকালে পুছ ছংকেরানতির দিনে গুড্ডি উরায়্যা কি যে মজা পাইতাম কয়্যা ছেছ করনের না।'

ছং *বি.* জোঁকার; বহুরূপী; ভাঁড়; কৌতুক নাটিকা। 'নাকে মুকে রোং মাইখ্যা ছং হাইজনা।'

ছংগটন *বি.* সংগঠন; সুসংবদ্ধকরণ; গঠনকরণ; নির্মাণ; একত্রকরণ। 'মহল্লার বালা কামের লাইগ্যা আহ একটা ছংগঠন বানাই।'

ছংগেরাম *বি.* সংগ্রাম; আন্দোলন। '৭১ ছালে মুকতি ছংগেরাম না অইলে দ্যাছ কুনোদিন ছাদীন অইত না।'

ছংছার *বি.* সংসার; পরিবার; ঘরকন্না। 'জ্বালাইবার ছারেখারে ছান্তির ছংছার, এই দুঃখু অহন কোন পরানে রাখি?'

ছংছদ *বি.* সংসদ; জাতীয় সংসদ; রাষ্ট্রের কেন্দ্রীয় বিধানসভা বা পার্লামেন্ট। 'ছংছদের সামনের ছরক আর বিজয় ছরণীরে লয়্যা ছিনা ফুলায়া কইবার পারি এমুন ছুনদর এক লমবর ছরক দুনিয়াৎ দুইটা বি নাইক্যা।'

ছংছোদন *বি.* সংশোধন; পরিষ্কার; সংস্কার; বিশুদ্ধিকরণ; পবিত্রকরণ; ভুলভ্রান্তি দূরীকরণ। 'নিজে নিজে ছংছোদন অয়োন বি ঈমানের ছিক্কা।'

ছং হাজা *বি.* জোঁকার সাজা; বহুরূপী সাজ নেয়া; ভাঁড়; বিচিত্র রং ধারণ; বাড়তি আকার ধারণ। 'এমুন ছং হাইজা কই যাইবার লাকচ?'

ছংবিদান *বি.* সংবিধান; ব্যবস্থাপনা; নিয়ম; বিধি; রচনা; রাষ্ট্র গঠন ও পরিচালনা পদ্ধতি সংক্রান্ত নিয়মাবলি; রাষ্ট্র গঠনতন্ত্র। 'ছংবিদান অইল রাছটোর ছব চাইত্তে বর পবিত্র আইন।'

ছাইজ *ক্রি. বি.* শিক্ষা দেওয়া। 'মুকতিরা ৭১ ছালে পাকিগ হ্যালায় অগো মায়রে বাপ বালা মতনই ছাইজ কইরা দিচে।'

ছাইজা গুইজা *ক্রি. বি.* সেজেগুজে; সজ্জিত হওয়া; পোশাক-পরিচ্ছদ পরে প্রস্তুত হওয়া। 'ছাইজা গুইছা ছফেদ কাপরা পইরা গেলেই খালি পাবলিক বুট দিব না।'

ছাইট *বিণ.* ষাট।

ছুইটা *ক্রি.* ছুটাছুটি করে; ছুটে; দ্রুত গতিতে। 'দুকানে তালা মাইরা জ্বলদি ছুইটা আহ।'

ছাইরা *ক্রি.* ছেড়ে; ছাড়া; ছেড়ে দেওয়া; বিদীর্ণ করা; উৎপাটন করা; ছেদন করা। 'মাইরা দিয়া পেমের বরা ছাইরা যুদি যাও।'

ছাইদ্দ *বি.* সাধ্য; সাধ্যি; ক্ষমতা; শক্তি; সামর্থ্য; আয়ত্ত। 'ঢাইকা ছাইদ্দরে অছমায়-ছমায় কোন আছমানে গেলেন কবি?'

ছাইন বোড *বি.* সাইন বোর্ড; প্রতিষ্ঠানাদির পরিচয়ব্যঞ্জক ফলক বিশেষ।

ছাইরা[১] *ক্রি.* সেরে; শেষ করা; সমাপ্ত করা; সমাপন। 'বালা ডাকতরের চিকিছ্ছা পায়া অছুকটা ছাইরা গেচে।'

ছাও *বি. বিণ.* শাবক; ছা; বাচ্চা; ছানা; সন্তানগণ। 'আমগো বিলাইটার তিনটা ছাও অইচে।'

ছাওয়ার *বি.* সোয়ার; সওয়ার; সোওয়ার; ছওয়ার; আরোহী; অশ্বারোহী। 'রাজা-বাছ্‌ছাগো জমানায় ছৈন্যরা গুরায় ছাওয়ার অয়্যা যুদ্দ করত।'

ছাকছেচ *বিণ.* সাকসেস; সফল; সফলকাম হওয়া। 'কছটো না করলে জীবুনে কুনো কামে ছাকছেচ অওয়া যায় না।'

ছাকি *বি.* যে কাপড় দিয়ে উনুন থেকে পাতিল নামানো হয়।

ছাক্কি *বি.* সাক্ষী; কোনো বিষয় বা ঘটনা প্রত্যক্ষকারী; প্রত্যক্ষদশী; স্বয়ংদ্রষ্টা; প্রমাণ। 'নুমাজীর কপালের কালাদাগ রুজ কিয়ামতে ছাক্কি দিব।'

ছাখ্যাত *বি.* সাক্ষাৎ; মিলিত; ছ্যায়াতে; সমবেত; একত্র

উপস্থিত; সংযুক্ত; মিশ্রিত। 'যা কয়োনের ছব ছাখ্যাতে কমু।'

ছাগরিদ *বি.* শাগরেদ; চেলা; শিষ্য; অনুচর; ছাত্র; কারো মত অনুসারে চলে যে; ভক্ত; সহকারী; ক্রীতদাস। 'ছাগরিদ না বইনা ওচতাদ অইবার চাহ ক্যাম্বে?'

ছাগা *বি. বিণ.* ছাগল; ছাগ; ছাগোল; অজ; পাঁঠা। 'রাগের চোটে ইয়াহিয়া নিয়াজীরে ছাগা-পাঠা কয়্যা গাইল পারত।'

ছাচ্চা *বিণ.* স্বচ্ছ; অত্যন্ত নির্মল; নিষ্কলুষ; খাঁটি; নির্দোষ; দোষত্রুটিহীন; নির্ভেজাল; বিশুদ্ধ; অকপট; আসল; প্রকৃত; সত্যপরায়ণ; ন্যায়বান। 'ক্ষ্যামতা দেও তারে বপন করবার ছাচ্চা আলোর বীজ।'

ছাচ্ছা *বিণ. দ্র.* ছাচ্চা।

ছাছ্ *বি.* শ্বাস-নিশ্বাস; দম; প্রশ্বাস; ফুসফুস হতে নির্গত বায়ু; বাইরে থেকে নাসিকা বা ফুসফুসের অভ্যন্তরে গৃহীত বায়ু। 'আমার ছাছ থাকতে কুনো গিবত গাইবার পারুম না।'

ছাছক *বি.* শাসক; যে শাসন করে; রাজা। 'বহুত বানগালির নাম কইবার পারুম যারা বিদাছি ছাছক বিটিছের গুলামি মাইনা নেয় নাই।'

ছাছন-ছোছন *ক্রি. বি.* শাসন-শোষণ; জুলুম নির্যাতন; দমন-নিপীড়ন; শোষণকারক; যে বা যারা অন্যায়ভাবে অন্যের ধনসম্পত্তি হস্তগত করে; যে নিজের লাভের জন্য অন্যকে তার প্রাপ্য থেকে বঞ্চিত করে। 'নকরি হারানর ডরে ছরমিকেরা ছাছন-ছোছন মুক বুইজা ছহ্য করে।'

ছাজা *বি.* সাজা; কষ্টভোগ; শাস্তি; দণ্ডবিধান। 'বিনাদোছে হাছি মোখে খাটে জনম ছাজা।'

ছাজায়া *ক্রি.* সাজাইয়া; সাজিয়ে; পরিপাটি করে। 'মাইয়্যাটারে ভালা কইরা ছাজায়া দেও।'

ছাটায়া *ক্রি.* লাগিয়ে; টানিয়ে; টাঙিয়ে দেয়ালে লাগিয়ে লম্বা করে বাঁধা বা ঝুলিয়ে রাখা। 'নানা জাগায় পতরিকা ছাটায়া বিনা পয়ছায় পরনের মওকা কইরা দিতাচি।'

ছাত্তিবাত্তি *বি.* হালচাল; অবস্থা। 'হ্যায় আইলে তোমগো ছাত্তিবাত্তি গোল হয়্যা যাইব।'

ছাট্টিফিট *বি.* সার্টিফিকেট; সনদপত্র। 'কয় পাছ করচে, মাগার ছাট্টিফিট কই?'

ছারায়াবি *ক্রি.* ছাড়িয়ে; অতিক্রম করে; মুক্ত করে; উদ্ধার করে; বিদূরিত করে। 'পুবের ছীমানা

ছারায়াবি গ্যাছে পচ্চিমা দুনিয়ায়।'

ছাতওয়াছা *বি.* প্রথম গর্ভধারণ উপলক্ষে সাত মাসের মাথায় অনুষ্ঠান। 'হাতওয়াছার অনুষ্ঠানে মহল্লার কেওরে দাওতের বাকি রাখে নাই।'

ছাতছার *বি. দ্র.* ছাতওয়াছা।

ছাতা *বি. বিণ.* ময়লা; আবর্জনা; অপরিচ্ছন্ন। 'ছাতা পরা দাঁতের মল গইছা মাইজা ছাফ।'

ছাতাইছ *বিণ.* সাতাইশ; সাতাশ।

ছাত্তি[১] *বি.* বুকের ছাতি; ফুসফুস। বুকের পাটা বা বিস্তার; সিনা; বক্ষদেশ; বক্ষ; বুক। 'মুকতি যুদদ্য আমার বুক ফুলায়া ছাত্তি বর কইরা রাকচে।'

ছাত্তি[২] *বি.* ছাতি; ছাতা; 'বার্ষিছ অহিব, ছাত্তিটা লয়্যা লও।'

ছাতে *অনু.* সাথে; সঙ্গে; নিকট; সহিত; সর্বদা একসাথে। 'ছুক্কে দুক্কে দুইজোন এক ছাতেই থাকুম।'

ছাথি *বি.* সাথি; সাথী; সঙ্গী; সহচর; সহগামী; ঘনিষ্ঠ; অত্যন্ত নিকট; অন্তরঙ্গ; অতিশয় ঘন। '৭১ ছালে লরকে লেঙ্গে ছুলুগান মাইরা তিছ লাক মানু খুনের ছাথি অইচ।'

ছাদ *ক্রি. বি.* সাধ; আকাঙ্ক্ষা; স্পৃহা; শখ। 'অয়্যা ফতুর ছইপা দিমু ছাদের বিন্দাবন।'

ছাদা *বিণ.* সাদা; শাদা; সফেদ; শুভ্র; শ্বেতবর্ণ; শ্বেতকায়; জড়তাশূন্য; অকুটিল; সরল; আড়ম্বরহীন; অলিখিত; দাগশূন্য। 'খলিফার লাহান ছাদা ছফেদ মানুটারে মামলা হামলা দিয়া লৌরের উপ্রে রাকনের আলামত বালা দেকতাচি না।'

ছাদাছিদা *বিণ.* সাদাসিদা; সরল প্রকৃতির। 'ছাদাছিদা লেমপোছ এক পায়ে খারা/ ডাইন আতে মইছখালী বায় আত্তিমারা।'

ছাদনা *ক্রি. বি.* সাধনা; কঠিন চর্চা; গভীর অনুশীলন। 'গানা হুনুন আর ছাদনা এক জিনিছ না।'

ছাদারন *বিণ.* সাধারণ; বৈচিত্র্যহীন; গতানুগতিক; সর্বজনীন; তুচ্ছ; নগণ্য; গুরুত্বহীন; আটপৌরে; সকলের যাতে সমান অধিকার। 'ছাদারন মানু থাইকা আলহেদা অয়্যা রাজনীতি করোন দুরচত না।'

ছাদি *বি.* শাদি; শাদী; সাদি; আনন্দ; উৎসব; বিবাহ; পরিণয়। 'কাচ্চি বিরিয়ানি না অইলে বিয়া- ছাদির খায়োন জইম্যা উটে না।'

ছাদীনতা *বিণ.* স্বাধীনতা; মুক্তিলাভ করা। 'কবি কইচে না ছাদীনতা হীনতায় কে বাচিবারে চায়।'

ছান *বি.* শান; শান বাঁধানো স্থান; পাকা জায়গা; ইট-পাথরের তৈরি। 'মুকতিগো গাজুইরা মাইরের খবর পায়্যা ইয়াহিয়া খান চিত্তর অয়্যা ছানের উপ্রে পইরা গেত।'

ছান-ছওকত *বি.* শওকৎ; শওকত; জাঁকজমক; শক্তি। 'আচান মুনজিলের ছান-ছওকত আচিল চক্ষে দেকবার মোতন।'

ছানতি *বি.* শান্তি; শমগুণ; প্রশান্তি; উৎকণ্ঠাশূন্যতা; চিত্তস্থৈর্য। 'দছের ছানতি মাইনে অইল দ্যাছের ছানতি।'

ছানদার *বিণ.* নামীদামি; নামধারী; প্রসিদ্ধ; খ্যাত; খ্যাতি; যশ। 'নোবল পায়্যা ইনুছ ছাব বহুত ছানদার আদমি অয়্যা পরছে।'

ছানন্দ *বি.* সানন্দ; প্রফুল্ল; আহ্লাদিত; পরম আনন্দে; আনন্দের সাথে। 'জম্‌ব যে দুম্ মেলা আনন্দবাজারে- আনন্দে ছানন্দ মাখি।'

ছাপ *বি.* শাপ; অভিশাপ; অভিসম্পাত; অনিষ্ট কামনা। 'বুকের জ্বালায় জ্বইলা পুইরা দিলাম জম্মের ছাপ/ তোমারে য্যান ব্যাবাকতে কয় ইবলিছের বাপ।'

ছাপছাপা *বিণ.* সোজাসুজি; সরল; সোজাভাবে; পরিষ্কারভাবে; কুটিলতাশূন্য; খোলাখুলি; সরাসরিভাবে। 'হ্যেয় ছাপছাপা জানায়া দিচে রেজাকারের বিচার দ্যাছের মাটিতেই অইব।'

ছাপল *বি.* শাবল; মাটি খোঁড়ার জন্য অথবা কপাটাদি ভাঙার জন্য লৌহনির্মিত এক প্রকার অস্ত্র। 'ছাপলের মাতা চেপ্টা থাকলেই চলে, দার দিয়োন লাগে না।'

ছাপা *বিণ.* পরিষ্কার; পরিচ্ছন্নতা; স্বচ্ছতা; নির্মলতা; সাফ; শুদ্ধিকৃত বাধাবিঘ্নহীন; প্রতিবন্ধকশূন্য। 'মানুর মন ছাপা না অইলে ঢাহা ছহর বি ছাপা অইব না।'

ছাপাই *বি.* সাফাই; পক্ষে বলা; দায়মুক্ত; দোষমুক্তকরণ; দোষস্খালন; নিরপরাধ প্রমাণ বা প্রচার করা; নির্দোষ প্রমাণের জন্য যুক্তি প্রদর্শন করা। 'মা বুইনের ইজ্জত লুটেরা পাপিগো ছাপাই গাইয়া লাব নাই।'

ছাপায়েত *বি.* সাফায়েত; সুপারিশ; সুপারিস; কারো অনুকূলে কিছু অনুরোধ। 'নবী করিম (সা.)

এর ছাপায়েত ছারা পার পায়োন যাইব না।'

ছাপ্পর *বি.* ঘরের চাল; নৌকা বা ঘরের আচ্ছাদন; কুঁড়েঘর; খোলার ঘর। 'ছাপ্পর ফাইরা দেও অনন্ত পরমায়ু।'

ছাপোট *বি.* সাপোর্ট; সমর্থন; সম্মতিদান; পক্ষাবলম্বন; স্বীকৃতিপ্রাপ্ত। 'মহল্লার বালার লাইগ্যা কাম কর পদে পদে ছাপোট দিমু।'

ছাফা *বি. দ্র.* ছাপা।

ছাব *বি.* সাব; ভদ্রলোক; ভালো মনের মানুষ; সুপুরুষ। 'ছাব বারির ছব মানু ছবাবে ছাপা না।'

ছাব্বাছ *অব্য.* শাবাশ; শাবাস; সাবাস; প্রশংসা-সূচক উক্তি; ধন্য; বলিহারি; মারহাবা। 'ছাব্বাছ ব্যাটা, আল্লায় তরে ছ'বচ্ছর বাচায়া রাখুক।'

ছাবদান *বি.* সাবধান; সতর্ক করা; হুঁশিয়ার করা। 'বনগবনদু বানগালিগ ছাবদানে বুইজা হুইনা কাম করনের কতা পারত।'

ছাবুন *বি.* সাবান; সোডা; ক্ষার; চর্বিসহকারে প্রস্তুত ময়লা পরিষ্কারক দ্রব্য। 'রোং বেরোঙ্গের ছাবুনে এহন বাজার বইরা গেচে।'

ছাম *বি.* সন্ধ্যা; সন্ধ্যে; সন্ধে; সাঁঝ; সন্ধ্যাবেলা; সাঁঝের বেলা; সায়াহ্ন; সূর্যের অস্তমিতকাল; দিন ও রাতের মিলনকাল; রাত্রির আরম্ভ। 'হক্কালে দেহা অইলে কইত গুদ মরনিং আর ছাম বেলাৎ কইত গুদ ইবিনিং।'

ছামনে *বিণ.* সামনে; সম্মুখে; সম্মুখ; সম্মুখদিকে; সম্মুখে; মুখোমুখি; সম্মুখবর্তী; অগ্রভাগে; অভিমুখে; সমক্ষে। 'যারা পিচে বেছি কতা কয় হেরা ছামনে আয়্যা খোমা বন কইরা রাখে।'

ছামলা *বিণ.* শ্যামলা; শ্যামল; শ্যামবর্ণবিশিষ্ট; হরিৎ বর্ণত্ব; শ্যামলিমা। 'উনিছ'ছ একাত্তইর ছালে- আমগ এই ছামলা মাটির দ্যাছে।'

ছামলাও *ক্রি.* সামলানো; সংযত করা; সংবরণ করা; স্খলিত বেশ দৃঢ়বদ্ধ করা; সতর্কতা অবলম্বন করা; সাবধান হওয়া বা করার সংকেত। 'আগে গর ছামলাও, জং কইরা জঙ্গি খেতাব নিও না।'

ছামিকবাব *বি.* শামীকাবাব; শামিকাবাব; মাংস ও ডাল দিয়ে এক ধরনের বিশেষ প্রক্রিয়ায় প্রস্তুত কাবাব বা বড়াবিশেষ। 'পেট বইরা ছামিকবাব আর নান খায়্যা এক গেল্লাছ লাচ্ছি খাইলে

দিলের মইদ্যে রাজা রাজা বাব আহে।'

ছামিল[১] *বি. বিণ.* সামিল; হাজির; উপস্থিত; একাত্ম হওয়া; হাজির হওয়া। 'পোলাপানরে গেয়ানি বানাইয়া দ্যাছের বালাকাম করনের লাইগা ছামিল করাইতে অইব।'

ছামিল[২] *বিণ.* শামিল; সামিল; সামেল; অন্তর্গত; অন্তর্ভুক্ত; সমান; তুল্য; ন্যায়; সদৃশ। 'গিবত গাওয়া কবিরা গুনার ছামিল।'

ছামিয়ানা *বি.* শামিয়ানা; সামিয়ানা; শামীয়ানা; বস্ত্র নির্মিত অস্থায়ী ছাদ বিশেষ; চাঁদোয়া; চন্দ্রাতপ। 'রোজা-নমজ আমার তুমি, পুণ্যির ছামিয়ানা/ পেমের দামে রইছি বান্দা আনায় ছোল্ল আনা।'

ছাম্বাদিক *বি.* সাংবাদিক; সংবাদদাতা; মিডিয়া কর্মী। 'ছাম্বাদিক ব্যাটায় পায় ছুবর্ণ ছুযোগ/ চিৎ অয়া, কাইৎ অয়্যা খালি ফট্টাছ্-ফট্টাছ্।'

ছার[১] *বি.* সার; একমাত্র সম্বল; বৃক্ষাদির শক্ত মজ্জা; তেজ; বীর্য; উর্বরা বৃদ্ধিকর পদার্থ; অবলম্বন। 'আইজকাইল জমিনে ছার না দিলে বালা ফছল অহেনা।'

ছার[২] *বি.* স্যার; ঊর্ধ্বতন কর্তৃপক্ষ; বড় কর্তা। 'ছার ছুটি না দিলে অছুইক্যা বউটার চিকিছ্ছা করাইবার পারুম না।'

ছারগিদ *বি. দ্র.* ছাগরিদ।

ছারচে *ক্রি.* ছেড়ে দেওয়া; মুক্তি দেওয়া; স্বাধীনতা; পরিত্রাণ; মোক্ষ; অবসান; নিষ্কৃতি; রেহাই; অবরোধ বা বন্ধন থেকে উদ্ধার। 'নাটাইয়ের হুতা ছারচে মাগার আছমানে নিজের মতো কইরা উরবার দেয় নাই।'

ছারাছার *বিণ.* সম্পূর্ণ নিষিদ্ধ; সম্পূর্ণ বাতিল। 'বুইলা গ্যাচ ইচলামি ছরিয়তে নাচানা গাহানা ছারাছার হারাম।'

ছারট *বি.* শার্ট; গায়ের জামা। 'টি ছারট ছরিলে চরায়া জিনচ প্যান পইরা পোলারা এহন দলের কাম করতাচে।'

ছারজেন *বি.* সার্জেন্ট। 'গারির কাগজ-পত্র ছারা রাচতায় বাহার করলে ছারজেন জরিফানা কইরা দিব।'

ছারজোন *বি. দ্র.* ছারজেন।

ছারথক *বি. বিণ.* সার্থক; নিজের মঙ্গল বা হিত; নিজের উপকার বা লাভ। 'এই দ্যাছে পাওর দেখাইবার পারলে জনম ছারথক।'

ছারন *ক্রি.* ছেড়ে দেওয়া; ত্যাগ করা; বর্জন করা; পরিত্যাগ;

পরিহার; বিরাগী। 'বংগোবনদু শেখ মুজিব ছাবও ছারনের মানু আচিল না।'

ছারাবরা *বিণ.* কষ্টে ভরপুর; ভারাক্রান্ত। 'আইজ ছোনারগাও দেইখা চক্কু ছারাবরা অয়্যা যায়।'

ছারবিচ *বি.* সার্ভিস; সেবা। 'তুমার কি মোনে আচে মোমিন মটর কোমপানি পরথম পাবলিক বাচ ছারবিচ চালু করচিল!'

ছারায়া *ক্রি.* ছাড়িয়ে; মুক্ত করা; খালাস করা; উদ্ধার করা; শিথিল বা শ্লথ করা; খোলা। 'দছ হাজার ট্যাকা গুছ দিয়া পুলারে ছারায়া আনচি।'

ছারি১ *বি.* শাড়ী; শাড়ি; নারীদের পরিধেয় বস্ত্র বিশেষ; স্ত্রী লোকের বস্ত্র বিশেষ। 'নারী ছারি আর গয়না হ্যালায় এক ছুতায় বি গাইথা আচে।'

ছারি২ *বি.* সারিগান; মাঝিদের গান। 'কালের চরকে ছারি গাহানা আরায়া গ্যাচে।'

ছারুবাই *বি. বিণ.* ভায়রা; স্ত্রীর বড় বা ছোট বোনের বর। 'গামছা একটা কাফুর না, ছারুবাই একটা খেছ না।'

ছারেখার *বি.* ছারখার; সর্বনাশ; ধ্বংস; অধঃপাত; নাশ; ক্ষয়; বিনাশ; বধ; সংহার। 'ছাববারি বিয়া কইরা জীবুনটা ছারেখার অয়্যা গেল।'

ছারেং *বি.* সারেং; সারেঙ; বেহালার ন্যায় তারের বাদ্যযন্ত্র; সারঙ্গী। 'ছারেঙ্গের পুলায় বালা কাওয়ালি গাইবার পারে।'

ছাল *বি.* সাল; বছর; বৎসর; বর্ষ। 'ইংলিচরা গেল কত ছাল অইল মাগারে তাগো কাম বি আবিতক বাইচা রইল।'

ছালছা *বি.* বলবর্ধক পানীয় বা ঔষধ; রক্ত পরিষ্কারক ঔষধ বিশেষ। 'ছারিবদী ছালছা খাও ছরিলের তাকৎ বারব।'

ছালা *বি.* বস্তা; বড় থলে। 'মানুটারে ছালায় বইরা পানিৎ ফালায়া মাইরা ফালইল।'

ছালাজুত *বিণ.* সিলাজিত; বলবর্ধক হার্বাল; পাহাড়ি গাছ। 'আগে হেরা ছালাজুত বেচবার লাইগা এই দ্যাছে আইত।'

ছালিছ *বি.* শালিস; শালিশ; সালিস; সালিশ; মধ্যস্থ; তৃতীয় ব্যক্তি। 'গোপন বিছয়ের ছালিছ মাইজ রাইতে বহান লাগে।'

ছালুন *বি.* রান্না করা তরকারি; ব্যঞ্জন। 'ছালুন ছারা বাত খামু ক্যামনে?'

ছালেনডার *ক্রি. বি.* সারেন্ডার; আত্মসমর্পণ। '১৯৭১ সালে

পাকিরা ডরে ইচা অয়্যা ছালেনডার কইরা জান বাচাইচে।'

ছালোয়ার *বি.* শালোয়ার; শালওয়ার; সালোয়ার; ঢিলা পায়জামা। 'মলানা ছাবের পুলায় ছালোয়ার ছাইরা চোছ পায়জমা পরোন ছুরু করচে।'

ছাহছ *বি.* সাহস; হিম্মত; ক্ষমতা। 'বানগালির ছাহছের তুফানে পাকিরা হ্যালায় কাকরার লাহান বানকারে গাপটি মাইরা পইরা থাকত।'

ছাহাদাৎ *বি.* শাহাদত; শহীদ হওয়া; আল্লার বাণী বা ইসলামি সত্যকে প্রতিষ্ঠিত করতে গিয়ে মৃত্যু বরণ। 'ছাহাদাৎ অওয়া মানু জন্নাতবাছি অহে।'

ছাহাবাগ *বি.* শাহবাগ। 'ছাহাবাগে মদুর কেন্টিনে বয়্যা নোয়াব গনি ছাবের পোলা ছলিমুলল্লাখান ১৯০৬ সালে অল ইন্ডিয়া মুচলিম লীগ তইয়ারের দাবি তুলেন।'

ছাহাবী *বি.* সাহাবী; যে সমস্ত মুসলিম হজরত মুহাম্মদ (সা.) এর সাহচর্য লাভ করেছিলেন। 'নবীজী (সা.) এর ছাহাবীরা ছ এস্তে ছ বাগ ঈমানদার মানু আচিল।'

ছাহারামরু *বি.* সাহারা নামক মরুভূমি। 'জিগইর আমার ছাহারা মরু তুমার বিহনে।'

ছায়ুর *বি. দ্র.* ছমুদ্দুর।

ছ্যাচ্ছোর *বিণ.* ছেঁচড়া; ছ্যাঁচড়া; ছেঁচড়; শঠ; প্রতারক; অসৎ; দুষ্ট; ইতর প্রকৃতির; নিতান্তই নীচ; বেহায়া; কৃপণ; নোংরা। 'তুমি যে হ্যালায় চাইর ছ বিছ লম্বরি ছ্যাচ্ছোর ছবতেই বি জানে।'

ছ্যাদা *বি.* ছিদ্র; ফুটো; ফুটা; বিবর; ছেঁদা; বিঁধ; রন্ধ্র। 'তুমার কতা হুনলে বি মনে কয় ছুচের ছ্যাদা দিয়া হাত্তি যায়োন হ্যালায় কুনো ব্যাপার না।'

ছ্যাপ *বি.* থুথু; থুতু। 'মগার, আমগো ত কেউ ছ্যাপদা বি পোছে না।'

ছ্যাম *বি.* শ্যাম; শ্রীকৃষ্ণ; কৃষ্ণ; কানু; কানাই; হিন্দু দেবতা বিষ্ণুর অবতারবিশেষ; মেঘবর্ণ; কালো রং; কৃষ্ণবর্ণ। 'পরাণ বন্দু ছ্যাম কালাচান জুম্মন আলী নাম।'

ছ্যাংগাৎ *বি.* অপকর্মের দোসর। 'হানাদার বাহিনীর ছ্যাংগাৎরা খালি ট্যাকা পছা লুট করে নাইক্যা, চেয়ার টেবিল বি লয়্যা গেচে।'

ছিক *বি.* শিক; সিক; শলাকা; সরুদণ্ড। 'চুরেরা জিনালার ছিক কাইটা গরে ঢুকচিল।'

ছিকর *বি.* শিকড়; মূল। 'পুরানার লগে নতুন জুইরা না দিবার পারলে ইতিহাছ বুইলা ছিকর ছারা অয়্যা পরুম।'

ছিককিত *বিণ.* শিক্ষিত; শিক্ষাপ্রাপ্ত; জ্ঞানী; বিদ্বান; বিদ্যাবান; পণ্ডিত; বিদূষী। 'একটা ছিককিত মানু এক'ছটা মুরুখ্যের চাইতে বেছি দামী।'

ছিকার[১] *বি.* শিকার; বলি; দুষ্কর্মের লক্ষ্য কোনো নিরীহ ব্যক্তি। 'বানায়া তুমারে যৌতুকের বলি, এ্যাছিড ছিকার।'

ছিকার[২] *বি.* শিকার; তীর-বন্দুকাদির দ্বারা বনের পশুপাখি বধ করা, মৃগয়া; হত্যার শিকার; বধ্য প্রাণী। 'পছু-পাখি ছিকার করা পছিন করি না।'

ছিকুরিতি *বি.* সিকিউরিটি; নিরাপত্তা। 'নিজেরা বালা না অইলে রেব পুলিছ ছিকুরিতি দিবার পারব না।'

ছিখায়া *ক্রি.* শিখিয়ে; শেখানো; শিক্ষা বা জ্ঞানদান করা; অভ্যস্ত। 'ছিখায়া দিমু হ্যালার আছেক পেরেম কারে কয়!'

ছিখ্যা *বি.* শিক্ষা; জ্ঞান অর্জন। 'আইজকাইল বুটে উটবার চাইলে ছিখ্যা দিখ্যা বি লাগে।'

ছিঙ্গারদান *বি.* ড্রেসিংটেবিল; প্রসাধন সামগ্রী রাখার তাক ও আয়নাবিশিষ্ট সজ্জীকরণ টেবিল।

ছিঙ্গারা *বি.* কাঁটাযুক্ত পানিফল; জলজ এই ফল শক্ত আবরণযুক্ত। ভিতরের শাঁস খাদ্য হিসেবে ব্যবহৃত।

ছিচটার *বি.* সিস্টার; বোন। 'ছাবেরা বুইনকে কয় ছিচটার।'

ছিছটোম *বি.* সিস্টেম; নিয়ম; পদ্ধতি। 'নির্বাচনে ইবিএম ছিছটোম চালু করনের দিন আয়্যা পরচে।'

ছিছির *বি.* শিশির; নীহার; শবনম; হিম; তুষার। 'ছিছিরে বিজেনা মাটি বিছটি না অইলে।'

ছিজ *ক্রি. বি.* সিজ করা; জব্দ করা; কোনো বস্তু বা আলামত আটক করা। 'ছাংবাদিকগো মুবাইল ক্যামেরা ছিজ কইরা কি হাপলা চত্বরে পুলিছ নামছিল?'

ছিজদা *বি.* সিজদা; সেজদা; সজদা; দুই পা; দুই হাত; কপাল এবং নাকের অগ্রভাগ মাটিতে ঠেকিয়ে নিবেদন। 'এক রেকাত নুমাজে দুইবার ছিজদায় যাইবার অহে।'

ছিজাইবা *ক্রি.* সিদ্ধ করা; দগ্ধ করা; অগ্নির উত্তাপে পাকানো।

'ছিজাইবা আমারে আর কতকাল বিরহের আগুনে?'

ছিটাইব *ক্রি.* ছড়িয়ে দেওয়া; ছিটিয়ে দেওয়া; নিক্ষেপ করা; সেঁচা; ছড়ানো; সিঞ্চন; সিক্তকরণ। 'আইলে কুকিল দ্যাছে, দিকে দিকে ছিটাইব গোলাপী আত্তর।'

ছিটায়া *ক্রি.* ছিটিয়ে; ছিটানো; ছিটনো; ছড়িয়ে দেওয়া; ছিটিয়ে দেওয়া; নিক্ষেপ করা; সেঁচা; ছড়ানো; সিঞ্চন; সিক্তকরণ। 'ছাত্র-ছাত্রীরা বিদায়ের ছোময় হেড মাছটরের ছরিলে গোলাপ ছিটায়া দিল।'

ছিটি *বি.* সিটি; নগর; শহর। 'আমগো ঢাহা ছিটি অইল বি মহানগর।'

ছিটি মারা *ক্রি.* মুখে আঙুল দিয়ে শিস দেওয়া। 'হিরুইনগো দেইখা হেইকালে জব্বর কইরা ছিটি মারে নাই ক্যাঠা?'

ছিরি *বি.* সিঁড়ি; মই; সোপান। 'ছিরি বাইয়া কছটো কইরা উপ্রে উটবার পারুম না।'

ছিতার *বি.* সেতার; সিতার; তিন বা পাঁচ তারযুক্ত বাদ্যযন্ত্র বিশেষ। 'আগের জমানার ওস্তাদগো গানা আর ছিতারের ছুর মোনে লাইগ্যা থাকত।'

ছিদা *বিণ.* সিধা; সোজা; সহজ; শান্ত; সরল; কঠিন নয় এমন; জাঁকজমকহীন; অবক্র; ঋজু; কুটিলতাশূন্য; অকপট; শান্ত শিষ্ট; সাধুপ্রকৃতির; উদার; সাদাসিধা। 'অহনো টাইম আছে ছিদা ছিরাতুল মুচতাকিমের লাইনে আহ্।'

ছিদদানতো *বি.* সিদ্ধান্ত; আপস; মীমাংসা; সমঝোতা; নির্ধারণ; স্থির। 'অনেক ছময় নেতারা নিজেগো বুল ছিদদানতো পাবলিকের উপ্রে চাপায়া দিবার কম কছুর করে না।'

ছিনদিকেত *বি.* সিন্ডিকেট; কোনো প্রতিষ্ঠানের পরিচালক সভা। 'ছিনদিকেত কইরা পাবলিকরে ঠকায়া কানি বগার লাহান একপাও উচা কইরা খারায়া এহন কানতাচ!'

ছিনা *বিণ.* বুক; বক্ষঃস্থল; ছাতি; অন্তর; হৃদয়। 'আমগো হরদারের ছিনাটা ছিলপাটার লাহান হক্ত।'

ছিনাল *বিণ.* বেশ্যা; কুলটা; বারস্ত্রী; গণিকা; রূপজীবী; পতিতা; বারনারী; বারবধূ; কামিনী (ঘৃণ্য গালি বিশেষ)। 'গরের দরওয়াজার চৌকাঠ না পাল্টায়বার পারলে মাইয়াগুনা ছিনাল অয়্যা যাইব।'

ছিনাল মাগীর বাচ্চা *বি. বিণ.* বেশ্যা নারীর সন্তান; পতিতা নারীর সন্তান (ঘৃণ্য গালি বিশেষ)। 'ছিনাল মাগীর বাচ্চা ছিনাল অওয়্যাটাই ছাবাবিক।'

ছিনগারা *বি.* সিঙ্গারা। 'মদুর কেন্টিন বইছ্যা যে চা ছিনগারা খায় নাই হের জীবুনটাই বিরথা।'

ছিন্নি *বি.* শিন্নি; শিরনি; শিরনী; শির্নী; সিন্নি; মিষ্টান্ন; মিঠাই; খোদার বা কোনো দরবেশের নামে উৎসর্গীত কোনো মিষ্টান্ন; উৎসর্গ; আত্মত্যাগ। 'মায় কইচে ছুক্কুরবার দিন মজিদে মুছল্লীগো ছিন্নি খিলাইবার।'

ছিন্দুর *বি.* সিন্দূর; সিঁদুর; এক প্রকার রক্তবর্ণ চূর্ণ। 'ছরগের ছিন্দুর লাগলো না তাই/ এই অছুইরা কপালে!'

ছিপাই *বি.* সিপাই; সিপাহি; সিপাহী; সেপাই; সৈনিক; প্রহরী; পুলিশ বিভাগের নিম্নপদস্থ কর্মচারী। 'পুলিশগো ছব ছিপাই খরাব না।'

ছিপারা *বি.* ছেপারা; সিপারা; ত্রিশতম অংশ; কুরআন শরিফের ত্রিশ অংশের এক অংশ। 'আম ছিপারার ছুরাগুনা মুকস্ত করলে নুমাজ পরবার পারবা।'

ছিবলা *বিণ.* ছ্যাবলা; ছাবলা; হালকা স্বভাব; লঘু প্রকৃতি; বাচাল; প্রগল্‌ভ। 'ছিবলামি ছাইরা দিয়া গেয়ানি মানুর লাহান কতা কও।'

ছিব্‌রা *বি.* নারকেলের খোসা বা বাকল। 'পাতিনেতার পিচে গুইরা তুমি হ্যালায় ছিব্‌রা বইনা গেচ।'

ছিবি *বি.* ছিপি; বোতলের মুখ বন্ধ করার কাঠ; কাক। 'তুমরা হক্কলে মিললা টিছিবিরে ছিবি লাগায়া দিচ।'

ছিবিল *বিণ.* সিভিল; বেসামরিক। 'ছিবিল মানুগো কতার কুনো দাম কেউ দেয় না।'

ছিমানা *বিণ.* সীমানা; প্রান্ত; চৌহদ্দি; গণ্ডি; জমির বা গ্রামাদির নির্দিষ্ট প্রান্তভাগ। 'ঢাহার ছহরে দুই লমবর চিরিয়াখানা তইয়ার অইচিল হাইকুটের ছিমানার বিতরে।'

ছিমি *বি.* মটরসুঁটি; তৃণ জাতীয় গাছে জন্মে। ডাল জাতীয় খাদ্য বিশেষ।

ছির *বি.* মাথা; মস্তক বা মাথা; শীর্ষ; চূড়া; উপরিভাগ অগ্রদেশ। 'মোন উচা না করলে ছির উচা করবার পারবা না।'

ছিরক *বি.* শিরক; শেরেক; অংশীকরণ; আল্লাহ্‌র সাথে অন্য কারো শরিক করা; পৌত্তলিকতা। 'ছিরক করা কবিরা গুনা।'

ছিরকেট *বি.* সিগারেট; বিড়ি; বিড়ী; বিঁড়ি। 'মেরহামতের পোলা ছিকরেটে একটা ছুকটান দিয়া কইল মোনে অইতাচে দুনিয়াটা আতের তাল্লুর উপ্রে খারায়া আচে।'

ছিরগেট *বি. দ্র.* ছিরকেট

ছিরজন *ক্রি.* সিরজন; সৃজন; সৃষ্টি; নির্মাণ; সিরজা; তৈরি করা। 'বাঙ্গনের পিঠে লাগায়া ছিরজন করে যে আদর।'

ছিরদারা *বি.* শিরদাঁড়া; মেরুদণ্ড; পিঠের দাঁড়া। 'ছির্ ছির্ ছিরদারা ঝিরিঝিরি বাও/ঝাঁপ বাজে ঝম্‌ঝম্ রঙ্গিলা পাও।'

ছিরবার *ক্রি.* ছেঁড়ার চেষ্টা; বিদীর্ণ করা; উৎপাটন করা। জিকইরটা ছিরবার পারলে দেখায়া দিতাম।'

ছিরমাল *বি.* এক ধরনের তন্দুর রুটি।

ছিরা *ক্রি.* ছিঁড়া; ছেঁড়া; ছিঁড়িয়ে আনা; কাড়িয়ে আনা; অন্যের কাছ থেকে কোনো কিছু জোরপূর্বক আদায় করা। 'ফাছি কি গাছের গোটা যে ছিরা আনবার মন চাইলেই পায়োন যায়?'

ছিরাতুল মুছ্‌তাকিম *বি.* সিরাতুল মুস্তাকিম; সরল ও সহজ পথ। 'আমি ছিরাতুল মুছতাকিম ছারা আর কিছু বুঝি না।'

ছিরাব *বি.* শরাব; মদ; দম্ভ; গর্ব; অহঙ্কার; প্রমত্ততা; বিহ্বল ভাব; কস্তুরী; মদ্য; সুরা; প্রমত্তকর রস। 'ছিরাব খায়্যা মাতোয়াল অয়্যা থাকলে ছংছার চলব ক্যামনে?'

ছিরি *বি.* শ্রী; ঐশ্বর্য; সম্পদ; সৌন্দর্য; লাবণ্য; শোভা; চেহারা; আকৃতি; রূপ; ঢং; ভঙ্গি; দেহশ্রী; মুখশ্রী; হিন্দুদেবী লক্ষ্মী; বেশবিন্যাস; শ্রদ্ধাসূচক শব্দবিশেষ। 'হিন্দুগো নামের আগে ছিরি লিকবার দরকার অহে।'

ছিরিকিছুন *বিণ.* শ্রীকৃষ্ণ; কৃষ্ণ; শ্যাম; কানাই; হিন্দু দেবতা বিষ্ণুর অবতারবিশেষ। 'মিরা বাঈ দেবতা ছিরিকিছ্‌নের বহুত বর বক্ত আচিল।'

ছিরিচরণ *বি.* পদচরণ; পদপঙ্কজ; পদপল্লব; পাদপদ্ম; পদ্ম; কমল। 'কবে তুমার ছিরিচরণ পরব আমার গরে?'

ছিলা *ক্রি. বি.* মুড়ানো; মড়নো; মাড়ানো; মুণ্ডিত বা ন্যাড়া করা। 'দিলদার আলী দিলা/ খাছ ঢাকাইয়্যা পোলা মাগার/ মাথাটা তার ছিলা।'

ছিল্পী *বি.* শিল্পী; শিল্পকার; কারিগর। 'ছিল্পী অইবার চাইলে বহুত খাটাপিটা দরকার অহে।'

ছিহরিত *ক্রি. বিণ.* শিহরিত; রোমাঞ্চিত; রোমাঞ্চযুক্ত; রোমহর্ষক; পুলকিত; পুলকযুক্ত। 'তুমারে দেইখাই ছরিল ছিহরিত অয়্যা গেচে।'

ছিয়া *বি. বিণ.* শিয়া; শী'আ; মুসলমান সম্প্রদায়বিশেষ; হজরত আলীর (রা.) দলভুক্তগণ। 'দরমে করমে ছিয়ারা বি মুছলমান।'

ছিংআছন *বি. দ্র.* ছিংগাছন।

ছিংগা *বি.* শিং নির্মিত বাদ্যযন্ত্র। 'কলিকালে যা দেকতাচি ইছরাফিলের ছিংগা ফুকাইবার বি বাকি নাইক্যা।'

ছিংগাছন *বিণ.* সিংহাসন; রাজাসন; সিংহখচিত আসন। 'ছোহাগবানুর মজনু আমি ছিংগাছনে লাত্তিমারি বিটিছের হ্যাই রাজার লাহান।'

ছীতকাল *বিণ.* শীতকাল; পৌষ ও মাঘ দুইমাস শীতকাল। 'ছীতের কালে আইলে বন্‌দু দিমু বাপা পিঠা।'

ছুইটা *ক্রি. দ্র.* ছুইট্টা।

ছুইট্টা *ক্রি.* ছুটে; ছোটা; ছুটা; অতি দ্রুত বেগে সামনের দিকে অগ্রসর হওয়া; ধাবিত হওয়া; দৌড়ানো; অতি দ্রুত চলা; প্রবাহিত হওয়া; প্রবলভাবে বের হওয়া। 'আবে এত্ত জুরে ছুইট্টা কই যাইবার লাকচ?'

ছুইন্য *বিণ.* শূন্য; ফাঁকা; বিরান। 'নব লাখ বাণিজ্যের বেহাত ছুইন্য বিটায় পরি।'

ছুইয়া *ক্রি.* ছুঁয়া; ছোঁয়া; স্পর্শ করা; স্পর্শ; ছুঁয়েছে বা ছুঁইছুঁই করছে এমন। 'পুলাটা একবার বি গুড্ডির লাটাই ছুইয়া দেখে নাইক্যা।'

ছুককুর বার *বি বিণ.* শুক্রবার; সপ্তাহের সপ্তম দিন। 'ছুককুর বার ছেরাদিন জুম্মা পরবার যাই/ আত তুইল্যা খোদার কাচে মাফি-ছাফি চাই।'

ছুকরি *বি. বিণ.* মেয়ে; কন্যা সন্তান। 'ছুকরিগুনা দল বাইনদা হাইজা-গুইজা যায় কই?'

ছুকরিয়া *বি.* শোকরিয়া; শোকর; শুকর; কৃতজ্ঞতা; প্রশংসা; তৃপ্তি বা তুষ্টি প্রকাশ। 'পুলার বিয়ার কাম বালায় বালায় হারচে বইলা

আল্লার কাচে লাক লাক ছুকরিয়া।'

ছুকাইয়া *ক্রি.* শুকাইয়া; শুকিয়ে; শুষ্ক, রসহীন; নীরস; মাধুর্যহীন; লাবণ্যহীন; মলিন. বিষণ্ন। 'কোন ছমায় জানি বিরহের নীল দরিয়া/ পিরিতের অনলে ছিজাইয়া ছুকাইয়া যায়।'

ছু কেছ *বি.* শোকেস। 'তুমারে জানি দোছ বাইবা কইবার চাই আমি পারলে চাই ঢাহা ছহররে ছু কেছে বইরা রাখি।'

ছুক্ষে *বি.* সুখে; আনন্দে; তৃপ্তি সহকারে; আরামে। 'মোনের ছুক্ষে ছয়ার করমু ময়ুরপঙ্খী নায়।'

ছুখ্খে *বি. দ্র.* ছুক্ষে।

ছুখতলী *বি.* জুতার ভিতরের নরম পাটি। 'জুতার ছুখতলী অয়োনের চাইত্তে মাতার চুল অয়োন অনেক বালা।'

ছুখাইলো *ক্রি.* শুকিয়ে যাওয়া; মরে যাওয়া। 'অনাদরে ছুখাইলো কতো বছন্তের ফুল/ কাইন্দা কাইন্দা পিউ কাহা আকুল ব্যাকুল।'

ছুখায় *ক্রি.* শুকিয়ে যাওয়া; নিস্তেজ হয়ে যাওয়া; লাবণ্যহীন হয়ে যাওয়া। 'দিলের মদু ছুখায় আমার পরাণ বন্দুর দুখে।'

ছুচ *বি.* সুঁই; সুচ। 'তুমি ত পারলে চাও ছুচের হোগা দিয়া আত্তির পাও ঢওয়াইবার।'

ছুজন *বি. বিণ.* সুজন; প্রিয়জন; সজ্জন; আপনজন; প্রিয়ভাজন; সৎলোক; ভদ্র; ভদ্রতা। 'যমুনা অইব মরু তোমার কারণ/ ইমুন পাছান তুমি অইঅনা ছুজন।'

ছুজা *বি. বিণ.* সোজা; সিধা; সহজ; সরল; সুষ্ঠু; খোলাখুলি; কুটিলতাশূন্য। 'হা-ট! ব্যাটা রাজাকার, বজ্জাত- বেগানা/ মুক্তি মাইরা যায়োন অত্ত ছুজা না।'

ছুট *বি. বিণ.* ছোট; ক্ষুদ্র; কনিষ্ঠ। 'ছুটু বইলা কেওঅরে হেলা করোন নাই।'

ছুট্কি *বি. বিণ.* শুঁটকি; শুকনা মাছ; শুষ্ক ও রসহীন মাছ বিশেষ। 'চ্যাপা ছুটকির বর্তা আর পান্ত বাতের মতোন নাছতা আর কি অইবার পারে।'

ছুটতাচে *ক্রি.* ছুটছে; ছুটে চলা; তড়িৎ; দ্রুত; গতি সম্পন্ন। 'হালাল-হারাম, বাছ-বিচার না কইরা মানুগুনা ট্যাকার পিচে কেমনে ছুটতাচে!'

ছুটন *ক্রি. বি.* ছুটে যাওয়া; মুক্তি পাওয়া; নিজেকে বিপদমুক্ত করা। 'দুইয়ে মিল্লা জাইত্যা দরলে ছুটন বহুত মুচকিল।'

ছুটায়া *ক্রি.* ছটিয়ে; ছাড়িয়ে। 'ইংলিশ ইচকুল থাইক্যা ছুটায়া আইনা কামটা বি বালা কর নাইক্যা।'

ছুতা *বি.* অজুহাত; ছলাকলা; ছল চাতুরি। 'কত যে ছুতায় বাংছ আমারে তুমি/ কত ছত রঙ্গে, কত ছত ঢঙ্গে।'

ছুতানাটান *ক্রি. বি.* সূক্ষ্ম সুতাকে বাঁশের তৈরি নাটাইয়ে গুটিয়ে নেয়ার পদ্ধতি বিশেষ।

ছুদ *বি. বি.* সুদ; শুদ; কুসীদ; ঋণগ্রহণ বাবদ ঋণের পরিমাণের হিসাবে যে অতিরিক্ত লাভ বা অর্থ দেওয়া হয়, উহা। 'ইচলামে ছুদ খাওয়া হারাম কইরা দিচে।'

ছুদাছলে *বি.* সুদ-আসলে। 'আমার ক্ষেতির পূরণ না মিটায় ছুদাছলে/ ছোনার জমিনে ফেলাইব যেয় চামরার পাও/ টেংরি বাইঙ্গা কান্দে ঝুলায়া দিমু।'

ছুদিন *বিণ.* সুদিন; শুভদিন; সুখের সময়; সৌভাগ্যের উদয়; ভালো সময়। 'নতুন চান উইঠা ছরমিকের ছুদিন ফিরা আইতে বেছিদিন বাকি নাইক্যা।'

ছুদা *বিণ.* সুধা; অমৃত; অত্যন্ত মধুর। 'ছর্গ বি নাই ছুদা বি নাই আরে বেহুদ্দা মোনের মানু/ হাছাই যুদি পাইবার চাও বালোবাছার ছুখ/ মগজে গুরাইয়্যা দেও পিরিতের লাট্টু।'

ছুনদর *বিণ.* সুন্দর; ফর্সা; ছুন্দরে লাবণ্যময়; মনোহর; অপরূপ; উত্তম; কলামণ্ডিত; গৌরবর্ণ; রূপবান; সুষ্ঠু। 'তোমার দুই চউখ্যের অরণ্য ঠাটামরার লাহান খারাইয়া থাকুম আমি অনন্ত যুগ।'

ছুন্দর *বিণ. দ্র.* ছুনদর।

ছুনদরি *বিণ.* সুন্দরী; রূপসী; রূপবান; রূপবতী; অপরূপা। 'তাজমেহেলের মমতাজ বেগম আচিল বিচ্ছছেরা ছুনদরি মাইয়্যা মানু।'

ছুনাম *বি.* সুনাম; সুখ্যাতি; যশ; প্রশংসা; কীর্তি; তারিফ। 'ছরায়া বি দ্যাছে- বৈদ্যাছে নামের ছুনাম।'

ছুন্য *বি. বিণ.* শূন্য; খালি; ফাঁকা। 'বেচতি কতা কয়া লাবের খাতায় ছুনন্য পাইচে।'

ছুন্নত *বি.* সুন্নত; সুন্নৎ; হজরত (সা.) এর ধর্মকর্ম পদ্ধতি; মুসলিমদের লিঙ্গের অগ্রভাগের অতিরিক্ত চর্ম কর্তন। 'ছুন্নত তরক করলে গুনা অহে।'

ছুন্নী *বি. বিণ.* সুন্নী; সুন্নি; মুসলমান সম্প্রদায় বিশেষ; আহলে সুন্নত। 'ছিয়া-ছুন্নী দুই বি মুছলমান।'

ছুনু *বি.* স্নো; প্রসাধন; সাজ; সাজসজ্জা; অঙ্গরাগ; অলঙ্করণ; চিত্রণ। 'আইজকাইল তিব্বতের ছুনু বাজারে নাইক্যা।'

ছুপইদ্য *বিণ.* সুন্দর কবিতার মতো। 'অগ্রানী দানের মোতন ছোনার বরণ/ ছুপইদ্য আঙ্গুলের গতর তোমার।'

ছুপায় *ক্রি.* লুকায়; লুকানো; লুকনো; লুকিয়ে থাকা; আত্মগোপন করা; আড়াল হওয়া; গোপন করা; গুপ্ত থাকা। 'আইজবি তোমার গতরে ছুপায় জলফই রঙ্গের নিমা।'

ছুবর্ণ *বি. বিণ.* সুবর্ণ; সোনা; সোনালি; স্বর্ণালী। 'বে হিছাবে ঢাইলা দেও অক্ষয় তারুণ্য, ছুবর্ণ জনম।'

ছুব্‌দিন *বি. বিণ.* শুভদিন; মঙ্গলময় দিন; কল্যাণের দিন; সৌভাগ্যের দিন; শুভ সময়; অনুকূল মুহূর্ত। 'মিলন মেলার এই ছুব্‌দিনে/ পল্লীকবির বক্তের দল ডাকে বার বার।'

ছুবরাইত *বি. বিণ.* শবেবরাত; চান্দ্র শাবান মাসের চতুর্দশ দিন– এইদিন পিতৃকুলের মুক্তি কামনায় মুসলমানেরা আত্মীয় স্বজন ও গরিবদের মাঝে রুটি হালুয়া বিতরণ করে।

ছুবাছিত *বিণ.* সুবাসিত; সুরভিত; সুরভিযুক্ত; সুগন্ধযুক্ত; খুশবুময়। 'ছর্গের পবিত্র ছুদায় ছুবাছিত কর তার দিলের দিলতাজ।'

ছুবাদার *বি.* সুবেদার। 'জাহাঙ্গীর বাদছার আমলে ছুবাদার ইচলাম খান ১৬১০ ছালে গউর থাইক্যা মুগল রাজদানী ঢাহায় লয়্যা আহে।'

ছুবিচার *বি.* সুবিচার; ন্যায় বিচার; ন্যায় দৃষ্টি লাভ। 'হায় বিছের ছান্তিদাতা পুরুছগণ, ছুবিচারের টোপি পিন্দা/ যুদি করো ছয়তানের পদছেবা, তোমরা বি পাইবানা রেহাই।'

ছুবিদাবাদী সুবিধাভোগী; সুযোগ সন্ধানী; নিজের স্বার্থ ও সুযোগ বুঝে কাজ করে এমন। 'যখন যেমন তখন তেমন এইটা তুমগো ছুবিদাবাদী রাজনীতি।'

ছুমার *বি.* সুমার; শুমার; সুমারি; শুমারি; গণনা; সাংগ; সমাধা। 'পরতি ছুমারেই দেহা যায় দ্যাছের মানু বাইরা গেতাচে।'

ছুরা *বি.* শুরুয়া; সুরুয়া; ঝোল; রস; মাংসের ক্বাথ। 'বুনা গোছতে ছুরা পাইবা কইথনে।'

ছুরুজগান্না *বি.* সূর্যগ্রহণ; পৃথিবীর সূর্যকে প্রদক্ষিণকালে চাঁদের ছায়া সূর্যের কোনো অংশ বা সমগ্র সূর্যকে অদৃশ্য করলে সূর্যগ্রহণ হয়।

ছুযুগ *বি.* সুযোগ; সুবিধা; উত্তম সময়; সুবিধা খুঁজে বেড়ায় এমন। 'বরগো উচিত নিজেরা ছইরা গিয়া ছুটগো ছুযুগ দেয়োন।'

ছুযোইগ্য *বিণ.* সুযোগ্য; উপযুক্ত। 'আছো কি ইমুন কোন অন্তর পেমী ছুযোইগ্য দাতা?/ আমার বিনিময়ে আমারে দিবা, এক অমর কবিতা।'

ছুয়া *ক্রি.* ছোঁয়া; স্পর্শ করা; স্পর্শ; ছুঁয়েছে বা ছুঁইছুঁই করছে এমন। 'আমার মাতা ছুয়া কছম করো।'

ছুয়োরের বাচ্চা *বি.* শূকরের ছানা (ঘৃণ্য গালি অর্থে ব্যবহৃত)। 'চুপ কর ব্যাটা ছুয়োরের বাচ্চা।'

ছুর *বি.* সুর; স্বর বা ধ্বনি; কণ্ঠস্বর; সংগীতের তাল; মিল; মনোভাব; মনের গতি। 'বছ্ছা মাইনে ছুরের বাইদ্য অছুরের গলায়।'

ছুরমা *বি.* সুরমা; সুর্মা; চোখে দেয়ার পরিচিত গুঁড়া বিশেষ। 'চোকে ছুরমা, ছরিলে আত্তর লাগাইয়া কই যাইতাচ?'

ছুরমারাঙ্গা *বিণ.* সুরমার মতো রং; চোখে দেবার সুরমা। 'পেমের পয়গাম বাছে ছুরমারাঙ্গা মেগে।'

ছুরাই *বি.* সুরাহি; সুরাহী; সুরাই; কুজো; জলপাত্র বিশেষ। 'মোনের ছুরাই বইরা দেও বাবের ছরবতে/ অন্তরে বি জ্বালাইয়া রাখো বিচ্ছাছের ছফেদ মোম।'

ছুরাত *বি.* সুরত; সুরৎ; সুরত; রূপ; শোভা; খুবসুরতি; প্রতিকৃতি; আলেখ্য; চেহারা; মুখমণ্ডল। 'বাইচকোপে হিরুইন মদুবালার ছুরাত দেইখ্যা কত যে টাছকা অয়্যা থাকতাম কয়্যা ছেছ করোনের মোতন না।'

ছুরু *বিণ.* শুরু; আরম্ভ; সূচনা; সূত্রপাত; মূল; গোড়াপত্তন। 'কামের ছুরুটা যেমুন তেমুন ছেছটা বালা অয়োন চাহে।'

ছুরুজ *বি.* সূর্য; সৌরজগতের কেন্দ্রীয় নক্ষত্র; দিবাকর; রবি; ভানু; আফতার; মিহির; ভাস্কর; দিনমণি; মার্তণ্ড; অর্ক; পূষা; সুর; অর্যমা। 'তা'বিত চান-ছুরুয গুরে একতালে।'

ছুরুয়া *বি. দ্র.* ছুরা।

ছুরৎ *বিণ. দ্র.* ছুরাত।

ছুলুগান *বি.* শ্লোগান; মিছিলের ধ্বনি; দাবি আদায়ের জন্য

একসঙ্গে বহু মানুষের ধ্বনি; জিগির। '৭১ ছালে বানগালিগো ছাদীনতা ছারা আর কুনো ছুলুগান আচিল না।'

ছেকচুড়া *বি.* রোজার সময়ে তৈরি পিঠা বিশেষ (ইফতারে ব্যবহৃত)।

ছেকটর *বি.* সেক্টর। 'ছেকটর কমানদাররা দ্যাছের লাইগা জান কুরবানী দেয়োনের ছপথ নিচিল।'

ছেচ তমাইত্ *বিণ.* শেষ পর্যন্ত। 'ছেচ তমাইত্ আইল ফিরা নয়া খোয়াবের দিন।'

ছেছ *বিণ.* শেষ; সমাপ্ত; সমাপ্তি; ইতি; অবসান; খতম; সম্পন্ন; সর্বস্বান্ত; খতম; পরিসমাপ্তি; অবসান; অন্ত; সীমা; প্রান্ত; নিষ্পত্তি; অন্তিম। 'ছেছ পরযন্ত ইয়াহিয়ার আম ছালা দুই বি গেচে।'

ছেছতক *বিণ.* শেষমেশ; সবশেষে; অবশেষে; শেষ পর্যন্ত; অন্তিম; শেষোক্ত। 'ছেছতক এইটার ফাছি অয়োনে মুনের দুক্ক কিচুটা গেচে।'

ছেছরায়া *ক্রি. বি.* হেঁচরিয়ে; হেঁচড়ানো; সজোরে টেনে। 'পোজারা গাদদাফির কামান বন্দুক অচল কইরা পাওর থাইকা ছেছরায়া নামায়া খুন করচে।'

ছেছসেছ *বিণ. দ্র.* ছেছতক।

ছেতু *বিণ.* সেতু; ব্রিজ; কালভার্ট। 'তুমার আমার মোনের মাজে মেগ-ছুরুজের ছেতু জলমলাইয়া উটে।'

ছেদা *বি. দ্র.* ছ্যাদা

ছেনটাল *বিণ.* সেন্ট্রাল; কেন্দ্রীয়; মধ্যস্থলে অবস্থিত। 'ইচলাম খান থাকত চকবাজারের যেইখানে আইজ বি ছেনটাল জেইলখানা দারায়া আচে।'

ছেনা *বি.* সেনা সদস্য; সিপাহি; যোদ্ধার দল; ফৌজ। 'ছেনা-ছদছ্যরা কুঠুর পরিছছরম করে।'

ছেনটিমেন *বি. বিণ.* সেন্টিমেন্ট; উত্তেজিত; ভাবপ্রবণ। 'বুটারগো ছেনটিমেন বুইজা কাম করলে বালা ফল পায়োন ছহজ অইব।'

ছেপ *বি.* আপেল; বিদেশি সুমিষ্ট ফল। 'আমগো দ্যাছে ছেপফল বালা অহেনা।'

ছেব করা *ক্রি.* চুলদাড়ি কামানো।

ছেমই *বি.* সেমই; সেমাই; সেমুই; সরু ও লম্বা আটা বা ময়দাজাত খাদ্য বিশেষ। 'ছেমই ছারা ঈদের খানাপিনা বালা অহে ক্যামবে?'

ছেরকেটারিয়েট *বি.* সেক্রেটারিয়েট; সচিবালয়। 'আরে বুছলানা, ছেরকেটারিয়েট অইল মুনতিরি আর ছেরকেটারিগো অপিচ।'

ছেরকেটারি *বি.* সেক্রেটারি; সচিব। 'ছরকারি নকরির ছব চাইতে বর পদ অইল ছেরকেটারি।'

ছেরা[১] *বি.* ছেলে; বালক; ছেমড়া; যুবক; পুত্র; ব্যক্তি। 'বালা ছাছন না থাকনে ছেরাটা দিন দিন বেয়ারা অয়্যা যাইবার লাকচে।'

ছেরা[২] *বি. বিণ.* সেরা; শ্রেষ্ঠ; উত্তম; প্রকৃষ্ট; শীর্ষস্থানীয়; উৎকৃষ্ট; অপ্রতিদ্বন্দ্বী। 'এই দুনিয়ার এক লমবর ছেরা বাগ লয়েল বেনগল ছুনদর বনে পাওয়া যায়।'

ছেরাবেরা *বিণ.* তছনছ; তচনচ; অগোছালো; এলোমেলো; এলোপাতাড়ি; এলোপাথাড়ি; এলোপাতালি; বিশৃঙ্খল; বেধড়ক; মাত্রাজ্ঞানশূন্য; সম্পূর্ণরূপে বিধ্বস্ত; নষ্ট; বিপর্যস্ত; নাস্তানাবুদ; চুরমার। '৭০ এর ইলেকছোনে মুচলিম লীগের অবচতা এক্কেবারে ছেরাবেরা অয়্যা গেচিল।'

ছেরেক *বি.* শিরক; ক্ষমার অযোগ্য অপরাধ; ইসলাম ধর্মানুযায়ী আল্লাহর সাথে কাউকে তুলনা করা।

ছেলাই *বি.* সেলাই; শেলাই; সুঁই-সুতা দিয়ে বন্ধকরণ বা জোড়া দেয়া; সীবন। 'ছিরা কাফোরটা বালা মোতন ছেলাই কইরা দেও।'

ছেলাম. *বি.* সেলাম; সালাম; অভিবাদন; আশীর্বাদ; আশীর্বাদ করা। 'ময়-মরুব্বিগো দেকলেই ছেলাম করবার অহে।'

ছেলাম ঠুকা *বিণ.* সালাম দেওয়া। 'ছেলাম ঠুকা না দিয়া কতা কইবার চাইলে পাত্তা পাইবা না।'

ছেলামি *বি.* সালামি; সালামী; সেলামি; সেলামী; নজরানা; প্রদত্ত সম্মানী; অর্থ; ঘুষ; অতিরিক্ত অর্থ। 'আমগো বাচপানকালে কুনো ছেলামীর নাম হুনি নাইক্যা।'

ছেহেরী *বি.* সেহেরী; সেহেরি; সেহ্‌রা; সূর্যোদয়ের ঘণ্টা দেড়েক আগে মুসলমানদের রোজা রাখার জন্য আহার্য। 'আমি ছব ছোময় খুরমা খাইজর দিয়া ছেহেরী করি।'

ছেয়ানা *বিণ.* সেয়ানা; বিজ্ঞজন; জ্ঞানী ব্যক্তি; উপযুক্ত ব্যক্তি; উপযুক্ততা অর্জন। 'পোপেচার মতিন ছাব খুব ছেয়ানা আর বর মাতার মানু।'

ছেয়ার *বি.* শেয়ার; অংশ; ব্যবসায়ের মূলধনের অংশ। 'ছেয়ার কিন্যা দরা খায়্যা এহন কয় আমীলীগের লাইগা ডুবচে।'

ছৈদা হগ্রি আম *বি. বিণ.* ভেতরে লাল পেয়ারা; ভেতরে বিচির অংশ লালচে রঙের ছোট আকৃতির ফল বিশেষ।

ছৈরতনতো *বি. বিণ.* স্বৈরতন্ত্র; স্বৈরাচার; স্বেচ্ছাচার; উচ্ছৃঙ্খলতা; নিজ ইচ্ছা অনুযায়ী আচরণ বা ব্যবহার। 'এইটা অইয়া পরচে গনতনতের লেবাচে ছৈরতনতো।'

ছৈরৎ *বি. দ্র.* ছরিয়ত।

ছৈল-ছক্কর *বি. বিণ.* ছলা-কলা; কূট-কৌশল; ছল-চাতুরি; ধূর্তপনা; জুয়াচুরি; চতুর কৌশল; অতিশয় চালাকি। 'কুনো ছৈল-ছক্করি কইরা পছা আদাই করোন যাইব না।'

ছোক *বি.* শোক; শোকার্ত; শোকাকুল; শোকাতুর; কষ্ট; মনোবেদনা; বিয়োগব্যথা। 'কে করব কার লিগা ছোকের মাতম।'

ছোক্‌রা *বি.* নব যুবক; কিশোর বালক; বালক ভৃত্য; অপরিণত বয়স্ক। 'ছোক্‌রাগুনারে ইছকুলে না পাঠাইলে গুণ্ডা-পাণ্ডা অয়্যা যাইব।'

ছোকরানা *বি.* শোকরানা; কোনো সাহায্যকারীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ। 'অল্পের লাইগা জানে বাইচা গেলা, দুই রকাত ছোকরানা নুমাজ পইরা ফালাইও।'

ছোজা *বি. বিণ.* সোজা; সহজ; অনায়াসে; অকঠিন; বিনাকষ্টে; অল্পে যা বোধগম্য হয়; সরল; স্বাভাবিক। 'ডাইল দিয়া বাত খাইবা, ছোজা রাচতায় হাইট্টা যাইবা।'

ছোট জাল *বি.* দেবরের বউ।

ছোত *বি.* স্রোত; প্রবাহ; ধারা; জলপ্রবাহ। 'ছময় আর নদীর ছোত একখানে খারায়া থাহে না।'

ছোদ *বি.* শোধ; ঋণাদি প্রত্যর্পণ; পরিশোধকরণ; নিষ্পত্তি; দেনা মেটানো। 'গাওজুরি কইরা রাজনীতি করলে আম জনতা বুটের ছময় ছোদ লয়্যা লইব।'

ছোন *বি.* সন; বৎসর; সাল; অব্দ। 'একাত্তর ছোনে পাকিগো অইত্যাচারের কাহানি জীবুনে বি বুলুমনা।'

ছোন-তারিক *বি.* সন-তারিখ; ঘটনার বৎসর ও তারিখ। 'ছোন-তারিখ ঠিক মোতন না কইলে কাহানি কমু ক্যামনে?'

ছোনা *বি.* সোনা; স্বর্ণ; কাঞ্চন; মূল্যবান দীপ্ত পীতাভ ধাতুবিশেষ; স্বর্ণের গহনা; আদরের ধন; মূল্যবান বস্তু। 'মোনে রাইখো বাংলাদেছের মাটিতে ছোনা ফলে।'

ছোনাদানা *বি.* সোনাদানা; স্বর্ণালংকার; স্বর্ণ; স্বর্ণের গহনা; মূল্যবান দীপ্ত পীতাভ ধাতুবিশেষ; সোনা দিয়ে প্রস্তুত গহনা। 'ট্যাকা-পছা ছোনাদানা/ কিচ্ছু না রে কিচ্ছু না।'

ছোনারু *বি. বিণ.* স্বর্ণ-রুপা ব্যবসায়ী। 'ছোনারুর বউ ছোনার অলংকার পরবার পায় না।'

ছোনায় ছোহাগা *বিণ.* সোনায় সোহাগা; সোনার বরণ শরীর; অপূর্ব এবং চমৎকার মিলন; অতি সুন্দর দেহ। 'বউ-ব্যাটার মিলটা এক্কেবারে ছোনায় ছোহাগা।'

ছোন্দা *বি.* সোন্দা; বীজ বিশেষ; বীজ সদৃশ্য যা মুছলমান বিয়ে-শাদীতে কনেকে গোসল করানোর কালে বেটে মেথি গিলা, হলুদ এর সাথে মিশিয়ে ব্যবহৃত হয়। 'ছোন্দা মেথিতে পাকা ফছলের মাঠ।'

ছোপর্দ *ক্রি. বি.* সোপর্দ্দ; সোপরদ; সমর্পণ; বিচারার্থে সমর্পণ; হস্তান্তর বা প্রেরণ করা। 'পুলিশ চুরেরে কুটে ছোপর্দ কইরা দিচে।'

ছোপাইয়া *ক্রি.* লুকিয়ে রাখা; শপে রাখা; যত্ন করে রাখা। 'বুকের ফিরিজে অহন বি ছোপাইয়া রাখছি/ তোমার রেছমি মিঠাই মোন।'

ছোব্বাছ *বি.* সোব্বাস; খোসবাস; সুখবাস। আদি ঢাকায় বসবাসরত ভারতীয় উর্দু ভাষাভাষি সম্প্রদায়। আদি ঢাকার আদি অধিবাসীদের একটি সম্প্রদায়ের নাম– খোসবাস, সুখবাস বা সোব্বাসী। ঢাকার এই ভাষার উদ্ভব ও বিকাশের সঙ্গে উর্দু ভাষার সম্পৃক্ততার বিষয়ে নিশ্চিত হওয়া যায় ভাষাটির উর্দু ভাষিক উপাদানে উদ্ভব বহুল উপস্থিতি থেকে। ঢাকাই ভাষার উর্দু মিশ্রণের কারণ দিল্লী থেকে আগত মোগল সৈন্যদের ব্যবহার করা ভাষা। এই ভাষায় উর্দু ছাড়াও বাংলাদেশের বিভিন্ন এলাকার ভাষার প্রভাবও লক্ষ্য করা যায়। ভাষা বিজ্ঞানীদের মতে উর্দ্দু প্রধান হওয়া সত্ত্বেও এতে রয়েছে বাংলা ফার্সী, আরবী, হিন্দি ভাষার অনেক উপাদান। তারা ঢাকাইয়া বাংলা ভাষায় কথা বলতে সক্ষম। তবে কুট্টিদের

হতো তারাও বাংলা বর্ণমালার মহাপ্রাণ ধ্বনি সকল ক্ষেত্রে উচ্চারণ করে না।

আনিস আহামেদ *ঢাকাইয়া আস্‌লি* গ্রন্থে মুন্সী রহমান আলী তায়েশ বিরচিত *তাওয়ারিখে ঢাকা* (১৯১০) গ্রন্থের উদ্ধৃতি দিয়ে বলেছেন– 'প্রায় ১০০ বছর ঢাকা ছিল বাংলা, বিহার ও উড়িষ্যা– এই তিন প্রদেশের রাজধানী। এ সময় যত সুবেদার দিল্লি থেকে এখানে এসেছেন, সকলেই দিল্লি থেকে সব শ্রেণির লোকজন নিজেদের সাথে নিয়ে এসেছেন। বিদ্বান, কেরানি, যোদ্ধা, কারিগর, শিল্পী, ব্যবসায়ী, দর্জি, স্বর্ণকার, শালকার, আমুদে, রুটি প্রস্তুতকারী, ময়রা সকলেই দিল্লি থেকে এসেছেন। এ শহর বিস্তৃতি, জনবসতি, জ্ঞান ও প্রযুক্তি বিদ্যায় তখন দিল্লির অনুরূপ ছিল। বড় বড় ধনী ও সম্পদশালী লোকরা এ শহরে ছিলেন। যদিও পরবর্তীতে মুর্শিদাবাদে রাজধানী স্থানান্তরিত হওয়ায় এ শহরে জনবসতি হ্রাস পেতে থাকে। তবুও যত লোক এখানে থেকে যান তারা সবাই দিল্লি থেকে আগত লোকদেরই বংশধর। ব্যবসা উপলক্ষে বিদেশিরা দিনে দিনে ঢাকায় আসে ব্যবসা করে লাখ লাখ টাকা আয় করে বিশাল জমিদারি ও ভূ-সম্পত্তি করে ফেলেছেন। মুঘল, গ্রিক, আর্মেনীয়, ইংরেজ, ফরাসি, পুর্তুগিজ, দিনেমার প্রভৃতি জাতি ঢাকায় বসবাস করে প্রচুর সম্পদের অধিকারী হন।'

এখানে উল্লেখ্য যে, ১৬০৮ (মতান্তরে ১৬১০) সালে মুঘল সুবাদার ইসলাম খাঁর ঢাকা আগমনের পর হতে ১৮৪৩ সাল পর্যন্ত সময়ের মধ্যে যতবার সুবাদার ও নায়েব-ই-নাযিমগণ ঢাকা আগমন করেছেন, প্রতিবারই নিয়ে এসেছেন তাদের প্রয়োজনীয় লোকবল। কিন্তু বিদায়ের সময় আগত ঐ সকল লোকজন সকলে দিল্লী বা মুর্শিদাবাদে প্রত্যাবর্তন না করে বিভিন্ন অনিবার্য কারণে ঢাকাতেই অবস্থান করে গেছেন। ফলে উর্দুভাষাভাষি সুখবাস সম্প্রদায় বিস্তৃত ও প্রসারিত হয়। ১৯৪৭ সাল পর্যন্ত সময়ে এদের আবাসস্থল ছিল ফুলবাড়িয়া, নাজিরাবাজার, বংশাল, নয়াবাজার, মাহুতটুলি, দেওয়ানবাজার, চকবাজার, বেগমবাজার, সাতরওজা, মৌলভীবাজার, মুগলটুলি, ইসলামপুর, কলতাবাজার,

কসাইটুলি, উর্দু রোড, খাজে দেওয়ান, লালবাগ, নবাবগঞ্জ। এরা মুসলমান। এদের নিজস্ব বিভিন্ন সামাজিক রীতি–নীতি রয়েছে। এসব রীতি–নীতি জাঁকালোভাবে পলিত হয়। বর্তমানে অনেকে ঢাকার বিভিন্ন আবাসিক এলাকায় বসবাস করছে।

ছোমবার *বিণ.* সোমবার; সপ্তাহের তৃতীয় দিন। 'ছোমবারে বাজার করি ছাইদ্যে আছে যা/ করায় গন্ডায় হিছাব দেই গরে আচে মা।'

ছোম্‌রছ *বি.* সোমরস; সোমলতা নিঃসৃত মদ বিশেষ। 'ছোমরছে আর পেম্‌রছেতে জব্বর মাখামাখি/ লাইলী ছারা কেমনে বাচে মজনুর পরাণ পাখি?'

ছোরতা *বি.* সুপারি কাটুনি।

ছোল ছ *বিণ.* ষোলোশো।

ছোহাগ *বি.* সোহাগ; আদর; স্নেহ; প্রেম; প্রীতি; ভালোবাসা; অনুরাগ। 'তুমি আমার পইলা ছোহাগ/ পইলা চিঠঠি বালবাছার।'

ছোয়ামি *বি.* স্বামী; পতি; খসম; কর্তা; অধিপতি। আমার ছোয়ামি দুনিয়ার ছেরা ছেটটো মানু।'

ছোয়াব *বি.* সোয়াব; সওয়াব; ছওয়াব; সাওয়াব; সোওয়াব; পুণ্য; ফায়দা। 'গরিব-মিছকিনেরে ছায্যকরণ বহুত ছোয়াবের কাম।'

ছোয়াল[১] *বি.* ব্যাপার; বিষয়; সংক্রান্ত; সম্বন্ধীয়; আত্মা; জ্ঞাতা; ভোগ্য পদার্থ যা ইন্দ্রিয়গণকে আকৃষ্ট করে। 'কছাই না মিললে পেলান ফেইল মাইরা হ্যালায় ইজ্জতের ছোয়াল অয়্যা পরব।'

ছোয়াল[২] *বি.* শর্ত; সর্ত; চুক্তির নিয়ম বা ধারা; কড়ার; নিয়ম; যে সমস্ত নিয়মে চুক্তি নির্ধারিত হয়। 'ছব ছোয়ালে দুই পক্ক রাজি অইলে বিয়ার দিনক্ষন পাক্কা করোন যাইব।'

জ

জইমা *ক্রি.* জমাট হওয়া; ঘনীভূত হওয়া; আনন্দঘন বা উপভোগ্য হওয়া; উপভোগ্য ও সরগরম বা জমজমাট হওয়া। 'দিন ফুরায়া আন্দার অইছে/ রঙ্গের বাহার জইমা গ্যাছে।'

জউবন *বি.* যৌবন; তরুণ বয়স; তরুণ অবস্থা; তারুণ্য; যুবা অবস্থা। 'জউবন গেল ত জীবুন ববরাদ অয়্যা গেল।'

জওয়াব *বি.* জবাব; উত্তর; কৈফিয়ত; চোপা; উদ্ধত প্রত্যুত্তর বা অবিনীত প্রতিবাদ; বরখাস্ত; বিদায়; ইস্তফা; আরোগ্যের অতীত বলে ঘোষণা। 'তুমার কতার কুনো জওয়াব আমার জানা নাইক্যা।'

জকাত *বি.* জাকাত; যাকাত; [ইসলাম ধর্মমতে নির্দিষ্ট পরিমাণ এক বছরে সঞ্চিত সম্পদের অবশ্য দেয় চল্লিশ ভাগের এক ভাগ অংশ।] 'জকাত আদায় করবার লাইগ্যা কুরআনে আল্লার নিরদেছ আচে।'

জখ্মি *বি.* ক্ষত; আঘাত প্রাপ্ত; জখম; ঘা; কঠিন আঘাত; চোট; জখমী; আহত; আঘাতপ্রাপ্ত; আঘাতসংক্রান্ত; আঘাত সম্পর্কিত। 'আয় তর জখ্মি গতরে আত বুলায়া দেই।'

জগাডাম্বু *বি.* চালাকি করে যে ঠকে যায়। 'জীবুনে আর জগাডাম্বু অবি।'

জজবা *বি.* উৎসাহ; উন্মাদনা; আনন্দ; ফুর্তি; উত্তেজনা; উদ্যম; উদ্দীপনা; কম্পন সৃষ্টি; অনুভূতি সৃষ্টি; আবেগ সৃষ্টি। 'ইচলামি জজবা পয়দা করনের লাইগা ছব কিচুই জোর কদমে চলতাচে।'

জট *বি.* জটা; বিশৃঙ্খলভাবে জড়িয়ে গাঁট হওয়া কেশগুচ্ছ; চাপবাঁধা চুল; গ্রন্থি; গিঁট। 'তোমগো রাজনীতির লগে ইচলামি জজবা জট পাকাইয়া গেচে।'

জনগি জমানা *বিণ.* জঙ্গিকাল; যুদ্ধাবস্থা; খারাপ সময়। 'অহন জনগি জমানা, অচতে কতা পার, বাছাতের বি কান আচে।'

জনম *বি.* জন্ম; উৎপত্তি; উদ্ভব; সৃষ্টি; মাতৃগর্ভ থেকে নির্গত হওয়া; ভূমিষ্ঠ হওয়া; দেহাশ্রিত অবস্থা। 'জনম মরন আল্লার আতে।'

জনমতক *বিণ.* জনম ভরে; সারাজীবন; চিরদিন; আজীবন; আমরণ; দীর্ঘদিন; বহুকাল; অনন্তকাল; সর্বযুগ। 'জনমতক মুকতিগো কাচে আমগো ঋনি থাকত অইব।'

জনমদিন *বি. বিণ.* জন্মদিন। 'আইজকাইল জনমদিনের অনুষ্ঠান না করলে পুলাপানে কান্দে।'

জনাজা *বি.* জানাজা; মৃত দেহের সদগতির জন্য দাফন বা কবরস্থ করার আগে যে প্রার্থনা করা বা নামাজ পড়া হয়; শবাধার; শবসমেত খাট; শবযাত্রা। 'মির্‌ত মুছলমান পুরুছ আওরত সপ্তের জনাজা পরন ফরজে কিফায়া।'

জন্নাত *বি.* জান্নাত; জিন্নাত; জিন্নাৎ; জান্নত; বেহেশত; স্বর্গ; অমর্ত্যলোক; উদ্যান; স্বর্গোদ্যান। 'ইমানদার মানু দুনিয়াৎ বি জন্নাত পায়।'

জব্বর *বিণ.* জবর; দারুণ; বিষম; বেজায়; অত্যন্ত; বৃহৎ; ভারী; জমকালো; জাঁকাল; খাসা; উত্তম; উৎকৃষ্ট; জোরদার; বলিষ্ঠ; ক্ষমতাবান; জোরাল; প্রচণ্ড; চমকপ্রদ বা চিত্তাকর্ষক; অনেক; প্রচুর; খুব বেশি; অতিরিক্ত; অতিশয়; ভীষণ; ভয়ানক; তীব্র; প্রবল। 'তোমারে বাইছা বালো পেম বিনা মরি/ জব্বর দেরি কইরা আইলা বন্দু, জব্বর দেরি।'

জবরদচত *বিণ.* যবরদস্ত; দারুণ; বিষম; বেজায়; অত্যন্ত; বৃহৎ; ভারি; জমকালো; জাঁকাল; খাসা; উত্তম; উৎকৃষ্ট; জোরদার; বলিষ্ঠ; ক্ষমতাবান; জোরাল; প্রবল; প্রচণ্ড; চমকপ্রদ বা চিত্তাকর্ষক; কঠিন; শক্ত; নাছোড় স্বভাব বা দুর্দান্ত; অত্যাচার; জবরদস্তি বা জুলুম; বল প্রকাশ। 'খালিদ বিন ওয়ালিদ জবরদচত মুছলিম ছেনাপতি আচিলেন।'

জবরদচতি *ক্রি. বিণ.* জবরদস্তি; বলপ্রয়োগ করা; উৎপীড়ন করা; অত্যাচার করা। 'দরমের নামে কুনোবাবে কারু উপ্রে জবরদচতি চলে না।'

জব্বরদছত *বিন. দ্র.* জবরদচত।

জবাই *বি.* জব্হ; জবেহ; জবে; ইসলামি শরিয়তে আল্লাহ্‌র নাম নিয়ে গলার নালি কেটে প্রাণীবধ; ধ্বংস; হত্যা; নাশ; লোপ। 'জবাই করবার গেলে দুয়া পরবার দরকার অহে।'

জবান *বিণ. বি.* উক্তি; কথা; ভাষা; বুলি; যবান; জিহ্বা; রসনা; কথা; প্রতিশ্রুতি; উচ্চারণ; বাক্; বাণী; বাক্য। 'য্যাই মুক দিয়া জবান দিচি, হ্যাই মুক দিয়া জবান বানবার পারুম না।'

জবানা *বি.* জমানা; জামানা; কাল; সময়; যুগ। 'কলির জবানায় বাগে চাটব ছাগলের গাল।'

জম্‌ব *বিণ.* আনন্দঘন বা উপভোগ্য হওয়া; জমজমাট হওয়া; সুসংহত ও চিত্তাকর্ষক; সরগরম ও উপভোগ্য। 'আছকা ছীতকম, গুড্ডি উরানের খেলা জম্‌ব বালা।'

জমাইট্যা *বিণ.* জমাট; ঘনীভূত বা কঠিনতা প্রাপ্ত; দৃঢ় বা ঘন সম্বন্ধ; নিবিড়; গাঢ়; অন্তরঙ্গ; ঘনিষ্ঠ বা অবিচ্ছেদ্য; সংহত বা চাপ-বাঁধা; উপভোগ্য ও সরগরম; সুসংহত ও আনন্দদায়ক। 'নোয়াব আমলে মদুর কেন্টিনে

জমাইট্যা নাচা-গানার অনুষ্টান অইত।'

জমাত *ক্রি. বি.* জামাত; জামায়েত; সমবেত হওয়া। 'আমি পাঁচ ওয়াক্ত নুমাজ মজিদে জমাতের লগে পরি।'

জমান *ক্রি.* জমানো; সঞ্চয়; সংগ্রহ বা পুঞ্জিত করা; জড় করা; একত্রিত করা; স্তূপ করা; গাদা করা। 'বয়্যা বয়্যা খায়্যা জমান ট্যাকা নাছ করতাছ ক্যালা!'

জমানত *বি.* জামানত; জামিনস্বরূপ গচ্ছিত অর্থাদি; জামিন; প্রতিভূ। 'ব্যানকে নকরি করবার গেলে জমানত লাগে।'

জমানা *বি. দ্র.* জবানা।

জমায়া *ক্রি.* জমিয়ে; সুসংহত ও চিত্তাকর্ষক। 'আমরা আল্কুন্না জমায়া তুললে মানুগুনা আক কইরা হুনে।'

জমায়চিল *ক্রি.* জমায়েত করা; একত্রিত করা; সংগঠিত করা; সংঘবদ্ধ করা। 'কত্ত মানু জমাইচিল হ্যার হিছাব লাইক্যা।'

জমায়েত *বি.* জমায়েৎ; জমাৎ; জমাত; জমায়ত; জামাত; জনসমাবেশ; ভিড়; একত্র মিলন; সম্মিলিত; একত্র সমবেত; নামাজের জন্য যে-সমাবেশ বা শ্রেণিবদ্ধ লোক; সম্প্রাদায়; গোষ্ঠী। 'আমগো হরদারের জানাজায় বহুত মানু জমায়েত অইচিল।'

জমিন *বি.* জমি; ভূমি; মাটি; চাষের উপযোগী ক্ষেত; ভূসম্পত্তি; ভূমি সম্পদ; বস্ত্রের বুনট; ভূপৃষ্ঠ; ভূতল। 'হারে তিন আত জমিন অইল শেষ ছম্বল।'

জম্মের *বিণ.* জনমের; সারাজীবনের। 'জিত্তা গেল মুক্তির দল, ছোনার বাংলা জম্মের ছাদীন।'

জয়তুন *বি.* জয়তুনি; জলপাই; সুপরিচিত অম্লস্বাদ ফলবিশেষ। 'বৈছাক মাইয়া রইদের দিনে জয়তুনের আচার বহুত টেছ লাগে।'

জর্‌ম *বিণ.* জন্ম; ভূমিষ্ঠ বা মাতৃগর্ভ থেকে নির্গত হওয়া; উৎপত্তি; সৃষ্টি; উদ্ভব। 'তোমার কোলে জর্‌ম আমার/ মরণ আমার তোমার বুকে।'

জর্‌মভূমি *বিণ.* জন্মভূমি; মাতৃভূমি; জন্মস্থান। 'মায়ের কোলে পরবার আগেই/ পইরা গেছি তোমার কোলে/ জর্‌মভূমির গজল হুনি/ মা জননীর মুখের বোলে।'

জরি *বি.* জরী; সোনালি বা রুপালি তার বা তারজড়িত সুতা।

'ছারিটার জরির পাইর চোকে ছুনদর লাকতাচে।'

জরিপানা *বি.* জরিমানা; অর্থদণ্ড। 'কতায় কতায় জরিপানা দিবার লাগলে গারি লয়্যা রাস্তাৎ যামু ক্যাম্বে?'

জরুর *ক্রি.* অবশ্য; নিশ্চয়; আল্‌বৎ; নিশ্চিতরূপে। 'তুমার ছরিলের মেদ কমানু জরুর অয়্যা পরছে।'

জলকান্দা *বি.* যে মাটির পাত্রের ওপর মাটির পাতিল রাখা হয়।

জলচকি *বি.* পিঁড়ির চেয়ে উঁচু চারপায়া বিশিষ্ট কাঠের আসন বিশেষ।

জলছা *বি.* জল্‌সা; আসর; বৈঠক; মজলিস; জটলা বা সমাবেশ; আনন্দ সম্মেলন; নাচগান প্রভৃতির আসর বা বৈঠক। 'আচান মুনজিলে জলছা বহানের মানু আর নাইক্যা।'

জলদি *ক্রি. বিণ.* সত্বর; জলদী; তাড়াতাড়ি; ব্যস্ততা; ত্বরা; অতি শীঘ্র; তাগিদ; তাগাদা; শীঘ্র; দ্রুত; ক্ষিপ্র; ত্বরান্বিত; অচিরে; দ্রুতগতিতে; দ্রুতবেগে। 'আব্বে হালার মোনের মানু জলদি কইরা আয়/ খাচার বান্দর মাচায় নাচে, বোকে জীবন যায়।'

জলুছ *বি.* জলুস্‌; জুলুস; জৌলুস; জৌলুশ; জৌলুষ; জেল্লা; ঔজ্জ্বল্য; চাকচিক্য; জাঁকজমক; উপবেশন; সিংহাসনে উপবেশন উৎসব। 'নোয়াবগো জলুছ নাইক্যা, আচান মুনজিল জিলকাইব ক্যাম্বে?'

জহর *বি.* বিষ; গরল; যা খেলে মৃত্যু হতে পারে। 'ছীতের কালে না আইলে পরান জহর দিম মুকে।'

জহুরি *বি.* জহুরী; জহরি; জহরী; মণিমুক্তাদির ব্যবসা; যে মণিমুক্তা চিনে ও তার দোষ গুণ সম্বন্ধে অভিজ্ঞ; সমঝদার। 'জহুরিরা ছোনা পুরা কয়লা থেইক্যা ছোনা ছাইক্যা লইবার পারে।'

জং *বি.* যুদ্ধ; লড়াই; সংগ্রাম; সমর; রণ; বিগ্রহ; আহব; দ্বন্দ্ব; বলের প্রতিযোগিতা বা লড়াই। 'আমগো দ্যাছের রাজনীতিকরা কতায় কতায় জঙ্গে নাইম্যা পরে।'

জংলিচতান *বি.* বন্য প্রাণীদের আবাসস্থল। 'অহন এইটারে গুলিচতান না কয়্যা হ্যালায় জংলিচতান কইলে কম কয়োন অইব।'

জাইকা *ক্রি. বি.* জেঁকে বসা; জমাট; ঘনীভূত বা প্রায় কঠিনতা প্রাপ্ত; জমাট গাঁথনি; সংহত বা চাপ বাঁধা। 'বালা জিনিছরে বালা

না কইলে খরাপ জিনিছ ছমাজে জাইকা বহে।'

জাইগা *ক্রি. বি.* জাগন্ত; জেগে আছে বা ঘুমায়নি এমন; জাগ্রত; সজাগ; অতন্দ্র; সচেতন; সতর্ক। 'এই আনদোলনে নতুন কইরা ইচলাম জাইগা উটতে ছুরু করবার লাগচে।'

জাইত *বি.* জাত; জাতি; কুল; বংশ মর্যাদা; কৌলিন্য; বর্ণ; বংশগত বা জন্মগত সামাজিক অধিকার; ধর্মগত শ্রেণিবিভাগ; শ্রেণিভুক্ত; গোষ্ঠীভুক্ত বা সগোত্র। 'জাইত বিজাইত মাননের দিন ছোমাজ থনে চইলা গেতাছে।'

জাউরা *বিণ.* জারজ; জারজ সন্তান; বেজন্মা; জারজজাত; পিতৃপরিচয়হীন সন্তান; অবৈধ সন্তান; উপপতি বা পরপুরুষ দ্বারা উৎপন্ন সন্তান (ঘৃণ্য ও জঘন্য গালি বিশেষ)। 'জাউরার পুলা জাউরা এই মহল্লায় ফের আইলে টেংরি বাইনগা দিমু।'

জাউরা চোদা *বিণ.* জারজ সন্তান দ্বারা রমণকৃত নারী (ঘৃণ্য গালি বিশেষ)। 'জাউরা চোদা মাগিটার চুল কাইট্যা দেও।'

জাউরার ঘরের জাউরা *বিণ.* জারজ লোকের জারজ সন্তান (ঘৃণ্য গালি বিশেষ)। 'জাউরার ঘরের জাউরা, জাউরামি ছাইরা বালা কাম কর।'

জাউলা *বি. বিণ.* জেলে; মৎস্যজীবী; যে মাছ ধরে বা শিকার করে জীবিকা নির্বাহ করে। 'জাউলারা পুছ মাহিনার ছীতের মইদ্দে কছটো কইরা মছলি মারে বাইববা দেকচ?'

জাওলা *বি.* জাউলা।

জাকায়া *ক্রি. বিণ.* জাঁকিয়ে; জমিয়ে; জমজমাটভাবে; জাঁকঝমকপূর্ণ; উপভোগ্য ও সরগরম; সুসংহত ও আনন্দদায়ক। 'রাজনীতিতে দরবেশেরে জাকায়া বইবার মওকা দিলে বহুত খরার অইব।'

জাগরুণ *বিণ.* নিদ্রাভঙ্গ; ঘুম থেকে ওঠা; জেগে থাকা; নিদ্রাহীনতা; জাগ্রত অবস্থা; অনিদ্রা। 'মানুর বিত্রের পরকিত মানু নিদ-জাগরেণে।'

জাঙ্গা *বি.* উরু; রান; হাঁটুর উপরের মাংসপেশি।

জাছুছ *বিণ.* শত্রু; অরি; অরাতি; বৈরী; দুশমন; রিপু; বিপক্ষ; প্রতিপক্ষ; বিরুদ্ধ পক্ষ; গুপ্তচর; গোয়েন্দা; গোপনে সংবাদ সংগ্রহকারী; আড়ালে থেকে কাজ করা। '৭১ ছালে জমাতিরা জাছুছগো লগে মিল্যা বানগালিগ বিরুদ্যে জং করচে।'

জাজি *বি.* খুব সাদা ও দামি শাঁখা; নারীদের হাতে ব্যবহৃত অলংকার বিশেষ। 'রইছা বন্দু করে আইবা জাজি কিন্না লয়্যা?'

জ্যাঠা *বি.* পিতার বড় ভাই।

জ্যাড *বি.* জৈষ্ঠ; বাংলা বর্ষের দ্বিতীয় মাস। 'জ্যাড মাছ মদুমাছ বাজারে পাই কাঁঠাল।'

জাতগুষ্টি *বি.* আত্মীয়-স্বজন। 'পুলার রিয়াৎ জাতগুষ্টি ছপ্তেরই দাওত দেয়োন লাগব।'

জান *বি.* জীবন; প্রাণ; আত্মা; রাগ-রাগিণীর প্রধান সুর। 'লাগলে জান দিমু, মাগার মান দিমু না।'

জানন *ক্রি. বি.* জানা; জ্ঞাত থাকা; অবগত হওয়া; টের পাওয়া; সংবাদ পাওয়া; বোঝা বা অনুমান করা; উপলব্ধি করা। 'হ্যাগো পেলানটা আগে থেইক্যা জানন লাগব।'

জানচি *ক্রি.* জেনেছি; জানতে পারা; অবগত হওয়া; জ্ঞানলাভ করা। 'তুমগো আতের খবর ছবই আমি জানচি।'

জান্নাত *বি.* জিন্নাত; জান্নত; জন্নাত; বেহেশত; বেহেস্ত; স্বর্গ; অমর্ত্যলোক; মৃত্যুর পর পুণ্যবানদের বাসস্থান; সর্ববিধ সুখের স্থান। 'ক্যাঠা জান্নাতবাছি অইবার পারব আল্লাই মালুম।'

জানমাল *বি.* জীবন ও ধনসম্পদ; ধনপ্রাণ। 'জানমাল রক্কার মালিক আল্লায়।'

জানিদোছ *বিণ.* জানের দোস্ত; মনের মতো বন্ধু। 'তুমি আমার জানিদোছ বইলা কুনো কতা গুপ্ন করি না।'

জানুয়ার *বি.* জানোয়ার; জীব; প্রাণী; হিংস্র প্রাণী; বন্যপ্রাণী; পশু; জন্তু; কাণ্ডজ্ঞানহীন; মনুষ্যত্বহীন। 'আপিম খাইতে খাইতে তুমি একটা আছ্তা জানুয়ার বইন্যা গেচ।'

জানে মারন *ক্রি. বি.* জীবনে বা প্রাণে মেরে ফেলা; একেবারে শেষ করে দেয়া; নিঃশেষ করে দেওয়া; বাঁচিয়ে না রাখা। 'জানে মারনের ডর দেহায়া আমগোরে হটাইবার পারবানা।'

জাপরান *বি.* জাফরান; এক প্রকার ফুলের গাছ; কুঙ্কুম। 'জাপরান ফুলের থেইক্যা জাপরান রোং অহে।'

জাবরায়া *ক্রি. বি.* জড়িয়ে ধরা; বেষ্টন বা আলিঙ্গন করা। 'বেনকারের বিতর থনে পাকি ছেনাটা বাইর অয়োনের লগে লগে বিচ্চুটা আজরাইলের মোতন জাবরায়া দরল।'

জাবিন *বি.* জামানত; প্রতিভূ; অপরের জন্য দায়ী; অঙ্গীকার

পালন না করলে যে গচ্ছিত টাকা যায়। 'এই চুরের জাবিন অইবার যামু ক্যালা!'

জামদানি *বি.* জামদানী; তাঁতের ফুলতোলা মিহি কাপড়বিশেষ; নকশা তোলা ধাতুপাত্র; নকশা তোলা; ফুলকাটা; তাঁতের নক্‌শা সমৃদ্ধ একধরনের ঢাকাইয়া মসলিন, এককালে মোঘল রাজপরিবারে ও দেশ-বিদেশে যার প্রচুর চাহিদা ছিল। 'আগিলা মোছলিন আর জামদানি কই পাইবা?'

জামা *বি.* সেলাইযুক্ত অঙ্গাবরণ; পরিচ্ছদ; পিরান; কোট; কামিজ; ব্লাউজ ইত্যাদি। 'আমার জামাটা ছাবুন দিয়া বালা কইরা কাইচ্চা দেও।'

জামাই *বি. বিণ.* বর; স্বামী; কারো নিকট থেকে প্রার্থনীয় বা লব্ধ বস্তু বা বিষয়; বিবাহের পাত্র। 'জামাই আইচে, অযুর পানি দেও।'

জামাই নাওনি *বি. বিণ.* কনে পক্ষ এসে বরকে স্নান করিয়ে দেয়ার অনুষ্ঠান। 'জামাই নাওনি পুরান ঢাহার হাকারিগো বিয়ার একটা মজার অনুষ্টান।'

জামে মজিদ *বি.* জামে মসজিদ; বড় মসজিদ; যে মসজিদে শুক্রবারে জামাতে নামাজ হয়। 'আমগো মহল্লার জামে মজিদ ছবচাইতে ছেরা।'

জার *বি.* জাড়; শীত; হিম; ঠান্ডা; শীতজনিত জড়তা। 'পুছ মাইয়া জারে ঠুট- মুক ফাইট্টা গেচে।'

জায়নুমাজ *বি.* জায়নামাজ; নামাজের পাটি; মছল্লা। 'নুমাজের ওক্ত অইচে, জায়নুমাজ বিচায়া দেও।'

জায়েজ *বিণ.* সিদ্ধ; আইন সঙ্গত; বিধিসম্মত; নিয়মবদ্ধ; উপযুক্ত; যথাযোগ্য; নিয়মানুযায়ী; প্রচলিত। 'ঈমানদার মানু জায়েজ নাজায়েজ বাইচ্যা চলে।'

জুয়ানি *বি. বিণ.* যৌবন; তরুণ বয়স; তরুণ অবস্থা; তারুণ্য; যুবা অবস্থা। 'তাজমেহেল দেইক্যা তুমার বাবিছাবের মইদ্যে নতুন জুয়ানি ফিরা আইচে।'

জারা *বিণ.* একবিন্দু; সামান্য; এতটুকু; অল্প; তুচ্ছ; কম; একটু; ক্ষুদ্র। 'ছোহাগবানু 'ক' কইলে, কম্বল লয়া খারা/ জুম্মনআলী ইমুন আছেক- বেজাল নাই এক জারা।'

জারবা *বিণ. দ্র.* জারা।

জারামি *বিণ. দ্র. জারা।*

জারি[১] *বি.* জারীগান। 'আমার জারি আছে, ছারি আছে/ জসীম উদ্দিন, আব্বাছ উদ্দিন, লালন বি আচে।'

জারি[২] *ক্রি. বি.* বলবৎ থাকা; স্থায়ী; চিরস্থায়ী; সুদৃঢ়; মজবুত যা কখনো শেষ হবে না। 'ইচলাম কেয়ামত তক জারি থাকব।'

জারিজুরি *বি.* ধমকি-ধমকি; ভয় দেখানো; আস্ফালন করা। 'তুমার জারিজুরিতে আমার কিচ্চু আহে যাহে না।'

জারেজার *ক্রি. বিণ.* শোকে মুহ্যমান; শোকাহত; শোকাক্রান্ত; অধিক কাতর; জারজার; বিলাপ; কাতর; কষ্টে জর্জরিত; অতি দুঃখে ভারাক্রান্ত; জরজর বা জীর্ণ; একান্ত কাতর। 'পেমের ফান্দে পইরা অখন কান্দি জারেজার।'

জালিম *বিণ.* জালেম; জুলুমকারী; অত্যাচারী; উৎপীড়ক; অত্যাচারী ব্যক্তি; জুলুমকারী ব্যক্তি। 'হের মোতন জালিম মানু আমার দোছ অইবার পারে না।'

জাহান *বি.* দুনিয়া; বিশ্ব জগৎ; বিশ্বভুবন; সারা পৃথিবী; জগৎ। 'দু-জাহানের একমাত্র মালিক আল্লা।'

জাহির *বিণ.* জাহের; জাহেরী; প্রকাশিত; স্পষ্ট; প্রচার; রাষ্ট্র; প্রকাশ; ব্যাপ্ত; বিঘোষিত; প্রদর্শন বা প্রকটন। 'নিজের দোছ নিজে জাহির কইর‍্যা বেরায়, মানুর মুক বন করব ক্যাঠা?'

জাহিল *বি. বিণ.* জাহেল; যাহিল; অজ্ঞ; মূর্খ; নির্বোধ; অশিক্ষিত ব্যক্তি। 'তর মোতন জাহিল লয়্যা ছোমাজে বাছ করব ক্যালা?'

জিকির *বি.* জিকীর; জিগির; জিগীর; জেকের; আল্লাহ্ তা'আলার নাম উচ্চারণ বা জপ; রব; উচ্চ ধ্বনি; শ্লোগান; বিশেষ জোর; ধুয়া; একই বক্তব্যের বার বার উচ্চারণ; প্রচার; জয়োল্লাস; জয়ধ্বনি; শোরগোল; হইচই। 'নিরিবিলি বয়্যা আল্লার জিকির করা বহুত নেকীর কাম।'

জিগর *বিণ. বি.* যিগর; যকৃৎ; কলিজা; হৃৎপিণ্ড; প্রাণ; অন্তর; আত্মা। 'মা, আমার গুড্ডির রোং জিগরের খুনের লাহান লাল টকটকা।'

জিগাইলে *ক্রি.* জিজ্ঞেস করল; জিজ্ঞাসা; জিগ্যেস; জিজ্ঞেস; জানার ইচ্ছা; কৌতূহল; অনুসন্ধিৎসা; প্রশ্ন; অনুসন্ধেয় বিষয়। 'এক রেজাকার আরেক রেজাকাররে হিকায়, দরা

খায়োনের বাদে জিগাইলে কবি পলায়া আয়্যা পরচি।'

জিগান *ক্রি.* জিজ্ঞাসা করা; জানার ইচ্ছা; প্রশ্ন। 'জিগান বি নাই হুনান বি নাই, বালা কিম্বা বুরা।'

জিগায় *ক্রি.* জিজ্ঞাসা করা; জিজ্ঞাসা; জিগ্যেস; জিজ্ঞেস; জানার ইচ্ছা; কৌতূহল; অনুসন্ধিৎসা; প্রশ্ন; অনুসন্ধেয় বিষয়। 'পুলারে জিগায়া দেহ কইনা পছিন অইছে নিকি!'

জি চাইতাচে *ক্রি.* মন চাচ্ছে; হৃদয় চাচ্ছে; আত্মা চাচ্ছে। 'তুমারে ঢাহার কতা হুনাইবার লাইগা বহুতদিন দইরা জি চাইতাচে।'

জিঞ্জির *বি.* জিঞ্জীর; জিঞ্জির; শিকল; শৃঙ্খল; গ্রন্থি বা বন্ধন; কয়েদ; জেল। 'মোগলগো জিঞ্জিরের লাইগ্যা হেই জাগার নাম মানু কয় জিঞ্জিরা।'

জিন *বি.* জীন; ঘোড়ার পিঠে পেতে বসার চর্মাসন বা গদি। 'গুরাৎ চরবার আগে জিন দরার কায়দা হিকবার পয়জন অহে।'

জিনদা *বিণ.* জেন্দা; জীবিত; জীবন্ত ; সজীব; মৃত নয় এমন; বেঁচে আছে এমন; প্রাণবন্ত; অত্যন্ত স্পষ্ট। 'যতদিন জিনদা থাকুম ঈমান বি জিনদা রাখুম।'

জিন্দেগানি *বি.* জেন্দাগানী; জীবন; জীবনকাল; জীবৎকাল; আয়ুষ্কাল। প্রাণস্বরূপ; প্রাণতুল্য; প্রাণধারণ। 'এই ছুটু জিন্দেগানি লয়্যা দুনিয়াৎ ছফর করবার আইচি।'

জিনদেগি *বি.* জীবন; প্রাণ; প্রাণের ন্যায় প্রিয়; প্রাণতুল্য; প্রাণস্বরূপ; প্রাণ ধারণ; জীবনকাল; জীবৎকাল; আয়ু; জীবনধর্মী; জীবন নির্ভর; বাস্তবসম্মত। 'আহ বাপ দাদার দরমোরে আকরায়া দইরা বাকি জিনদেগি এক লগে কাটায়া দেই।'

জিনিছ *বি.* জিনিস; জিনিষ; বস্তু; পদার্থ; দ্রব্য; সার বস্তু; মূল্যবান বা সারগর্ভ বস্তু; আসবাবাদি; গৃহসামগ্রী বা সংসারের নিত্য প্রয়োজনীয় সামগ্রী; বিষয়; ব্যাপার। 'দুনিয়াতে দাম ছারা কুনো জিনিছ নাইক্যা।'

জি বইরা *ক্রি.* প্রাণ ভরে; তৃপ্তি সহকারে। 'ছুতি কাবাব আর নানরুটি আন, জি বইরা খামু।'

জিবরা *বি.* জিরাফ; খুব লম্বা গলা ও লম্বা পা-বিশিষ্ট আফ্রিকার বন্য জন্তুবিশেষ।

জিবলা *বি.* জিহ্বা; যা দ্বারা লেহন করা যায়; রস আস্বাদন করার ইন্দ্রিয়; রসনা; জিভ। 'মাইয়্যা

পোলাগুনা কুত্তার লাহান জিবলা বাইর কইরা যহন আইচকিরিম খায় তহন মিজাজটা চানদিতে উটে।'

জিম্মা *বি.* জিম্মা; জেম্মা; দায়িত্বে দেওয়া; হেফাজত; তত্ত্বাবধান; সংরক্ষণ; দায়িত্ব; আয়ত্ত; অধিকার; গচ্ছিত; ন্যস্ত। 'আমার পুলাডারে তুমার জিম্মায় ছাইরা দিলাম।'

জিরায়া *ক্রি.* জিরিয়ে; বিশ্রাম নিয়ে; জিরানো; জিরান; জিরনো; জিরন; ক্লান্তি অপনোদন করা; বিরাম বা ছাড় দেওয়া। 'অহন এক জেরামি জিরায়া লও।'

জিলকাই *বি.* উজ্জ্বল; জৌলুস; আকর্ষণ; সুন্দর; লাবণ্যময়; উজ্জ্বলতা। 'ঢাহা ছহরের পুরানা দিনের লাহান জিলকাই এহন আর নাইক্যা।'

জিলকানি *বিণ.* জ্বলজ্বলে; ঝলমলে; উজ্জ্বলতা; লাবণ্যময়; আকর্ষণীয়; রূপময়তা; দীপ্তি বা উজ্জ্বলতার প্রকাশ; প্রদীপ্ত। 'আচান মুনজিলের আচলি জিলকানি এই আমলে তুমরা কইত্তে দেকবা!'

জিলকায় *ক্রি.* ঝলমল করা; দীপ্তি বা উজ্জ্বলতার প্রকাশ; প্রদীপ্ত; দীপ্তিময়তা। 'আচান মনজিল পুরানা অইলে কি অইব অহন বি জিলকায়।'

জিল্লতি *বি. বিণ.* ভোগান্তি; কষ্ট; দুর্ভোগ; দুঃখভোগ; নিদারুণ বা কষ্টদায়ক ভোগ; দুর্গতি; দুরবস্থা; শোচনীয় অবস্থা; নিগ্রহ; লাঞ্ছনা; নরকগতি। 'বাইবা দেকচ ছরক বলক করলে লুকের কি তমাত জিল্লতি অহে?'

জিল্লায় *ক্রি. বিণ.* চমকানো; ঝিলিক দেওয়া; ঝলকে ওঠা; চমকিত করা; হঠাৎ ভীতি বা বিস্মিত করা; হঠাৎ ভয়ে বা বিস্ময়ে আঁতকে ওঠা। 'কবি, আপনের বিদ্‌রহী জিল্লায় মোতন।'

জিহাদ *বি.* জেহাদ; জ্বিহাদ; জ্বেহাদ; যুদ্ধ; সমর; রণ; বিগ্রহ; আহব; দ্বন্দ্ব; বিধর্মীদের বিরুদ্ধে মুসলমানদের ধর্মযুদ্ধ; অসত্য ও অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম; সত্য ও ন্যায় প্রতিষ্ঠার জন্য ধনপ্রাণ দিয়ে সর্বপ্রকার সংগ্রাম। 'না বুইজ্যা জং করার নাম জিহাদ অইবার পারে না।'

জ্যারা *বি. দ্র.* জারা।

জিত্যা *বি.* জিতে; জিতে যাওয়া; জয় লাভ করা; সফলতা; কৃতকার্য; জয়ী হওয়া; সাফল্য; কৃতকার্যতা; বশে আনা; আয়ত্তকরণ; বিপক্ষের পরাভব

বা পতন সাধন। 'বানগালিগো লগে জঙ্গে জিত্যা যায়োন দিল্লী দুরন্ত-এইটা ইয়াহিয়া বাববার পারে নাইক্যা।'

জিতুইন্যা *ক্রি. বিণ.* জিতা; জেতা বা জয়ের মতো; জয়যোগ্য; আয়ত্তকরণশীল; বিপক্ষের পরাভব বা পতন সাধনযোগ্য। 'জিতুইন্যা খেইলটা হাইরা দেমাগটা বিগরয়্যা গেচে।'

জিন্দামরা *বিণ.* বেঁচে থেকেও মৃত। 'আমি বি হ্যালায় জিন্দামরা, তোমার খুছির অলকাপুরে।'

জিন্দেগি *বি.* জিনদেগি।

জিন্দেগানী *বি. দ্র.* জিনদেগি।

জিবরাইল *বি. দ্র.* জিবরাঈল; জিবরীল; স্বর্গীয় দূত; যিনি আল্লাহ্‌র কাছ হতে নবী-রসুলগণের কাছে ওহি পৌঁছান। 'জিবরাইল ফিরিচতা আল্লার ওহি লয়্যা নবীজী (সা.) এর কাচে আইচিলেন।'

জীব *বি.* প্রাণি; প্রাণ; জীবন; দেহের চৈতন্যশক্তি; জীবাত্মা; দেহধারী আত্মা। 'এই দেহ-মোন বেবাক তোমার জীবে–আত্মায় মানি।'

জুইটা *ক্রি.* জুটে যাওয়া; মিলে যাওয়া; সাদৃশ্য হওয়া; জোগাড় হওয়া; মিলিত হওয়া; উপস্থিত হওয়া। 'তুমার লগে রাজনীতির কতা পারবার চায়্যা দেকি চিরিয়াখানা আয়্যা জুইটা গেচে।'

জুইরা *ক্রি.* হঠাৎ উপস্থিত হওয়া; আশ্রয় নেওয়া; অনাহূত আগমন। 'তুমি আবার উহরা আয়্যা জুইরা বইলা কইথনে?'

জুদা *বিণ.* পৃথক; ভিন্ন; আলাদা; আলাহিদা; আলহিদা; স্বতন্ত্র; পর ভাবা; অনাত্মীয় মনে করা। 'দুই বাই জুদা অইলে বউয়েগো কাইজা ছেছ অয়্যা যাইব।'

জুরায়া *ক্রি.* জুড়িয়ে যাওয়া; তুষ্ট হয়ে যাওয়া; মন ভরে যাওয়া; তৃপ্ত হওয়া। 'দ্যাছ ছাদীন কইরা মুকতিরা গাজী অইচে-কতাটা মোনে অইলে পরানটা জুরায়া যায়।'

জুরি[১] *বি.* জুড়ী; সমান সমান দুটিতে জোট বা জোড়; সমান দ্বিতীয় ব্যক্তি বা বস্তু; দোসর; সাথি; দুই ঘোড়ায় টানা গাড়ি; যাত্রার গায়ক যুগল; সেতারের দুটি বিশেষ তার; যে গাড়ি দুই ঘোড়ায় টানে; সমকক্ষ। 'গানা-বাজনায় মিয়া তানছেনের জুরি নাইক্যা।'

জুরি[২] *বি.* তুলনাহীন; অতুলনীয়; অতুল্য; অতুলিত; উপমাহীন; অদ্বিতীয়; সাদৃশ্য খুঁজে পাওয়া

যায় না এমন। 'খায়োন দাওনে পুরাইনা ঢাকাইয়াগ জুরি নাইক্যা।'

জুতা *বি.* জুতো; জুতি; জুত; চর্ম পাদুকা; পায়ে পরার চর্মনির্মিত আবরণ। 'গরে ঢুকবার আগে জুতা খুলবার পয়জন অহে।'

জুব্বা *বি.* লম্বা কোর্তা।

জুম্বা *বি.* জুম্মা; জুমা; শুক্রবার দিন জোহরের সময় সম্মিলিত নামাজ; শুক্রবার। 'আহ, ছপ্তে মিল্লা জুম্বা পরবার যাই।'

জুয়ান *বি.* জওয়ান; জোয়ান; যোয়ান; যুবক; প্রাপ্তবয়স্ক লোক; বলবান ব্যক্তি; যুবা-বয়সী; তরুণ; প্রাপ্ত যৌবন; বলিষ্ঠ। 'এমুন জুয়ান পুলাডা একছিড়েন কইরা মইরা গেল!'

জুয়ানকি *বি. বিণ.* জোয়ানকি; যৌবন; তরুণ; তারুণ্য; তরুণ অবস্থা; বলশীলতা; বলবান ব্যক্তি; তেজস্বিতা। 'বুড্ডা অইলে বি চাচার বালা জুয়ানকি আচে।'

জুর *বিণ. বি.* জোর; ক্ষমতা; বল; শক্তি; জবরদস্তি; বলপ্রয়োগ; উচ্চতা বা তীব্রতা; বলিষ্ঠতা; দৃঢ়তা; দাবি; অধিকার; স্বত্ব; তীব্র; উচ্চ; জড়া; কড়া; অনড় বা অনমনীয়; খাড়া; জরুরি; বিশেষ অনুকূল বা প্রত্যাশার অতিরিক্ত দক্ষিণা বা শুভ; ত্বরিত; দ্রুত; প্রবল; বিশেষরূপে বলিষ্ঠ। 'জুর কইরা দিলের লাগাল পায়োন যায় না।'

জুরছে *অব্য.* জোরের সহিত; সজোরে। 'দ্যাছে ওহাবি ছাছন চালাইবার ছরযনতো জুরছে চলতাচে।'

জুরায়া *ক্রি.* জুড়িয়ে; জুড়ানো; জুড়নো; শীতল হওয়া বা করা; শান্ত হওয়া বা করা; তৃপ্ত করা বা হওয়া। 'তুমারে দেইখ্যাই মোনডা জুরায়া গেচে।'

জুলজানা *বি.* হজরত ইমাম হোসেন (রা.) এর অশ্ব।

জুলায়া *ক্রি.* ঝুলিয়ে; ঝুলাইয়া; টাঙ্গিয়ে; টাঙ্গাইয়া। 'এহিয়া মোনে করচিল বংগোবন্দুরে ফাছিতে জুলায়া পাকিচতান বাচাইবার লাগব।'

জুলুম *বিণ. বি.* জুলম; অত্যাচার; উৎপীড়ন; জবরদস্তি; জোরাজুরি। 'জুলুমকারী বেছিদিন টিকবার পারে না।'

জুলুমবাজ *বিণ.* অত্যাচারী; দুর্দান্ত; পীড়নকারী; উৎপীড়নকারী; নির্যাতনকারী। 'জুলুমবাজ কাফিরগুনারে ছুলে চরায় না ক্যালা?'

জেইলখানা *বি.* জেলখানা; কয়েদখানা। 'একবার

জেইলখানার বাত খাইলে হ্যালার ছবাব বদলায়া যাইব।'

জেওর *বি.* গহনা; গয়না; অলংকার; ভূষণ; বেশভূষা বা সাজ পোশাক। 'মাইয়্যার বাত্পাক্কায় ছোনার জেওর দিচে দছ বরি, ছাদিতে না জানি কত্ত দেয়!'

জেনা *বি.* জিনা; জেনা; আইনসংগত বিবাহ ব্যতীত নারীসঙ্গম; ব্যভিচার। 'জেনাকারীর গুনা আল্লায় মাপ করে না।'

জেনানা *বি. বিণ.* নারী; মহিলা; রমণী। 'আমি পর্দানছীন মুছলিম জেনানা।'

জেব *বি.* পকেট; জামার সংলগ্ন থলি; টাকাপয়সা রাখার ছোট থলি। 'ব্যাবছায়ীর জামায় তলজেব পয়জন অহে।'

জেরা *বি.* আদালতে যাচাইয়ের জন্য বিপক্ষের উকিলের কূটপ্রশ্নের ন্যায় প্রশ্নের পর প্রশ্নে সাক্ষ্য প্রমাণ বাতিল করার চেষ্টা। 'আমগো উকিলে জেরার জবাব আগে থেইক্যা হিকায়া দিব।'

জেল-ফাছ *বি.* জেল-ফাঁস; জেল ও ফাঁসি। 'জেল-ফাছ মরদের, এই কতাটা বুইলা যাও ক্যালা?'

জ্যাতা *বিণ.* জীবিত; বেঁচে আছে এরূপ; জীবন্ত; সজীব; জীবনযুক্ত; আয়ুযুক্ত; মৃত নয় এমন; প্রাণপূর্ণ। 'দ্যাছের ছেনারা রাইত দিন খাইটা পিটা বহুত আটকা পরা ছরমিক জ্যাতা বাইর কইরা আনে।'

জেহাদ *বি. দ্র.* জিহাদ।

জোগার *ক্রি.* সংগ্রহ; সংগ্রহণ; আহরণ; বিক্ষিপ্ত বস্তু সকল একত্রকরণ; সঞ্চয়; চয়ন।

'অহন একটা দুই লমবরি লাইছেন জোগার কইরা কাম চালামু।'

জোছ *বি.* জোশ; যোশ; ফুর্তি; তাপ; উত্তপ্ততা; বল; শক্তি; উত্তেজনা; উৎসাহ; কার্যে আগ্রহ; তৎপরতা; উদ্যম। 'তুমার কতায় মোনের জোছ ফিরা পাইছি।'

জোবান *বিণ.* জবান; যবান; মুখের ভাষা; বুলি; কথা; প্রতিশ্রুতি; বাণী; বাক্; উচ্চারণ। 'মুখের জোবান একবার দিলে ফিরাইবার পারুম না।'

জোরছে *অব্য.দ্র.* জুরছে।

জোলা খানকি *বি. বিণ.* প্রকাশ্যভাবে যে মহিলা ছিনালিপনা করে (ঘৃণ্য গালি বিশেষ)। 'জোলা খানকিটায় মহল্লার ছব পুলাপানের মাতা খায়্যা ফালাইল।'

জোলা খানকির পুলা *বি.* প্রকাশ্যভাবে ছিনালিপনা করা মহিলার সন্তান (ঘৃণ্য গালি বিশেষ)। 'জোলা খানকির পুলাটার বাপটা ক্যাঠা?'

জোলাপ *বি.* জোলাব; জুলাপ; যে ওষুধে প্রচুর বাহ্য হয়; বিরেচক ওষুধ। 'আগিলা দিনের মানুরা ছরিলের মেদ কমাইবার লাইগা মাঝে-মইদ্যে জোলাপ লইত।'

জৌলব *ক্রি.* জ্বলন; জ্বলা; জ্বলে ওঠা; প্রজ্বলিত হওয়া; ঔজ্জ্বল্য; প্রদীপ্ত হওয়া। 'ছর্গ আইব গরে গরে, জৌলব পুণ্যির দিয়া।'

জ্বৌলতাছে *ক্রি.* জ্বলছে; জ্বলিতেছে; প্রদাহ; দগ্ধ হওয়া। 'দারুণ আগুনে জ্বৌলতাছে আমার ছাদীনতা আইজ।'

ঝ

ঝইরা *ক্রি.* ঝরে পড়া; ঝরে যাওয়া; মরে যাওয়া। 'ঝইরা যে গ্যাছে ফুল আদারে বাদারে।'

ঝগরা *বি.* ঝগড়া; বিবাদ; বিতণ্ডা; কলহ; তর্কাতর্কি বা বাদানুবাদ; বচসা। 'ঝগরা-বিবাদে ছোমাজের ছানতি নছটো অহে।'

ঝর-তুফান *বি.* টর্নেডো; ভূমণ্ডল উত্তপ্ত হয়ে কোনোস্থানে বাতাস শূন্য হলে চারদিক থেকে ছুটে আসা বাতাসের সংঘর্ষে এই শক্তিশালী ঘূর্ণি বায়ুর সৃষ্টি হয়।

ঝলকতানী *বি.* ঝলকানি; ঝলক; ঝলকা; ঝলকানো; অগ্নি তরঙ্গ; অগ্নিশিখা; দ্যুতি; উদ্ভাসক; দীপ্তিময়তা; উজ্জ্বলতা; ঝলঝলে; ঝলমলে। 'বুঝায়া দিতাম কিমুন তোমার নূরের ঝলকতানী।'

ঝাউলা *বিণ.* আউলা; আউল; আওলা; এলোমেলো; বিশৃঙ্খল। 'কাবুইল্লা অইল আউলা-ঝাউলা মানু, অরে কই পাইবা?'

ঝাকাইয়্যা *বি.* ঝাঁকিয়ে; সবেগে আন্দোলিত করা; নাড়া; সবেগে নাড়ানো; ঝাঁকানি; ঝাঁকুনি; ঝাঁকি। 'আমি ঢাকাইয়্যা/ গোঁফটা পাকাইয়্যা/ হাটি ঝাকাইয়্যা/ খাটি ঢাকাইয়্যা।'

ঝাজ্‌রা *বিণ.* ঝাঁজরা; ঝাঁঝরা; বহুছিদ্র বিশিষ্ট; সচ্ছিদ্র; ক্ষতবিক্ষত; আঘাতের ফলে দেহের বহু স্থানে ক্ষতযুক্ত; দেহের বহু স্থানে কর্তিত। 'আগুন বারুদে ঝাজরা ঝাজরা বর্ণমালার পরান।'

ঝাঝি *বি. দ্র.* জাজি।

ঝানডা *বি.* পতাকা; নিশান; ধ্বজা; ধ্বজপট; ঝাণ্ডা; বৈজয়ন্তী; কেতন; ধ্বজপট। 'হক্কল

দুনিয়ার ছকতিরে বুজায়া দিমু
ইচলামের ঝানডা উচা রহেগা।'

ঝারু *বি.* ঝাঁটা; ছোটঝাড়ু; সম্মার্জনী। 'বেছতি কতা কইলে ঝারু মাইরা খ্যাদাইয়া দিমু।'

ঝাপ *বিণ.* পায়ের অলঙ্কার বিশেষ; নূপুর; পায়েল; পাওটোরা; ঘুঙুর; মঞ্জির; শিঞ্জিনী। 'ঝাপ না থাকলে নাচা জমে না।'

ঝামেলা *বি.* ঝঞ্ঝাট; ঝক্কি; ফ্যাসাদ; ঝগড়া; বিবাদ। 'বেছতি কতা কইলে ঝামেলা বারে ছারা কমেনা।'

ঝালর *বি.* ঝালর; কারুকার্যমণ্ডিত কাপড়ের কোঁচকানো পাড়; অলঙ্কারের কারুকার্যময় দোলায়মান অংশ। 'ফুলের ঝালর দিয়া বাছর হাজায়।'

ঝ্যাটাইয়া *ক্রি.* ঝাঁটা মেরে; ঝাঁটানো; ঝাঁটা দিয়ে প্রহার করা। 'কলমের বন্দুক লইছি আতে, গুল্লির ছব্বনাছ, ঝ্যাটাইয়া করমু বিদায়, ছমাজের ছন্ত্রাছ।'

ঝিংগা *বি.* চিচিংগা; সবজি বিশেষ।

ঝিমুনি *বি.* ঘুম দেওয়া; বিছানায় গড়াগড়ি দেওয়া। 'দুফুর বেলা বিচনায় গেলেই ঝিমুনি আহে।

ঝুইকা *ক্রি.* ঝুঁকে পড়া; হেলে পড়া; । পক্ষপাতী হওয়া; আকৃষ্ট হওয়া। 'তুমরা গনতনতরে বাদ দিয়া ওহাবী আনদুলোনের মুখি ঝুইকা পরচ।'

ঝুইলা *ক্রি.* ঝুলে; ঝোলা; ঝুলা; ঝুলে থাকা; ঝুলানো; ঝুলান; লম্বিত করা; লটকানো; টাঙানো। 'রাচতার লগে মিলা ঝুইলা/ রাচতারই গান গাইছে।'

ঝুইল্যা *ক্রি.* ঝুইলা।

ঝুট *বিণ.* ঝুঁট; ঝুঁটি; মিথ্যা; সত্য নয়; অসত্য। 'ঝুট বাতউত করাটা তুমার একটা বাজে অব্যাছ।'

ঝুটবাত *বি. বিণ.* মিথ্যে কথা; অসত্য; সত্য নয় এমন; বেঠিক; অমূলক। 'ঝুটবাত কইরা ফাটকি মারার দিন চইলা গেচে।'

ঝুটা *বিণ.* ঝুটো; মিথ্যা; মিথ্যে; অসত্য; সত্য নয় এমন; মিথ্যাবাদী; মিথ্যুক; উচ্ছিষ্ট; এঁটো; নকল; জাল; অযথার্থ; বেঠিক; অমূলক; কল্পিত; কাল্পনিক; অনর্থক; নিষ্ফল; বৃথা। 'তুমার মোতন ঝুটা মানু এই মহল্লায় আর আছে ক্যাঠা?'

ঝুটামুটা *বি. বিণ.* মিছেমিছি; মিথ্যা কথা। 'তুমার এই বয়ছে ঝুটামুটা মাতউত মানায় না।'

ঝুনা *বি. বিণ. দ্র.* সরু মসলিন।

ঝুলায়া *ক্রি.* ঝুলিয়ে; ঝোলানো; লটকিয়ে; লটকানো; টাঙানো;

টাঙ্গিয়ে। 'নেতার লগে কেতরামি করলে ঝুলায়া দিব।'

ঝুলুক *বি.* ভরা পূর্ণিমা; দোল পূর্ণিমা। 'ঝুলুক রাইতে চান নামে বুরিগনগার পানিতে।'

ঝোলা *বি.* ঝুলি; কাপড়ের তৈরি থলে; কাঁধে ঝুলানো হয় যে থলে। 'কবির দলে আয়্যা পরছে/ কান্দে ঝোলা ঝুলবার লাকছে।'

ট

টক্কর *বি.* পাল্লাধরা; প্রতিযোগিতা; যোগ্যতার লড়াই। 'তার ছাথে টক্কর দিবার পারে এমুন মানু আইজতক পয়দা অহে নাইক্যা।'

টক্কু *বি. বিণ.* টাকমাথা। 'টক্কু আর ন্যাইরা এক কতা না।'

টগবগা *বিণ.* টগবগে; ধাবমান ঘোড়ার পায়ের শব্দ; জল ফোটার শব্দ; গরম হয়ে ওঠা; ক্রোধে উত্তেজিত হয়ে ওঠা। 'রফিক, ছফিক, বরকত কত ছালামের মুখ/ রক্তের বানে বাইছা গেল টগবগা যৈবন!'

টপকায়া *ক্রি.* টপকিয়ে; ডিঙিয়ে; ডিঙানো; ডিঙানো; অতিক্রম করা; লাফিয়ে পার হওয়া। 'হ্যেরা বিদেছিগো লগে টক্কর দিয়া টপকায়া উপ্রে উঠবার পারলে বিমান ডানা মেইলা উরবার পারবো না ক্যালা?'

টলটইলা *বিণ.* টলমলে; টলমল করছে এমন; দোলায়মান; অনির্দিষ্ট; সংশয়পূর্ণ। 'বুরিগনগার পানি ডালিমের রঙের লাহান টলটইলা আচিল।'

টলায়া *ক্রি.* আন্দোলিত করা; নাড়া দেওয়া; কম্পিত; সঞ্চালিত। 'হাচুন রাজা বহুত দামী গানা লিখ্যা দ্যাছের মানুরে টলায়া গেচে।'

টহল *বি.* পদচারণা; পর্যটন; ঘোরা-ফেরা; প্রহরার জন্য পদচারণ। 'রাইত-বিরাইত টহল পুলিছের পাল্লায় পরলে বহুত বোগান্তি অহে।'

টাইট *বিণ.* দৃঢ়; মজবুত; শক্ত; আঁটসাঁট; টানটান; কড়া নজরে বা শাসনে রাখা। 'বেশি টাইট দিলে বি ছিরা যায়।'

টাইটা বাগনা *বি.* টাককিনি মাছ; ছোট আকৃতির মিঠা জলের সুস্বাদু মাছ।

টাইতেল *বিণ.* টাইটেল; উপাধি; খেতাব; খিতাব; সম্মানজনক উপাধি; পদবি; জাতিবংশ; সম্মান ইত্যাদির পরিচয়সূচক নামান্তে ব্যবহৃত শব্দ। 'নোয়াব

আবদুল গনি ছাব বিটিছের লগে বাজ খ্যায়া নোয়াব টাইতেল বাগায়া নোয়াব বইনা যায়।'

টাইনা *ক্রি.* টেনে; টানা; চালিত; বাহিত; আকর্ষণ করা; অঙ্কন করা; বহা; বহন করা; পক্ষপাতিত্ব করা; বিরামহীন; নিরবচ্ছিন্ন। 'চুল টাইনা লম্বা করন যায় না।'

টাউট *বি. বিণ.* দালাল; অন্যায়ভাবে পক্ষ সমর্থনকারী বা সাহায্যকারী (গালি বিশেষ)। 'টাউটামি ছাইরা বালা রাচতায় আহ।'

টাউটের বাচ্চা *বি. বিণ.* দালালের সন্তান (গালি বিশেষ)। 'টাউটের বাচ্চায় খানকির লগে বি টাউটামি করে।'

টাউটের বাচ্চা টাউট *বি.* দালালের সন্তান দালাল (গালি বিশেষ)। 'টাউটের বাচ্চায় টাউট অইলে মহল্লায় থাকবার পারুম না।'

টাকী *বি.* টাকী মাছ; কালচে পিঠ; হলুদাভ পেটযুক্ত সুস্বাদু মিঠা জলের ছোট আকৃতির মাছ।

টাছ্কা *বিণ.* টাস্কা; চমকিত; স্তম্ভিত; স্তম্ভিত হওয়া; থমকে যাওয়া; আশ্চর্যান্বিত হওয়া; আশ্চর্যান্বিত; ভয়বিহবল; কিংকর্তব্যবিমূঢ়। 'বিবি ছাবের মুকে ইংলিশ বাত হুইনা আমি টাছকা মাইরা খামোছ অয়্যা গেচি।'

টাছ্কিমারা *ক্রি.* টাসকি মারা; অবাক হওয়া; আশ্চর্য হওয়া; দম বন্ধ হওয়া। 'কইনার রূপের বয়ান হুইনাই টাছ্কিমারা খায়্যা গেলাম।'

টানকি *ক্রি.* আড্ডা মারা; মিলন কেন্দ্র বা খোশ গল্পে অধিক সময় কাটানো; পিছু নেওয়া; পিছনে লাগা। 'বারছিটির পোলা মাইয়ারা কাজ্জুন হলে জুরায় জুরায় গুরে ফিরে আর টানকি মাইরা টাইম পাচ করে।'

টানাটানি *ক্রি.* কাড়াকাড়ি; একই বিষয় বা বস্তু নিয়ে প্রতিযোগিতা করা; সম-দাবি নিয়ে মাঠে নামা। 'আছল বাদ দিয়া নকল নিয়া টানাটানির জমানা আয়্যা পরচে।'

টানাহেচরা *বি.* টানাটানি; একে অপরকে টানা; অকারণে হয়রানি করা; বিনাদোষে দায়বদ্ধকরা। 'এই মানুটারে বিনাদোছে টানাহেচরা করতাচ ক্যালা?'

টাল *বিণ.* মাতাল; মাতলা; মুগ্ধ; বিভোর; আত্মহারা; মদ খাওয়ার ফলে মত্ততাযুক্ত; মদ্যাসক্ত। 'দিলদার আলী টাল/ ঢাকাইয়্যা এক মাল/ থাকে দোলাইখাল।'

ট্যাকা *বি.* টাকা; অর্থ; মুদ্রাবিশেষ; ধন। 'ট্যাকা ছারা বি দুইনাইত বহুত কাম অইবার পারে।'

ট্যাক্‌ছ *বি.* ট্যাক্স; খাজনা; কর; শুল্ক; রাজস্ব; মাসুল। 'ট্যাকছ না দিলে ছরকারের আয় বারব ক্যামে?'

টাঙ্গায়া *ক্রি.* টাঙিয়ে দেওয়া; ঝুলিয়ে দেওয়া; লটকানো। 'বিজা কাফুরটা রইদের মইদ্যে টাঙ্গায়া দেও।'

টাট্টি *বি.* মলত্যাগের স্থান। 'টাট্টির ব্যবস্তা না কইরা এক দপায় পোন্‌র হাজার পুলিশ আইনা নিয়াজী মহা ফ্যাছাদে পইরা গেছিল।'

টাট্টু গুরা *বি.* মর্দা ঘোড়া; পুরুষ ঘোড়া।

ট্যারাই *ক্রি.* ট্রাই; চেষ্টা করা; কোনো কাজ সম্পাদনের জন্য বা কোনো কিছু লাভ করার জন্য শরীর ও মনের চালনা; যত্ন; প্রয়াস; উদ্যোগ উপায়; অধ্যবসায়। 'আহ ছপ্তে মিল্লা ট্যারাই কইরা দেখি কাম অহে কিনা।'

টিক্‌ছ *বি.* ট্রিকস; চালাকি; ছল; কৌশল; ধূর্তামি; ধূর্তামো; চালবাজি; ফন্দি। 'রাজনীতিতে টিক্‌ছ চললে বি দরমে কুনো দিন চলে না।'

টিক্কা *বিণ.* টিকে; টেকা; স্থায়ী হওয়া; বজায় থাকা; গৃহীত হওয়া। 'যে কমপিটিছনে আগায়া যাইবার পারব হ্যায় টিক্কা থাকব।'

টিক্কা আচে *ক্রি.* টিকে থাকা; বহাল থাকা; অটুট থাকা; বজায় থাকা; বলবৎ থাকা; স্থির থাকা। 'ইচলাম খানের নামে ইচলামপুর আইজতক বি টিক্কা আচে।'

টিক্যা *ক্রি. দ্র.* টিক্কা।

টিপ *বি.* ঘোড়ার গাড়ির দরোজার নিচের অংশ।

টিপা *ক্রি.* চিপা; চাপাচাপি করা; টিপাটিপি করা। 'মুনতিরির কতা হুইনা আত টিপতাচিলা ক্যালা?'

টিমটিমায়া *পদদ্বৈত.* টিমটিম করে; মিটিমিটি; মিটমিট করে; মৃদু; মৃদুমৃদু; স্তিমিত বা ক্ষীণ আলোক বিচ্ছুরণের ভাবসূচক। 'ঢাকার কথা বলতে আছি/ টিমটিমায়া জ্বলতে আছি।'

টিম টিম *অব্যয়.* মিট মিট; মিটিমিটি; মিটমিটে; মিটমিট করে এমন; মৃদু; ক্ষীণ; স্তিমিত। 'তোমাগো খিলাফতের বাত্তি বিচ্ছের কুনো দ্যাছে বি টিম টিম কইরা জ্বলতাচে না।'

টুইটা *ক্রি.* ভাঙা; ভেঙে যাওয়া; দূর করা বা হওয়া; হ্রাস করা বা

হওয়া; কমা বা কমানো। 'টুইটা যে গ্যাছে দিল দানুকির বানে, গ্যাছে ত গ্যাছে।'

টুকরি *বি.* টুকরী; ছোট ঝুড়ি; বাঁশের তৈরি ঝুড়ি বিশেষ; ছোট ঝুড়ি বা চুপড়ি বা চেঙাড়ি। 'আগেকার মানু টুকরি লয়্যা বাজার করবার গেত।'

টুকে *ক্রি.* লিখে রাখা; মনে রাখা; নোট করা; স্মরণার্থে লিখে রাখা; কপি করা বা নকল করা। 'কত্তোরকম কিচ্‌চা আছে আদি ঢাকার বুকে/ ইতিহাছে পাইবা না বাই বুকে রাইখো টুকে।'

টুণ্ডা *বি. বিণ.* খোড়া; খুড়া; খঞ্জ; পঙ্গু; যার পা ভাঙা বা বিকল। 'টুণ্ডামার্কা পাকি-ছেনারা বানগালাদ্যাছে থাইক্যা যুদ্দ করচে ঠিকই, মাগার তাগো মনডা বি এই দ্যাছে আচিল না।'

টুপি *বিণ. বি.* টুপী; মস্তকাবরণ; শিরোস্ত্রাণ। 'নুমাজের ওক্ত অয়্যা গেচে, টুপিটা আইন্যা দেও।'

টুপ্পি *বি.* টুপি।

টুলি *বি.* টোলা। 'পটুয়াটুলি থনে মাল-ছামান লয়্যা টিকাটুলি যাও।'

টেছ *বি.* টেস্ট; স্বাদ; আস্বাদ; রসনা দ্বারা স্পর্শ করে প্রাপ্ত অনুভূতি; যাচাই; পরীক্ষা; উপযুক্ততা বা যোগ্যতা যাচাইয়ের পরীক্ষা। 'মিডাইগুনা কিনবার আগে টেছ কইরা লও।'

টেছকি *বি.* টেক্সী। 'টেছকিতে মিটার না থাকনে ডাইবার হ্যালায় উল্টা পাল্টা বারা হাকে।'

ট্যানক *বি.* ট্যাংক; যুদ্ধজাত ভারী অস্ত্র; কামান সংযুক্ত সাঁজোয়া গাড়ি। 'পাকিগো ট্যানকের লগে মুক্তিরা লাইফেল দিয়া জং কইরা জিত্যা গেচে।'

টেংরি *বি.* পায়ের গোছা; হাঁটুর নিচের অংশ। 'ফের যাবিত জালিম টেংরাটিলায়/ টেংরি বাইঙ্গা কান্দে ঝুলায়া দিমু।'

টেরাই *ক্রি. দ্র.* ট্যারাই।

টেরাক *বি.* ট্রাক; মালগাড়ি বিশেষ; মালবাহী মোটরযান বিশেষ। 'টেরাক-টুরাক দেইখা হাইটেন/ নাইলে আজিমপুরে/ লাশ হয়া চইলা যাইবেন/ ঢাকার শহর গুরে।'

টেরাফিক *বি.* ট্রাফিক পুলিশ; যানবাহন নিয়ন্ত্রণ কাজে নিয়োজিত পুলিশ। 'টেরাফিক পুলিছ বহুত মেন্নত কইরা বি টেরাফিক জামের কিচু করবার পারতাচেনা।'

টেরেন *বি.* ট্রেন; রেলগাড়ি; রেললাইনের উপরে ইঞ্জিনের দ্বারা চালিত বগিসমূহ।

'টেরেনের পাইলট হয়োনের চানচ ছারন ঠিক অহে নাইক্যা।'

টৌ টৌ কুম্পানির ম্যানিজার *বি. বিণ.* অকাজের কাজি; বাজে বা অন্যায় কাজ; অনভিপ্রেত কাজ করে বেড়ায় যে; নিন্দনীয় কার্য। 'আর কত্তদিন টৌ টৌ কুম্পানির ম্যানিজার অয়্যা চলবা?'

ঠ

ঠকায়া *ক্রি.* ঠকিয়ে; প্রতারিত করা; প্রাপ্যের কম পাওয়া বা দেওয়া; বঞ্চিত করা। 'মনে রাখবা বরবা গরিবগো ঠকায়া বহুত ফয়দা লুইটা লয়।'

ঠনঠইনা *বিণ.* ঠনঠন করে এমন; নিস্প্রাণ; একেবারে জলশূন্য। 'পাতালে নাইমা যাই জিন্দামরা/ হেইহানে নাই তুমি, ঠনঠইনা খরা।'

ঠাইছ্যা *ক্রি. বিণ.* ঠেসে; ঠেসা; ঠেশা; ঠেস বা হেলান দেওয়া; ঘেঁষা; ডলা; মর্দন করা; ঠাসা; খুব বেশি ভর্তি করা। 'ইয়াহিয়া বুঝবার পারে নাইক্যা বুট্টু হ্যারে গলায় ঠাইছ্যা দইরা জঙ্গে নামাইচে।'

ঠাওর *ক্রি.* ঠাহর; টাহর; টের পাওয়া; মনোযোগপূর্বক দর্শন; নিরীক্ষণ। 'বানগালিগো ক্যাচকা মাইরের খবর ইয়াহিয়া ঠিকই ঠাওর করবার পারচিল, মাগার মুক ফুইট্টা কইবার পারত না?'

ঠাটামরা *বিণ.* বজ্রাঘাতে মৃত; আকস্মিকভাবে প্রাপ্ত অতি আঘাতে মৃত। 'খবরটা হুইনা এক্কেবারে ঠাটামরা অয়্যা গেলাম।'

ঠ্যাটা *বিণ.* তর্কবাজ; বেহায়াপনা; ঠেঠা; ঠেঁটা; ঠ্যাঁটা; ধৃষ্টতা। 'আমি বে আমি, বাপের ব্যাটা/ বিচ্ছুর বিচ্ছু, ঠ্যাটার ঠ্যাটা।'

ঠাডা *বি.* ঠাটা; বজ্রপাত; আকাশে ভাসমান মেঘে মেঘে ঘর্ষণে সৃষ্ট অগ্নিশক্তি বা স্ফুলিঙ্গ।

ঠ্যালায় *ক্রি.* ঠেলায়; ঠেলা; ঠ্যালা; ধাক্কা; জোরে আঘাত করে অগ্রসর করা। 'ঠ্যালায় পরলে কেমুন কাম করে খালি চায়্যা চায়্যা দেকবা।'

ঠিকা *বি.* ঠিকে; চুক্তি অনুসারে কাজ; অল্প সময়ের জন্য নিযুক্ত; নির্দিষ্ট সময়ের জন্য দখলপ্রাপ্ত; নির্ধারিত শর্তযুক্ত। 'ঠিকা মোতন কাম না করলে ট্যাকা পাইবা না।'

ঠুইকা *ক্রি.* ঠুকে দেওয়া; চাপিয়ে দেওয়া। 'মুনায়েম খার বাহিনী

অন্য কিছু না পাইয়া শেক ছাবের বিরুদদে আগোরতলা রাছটোদোহের মামলা ঠুইকা দেয়।'

ঠুছ-ঠাছ *অব্য.* ঠুস-ঠাস; হাটে হাঁড়ি ভাঙা; হঠাৎ করে কিছু করা বা বলা। 'বাপ-চাচারা ছামনে থাকতে এমুন ঠুছ-ঠাছ কইরা কতা কছ ক্যালা?'

ঠুট *বি.* ঠোঁট; ওষ্ঠ; অধর; চঞ্চু। 'তুই এমুন ঠুটকাটা অইলি করে?'

ঠুয়া *ক্রি.* খোচা; খোঁচানো; বস্তুর আঘাত; আঁচড়; পরস্পর আঘাতকরণ; কোনো কিছুর আগা দিয়ে আঘাত। 'যাইতাছি-যাইতাছি/ ঠুয়া-থাপ্পর খাইতাছি।'

ঠ্যাইল্লা *ক্রি.* ঠেলা দিয়া; ঠেল্লা; ঠ্যালা; ধাক্কা; জোরে আঘাত করে অগ্রসর করা। 'চলতাচি বাই ঠ্যাইল্লা, গাটে বুচকা ফেইল্লা।'

ঠেকতাচে *ক্রি.* ঠেকানো; ঠেকিয়ে দেওয়া; রুখে দেওয়া; আটকিয়ে দেওয়া; প্রতিহত করা; বাধা দেওয়া। 'চাইর দিকের আলামত বালা ঠেকতাচে না।'

ঠেচ *ক্রি.* খোঁচা মারা; কোনো অপ্রিয় বিষয় নিয়ে কটাক্ষপূর্ণ আলোচনা; উত্ত্যক্ত করা; টিটকারি; টিটকিরি; টিটকার; ঠাট্টা; উপহাস; ধিক্কার; নিন্দাবাদ; অপবাদ; অবজ্ঞাসূচক বিদ্রুপাত্মক ধ্বনি। 'আমার জানিদোছ বইলা অনেকেই তুমারে ঠেচ দিয়া কতা কয়।'

ঠেছ *ক্রি. দ্র.* ঠেচ।

ঠেকা *ক্রি.* আটকে যাওয়া; আটকা পড়া; অবরুদ্ধ হওয়া; বন্দী হওয়া; বাধা পাওয়া; বাধা প্রাপ্ত হওয়া। 'তুমার আনদা দিলরে রোছনাই করবার ঠেকা দিচে ক্যাঠা?'

ঠেকানো *ক্রি.* রুখে দেওয়া; আটকানো; বাধা দেওয়া; প্রতিহত করা; বন্দী করা। 'এইটা ঠেকানো বহুত কঠিন ব্যাপার অইব।'

ঠ্যাকা *ক্রি. দ্র.* ঠেকা।

ড

ডইল্যা *ক্রি.* ডলে; ডলা দিয়ে; ডলা; মালিশ করা; মর্দন করা; ঘর্ষণ করা। 'পিপড়াগুনা ডইল্যা মাইরা ফালাও।'

ডগ-ডাগ *বি.* আকার-আকৃতি; সাজ-সজ্জা; রূপগুণ; অঙ্গশোভা; চেহারা; ভাবভঙ্গি; ধরন-ধারণ।

'ডগ-ডাগ দেইখা মাইয়্যাডা খুব পছিন অইচে।'

ডগর *বি.* দগড়; বাদ্যযন্ত্রবিশেষ। 'পিঞ্জরে ক্যাঠা বয়া বাজায় পীরিতের ডগর।'

ডন্ড *বি.* দণ্ড; সাজা; শাস্তি; জরিমানা; গচ্চা; খেসারত; রাজদণ্ড; শাসন দণ্ড; রাজনীতি-বিশেষ; দমন; শাসন। 'ছোমাজের ডন্ডের চাইত্তে বর ডণ্ড আর কি অইবার পারে?'

ডব্বল *বিণ.* ডবল; দ্বিগুণ; দুইগুণ। 'হালিটায় একটা ডব্বল খানকি।'

ডবব্ল খানকী *বি. বিণ.* মা-মেয়ে উভয়েই বেশ্যা (ঘৃণ্য গালি বিশেষ)। 'ডব্বল খানকীরা আবার হিজাব মারায়।'

ডর *বি.* ভয়; শংকা; ভীতি; শঙ্কা; ত্রাস; আতঙ্ক; ভীতিপ্রদ; ভয়জনক। 'বাপ দাদার আদরছো ঠিক রাইখা চলবার পারলে ডরের কিচ্ছু নাইক্যা।'

ডরপাদুরা *বিণ.* ভীতু (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'ডরপাদুরারে মাগীর আচলের তলে বয়্যা থাকবার কও।'

ডরপাদুরার ঘরের ডর পাদুরা *বি. বিণ.* বাপ-ব্যাটা উভয়েই ভীতু (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'ডরপাদুরার গরের ডরপাদুরারে দলে লইয়া কাম অইব না।'

ডরফাড্ডু *বিণ. দ্র.* ডরপাদুইরা।

ডরাইত *ক্রি.* ভয় পাওয়া; আতংকগ্রস্ত হওয়া; ভীত হওয়া; ভয় পায় এমন। 'বনগবনদু কতা কইতে ডরাইত না।'

ডলাডলি *বি.* অনভিপ্রেত বা অনাকাঙ্ক্ষিতভাবে মেলামেশা; পরস্পরের অঙ্গ মর্দন; অন্তরঙ্গতা। 'পুলা-মাইয়াগো বেলেহাজি ডলাডলি চক মেইল্যা দেহোনের মোতন না।'

ডাইকা *ক্রি.* ডেকে; দাওয়াত করে; ডাকা; আহবান করা; ধ্বনি করা; শব্দ করা; গর্জন করা; সম্বোধন বা আমন্ত্রণ করা। 'ইয়াহিয়া কইচিল ছাম্বাদিকগো ডাইকা বাজেট গোছনা করব।'

ডাইনা *বিণ.* ডান; ডাইন; ডাহিন। 'আহ ডাইনা আতের কাম চট-জলদি হাইরা লই।'

ডাইল *বি.* ডাল; ডাউল। যেমন- খোসা ছড়ানো মুগ; মসুর; ছোলা; খেসারি; অড়হড় প্রভৃতি। 'খায়োন-উয়োনের মইদ্যে ডাইল না থাকলে মোনটা বরবার চাহে না।'

ডাইলপুরি *বি.* ডালপুরি; ডাউল পুরি; ভিতরে ডালযুক্ত পুরি;

ডালমুট। 'পুরান ঢাহার ডাইলপুরির জুরি নাইক্যা।'

ডাইল বরাবর *বিণ.* ডাইলের মতো। 'চুপ্পান্ন ছালে মুচলিম লীগ বুটে হাইরা অগো মায়রে বাপ হ্যালায় ডাইল বরাবর অয়্যা পরে।'

ডাউক *বি.* ডাহুক; কালো পাখায় সাদা পালক বিশিষ্ট কালো বর্ণের পাখি। ডাহুক দিয়ে ডাহুক শিকার করার জন্যে পোষা হয়। বর্তমানে বিলুপ্ত হবার পথে।

ডাউকি *বি.* ডাহুকী; দ্রঃ ডাউক।

ডাকচ *ক্রি.* ডাকা; আহ্বান করা; স্মরণ করা। 'সবতেরে বি ডাকচ মগর আমায় ক্যালা ডাকচ না/ পুরান ঢাকায় থাকি দেইখা এট্টু মনে রাখচ না।'

ডাকু *বি.* দস্যু; ডাকাত; লুণ্ঠনকারী; বলপূর্বক অপসরণকারী; অসমসাহসী; নির্ভীক। 'এই ডাকুটারে ছায়েচতা করবার লিগা পুলিছে খবর দেও।'

ডাহিনা *বিণ. দ্র.* ডাইনা।

ডিকছেনারী *বি.* ডিকসনারি; অভিধান; শব্দভাণ্ডার। 'গটি-বাটির পেম আমার ডিকছেনারীতে নাই।'

ডিনগি *বি.* ডিঙি; ডিঙ্গি; ছোট নৌকা। 'বুরিগনগায় অহন বি কিছু কিছু ডিনগি চলে।'

ডিপাট *বি.* ডিপার্টমেন্ট; বিভাগ; অংশ; কোনো বৃহৎ প্রতিষ্ঠানের প্রধান অংশ; খণ্ড। 'তুমার ডিপাট বালানা, বদলায়্যা ফালাও।'

ডিব্বা *বি.* ডিবা; বাক্স; ডিবিয়া; ডাকনাবিশিষ্ট ছোট পাত্র; কৌটা। 'বাইচকোপ অইল দাদার আমলের ইতিহাচের ডিব্বা।'

ডিলিক *বি.* ঢিল মারা; ঢিল ছোঁড়া; ঢিল নিক্ষেপ করা; ঢিলাঢিলি; ঢিলানো। 'ওই মহল্লার মাইয়াগুনায় খালি ডিলিক মারে।'

ডুবায়া *ক্রি.* ডুবিয়ে; ডুবিয়ে দেওয়া; নিমজ্জিত করা; বিনষ্ট করা; প্লাবিত করা। 'বিদ্যাছের কাচে দ্যাছের মাতা ডুবায়া গারমেনের বহুত লচ কইরা দিতাচে।'

ডুবানী *ক্রি. বি.* ডুবে যাওয়া; পানিতে নিমজ্জন; নিমজ্জিত হওয়া; সর্বনাশ হওয়া; বিনষ্ট হওয়া। 'ডুবানী বাছানী কত বুরাই- বালাই।'

ডুরি *বি.* পায়জামার ফিতা। 'আইজকাইল পায়জামার ডুরির বদলে মানু ইলাস্টিক লাগায়।'

ডেগ *বি.* ডেক; ধাতু নির্মিত বড় রন্ধনপাত্র বিশেষ। 'এক ডেগ

'তেহারিতে এই মানুর খায়োন অইব না।'

ডেনা *বি.* বাহু; ভুজ; স্কন্ধ থেকে হাতের আঙুল পর্যন্ত অঙ্গ; কনুইয়ের উপরিভাগ। 'আমার ডেনাৎ ছকত কইরা দর, নাইলে বিরের মইদ্যে আরায়া যাইবা।'

ডেরাইবর *বি.* ড্রাইভার; চালক; যানবাহন চালক; নিয়ন্ত্রণকারী; পরিচালক; চালনাকারী। 'দছ হাজার ট্যাকা বেতন আর তিন বেলা খায়োন দেই, তাও ডেরাইবারের মোন বরে না।'

ডেরেচ *বি.* ড্রেস; পোশাক; পরিধেয়; পরিচ্ছদ; বেশ। 'ছক্কু মিয়া কাউলারে কয়, পরতেক দিন এই মছুয়াগুলা ডেরেচ বদলায় ক্যাম্বে?'

ডেরেন *বি.* নর্দমা; ময়লাযুক্ত পানি নিষ্কাষণের নিচু সরুপথ। 'ছিটি কর্পুরেছোনের মানুরা ঠিক মোতন ডেরেন পরিছকার করে না।'

ডেহী *বি.* কম বয়স্ক মুরগি।

ডোমা *বি.* ডুমা; রান্নাঘরের পাতিল ধরার ন্যাকড়া বা কাপড়ের টুকরা।

ডোরিয়া *বিণ* ডোরাকাটা মসলিন।

ডোলা[১] *বি.* মহরমের তাজিয়া মিছিলে ব্যবহৃত কালো কাপড়ে ঢাকা পালকি।

ডোলা[২] *বিণ.* মিটসেফ; ধান-চাল প্রভৃতি শস্য রাখার উপযোগী বাঁশের চটা নল বা হোগলা প্রভৃতি দিয়ে তৈরি বৃহৎ পাত্র।

ঢ

ঢাইকা *ক্রি.* ঢেকে রাখা; আবরণ; চাপা দেওয়া; লুকানো; আচ্ছাদন; আবরক বস্তু। 'ঢাহারে ঢাইকা রাখন ইমানদারগো লাইগা বহুত নেকির কাম।'

ঢাইলা *ক্রি.* ঢেলে; ঢালা; এক পাত্র থেকে অন্য পাত্রে পতিত করা। 'পাইলে তারে ঢাইলা দিমু ছর্গমদুর হারি/ ছইপা দিরু জীবন-মরণ পাপ-পুইণ্যের বারি।'

ঢাকাইয়া *বি. বিণ.* ঢাকার আদিবাসী। 'ঢাকাইয়া গো ঢাকা অহন/ ঢাকার বুকে নাই।'

ঢাহা *বি.* ঢাকা; ঢাকা শহর। 'চাইর'ছ বচ্ছরের ঢাহা ছহরের ইতিহাছ একদিনে কইয়া কি ছেছ করোন যায়?

ঢিবঢিব *বি.* কম্পন; কম্প; কাঁপন; স্পন্দন; কম্পমান; অস্থিরতা;

কম্পনযুক্ত। 'বুকটা আমার অহন বি ঢিবঢিব করতাচে।'

ঢিলা *বিণ.* ঢিলে; শিথিল; আল্‌গা; অলস; কুঁড়ে; শিথিলতা। 'ঢিলা মানুর ঢিলা কাম আমার পছন অহে না।'

ঢুইকা *ক্রি.* প্রবেশ করা; অভ্যন্তরে গমন; ভিতরে যাওয়া; ঢুকবার অধিকার; দখল। 'আগে দলের বিতরে ঢুইকা লই, এর বাদে অন্য চিন্তা।'

ঢুছ *ক্রি.* গুতা মারা; ঢুষ; ঢুস; ঢুসাঢুসি; গুঁতাগুঁতি; মাথা বা শিং দিয়ে আঘাতকরণ। 'এই বইলটা বহুত পাজি, ছামনে গেলেই ঢুছ মারবার চায়।'

ঢুহায়া *ক্রি.* ঢুকানো; ঢোকানো; প্রবেশ করিয়ে দেওয়া; প্রবেশ করানো; ভেতরে প্রবেশ করা। 'পকেট মাইররে জেলে ঢুহায়া দেয়োনের বেবচতা কর।'

ঢেংগা *বি.* লাঠি ছুরে মারা; লাঠি ফিকে মারা। 'ঢেংগা মাইরা বইরা দিমু বুখা ছিয়ালের মোখে।'

ঢেমনি *বিণ.* নষ্ট চরিত্রের মেয়ে। 'ঢেমনিটায় মহল্লার ছব পুলাপানের মাতা খায়্যা ফালাইল।'

ত

তইয়ার *ক্রি. বি.* তৈয়ার; তৈরি; নির্মাণ; গঠন। 'ঢাহা ছহর একদিনে তইয়ার অয় নাইক্যা।'

তক *অনু, অব্য.* অবধি; পর্যন্ত; সীমা; শেষ। 'মরার পরে রোজ কিয়ামত তক কব্বরে থাকন লাগব।'

তক্কা *বি.* তওয়াক্কা; তোয়াক্কা; তুয়াক্কা; পরোয়া; প্রত্যাশা। 'এইছব পেটি মস্তানগো তক্কা কইরা তেজারতি করিনা।'

তকদির *বি.* তক্‌দির; তকদীর; ভাগ্য; অদৃষ্ট; কপাল; নসীব। 'এত্ত খরাব তকদির লয়্যা দুনিয়াৎ আইলাম ক্যালা?'

তকলিফ *বি.* কষ্ট; ব্যথা; দুঃখ; বেদনা। 'মানুর মোনে খামাখা তকলিফ দেয়োন গুনাগারের কাম।'

তক্তা *বি.* কাষ্ঠফলক; কাষ্ঠখণ্ড; কাগজের তা। 'এই টেবিলটা এক তক্তা দিয়া বানাইন্যা।'

তগো *সর্ব.* তোদের। 'তগো মহল্লার ঢেমনিটারে বাহার করবার পারলি না?'

তচনচ *ক্রি. বি. অব্য.* তসনস; সম্পূর্ণরূপে বিধ্বস্ত; বিনষ্ট; বিপর্যস্ত; নাস্তানাবুদ; চুরমার।

'পুলিছ আয়্যা বাছা-বারি তচনচ কইরা গেল।'

তছবি *বিণ. বি.* তছবিহ্; তছবী; তসবি; তসবী; তস্‌বিহ্; তসবীহ্; মুসলমানি জপমালা; আল্লাহ্‌র নাম বা দো'আ-দরুদ পাঠের সময় নির্দিষ্ট সংখ্যা গণনার জন্য দানাগুঁটির মালা বিশেষ; নামের স্মরণ; জিকির। 'পরতি ওক্ত নুমাজ পইরা আমি তছবি জপি।'

তদবির *ক্রি. বি.* তদ্‌বির; তদ্‌বীর; তদ্বির; চেষ্টাচরিত্র; উপায়; ব্যবস্থা; প্রতিকার; যোগাড়যন্ত্র; তত্ত্বাবধান। 'আইজকাইলের জমানায় তদবিরের উপ্রে দাওঐ নাইক্যা।'

তপন *বি.* তবন; তবোন; লুঙ্গী; লঙ্গি; লুঙ্গি; তহবন; তহবন্দ; থামি। 'তপনটা পালটায়া পাইজামা পইরা আহ।'

তফাৎ *বি.* তফাত্; দূরত্ব; দূরবর্তী স্থান; পার্থক্য; প্রভেদ; ব্যবধান; অন্তর; পৃথক; দূরগত; আলাদা. 'ওই চোগলখোরের থনে দছ কদম তাফাৎ থাকি।'

তফিল *বি.* তহবিল; তহবীল; তবিল; সঞ্চিত নগদ টাকাকড়ি; ধনভাণ্ডার; পুঁজি।

'আগেকার বেপারীরা কোম্বরে তফিল বাইনদা রাকত।'

তবা *বি.* তৌবা; তওবা; তোবা; তুবা; পুনরায় পাপকার্য না করার সংকল্প; ধর্মপথে বা সৎ পথে প্রত্যাবর্তন; পশ্চাত্তাপ; সন্তাপ; অনুতাপ; খেদ। 'তবা কর, মাফ করইন্যার মালিক আল্লায়।'

তবল *বি.* তবলা; একদিকে চর্মাবৃত একপ্রকার বাদ্যযন্ত্র বিশেষ; বৃহদাকার ঢাক বিশেষ। 'তবল ছারা কি গানা জমবার পারে?'

তবিল *বি. দ্র.* তফিল।

তমগা *বি.* তখমা; তকমা; পদক; মেডেল; পুরস্কারের চিহ্নস্বরূপ প্রদত্ত রৌপ্য বা স্বর্ণখণ্ড; প্রশংসা বা সম্মানের নিদর্শন হিসেবে প্রদত্ত ধাতুনির্মিত অলঙ্কার। 'ইয়াহিয়া ছাব নাকি আল্লাদ কইরা বাগোয়াট ছেনাপতিগো গলায় তমগা ঝুলায়া দিছিল।'

তমতমি *বি.* প্রভাব; শক্তি; প্রতাপ; প্রভুত্ব; ক্ষমতা; মহিমা; প্রতিপত্তি; সম্মান; মর্যাদা; প্রতিষ্ঠা; প্রমাণ। 'তমতমি লয়্যা গরীমা করলে বেছিদিন টিকোন যাইব না।'

তমাইত *বি.* অবধি; পর্যন্ত; বেলা; হতে; থেকে; সীমা; শেষ; পার। 'ছাম তমাইত খুইজ্যা দেহ পাওয়া যাইবার পারে।'

তমাইৎ *বি. দ্র. তমাইত।*

তমাম *বিণ.* তামাম; সমগ্র; সমস্ত; সমুদয়; সম্পূর্ণ; শেষ। 'হোটেলের তমাম বিল ছোদ কইরা দিচি।'

তর *বি.* মন মানা; অন্তরিন্দ্রিয়; হৃদয়; বোধ; অভিনিবেশ; একাগ্রতা; আকাঙ্ক্ষা; সংকল্প।

'আমার তর মানতাচে না।'

তরই *বি.* ধুন্দুল, সবজি বিশেষ।

তরক. *বি.* ভঙ্গ; অনিয়ম; অবিধি; নিয়মের অভাব; অব্যবস্থা; বিশৃঙ্খলা; অসংযম; নিয়মের ব্যতিক্রম; অনিয়মিত; বিঘ্ন ঘটানো; লঙ্ঘন; পরিত্যাগ। 'জান বাচান ফরজ কাম, না পলাইলে ফরজ কাম তরক অয়্যা পরতো।'

তরকারি আলা *বি. বিণ.* তরকারি বিক্রেতা।

তরক্কি *বি.* উন্নতি; অগ্রগতি; শ্রীবৃদ্ধি; উচ্চ বা সমৃদ্ধ অবস্থা; উচ্চতা; সৌভাগ্য; অভ্যুদয়। 'দিল লাগায়া কাম করলে বহুত তরক্কি অইব।'

তরতাজা *বিণ.* নবীন; জীবন্ত; টাটকা; সদ্য প্রস্ফুটিত। 'তরতাজা মানুটা চক্কের ছামনে কিমুন কইরা মইরা গেল?'

তরপানো *ক্রি.* ছটফট করা; অস্থিরতা; চঞ্চলতা. ব্যাকুলতা; আকুলতা; ধড়ফড়; উদ্বিগ্ন। 'ফালুদা খাইবার লিগা দিলের তরপানো বন করবার পারতাচি না।'

তর মায়রে চুদি *বিণ.* কারো মায়ের সাথে রমণ করে এমন (জঘন্য ও ঘৃণ্য গালি বিশেষ)। 'আবে হ্যালায় তর মায়রে চুদি, পছা দেছ না ক্যালা?'

তরিকা *বি.* তরীকা; পদ্ধতি; পথ; পন্থা; নিয়ম; প্রণালী। 'তুমার তরিকায় কাম কইরা আমার ফয়দা অইব না।'

তরুম *বিণ.* জাম্বুরা, ফল বিশেষ।

তলব *বি.* তলব; ডেকে পাঠানো; হাজির হওয়ার হুকুম; আহ্বান; বেতন। 'আদালত থেইক্যা ছাব্বি তলব করচে।'

তল্লাক *বিণ. বি.* তালাক; তাল্লাক; তলাক; মুসলমানদের বিবাহ-বিচ্ছেদ; পরিত্যাগপত্র। 'আইজকাইল মুকে মুকে তল্লাক দিলে তল্লাক অহে না।'

তলেতলে *বিণ.* গোপনে; চুপিসারে; আড়ালে-আবডালে; অন্যের অজ্ঞাতসারে কাউকে না জানানো; লুকানো; গুপ্ত; গোপনীয়; অপ্রকাশিত; অপ্রকাশ্য। 'হ্যেয় খেমতা নিজের আতে রাখনের কারবার তলেতলে হাইরা ফালাইচিল।'

তলোয়ার *বি.* তলওয়ার; তরওয়াল; তলবার; তরবারি; অসি। 'এহনকার যুদ্দে তলোয়ারের পয়জন অহেনা।'

তছলা *বি.* তসলা; চিলমসি; হাত ধৌত করার পাত্র বিশেষ।

তাইকা *বি.* বালিশ।

তাও *সর্ব.* তাই; সেজন্য; তজ্জন্য; তার উত্তরে। 'কইলাম আমি ছোজা যামু, তাও ডাইনে যাও?'

তাওয়া *বি.* রুটি প্রভৃতি আগুনে সেঁকার জন্য ধাতুনির্মিত পাত্র বিশেষ; তুষ; কাঠ; কয়লা ইত্যাদির আগুন জ্বালিয়ে রাখার জন্য মাটির পাত্র বিশেষ; ধূমপানের কলিকায় তামাকের উপর বসাবার চাকতি বিশেষ।

তাওয়াইন্না *বিণ.* তা-দেয়া। 'চৌধুরী ছাবের তাওয়াইন্না মুরগিটা ছেছমেছ ঠ্যাটা মালেকক্যার কপালে জুটল।'

তাক *বি.* থাক; দেয়াল; আলমারি প্রভৃতিতে জিনিসপত্রাদি রাখার জন্য তক্তা দিয়ে তৈরি দ্রব্যাধার বিশেষ। 'জিনিছগুনা তাকের মইদ্যে হাজায়া রাখ।'

তাকৎ *বি.* তাকত; তাকদ; তাগত; শক্তি; শকতি; বল; শোক্‌তি; শকোতি; ক্ষমতা; সামর্থ্য। 'বুরিগনগার পারে গুইমা হাওয়া-বাছাত খাইলে ছরিলের তাকৎ বারব।'

তাকাদা *বি.* তাগাদা; তকাজা; স্মরণ করিয়ে দেওয়া; বারংবার কিছু দিতে অনুরোধ; প্রাপ্য বস্তু বারংবার দাবি। 'তাকাদা দেয়োনের আগে দেনা ছোদ করবার অহে!'

তাকিদ *বি.* তাগিদ; তাকীদ; কোনো কাজের জন্য বারবার অনুরোধ; পীড়াপীড়ি; আদেশ; জরুরি প্রয়োজন; প্রেরণা। 'গরিবরে দান-খয়রাত করোন আছমানি তাকিদ।'

তাগরা *বিণ.* টগবগে; শক্তিশালী; তাজা; চাঙা; স্বতঃস্ফূর্ত। 'মহল্লার বেবাক জুয়ান তাগরা হক্কলরে লয়্যা কাফেলা বানায়া তুরাগ-কহর নদীর তীরে চইল্যা যামু।'

তাগুতি *বি.* ক্ষিপ্রতা; ব্যাগ্রতা; রিপুর তাড়না; প্রবল মানসিক ও শারীরিক শক্তি। 'মোনের বিতরে ঈমানী তাগুতি থাকলে কামীয়াবি অয়োন খুব ছোজা।'

তাছির *বি.* তাছীর; তাসির; ধরন; পদ্ধতি; প্রকার; আকৃতি; ভঙ্গি; স্বভাব; বাজে স্বভাব; বদ অভ্যাস; প্রভাব; ফলাফল; কার্যকারিতা; ছাপ। 'তাছির না

বদলায়া চললে ছমাজে থাকবার পারবা না।'

তাজমেহেল *বি.* তাজমহল; মোগলসম্রাট শাহজাহান কর্তৃক সম্রাজ্ঞী মমতাজ মহলের স্মরণে আগ্রায় নির্মিত প্রসিদ্ধ মর্মর সমাধি-সৌধ। 'বিবিছাব কয় তুমি এহন তাজমেহেল বানাইওনা, তাইলে আমি বি তারতারি মইরা যামু।'

তাজা *বিণ.* টাটকা; সদ্য; নতুন; জীবন্ত; সতেজ; স্ফূর্তিযুক্ত; সজীব; প্রাণোচ্ছল; নবনব। 'তাজা মানুটা চক্কের ছামনে টেরাকের চাপায় পইরা মইরা গেলগা।'

ত্যাজ *বিণ.* তেজ; তীক্ষ্ণতা; ঝাঁজ; শক্তি; বিক্রম; প্রতিপত্তি; প্রভাব; দর্প; দীপ্তি; উত্তাপ। 'বুড্ডা অইলে বি গুরাটার ত্যাজ যায় নাইক্যা।'

তাজ্জব *বিণ.* অবাক; আশ্চর্য; বিস্ময়; বিস্ময়কর; অদ্ভুত; বিস্মিত। 'আমি তাজ্জব অয়্যা বাবি, কছম খোদার/ চুল যে বেইচা কিনুম হেই গুরে বি বালি।'

তাজ্জ্যব *বিণ. দ্র.* তাজ্জব।

তাজিয়া *বি.* ইমাম হাসান (রা.) ও ইমাম হোসেন (রা.) দের নকল কবর যা মহররমের মিছিলে বাহিত হয়; শোক; শোকে সান্ত্বনা। 'আছুরার দিনে ছারা ঢাহার ছহরে তাজিয়া মিচিল বাহার হয় না।'

ত্যারাব্যারা *বিণ.* আঁকাবাঁকা; এঁকেবেঁকে; ঘুরে ফিরে; বেঁকেচুরে; বহু স্থানে বাঁকা। 'রাচতাটা এত্ত ত্যারাব্যারা কইরা বানাইচে ক্যালা?'

তাবলিক *বি.* তাবলীগ; তবলীগ; প্রচার; ধর্মপ্রচার। 'তাবলিকে যায়োনের আগে নিজের ইমান হক্ক করোন লাগে।'

তাবিজ *বি.* তা'বীয; বাহুর অলঙ্কার বিশেষ; কবচ; মাদুলি। 'তাবিজ দিয়া বুত খেদানোর দিন চইলা গেচে।'

তাব্বি *অব্যয়.* তবুও; তাও; তাহলেও। 'ঢাকা তাব্বি রাজদানী/ ঢাকারেই প্রিয় মানি।'

তাবুত *বি.* শবাধার; আধার বা বাক্স যাতে মৃতদেহ রেখে কবরস্থ করা হয়। 'লাছ আনোন-নোয়োনের ছুবিদার লাইগা তাবুত লাগে।'

তামাছা *বি.* তামাশা; তামাসা; খেলা; বাজি; প্রদর্শনী; কৌতুক; মজা; পরিহাস; ঠাট্টা। 'গরীবের লগে তামাছা করোন ইমানদারের কাম না।'

তামাত কী রকম; কী প্রকার। 'বারিছ অইলে বছতির গরীর

মানুগো কি তামাত কছটো অহে বাইবা দেকছ।'

তমাদি *বি.* তামাদি; বাতিল হয়ে যাওয়া; না-মঞ্জুর; পরিত্যক্ত; নাকচ; দাবি করার নির্দিষ্ট সময় উত্‌রে যাওয়া; দাবি করার যে নির্দিষ্ট সময় উত্‌রে গিয়েছে এমন। 'এই আইন বহুত আগে তমাদি অয়্যা গেচে।'

তমাম *বিণ.* সমগ্র; সব কিছু; সবগুলো। '৭১ এ জমাত, মুচলিম লীগ আর রেজাকার বাদে তমাম বাংলাদেছ বি মুকতি ছংগেরাম করচে।'

তামিল *বি.* সম্পাদন; মান্য; রক্ষা; পালন; অনুষ্ঠিত; পালিত; সম্পাদিত। 'ছব ফরমাইছ তামিল করবার না পারলে নকরি নট।'

তাম্বু *বি.* তম্বু; তাম্বু; তাঁবু; বস্ত্রগৃহ; শিবির; একপ্রকার মোটা কাপড়ের তৈরি গৃহবিশেষ। 'ছেনাদলে তাম্বুর পয়জোন অহে।'

তারাতারি *বিণ.* তাড়াতাড়ি; দ্রুত নিষ্পাদনের প্রয়োজন; দ্রুত করবার জন্য পীড়াপীড়ি; অতি শীঘ্র; ব্যস্ততার সঙ্গে; দ্রুত সম্পাদন। 'খায়্যা লয়্যা তারাতারি দুকানে আহ।'

তারা বাইং *বি.* তারা বাইন মাছ; ছোট আকৃতির বাইং মাছ।

তারাবি *বি.* তারাবী; তারাবীহ; রমজান মাসের বিশ রাকাত বিশেষ নামাজ যা সমগ্র মাসব্যাপী এশার নামাজান্তে পড়া হয় এবং সাধারণত সেই নামাজের মধ্যে ইমাম সাহেব সমস্ত কুরআন শরিফ তেলাওয়াত করেন।

তারিপ *বি.* তারিফ; তারীফ; প্রশংসা; বাহবা; সুখ্যাতি। 'তুমার কাম-কাইজের তারিপ মহল্লার ছব মানু করে।'

তাল-তবা *বি.* কাণ্ডজ্ঞান; আক্কেল জ্ঞান; সাধারণ বুদ্ধি বিবেচনা; সময় বা অবস্থানুযায়ী বিচার বিবেচনার শক্তি। 'বুড্ডা অয়্যা গেচ, তাল-তবা কবে অইব?'

তালই *বি.* ভাই ও বোনের শ্বশুর।

তালকানা *বিণ.* কাণ্ডজ্ঞানহীন; তালজ্ঞানশূন্য; বেতাল; ভালো-মন্দ জ্ঞানশূন্য; বিবেচনাবিহীন। 'হেই ছোময় তালকানার মোতন ইয়াহিয়া এক ছে এক ছামরিক আইন জারী কইরা চলছিল।'

তালকুর *বি.* তালের বিচি; তালশাঁস।

তালাছ *বি.* তলাশ; তলাস; তালাস; তল্লাশ; তল্লাস; খোঁজ; খোঁজখবর; সন্ধান; অনুসন্ধান; অন্বেষণ। 'কত দ্যাছে কত তালাছ করলাম মাগার পুলাটারে খুইজা পাইলাম না।'

তালগোল *বিণ.* উলট পালট করে ফেলা; ঘুলে ফেলা; ঝট বাঁধানো; এলোমেলো করে ফেলা। 'নতুন মানু দিলে তালগোল পাকায়া ফেলব।'

তালবিয়াল্লিম *বি.* শিক্ষানবিশ; শিক্ষাধীন; শিক্ষাগ্রহণরত ব্যক্তি। 'তুমরা তালবিয়াললিমগো টেরনিং দিয়া জনগি বানাইতাচ।'

তালিয়া *বি.* তালি মারা; হাততালি; করতালি; দুই করতলের আঘাতজনিত শব্দ। 'নাচানা গাহানা বালা অইলে তালিয়া দেয়োনের কতা কইবার লাগে না।'

তাপ্পি *বি.* তালি; ছেঁড়া কাপড়; জোড়া-তালি দেওয়া, পট্টি।

তালের বিচি *বিণ.* তালের শাঁস; লম্বা গাছে ফলবান কাঁচা তালের শাঁস বেশ স্বাদযুক্ত।

তিছ *বি.* ত্রিশ। 'সবমাছ তিছ দিনে অহে না।'

তিছরা *বিণ.* তেশরা; মাসের তৃতীয় তারিখ বা দিন।

তিতা *বিণ.* তেতো; তৃপ্ত; গরম; তিক্ত। 'ছরীর বালা না থাকলে বালা কতা বি তিতা লাগে।'

তিয়াছ *বি.* পিয়াস; পিয়াসা; পিয়াসী; পিয়াসু; পিপাসা; তৃষা; তৃষ্ণা; জলপান করার ইচ্ছা; প্রবল ইচ্ছা; আকাঙ্ক্ষা; ভোগেচ্ছা। 'তিয়াছে ছুকায় আমার অথই সাগর।'

তিরফলা *বি.* ত্রিফলা যেমন: হরতকি; আমলকি; বহেরা। 'তিরফলার রছ ছাইছত্যের লাইগা বহুত উপকারী।'

তিরবুবন *বি.* ত্রিভুবন; স্বর্গ, পৃথিবী ও পাতাল। 'ছোহাগবানুর নাম জিগিরে জান কৌরব কুরবান/ তিরবুবনে যাইব রাইখা পিরীতির পরমান।'

তিলাওত *বি.* তেলাওয়াত; তিলায়োত; পাঠ; আবৃত্তি; সম্ভ্রম সহকারে কুরআন পাঠ। 'হাফিজ ছাবের তিলাওত হুনলে দিলটা টলায় যায়।'

তিলা হাংরাইন *বি.* তিলা-সংক্রান্তি; পৌষ সংক্রান্তি; পৌষমাসের শেষদিন। 'তিলা হাংরাইনের পরের দিন পুরান ঢাহায় গুড্ডি উরাইবার খেইল অহে।'

তিল্লী *বি.* গুড় এবং তিল দিয়ে বানানো সন্দেশ বা নাড়ু বিশেষ; তিল; বীজ জাতীয় খাদ্য; রবিশস্য। 'আইজকাইল তিলের চাছ অহেনা, তিল্লী বি পায়োন যায় না।'

তীর *বি.* বাণ; শর; ধনুকের সাহায্যে যা নিক্ষেপ করা হয়; শায়ক; ইষু; কলম্ব; বিশিখ। 'তুমার কতাটা আমার দিলের মইদ্যে তীরের লাহান বিন্দা গেচে।'

তুইলা *ক্রি.* তুলে; উৎখাত; উন্মূলন; উৎপাটন; উৎখনন; বিদারণ; খুঁড়ে তুলে ফেলা হয়েছে এমন; অধিকারচ্যুত। 'ছাটের কলার দইরা তুইলা লইয়া আহ।'

তুইল্যা *ক্রি. দ্র.* তুইলা।

তুগলগি কারবার *বি.* উদ্ভট কার্যকলাপ; তালগোল পাকিয়ে ফেলা; প্রচণ্ড কলহ; আজগুবি কার্যকলাপ; অদ্ভুত কার্যকলাপ; গ্রন্থবহির্ভূত।'এমুন তুগলগি কারবার করলে ববিচ্ছেতে ফকির অয়্যা যাইবা।'

তুফান *বি.* ঝড়; দ্রুত গতিতে বাতাস বয়ে যাওয়া; ঘূর্ণিবাত্যা; প্রবল ঝড়; ঝড়জনিত প্রবল ঢেউ; বন্যা; বাতাসের যে গতির আঘাতে ঘর-বাড়ি, গাছ-পালা ক্ষতিগ্রস্ত হয়; তুমুল ঝগড়া। 'পেয়ার হাগরের তুফান থামান বর কঠিন কাম।'

তুমার *সর্ব.* তোমার। 'তুমার ত বি এক চক কানা এক চকে কালা চছমা দেওয়া, দেকবা কিমুন কইরা।'

তুরুম *বি.* জাম্বুরা; গোলাকৃতির টক জাতীয় কোষবিভক্ত ফল বিশেষ।

তেলচোটা *বি.* তেলচাটা; তেলাপোকা; আরশোলা; তেলাচোরা।

তেজারত *বি.* ব্যবসা; বাণিজ্য; জীবিকা; বৃত্তি; পেশা; কারবার; পণ্যদ্রব্যাদি ক্রয়-বিক্রয়; সওদাগরি। 'আবদুল হাকিম কাছমির থাইকা এই দ্যাছে আয়্যা তেজারত শুরু কইরা বহুত বর মালদার বইনা যায়।'

তেতনা *বিণ.* ততনা। 'আখেরি মুনাজাত যেতনা অইব তেতনা মানু আখিরাতের দিকে ছুটব।'

তেরান করতা *বি.* ত্রাণকর্তা; ত্রাণকারী; উদ্ধারকারী। 'ছেনারা খালি জাতির আমানতের পাহারাদার না, হেরা জাতির তেরান করতা।'

তেরিবেরি *বি.* বাড়াবাড়ি; এড়িয়ে চলার মনোভাব। 'বেছী তেরিবেরি করবা ত' কপালে খরাবী আছে কইয়া দিলাম।'

তেলতেলা *বিণ.* তেলতেলে; তৈলাক্ত; চকচকে; মসৃণ; পিচ্ছিল। 'রানা বহুত জনের মাতায় খাটি ত্যাল ঢাইলা নিজে তেলতেলা বইনা অহন বিচ্ছ মিডিয়ায় খবর অইচে।'

তেলেছমাত *বি.* তেলেসমাত; তিলিসমাত; তিলিছমাত; জাদু; আশ্চর্য; ভরপুর; মাতোয়ারা। 'তুমার তেলেছামাতের ছবক লইবার চাই।'

তেলেছমাতী *বি.* তেলেছমাতি; তেলেসমাতি; জাদুকরি; আশ্চর্যজনক; অলৌকিক; ঐন্দ্রজালিক; তুলকালাম কাণ্ড। 'ভুমিকম্পের ওলট-পালট, কত আচানক তেলেছমাতী।'

ত্যালা *বিণ.* তেলযুক্ত; তেলেভরপুর; তেল জাতীয়; তৈলাক্ত; চকচকে; মসৃণ; পিচ্ছিল। 'ত্যালা মাতায় ত্যাল মারার ছবাবটা তুমার কবে যাইব?'

ত্যাং *বি. দ্র.* ট্যানক।

তয়্যার *বিণ. দ্র.* তইয়ার।

তোছক *বি.* তোশক; তোশোক; তোষক; বিছানায় পাতবার তুলার গদি বিশেষ। 'আইজকাইল রিছকাঅলার গরে বি তোছক থাকে।'

তোছামদ *বি.* তোষামোদ; খোশামোদ; চিত্তরঞ্জন; চাটুবৃত্তি; মোসাহেবি; স্তাবকতা। 'নিজেগো আখের গরতে চাটুকারি তুছামদি কইরা প্যাচ লাগাইবার লাইগা হেগো মোতন ওছতাদ আর নাইক্যা।'

তোফা *বি.* তহফা; তোহ্‌ফা; উপহার; উপঢৌকন; উপহারযোগ্য অতি উৎকৃষ্ট বস্তু; উৎকৃষ্ট; খাসা; অতি উপাদেয়। 'এই কামের তোফা দিব আল্লায়।'

তোয়াছ *বিণ. বি.* তোয়াজ; স্বার্থসিদ্ধির জন্য যত্ন; আদর; খাতির; মনোরঞ্জন। 'এতনা তোয়াছ কইরা বি মোন গলাইবার পারলামনা।'

তোরাবন্দি খাবার *বি. বিণ.* পুরনো ঢাকার আদিবাসীদের ঐতিহ্যবাহী রাতের ভোজ।

তোরাবান্দি *বি.* পিঠা বিশেষ।

তওফিক *বি.* তৌফিক; ক্ষমতা; শক্তি; সামর্থ্য; সম্পদ। 'তুমারে ছায্য করবার তওফিক আমার নাইক্যা।'

থ

থনে *অব্য.* হতে; থেকে; কারো নিকট হতে। 'করিম্মার থনে দছটা ট্যাকা লইয়া আহ।'

থাইকা *অব্য.* থেকে; হতে; হইতে। 'দিলে চোট লাগলে বহুত দিন থাইকা যায়।'

থাইক্যা *অব্য. দ্র.* থাইকা।

থাইকা থাইকা *অব্য.* থেকে থেকে; ধুঁকে ধুঁকে; থেমে থেমে। 'বিতরে থাইকা থাইকা জ্বলে তুছের আগুন।'

থাউক *ক্রি.* থাক; থাকুক; থাকা; উপস্থিত বা বিদ্যমান থাকা। 'আমগো বারি আমলিগোলা তোমগো বারি কই/ যেখানে থাউক এই দিলে সুখ ঢাকাইয়্যা তো হই।'

থাকনে *ক্রি.* থাকায়; থাকার কারণে; কাটানো; অবস্থান করা; বসবাস করা; কাল যাপন করা; দিন কাটানো। 'তুমার থাকনে না থাকনে আমার কিচ্ছু আহে যাহে না।'

থ্যাত্‌লা *বিণ.* থেতলানো; থেতলে দেওয়া; বিকৃত করা; পিষ্ট করা; ছেঁচা; মর্দন করা; পিষে ফেলা। 'ছেছমেছ ইয়াহিয়ার হক্কল ছেনাপতিরা হামাম দিস্তার মইদ্যে থ্যাতলা অয়্যা গেচিল।'

থাপরা *বি.* থাপড়; থাপ্পড়; থাবড়; থাবড়া; চড়; চাপড়; চপেটাঘাত। 'একটা থাপরা দিয়া বত্তিছটা দাত ফালায়া দিমু।'

থাপা *বি.* থাবা দেওয়া; চতুষ্পদ জন্তুর সম্মুখস্থ পদদ্বয়; পদতলা; পাঞ্জা; করতল; করতলে যে পরিমাণ ধরে। 'থাপা দিয়া বেবাক নিলা, পুলাপানে খাইব কি?'

থিন্‌কচ *বি.* থিংকস; ভাবনা-চিন্তা; মানসিক উদ্বেগ; দুশ্চিন্তা। 'হৎ বেনগল থিন্‌ক ত্যু দে, রেছ্‌ট ইন্‌দিয়া থিন্‌কচ ত্যুমুরু।'

থুই *ক্রি.* থোয়া; রাখা; রেখে; স্থাপন বা নিবেশন করা। 'রাইতের বেলা বাইতে গিয়া ছিঁরা খ্যাতায় হুই/ ঢাকাইয়া নাম গরিমা বাই কুনহানে কও থুই।'

থুইয়া *ক্রি.* থোয়া; রাখা; স্থাপন বা নিরুপণ করা; ধারণ করা; পালন করা; বন্ধক দেওয়া; ভোগ করা। 'হায়রে মজা লাইগা গ্যাছে/ কী চমেৎকার দেখা গ্যাছে/ বাইছকোপে চক্ষু থুইয়া/ পোলা বুরা দেকবার লাগছে।'

থুইয়্যা *ক্রি. দ্র.* থুইয়া।

থুক্কু *বিণ.* ভুল সংশোধনসূচক শব্দ; খেলায় অতি ক্ষণস্থায়ী বিরতিবাচক বা আপত্তিবাচক শব্দ। 'শায়েস্তা খান আরে থুক্কু ছুবাদার ইছলাম খান বানগালাদ্যাছের রাচদানী ঢাহা থনে রাজমেহেলে লয়্যা গেচিল।'

থুরি *বিণ.* থুড়ী; শুধরিয়ে বা সামলিয়ে নেওয়ার প্রয়োজনে ব্যবহৃত শব্দ; ভুলবশত কিছু বলে তা প্রত্যাহারসূচক শব্দ। 'আহেন বাই চলেন যাই ঢাহা শহর গুরি/ রিকশা আমার হেলিকপ্টার কী কইতাছি থুরি।'

থুতনা *বি.* চিবুক; থুতনি।

থেইকা *অব্য.* থাইকা।

থোও *ক্রি.* রাখ; রেখে দেও। 'আইজকার হিছাবে এক ট্যাকা জমা কইরা থোও।'

থোয়া *ক্রি.* রাখা; স্থাপন বা নিবেশন করা; আশ্রয় দান করা। 'মাল-ছামান মাতায় লও; থোয়াথোয়ির মইদ্যে আমি নাই।'

থোরা *বিণ.* অল্প; কম; সামান্য; ঈষৎ; একটু; লঘু; হীন। 'খাটের উপর চেঁচিয়ে বলে, থোরাই/ ওসব আমি কেয়ার করি না/ কে বলেছে ডরাই?'

দ

দইনা পাতা *বি.* ধনে পাতা; তৃণ পাতা-লতা। তরকারি রান্নায় ও সালাদ তৈরিতে ব্যবহৃত হয়।

দইনিক *বি.* দৈনিক; প্রাত্যহিক; রোজ রোজ করতে হয় বা ঘটে এমন। 'গেরামিন ব্যাং এ যেই গিট্টু লাকচে দইনিকে পইরা কানবার মোন চায়।'

দইরা *বি.* দরিয়া; সাগর; সমুদ্র; সায়র; সমুদ্দুর; সুমুদ্দুর; সমুন্দর; জলধি; উদধি; অর্ণব; বারিধি; সিন্ধু; বারীশ; রত্নাকর 'তোমার ছুক্কের পান্‌ছি ফুট্টুছ কইরা ডুইবা গেছে/ হেই কব্বে গহীন দইরার জলে।'

দকল *বি.* দখল; অধিকার; আয়ত্তি; ব্যুৎপত্তি; জ্ঞান; পটুত্ব। 'হুনলাম কড়ু মস্তান নাকি ওয়ারীর দকল পায়্যা গেচে।'

দচতরখানা *বি.* খাবারের উচ্ছিষ্ট রাখার জন্য হাতে সেলাই করা মোটা কাপড় বিশেষ।

দছক *বিণ.* দশক; দশনামী; দশপঁচিশ; দশবল; দশবাই চণ্ডী; দশভুজা; দশম; দশমাবতার; দশমিক; দশমী; দশমী দশা; দশমূল; দশসমা; দশসালা; দশহরা। 'আমি ছাইটের দছকে এডিত জাহাজ দেকচি।'

দচ্ছু *বি.* দস্যু; ডাকাত; লুঠেরা; শক্তির দ্বারা পরদ্রব্য গ্রহণকারী। 'জাল পাতনের লগে লগে বুমি দচ্ছু লুটেরা ছব নাখোছ অয়্যা একাট্টা অয়্যা গেল।'

দছ *বিণ.* দশ; দশম।

দছরা *বি.* বিজয়া দশমী; দুর্গাপূজা চলাকালে যে তিথিতে দুর্গা প্রতিমার বিসর্জন দেওয়া হয়। 'আগিলা জমানায় দছরার রাইতে বহুত আতছবাজি ফুটানু অইত।'

দপ্তর *বি.* দফতর; অফিস; কাছারি; কার্যালয়; কর্মস্থল; অফিসের বা কাছারির কাগজপত্র; বাঁধা কাগজপত্র; কাগজপত্রের বাণ্ডিল; বইপুস্তক ও খাতাপত্র। 'ছাব-রেজিস্ট্রির ছাবের দপ্তর থনে মাত্রক আইলাম।'

দপা *বি.* দফা; বার; কিস্তি; পালা; ক্ষেপ; অবস্থা; ব্যাপার। 'দপায় দপায় জিনিছের দাম বারাইলে মানু বুট দিব ক্যালা!'

দম *বি.* নিশ্বাস-প্রশ্বাস; প্রাণ; জীবন; প্রাণবায়ু; জীবনীশক্তি। 'দমে দমে আল্লারে ডাকলে রহমতের দীদার মিলে।'

দমাদম *বিণ.* অবিরাম; প্রতিমুহূর্ত; একটু পর পর; সর্বদা; নিরন্তর; থামে না এমন; বিরতিহীন; বিরাম বা বিশ্রামহীন। 'ছবমাল ছামানা দমাদম টেরাকে তুইলা দেও।'

দর *বি.* দাম; মূল্য; ক্রয়-বিক্রয়ে দ্রব্যের বিনিময় নির্ধারণ। 'তোমাগো লাহান মাছে মাছে জিনিছের দর বারামু না।'

দরওয়াজা *বি.* দরজা; দরোজা; দুয়ার; দ্বার; কবাট; কেয়র; ফটক। 'দরওয়াজা বন কইরা যারা অপিচে কাম করে তাগো কাইজকামে গরবর আচে।'

দরকার *বিণ.* প্রয়োজন; আবশ্যক; প্রয়োজনীয়; আবশ্যকীয়। 'এই ছোময়ে তুমার ছায্য আমার বহুত দরকার।'

দরখাস্ত *বি.* আবেদনপত্র; আবেদন; আর্জি; প্রার্থনা; নিবেদন; নালিশ; অভিযোগ; অন্তঃকরণে ভাব উৎপাদন; চিত্তাকর্ষণ। 'দরখাস্ত কইরা কুনো লাব অহে নাইক্যা।'

দইচা *ক্রি.* ধসে পড়া; ভেঙে পড়া; চূর্ণ হওয়া; ধ্বংসপ্রাপ্ত। 'সাবারের গারমেন দইচা পরনের আচলি ইতিহাছ খুইজ্যা বাইর করন লাগব।'

দইন্য *বিণ.* ধন্য; সাব্বাশ; ভাগ্যবান; সৌভাগ্যশালী; সাধুবাদ; আনন্দোচ্ছল। 'ফুলে ফলে রূপের বাহার/ দইন্য ছোনার বাংলাদেছ।'

দইরা *ক্রি.* ধরে; ধরা; ধারণ করা; হাত দিয়ে দরা বা গ্রহণ করা। 'চোর দইরা পুলিছে ছোপর্দ কর।'

দইর‍্যা *ক্রি. দ্র.* দইরা।

দচ্ছু *বি.* দস্যু; ডাকাত; লুঠেরা; শক্তির দ্বারা পরদ্রব্য গ্রহণকারী। 'জাল পাতনের লগে লগে বুমি দচ্ছু লুটেরা ছব নাখোছ অয়্যা একাট্টা অয়্যা গেল।'

দছক *বিণ.* দশক; দশনামী; দশপঁচিশ; দশবল; দশবাই চণ্ডী; দশভুজা; দশম; দশমাবতার; দশমিক; দশমী; দশমী দশা; দশমূল; দশসমা; দশসালা; দশহরা। 'আমি ছাইটের দছকে এডিত জাহাজ দেকচি।'

দছ *বিণ.* দশ; দশম।

দর্ছিতা *বি. বিণ.* ধর্ষিতা; বলাৎকৃতা; বলপূর্বক কোনো নারীর সতীত্ব নষ্ট করা হয়েছে এমন; উৎপীড়িত; অত্যাচারিত। নাবালিকা ছোহাগী কয়না দর্ছিতা অইলো/ দর্ছিত মা জননীর উদাম গতরের পাছে!'

দপ্পাছ *অব্য.* ধপাস; ধপাত; ধপ করে পড়ে যাওয়া। 'কানের মাইদ্দে দপ্পাছ করে-'পরীবানু, পরীবানুরে/ ডরাইছনা তুই, কেয়র গুচা, আমারে নে গরে।'

দবল *বিণ.* ধবল; সাদা; শুভ্র; শ্বেত; সফেদ; শ্বেতকায় রঙের নাম; অকুটিল; সহজ; সরল; রঙিন নয় এমন। 'লাল বিবির জিন্দেগানী ছোনাবানের জং/ জরির পোছাক খুইলা বিবি পিন্দে দবল রং।'

দচামারা *বিণ.* ধ্বচামারা; বাতিল হয়ে যাওয়া; অকেজো। 'তহন ঢাহা ছহরে মোমিন মটর কোমপানির কয়টা দচামারা বাচ চলত।'

দনেচ্ছর *বি. বিণ.* ধনেশ্বর; ধনের ঈশ্বর; প্রচুর বিত্তবান। 'এই গরীব দ্যাছে বি দানচ্ছরের অবাব নাইক্যা।'

দরমো *বি.* ধর্ম; বিভিন্ন সম্প্রদায়ের শাস্ত্রনির্দিষ্ট বিধিবিধান; সৎকর্ম; পুণ্যকর্ম; সদাচার; কর্তব্যকর্ম; স্বভাব; প্রকৃতি; প্রত্যেক জীব বা বস্তুর নিজস্ব গুণ; পুণ্য; মানুষের কর্তব্য-অকর্তব্য সম্বন্ধে জ্ঞান; আইন; রীতি; সাধনার পথ। 'ছব মানু আর জিনিছের আলহেদা দরমো আচে।'

দরগা *বি.* দর্গা; পীরের সমাধি ও তৎসংলগ্ন পবিত্র স্থান; মাজার; নিকট; কাছ; সমীপ।

'দরগা ছরিপে ছিন্নী বিলানের মান্নত করচি।'

দরছণ *বি.* ধর্ষণ; বলাৎকার; বলপূর্বক গ্রহণ। '৭১ ছালে

পাকি ছেনারা বানগালি মা বুইনগ দরছুণ করচে বইলা আল্লাহর গজব নাজিল অইচিল।'

দরজ্জাল *বি. বিণ.* দর্জাল; দজ্জাল; মিথ্যাবাদী; দুর্দান্ত অত্যাচারী ও একচোখা লোক যে কেয়ামতের অব্যবহিত পূর্বে হজরত ইমাম মেহেদীর সময় জন্মগ্রহণ করে নিজেকে খোদা বলে দাবি করবে ও বহুলোকের ইমান নষ্ট করবে; দুর্দান্ত; অত্যাচারী। 'দরজালের দরজালগিরি বেছিদিন টিকে না।'

দরজ্জি *বি.* দরজী; দর্জি; কাপড় সেলাই করা ও পোশাক তৈরি করা যার পেশা; সৌচিক; সূচীকর্মজীবী। 'দরজিরে খলিপা কয়োনের করোনটা বুঝবার পারতাছিনা।'

দরদ[১] *বি.* টান; মমতা; আকর্ষণ; সমবেদনা; সহানুভূতি; সমব্যথী; মনের টান; অন্তরের টান। 'আহত ছরমিকের লাইগা দরদ দেহাইয়া খালি মিঠা বাত হুনায়্যা লাব নাইক্যা।'

দরদ[২] *বি.* ব্যথা; বেদনা; যন্ত্রণা; 'তুমার দরদ দেইখা আমার চক্কে পানি আয়্যা পরচে।'

দরদি *বিণ.* দরদী; দরদিয়া; ব্যথার ব্যথী; সমব্যথী; সমবেদনাযুক্ত; যার ব্যথা বা যন্ত্রণা আছে; মরমি। 'আমগো হরদারের লাহান দরদি মানু কই পাইবা?'

দরদীয়া *বি. দ্র.* দরদি।

দরবার *বি.* রাজসভা; সভা; উচ্চপদস্থ ব্যক্তির বৈঠকখানা বা কাছারী ঘর কিংবা তৎকর্তৃক আহূত সভা; আদালত; বিচারালয়; কোনো বিষয়ে তদবির; আবেদন বা আলোচনা। 'মোগল বাছছাগো জমানায় ফারচি আচিল দরবারি বাছা।'

দরবেছ *বি.* অলি; অলী; ওলি; অভিভাবক; অছি; দরবেশ; রক্ষক। 'অলি-দরবেছগো লগে ছনমান কইরা কতা কইবা।'

দরাজ *বিণ.* দারাজ; উদার; অকৃপণ; দানশীল; খরচে; প্রশস্ত; বিস্তৃত; বেশি; অধিক; অপরিমিত; দীর্ঘ; লম্বা। 'এমুন দরাজ দিলের মানু আর পাওয়া যাইব না।'

দরিয়া *বি. দ্র.* দইরা।

দরিয়াবাজ গুরা *বি. বিণ.* ঢাকার নবাবের এই ঘোড়াটি কোলকাতায় ব্রিটিশদের ঘোড়ার সাথে রেসে জিতে সোনার মেডেল পেয়েছিল।

দরুদ*বি.* দরূদ; দ.; সালাম; শান্তি বাণী; হজরত মুহম্মদ (সা.) এর নাম উচ্চারণ বা শ্রবণ করার পর

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম– এই বাক্য সংক্ষেপে 'দ.' বা 'সা.' রূপে লেখা হয় ।

দরোজা *বি. দ্র.* দরওয়াজা।

দারোয়ান *বি.* দরওয়ান; দারোয়ান; দারওয়ান; দ্বাররক্ষক; দরজার প্রহরী; প্রতিহার; পিয়ন। 'আইজকাইল দারোয়ানগো পিচ্চিরা বি ডরায় না।'

দলবাজি *ক্রি.* দলীয়করণ; দলাদলি করা; কোনো বিশেষ উদ্দেশ্যে জোট পাকানো; সঙ্ঘবদ্ধ। 'বিমানের রুগ ঠিক করনে দলবাজি বন করবার লাগব।'

দলা *বিণ. দ্র.* দবল।

দলাদলি *বি.* ঝটপাকানো; অন্যের ক্ষতির চেষ্টা করা; বিবাদ-বিস্বাদের অবস্থা সৃষ্টিকারী কাজ করা। 'দলাদলি করবার চাইলে মহল্লায় থাকবার পারবা না।'

দলাল *বি.* দালাল; কমিশনের বিনিময়ে যে ব্যক্তি ক্রেতা ও বিক্রেতাকে ক্রয়-বিক্রয়ে সাহায্য করে, ব্যবসা-বাণিজ্যে যে ব্যক্তি মধ্যস্থতা করে;ক্রেতা বা মালপত্র সংগ্রহকারী; অন্যায়ভাবে পক্ষসমর্থনকারী। 'দলালগো দিলে কুনো রহম পয়দা অহে নাইক্যা।'

দলিল *বি.* দলীল; লিখিত প্রমাণপত্র; প্রমাণস্বরূপ কাগজপত্র; স্বত্বাস্বত্ব নির্দেশক পত্র; প্রমাণপত্র। 'দলিল পত্র যত্ন কইরা রাকতে অহে।'

দস্তরখান *বি. দ্র.* দচতরখানা।

দহরম *বি.* ঘনিষ্ঠ মেলামেশা; আত্মীয়তা; আত্ম সম্পর্কীয়; অন্তরঙ্গ ব্যক্তি; বন্ধুত্ব। 'দুই দোছতের দহরম দেইখা দিলে আছি পায়।'

দাই *বি.* ধাই; উপমাতা; ধাত্রী; মাতার ন্যায় যে স্ত্রীলোক শিশু পালন করে; যে স্ত্রীলোক সন্তান প্রসব করায়; প্রসূতিকে সাহায্য করে এবং আঁতুড় ঘরে প্রসূতি ও নবজাত শিশুর সেবা করে। 'আইজকাইল মানু দাইয়ের কাচে যায়োন ছারান দিচে।'

দাইমা *বি. বিণ.* পালক মাতা; দুধমাতা। 'দাইমার ছরকার দিয়া আর দ্যাছ ছাছন করোন দুরচত না।'

দাইবেটিছ *বি.* ডায়বেটিস; বহুমূত্র; মধুপ্রমেহ। 'দাইবেটিছ অইল বি হক্কল রুগের মদদকারী।'

দাওই *বি.* দাওয়াই; ঔষধ; ওষুধ; চিকিৎসা ব্যবস্থাপনা যার দ্বারা রোগ নাশ হয় বা প্রতিকার হয় এমন দ্রব্য; পীড়া ও ক্লেশ নিবারণকারী পদার্থ; ভেষজ দাওয়াই; প্রতিকার। 'জিহাদীরা

দইরা নিচিল মাইরের উপ্রে বর দাওই নাইক্যা।'

দাওত *বি.* দাওয়াত; নিমন্ত্রণ; আমন্ত্রণ; জেয়াফত। ফকির-মিচকিনগো দাওতি মেমানের মোতন সমাদর করবা।'

দাউর *বিণ.* ধাউড়; ধাউর; প্রতারক; প্রবঞ্চক; শঠ; কপট; ধূর্ত; শট; বেপরোয়া; গোয়ার। 'হ্যার মোতন দাউর মহল্লায় দুইটা নাইক্যা।'

দাওয়াত *বিণ. দ্র.* দাওত।

দাক *বি.* দাগ; চিহ্ন; ছাপ; নিশানা; কলঙ্ক; দুর্নাম; ক্ষত; আঘাত; মরিচা; পরিচয়-চিহ্ন; মার্কা; রেখা; আঁক; আঁচড়; জমির খণ্ড বা কিতা। 'পাকিগো অত্যাচারের দাক এখন বি মুইচ্ছা যায় নাইক্যা।'

দাকছাইট *বিণ.* ডার্ক সাইড; আড়াল; অন্তরাল; পর্দা; আবরণ; গোপন ব্যবধান। 'এই কামে দাকছাইট উচতাদের কমতি নাইক্যা।'

দাকতর *বি.* ডাক্তার; চিকিৎসক; শাস্ত্রবিশারদ; বিশ্ববিদ্যালয়ের পাণ্ডিত্যসূচক উপাধি। 'অছুক অইলে হুয়্যা না থাইক্যা দাকতর দেকাইবা।'

দ্যাক *ক্রি.* দেখা; দর্শন করা; মনোযোগ আকর্ষণ; ভয় প্রদর্শন; সতর্কীকরণ। 'দোরের লারৎ বয়্যা দ্যাকবা থুর থুইরা এক বুরি।'

দানদা *বি.* ধান্ধা : ধান্ধা-ফিকির; মতলববাজি; অপকৌশল; কূটকৌশল; ফন্দী করে চলা। 'দানদাবাজির দিন ছেহ, এহন ছেরাতুল মোচতাকিমে ছোজা পতে চল।'

দানমরিচ *বি.* ধানমরিচ; ক্ষুদ্রাকৃতির প্রচণ্ড ঝাল মরিচ; ছোট মরিচ। 'দান মরিচ গইছা দিমু লোবাতুর দুই নয়নে।'

দ্যাক্ছনি *ক্রি.* দেখছনি; দেখেছ কিনা। 'দ্যাক্ছনি তুমি দন অদেহা হেই তারে/ মহা মহান হেই দনেচ্ছরে।'

দ্যাখা *ক্রি.* দেখে; দেখা; দর্শন করা; চোখে পড়া; দৃষ্টিপাত করা; তাকানো; চাওয়া। 'তুমার লগে বহুত দিন বাদ দ্যাখা অইল।'

দাগা *বি.* কষ্ট দেওয়া; গভীর মর্মবেদনা; ক্লেশ; সন্তাপ; মানসিক আঘাত; প্রতারণা; বঞ্চনা; বিশ্বাসঘাতকতা। 'গ্যাছে ত গ্যাছে দাগা দিয়া মোনে–তার লিগা বাবিনা।'

দাগি *বি.* দাগ; চিহ্ন; চিহ্ন; ছাগ; নিশানা; কলংক; দুর্নাম; ক্ষত; আঘাত; মরিচা; পরিচয়-চিহ্ন;

মার্কা; রেখা; আঁক; আঁচড়; জমির খণ্ড বা কিতা। 'এই মহল্লায় দাগি মানু একটাই আচে।'

দ্যাছান্তর *বিণ.* দেশান্তর; অন্য দেশ; ভিন্ন দেশ; দূরদেশ। 'ছাক্ষী থাইক নগরবাছী ছাক্ষী বারিগর/ ছোহাগরে না পাইলে জুম্মন অইব দ্যাছান্তর।'

দ্যাছপেম *বি.* দেশপ্রেম; ভক্তি; হিতব্রত; হিতব্রতী; হিতৈষী; দেশের প্রতি ভালোবাসা বা টান; স্বদেশের কল্যাণ সাধন যার ব্রত। 'দ্যাছপেম অইল গিয়া ইমানের অনগো।'

দাদোন *বি.* দাদন; বায়না; দ্রব্যাদির অগ্রিম মূল্য বা মূল্যাংশ। 'দাদোন খাইবার পার, মাল ছামানা দিবার পারনা ক্যালা?'

দানগা *বি.* দাঙ্গা; দলবদ্ধ হয়ে মারামারি করা। '১৮৬৯ ছালে ঢাহায় বহুত বর ছিয়া ছুন্নি দানগা অইচিল।'

দাপট *বিণ.* প্রবল; প্রতাপ; প্রভাব-প্রতিপত্তি; দুর্দান্ত; তেজ। 'তহন ঢাহা ছহরের লনগির উপ্রে লাল জামা পরা কুলিগ বহুত দাপট আচিল।'

দাফন-কাফন *বি.* শেষকৃত্য। 'মুছলমান সপ্তেরে দাফন-কাফনের অপেক্ষায় থাকোন লাগব।'

দাফনায়া *ক্রি.* দাফন করে দেয়া; দাফন; মৃত দেহ গোরদান; লাশ সমাধিকরণ। 'ছমায় থাকতে দাফনায়া দেও নাগিনীর কালমন্তর।'

দাফুন *বি.* দাফন; দফন; মৃতদেহ সৎকার বা গোরদান; লাশ সমাহিতকরণ। 'মানু মরলে তারাতারি দাফুন করা ছুন্নত।'

দাবায়া *ক্রি.* দাবিয়ে রাখা; দমন করা; শাসন করা; চেপে ধরা; টিপে দেওয়া; টেপানো। 'কেউ আমারে আইজ আর দাবায়া রাকবার পারবনা/আমি ছাদীন, আমি ছাদীন।'

দামাদ *বি.* দামান্দ; দামান; জামাতা; জামাই; কন্যার স্বামী। 'দামাদরে কমপিলিট বানায়া দেয়োন লাগব।'

দামান্দ *বি. দ্র.* দামাদ।

দায় *বি.* দায়িত্ব; দায়িত্বপূর্ণ কর্ম; বড় রকমের কাজ; প্রয়োজন; গরজ; কারণ। 'গারমেন দইছা পরনের দায়বার মালিকের আলবৎ নেয়োন লাগব।'

দায়মন *বি.* ডায়মন্ড; হীরা। 'দায়মন একখান ছাদা পাত্তর, এইটার দাম বি লাক লাক

ট্যাকা ক্যাম্বে অহে বুজবার পারিনা।'

দ্যায় *ক্রি.* দেয়; দেওয়া; দান করা; বিতরণ করা। 'দুদ দ্যায় গাইয়ের লাত্থি বি মিঠ্ঠা লাগে।'

দারলিং *বি. বিণ.* ডার্লিং; প্রিয়তমা; প্রেমিক; প্রেমিকা। 'আমি বি কইচি, তুমি আমার দারলিং, তুমারে আমি বহুত লাব করি।'

দারাইচে *ক্রি.* দাঁড়িয়েছে। 'বেজালের ব্যবস্থা কই গিয়া দারাইচে দেকবার পারচ।'

দারিপাল্লা *বি.* ওজন পরিমাপক। 'আমরা ঢাহায়ারা পিচ্চিকাল থাইক্যা দারিপাল্লা আর বাটখারা লয়্যা মাইতা কিছুই পাইলাম না।'

দ্যাহা *ক্রি. দ্র. দ্যাখা।*

দ্যাহে *ক্রি.* দেখে; দেখা; দর্শন করা; চোখে পড়া; দৃষ্টিপাত করা; তাকানো; চাওয়া; তত্ত্বাবধায়ন করা। 'যে জাইগা গুমায় হেয় হপন দ্যাহে ক্যাম্বে!'

দাহেজ *বি.* পণ; বিবাহাদিতে বর বা কনেপক্ষকে প্রদত্ত অর্থ; যৌতুক। 'নিছিদ্দ অইলে বি আইজকাইল দাহেজ একটা ফ্যাছন অয়্যা গেচে।'

দিওয়ালি *বি.* দিপাবলি; দীপালি; দীপালী; দীপমালা; প্রদীপশ্রেণি; কালীপূজা বা শ্যামাপূজা; উপলক্ষে হিন্দুদের আলোক উৎসব।

দিকিদিকি *অধ্যয়.* ধিকিধিকি; ধুঁকে ধুঁকে; ধীরে ধীরে; ক্রমাগত; অল্প অল্প; আস্তে আস্তে। 'দিলের মইদ্যে আগুন দিকিদিকি কইরা জ্বলতাচে।'

দিচেমবর *বি. বিণ.* ডিসেম্বর মাস; ইংরেজি বছরের দ্বাদশ বা সর্বশেষ মাস।

দিছায়ারা *বিণ.* দিশেহারা; দিগ্বিদিক জ্ঞানশূন্য। 'আকালাতক্কে দিছায়ারা এই নরম মাটির হন্তান।'

দিজিতাল *বি. বিণ.* ডিজিটাল; সংখ্যাদ্বারা নিয়ন্ত্রিত প্রযুক্তি। 'তারা হক্কল কিচু দিবার পারলে দিজিতাল যুগে আমরা ক্যালা পিছায়া থাকুম।'

দিতাচে *ক্রি.* দিচ্ছি; দিতেছি। 'দ্যাছের মানুর যা লাগে ছরকার তাই দিতাচে, তাও বি তুমরা উছকানি দিয়া মজা লুট।'

দিন গুজরান *বি.* দিন অতিবাহন; দিন অতিক্রম; বহুদিন ধরে প্রতীক্ষা করা। 'কছটো অইলে বি হৎবাবে দিনগুজরান করোন উচিত।'

দিবানিছি *বিণ.* দিবানিশি; দিন-রজনী; অহোরাত্র; দিনরাত; সর্বক্ষণ। 'তুমার লাইগা দিবানিছি কাইন্দা জারেজার।'

দিমাগ *বি.* দেমাক; দেমাগ; দিমাগ; মস্তিষ্ক; মাথার মগজ; অহংকার; গর্ব; আত্মাভিমান; বুদ্ধি; মেধা। 'তুমার কতায় আমার দিমাগ গরমায়্যা গেচে।'

দিল *বি.* দিল্; দীল; দেল; আত্মা; মহাপ্রাণতা; হৃদয়ের উদারতা; হৃদয়; হৃদপিণ্ড; মন; চিত্ত; অন্তর; অন্তঃকরণ; হৃদি; হিয়া; হিঅ। 'তোমারে লিয়া বাছর করুম চানদে গর টানায়া/ দিলের টুকরা বিলায়া দিমু মোরব্বা বানায়া।'

দিলখোছ *বি.* আনন্দে ভরপুর মন। 'আমার মোতন এমুন দিলখোছ জানিদোছ ঢাহা ছহরে খুইজা বি পাইবা না।'

দিলখোলা *বিণ.* মন খোলা; পরাণ খোলা। 'আমার মোতন দিলখোলা মানু ক্যাঠা আচে?'

দিলচান *বি.* মনের চাঁদ; মনের মধ্যমণি; প্রাণপুরুষ; প্রেমিক; আশনা; আশেক। 'কোন্কালে দিলচান ফিরা আইব বারি?'

দিলপিয়ারী *বি.* হৃদয়ের প্রিয়পাত্রী; মনের মানুষ; ভালোবাসার পাত্রী। 'আমি তুমার দিলপিয়ারী দিলছান আমার নাম।'

দিলবর *বি.* প্রেমিক; অনুরাগী; প্রণয়ী; আশেক; অনুরক্ত; ভক্ত; যে পুরুষ ভালোবাসে। 'আইব যে দিলবর দিল জোরা দিতে পরানের পাখি।'

দিল লাগায়া *ক্রি.* মন লাগিয়ে। 'দিল লাগায়া কাম করলে ছরিলে টের পায় না।'

দিল্লাগী *বি.* হাসি ঠাট্টা; রঙ্গরস; রঙ্গরসিকতা; আনন্দময়; প্রফুল্লমন দিয়ে কাজ করা; মনোনিবেশ করা; আত্মনিয়োগ করা। 'তুমার লগে দিল্লাগী না করবার পারলে পেটের ভাত হজম অহেনা।'

দিললি *বি.* দিল্লি; মধ্যযুগের সাম্রাজ্য শাসনকালীন ও ইংরেজি আমলে বারতের রাজধানী। 'দিললি থেইকা ঢাহা ছহর ক্যাম্বে ছাছন করচে আমার মাতাৎ আইজ বি দরে না।'

দিলিট *বিণ.* ডি.লিট; ডক্টর অব লিটারেচার। 'ঢাহা বারচিটি রবিনন্দোরনাতরে ১৯৩৬ সালে দিলিট ছনমান দেয়।'

দীর্গছাছ *বি.* দীর্ঘশ্বাস; ফুসফুস হতে সজোরে নির্গত বায়ু; লম্বা প্রশ্বাস বা দম নির্গতকরণ। 'তুমারে

দিলাম কাচা দিলের গরম দীর্গছাছ।'

দীদার *বি.* দেখা পাওয়া; সাক্ষাৎ পাওয়া; দর্শন পাওয়া; দৃষ্টিপাত করা; তাকানো। 'আইজকাইল তুমার দীদার পায়োন বহুত মুচকিল দেকতাচি।'

দীয়া *বি.* দীপ; প্রদীপ; আলো। 'জ্বালব দিলে পেমের দীয়া গুইচা যাইব দুখ।'

দুই আন্নি *বি. বিণ.* দুই আনার মুদ্রা। 'মোমিন মটর কোমপানির টাউন টু এ ছারবিচ বাছ দিয়া দুই আন্নি খরচায় ঢাহার এক মাতা থাইক্যা আর এক মাতায় যায়োন যাইত।'

দুইয়া *ক্রি..* ধোয়ে; ধৌত করা। 'আমার লনগিটা দুইয়া দেও।'

দুইয়ে *বিণ.* দু'জনে; এক এর অধিক। 'কতা যাই কইনা ক্যালা আমরা দুইয়ে মিল্লা মাগার এক।'

দুইফর *বিণ.* মধ্যাহ্ন; সূর্যের অবস্থান যখন মাথার ওপারে। 'দুইফরের ছুরুজ মাতাৎ লয়্যা রাচতাৎ নামোন লাগেনা।'

দুওই *বিণ.* দুইই; দুটিই; দুজনই; দুবারই। 'পেইজ রহুনের হোগা দুওই এক।'

দুকখ *বি.* দুঃখ; কষ্ট; মনস্তাপ; মর্মপীড়া। 'চ্যেজম্যান দুখখে লেকচে 'A cat has nine lives, how many has a man'?

দুকান *বি.* দোকান; বিপণি বিতান; ক্রয়বিক্রয়ের স্থান বা ঘর। 'দুকান খুইলা পইল্লা পরথম আগরবাত্তি জ্বালান দরকার অহে।'

দুখ *বি.* দুঃখ; কষ্ট; মনস্তাপ। 'গরের মানু মোনে দুখ দিলে কমু কারে?'

দুছমন *বি. বিণ.* দুশমন; দুষমন; শত্রু; শত্তুর; অরি; অরাতি; বৈরী; রিপু; বিপক্ষ; প্রতিকূল; প্রতিপক্ষ; বিরুদ্ধপক্ষ; দুর্বৃত্ত; বিকট; ভীষণ; ভয়ংকর। 'আমিই হ্যালায় দুছমন আমার/ আমিই আমার দোছ।'

দুছমনি *বিণ.* দুশমনি; দুষমনি; শত্রুতা; বৈরিতা; দুর্বৃত্ততা; শয়তানি; শত্রুতাপ্রসূত আচরণ। 'তার লগে আমগো কুনো দুছমনি নাইক্যা।'

দুছরা *বিণ.* দোসরা; দোসরী; দুস্‌রা; দুসরী; দ্বিতীয়; অন্য; অপর। 'এ্যাই রাইত দুইঠার ছোময় দুছরা মানু ছারা একলা যাইতাচ ক্যালা?'

দুঃছময় *বিণ.* দুঃসময়; দুর্দিন; আকাল; দুর্যোগ; দুর্বিপাক। 'দুঃছময় দুঃছময়, হায় কি মরার দুঃছময়/ আমারে কইঅ্যানা অহন বালবাছার কতা।'

দু-দেল *বি.* দো-দেল; দু'মনা; কপট; দ্বিধান্বিত; দুশ্চিন্তাগ্রস্ত; দুর্ভাবনাগ্রস্ত; উদ্বিগ্নচিত্ত; চিন্তিত। 'দু-দেল বান্দা জন্নাত পাইবার পারে না।'

দুর্দছা *বিণ.* দুর্দশা; দুর্গতি; কষ্টকর অবস্থা। 'দুর্দছা, আহাজারী, চিক্যইরে, হাহাকারে/ ছূইন্যের আকাছ জমিনে দপ্পাছ, দপ্পাছ্ করে।'

দুনিয়া *বি.* পৃথিবী; জগৎ; ধরা; ধরিত্রী; বিশ্ব; সংসারী; সাংসারিক; বিষয়বুদ্ধিসম্পন্ন। 'দুনিয়াটা অইল আমগো পরিষ্কার জাগা।'

দুনিয়াদারি *বি.* ইহকাল বা পার্থিব জীবন নির্ভর কাজ। 'আখিরাতের কামের লাইগা দুনিয়াদারি করবার লাগব।'

দুপী *বি.* ধোবী; ধুবী; ধূবী; বস্ত্র ধৌতকারী; রজক। 'আগে পুরান ঢাহার দোপখোলায় দুপীরা থাকত।'

দুম *বি.* ধুম; উৎসব; উচ্ছব; আনন্দানুষ্ঠান; পর্ব; আনন্দানুভূতি; আহ্লাদ; উল্লাসে মুখরিত। 'চাইরমুহি ঈদের খুচির দুম পইরা গেচে।'

দুর্মুইছা *বি.* বিপজ্জনক স্বভাবের লোক; বড় ধরনের ক্ষতিকর কাজ বা অন্যের ভয়ানক ক্ষতি করতে দ্বিধা করে না এমন ব্যক্তি। 'এ্যাই দুর্মুইছার বিচার করব আল্লায়।'

দুর্মূইল্য *বিণ.* দুর্মূল্য; অতিরিক্ত মূল্য; অত্যধিক মূল্য; উচ্চমূল্য; মহার্ঘ। 'কিমুন কইরা যে কাইব্য করি দুর্মূইল্যের এই বিপরীত বাজারে?'

দুযুগ *বি.* দোজখ; দোযখ; নরক; অতিনিকৃষ্ট ও ক্লেশদায়ক স্থান; ইসলামী মতে পরলোকে যেখানে পাপীদেরকে শাস্তি দেয়া হবে। 'নুমাজ আদাই না করলে দুযুগের লাকরি অইবা।'

দুরুগ *বি.* দুর্গ; কেল্লা; পরিখা বা প্রাচীরবেষ্টিত সংরক্ষিত সেনানিবাস; শত্রুসৈন্যের প্রবেশ দুঃসাধ্য এমন স্থান। 'লালবাগ দুরগের জিলকানি আগের মোতন আর নাইক্যা।'

দুরচ্‌ত *বি.* দুরস্ত; দোরস্ত; ঠিক; উপযুক্ত; যথার্থ; স্থির; নির্ধারিত; নির্ণীত। 'ছুদ খায়োন কুনো মানুর লাইগা দুরচ্‌ত না।'

দুর্মুছা *বি.* *দ্র.* মুর্মুইছা।

দুলহাই *বি.* দুলাহ; দুলহা; স্বামী বর; বিবাহের পাত্র। 'নয়া ছুরুজের দুলহাই বদন দেহি রমনার ময়দানে।'

দুলদুল *বি.* হজরত মুহম্মাদ (সা.)-এর জামাতা হজরত আলী (রা.) এর ঘোড়ার নাম।

দুলা *বি. দ্র.* দুলহাই।

দুলাবাই *বি.* ভগ্নিপতি; বোনাই; মেয়ের স্বামী; জামাতা। 'হ্যারা হালা কইলে আমরা দুলাবাই কয়্যা জরায়া দরি।'

দুলারি *বি.* দুলারী; স্ত্রী; আদরিণী বা সোহাগিনী কন্যা; দুলালী। 'দুলারিরে দিলের চাইত্তে বর কিচু দিবার আর কি আচে।'

দুয়া *বি.* দোয়া; দোআ; আশীর্বাদ; আশীর্বচন; মঙ্গল কামনা; কল্যাণ প্রার্থনা; শুভেচ্ছা। 'আহ মুন্দারের আছানির লাইগ্যা আল্লার কাচে দুয়া করি।'

দুয়াই *বি.* দোহাই; শপথ; দিব্য; অসিলা; অজুহাত; ছুতা; সুবিচার; দয়া ইত্যাদি প্রার্থনা সূচক আহ্বান; অনুরোধ; মিনতি; কাতরতা বা আবেদনের ভাব-প্রকাশ। 'বালা কাম না কইরা দরমের দোয়াই দিয়া পার পাইবা না।'

দুয়ানো *বি.* দোহন; দুধ দেয়ার কাজ; শোষণ; অন্যের অর্থাদি কৌশলে ধীরে ধীরে আত্মসাৎকরণ। 'গাইয়ের দুদ দুয়ানো ছপ্তে পারে না।'

দেইখা *ক্রি.* দেখে; দেখা; দর্শন করা; চোখে পড়া; দৃষ্টিপাত করা; তাকানো; চাওয়া। 'দেইখা যে নূর গোচে আমার দিলের পেরেছানী।'

দেইখ্যা *ক্রি. দ্র.* দেইখা।

দেউরি *বি.* পাকা গেট বিশিষ্ট এলাকা। 'বেচারাম দেউরির জিলকানী বাচপান কালে দেকচি।'

দেউন্যা *ক্রি.* দেওয়ার মতো; দেওয়া। 'হায়াত, মওত, রিজিক, দৌলত দেউন্যার মালিক আল্লাহ।'

দেও *বি.* দৈত্য; অসুর; দানব; অসুর প্রকৃতির লোক; বিরাটকায় ব্যক্তি। 'দাদি -নানিরা দেও-দৈত্য জিন-পরিগো গপ কইত।'

দেওইন্যা *ক্রি. দ্র.* দেউন্যা।

দেওন *ক্রি.* দেওয়া; দেয়া; প্রদান করা; জোগানো; সরবরাহ করা; দান করা; বিবাহে কন্যা সম্প্রদান করা; জন্মানো; উৎপন্ন করা; ন্যস্ত করা; নিযুক্ত করা; অর্পণ করা; বিসর্জন করা; উৎসর্গ করা; সেচন করা। 'গরীব আত্মীয় আর পরতিবেছিগো জকাত দেওন ছোয়াবের কাম।'

দেওয়ানা *বিণ.* দীওয়ানা; দীউয়ানা; দেওয়ানা; পাগল; পাগলবৎ; উন্মাদ; বিকৃত মস্তিষ্ক। 'তুমি দেখি ব্যাটা এছকে দেওয়ানা অয়্যা গেচ।'

দেওর *বি.* স্বামীর ছোট ভাই; দেবর।

দেকচ *ক্রি.* দেখেছ; দেখেছ কিনা; দেখিয়াছ; দেখা হয়েছে কিনা (প্রশ্নার্থে)। 'তুমি আমারে আগে দেক্‌চ, কতাটা হাচা।'

দেকচি *ক্রি.* দেখেছি; দেখা হয়েছে; দর্শন লাভ করা হয়েছে। 'আমি তুমারে আগে দেকচি। কতাটা হাচা।'

দেকতাচি *ক্রি.* দেখছি; দেখিতেছি; দর্শন করা হচ্ছে। 'আমি বয়্যা বয়্যা তুমার বেলেহাজি কাইজ-কাম দেকতাচি।'

দেকি *ক্রি.* দেখা; পরীক্ষা বা পর্যবেক্ষণ করা; বিচার-বিবেচনা করা; স্থির করা; বোঝা; সিদ্ধান্তে আসা। 'তুমি দেকি আস্তা একটা রামছাগল অয়্যা গেচ।'

দেছপেম *বি.* দেশপ্রেম; দেশাত্মবোধ; স্বদেশের প্রতি ভালোবাসা বা টান। 'দ্যাছপেম না থাকলে দ্যাছ গরা যাইব না।'

দ্যাছবাছি *বি.* দেশবাসী; দেশের জনগণ; আম জনতা; জনসাধারণ; জনতাপূর্ণ; জনসমাচ্ছন্ন। 'দ্যাছবাছি আর তামাম দুনিয়া যেইটা মাইনা নিব হেইটা ইতিহাছ।'

দ্যাছ *বি.* দেশ; রাষ্ট্র; স্থায়ী বাসভূমি; জন্মস্থান; স্বদেশ; মাতৃভূমি। '৭১ এ বানগালি মুকতিরা দ্যাছ ছাদীন কইরাই ছারল।'

দ্যাছপতি *বি.* দেশপতি; রাষ্ট্রপতি; প্রেসিডেন্ট। 'পাকিচতানে ছেনাপতিরা নাছপতি খায়্যা দ্যাছপতি অইবার লাইগা চানচে থাকে।'

দেরাশারা *ক্রি.* শঙ্খের ভেতরের ডিম ফেলে দেয়ার কাজ।

দেন *ক্রি.* দেওয়া; দেয়া। 'দুইটা পছা দেন কয়্যা ফকিরটা ছারা দিন কানবার থাকে।'

দেমাগ *বি. দ্র.* দিমাগ।

দেরাল *বি.* শঙ্খের বীণ বের করার কাজে ব্যবহৃত যন্ত্র।

দেহা *ক্রি. দ্র.* দ্যাহা।

দেহাইতাচেন *ক্রি.* দেখানো; দেখাইতেছেন; দেখিয়ে দেওয়া; দেখাইয়া দেওয়া। 'আপনে টিকিট কাইটা চিরিয়াখানায় আইনা দেহাইতাচেন হজারু!'

দেহায়া *ক্রি.* দেখিয়ে; দেখানো; দেখিয়ে দেওয়া; দেখাইয়া

দেওয়া; শেখানো; বাতলিয়ে দেওয়া; পড়া দেখিয়ে দেওয়া; পথ দেখিয়ে দেওয়া; জব্দ করা; ভীতি প্রদর্শন করা; চোখ রাঙানো। 'যারা বনদুক লাইফেল দেহায়া রাইতের রাজা অয়্যা ক্ষমতা দখল করে তারা দুইদিন বাদে হারায়া যায়।'

দেহি *ক্রি.* দেখি; দর্শন করা; চোখে পড়া; দৃষ্টিপাত করা; তাকানো; চাওয়া। 'নতুন পোছাকে তুমারে দেহি ছাহেবের লাহান লাকতাচে।'

দেহুম *ক্রি.* দেখব; অবলোকন করব; প্রত্যক্ষ করব; দর্শন করব; দৃষ্টিপাত করব। 'কবে যে দেহুম ঢাহা ছহর ফেলাই ওবারে বইরা গেচে।'

দৈন্য *বিণ.* দীনতা; দারিদ্র্য; অভাবগ্রস্ত; নিঃসম্বল; হীনতা; নির্ধনতা। 'আর কত কাটামু দৈন্যের কাল?'

দৈয়াল *বি.* দোয়েল; পাখায় সাদা পালক যুক্ত কালো রঙের ছোট পাখি যা আমাদের জাতীয় পাখি।

দোকা *বি.* ধোকা; ধোঁকা; ফাঁকি; ধাপ্পা; প্রবঞ্চনা; সন্দেহ; সংশয়; ভ্রম; ভুল। 'তুমার মোতন দোকাবাজরে আমি কুনো ছায্য করুম না।'

দোচ *বি.* দোস্ত; বন্ধু; ঘনিষ্ঠজন; মিত্র; সখা; সুহৃদয়; হিতৈষী; কল্যাণকামী ব্যক্তি; স্বজন; প্রণয়ী; প্রিয়জন। 'আগে দোচরে খাওয়ায়্যা লও, পরে গপে মাইতা উট।'

দোচতালি *বিণ.* দোস্ত; বন্ধু; বুন্ধত্ব; মিত্র; সুহৃদ; সখ্য; সুসম্পর্ক। 'আপগানিচতানের লগে আমগো দোচতালি বহুত পুরানা।'

দোছ[১] *বি.* দোষ; দোষ দেওয়া; দোষারোপ করা; ত্রুটি; খুঁত। 'খাটি কতার মইদ্যে দোছের কি দেকলা?'

দোছ[২] *বি. দ্র. দোচ।*

দোছতাইন *বি.* বন্ধুপত্নী। 'দোছতাইনরে লয়্যা কবে আমার বাছায় যাইবা?'

দোছ-বন্দু *বি.* সঙ্গী-সাথি। 'কব্বরে দোছ-বন্দু কেউ যাইব না।'

দোপরিয়া মাতম মহররমের অনুষ্ঠান চলাকালে দুপুর থেকে পরিবেশিত মাতম।

দোবারা *বিণ.* একের অধিক; দ্বিতীয়বার। 'দোবারা হজ করবার চাইলে ফের মক্কা মদিনা যায়োন পরব।'

দোম *বিণ. দ্র.* দম।

দোমকল *বি.* দমকল; পুকুর ইত্যাদি হতে পানি তোলার

যন্ত্রবিশেষ; পাম্প; অগ্নিনির্বাপণের জন্য পানি নিক্ষেপণ যন্ত্র বিশেষ। 'দোমকল বাহিনী আয়্যা আগুন নিবায়া দিল।'

দোর[১] *বি.* দরজা; দুয়ার; কবাট; কপাট; দ্বার। 'দোরের লারৎ বহা দ্যাকবা থুর থুইরা এক বুরি।'

দোর[২] *বিণ.* ধোড়; বোকা; আহাম্মক; নির্বোধ; বুদ্ধি কম এমন। 'বুঝছি হ্যালায়, তুমি নয়া দোর।'

দোর[৩] *বি.* গলা; গলা; কণ্ঠণালী। 'আইজবি তোমার দোরে চিবি মারে গজমতির হার।'

দোলাই *বি.* ধোলাই; প্রক্ষালন; ধৌতকরণ; ধোপ; ধৌত; পানি দ্বারা পরিষ্কৃত। 'দোপীরা কাফোর দোলাই কইরা বাছায় বাছায় পছায়া দিত।'

দোয়াই *বি.* দোহাই; শপথ; দিব্য; অসিলা; অজুহাত; ছুতা; সুবিচার; দয়া ইত্যাদি প্রার্থনা সূচক আহ্বান; অনুরোধ; মিনতি; কাতরতা বা আবেদনের ভাব-প্রকাশ। 'আল্লার দোয়াই লাগে, টুন্ডা ফকিট্টারে মাইর দিও না।'

দৌলত *বি.* দওলত; দৌলৎ; সম্পদ; ঐশ্বর্য; ধনরত্ন; অনুগ্রহ; আনুকূল্য; সহায়তা; প্রভাব; দয়া। 'হায়াত, মউত, রিজিক আর দৌলতের মালিক আল্লায়।'

দোওন *ক্রি.* ধোয়া; ধৌত করা; ধোওয়া; প্রক্ষালন; কাচা; পানি দিয়ে পরিষ্কার করা। 'খায়োন-উয়োনের আগে আত দোওন দরকার অহে।'

ন

নউকা *বি.* নৌকা; তরণী; জলযান; পোত; তরী; দাবা খেলার গুঁটি বিশেষ। 'হাল অইল নউকার আছোল যন্তরো।'

নওকর *বি.* নকর; চাকর; ভৃত্য; গোলাম; দাসত্ব; অপরের সেবা বা পরিচর্যাকারী; কর্মচারী; নির্দিষ্ট তাঁবেদার; আজ্ঞাবহ। 'নওকর ও ছরকার দ্যাছ আর পাবলিকের ছেবা করব এইটাই বি নিয়োম।'

নওছার *বি.* গর্ভধারণের নয় মাসের উৎসব।

নওমুচলিম *বি.* নওমুসলিম; নবদীক্ষিত মুসলমান; ইসলাম ধর্মে সদ্য দীক্ষিত ব্যক্তি। 'আইজকাইল নওমুচলিম বেছি একটা দেখা যায় না।'

নকছা *বি.* নকশা; নকসা; নক্সা; মানচিত্র; চিত্রের কাঠামো বা

খসড়া; রেখাচিত্র; গৃহ উদ্যান সেতু ইত্যাদির অবস্থান গঠন সূচক রেখাচিত্র; গঠনপ্রণালী নির্দেশক রেখাচিত্র; ফুল; লতাপাতা অঙ্কিত; জমির জরিপ সম্বন্ধীয় চিত্র; হাস্যরসাত্মক রচনা; ব্যঙ্গচিত্র। 'কুনো কিচু বানাইবার গেলেই পরথম লাগে নকছা।'

নকন্নি *বি.* চাকরানি; চাকরানী; বাকর; নফর; ভৃত্যগণ; দাস; দাসী সকল; ভৃত্য গৃহকর্মের বেতনভোগী সহায়ক; কাজের লোক। 'অচিনা নকন্নি রাকলে অনেক ছমছ্যা অহে।'

নকর *বি. দ্র.* নওকর।

নকরি *ক্রি.* চাকরি; চাকুরি; চাকরী; চাকুরী; জীবিকা; পেশা; কাজকর্ম; নির্দিষ্ট বেতনের বিনিময়ে অপরের কাজ করা বা কারো অধীনে কাজ করা; দাসত্ব; অপরের সেবা বা পরিচর্যা। 'ছরকারি নকরিতে আলাহেদা ছনমান আচে।'

নকল *বি.* বেআইনিভাবে পরীক্ষার্থীর উত্তরপত্র দেখে লেখন; অনুকরণ; অনুলিপি; প্রতিলিপি; প্রতিবিম্ব; কৃত্রিম; জাল; অখাঁটি; ঝুটা। 'নকল জিনিছ পত্রে বাজার ছয়লাব অয়্যা গেচে।'

নকলি *বি. দ্র.* নকল।

নখুন *বি.* নখ; নোখ। 'ছপ্তাহে একদিন নখুন কাটোন পয়জোন অহে।'

নগদ *বি.* তৎক্ষণাৎ মূল্যদান; জিনিস ক্রয়ের সময়ে মূল্যদান; বাকির বিপরীত; উপস্থিত টাকা; মৌজুদ টাকা; খুচরা বা কাঁচা টাকা; যে টাকা চেক প্রভৃতিতে দত্ত নয়। 'নগদ ট্যাকা ছারা মাল-ছামানা বিক্রি করি না।'

নচিয়ত *ক্রি.* নচিহত; নছিহত; হেদায়েত করা; ধর্মসম্বন্ধীয় উপদেশ বা শিক্ষা দেওয়া। 'ওয়াজ নচিয়ত কমত করা অইতাচেনা, মাগার বিদ্যাছি ফিলিম দেখন বি বন করবার পারতাচি না।'

নছীব *বি.* নসিব; নসীব; নিয়তি; নছিব; ভাগ্য; অদৃষ্ট; তকদির; কপাল। 'আল্লায় নছীবে যা লেইখা দিচে হেইডা খণ্ডানের ছাদ্য কার আচে?'

নজদিক *বিণ.* নযদিক; নযদীক; নিকটবর্তী; অতি নিকটে; কাছে; অদূরে; অল্প দূরস্থিত; নিকটে; নিকটস্থ; দূরে অবস্থিত নয় এমন; সম্মুখ; সমীপ। 'আট মাহিনা পার কইরা ইয়াহিয়া বুঝল জঙ্গে পরাজয় নজদিক।'

নজর *বি.* নযর; দৃষ্টি; লক্ষ্য; মনোযোগ; অভিনিবেশ; তত্ত্বাবধান; সুদৃষ্টি; অশুভ দৃষ্টি। 'নজর খরাব মানু আমার জানের দুছমন।'

নজ্‌রানা *বি.* উপঢৌকন; ডালি; দর্শনীয় উপহার; সালামী; ভেট। 'তার লিগা নজ্‌রানা, রঙ্গিলা ছামিয়ানা টাঙ্গায়া রাখি।'

নতিজা *বি.* নমুনা; দৃষ্টান্ত; উপমা; উদাহরণ; নজির; লক্ষণ; চিহ্ন; পরিচয়; নিদর্শন; অভিজ্ঞান; আভাস; ইঙ্গিত; সূচনা। 'এইটা অইল রাইতে রাজা অয়্যা দ্যাছের বাদছা বইনা যায়োনের নতিজা।'

নপছ *বিণ. বি.* নফ্‌স; নিশ্বাস; জীবন; আত্মা; অহং; রিপু; কাম; ক্রোধ; লোভ; মোহ; মদ; মাৎসর্য; বাসনা; ভোগ; পাপ; অহংকার। 'বালা মানুর পরথম কাম অইল নপছেরে কন্‌টোল করা।'

নফ্‌ছ *বি. দ্র.* নপছ।

নফল *বিণ.* অতিরিক্ত; যা ফরজ বা ওয়াজিব নয়। 'নবীজী (সা.) এর ছাহাবীরা নফল নুমাজ আদায় করতেন।'

নবী *বি.* নবি; পয়গম্বর; রসুল; আল্লাহর প্রেরিত পুরুষ; আল্লাহ্‌র বাণী; সংবাদদাতা। 'হজরত মোহাম্মদ (সা.) নবীকুলের ছিরোমনি।'

নুমাজ *বি.* নমায; নামাজ; নামায; নেমাজ; ইসলাম ধর্মমতে ফজর; যোহর; আসর; মাগরিব ও এশা– দৈনিক এই পাঁচবার অবশ্য করণীয় ইবাদত বা উপাসনা; সালাত। 'পাচ ওক্ত নুমাজ ইচলামের পরথম খুঁটি।'

নমুনা *বি.* প্রমাণ; অভিজ্ঞান; চিহ্ন; উদাহরণ; দৃষ্টান্ত; কোনো জিনিস বা কাজের সামান্য অংশ যা থেকে তার সমগ্র পরিচয় পাওয়া যায়; নিদর্শন; পরিচায়ক; আদর্শ; তুলনা। 'অহন বুইজা লও গারমেন ছরমিকের লাইগা মালিকের দরদের নমুনা।'

নরোম *বিণ.* নম্র; কোমল; অকঠিন; মৃদু; ধীর; শান্ত; কড়ার বিপরীত; ঠান্ডা; কচি; আর্দ্র; ভদ্র; বিনীত। 'এমুন নরোম মোনের মানু কুনোদিন পাপকাম করবার পারব না।'

নয় ছয় *বিণ.* ছল চাতুরি; গোলমাল করা। 'লেল মুনতিরি অয়্যা কইচিল লেল ডিপাটের মইদ্যে বহুত দিন দইরা নয় ছয় কাম অইতাচে।'

নয় ছয় করা *বি.* ছল করা; ছলনা করা; প্রতারণা করা; প্রতারণ

করা; প্রবঞ্চনা করা; অহেতুক ঘুরানো; হয়রানি করা; শঠতা করা। 'কুনো নয় ছয় করবার চাইলে নাকটা বাইনগা দিমু।'

নয়নছুত্ *বি.* সুতার তৈরি এক প্রকার চিকন পাড়ের ধুতি; বাঙালি বিধবার বসন। 'নয়নছুত্ দুতি পিন্দা ছাজু বাইয়ের আল্লাদী বউ ছকিনা রারি/ মরা মাছের লাহান বোবা অয়্যা খালি চায়্যা থাকে।'

নহর *বি.* লহর; ঢেউ; তরঙ্গ; স্রোতস্বিনী; জলধারা; বাতাসে বা স্রোতের বেগে পানির উচ্চতা বা উচ্ছ্বাস; ঊর্মি। 'গরে গরে ছানতি জারি অয়্যা দ্যাছে রহমতের নহর বয়্যা যাইব।'

নয়া *বিণ.* নতুন; টাটকা; আধুনিক; নব্য; নতুনভাবে চাষের অন্তর্ভুক্ত; নতুন বসতি। 'কয়দিন দইরা মহল্লায় একটা নয়া মানু আয়োন-যায়োন ছুরু করচে।'

নাওন *ক্রি.* গোসল করা; স্নান করা; সম্পূর্ণ অঙ্গ ধৌতকরণ। 'গরমের দ্যাছের মানুগো দিনে একবার নাওন পয়জোন অহে।'

নাইক্যা *অব্যয়.* নাই; নেই; নাহি; না আছে; না হয়; চলে যাওয়া; শেষ হয়ে যাওয়া; নাশ; ধ্বংস। 'নকলি বাতউত ছারা হের কুনো কাম নাইক্যা।'

নাইচা *ক্রি.* নেচে। 'গানা গাইবার আগে নাইচা নাইচা ফনকারের দোম ছেছ অয়্যা গেচে।'

নাইরা *ক্রি.* নেড়ে; নাড়া; ঝাঁকুনি; দোলানো; ঘাঁটা; বাজানো। 'জিনিছ পরত্ নাইরা-চাইরা কি দেখবার লাকচ?'

নাইমা *ক্রি.* নামা; নেমে; নেমে যাওয়া; কমে যাওয়া; অবতরণ করা; ঊর্ধ্ব থেকে নিম্নে আগমন করা; ভিতর থেকে বের হওয়া।মূল্যহ্রাস পাওয়া। 'ছোনার দাম কিচুটা নাইমা গেচে।'

নাইম্যা *ক্রি. দ্র.* নাইমা।

না'উযুবিল্লা *অব্য.* নাউজবেল্লা; অশুভ বা অন্যায় হ'তে সতর্কতামূলক প্রার্থনা বিশেষ। 'খরাব কিচু দেকলে না'উযুবিল্লা পরবার অহে।'

নাও বাহিনী *বি.* নৌ বাহিনী।

নাও *বি.* নৌকা; তরণী; জলযান; পোত; তরি; তরী; ডিঙা; দাবা খেলার ঘুঁটি বিশেষ। 'নাওত তুইল্যা নেওরে মাজি যামু অচিনপুর।'

নাক ও কান ছেদানী *বিণ.* নাক ও কান ফোঁড়ন উৎসব।

নাচক *বিণ.* নাকচ; বাতিল; নাখোশ; নাখুশ; অসন্তুষ্ট;

অপ্রসন্ন; রুষ্ট। 'আমার আর্জিটা হরদার ছাব নাচক কইরা দিল।'

নাখোছ *বিণ.* নাখোশ; নাখুশ; অখুশি; অখুশী; অসন্তোষ; অসন্তুষ্ট; অপ্রসন্ন; রুষ্ট। 'কালা বিলাই দরতে অইলে ক্যাঠা নাখোছ অইল হেইটা দেখন যাইব না।'

নাগর *বি.* অবৈধ প্রণয়ী; শৌখিন রসিক পুরুষ; বিদগ্ধজন। 'হাচেনবানুর ছাদের নাগর লোটা লয়া বাইগা গ্যাছে।'

নাগাল *বিণ.* সংস্পর্শ; নৈকট্য; সামীপ্য; সম্পর্ক; সংযোগ। 'জীবুনটারে ফানা ফানা কইরা বি ছুখের নাগাল পাইলাম না।'

নাচতিক *বি. বিণ.* নাস্তিক; ধর্মে অবিশ্বাসী। 'এইছব নাচতিকগো জীবুন হালাক করবার পারলে বুছতাম বেটার কাম করচ।'

নাচনা-গাহানা *বি.* নাচ-গান; লম্ফ-ঝম্প; নৃত্যশালা; রঙ্গমঞ্চ; আস্ফালন। 'তুমরা রাচতায় মিচিল কর নাকি নাচনা-গাহানা কর দেইখ্যা বুঝন যায় না।'

নাচবার *ক্রি.* নাচা; নৃত্য করা; স্পন্দিত হওয়া; আনন্দিত বা উৎফুল্ল হওয়া; মেতে উঠা। 'বইপোকারা লাইনে বইছে/ উইপোকারা নাচবার লাগছে।'

নাছ *ক্রি.* নাশ; নষ্টকরণ; বিনাশ; ধ্বংস; ব্যর্থ; বিফল; পণ্ড; নষ্ট; বিনাশপ্রাপ্ত; ধ্বংসপ্রাপ্ত; ব্যবহারের অযোগ্য; দোষযুক্ত; বিনষ্ট; অতীত; গত; ক্ষয়িত। 'আমগো দল ফুকাটে কাম কইরা ঈমান নাছ করে না।'

নাছতা *বি.* নাস্তা; নাস্‌তা; নাশ্‌তা; জলযোগ; প্রাতরাশ। 'আহ নাছতা-উছতা খায়্যা লই।'

নাছতা উছতা *বি.* নাস্তা টাস্তা; জলযোগ; প্রাতঃরাশ। উল্লেখযোগ্য ঢাকাইয়া নাস্তা জাতীয় খাবার যেমন: বাখরখানি; কুলিচা; মকরম; নানখাতাই; কাচ্চা বিস্কুট; মাষের বড়া; ডালপুরি; টাকিপুরি; কিমাপুরি; ডালরুটি; ক্ষেতাপুরি; আলুপুরি; ছানার লুচি; পানতারাস; হালিম; দই বড়া; দই বুন্দিয়া; ছাতু; পানিফল ফ্রাই; পাউরুটির শাহি টোস্ট; কলিজা শিঙাড়া; মিষ্টি শিঙাড়া; বাটার বান; ক্রিমরোল; পেটিস; শ্রীমাল; কচুরি; পোলাও চালের চাপড়ি; আফলাতুন; এলো ঝেলো গজা; কাবলি রুটি; ঢাকাই পরোটা; টানা পরোটা; নানরুটি; মোগলাই পরোটা; ফুলুরি; বাদাম মুড়কি; মুরালি; পালং কাবাব; সবজি কাবাব; কাঁচকলার পাকোড়া;

মাংস সবজির পাকোড়া; নবাবি পরোটা; শাহি পরোটা; আলু পরোটা; মেথি পরোটা; বোগদাদি রুটি; টাপু রুটি; পনির বাখরখানি। 'নাছতা-উছতা খায়্যা ছকাল ছকাল বাহার অইবার লাকব।'

নাছারা *বি.* যারা নাশ করে; ধ্বংস করে। 'আচমানি পাওর আয়া পরলে নাছারারা আমগো পরজা অয়্যা দিন রাইত হাতজোর কইরা মাফি মাইনগা ছেলাম ঠুকব।'

নাজায়িছ *বিণ.* না-জায়িজ; না-জায়িয; ধর্ম বিরুদ্ধ; অবৈধ; শাস্ত্র বিরুদ্ধ; শাস্ত্রবহির্ভূত; অশাস্ত্রীয়। 'বেগানা পুরুছের লগে গুরুন ফিরুন নাজায়িছি কাম।'

নাজায়েছ *বিণ. দ্র.* নাজায়িজ।

নাজিল *বি.* নাজেল; নাযিল; তরণ; উপনীত হওয়া; অর্পিত হওয়া; অবতরণ; অবতীর্ণ; উপস্থিত; আবির্ভাব। 'পাক কুরআনের নাজিল অইতে তেইছ বচ্ছর লাকচিল।'

নাজেয়াল *বিণ.* নাজেহাল; হয়রান; পেরেশান; নাকাল; জব্দ; অতিশয় লাঞ্ছিত বা বিপন্ন; দুর্দশাগ্রস্ত। 'হ্যায় আমারে নাজেয়াল করোনের ফন্দি-ফিকির কম করে নাইক্যা।'

নাজুগ *বিণ.* নাজুক; নাযুক; সুকুমার; রম্য; পেলব; যে আঘাত সহ্য করতে পারে না; অতিশয় দুর্বল; দুরবস্থাসম্পন্ন ব্যক্তি; যা সহজেই বিগড়ে যেতে পারে; সঙ্গীন; সূক্ষ্ম; ভংগুর। 'তিন দিনের জ্বরে ছরিলের অরচতা নাজুগ অয়্যা গেচে।'

নাট্‌কী *বি.* অভিনয়ে পটিয়সী যার কুকীর্তি সকলের কাছে রসালো আলোচনার বিষয় (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'নাট্‌কী দেখি বালা মোতন মজমা জমায়া লইচে।'

নাটকীর পুলা *বিণ.* কুকীর্তিবাজ মহিলার সন্তান (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'নাটকীর পুলা ল যাই তর মার নাচন দেইখা আহি।'

নাদান *বিণ.* বোকা; নির্বোধ; অজ্ঞান; অবুঝ; অবোধ; প্রবোধ মানে না এমন; একগুঁয়ে; বোঝানো যায় না এমন। 'তুমার কতা না বুঝবার মোতন নাদান আমি না।'

নান্নিপান্না *অব্যয়.* বাচ্চাদের মতো স্বভাব। 'তুমার নান্নিপান্না ছবাব এহন বি আচে?'

নাপৃত্া *বি.* নাপিত; ক্ষৌরকার; চুল কাটা; দাড়ি চাঁছা প্রভৃতি যার পেশা; নর সুন্দর। 'বিয়ান বেলা নাপ্তার দোকানে বেছতি বির অহে।'

নাপাক *বিণ.* অপবিত্র; অশুচি; অশুদ্ধ; অশুদ্ধি; যা পবিত্র নয়। 'নাপাক ছরিলে পাক কুরআন দরা নিছেদ।'

নাফরমান- *বিণ.* অবাধ্য; আদেশ অমান্যকারী; অবশীভূত; কথা শোনে না এমন; অনিবার্য; দুর্বার; আজ্ঞা লঙ্ঘন। 'ছব নাফরমানি কাম কাইজের পরতিবাদ পয়জোন অহে।'

নাফরমানি *বি.* বেইমানী করা; বিশ্বাসঘাতকতা করা; ওয়াদা ভঙ্গ করা। 'এই কাম লাখো ছহিদের লগে নাফরমানি অইচে।'

নাফা *বিণ.* অতিরিক্ত; অতিমান; অতিবাড়; অতিশয়; অতিমাত্রায়। 'এমুন নাফা ছামান বরা চ্যাংগারি মাতায় লমু ক্যামে?'

নামকা অয়াচত্তে *বিণ.* নামে মাত্র। 'অহনকার দুনিয়াৎ যেই কয়জোন আচে হেরা নামকা ওয়াচত্তে রাজা।'

নাম ফলায়া *ক্রি.* নাম নেওয়া; নাম বিক্রি করা। 'হ্যায় মনে করচে বি বি ছি'র নাম ফলায়া যা কইব দ্যাছের মানু ওইটাই খাইব।'

নাম-নিছানা *বি.* হদিস; হদিশ; খোঁজ-খবর; সন্ধান; অস্তিত্ব; নাম-ঠিকানা; পরিচয়; দিশা; পথ। 'ছাতদিন পার অয়্যা গেল পুলাটার কুনো নাম-নিছানা পাইতাচি না।'

নামা *বি.* নিচু এলাকা বা স্থান; নিচু জমি। 'নামা জমিনে ছীতকালে বহুত মছলি পাওয়া যায়।'

নামায়া *ক্রি.* নামিয়ে; নামানো; অবতরণ করা; উর্ধ্ব থেকে নিম্নে আগমন করা। 'দলবাজি আমাগো বহুত নিচে নামায়া দিচে।'

নামাস *বি.* পিঠা বিশেষ।

নাবালক *বিণ.* নাবালগ; নাবালিগ; নাবালেগ; অপ্রাপ্তবয়স্ক; আইনানুসারে ১৮ বছরের কম বয়স্ক। 'নাবালক পুলারে বিয়া করানটা উচিত অহে নাইক্যা।'

নায়রী *বি.* নায়রি; কুটুম্বিনী; বিবাহাদিতে আগত ঘনিষ্ঠ আত্মীয়াগণ; নাইয়র। 'বছ্‌ছা মাইনে ছইএর বিতর দূরের নায়রী।'

নারাজ *বিণ.* নারায; অসম্মত; অস্বীকৃত; অসন্তুষ্ট; অপ্রসন্ন। 'আল্লায় নারাজ অহে এমুন কাম করোন দুরচ্ত না।'

নারায়া *বি.* নাড়িয়ে দেওয়া; ঝাঁকুনি; দোলানো; চালনা; শব্দ বা ধ্বনি সৃষ্টি করা; বাজানো। 'ওবামা পেছিটেন অয়্যা তামাম দুনিয়ারে নারায়া দিচে।'

নাল *বি.* ঘোড়ার ক্ষুরে লাগানো লোহার পাদুকা বিশেষ।

নালা *বি.* জল বের হওয়ার খাত; নর্দমা; ড্রেন; খাল সদৃশ। 'আমরা বালা কতা কইলে তুমরা এইটারে গানদা বানায়া নালায় ফালায়া দেও।'

নালবান *বি.* ঘোড়ার ক্ষুরে 'নাল' লাগানোর কারিগর।

নাহান *ক্রি. দ্র.* নাওন।

নাহানো *ক্রি.* গোছল করানো; স্নান করানো; সর্বাঙ্গ ধৌত করানো। 'ছীতকালে নাহানোর আগে ছরিলে কওরাতেল মাকলে বালা কাম অহে।'

নাহায়া *ক্রি.* নাহিয়ে; নেয়ে; স্নান করে; গোসল করে। 'বুরিগঙ্গায় নাহায়া লয়া নাক বরাবইর যাও।'

নাহায়া নালায়া *ক্রি.* গোসল করিয়ে; স্নান করিয়ে; ডুব দিয়ে; গা ধুয়ে। 'পিচ্চিগুনারে নাহায়া লাহায়া দেও।'

ন্যাংটা *বিণ.* নগ্ন; পরিধেয় বস্ত্রহীন; উলঙ্গ; বিবস্ত্র। 'ন্যাংটা পাগল দেখলে হাছাহাছি করন উচিত না।'

নিউ মারকিট *বি.* নিউ মার্কেট। 'নিউ মারকিট অয়োনের আগে ইচলামপুর আচিল এক লমবর মোকাম।'

নিকাছ *বি.* নিকাস; নিকাশ; বাহির হওন; নির্গমন; ধ্বংস; শেষ; অবসান; বিনাশ; বধ; সমাপন; চূড়ান্ত হিসাব। 'মোনে রাইখ্য আখেরি হিছাব-নিকাছের দিন নজদিক অয়্যা আইবার লাকচে।'

নিকি *অব্য.* নাকি; নাকী; সন্দেহ-অনুমান-প্রশ্ন-প্রভৃতি ভাবসূচক শব্দ। 'আমারে পাগল মোনে করচ নিকি?'

নিচচয় *অব্য.* নিশ্চয়; নিঃসন্দেহজ্ঞান; নিঃসন্দিগ্ধতা; স্থির ধারণা, সংশয়রহিত; নিঃসংশয়। 'আখেরে নিচচয় অইব বিনাছ বগুের দল।'

নিচ্চিন্তি *বিণ.* নিশ্চিন্ত; চিন্তামুক্ত। 'নওয়াবি গরিমায় কর নিচ্চিন্তি যাপন।'

নিছ্ছাছ *বি.* নিশ্বাস; দম; প্রশ্বাস, ফুসফুস হতে নির্গত বায়ু; বাইরে থেকে নাসিকা বা ফুসফুসের অভ্যন্তরে গৃহীত বায়ু। 'নিছ্ছাছের নাই বরছা, বরাই কর ক্যাম্বে?'

নিছা *বি.* নেশা; আসক্তি; মত্ততা; মোহ। 'মরণ নিছায় ছপলে জনম–বিফল জিন্দেগানী।'

নিছান *বি.* নিশান; পতাকা; ধ্বজা; ঝাণ্ডা; কেতন। 'এই লাল ছবজার নিছানের লাইগা নয় মাছ যুদ্দ করচি।'

নিছানা *বি.* নিশানা; নিশান; নিশানি; নিসান; নিসানা; নিসানি; নিদর্শন; চিহ্ন; আলামত; চিহ্ন; নিদর্শন; লক্ষণ; অলৌকিক ঘটনা; অবাক কাণ্ড; অভিজ্ঞান; পরিচয়; লক্ষ্য; উদ্দেশ্য; শনাক্তকারী; শনাক্তকরণ; পরিচিত বলে নির্দেশ; পতাকাবাহী; পরিচয়; অভিজ্ঞান; লক্ষ্য; টিপ। 'যুদ্দের ছোময় তুমার কুনো নাম-নিছানা পাই নাইক্যা।'

নিছাদল *বি.* নিশাদল; লবণ জাতীয় পদার্থ।

নিছি *বি. বিণ.* নিশি; রাত; রাত্রি; রজনী। 'নিছি রাইতে ওছ্‌তাদী গান নিগুর মোনে গাওয়া।'

নিঠুর *বিণ.* নিষ্ঠুর; নির্দয়; নির্মম; কঠোর; কঠিন; ক্রূর; নৃশংস। 'আর কতকাল তুমি নিঠুর পাছান/ পরানে দইরা দিবা পরানের টান?'

নিদ *বি.* ঘুম; নিদ্রা; সুপ্তি; আচ্ছন্নতা; তন্দ্রা। 'ছট্‌ফট্‌ করি খালি নিদ নাই চউখে।'

নিদান *বিণ.* দুর্দিন; দুর্ভিক্ষ; আকাল; শেষ অবস্থা; চরম; নিদেন; অসময়; দুঃসময়; দুর্বিপাক; অন্তিম সময়; মৃত্যু সময়; অপরিণতকাল; যে কাল শুভ কাজের উপযোগী নয়। 'কানবার লাগছে বি এই নিদানের কাল-ফাটায়া দিলের আছমান।'

নির্দোছী *বিণ.* নির্দোষী; বিনাদোষী। 'নির্দোছী মইরা ছাফা অবিচারের ফাছে।'

নিবইলা *বিণ.* দুর্বল; বলহীন; শক্তিহীন; ক্ষীণ; রোগা; কৃশকায় ব্যক্তি। 'কিতাবে অইছে জাহির নিবইলার বল।'

নিবর্ন *বিণ.* বর্ণহীন; বিবর্ণ; রংশূন্য; ফ্যাকাসে। 'নিবর্ন বাছ্‌পের লাহান উইবা যায় আমার দিলের নিছাদল।'

নিব্যা *ক্রি.* নিভে যাওয়া; বুজে যাওয়া; নিবা; নেবা; নিভা; নেভা; নির্বাপিত হওয়া; অবসিত হওয়া; শেষ হওয়া। 'ইয়াহিয়া ১৫ ডিসেম্বর রাইত চক্কু মুইঞ্জা দেকে হাছাই যুদ্‌দের বাত্তি নিব্যা গেচে।'

নিম *ক্রি.* ঘুম; ঘুমিয়ে পড়া। 'পাহারাদার গেট খুইলা নিম গেচিল না অয় ফেনচি খায়্যা চ্যুর অয়্যা আচিল।'

নিমক *বি.* লবণ; ক্ষারযুক্ত দ্রব্য; নুন; ক্ষারযুক্ত রাসায়নিক বস্তু; ক্ষার; লোনা। 'নিমক খাইচি যার, কতা কমু তার।'

নিমকপারা *বি.* নাস্তা; পিঠা বিশেষ।

নিমকদান *বি.* লবণের পাত্র; লবণাধার। 'কাচের নিমকদান ছহজে বাইনগা যায়।'

নিমক্হারাম *বিণ.* উপকারীর অপকার করে যে; যে উপকারীর উপকার স্বীকার করে না (গালি বিশেষ)। 'আবে তর মায়রে বাপ, এমুন নিমক্হারাম অইলি ক্যাম্নে?'

নিমা *বি.* ব্লাউজ; মেয়েদের ছোট আকৃতির জামাবিশেষ; ছোট অন্তর্বাস; আধাহাতা খাটোজামা।

নিমিছে *বিণ.* নিমেষে; নিমিষ; পলক; চোখের পাতার স্পন্দন; মুহূর্তকাল; অতিঅল্প সময়; পলক ফেলতে যেটুকু সময় প্রয়োজন। 'উরায়া বি লিব নিমিছে তোমারে ছপ্ত আছমানের পার।'

নিহা *বি.* নিকা; নিকাহ্; নিকা/নিকে; নেকা; বিবাহ; দ্বিতীয় বিবাহ; বিধবা বিবাহ। 'বউটা মইরা যায়োনের ছাত দিনের মাতায় নিহা করোন ঠিক অহে নাইক্যা।'

নিয়ামত *বি.* নেয়ামত; নেয়ামৎ; ধনসম্পদ; অত্যন্ত উপাদেয়; উৎকৃষ্ট; তোহফা; তোফা; সৌভাগ্য; অনুগ্রহ। 'কত ছুখ নিয়ামত বচনে বচনে, নয়নে নয়নে রঙ যাদুর ঝাপি!'

নিয়োম *বি.* নিয়ম; প্রথা; প্রণালী; পদ্ধতি; ধারা; দস্তুর; নির্দিষ্ট বা স্থির বা নির্ধারিত কর্তব্য; আইন; অভ্যাস; বিধান; নির্দেশ; ব্যবস্থা; সংযম; ইন্দ্রিয় দমন; শাস্ত্রবিহিত কৃচ্ছ্রসাধন; সংযত আচার। 'নিয়োম মাইন্যা চলন ছরিল আর মোনের লাইগা বালা।'

নিরাছ *বিণ.* নিরাশ; আশাহত; আশাবিহীন; হতাশ; নিরাশা; ভরসাহীন অবস্থা। 'বহুত আছা কইরা আইচি, নিরাছ কইর না।'

নিরদোছ *বিণ.* নির্দোষ; নিরপরাধ; নিখুঁত; ত্রুটিহীন; কলঙ্করহিত; অপরাধ নেই এমন। 'এমুন নিরদোছ মানুটারে একবার থানায় একবার জেলে টানাটানি করবার কুনো মানে অয় না।'

নীলা *বিণ.* নীলছে; নীলরঙের। 'নীলা বাদাম উরায়া বনদু ছাইরা দিলা নাও।'

নীলদারা *বি.* মেরুদণ্ড; শিরদাড়া। 'নীলদারা ছোজা কইরা খারাও এইবার।'

নুটিছ্ *বিণ.* নোটিশ; সংবাদ; বিজ্ঞাপন; ইস্তেহার; বিজ্ঞপ্তি; সূচনা। 'মরণ কুনো নুটিছ দিয়া আইবনা।'

নুন *বি.* লবণ; ক্ষারযুক্ত রাসায়নিক বস্তু যা রান্নাকৃত বস্তুর স্বাদ সৃষ্টি করে। 'নুনের গুন আর কুনো কিচুতে পায়োন যাইব না।'

নুরানী *বিণ.* নূরানী; উজ্জ্বল; স্বর্গীয় আলোকপ্রাপ্ত। 'তুমার নুরানী চেহেরা মোবারক দেইখা বহুত খোছ অইলাম।'

নুর *বি.* নুর; জ্যোতি; আলোক; দাড়ি। 'আল্লায় নিজের নূর দিয়া নবীজী (সা.) রে পয়দা করচেন।'

নুহ্ *বি.* নূহ্; একজন নবী–যাঁর সময় পৃথিবী ভীষণ প্লাবনে প্লাবিত হয়েছিল। 'নূহ নবীর আমলের বানের কতা জানেনা কুন্ মুছলমানে?'

নেয়োন *ক্রি.* নেয়া; নেওয়া; নেয়ার; নেওয়ার; গ্রহণ করা; লওয়া। 'পারমিছোন না লয়্যা নেয়োন মানেই অইল চুরি।'

নেক *বি. বিণ.* পুণ্য; ভালো; উত্তম; মঙ্গল; সু; পুণ্যবান। 'আল্লার নেক্বান বান্দারা জান্নাতের ছানতি পাইব।'

নেককার বানদা *বি.* ধার্মিক ব্যক্তি; ধর্মপরায়ণ ব্যক্তি; ধর্মচারী ব্যক্তি; ধর্মশীল ব্যক্তি; ধর্ম পালন করে এমন। 'লং মারচ অইলে দেকবার পারতা ঢাহার ছহর নেককার বানদা দিয়া বইরা গ্যেচে।'

নেকাব *বি.* ঘোমটা; অবগুণ্ঠন; স্ত্রী লোকের মুখাবরণ, গুপ্ত, লুক্কায়িত। 'বুলেও খছে নাই আমার মোখের নেকাব।'

নেকি *বি.* পুণ্য; নেকী; ছোয়াব; পুণ্য; সৎকাজ; সৎকর্মের ফল; ফায়দা; সোয়াব; সওয়াব; সাওয়াব; ছওয়াব; নেকি হাসিল করা। 'বেজাল না বাদায়া আহ খাটি ইচলাম কায়েম কইরা নেকি হাছিল করি।'

নেছা *বি.* নেশা; নিশা; মত্ততা; মত্ততার ঘোর; প্রবল আসক্তি; আকর্ষণ বা ঝোঁক; মাদকদ্রব্য; মোহ; বিহ্বলতা। 'নেছাখোর মানু আমার জানের দুছমন।'

নেমবর *বি.* মেম্বার; সদস্য; ইউনিয়ন পরিষদ সদস্য। 'বানগলাদ্যাছ ছাদীন না অইলে জাতিছংগের নেমবর অইবার পারত না।'

নেহানি *বি.* বিয়ের গান পরিবেশনের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি।

নেংটির পুলা *বিণ.* দীনহীনের সন্তান (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'নেংটির পুলা হ্যালায় স্যুট-কোট পাইল কইথনে?'

নোক্‌রি *বি. দ্র.* নকরি।

নোনদ *বি.* ননদী; স্বামীর ছোট বোন।

নোনাশ *বি.* ননাশ; স্বামীর বড় বোন।

নোবল *বি.* নোবেল; সুইডিস বিজ্ঞানী আলফ্রেড নোবেল এর নামানুসারে আবিষ্কার জগতে অসাধারণ অবদানের জন্য সর্বশ্রেষ্ঠ আশ্চর্যজনক পুরস্কার।

নোয়াব *বি.* নবাব; নওয়াব; শাসনকর্তা; রাজপ্রতিনিধি; রাজন্য; মুসলমান সামন্ত রাজা; মুসলমান জমিদার প্রভৃতির ব্রিটিশ সরকার-দত্ত উপাধি; ধনী ও সম্ভ্রান্ত বংশীয় ব্যক্তি; আরামপ্রিয়; বিলাসপ্রিয় ও অমিতব্যয়ী ব্যক্তি। 'বাছা আন্দুলনের কালে খাজা নাজিমুদ্দিন নোয়াব পাকিস্তানের পরদান মুনতিরি আচিল।'

প

পইগাম *বি.* পয়গাম; খবর; সন্দেশ; বার্তা; সংবাদ; প্রস্তাব; বিবাহের প্রস্তাব। 'বাছায় মাইয়্যা থাকলে পইগাম লয়্যা মোতাছা আয়োন দোছের কিচু না।'

পইপই *অব্য.* পুনঃপুন; বারবার; উপর্যুপরি; বুঝিয়ে বলা; আদোপান্ত বলা; বিস্তারিত বলা। 'তুমার পুলারে পইপই কইরা খুইজ্যা বি পাই নাইক্যা।'

পইল্লা *ক্রি.* পহেলা; পয়লা; পহিলা; প্রথম; অগ্রে; আদিম; আদি; আরম্ভকাল। 'পইল্লা কতা অইল এত্তদিন আচিলা কই?'

পুছ পরব *বিণ.* পৌষ পর্ব; পৌষ পার্বণ; পৌষ মাসের উৎসব; পৌষ মাসে অনুষ্ঠিত ধর্মীয় অনুষ্ঠান পালনের দিন। 'ক্যামনে কাটব তারে ছারা পুছ পর্ব এবং ঈদ?'

পওছায়া *ক্রি.* পৌঁছে; হাজির হয়ে; উপস্থিত হয়ে। 'পল্টনে পওছায়া জানবার পারলাম আজিজ্জারে পুলিছে দইরা লয়্যা গেচে।'

পকখ *বি.* পক্ষ; দল; গোষ্ঠী; সম্প্রদায়; সহায়; অবলম্বন; দিক; কোনো বিশেষ দলকে সমর্থন; একদিকে টান বা আকর্ষণ বা আসক্তি। 'চুক

থাকতে আন্দা মাইনে কুনো পক্‌খ না।'

পচায়া *ক্রি.* পচিয়ে; পচে যাওয়া; বিতর্কিত হওয়া; বিকৃত। 'দচ্ছুরাই জিতল, হেরা চাল-চাইলা নিরদোছ মুনতিরিরে পচায়া ফালাইল।'

পছম *বি.* পশম; লোম; রোম; কেশ; ঊর্ণা। 'তুমার কতা হুইনা পছম খারাইয়া গেচে।'

পছরা *বি.* পসরা; আলো; কিরণ; প্রভা; পণ্যদ্রব্য; দ্রব্য সম্ভার। 'রূপের পছরা ছাজায়া বয়্যা রইছি/ ছপ্নের পানছি নাচে পোরা কপাইলা চউখে।'

পছা *বিণ.* পয়সা; নির্মিত মুদ্রাবিশেষ; টাকার শতাংশের একাংশ। 'পছা ছারা দুনিয়াটা জব্বর তিতা।'

পছিন *বিণ.* পছন্দ; পসন্দ; মনের মতো; মনঃপূত; ইচ্ছানুযায়ী মনোনীত। 'এমুন গোলাপ ফুলের লাহান ছুরতি কইনা পছিন অয় না ক্যাম্বে?'

পছিনা *বি.* ঘাম; ঘর্ম; স্বেদ; পরিশ্রমে দেহনির্গত পানি। 'ছরিলের পছিনা দিয়া মেগ নামাইয়া পছা কামাই করি।'

পছু *বি.* প্রশ্ন; জিজ্ঞাস্য; আগ্রহ; আকুতি; আকুলতা; অভিপ্রায়। 'দিলের মাইদ্যে পছু একখানা গুরগুরাইয়া মরে।'

পটপট করা *অব্য.* পাকামি করা; স্ফুটন বা মৃদু বিদারণ শব্দ; হঠাৎ; সহসা; খুব তাড়াতাড়ি; শীঘ্র বা দ্রুত; ক্রমাগত; অতি দ্রুততার সাথে। 'বেছি পটপট করা মানুর গেয়ান কম থাকে।'

পট-পডি *বি.* বেশি কথা বলে যে মেয়ে বা মহিলা; অনর্গল কথা বলা মেয়ে বা মহিলা। 'এ্যাই পট-পডি মার্কা মাইয়াটার জিবলা কাইট্টা দেও।'

পডরপডর *ক্রি. দ্র.* বগর বগর।

পতরিকা *বি.* পত্রিকা; সংবাদপত্র; খবরের কাগজ; সাময়িকপত্র 'পতরিকায় ত ছব লিকে, লিকা ত কুনো লাব অহে না।'

পতে *বি.* পথে; দিকে; দিক; অভিমুখ; গমনের দিক; পথে চলে বা চলছে এমন। 'পতে পতে গুরি আমি পতের ছেছ নাই।'

পদায়েছ *ক্রি.* পয়দা; সৃষ্টি করা; সৃজন করা; উৎপত্তি; উদ্ভব; উৎপাদন; জন্মানো। 'এইটা দিলের মইদ্যে আল্লায় পদায়েছ কইরা না দিলে কাম অইব না।'

পনচাছ *বিণ.* পঞ্চাশ; অর্ধশত।

পরচা *বি.* পরচা; পর্চা; বংশাবলির পরিচয়; টুকরা; কাগজের টুকরা; কাগজ; জমির খাজনা; পরিমাণ; জমিদার ইত্যাদির পরিচয় সম্বলিত সরকারি দলিল; সেট্‌ল্‌মেন্ট-খতিয়ান। 'পরচাটায় জমির দাগ লম্বর বালা কইরা দেইখ্যা লইঅ।'

পরত *বি.* ভাঁজ; স্তর; থাক; পট। 'তুমার কতার কুনো পরত পাইতাচিনা।'

পরোয়া *বি.* পরওয়া; গ্রাহ্য; ডর; ভয়; আশঙ্কা; ভাবনা; চিন্তা; উৎকণ্ঠা। 'আল্লারে ছারা আর কেওরে পরোয়া করি না।'

পরকাছ *বি.* প্রকাশ; দেখানো; প্রদর্শন; ব্যক্ত; ব্যক্তকরণ। 'পরকাছ করি না, মরমে মইরা যাই/ তুমি কি কিচ্ছু বোজ না, কিচ্ছু দেহ না?'

পরকিত *বিণ.* প্রকৃত; আসল; উপযুক্ত। 'কতা-বার্তা চেজ করতাছে দেইখা কয়দিন বাদে পরকিত ঢাকাইয়্যা বুঝন মুছকিল অয়্যা যাইব।'

পরচে *ক্রি.* পড়েছে; পড়ে গেছে; পড়ে যাওয়া; স্মরণ হওয়া; উদয় হওয়া; বিপদ্‌গ্রস্ত হওয়া; বিপন্ন হওয়া;হ্রাস পাওয়া; দাম কমা; অবনতি হওয়া। 'মোনে পরচে তুমার বাপে মুকতিযুদ্যে ছহিদ অইচে।'

পরছব *ক্রি.* প্রসব; জন্ম দেওয়া; সন্তান উৎপাদন; গর্ভ বিমোচন, সৃষ্টি। 'পরছব যন্ত্রণার মোতন যন্ত্রণা বুকে/ ছট্‌ফট্‌ করি খালি নিদ্‌ নাই চউখে।'

পরছুকা *বিণ.* পরশুদিন; একদিন আগের বা পরের দিন। 'পরছুকা শুক্কুর বার ছুব জুম্মার দিন।'

পরজা *বি.* প্রজা; জনসাধারণ; রাষ্ট্রের বা জমিদারির অন্তর্গত জনগণ; রায়ত; ভাড়াটে। 'রাজার অদীন পরজার খুটা থরথর, নরোবরো।'

পরাণ *বিণ.* প্রাণ; জীবন; হায়াত; হৃদয়; মন; চিত্ত; জীবিতেশ্বর; দেহের চৈতন্যশক্তি; জীবাত্মা; দেহধারী আত্মা। 'জীবন দিলে মিলব জীবন, পরাণে পরাণ।'

পরতাচি *ক্রি.* পড়ছি; পড়িতেছি। 'পতরিকা পরতাচি আর দেকতাচি লৌরে ক্যাঠা কদ্দুর যাইবার লাকচে।'

পরতিকা *বি. দ্র.* পতরিকা।

পরতিদান *বি.* প্রতিদান; প্রোতিদান; দানের বদলে দান; ফেরত; পরিশোধ। 'পেমের বদলা দিলা দুক্কু কেমুন পরতিদান?'

পরতিনিদি *বি.* প্রতিনিধি; মুখপাত্র; প্রতিভূ; নায়েব; জামিন; কারও পরিবর্তে কাজ করার জন্য নিযুক্ত ব্যক্তি; কায়েম মকাম; বদলি; অনুকল্প। 'পাবলিকের কতা, বুট আইলে মুন মতো বুট দিয়া পরতিনিদি বানাইমু।'

পরতিবেছি *বি.* প্রতিবেশী; নিকট আত্মীয়। 'তুমরা পরতিবেছি পরতিবেছি কয়্যা গলা ফাটাও হ্যারাই তুমগো বেরেন খাইচে।'

পরতিবাদ *বি.* প্রতিবাদ; আপত্তি জানানো। 'তুমি ছাবদান অও, মাগো কর পরতিবাদ।'

পরতীজ্ঞা *বি.* প্রতিজ্ঞা; সংকল্প; শপথ; অঙ্গীকার। 'হারে বেঈমান, গণ্ড মুরুখ্য/ অহনই বুইলা গেলা পরতীজ্ঞার কতা?'

পরতীক্ষা *বি.* প্রতীক্ষা; অপেক্ষা; পথ চেয়ে থাকা। 'পরতীক্ষার নোনাজলে বাইছা গেল কত্ত আছাইরা কদম।'

পরথম *বিণ.* প্রথম; প্রোথম; শুরু; আদিম; আদি; আরম্ভকাল; আগে; সবার আগে আছে যা; সর্বাপেক্ষা উত্তম। 'দিনের পইল্লা-পরথম তুমার দীদার পায়া দিলটা খুব খোছ অয়্যা গেচে।'

পরদা *বি.* পর্দা; বস্ত্রাদি নির্মিত আবরণ বা আচ্ছাদন; যবনিকা; অন্তঃপুর; অবরোধ; চক্ষু-আবরণ। 'ছব মুছলমান আওরতের পরদা মাইনা চলন উচিত।'

পরদান *বি. বিণ.* প্রধান; মুখ্য; শ্রেষ্ঠ; নায়ক; নেতা; সর্দার; মোড়ল; জগদীশ্বর; পরমেশ্বর। 'বুট্টু হ্যালায় পরদান মুনতিরি অইবার পারব না দেইখ্যাইত যুদ্দু বাদাইয়া দিল।'

পরান *বি. দ্র.* পরাণ।

পর্বেদ *বিণ.* প্রভেদ; ভেদাভেদ; ভিন্নতা। 'উচা- নীচা নাই পর্বেদ ঈদের ইমুন দিনে/ দান-দক্ষিণা যত পার বিলাও জনে জনে।'

পরমকতা *বি. বিণ.* শ্রেষ্ঠ কথা; মনের কথা; আসল কথা; অন্তরের অন্তঃস্তলের বারতা। 'পরমকতা ক্ষাণিক বাদে আইবো ছেলুলারে।'

পরমান *বি.* প্রমাণ; পরমাণ; সত্যাসত্য নির্ণয়ের উপায়; যা দিয়ে নিশ্চয়জ্ঞান লাভ হয়; সাক্ষ্য; দলিল; নজির; প্রমাণস্বরূপ; মাপা যায় এমন; প্রমাণ অনুসারে; প্রমাণিত। 'লেহাপরা না কইরা যে নেতা অয়োন যায় আমি তার পরমাণ।'

পরমানিত *বিণ.* প্রমাণিত; সত্যরূপে নির্ণীত; সত্যাসত্য নির্ণয়ের উপায়; সাক্ষ্য; দলিল; নজির। 'বিচারে দোছ পরমানিত না অইলে ছারা পাইব।'

পরমোছন *বি.* প্রমোশন; উন্নতি লাভ করা; এগিয়ে যাওয়া 'রাজনীতির লগে হাপ মলনা বইনা তোমার পরমোছন অইচে।'

পরায় *অব্য.* প্রায়; সদৃশ; তুল্য; মতো; ন্যায়; কাছাকাছি; নিকটবর্তী; সাধারণত; সচরাচর। 'মাইয়্যাটার ছুরত পরায় মদুবালার লাহান।'

পরিকখ্যা *বি.* পরীক্ষা; যাচাই; অনুসন্ধান; ছাত্রদের বিদ্যাবত্তা নির্ণয়; স্বরূপ নিরূপণ। 'দুইন্যাৎ ঈমানদার মানুরে বেছি বেছি পরিকখ্যা দিতে অয়।'

পরী *বি.* পক্ষবিশিষ্ট কল্পিত সুন্দরী; অতিশয় সুশ্রী নারী। 'পরীগো উরবার লাইগা ছুনদর পাখনা আচে।'

পলক *বি.* নিমেষ; চোখের পাতা ফেলতে যতক্ষণ লাগে; চোখের পাতা। 'চক্কের পলকে কালা বিলাই হাওয়া অয়্যা গেল।'

পল্টনবাজ্জা *বি.* ব্যান্ড পার্টি; বাদক দল; বাদ্য বাজিয়ে জীবিকা নির্বাহ করে যারা।

পলটায়া *বিণ.* পাল্টিয়ে; পালটানো; পাল্টানো; পরিবর্তিত করা; বদলানো; বদলিয়ে ফেলা। 'এইটা কুনো বাপের পুত, আইজতক পয়দা অয় নাইক্যা যেই কি না পলটায়া দিবার পারে।'

পলায়্যা *বিণ.* পালিয়ে; কাউকে কিছু না বলে চলে যাওয়া। 'কাম করবার লাগলে পলায়্যা অইলে বি জান বাচাইবার লাগে।'

পস্তান *বি.* আফসোস; আপসোস; আফশস; খেদ; পরিতাপ; অনুতাপ; মনস্তাপ; অনুশোচনা। 'আরানো চীজ-বইজের লাইগা পস্তান লাগে না।'

পন্থে *বি.* পথে; রাস্তায়; সড়কে। 'পন্থে তোমার বিছায়া দিমু লাম্বা মাথার চুল।'

পাইকারি *বিণ.* থোক ক্রয়-বিক্রয় সম্বন্ধীয়; খুচরার বিপরীত; এক সঙ্গে অনেক জিনিস ক্রয় বা বিক্রয় এমন; সমষ্টিগতভাবে ধার্য। 'আমি চাইলের পাইকারি ব্যাবছা করি।'

পাইখানা *বি.* পায়খানা; মলত্যাগের স্থান; মলত্যাগ। 'তুমি এট্টু বহ, আমি পাইখানা থনে গুইমা আহি।'

পাইটা *বিণ.* পারিপাট্য; শৃঙ্খলা; বিন্যাস; পরিচ্ছন্নতা; নৈপুণতা।

'পাইটা মোতন এক মাইটা পুলিছ খাবলা মাইরা দরে।'

পাইতা *ক্রি.* পেতে; পাইতে; প্রাপ্ত হওয়া; লাভ করা; মেলা। 'মুকতিরা জানবাজী রাইখা যুদ্দ না করলে ছাদীন দেছ পাইতা না।'

পাইনা কদু *বি.* লাউ; জাংলা ও মাটিতে লতানো উদ্ভিদে চাষ হয়। তরকারি হিসেবে ব্যবহৃত।

পাউপা *বি.* পেঁপে; এক ধরনের সবজি/ ফলবিশেষ।

পাইলত *বি.* পাইলট; চালক; বিমান চালক; জাহাজ চালক; পথ প্রদর্শক। 'অইবার পারলে বিমানের পাইলত বি অমু।'

পাইলা-পুইছা *ক্রি.* পেলে-পুষে; লালন-পালন করে। 'ছরকারের কাম অইল তাগো পাইলাপুইছা আগে বারায়া লয়োন।'

পাউন *বি.* পাউন্ড; ব্রিটিশ মুদ্রাবিশেষ; যুক্তরাজ্যে প্রচলিত ওজনের একক; প্রায় আধসের।

পয়গাম *বি. দ্র.* পইগাম।

পয়তিছ *বিণ.* পঁয়ত্রিশ

পয়ছা *বি. দ্র.* পছা।

পয়দা *বি.* সৃষ্টি; সৃজন; জন্ম; উৎপত্তি; উদ্ভব; উৎপাদন; জন্মানো। 'এই ছহরে পয়দা অইছি, এই ছহরে বি মরবার চাই।'

পয়দিছ *ক্রি. দ্র.* পয়দা।

পয়দায়েছ *ক্রি. দ্র.* পয়দা।

পয়মাল *বিণ.* পায়মাল; পইমাল; নষ্ট; ধ্বংস; বিধ্বস্ত; বরবাদ। 'পুলায় ব্যাবছাটারে এক্কেরে পয়মাল কইরা ফালাইচে।'

পয়লা *বিণ.* প্রথম; শুরু; আরম্ভকাল; সবার আগে আছে যা; সর্বাপেক্ষা উত্তম। 'তুমি দেকতাচি পয়লা লমবরি খাচ মুরিদ অয়্যা পরচ।'

পয়ছাআলা *বিণ.* ধনী; ধনবান; ঐশ্বর্যশালী; বিত্তবান; বিপুল অর্থ সম্পদের অধিকারী। 'পয়ছাআলারা গরীবগো মানু মোনে করে না।'

পাও *বি.* পা; পদ; চরণ; উরু-সন্ধি থেকে পায়ের পাতা; পদতল। 'পাও দইরা ছারাদিন বয়্যা থাকলে বি মাফ পাইবা না।'

পাওঝোপ *বি.* মল; পদবলয়; চরণালঙ্কার; নূপুর।

পায়োন *ক্রি.* পাওয়া; প্রাপ্তি; প্রাপ্ত হওয়া; লাভ করা; লাভকরণ; মেলা; আয় করা; উপার্জন করা; ভোগ করা। 'আমাগো জম্মের ছেরা পায়োনটা অইল ছাদীনতা।'

পাওয় *বি.* পায়ে; পায়ের ওপর। 'হ্যার কাম অইল মানুর পাওয় পারা দিয়া কাইজা করোন।'

পাওর *বিণ.* পাওয়ার; ক্ষমতা; শক্তি; সামর্থ্য; পটুতা; দক্ষতা; যোগ্যতা; প্রভাব। 'আইন না বানলে পাবলিক বুঝব ক্যাম্বে তার বহুত পাওর আচে।'

পাকখি পাখি; পাখী; পক্ষী; বিহঙ্গম; বিহগ। 'দিলটা পাকখির লাহান উরতাচে।'

পাকনা[১] *বিণ.* পাকা; পক্ব হওয়া; পরিণত হওয়া; পেকে যাওয়া; শুভ্র বা শুক্ল হওয়া; অভিজ্ঞ; নিপুণ; পারদর্শী; মজবুত; দৃঢ়; যথার্থ। 'বুজাইবার চাইছে হ্যায় পাকনা ছেয়ানা।'

পাকনা[২] *বি.* পাখা; পাখনা; পাখি, পতঙ্গ প্রভৃতির ডানা বা পালক। 'দলা বিবি মেমের বাচ্চা আচ্ছা খানা খায়/ পরীর লাহান পাকনা মেইলা অচিন দ্যাছে যায়।'

পাকনামি *বি.* পাকামি; অপরিণত বয়সে প্রবীণ ব্যক্তির ন্যায় আচরণ বা চালচলন। 'পুলাপানের পাকনামি দেকলে মিজাজটা খরাব অয়্যা যায়।'

পাকাইচে *ক্রি.* রান্নাবান্না করা হয়েছে; রাঁধা হয়েছে; রন্ধন করা হয়েছে; রান্ধা হয়েছে; পাক করা হয়েছে। 'খায়োন-উয়োন পাকাইচে নিকি?'

পাকাইয়্যা *ক্রি.* পাকিয়ে; প্যাচ লাগিয়ে; মোচড়; ঘুরন; পাক; কূটকৌশল; চক্রান্ত; আঁকড়ে ধরার কায়দা। 'এমুন প্যাচ পাকাইয়্যা কাম কর ক্যালা?'

পাকানো *ক্রি.* পাক দেওয়া; মোষড়ানো; জড়ানো; ঘুরানো; জটিল করা; গোলমাল করা; জটলা করে কোনো অভিসন্ধি নির্ধারণ করা। 'কতায় কতায় জট পাকানো ছারা হ্যার কুনো কাম নাইক্যা।'

পাক্কা *বিণ.* পুরাপুরি; সম্পূর্ণ; সমগ্র। 'তুমার লগে যত্ত কতা কই হের ছবই পাক্কা।'

পাকি ছাছক *বি.* পাকিস্তানি শাসক। 'আমগো দ্যাছ ছোহন করা ছারা পাকি ছাছকগো কুনো কাম আচিল না।'

পাখনা *বি. দ্র.* পাকনা।

পাগরি *বি.* পাগড়ী; পাগ; উষ্ণীষ; শিরস্ত্রাণ; শিরো-বেষ্টন-বস্ত্র; মাথায় জড়াবার কাপড়। 'আগে হরদারগো মাতায় পাগরি পিন্দোনের অনুষ্টান অইত।'

পাচপুট *বি.* পাসপোর্ট! বিদেশে ভ্রমণ বা দেশের বাইরে যাওয়ার সরকারি অনুমোদনপত্র।

'পাচপুট কইরা বিছা লাগাইয়া ফেলামু কয়দিনের মইদ্যেই।'

পচা *ক্রি. বি.* পচে যাওয়া; গলে যাওয়া; বিকৃত হওয়া; দুর্গন্ধযুক্ত হওয়া; পচন; নষ্ট; পচে গিয়েছে বা গলে গিয়েছে এমন। 'কতায় কতায় পচা কতা কও ক্যালা?'

পাচিংছু সিগরেত *বি. বিণ.* এক ধরনের সিগারেট; পাসিংসু সিগারেট।

পাচহিকা *বিণ.* পাঁচ সিকি; পাঁচসিকা। 'পাচহিকা দিয়া গুরার গারীৎ চরবার যাইব না মাগার গুরার লাদি কিনোন যাইব।'

প্যাচ *বি.* পেঁচ; স্ক্রু; কৌশল; চালাকি; পাক দেয়া; পাকানো; জটিলতা। 'তুমার বিতরে দেহি জিলিপির প্যাচ লাইগ্যা আচে।'

প্যাচাল *বিণ.* নিজে নিজে কথা বলা; অনর্গল অর্থহীন কথা বলা; অহেতুক কথা বলা। 'একটা বিছয় লয়্যা এতনা প্যাচাল পার ক্যালা?'

প্যাটপ্যাট *ক্রি. দ্র.* বগর বগর।

পাছ *বিণ.* পাশ; পাস; সফল; কৃতকার্য। 'এইটাই যে আমার জীবনের পইলা পেমের পইলা পাছের ফাস্টকেলাছ।'

পাছপাছি *বিণ.* পাশাপাশি; নিকটবর্তী; পরস্পর পার্শ্বে অবস্থিত; কাছাকাছি; নিকটস্থ; সন্নিকটে। 'পার্কে যহন লয়্যা আইচ, তাইলে পাছপাছি বহ।'

পাছরাইয়্যা *ক্রি.* পেঁচিয়ে ধরা; আছাড় দেওয়া; আছাড় দিয়ে ভূপাতিত করা। 'জ্যান্ত ছাগলটারে পাছরাইয়া দইরা আচরাইয়্যা মারচে।'

পাছা *বি.* নিতম্ব; কটির পশ্চাদ্ভাগ; জঘনের বিপরীত দিক; পাছা; পর্বতের পার্শ্বদেশ। 'মাইয়্যা মানুর পাছার মুখি আক্ কইরা চায়্যা আচ ক্যালা?'

পাছার *ক্রি.* পশ্চাৎ থেকে জাপটে ধরে আছাড় দান; মল্লযুদ্ধ; প্রবল আড়ি ধরা; শত্রুতা করা। 'চাচার লগে পাছার দিয়া মাচায় বান্দি গর/ মঙ্গল বারে জঙ্গলে যাই পেত্নী করে বর।'

পাছাদ *বি.* প্রাসাদ; বিরাট অট্টালিকা; বালাখানা; হর্ম্য; রাজভবন। 'আচান মুনজিল আমগো কাচে আচিল রাজ পাছাদের নাহাল।'

পাছান *বিণ.* পাষাণ; পাশান; হৃদয়হীন; নির্মম-নিষ্ঠুর; নিঠুর; নির্দয়; কঠিন; শিলা; পাথর; প্রস্তর। 'তুমি লাইলী বালাই আছ বুকে পাছান বাইন্দা/ আমি মজনু

গাটের মরা জনম কাটে কাইন্দা।'

পাছানী *বিণ.* পাষাণী; শক্ত হৃদয়ের অধিকারী; পাথরের মতো হৃদয় যার। 'নিঠুর পাছানী বর কবিতার দেবী/ চণ্ডীদাছের রজকীনি, মায়ামৃগ নাবী।'

প্যাছকেলাব *বিণ.* প্রেসক্লাব; সাংবাদিকদের সাংগঠনিক অফিস; ছাপাখানা; মুদ্রণখানা।

পাজ্‌রা *বি.* পাঁজর; পাঁজোর; পঞ্জর; বুকের ও পার্শ্বদেশের অস্থি বা হাড়। 'পাথরের পাজ্‌রা অইলো ঝাজ্‌রা ঝাজ্‌রা।'

পাজামা *বি.* পায়জামা; ঢিলা ট্রাউজার বিশেষ; ইজের। 'নতুন পাজামাটা পিন্দা আহ।'

পাটাইবার *ক্রি.* পাঠানো; পাঠান; প্রেরণ করা; লোক পাঠিয়ে ডাকা; লোক পাঠিয়ে সংবাদ দেওয়া। 'একখান মানু পাটাইবার পারলা না এতকোনে বি?'

পাটাইল *ক্রি.* পাঠাচ্ছে; পাঠানো; প্রেরণ করা। 'চিঠ্‌টি পাটাইল ক্যাঠা, ঠিক মোতন কও দেহি।'

পাটা *বি.* ঘোড়ার গাড়ির অংশবিশেষ।

পাটি *বি.* লালচে শাঁখা; নারীদের হাতে ব্যবহৃত অলংকার বিশেষ। 'তিলা হাংরাইত আইলে দিমু পাটি তুমার আতে।'

পাট্টি *বি.* পার্টি; দল; সম্প্রদায়; জোট। 'দ্যাছে এত্ত পাট্টি থাকলে মানু সাপোট দিব কারে।'

পাঠ্‌ঠা *বি.* পাঁঠা; পুরুষ ছাগ; নির্বোধ; নির্বুদ্ধিতা; আহম্মক; অত্যন্ত বোকা; বোকার সেরা বা শ্রেষ্ঠ; বোকার মতো; বোকার ভাব। 'তুমার মোতন রামপাঠ্‌ঠা এই দুইনাত এউগার বেছি নাইক্যা।'

পাটায়া *ক্রি.* পাঠিয়ে; পাঠানো; প্রেরণ করা। 'মুবাইল ফুনে এছেমেছ পাটায়া দেয়োন হোজা কাম অয়্যা পরচে।'

পার *ক্রি.* পাড়; বলা; উক্তি; উত্থাপন করা। 'এতক্কনে তুমি একটা বালা কতা পারচ।'

পারবার *ক্রি.* বলতে চাওয়া; উত্থাপন করতে চাওয়া; প্রস্তাব দিতে চাওয়া। 'কি কতা পারবার আইচ?'

পারাপারি *বি. বিণ.* বলপ্রয়োগ; জবরদস্তি; জোরপূর্বক; শক্তি প্রয়োগ; জোরসে; অবিলম্বে হাজির হবার হুকুম বা ডাক। 'বহুত দিন হুয়ে ফিলিম দেখনের টিকিট কিনবার লাইগা পারাপারি লাইগা গেত।'

প্যাড *বি.* পেট; উদর; জঠর। 'ফকিট্টারে প্যাড বইরা খিলায়্যা দেও।'

প্যান্দনি *বি.* ফ্যাত কান্দনি; ঘন ঘন কাঁদা; সামান্য কারণে যে কাঁদে। 'প্যান্দনির গরের প্যান্দনির মুকে মারবল চুহা।'

প্যানপ্যান *অব্য.* নাকি সুরে কান্নার ভাব; নাছোড়বান্দা হয়ে পুনঃপুন অনুনয়ে ভাবব্যঞ্জক। 'প্যানপ্যান থুয়্যা বালায় বালায় রাচতা মাপ।'

পারুম *ক্রি.* বলা; উত্থাপন করা। 'রাজনীতির কতা কি আর পারুম, দ্যাছের রাজনীতিবিদরা রীতিনীতি বুইল্যা রঙ্গনীতি করবার লাকচে।'

পাত্ *ক্রি.* দিনাতিপাত; কালক্ষেপণ করা। 'রাখতে বহাল মায়ের বাছারে জীবন কৌরব পাত্।'

পাতকুয়া *বি.* ইন্দারা; ইদারা; মাটির কুয়া। 'যেই হাছ পাত কুয়ায় পইরা মরচে হেইটা ইতিহাছ না পাতিহাছ।'

পাতাইন্যা *ক্রি. বিণ.* পাতানো; আড়ি পাতা; লুকিয়ে কারো কথা শোনা; বিস্তার করা; ষড়যন্ত্র করা; ক্ষতিকর ষড়যন্ত্রের জাল বিস্তার করা। 'এমুন আরি পাতাইন্যা কামের মানু আমার জানি দুছমন।'

প্যাতলুন *বি.* প্যান্ট; ইয়োরোপীয় পায়জামাবিশেষ; ইজের। 'রেজাকাররা কছ্‌ম করচিল যুদ্দে হাইরা গেলে পিন্দুইন্যা প্যাতলুন খুইলা ফালাইব।'

পাত্তা *বি.* সংবাদ; খোঁজ; খবর; ঠিকানা; উদ্দেশ্য। 'আইজকাইল তুমার পাত্তা পায়োন কঠিন অয়্যা পরচে।'

পাতি *বিণ.* অখ্যাত; গুরুত্বপূর্ণ নহে এমন। 'পাতি নেতারা বুরিগনগার পার দকল কইরা হ্যালায় টু পাইচ কামাইয়া বর মালদার অয়্যা গেচে।'

পাতিলা *বি.* পাতিল; মৃৎপাত্রবিশেষ; ক্ষুদ্র হাঁড়ি; তিজেল। 'খায়োন-উয়োনের বাদে পাতিলা দুইবার অহে।'

পাত্থর *বি.* পাথর; পাষাণ; শিলা; প্রস্তর; মণি; রত্ন। 'দেখামু তোমারে আমি যৈবনের তুফান/ বাহুর বারিতে বাইঙ্গা পাথরের দালান।'

পাদেছিক *বিণ.* প্রাদেশিক; প্রদেশ সংক্রান্ত; প্রদেশে জাত বা উৎপন্ন; প্রদেশে নিহিত; প্রদেশে নিবেদিত।

পানছি *বি.* পানসি; পানসী; পান্সি; এক প্রকার ছই ঢাকা ছোট নৌকা; হালকা সরু নৌকা।

'জলে পানছি বাও বন্দু মোন বুঝ না।'

পানজাতন *বি.* পাঞ্জতন; পাঞ্জাতন; পাঁচজন ব্যক্তি অর্থাৎ হজরত মুহম্মদ (সা.), হজরত আলী (রা.), হজরত ফাতিমা (রা.), হজরত ইমাম হাসান (রা.) ও হজরত ইমাম হোসেন (রা.); পাক পাঞ্জাতন অর্থাৎ পবিত্র পাঁচ ব্যক্তি। 'আমরা পাক পানজাতনের ইচলামে দাখিল আচি।'

পানজেগানা *বিণ.* পাঁচ ওয়াক্ত নামাজ পড়ার জায়গা। 'আমি পানজেগানা নমাজ মজিদে গিয়া আদায় করি।'

পানডা *বিণ.* গুণ্ডাপাণ্ডা; খারাপ প্রকৃতির। 'পাকি মিলিটারিরা জমাতে ইচলামি পানডাগো লগে লইয়া জঙ্গে নামচিল।'

পানদান *বিণ.* পান মসলা রাখার পাত্র।

পানা[১] *বিণ.* রফা; রেহাই; উদ্ধার; পরিত্রাণ; হেফাজত; নিস্তার; অব্যাহতি; মুক্তি; আশ্রয়; সহায়; সাহায্য; সমর্থন। 'আমরা হ্যালায় বেগার মানু চক্ষু থাকতে কানা/ বালর মোখে মাইরা চুবি মন্দেরে দেই পানা।'

পানা[২] *বি.* শৈবাল জাতীয় এক প্রকার জলজ উদ্ভিদ। 'পানার লাহান বাসতে বাসতে... প্রাণ করে হায়! হায়!'

পানিফল *বি.* জামরুল; ছোট আকৃতির হলুদাভ রঙের ফল। তবে লাল রঙের জামরুলও পাওয়া যায়।

পানি হাত্তি *বি.* জলহস্তী। 'পানি হাত্তি দেইহা বাবিছাব দেহি টাছকা লাইগা রইচেন?'

পাপনি *বি.* চোখের পাতা। 'জাইগা গুমাইলে পাপনি কাপে।'

পাপিছ্‌ঠি *বিণ.* পাপিষ্ঠি; পাপিষ্ঠ; পাপী; পাপীয়সী; পাপিষ্ঠ ব্যক্তি; পাপাত্মা; গুনাহগার; অমঙ্গলকারী; দুর্জন। 'মায়েরে খাইছে হানাদার পছু মরার ঐ পাপিছ্‌ঠি যম।'

পাপিতা *বি. দ্র.* পেঁপে।

পাপোছ *বি.* পাপোশ; পাপোষ; পা-পোষ; পায়ের ময়লা মোছার জন্য নারকেলের ছোবড়াদি কিংবা অন্য কোনো উপকরণ দ্বারা নির্মিত আস্তরণ বিশেষ।'পাপোছ আর তক্তপোছ এক জিনিছ না।'

পায়তারা *বিণ.* দুষ্ট পরিকল্পনা; অসৎ চিন্তা; দুষ্ট বুদ্ধি; ফন্দি আঁটা। 'বিরুদি দল হরতাল দিয়া গারিগুরা বন কইরা দেয়োনের পায়তারা করতাচে।'

পায়া[১] *বিণ.* পেয়ে; পেয়েছে; পাওয়া; প্রাপ্ত হওয়া; লাভ করা; মেলা; বোধকরা; আয় করা; উপার্জন করা। 'ছামনে না দেইখা পিছে দেখন তোমগো পায়া বইচে।'

পায়া[২] *বি.* টেবিল; চেয়ার; চৌকি প্রভৃতির নিম্নভাগে সংলগ্ন খুঁটি বা খুরা; পদ; চরণ; উচ্চপদ; পদমর্যাদা। 'টেবিলের পায়াগুনা ময়লা অয়্যা গেচে।'

পায়্যা *বিণ. বি. দ্র.* পায়া[১]; পায়া[২]।

পার পায়োন *বিণ.* রক্ষা পাওয়া; উদ্ধার; পরিত্রাণ; হেফাজত; নিস্তার; অব্যাহতি; মুক্তি।

'যাওই কর না ক্যালা, এইগুনি কইরা পার পায়োন যাইব না।'

পারচি *ক্রি.* কথা দেওয়া; ওয়াদা; প্রতিজ্ঞা; শপথ; অঙ্গীকার; প্রতিশ্রুতি। 'বিবিছাবের লাইগা আমি বি একটা নতুন তাজমেহেল বানায়া দেয়োনের কতা পারচি।'

পারথনা *বি.* প্রার্থনা; মোনাজাত; আরাধনা; উপাসনা; আরজি পেশ করা; আরজ করা; আবেদন; যাচঞা; যাচনা। 'আয় মাবুদ কবুল করো আমার দিলের পারথনা।'

পারমেন *বিণ.* পারমানেন্ট; স্থায়ী; স্থির; স্থিতিশীল; টিকে থাকার যোগ্য; শক্ত; মজবুত; দীর্ঘজীবী; অপরিবর্তনীয়। 'রাজনীতিতে কুনো পারমেন বনদু নাই।'

প্যারাক *বি.* বড় পেরেক; গজাল।

পারিছম *বি.* নূপুর; ঘুঙুর; মঞ্জির; শিঞ্জিনী; পায়ের অলঙ্কা বিশেষ। 'পারিছম ছারা বাইজীর নাচ জমবার পারে না।'

পারুম *ক্রি.* পারব; পারা; সমর্থ হওয়া; সক্ষম হওয়া; এঁটে ওঠা; আয়ত্তে আনতে সক্ষম হওয়া। 'তুমার বেলেহাজী কাইজ-কামের লগে একাট্টা অইবার পারুম না।'

পারোটা *বি.* পরোটা; পরটা; পরেটা; ঘিয়ে ভাজা রুটি। 'পারোটা আর হালুয়া অইল এক লম্বরি নাছতা।'

পালকা পুলা *বি. বিণ.* পালিত ছেলে। 'পালকা পুলা আপন অইবার পারে না।'

পালকা মাইয়া *বি. বিণ.* পালিত মেয়ে। 'পালকা মাইয়্যায় কছটো দিলে মোনে ছয় না।'

পালোয়ান *বি.* পালওয়ান; পহলোয়ান; কুস্তিগীর; ব্যায়ামবীর; মল্ল; বলবান; বীর। 'আমার দাদা ছহরের ছেরা পালোয়ান আচিল।'

পাহারা *বি.* প্রহরীর কার্য; চৌকি; ঘাঁটি; পাহারার স্থান; খাজনা বা কর আদায়ের ঘাঁটি। 'হুনলাম গাও- গেরামে ডাকাতি ঠেকাইবার লাইগা রাইতে পাহারা দিবার লাকচে।'

পাহারাদার *বি.* পাহারাওলা; প্রহরী; পাহারা দেয় যে; প্রতিহারী; চৌকিদার; শান্ত্রী। 'পরতি খানা থেইক্যা একজোন কইরা পাহারাদার লাগব।'

পিকদান *বি.* থুথু ফেলার পাত্র। 'পিকদানে থুতু ফেলা বালা কাম।'

পিচলায়া *ক্রি.* পিছলিয়ে; পিছ্‌লানো; পিছ্‌লনো; ভূমিতলের সিক্ততাহেতু পদস্খলন বা পা হড়কানো। 'পেলান ছারা চইলা পিচলায়া পরলে জীবুনে আর উটবার পারবা না।'

পিচায়া *ক্রি.* পিছিয়ে; পিছানো; পিছনো; পশ্চাতে হটা; পিছন পানে চলা; কোনো কর্ম হতে বিরত হওয়া। 'নিজের বুদ্দিতে চললে কুনোকালে পিচায়া পরবা না।'

পিচ্চি *বিণ.* নবজাতক; শিশু; অল্পবয়স্ক বালক বা বালিকা; বাচ্চা ছেলে; শাবক। 'তুমি যে হ্যালায় দছ লম্বরি পকেটমার মহল্লার পিচ্চি পোলায় বি জানে।'

পিচে *বি.* পিছ; পিছন; পিছু; পিছনে; পিছে; পরে; পশ্চাতে; পশ্চাৎ; পেছনে; সম্মুখের উল্টা দিক; পৃষ্ঠভাগ। 'বালাকামে আগায়া যাও, আমি পিচে আচি।'

পিছে *বি. দ্র.* পিচে।

পিছা করা *ক্রি.* পিছু লাখা; ক্ষতি করার উদ্দেশ্যে লেগে থাকা; অনুসরণ করা। 'খালি খালি মানুর পিছা কর ক্যালা?'

পিছায়া *বিণ.* পিছিয়ে; পেছনো; পিছানো; পিছনো; পশ্চাতে হটা; অন্যের সঙ্গে সমকক্ষ বা সম অগ্রগতিসম্পন্ন হতে না পারা; পিছন পানে চলা; কোনো কর্ম থেকে বিরত হওয়া। 'মুকতি আর মিত্র বাহিনীর মাইরের চোটে পাকি ছেনারা লৌরাইয়া পিছায়া রেছকোছ ময়দানে আয়্যা টুপি বেল খুইল্যা ফালাইল।'

পিটা *বিণ.* পিটুনী; পেটা; পিটা; প্রহার করা; আঘাত করা; পিষ্ট; মারা। 'গাজুইরা পিটা কারে কয় পাকিরা বানগালা দ্যাছে

আয়্যা বালা কইরাই বুইঝ্যা গেল।'

পিটঠের হাড্ডি *বিণ.* মেরুদণ্ড। 'তুমরা যুবুকরা অইলা আমগো পিটঠের হাড্ডি।'

পিটিছ্-পিটিছ্ করা *বি. ক্রি.* প্রেমালাপ করা; প্রেম করা; ভালোবাসা; কারো প্রতি অনুরক্ত হয়ে প্রীতিযুক্ত বা আসক্ত হওয়া; পছন্দ করা; অনুরাগ; আসক্তি। 'রাচতার মোচরার মইদ্যে খারাইয়া খারাইয়া মাইয়্যা-পুলাগো পিটিছ্-পিটিছ্ বালা ঠেকতাচে না।'

পিডা *বি.* পিঠা; পিঠে। উল্লেখযোগ্য ঢাকাইয়া পিঠা যেমন: খাজুর পিঠা; ডিমের পাটিসাপটা; লোঠানি; আণ্ডা পোয়া; জামাই খেদাইনা পিঠা; ভাপা পিঠা; গুজা পিঠা; ডালরুটি; চুই পিঠা; চিতই পিঠা; দুধকলি; ভিজা পিঠা; ছানার মালপোয়া; হাত বড়া; ছিটা পিঠা; পুলি পিঠা; পুরি পাফন পিঠা; গড়গড়া পিঠা; চাপড়ি পিঠা; গুলগুনা পিঠা; ডিম পিঠা; ডোনার পিঠা; ঝাল পাটিসাপটা; সুই পিঠা; ফুল পিঠা; জামাই পিঠা; তিলের পিঠা; তেলের পিঠা; কাঁঠালি পিঠা; কলার পিঠা; বিবিখানা পিঠা; গোলাপ পিঠা; সাকু পিঠা; ছানা পিঠা; লবঙ্গ লতিফা; চন্দপুলি; মুগের পুলি; মুগপাকন; তালের পিঠা; গোলাপ পিঠা; ভাপে পুলি; মালাই কুলকি; পুরি সাওয়ালি।

পিরিপাইতা *ক্রি.* পিড়া পেতে। 'নতুন দামান্দরে পিরিপাইতা বইবার দেও।'

পিঞ্জরা *বি.* পাঁজর; বুকের হাড়; পাজ্‌রা; পাঁজোর; পঞ্জর; অস্থিপিঞ্জর; বুকের খাঁচা; খাঁচা; পিঞ্জর; পিঁজরা; পিঁজরে; পিঞ্জরের ন্যায় ঘর বা খোপ; বুকের ও পার্শ্বদেশের অস্থি বা হাড়। 'একবার মিলাইলে দিল আমার এই দিলের পিঞ্জরায়।'

পিনদোন পিন্‌দ্যা; পিন্দা। পরে, কাপড় পরা। 'পুলাপান বর অইলে কাফুর পিনদোনের কতা কয়্যা দেয়ান লাগে না।'

পিন্‌দ্যা *ক্রি.* পড়ে; পিন্ধন; পরিধান; পরিধান করে থাকা; অঙ্গে ধারণ; পরিধেয় বস্ত্র; মাথায় দিয়ে। 'ইয়াহিয়ার জঙ্গ খতম নজদিক দেইখ্যা বুট্টু বাহারি পোছাক পিন্‌দ্যা খামারে খামারে গুমবার লাকচিল।'

পিন্দনে *বি.* পরনে; পরিধানে; যা পরা হয়েছে। 'পিন্দনে আছিল লাল বানারছী, মগার বহুত কমদামী।'

পিন্দানো *বিণ.* পরানো; পরিধান করানো। 'কইনারে লাল ছারিটা পিন্দানো দরকার আচিল।'

পিন্দুইন্যা *ক্রি.* পরণে; পরিহিত পরিধান; পরিধেয় বস্ত্র; পোশাক; পরিচ্ছদ; অঙ্গে ধারণ। 'মোলাকাত অইলে বুট্টু ছাব বালা কইরা দেইখ্যা লইত ইয়াহিয়ার পিন্দুইন্যা পোছাক ঠিক আচে কিনা।'

পিন্দাইয়া *ক্রি.* পরিয়ে দেওয়া; পরিধান করে; অঙ্গে ধারণ করা। 'নতুন বউটারে বালা কাফোর-চোফর পিন্দাইয়া দেও।'

পিয়াছ *বি.* পিপাসা; তৃষ্ণা; তিষা। 'পরাণ বইরা ছুখ দেও, মোনের পিয়াছ মিটাইয়া দেও তের নদীর জলে।'

পিয়াছী *বিণ.* পিয়াসি; তৃষ্ণার্ত; পিপাসার্ত; পিপাসী; পিপাসিত; পিপাসিতা; পিয়াসিনী; পান করতে ইচ্ছুক; লোলুপ; লোভাতুর। 'ছোনা দানায় বইরা দেও জ্ঞানের পিয়াছী ছমুদ্দুর।'

পিরীত *বি.* পিরিত; পিরিতি; পীরিতি; প্রীতি; প্রণয়; প্রেম; অনুরাগ; ভালোবাসা; বন্ধুত্ব। 'বছ্ছা মাইনে তোমার আমার দুম্ পিরীতের পালা।'

পিল পিল *বিণ.* একে একে; সংগোপনে; নিঃশব্দে; চুপিসারে। 'ডাক পরলেই আমগো বাহিনী পিল পিল কইরা বারায়্যা ছরক বন করব।'

পিলানো *ক্রি.* পানি; পানীয়; পানযোগ্য দ্রব্য; পান উপযোগী দ্রব্য পান করানো। 'চাচা হেপাজতরে হেপাজত করনের লাইগা রাচতার মোরে মোরে পানি বি পিলাইচে।'

পিলিয়ার *বি.* প্লেয়ার; খেলোয়াড়। 'তোমাগো নেতারা তলে তলে বহুত ছেয়ানা পিলিয়ার বইনা গেচে।'

পিয়াছা *বি. দ্রি.* পিয়াছ।

পাছিঞ্জার *বি.* প্যাসেঞ্জার; আরোহী; শকট বা কোনোরূপ যানের যাত্রী; যাত্রী; যাত্রাকারী; গমনকারী; মুসাফির; তীর্থযাত্রী। 'তুমার গারীর একলাই আমি হুমু পাছিঞ্জার।'

পুইছ্যা মানু *বিণ.* ভাড়াটে; পোচা মানুষ; পালন করা মানুষ; বশে আনা মানুষ। 'পুইছ্যা মানু দিয়া কাম চালাইলে দ্যাছের ছনমান কমব ছারা বারব না।'

পুছ *বি.* পৌষ; বাংলা বর্ষের নবম মাস। 'পুছ মাছে ছীত আহে ডুগডুগি বাজায়া।'

পুছকুনি *বি.* পুকুর; চারপাড় বিশিষ্ট নির্মিত জলাশয়। 'পছমাছে

পুছকুনির পানি বরপের লাহান হিতল অয়্যা থাকে।'

পুছতানী *বিণ.* বংশীয়; ঐতিহ্য; বংশজাত; কুলোদ্ভব; কুলে জাত বা উৎপন্ন। 'তোমার রীতি-রেওয়াজ, পুছতানী দারা।'

পুছা *ক্রি.* পোছা; জিজ্ঞাসা করা; জানতে চাওয়া; গ্রাহ্য করা। 'পুছবা তারে নাকি ছুরে ছোহাগ বানুর নাম/ চক্ষু মেইলা চাইলে বুরি অয়্যা যাইব কাম।'

পুট *বি.* পোর্ট; বন্দর; পোতাশ্রয়; নৌকা জাহাজ ইত্যাদির নিরাপদ আশ্রয়স্থান। 'তুমার মোনের পুটে দিও নিশ্চিন্তি ইস্তান।'

পুণ্যি *বি.* পুণ্য; পাপমুক্ত; সৎকর্ম; সওয়াব; নেকী। 'রোজা-নমজ আমার তুমি, পুণ্যির ছামিয়ানা।'

পুতা *বি.* পাটার পুতা।

পুতি *বিণ.* ছেলের ঘরের নাতনি। 'নাতি-পুতি মিল্লা ছ'খানেক অয়্যা গেচে।'

পুন্নিমা *বি.* পূর্ণিমা; চাঁদনী; জোৎস্না, জোছনা, পূর্ণ চাঁদের আলো। 'ছরতের এই মদুমাখা পূন্নিমা তিথি।'

পুরছকার *বি.* পুরস্কার; বখশিশ; পারিতোষিক; অর্চনা; অভ্যর্থনা; সম্মান প্রদর্শন; সমাদর; সমাদৃত। 'ছমাজের মানুর খিদমত করলে বুটে উটবা, এত্তে বালা পুরছকার আর কি অইবার পারে।'

পুর্‌ব *ক্রি.* পূর্ণ হওয়া; পূর্ণ করা; ভরে দেওয়া; মিটিয়ে দেওয়া; সফল হওয়া; পোরা; পুরা। 'ছাপ্পর ফাইরা আইব ছুখ, পুর্‌ব দিলের আছা।'

পুরা[১] *ক্রি. বিণ.* পোড়া; দগ্ধ হওয়া; জ্বলে যাওয়া; দহন; ভস্মীভূত; কলঙ্কযুক্ত। 'দুনিয়াৎ বালা কাম না করলে জাহান্নামে গিয়া কুটি কুটি বচ্চর পুরা লাগব।'

পুরা[২] *বিণ.* ভরা; পূর্ণ করা; পুরো; সম্পূর্ণ; সমগ্র; অখণ্ড; পূর্ণভাবে; পুরোপুরি; পূর্ণমাত্রায়; পরিপূর্ণ। 'পাকিরা বাংলাদ্যাছের ইনকাম দিয়া নিজেগো প্যাড পুরা করত।'

পুরানা *বিণ.* পুরাতন; প্রাচীন; বৃদ্ধ; প্রবীণ; অভিজ্ঞ; পাকা; দক্ষ; দাগী; সেকেলে; অপ্রচলিত। 'বাহারী খায়োন- উয়োনে পুরানা ঢাহার কুনো জুরি নাইক্যা।'

পুরাইনা *বিণ. দ্র.* পুরানা।

পুরচ্‌কার *বি. দ্র.* পুরছকার।

পুরুছত্ত *বিণ.* পুরুষত্ব; পৌরুষ; যার দ্বারা ব্যক্তির বোধ প্রকাশ পায়; উদ্যম। 'খোদাই গজব পরবো তোমগো পুরুছত্তের গরে।'

পুরাদমে *বিণ.* পরিপূর্ণ প্রস্তুতি নিয়ে; অতিউৎসাহে; বিরতিহীন বা ক্লান্তিহীনভাবে। 'ছিলেট আর চাটগ্রামে গিয়া বি দেকচি এই কাম পুরাদমে চলতাচে।'

পুরাদুস্তুর *বিণ.* পুরোদস্তুর; সম্পূর্ণরূপে; একেবারে; পরিপূর্ণভাবে; পুরোপুরিভাবে। 'হ্যায় পুরাদুস্তুর জাহান্নামি অয়্যা গেচে।'

পুলছিরত *বি.* ফুলসিরাত; বেহেস্তে যাওয়ার রাস্তা হিসেবে ব্যবহৃত। 'নবীজীর ওছিলা ছারা বি পুলছিরাত পার অয়োন যাইব না।'

পুলা *বি.* ছেলে; বালক; যুবক; পুত্র; ছেমড়া; ব্যক্তি। 'আইজকাইলের পুলারা বাপের কতায় নিমু যায় না।'

পুলাপান *বি.* ছেলেমেয়ে; শিশু; অল্প বয়স্ক বালক-বালিকা; বাচ্চা ছেলেমেয়ে। 'কারবার দেকচ, পুলাপানে বাপ-মার লগে চউক উল্টায়া কতা কয়!'

পূণ্যিমা *বিণ. দ্র.* পুন্নিমা।

পেচগি *বি.* খোলা যায় না এমন প্যাচ; কূটকৌশল; চক্রান্ত; পেঁচে ফেলা। 'দুই দোচতের মইদ্যে পেচগি বালা মোতনই নাকচে।'

পেচাইতে *ক্রি.* পেঁচানো; প্যাঁচানো; প্যাচানো; পাকানো; পেঁচ দেওয়া; ঘুরিয়ে ঘুরিয়ে এঁটে দেওয়া; কূটকৌশলে জটিল করা; কোনো ব্যাপারে জড়ানো। 'পেচাইতে পেচাইতে চাক্কি পেচগি লাইগা যায়।'

পেচিডেন *বি.* প্রেসিডেন্ট; সভাপতি; রাষ্ট্রপতি; রাষ্ট্রপ্রধান।

পেছা *বি.* পেশা; বৃত্তি; ব্যবসা; জীবিকার উপায়; স্বভাব; অভ্যাস। 'কিচু পান্ডা আচে যাগো ছরকারী পাট্টিকবরনের পেছা অইয়া গেচে।'

পেছানি *বিণ.* পেরেশানি; পেরেশান; উদ্বিগ্ন; চিন্তিত; চাপে থাকা। 'মহানগর কমিটির ছদছ্যগো গেনজাম লইয়া বহুত পেছানিতে আচি।'

পেচায়া *ক্রি.* পেঁচিয়ে; প্যাচ দিয়ে; মোচড় মেরে। 'অমুন পেচায়া পেচায়া কতা কহ ক্যালা?'

পেছার *বি. বিণ.* প্রেসার; উচ্চ রক্তচাপ। 'গুম হারাম কইরা পেছার বারলে ইছটোক করব।'

পেছাব *বি.* পেশাব; প্রস্রাব; মূত্র; মূত্রত্যাগ। 'ডেরেনে পেছাব করতাচে কুন্ বেলেহাজে?'

প্যাট *বি. দ্র.* প্যাড।

পেটুল *বি.* প্যাট্রল; জ্বালানি বিশেষ। 'গারিতে পেটুল না দিয়া গানগের পানি দিলে গারি চলব ক্যাম্বে।'

পেত্ *বি.* প্রেত; ভূত; পেতনি; পেত্নী; স্ত্রী ভূত; প্রেতনী; কুশ্রী বা নোংরা স্ত্রী। 'আইজবি তোমার জমিনে দেহি নরকের পেত্।'

পেন্দন *বি. দ্র.* পিনদোন।

পেম *বি.* প্রেম; প্রীতি; ভালোবাসা; আসক্তি; অনুরাগ; স্নেহ; অনুরক্তি; মমতা। 'পেমের মরা ডুইবা মরবো, কই ছেই ছমুদ্দুর?'

পেমিক *বি.* প্রেমিক; ভালোবাসার পাত্র; প্রেমাস্পদ; ইশক; এশক; প্রণয়ী; অনুরক্ত। 'লাবের আছায় গুর গুর করে পেমিক নামের ফেউ।'

পেয়ার *বি.* পিয়ার; পিয়ারা; পেয়ারী; বন্ধুত্ব; ভালোবাসা; আদর; সোহাগ; পিয়ার; স্নেহ; প্রেম; প্রীতি; প্রণয়; প্রিয়; মমতা; আদরণীয়। 'ঢাকার লগেই পেয়ার কইরা আছিরে বাই বাইচা/ অহন বি মৌজ-ফূর্তি গান গায়া যাই নাইচা।'

পেয়ার হাগর *বি.* প্রেম সাগর। 'তুমার বাবিছাবে কয় আমার কতায় হের দিলের পেয়ার হাগরে তুপান উটচে।'

পেয়ারা *বিণ.* অতি ঘনিষ্ঠ; আপনজন; নিকটজন; মনের মানুষ; বন্ধু; বন্ধুভাবাপন্ন ব্যক্তি। 'মরণের আগে আমার পেয়ারা দোছরে ঢাহার আচলি ইতিহাছ হুনাইয়া যামু।'

পেরেছ *বি.* প্রেস; ছাপাখানা; মুদ্রণাগার; যেখানে পুস্তকাদি ছাপা হয়। 'পেরেছের ব্যবছা আইজ কাইল বালা গেতাচেনা।'

পেরেছান *বিণ.* পেরেশান; পারেশান; হতভম্ব; উদ্বিগ্ন; চিন্তিত; দুশ্চিন্তাগ্রস্ত; উৎকণ্ঠিত; ব্যাকুল। 'তুমার লগে দৌরাইবার গিয়া পেরেছান অয়্যা গেচি।'

পেরেছানি *বিণ. দ্র.* পেছানি।

পেলান *বি.* পরিকল্পন; পরিকল্পনা; প্রোগ্রাম; নিয়ম মাফিক; চিন্তন; উদ্ভাবন; নকশা; কল্পিত রচনার প্রণালি।'পেলান কইরা কাম না করা একখান বর গলতি।'

পেলে *বি.* প্লে; ভূমিকা; আচরণ; বিধেয়; অনুষ্ঠেয়; প্রচলিত। 'পাবলিক বুলে নাইক্যা মুকতি ছংগেরামের কালে হেরা কি রুল পেলে করচিল।'

পোগাম *বি.* প্রোগ্রাম; কর্মসূচি; কর্মপরিকল্পনা; কর্মনীতি নির্ধারণ করা; কর্মসাধনের পথ নির্ণয়

করা। 'আমরা রাজনীতিক পোগাম দিলে তোমগো ছরকারী দলের মাতা ব্যতা অয় ক্যালা?'

পোচটার *বি.* পোস্টার; প্রাচীরপত্র। 'ডিজিটাল পোচটার ছাটায়া দ্যাছের মানুরে ইদের ছুভেচ্চা ছাগতম জানায়া দিচি।'

পোচতাব *বি.* প্রস্তাব; আলোচ্য বিষয়; প্রসঙ্গ; কথা; আলোচ্য বিষয় উপস্থাপন; আলোচনার জন্য যা উত্থাপন করা হয়; গ্রন্থাদির পরিচ্ছেদ বা অধ্যায়; উত্থাপক। 'আমার পোচতাবে রাজী অয়্যা আহ নতুন দল পয়দা করি।'

পোচার *বি.* প্রচার; ঘোষণা; সর্বসাধারণকে জানানো; প্রকাশ; বিজ্ঞপ্তি; রটনা; প্রচলন। 'পোচার না থাকলে পছার অহেনা।'

পোছ *বিণ.* পোষা; বশ্যতা; অধীনতা স্বীকার। 'যতই দিবি দোছ/ মাইনা গ্যাছি মোনে মোনে/ আমি যে তর পোছ।'

পোছতাব *বি.* পোচতাব।

পোছাক *বি.* পোশাক; পরিচ্ছদ; বেশ। 'বহুত হাদা পোছাকের ছিবিল পুলিশ আমগো চাইর পাছে গুরবার লাগচে।'

পোছে১ *ক্রি.* জানতে চাওয়া; জানতে চায়। 'বালা কইরা জিগায় দেহি হ্যায় কি পোছে।'

পোছে২ *ক্রি.* পোষে; পোষা; লালন-পালন করা; পোষণ করা; বশে এনে পালন করা। 'পংখি বন্দি কইরা ক্যালা পোছে বুঝবার পারি না।'

পোটলা *বি.* পোঁটলা; পুঁটলি; বড় পুঁটুলি; গাঁটরী; থলে; বোঁচকা। 'এতনা দামি মালের পোটলা হারায়া গেল ক্যামে?'

পোংটা *বিণ.* নষ্ট; দুষ্ট; কুচরিত্র; ভ্রষ্ট; ব্যভিচারী; গুণ্ডা বা নষ্ট চরিত্রের। 'পোংটা মানু পোংটামি ছারা বালা কাম করবার পারে ক্যামে!'

পোংটামি *বিণ.* পোংটার কাজ; নষ্টামি; দুষ্টামি; দুষ্টামো; শয়তানি; বদমায়েশি; ব্যভিচার। 'পোংটামি না ছারলে মহল্লার মানু তরে পেদাইয়া টুণ্ডা বানাইব।'

পোতা *বি.* ছেলের ঘরের নাতি।

পোদেছ *বি.* প্রদেশ; রাজ্য; অঙ্গরাজ্য। 'বানগালা দ্যাছে বিভাক আচে, কুনো পোদেছ বি নাইক্যা।'

পোন্দ *বি.* শরীরের পেছন দিকে; পায়ুপথ ; মলদ্বার। 'বোকের জ্বালায় লাজ-ছরমের পোন্দে বরাক বাঁছ।'

পোপেচার *বি.* প্রফেসর; অধ্যাপক; শিক্ষক; আচার্য; ওস্তাদ; কলেজ বা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার পদবিশেষ।

পোয়াবারো *বিণ.* পরম সৌভাগ্য; বিশেষ মূল্যবান প্রাপ্তি। 'পরজায় পরজায় ফাটাফাটি/ রাজার পোয়াবারো/ ট্যাক্‌ছ লয়া বাক্‌ছ বরে/ দেছটা নরবর।'

পোরথম *বিণ. দ্র.* পরথম।

পোরদান *বি. দ্র.* পরদান।

পোরদানমুনত্রি *বি. বিণ.* প্রধানমন্ত্রী; মুখ্যমন্ত্রী।

পোরায়া *ক্রি.* পোড়িয়ে; জ্বালিয়ে; দগ্ধ করে; ভস্মীভূত করে; জঞ্জাল দূর করে; আবর্জনাদি দূরীকরণ। 'বহুত কাটখর পোরায়া পাবলিকের নেতা অইলে বি মাইনছে কতা হুঁনব।'

পোলা *বি. দ্র.* পুলা।

পোলাপান *বি. দ্র.* পুলাপান।

পোস্টাপিছ *বি.* পোস্ট অফিস; ডাকঘর। 'মার নাম রঙ্গীবিবি, বাপ হ্যালায় জোলা/ পোস্টাপিছ খুনীর ট্যাক, থানা চিতাখোলা।'

প্রছুতি *বি. বিণ.* প্রসূতি; প্রসবিতা; প্রসবী; যে প্রসব বা জন্মদান করে; প্রসবকারী; প্রসবিত্রী; প্রসবিনী। 'বার্জিন মেরির মোতন যুদি অই প্রছুতি।'

ফ

ফইছকা *বিণ.* ফস্‌কে যাওয়া; বন্ধনমুক্ত হওয়া; এড়িয়ে চলা; ফাঁকিবাজি করা; আটকিয়ে রাখতে না পারা। 'ছক্‌ত কইরা না দরলে ফইছকা যাইবার পারে।'

ফকফকা *বিণ.* ঝলমলে; ধবধবে; অতিশয় সাদা ও উজ্জ্বল; ধবল; শুভ্র; শ্বেত; শুক্লবর্ণ; সাদা রং। 'অহন দেকতাচি ফকফকা দিনে দুনিয়ায় আয়্যা বি অনেকের চক্ষে দুলি।'

ফক্কর *বিণ.* ফক্কড়; প্রতারক; ঠগবাজ; ঠট; ফাজিল; বাচাল; প্রগলভ; প্রবঞ্চক; শঠ; ফেরেব্বাজ; ধড়িবাজ; ধূর্ত; ফিকরাবাজ; অন্তঃসারশূন্য; কৌতুকী; বিদূষক; ফক্কুড়ি; ফক্করি; ফাজলামি; ইয়ারকি। 'তুমি দেহি হ্যালায় ছরাইল দ্যাছের ক্কারী ফক্কর বইনা গেচ।'

ফকিন্নী *বি. বিণ.* ভিখারিনী; কপর্দকহীন নারী। 'ফকিন্নীর পুত হ্যালায় চোট্টার ব্যাটা/ ছুরঙ্গ কাইটা নিবার চায়।'

ফকিন্নি মাগী *বিণ.* কপর্দকহীন মহিলা (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি

বিশেষ)। 'আবে হ্যালায়, ফকিন্নি মাগী লাল ছারি পাইল কইথনে?'

ফকির *বি.* ফকীর; সংসারত্যাগী সন্ন্যাসী বা সাধু পুরুষ; ভিক্ষুক; ভিক্ষাজীবী; নিঃস্ব; দরিদ্র; সর্বহারা। 'ফকির ছুন্নাছিরে বালা মোতন বিক্কা দিবা।'

ফছ *বিণ.* ফস্; হঠাৎ করে; হঠাৎ; আচানক; আকস্মাৎ; অতর্কিতভাবে; দৈবাৎ। 'নিয়াজী ফছ্ কইরা ছেনাগো দুই-চাইর কতা হুনাইয়া বেনকারের বিত্রে যাইয়া হুইত্যা পরত।'

ফছকা *বিণ.* ফস্কা; ফস্কা; আলগা; শিথিল; ঢিলা। 'ফছকা গিরো না দিলে ছোময় মোতো খুলবার পারবা না।'

ফছাদ *বি.* ফ্যাসাদ; ঝগড়াবিবাদ; হাঙ্গামা; ষড়যন্ত্র। 'হরদারের লগে ফছাদ বাজাইবা তুমার ছিনার পাটা কত?'

ফছিল *বি.* ফসিল; জীবাশ্ম; যে প্রাণী বা উদ্ভিদ পাথরে পরিণত হয়েছে; প্রস্তরীভূত প্রাণী বা উদ্ভিদ। 'কোন ছমায় যানি ফট্টাছ কইরা বাঙ্গে বুকে খোয়াবের ফছিল।'

ফজর *বি.* উষাকাল; প্রাতঃকাল; সুবেহ্ সাদেক অর্থাৎ সূর্যোদয়ের এক ঘণ্টা বিশ মিনিট আগে পুব আকাশে আলোর রেখা প্রকাশ পাওয়ার সময় থেকে সূর্যোদয়ের পূর্ব পর্যন্ত সময়; সূর্যোদয়ের প্রাক্কাল; সকালের নামাজ।

ফজিলত *বি.* ফজিলৎ; ফযিলত; শ্রেষ্ঠতা; উৎকর্ষ; গুণপনা; সম্মান; সমৃদ্ধি; বরকত।

'এতিমেরে ছাহ্য করা অনেক বর ফজিলতের কাম।'

ফট্টাছ *বিণ.* ফট করে; হঠাৎ করে। 'ফট্টাছ কইরা বাইঙ্গা বি যায় পিরিতের গর।'

ফটফট *বি. ক্রি.* বড় বড় কথা বলা; বাহুল্য উক্তি দেওয়া; অনবরত বাজে কথা বলা; অনবরত কথা বলা। 'এত্ত ফটফট না কইরা কামে মোন দেও।'

ফটিকবাত্তি *বি.* ঝারবাতি; স্ফটিক; স্বচ্ছ; পরিষ্কার; নির্মল; স্বচ্ছ আলো; স্বচ্ছ পাথর বিশেষ। 'নিদমহলের ফটিকবাত্তি, মোন পবনের নাও।'

ফতুয়া[1] *বি.* ফতুই; ক্ষুদ্রাকৃতি হাতকাটা জামাবিশেষ। 'দুকানে বইলে আমি ফতুয়া পরবার পছন করি।'

ফতুয়া[2] *বি.* ফতোয়া; ফৎওয়া; ইসলাম ধর্মশাস্ত্র সম্মত রায় বা লিখিত ব্যবস্থা; শাস্ত্র নির্দেশ। 'ছব ফতুয়া মাইন্যা চলোন যায় না।'

ফতুর *বিণ.* নিঃস্ব; রিক্ত; কপর্দকহীন; নির্ধন; সর্বস্বান্ত; নিঃশেষ। 'খান ছাবের পুলাটা জুয়া খেইলা ফতুর অয়্যা গেল।'

ফনকার *বিণ.* গায়ক; গীতিকারী; যে গান করে; গাইয়ে; সংগীতজ্ঞ; দীর্তক; কীর্তনকারী। 'বরিনদোরনাত খালি বিচ্ছ কবি না, বহুত নামকরা ফনকার বি আচিল।'

ফন্দি *বি.* ফন্দ; ফন্দী; ফাঁদ; চাতুরি; প্রতারণা; ছল; কূটকৌশল; মতলব। 'আমার লগে ব্যাবছা করলে কুনো ফন্দি-ফিকির করবার পারবা না।'

ফনদি *বি. বিণ. দ্র.* ফন্দি।

ফনদি-ফিকির *বি. বিণ.* দুষ্ট পরিকল্পনা; কু-মতলব আঁটা; ফাঁদ; চাতুরি; প্রতারণা; ছল; কূটকৌশল; মতলববাজ; চক্রান্ত। 'আগরতলা ছরযনত্তো মামলা দিয়া বংগোবন্দুরে ফাছিতে লটকায়া মারনের ফনদি-ফিকির করচিল।'

ফরজ *বিণ. বি.* ফারজ;ফরয; ফর্য; ইসলামি ধর্মমতে অবশ্য করণীয় কাজ বা অনুষ্ঠান; অবশ্য করণীয়; জরুরি কাজ। 'জম্বার দিন বাদে পরতিদিন ছতর রেকাত ফরজ নুমাজ পরবার অহে।'

ফরফর *বিণ.* কাপড় কিংবা কাগজ ইত্যাদি পাতলা বস্তুর বাতাসে ওড়ার শব্দ। 'গাঙ্গের বাছাতে ফরফর কইরা উরতাছিল রেছমী কালা চুল!'

ফরমাইছ *বি.* ফরমায়েশ; ফরমাইশ; ফরমাশ; ফর্মাশ; ফরমাইস; ফরমায়েস; ফরমাজ; ফরমাই; আদেশ; হুকুম; আজ্ঞা; কোনো কিছু ক্রয়ের বা সরবরাহের নির্দেশ; আবদার; বায়না। 'ফরমাইছ মোতন কাম করলে নগদ ট্যাকা পাইয়া যাইবা।'

ফরাছি *বি.* ফরাসি; ফ্রান্স দেশীয়; ইয়োরোপের একটি দেশ। 'আচান মুনজিল পরথম ফরাছিগো কুটি আচিল।'

ফরিন *বিণ.* ফরেন; বিদেশ; ভিন্নদেশ; বিদেশি; বিদেশ সম্বন্ধীয়। 'হুনচি তুমার পুলা নাকি গুলচান ফরিন মার্কেটে এক ফুরেনার মাইয়ার পিচে ইচ্ছা মতোন টানকি মারবার লাকচে।'

ফরিয়াদ *বি.* অনুরোধ; ফরয়্যাদ; প্রার্থনা; অভিযোগ; নালিশ। 'ঢাকার ইতিহাস গর্বে জানাই সাদুবাদ/ বুরিগনগা-ঢাকা বাচাও/ এই করি ফরিয়াদ।'

ফযর *বিণ. দ্র.* ফজর।

ফলি *বি.* আচার বানানোর উদ্দেশ্যে কাঁচা আম টুকরা করে কাটা। 'ফলিগুনার লগে কাছন্দি মিছায়া আচার বানাও।'

ফয়দা *বি.* ফায়দা; সুফল; সুপরিণাম; ভালো ফল; কার্যসিদ্ধি; অধিক ফলোৎপাদক; উৎকৃষ্ট; মঙ্গল; লাভ; খরচ বাদে আয়; মুনাফা; উপস্বত্ব; আয়; উপকার; সুযোগ-সুবিধা; মুনাফা পাওয়া; অর্জন করা; প্রাপ্তি। 'হেরা কয় আখেরি মুনাজাত কইরা ফয়দা অইব না।'

ফাইছা *ক্রি.* ফেঁসে যাওয়া; বিপদের মধ্যে পড়া। 'গাউরামি কইরা ইলেকছোন না কইরা তুমরা হ্যালায় এহন মাইনকা চিপায় পইরা ফাইছা গেচ।'

ফাইট্টা *ক্রি.* ফেটে যাওয়া; বিদারণ; বিদীর্ণ স্থান; ফাটল; বিদীর্ণ হওয়া; ছিন্নভিন্ন হওয়া; ফাঁড়া; চেরা; চিড় খাওয়া, ভেঙে যাওয়া অবস্থা। 'ঢাকা দেইখা ঢাকাইয়্যা গো/ বুকটা অহন ফাইট্টা যায়।'

ফাইত *বি.* মারামারি; হাতাহাতি; লড়াই; সংগ্রাম; সমর; রণ; বিগ্রহ; আহব। 'পাকি ছেনারা রেজাকারগো কতায় জোনাকী পোকার লগে তুফান ফাইত চালায়া দিচিল।'

ফাইরা *ক্রি.* ফুঁড়ে; ভেদ করা; ছিদ্র করা; রন্ধ্র করা; বিদ্ধ করা, বিদীর্ণ করা। 'কছম তোমার বীর বাঙ্গালী কব্বর ফাইরা উঠ/ কাম নাই তোমার জিন্দা মরায় বাচার মোতন বাচ।'

ফাও *বি.* বিনা পয়সায়; বিনা দামে বা মূল্যে; আসল পরিমাণের অতিরিক্ত কিছু; ফাউ; শুধু শুধু; ফাঁকা; মূল্যের বদলে প্রাপ্যবস্তুর চেয়ে বাড়তি সামান্য কিছু; অতিরিক্ত; উপরি। 'ট্যাকা ছারা এইখানে নেই কিছু ফাও।'

ফাকা *বিণ.* উন্মুক্ত; অনাবৃত; খোলা; জনশূন্য; নির্জন; অসার, ভিত্তিহীন; মিথ্যা; বাজে। 'বায়ান্ন বাজার তিপ্পান্ন গল্লি আজিব ছহর ঢাকা/ পিরীতি যুদি না থাকল বুকে, বেকাক লাগব ফাকা।'

ফাক্কা *বিণ. দ্র.* ফাকা।

ফাগুন *বি.* ফাগুন; বাংলা বর্ষের একাদশ মাস। 'ফাগুন মাছে ফুল ফুটে গাছে গাছে রোং।'

ফাছ *বি.* ফাঁস; ফাঁসি; ফাঁশি; ফাঁসী; গলায় দড়ির ফাঁস লাগিয়ে আত্মহনন করা; গলায় ফাঁস লাগিয়ে মৃত্যুদণ্ড। 'ঐ রাজাকার হোন রাজাকার পালায়া কই যাছ/ এলায় দিমু গলায় তরে বাংলা দরির ফাছ।'

ফাছাইবার *বি.* ফাঁসানোর; জড়ানোর; চাল; চক্রান্ত; কৌশল; বিপদে ফেলা। 'তার কথা না হুইনা উলটা তারে ফাছাইবার কামে তুমরা নাইমা পরচ।'

ফাছটো কেলাচ *বি. বিণ.* ফার্স্টক্লাস; প্রথম হওয়া; প্রথম স্থান অর্জন। 'তুমার বাবিছাব কয় এই দেছের থাইক্যা ফুরেন নাকি বহুত ফাছটো কেলাচ।'

ফাছায়া *ক্রি.* ফাঁসিয়ে; ফাঁসানো; বিপদে ফেলা বা জড়িত করা। 'তুমার মতন জানিদোছরে বিপদে ফাছায়া আমার কি লাব কও?'

ফ্যাছাদ *বি.* ফেসাদ; ফ্যাসাদ; ঝঞ্ঝাট; বিপদ; বিঘ্ন; ঝামেলা; গণ্ডগোল; বিবাদ; কলহ; হাঙ্গামা; জুট-ঝামেলা। 'এমুন দিন আইব, যহন নাছারারা দানগা ফ্যাছাদ কুনোদিন লাগাইবার মওকা পাইব না।'

ফাছি *বি.* ফাঁসি; গলায় ফাঁস দেওয়া। 'মাইয়াটা ফাছি দিয়া মরল ক্যালা বুছবার পারলাম না।'

ফাজিল *বি. বিণ.* ফাযিল; ফাজেল; ফাযেল; বাচাল; বখাটে; পণ্ডিত; বিদ্বান; অতিরিক্ত; উদ্বৃত্ত; অবশিষ্ট। 'এইছব ফাজিল পুলাপান লয়্যা বিচার-ছালিছে বয়োন যাইব না।'

ফাটকি *বি.* ফাঁকি দেওয়া; প্রতারণা; ছলনা; বঞ্চনা; ঠকামি; চাতুরি; ধাপ্পা; ধোঁকা। 'তুমরা ছটকাট কাম হারবার চায়্যা ফাটকিতে ঝুইলা পরবা।'

ফাটাইবার *ক্রি.* ফাটানো; বিদীর্ণ করা; ফাঁড়া; চেরা; সংকটজনক অবস্থা; প্রবল দ্বন্দ্ব; উভয় পক্ষের দ্বন্দ্ব ও আঘাতে পরস্পর আহতকরণ। 'তুমরা কতায় কতায় বুমা ফাটাইবার লাইগা মানু হায়ার কর।'

ফাটায়া *ক্রি.* ফাটিয়ে; ফাটানো; ফাটল; ফাটা; বিদারণ; বিদীর্ণ স্থান; সংকটজনক অবস্থা; প্রবল দ্বন্দ্ব। 'পাওরে আয়্যা নিজের দলের নাম ফাটায়া নকলি ইতিহাছ বানায়া বাজারে ছাইরা দেয়।'

ফান *বি.* ফাঁদ; ফান্দ; পশুপাখি ধরার যন্ত্রবিশেষ; কৌশল; ছল; ফন্দি; চক্রান্ত। 'গুগু দেকচ, মাগার ফান বি দেখ নাই।'

ফানা *বি.* লয়; ধ্বংস; আত্মহারা; তন্ময়; পাগল। 'তবা কইরা আবার গুনা করলে জীবন ফানা ফানা অয়্যা যাইব।'

ফানা ফানা *বিণ.* লয়; ধ্বংস; আত্মহারা; তন্ময়। 'জীবন ফানা

ফানা হইব/ পলানোর পথ খুঁজবেন/ ঢাকার মজা বুঝবেন।'

ফাপাইয়্যা *ক্রি.* ফাফরে পড়া; ফাঁপর; ফাপর; ফাঁফর; সমস্যা; বিপদ; বিপাক; মহাচিন্তা; নিরুপায়। 'জ্যাম যানজট হাঁপাইয়্যা/ রইদ-গরমে ফাপাইয়্যা/ নিজের মাথা কুটতাছে।'

ফারগতি *বি.* ফারখতি; ফারখত; ছাড়পত্র; ত্যাগপত্র; তালাকনামা; সম্বন্ধচ্ছেদ। 'বিনা দোছে, বিনা গাটে দিয়া ফারগতি/ কালরাইতে গ্যাছে ছাইরা বেউলার পতি।'

ফারচি *বি.* ফারসি; পারস্য বা ইরান দেশের ভাষা। 'ইরান দ্যাছের মানুরা ফারচিতে বাতউত করে।'

ফারাক *বি.* ফারাগ; ফরক; দূরত্ব; পার্থক্য; প্রভেদ; ব্যবধান; পার্থক্য; তফাত; আলাদা; স্বতন্ত্র; বিচ্ছিন্ন; পৃথক; দূর; দূরবর্তী; অনৈকট্য। 'তুমার কতা আর কামের মইদ্যে আছমান জমিন ফারাক।'

ফাল *ক্রি.* লাফ; ঝাঁপ; লম্ফ; লাফ দেওয়া; আস্ফালন করা; দম্ভপ্রকাশ; অতিশয় ব্যস্ততা বা অস্থিরতা। 'পুরানা দিনের কতা হুইনা দিলটা মোচর মাইরা ফাল দিবার চায়।'

ফালতু *বিণ.* ফেলনা; বাজে; তুচ্ছ; অকেজো; অনাবশ্যক; বৃথা; ফেলে দেবার যোগ্য। 'তুমি মিয়া উজবুকের লাহান ফালতু কতা পারতাচ।'

ফালাইচে *ক্রি.* ফেলেছে; ফেলে দেওয়া হয়েছে এমন। 'হ্যারা কাম হাইরা তুমারে ফেইক্কা ফালাইচে।'

ফালাফালি *বি.* লাফালাফি; অস্থিরতা; অত্যন্ত ব্যস্ততা; অত্যন্ত উৎসাহ প্রদর্শন; দম্ভপ্রকাশক আস্ফালন। 'ফালাফালি কইরা মাইনছের দিলে দরমের ইছক পয়দা করবার পারবা না।'

ফালায়া *ক্রি.* ফেলে; ফেলা; নিক্ষেপ করা; ফেলে দেওয়া; ফেলে দিয়ে; পতিত করা; ছোড়া; ক্ষেপণ করা; ঢুকানো; নিষ্পন্ন করা; ত্যাগ করা; ছাড়া; নিঃসরণ করা। 'তুমারা এক কুটি আদমরে বারি-গর ফালায়া হিনদুচতানে ঠেইলা দিচিলা।'

ফাল্লি ফাল্লি *বি.* ফালি ফালি; টুকরা টুকরা; ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত; খণ্ডে খণ্ডে বিভক্ত। 'তুমার কতায় জিগইট্টা ফাল্লি ফাল্লি অয়্যা গেচে।'

ফাস কেলাছ *বি. বিণ. দ্র.* ফাছটো কেলাছ।

ফ্যাইছা *ক্রি. দ্র.* ফাইছা।

ফ্যাত-কান্দনি *বিণ.* যে কথায় কথায় কাঁদে; যে বেশি কাঁদে; বেশি কাঁদা যার অভ্যাস। 'ফ্যাত-কান্দনি মাইয়্যাডার মুহের বিতরে মাবরল ঢুহাইয়া দেও।'

ফিকির *বি.* কার্যোদ্ধারের উপায় চিন্তা; উপায়; ব্যবস্থা; কৌশল; চেষ্টা; ফন্দি; মতলব; ছলনা। 'দান্দা-ফিকির বাদ দিয়া হালাল রুজগারে মোন দেও।'

ফিটন *বি.* এক ধরনের ঘোড়ার গাড়ি।

ফিরউল্টা *বিণ.* বউ ফিরানি। 'কাইল ছুহাগবানুর ফিরাউল্টার দিন।'

ফিরকা *বি.* ফিরকা; দল; ধর্ম সম্প্রদায়ের অন্তর্গত উপসম্প্রদায়; উপদল। 'ফিরকাবাজী করলে দরমের নাছ ছারা কুনোদিন বালা অহেনা।'

ফিরাউল্টা *বি.* বিয়ের তিনদিন পর কনের বাপের বাড়ি প্রত্যাবর্তন উৎসব এবং বরপক্ষের জন্য আয়োজিত অনুষ্ঠান।

ফিরাউন *বি.* ফেরাউন; প্রাচীন মিশরীয় রাজাদের উপাধি, হজরত মুসা(আ.) কে অস্বীকারকারী মিশর রাজা। 'ফিরাউন বাছ্ছারা এক আল্লায় বিছ্ছাছ করত না।'

ফিরয়্যা *বিণ.* ফিরে; পরবর্তী; পুনরায়; আবার। 'জ্বলদি টাউন থাইকা গেরামে ফিরয়্যা আহ।'

ফিরিচতা *বি.* ফেরেশ্‌তা; ফিরিশ্‌তা; ফিরেশ্‌তা; আল্লাহর আজ্ঞাবহ; জ্যোতির্ময় সত্তা।

'ফিরিচতারা দিন রাইত আল্লার গুণগানে মচগুল থাকে।'

ফিরুম *ক্রি.* ফিরব; ফিরা; ফেরা; প্রত্যাবর্তন করা; ফিরে আসা; অভিমুখী হওয়া; ঘোরা।

'জীবন থাকতে আর ফিরুম না।'

ফিলিম *বি.* ফ্লিম; ছায়াছবি; চলচ্চিত্র। 'যৈবুন কালে এক ফিলিম তিনবার দেকচি।'

ফিৎরা *বি.* ফেতরা; ফেৎরা; ফিত্‌রা; রমজান মাসের শেষে রোজা ভঙ্গের দিন দরিদ্রদিগকে মুসলিমদের দেওয়া গম; চাউল বা টাকা পয়সা। 'ঈদের আগে গরীবগো ফিৎরা দেয়োন উচিৎ।'

ফুইকা *ক্রি.* ফুঁকা; ফুঁকে দেওয়া। 'জিন্দেগী ছুপায়া কার আছিল অন্তরে/ কে কারে ফুইকা দিল গোপন মন্তরে।'

ফুইটা *ক্রি.* পালিয়ে যাওয়া; কেটে পড়া; লুকিয়ে থাকা; পলানো। 'ছিআইডি'র ছামনে আমি

বিআইপি'র মামু/ একবার যুদি পাই ছারা ফরেন ফুইটা যামু।'

ফুইছা *ক্রি.* ফুঁসে উঠা; ফোঁসা; ফুঁসা; ফোঁস ফোঁস করা; আক্রোশবলে গর্জন করা; দংশন করতে প্রস্তুত হওয়া। 'দ্যাছের মানু ফুইছা উটবার আর বাকী নাইক্যা।'

ফুকাটে *বিণ.* বিনা চেষ্টায় প্রাপ্ত; বিনা বাধায় পাওয়া; সহজে পাওয়া। 'আমগো খামবার উপ্রে দিয়া বিদদুত চালায়া ফুকাটে নাম কামাইয়া নিতাচ।'

ফুকায়া *ক্রি.* বাজিয়ে; বাজানো; ধ্বনিত করা; সময় জানানো; গুপ্ত বিষয় জোরেশোরে প্রকাশ। 'ইছরাফিল ফিরিচতা ছিংগা ফুকায়া জানায়া বি দিব কেয়ামত নজদিক।'

ফুচ্‌কি *ক্রি.* উঁকি দেওয়া; আড়াল থেকে দেখা; গোপনে দর্শন। 'মুকতিগো মাইর ইয়াহিয়া আর বুট্টু ফুচ্‌কি মাইরা দেখতো আর কইত বেটারা এত ছকতি পাইল কই?'

ফুটুছ-ফাটুছ *বিণ.* ঠোঁটকাটা; মুখের উপর কথা বলা; অপ্রীতিকর সত্য কথা বলা; কাউকে কোনো কিছু বলতে বাধে না এমন; স্পষ্টবক্তা; নির্লজ্জ; অপ্রিয় কথা বলতে দ্বিধাবোধ করে না এমন। 'মাইয়্যাটার ফুটুছ-ফাটুছ ছবাবটা আর গেল না।'

ফুট *অব.* জলদি চলে যেতে বলা; সামনে থেকে সরে যেতে বলা। 'পেদানি খাইবার আগে ফুট কইতাচি।'

ফুট্টুছ *বিণ.* ফট ফট শব্দ করে; হঠাৎ করে; অকস্মাৎ; অতর্কিতে। 'ফুট্টুছ কইরা কইথনে বাহার অইলা?'

ফুটো *বি.* ফটো; ফটোগ্রাফ; আলোকচিত্র; ছবি; প্রতিমূর্তি; প্রতিকৃতি; চিত্র; ক্যামেরায় তোলা ছবি। 'মাইয়্যাটা ফুটোর লাহান ছুনদরী।'

ফুদ *বি.* ফুড; খাদ্যদ্রব্য। 'ফুদ কনফারেছ বইটা পরলে এই কতা কইবার পারতানা।'

ফুবা *বিণ.* ফুফা; পিতার ভগ্নিপতি; ফুফুর স্বামী।

ফুরছত *বি.* ফুরসত; নিস্তার পাওয়া; সুযোগ পাওয়া; অবসর পাওয়া; ছুটি পাওয়া। 'আইজ-কাইল ব্যবছা-বাণিজ্য কইরা ফিলিম দেহোনের ফুরছত পাইনা।'

ফুরফুইরা *অব্য.* ফুরফুর; মৃদু বায়ু সঞ্চরণের ভাবব্যঞ্জক; ওড়ার জন্য স্বল্প পালকযুক্ত ডানার সঞ্চালনজনিত লঘুশব্দ; হালকা

পদার্থের ওড়ার শব্দ। 'ফুরফুইরা বাছাতে বুকটা বইরা গেচে।'

ফুরতি *বি.* আনন্দ-উল্লাস; আনন্দ লাভ; আনন্দ দান; সন্তোষ; পরিতোষ; স্ফূর্তি; আহ্লাদ; আনন্দমধুর; হর্ষস্রোত; উল্লসিত হওয়া; আনন্দে উজ্জ্বল হয়ে ওঠা; পুলকিত হওয়া। 'হুনচি এইটারে নোয়াব পরিবার নাচগর বানায়া ফুরতি উরতিতে মাইতা থাকত।'

ফুরায়া *ক্রি.* ফুরিয়ে; ফুরানো; ফুরনো; শেষ হওয়া; অবসান হওয়া; সমাপ্ত হওয়া; সমাধা হওয়া। 'মোনে রাকবা আমগো দিন ফুরায়া যায় নাইক্যা।'

ফুরেন *বি.* ফরেন; বিদেশ; অন্যদেশ; প্রবাস; পরবাস; ভিনদেশ; ভিনদেশি। 'পুলারে ফুরেন পাটাইলে একটা মেমছাব বিয়া কইরা লয়্যা আইব।'

ফুরেনার *বিণ.* বিদেশি; ভিন্নদেশবাসী; বিদেশ সম্বন্ধীয়; অন্যদেশের বাসিন্দা। 'ফুরেনে গেলে ফুরেনারের মোতন চলন লাগে।'

ফুলায়া *ক্রি.* ফুলিয়ে; ফুলা; ফুলান; ফুলানো; ফোলা। 'পরের হক মাইরা খায়্যা ক্যাম্বে ছিনা ফুলায়া হাটে বুলবার পারিনা!'

ফুলুরি *বি.* ফুলরি; তেলে ভাজা বেসনের বড়া। 'পুরান ঢাহার ফুলুরি খালি খাইবারই মোন চাহে।'

ফুলো *ক্রি.* ফলো; অনুসরণ; অনুগমন; পশ্চাদ্‌গমন; অনুকরণ; অনুসারী; অনুসরণকারী। 'তুমার ইমানে যেইটা মাইনা লয় ওইটা ফুলো করবার পার।'

ফুং ফাং করা *ক্রি.* রাগে ফোঁস্ ফোঁস্ করা। 'হাপের লাহান ফুং ফাং করবার লাকচ ক্যালা?'

ফেইকা *ক্রি.* ছুড়ে ফেলা; নিক্ষেপ করা। 'পছা ফেইকা ফেললে পছায় মানুরে ছাইরা দেয়।'

ফেউ *বি.* প্রেমিক; বন্ধু; অনুসরণকারী; পশ্চাতে লেগে থেকে ক্রমাগত উত্ত্যক্ত বা বিরক্ত করা। 'ফেউগুলার যতনরনায় পার্কে হাটন যায় না।'

ফেকা *ক্রি.* বিচার বিশ্লেষণ; ব্যাখ্যা। 'এইটারে ফেকায় ফালায়া দুরচত করন যায় না।'

ফেটি বাইনদা *বি.* লাল কাপড় বেঁধে। 'মাতায় ফেটি বাইনদা মোনে করচ তোমগো ছরিলে ফুলের টোকা বি পরব না।'

ফেতনা *বি.* ফিতনা; ফেৎনা; অনিষ্ট; ক্ষতি; গণ্ডগোল; হাঙ্গামা;

প্রলোভন; দাঙ্গা; ধর্মীয় নির্যাতন; বিশৃঙ্খলা; গৃহযুদ্ধ; শির্ক। 'দরমো লয়া ছমাজে ফেতনা বাজান বেদাত।'

ফের *বিণ.* পুনরায়; আবার; দ্বিতীয় বার; প্রত্যাবর্তন। 'পুলাপানরে কয়্যা দিও মাতায় ফের ফেটি বানলে কল্লা কাইট্টা ফালামু।'

ফেরেছ *বিণ.* ফ্রেস; তরতাজা; নবীন; জীবন্ত; টাটকা। 'ফেরেছতার লাহান ফেরেছ মানুছটারে টানাহেচরা কইরা কি লাব পাইতাচ?'

ফেরেন *বি.* ফ্রেন্ড; বন্ধু; দোস্ত; ঘনিষ্ঠজন; আপনজন। 'আয়ুবখান একটা বই লিকচে ফেরেন নত মাচটর।'

ফেরেশ্‌তা *বি. দ্র.* ফিরিচতা।

ফেলাই *ক্রি.* ফেলি; ফেলে দেই; ফেলে দেওয়া; ছুড়ে ফেলা; পতিত করা; বাতিল করা। 'তুমি সরযনতো কইরা আমারে এইবাবে ফেলাইয়া দিবা বাববার পারি নাইক্যা।'

ফেলাইব *ক্রি.* ফেলবে; নিক্ষেপ করা; ফেলে দেওয়া; পতিত করা; ছোড়া; ক্ষেপণ করা। 'ছোনার জমিনে ফেলাইব যেয় চামরার পাও।'

ফেলাই উবার *বি.* ফ্লাইওভার; উড়াল সড়ক। 'কয়দিন বাদে দেকবা ঢাকা ছহরের হক্কল রাস্তা ফেলাই উবারে বইরা গেচে।'

ফেলাগ *বি.* ফ্ল্যাগ; পতাকা; ঝাণ্ডা। 'বিমান বাংলাদ্যাছের ফেলাগ দুনিয়ার বুকে উরায়া নিতাচে।'

ফেলায়িং *বিণ.* ফ্লাইং; উড়াল; উড়ন্ত। 'আমারে জরায়া দইরা কত যে ফেলায়িং কিচ দিচে এইটা কয়্যা ছেচ করন যাইব না।'

ফোকলা *বিণ.* দন্তবিহীন; শেকড়বিহীন; অমূল্যহীন। 'ছরমিকরে চুইছা খাইলে গারমেন ব্যবছা ফোকলা অয়্যা পরব।'

ফকিন্নির পুলা *বিণ.* কপর্দকহীন মহিলার সন্তান (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'ফকিন্নির পুলায় কাচ্চি বিরিয়ানী খাইবার পছা পায় কই?'

ফোছ ফোছ *ক্রি.* ফোস্ ফোস্; সর্প গর্জন; ফণা বা চক্রর্বয়ান করা; দংশন করতে প্রস্তুত হওয়া; বিরক্তি বা উষ্মা প্রকাশ। 'কালা হাপ যতই ফোছ ফোছ করুক বাইদ্যানি দেকলেই কাইত।'

ফোপায়া *ক্রি. বিণ.* ফুঁফিয়ে; ধুঁকে ধুঁকে। 'ফোপায়া ফোপায়া কানবার লাগছে ছাদীনতা আমার।'

ফওজ *বি.* ফৌজ; সৈন্যদল; অনেক লোকজন। 'ছহরে ফওজ নামল ক্যালা?'

ফওজদারি *বি. বিণ.* ফৌজদারি খুনজখম, মারপিট ইত্যাদি সম্পর্কিত মামলা বা মোকদ্দমা; খুন-জখম ইত্যাদি সম্বন্ধীয়; শাসন-সংক্রান্ত। 'ফওজদারি মামলায় জরায়া পরলে কুনো রক্কা নাই।'

ফওজি *বিণ.* ফৌজি; সামরিক; লড়াই সংক্রান্ত; যুদ্ধবিষয়ক; যুদ্ধের উপযুক্ত; যুদ্ধের প্রয়োজনীয়; যুদ্ধকালীন; যুদ্ধপ্রিয়; রণনিপুণ। 'ফওজি নকরি-টকরি আমার বালা লাগে না।'

ব

বইক্যা *ক্রি.* বকা দেওয়া; ভর্ৎসনা করা; ধমক দেওয়া; গালি দেওয়া; গালমন্দ বলা; অনাবশ্যকভাবে বেশি কথা বলা; বকবক করা; বাচালতা করা। 'তুমি এমুন বেছরম, হাজার বইক্যা বি লাব অইতাচেনা।'

বইছা *ক্রি.* বসে; বইসা; বসা; উপবেশন করা; অপেক্ষা করা; প্রবিষ্ট হওয়া; কোনো কাজে প্রবৃত্ত হওয়া। 'গনীছাব দরবারে বইছা বিচার ছালিছ কইরা নাম কামাইচিল।'

বইন *বি.* বোন; ভগ্নি; ভগ্নী; বহিন; ভইন; ভইনি; বোন; ভগিনী; সহদোরা। 'বাই বইনের লাহান মদুর ছম্পর্ক দুইনাৎ আর কি অইবার পারে।'

বইনা *ক্রি.* বনে যাওয়া; মিলে যাওয়া; হয়ে যাওয়া; এক হয়ে যাওয়া; মিলন হওয়া; একত্রিত হয়ে যাওয়া; রূপলাভ করা; রূপান্তরিত হওয়া; পরিবর্তন। 'নিজে ত বি হিন্দি ফিলিম দেকচ পরতি ছপ্তায় আর পোলাপানের কাচে থাহ হাদু বইনা।'

বইমু *ক্রি.* বসা; আরোহণ করা; উপবেশন করা। 'ঢাকার মালিক হইমু/ হাইকোর্টের রায় পাইলে পরে/ সিংহাসনে বইমু।'

বইল *বি.* বলদ; চতুষ্পদ গৃহপালিত শান্ত স্বভাবের প্রাণী; কৃষি কাজে ও পণ্যপরিবহনে ব্যবহৃত হয়ে থাকে। 'ছোজা কতা হুনবা ক্যালা, তুমি ত আছতা একটা বইল।'

বইল্যা *ক্রি.* বলে; কয়ে; বলেছে; বলা; কথন; কথা বলা; ভাষণ; উক্তি; বিবৃতি; উল্লেখকরণ; বর্ণন; কথিত; বর্ণনা করা। 'হাজার কতা বইল্যা বি তুমার তাছির ঠিক করোন গেল না।'

বউখুদি *বি.* চাউলের কুড়া থেকে সংগৃহীত খুদের সাথে পিঁয়াজ মরিচ মিশিয়ে যে ভাত রান্না করা হয়।

বউনী *বি.* সর্বপ্রথম বিক্রিতে টাকা গ্রহণ; দিনের প্রথম বিক্রয়; ব্যবসায়ে দিনের প্রথম বিক্রয়লব্ধ মূল্য; নগদ মূল্যে দিনের প্রথম বিক্রয় করা। 'ঠ্যাটা মালেকক্যা পাছ করা এমএলএ কইয়া নিজেরে জাহির কইরা মিছা কতার বউনী করচিল।'

বকছিছ *বি.* বকশিস; বকশিশ; বখশিশ; বকশিস; বকসিস; পুরস্কার; পারিতোষিক। 'বকছিছ দিলে কামে ফূর্তি আহে।'

বকরা *বি.* বখ্‌রা; ছাগ; ছাগল; বকরি; বকরী; ছাগি; ছাগলি। 'বকরার বাগ-বাটোয়ারা লয়্যা হাঙ্গামা লাকচে।'

বকরি *বি.* ছাগল; গৃহপালিত চতুষ্পদ প্রাণী। এক সাথে দুই তিনটি বাচ্চা দিয়ে থাকে। আমাদের দেশে কালো রঙের ছাগল বেশি দেখা যায়।

বকরিদ *বি.* বক্‌রীদ; বকরি ঈদ; ঈদুল আযহা; ঈদুজ্জোহা; মুসলমানদের অন্যতম ঈদ। 'বকরিদে পছু কুরবানি দেয়োনের লগে লগে মোনের পছুরে বি কুরবানি দিবার অহে।'

বইছ্যা *বি.* ভইস্যা; মহিষ; মোষ; রং কালো লম্বা শিংযুক্ত গো-জাতীয় পশু। 'বইছ্যার গোচ্‌ত হক্কলে খায়না।'

বইজ *বি.* ভইজ; চীজ; চিজ; জিনিসপত্র; সামগ্রী; দ্রব্য; পদার্থ; উপকরণ; মূল্যবান বস্তু বা সামগ্রী। 'আলমারীর চীজ-বইজ-গুনা হাজাইয়া রাখ।'

বইরা *ক্রি.* ভইরা; ভরে; ভরা; ভরপুর; পূর্ণ করা; আধিক্য; পরিপূর্ণ; ভর্তি করা; পূর্ণ হওয়া; ভরে দেওয়া; বোঝাই করে দেওয়া; পূর্ণ করে দেওয়া; ভর্তি করে দেওয়া। 'মণি-মুক্তায় বইরা দিমু ছোহাগী গতর/ ছোনা-দানা আরও দিমু গোলাপী আতর।'

বইর‍্যা *ক্রি. দ্র.* বইরা।

বঙ্গুর *বিণ.* ভঙ্গর; ঝরঝরা; জর্জরিত; বিনষ্ট; প্রত্যকটি দানা আলাদা করা যায় এমন; দানা-দানা। 'তোমাগো ঈমান নাছ অয়্যা পরকাল বঙ্গুর অয়্যা গেতাচে।'

বছ্‌ছ *বি.* ভস্ম; ছাই। 'আউল-বাউল ফকির অয়্যা ফিরব দ্যাছে দ্যাছে/ ছাই বছ্‌ছ কৌরব গতর জট পাকাইব ক্যাছে।'

বকলম *বি.* লিখতে অক্ষম এমন ব্যক্তির পরিবর্তে যে সই করে।

'বকলম মানুরে নকরি দিয়া কাম নাইক্যা।'

বগ *বি.* বক; সাদা রঙের নিরীহ স্বভাবের পাখি। এর ঠোঁট, ঘাড়, পা অন্যান্য পাখির তুলনায় বেশ লম্বা। 'আগিলা দিনে আমগো দ্যাছে নানা রোহমের বগ দেহা যাইত।'

বকিল *বিণ.* বখিল; কৃপণ; ব্যয়কুণ্ঠ; অভাবগ্রস্ত; শূন্য; রিক্ত। 'কিরপিনের গরের কিরপিনেরে মানু বকিল কয়।'

বগর বগর *ক্রি.* বকবক করা; বকবকানো; বকর-বকর করা; অনর্গল কথা বলা; ক্রমাগত বৃথা বাক্যব্যয় করা; বাচালতা করা। 'ছারাটা দিন বগর বগর করোনের এত ছকতি পাছ কই?'

বগলদাবা *বি.* করায়ত্ত করা; আয়ত্তে আনা; করতলগত করা। 'লুটের মাল-ছামান বগলদাবা কইরা নিয়াজী ছেহ্তক পিয়াজী বইনা গেচিল।'

বচ্চর *বি.* বছর; বচ্ছর; বৎসর; বর্ষ; সাল; বয়স। 'তানছেন হাজার বচ্চরের ছব চাইতে ছেরা গায়ক।'

বছকায় *ক্রি.* বকসায়; বকশিস করে দেওয়া। 'পীর আউলিয়ার মাজারে ডেইলী হাজার হাজার মানু দোয়া বছকায়।'

বছ্ছা *বি.* বর্ষা; বর্ষণ; বরষন; বরিষণ; বৃষ্টি; ধারাপাত; বারিপাত; বরষা; বর্ষাকাল; বর্ষাস্নাত; বর্ষা প্লাবিত। 'কওত দেহি পরাণের জুম্মন-বছ্ছা মাইনে কি?'

বছতি *বি.* বসত; আবাস; বাসস্থান। 'ছহরের বছতি গুলায় গেলে মানু কত হালের গরীব বালা মোতন দেহোন যায়।'

বছায়া *বি. বিণ.* বসিয়ে; বসানো; বসান; উপবেশিত করা; উপবিষ্ট করানো; স্থাপন করা। 'আমারে একলা বছায়া রাইখা কই গেছিলা দোছ?'

বছরাই গোলাপ *বি. বিণ.* বসরার গোলাপ। 'তুই যে আমার বছরাই গোলাপ দিনের রোছনাই।'

বছে *বিণ.* বশে; আয়ত্তে; নিয়ন্ত্রণে। 'বাইবাছিলাম মোনের মানু/ থাকব মোনের বছে।'

বজ্জাত *বিণ.* বজ্জাৎ; বদমাস; দুর্বৃত্ত; দুষ্ট (ঘৃণা গালি বিশেষ)। 'ফেন্সি খায়্যা বালা মানুটা হ্যালায় বজ্জাত অয়্যা গেচে।'

বজ্জাতের গরের বজ্জাত *বিণ.* ঘৃণ্য গালি বিশেষ। 'বজ্জাতের গরের বজ্জাতের টেংরি বাইনগা দে।'

বজ্জাতি *বি.* অনৈতিকতা; আইন বহির্ভূত; বেআইনি; নাজায়েজ; নীতিবিরুদ্ধ; শাস্ত্রবিরুদ্ধ। 'এইটারে কবি নজরুল কইচে দরমের নামে বজ্জাতি।'

বট্ *অব্য.* হঠাৎ করে; আকস্মিকভাবে। 'না বুইঝ্যা বট কইরা বাতউত করোন বুদ্ধিমানের কাম না।'

বত্তা *বি.* ভরতা; ভর্তা; আলু, বেগুন, কচু ইত্যাদি সেঁকে বা পুড়িয়ে কিংবা সিদ্ধ করে তেল মসলাযোগে প্রস্তুত ব্যঞ্জনবিশেষ। উল্লেখযোগ্য ঢাকাইয়া ভর্তা জাতীয় খাদ্য যেমন: পোস্ত দানা-ডিম বেগুনের ভর্তা; আলু-পোস্ত ভর্তা; মলা মাছের ভর্তা; টাকি মাছের ভর্তা; চ্যাপা শুঁটকির ভর্তা। 'পুরা মরিচের বাগুন বত্তার ট্যাছই আলহেদা।'

বদ *বিণ.* বদ্; খারাপ; খারাব; মন্দ; নষ্ট; দুষ্ট। 'রাইতের বেলা মদ খায়্যা ছব হ্যালায় বদ অয়্যা যায়।'

বদদুয়া *বি.* বদদোয়া; অভিশাপ; অভিসম্পাত; শাপ; অনিষ্টকামনা। 'ছতরুর পুলা মাইয়্যারে বি বদদুয়া দেয়োন লাগে না।'

বদনছিব *বি.* বদনসিব; দুর্ভাগ্য; মন্দ ভাগ্য; মন্দ কপাল। 'আমার মোতন বদনছিব মানু দুনিয়াৎ দুইটা নাইক্যা।'

বদন *বি.* মুখ; চেহারা; মুখমণ্ডল; অবয়ব; মুখশ্রী; আনন; মুখচ্ছবি; আকৃতি। 'বদনে হাচি আইনা তুমার বাবিছাবে কইল তুমার লাহান পেয়ারা ছামি আর অইবার পারে না।'

বদনাম *বি.* দুর্নাম; অখ্যাতি; অপমান; নিন্দা; কলঙ্ক; কুৎসা; কুখ্যাতি; অপ্রশংসিত। 'আমার মদু খায়া বোমর করে মদুরে বদনামী।'

বদনিয়ত *বি. বিণ.* অসদভিপ্রায়; দুরভিসন্ধি; যার উদ্দেশ্য খারাপ; কুমতলব; অসৎ অভিপ্রায়; যার অভিপ্রায় খারাপ। 'বদনিয়ত থাকলে আমার লগে চলবার পারবা না।'

বদমাইছ্ *বিণ.* বদমাশ;বদমাস; বদমাইশ; বদমাইস; বদমায়েশ; বদমায়েস; অসচ্চরিত্র; ইন্দ্রিয়-পরায়ণ; দুষ্ট; দুর্বৃত্ত। 'বদমাইছটার মুকে চুনকালি মাইখ্যা দেও।'

বদমায়েছি *বি.* বদমাশি; বদমাসি; বদমায়েশি; বদমায়েসি; বদমাইশি; বদমাইসি; চরিত্রহীনতা; অসচ্চরিত্রতা;

ইন্দ্রিয়সেবা; দুষ্টামি; অপকর্ম। 'বদমায়েছি করবার চাইলে নিজের মহল্লায় যায়্যা কর।'

বদমিজাজ *বি. বিণ.* রুক্ষস্বভাব; উগ্রমেজাজ; উগ্রপ্রকৃতি; রগচটা; রাগ করা; ক্রুদ্ধ বা রুষ্ট হওয়া। 'তুমার বদমিজাজে কার কি আহে যায়?'

বদমিজাজি *বিণ.* রগচটা; যার মেজাজ খুব উগ্র; রুষ্ট; রাগান্বিত; বিরূপ; বিরাগযুক্ত; নারাজ। 'এমুন বদমিজাজি মানু ব্যাবছা করে ক্যাম্নে?'

বদলা *বি.* বিনিময়; পরিবর্তন; প্রতিশোধ। 'আমি এইটার বদলা না লয়্যা ছারুম না।'

বদলায়া *ক্রি.* বদলিয়ে; বদলানো; পাল্টিয়ে; পাল্টানো; পরিবর্তন করা; বিনিময় করা; পরস্পর বিনিময়; অদলবদল; স্থানান্তরে নিয়োগ। 'খাটি করমিরা দাম পাইলে দলের চেহারা বদলায়া গেত।'

বদের আড্ডি *বিণ.* সীমাহীন বদ; খুবই খারাপ; অত্যধিক মন্দ; অত্যধিক দুষ্ট (গালি বিশেষ)। 'অর মোতন বদের আড্ডি দুইখান দেখি নাইক্যা।'

বদৌলতে *অব্য.* জন্য; জন্যে; কৃপায়; নিমিত্ত; হেতু; কারণে; নিবন্ধন; দরুন; ফলে; উদ্দেশ্য; প্রয়োজন। 'তুমার বদৌলতে এত্ত বর বিপদ থনে রক্কা পাইলাম।'

বন *ক্রি.* বন্ধ; বাধা; রহিত; অচল; থেমে যাওয়া; থামিয়ে দেওয়া। 'ঈমান নাছের কাম বন কইরা হক্কলে চল জংগে জিহাদে লাইমা পরি।'

বনবন করা *অব্য.* ভনভন করা; দ্রুত ঘূর্ণনের ভাবপ্রকাশ; মশা মাছি প্রভৃতির গুঞ্জন। 'আইজ কাইল ফল- মেহের দেইখ্যা বি মাছিগুনা বনবন করে না।'

বনগীয় *বিণ.* বঙ্গীয়; বাংলাদেশ বা বাংলা ভাষা সংক্রান্ত; বাংলাদেশে জাত বা উৎপন্ন। '১৮৯৮ ছালে রবিনদোরনাত পরথম ঢাহা আয়্যা বনগীয় পাদেছিক ছবায় যুগ দিয়া ছুরু ও ছেছের গান গাইচিল।'

বনদুক *বি.* বন্দুক; আগ্নেয়াস্ত্র বিশেষ। 'বনদুক গরে থাকলে বিপদ লৌরায়া আইবার পারে।'

বনবার *ক্রি.* বনে যাওয়া; রূপলাভ করা; মনের ও মতের মিল হওয়া; পরিণত হওয়া; পরিগণিত হওয়া; সাদৃশ্য হওয়া। 'দ্যাছের মানুরে আগুনে পুইরা মাইরা, কয়লা বানায়া, গর জ্বালায়া ইমানদার বনবার চাও?'

• **বনেদি** *বিণ.* বনেদ; বনেদি; সুপ্রতিষ্ঠিত; বহুকাল যাবৎ প্রতিষ্ঠিত; প্রাচীন ও সম্ভ্রান্ত; প্রাচীন ঐতিহ্যবাদী; ভিত্তিস্বরূপ। 'বেছিরবাগ বনেদি মানু পুরানা ঢাহা ছাইরা গুলছান বনানী চইলা যাইবার লাকছে।'

বন্দেগি *বি.* বন্দেগী; আনুগত্য; দাস্যভাব; বান্দার কার্য; এবাদত; প্রার্থনা; সশ্রদ্ধ অভিবাদন; সালাম। 'এই বুড্ডা বয়ছে ইবাদত বন্দেগি করোন ছারা আমার কুনো কাম নাইক্যা।'

বর জাল *বি.* ভাসুরের বউ।

বর বাজি *বিণ.* বড়ো বোন।

বরবর অনর্গল; অনুকার শব্দ। 'মুক্তিফৌজের কাচে পাকিরা দরা খাইলেই বরবর কইরা সব কুচ বাতাইয়া দিত।'

বর¹ *বি.* বড়; বৃহৎ; বিশাল; প্রশস্ত; বিস্তৃত; দীর্ঘ; বয়সে অধিক; সম্ভ্রান্ত; অভিজাত; মর্যাদাসম্পন্ন; উচ্চপদস্থ। 'বর বর দলগুনা ক্ষেমতায় গিয়া ছুট দলগুনারে বুরা অংলি দেহায়।'

বর² *বিণ.* আশীর্বাদ; কারো নিকট থেকে প্রার্থনীয় বা লব্ধ বস্তু বা বিষয়। 'জগৎ জাহানে কার বাতেনী নজর আছেকী নয়নে দিল পূইণ্যের বর?'

বরকত *বিণ.* বরকৎ; সমৃদ্ধি; বৃদ্ধি; উন্নতি; কল্যাণকর; শক্তি; প্রতুলতা; সৌভাগ্য; প্রাচুর্য, শ্রীবৃদ্ধি; কল্যাণকর শক্তি। 'আছলি কতা অইল নিয়ত গুনে বরকত।'

বরখিলাফ *অব্য.* বরখেলাপ; বরখেলাফ; বরখিলাফ; অন্যথা; ব্যতিক্রম; প্রতিকূল আচরণ; পূর্বাপর বিরুদ্ধ। 'বরখিলাফ করোন ইমান নাছের ছামিল।'

বরছাত *বি. বিণ.* বর্ষাকাল; যে ঋতুতে প্রচুর বৃষ্টি হয়। 'নোয়াব গনি ছাব বরছাতের কালে বান ঠেকাইয়াবার লাইগ্যা বুরিগনগার পার বাইন্দা ব্যাকল্যানের বান নাম দিয়া বহুত বর কাম করচিল।'

বরদাছ্ত *বি.* বরদাস্ত; বরদাশ্‌ত; সহ্যকরণ; সহ্য; সহিষ্ণুতা। 'এই অপমান বরদাছ্‌ত করুম ক্যামে?'

বরবাদ *বিণ.* বিনষ্ট; নষ্ট; ধ্বংস; ধ্বংসপ্রাপ্ত; বিধ্বস্ত; বিনাশপ্রাপ্ত; বিকল; নিরর্থক; অব্যয়িত; অতীত; গত; ক্ষয়িত। 'বাপ দাদাগো ঢাহার ছহর কালা ইতিহাচের কালা চাইদরে মুইরা বরবাদ করনের কাম জুরছে চলতাছে।'

বরা *বি.* বোঝা; ভার; উদ্বেগ; উৎকণ্ঠা; চাপ; দায়-দায়িত্ব। 'ছব মাল-ছামানা এক নাওয়ে বরা যাইব না।'

বরাপ *বি.* বরফ; তুষার; জমাট বাধা হিমশীতল পানির খণ্ড; হিমানী; নীহার। 'বরাপের রাজত্বি খারা উত্তরে/ আলিছান পর্বতে পেরেছান বারে।'

বরাবর[১] *বিণ.* মতো; মত; মতন; তুল্য; সদৃশ; সোজা; সিদা; অনুযায়ী; অনুরূপ; ন্যায়; অনুসারী; যোগ্য; সকল সময়ে; প্রতিবারে; চিরদিন; সর্বদা। 'বরাবরের মোতন আইজকা বি হ্যায় পলাইয়া গেল।'

বরাবর[২] মতো; অধপাতে দেওয়া; খারাপ প্রকৃতিতে গণ্য করা; গুণাগুণ নষ্ট করা; সোজাসুজি; প্রতিবারের মতো। 'দরমের লগে রাজনীতিরে মিলায়া এইটারে ডাইল বরাবর কইরা ফালাইচ।'

বলক *বি.* ব্লক; অবরোধ; বাধা দেওয়া। 'ছরক বন কইরা বলক মাইরা দাবি আদায়ের কতা কয়োন বালা মানুর কাম না।'

বলা-মছিবত *বি.* বিপদ-আপদ; ঝড়-ঝাপ্তা; বিপদসঙ্কুল; বিপৎসংকুল; বিপজ্জনক; বিপদাপদ; বিপদাপন্ন। 'হুনচি ১৮৮৮ ছালে ঢাহার ছহরের উপ্রে বহুত বর বলা-মছিবত নাইমা আইচিল।'

বছয্যা *বিণ* বরশয্যা; কনের বাড়িতে সাজানো বাসরশয্যা।

বচ্‌তা *বি.* বড় থলি; বোরা; গাঁট; বোঝা। 'ফারা-ফুরা বচ্‌তাগুনা পুইরা ফালাও।'

বহাল *বিণ.* বাহাল; নিযুক্ত; স্থায়ী; সুস্থ; অটুট; বজায়; বলবৎ; প্রবর্তন; জারি। 'বহুত পুরানা আইন অহনতক বহাল আচে।'

বহায়া *ক্রি.* বসিয়ে; বসাইয়া; বসানো; বসা; উপবেশন করিয়ে; স্থাপিত বা প্রতিষ্ঠিত করে; সক্রিয় হওয়া; কাজ শুরু করা। 'কাম না করলে তুমারে বহায়া বহায়া ক্যাঠা খাওয়াইব?'

বহুত *বিণ.* অনেক; প্রচুর; অগণিত; একাধিক; নানা; ঢের; বিস্তর। 'নোয়াবরা ঢাহা ছহরে বহুত বালা কাম বি কইরা গেচে।'

বহেন *ক্রি.* বসেন; বসুন; বসতে বা আসন গ্রহণ করতে অনুরোধ করা। 'এই চেয়ারটায় বহেন বাই।'

বহোন *ক্রি.* বসা; উপবেশন করা; স্থাপিত বা প্রতিষ্ঠিত হওয়া। 'হুতবার চাইলে আগে বহোন লাগে।'

বয় *বি.* দুর্গন্ধ; খারাপ গন্ধ; পচা আর্বজনার গন্ধ; পূতগন্ধ। 'ময়লা কালা পানির বয়ে বুরিগনগার কাচে যায়োন যায় না।'

বয়ছ *বি.* বয়স; বয়েস; বয়ঃক্রম; আয়ুষ্কাল; অধিক বয়ঃক্রম; পরিণত বয়স। 'বুড্ডা বয়ছে অলদেন ঢাহার কতা মোনে অইলে কান্দোন আহে।'

বয়ফেরেন *বি.* ছেলেবন্ধু। 'বিবিছাব তাজমেহেল দেইক্যা কয় তুমি আমার নয়া বয় ফেরেন।'

বয়রা *বি. বিণ.* কানে কম শোনা; বধির; কালা। 'বয়রা মানুর লগে হাছাহাছি করোন ঠিক না।'

বয়রাচোদা *বিণ.* কানে কম শোনা লোক (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'কতা বুজে না অইলে হ্যালায় বয়রাচোদা বইনা যায়।'

বয়রা চোদার গরের বয়রা চোদা *বি. বিণ.* বাপ-ব্যাটা উভয়ে কানে খাটো (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'বয়রা চোদার গরের বয়রা চোদার কানের বিত্রে ছাবল ঢুহা।'

বয়ান *বি.* বক্তব্য; ভাষণ; বক্তৃতা; সভায় কোনো বিষয়ে কিছু বলা; কথ্য; কথনীয়; আলোচ্য; বলবার উপযোগী বিষয়। 'দিল ঠিক না থাকলে বয়ান দুইয়া পানি খাওয়াইলে বি কাম অইব না।'

বয়্যা *ক্রি.* বসে; বসা; উপবেশন করা; স্থাপিত বা প্রতিষ্ঠিত হওয়া; সক্রিয় হওয়া; নিবিষ্ট হওয়া; প্রতীক্ষা করা; অপেক্ষা করা; কাজ শুরু করা। 'বেছি বয়্যা থাকলে মাতায় ছয়তান আছর করে।'

বয়োন *ক্রি.* বসা; উপবেশন করা; স্থাপিত বা প্রতিষ্ঠিত হওয়া; সক্রিয় হওয়া; কাজ শুরু করা; নিবিষ্ট হওয়া; প্রতীক্ষা করা; অপেক্ষা করা; জমাট বাধা; জমে যাওয়া; খাপ খাওয়া; মাপসই হওয়া। 'বয়োনের লাইগা চেয়ারটা আইন্যা দেও।'

বংগোবনদু *বিণ.* বঙ্গবন্ধু; বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। 'বংগোবন্দু জানায়া দিচিল গনতনতো ছারা আর কিচু মাইনা নিমু না।'

ব্যচতো *বিণ.* ব্যস্ত; অস্থির; ব্যগ্র; উৎকণ্ঠিত; ব্যাকুল; উদ্‌গ্রীব। 'গারমেন ব্যবছায়ি ছংগটন নিজেগো নিয়া ব্যচতো রহে।'

ব্যাতা *বি.* ব্যথা; দুঃখ; কষ্ট; বেদনা। 'কেউ বোঝেনা মাইয়্যা মানুর দিলের পরম ব্যতা।'

বাইং *বি.* বাইন মাছ; লম্বা সর্পাকৃতির মাছ। শিরদাঁড়ার

বহির্দেশ কাঁটাযুক্ত। পেটের দিকের ধারালো শক্ত কাঁটা আত্মরক্ষার্থে ব্যবহার করে।

বাইগুনি *বিণ.* বেগুনি; বেগুণী; বেগনী; বেগুনে রঙের মতো লালচে আভাযুক্ত গাঢ় নীল রংবিশিষ্ট রঙের নাম।

বাইচ *বি.* বাইছ; প্রতিযোগিতামূলক নৌকাচালনা। 'আকাছের চান দইরা গারমেন বাইচের নাওয়ের লাহান ছুইটা আগায়া যাইব।'

বাইচা *ক্রি.* বাঁচা; বেঁচে থাকা; জীবিত থাকা; প্রাণ ধারণ করা; রক্ষা পাওয়া; নিষ্কৃতি বা পরিত্রাণ পাওয়া; জীবন দান করা; পুনর্জীবিত করা। 'আল্লাহ্‌র দোয়ায় বাইচা থাকলে বহুত বালা কাম করবার পারুম।'

বাইগা *ক্রি.* ভাইগা; ভেগে যাওয়া। 'লোটা লয়া বাইগা গ্যাছে, কী চমৎকার দেখা গ্যাছে।'

বাইচতা *বি.* ভাতিজা; ভাইপো; ভাইয়ের ছেলে। 'আমার বাইচতা আইচ কলকাতা গ্যাচে।'

বাইন্‌গা *ক্রি. বি.* ভাঙ্গা; ভাঙা; ভেঙে ফেলা; ভগ্ন করা; চূর্ণ হওয়া। 'বাইনগা যে গ্যাছে মেলা, মিলনের হাট, লীলাবতী মাঠ।'

বাইবাবি *ক্রি.* ভেবেও; ভেবে চিন্তা করা; দুশ্চিন্তা করা; চিন্তন; কল্পনা বা ধ্যান কার্য; মানসিক উদ্বেগ। 'বাইবাবি কিছ্ছু পায়না আমার এই মুরুক্ষু মগজে!'

বাইল *বি.* ভাইল; মিথ্যা আশ্বাস দিয়ে; মিথ্যা সান্ত্বনা দিয়ে; মিথ্যা অভয় দিয়ে; মিথ্যা প্রবোধ দিয়ে। 'মাছুম পিচ্চিটারে বাইল দিয়া আকামটা করান ঠিক অহে নাইক্যা।'

বাইছা *ক্রি.* ভেসে; ভাইসা; ভাসা; পানির উপর ভর করে থাকা; বায়ুস্তরের উপরে অবস্থিত হওয়া; না ডোবা; উদিত হওয়া; মনে পড়া; প্লাবিত হওয়া; ভাসন্ত; ভাসমান। 'বাচপানকালের কতা চোকে বাইছা উটলে মোনের বিত্‌রে চিপ মারে।'

বাইজা *ক্রি.* বেজে উঠা; ধ্বনিত হওয়া। 'থাইকা থাইকা বাইজা ওঠে খুছির নাচন দিলে।'

বাইজ্যা *ক্রি.* বেঁজে; জড়িয়ে পড়া; অভিযুক্ত হওয়া; দোষী সাব্যস্ত হওয়া; লিপ্ত বা সংশ্লিষ্ট হওয়া বা করা। 'আমি ছারবার চাইলেই কি কুম্বল বি আমারে বাইজ্যা দরে।'

বাইটা[১] *ক্রি.* বেটে; পিশিয়ে। 'ঈমান ঠিক না থাকলে হাজার মছলা

বাইটা খাওয়াইলে বি কুনো কাম অইব না।'

বাইটা[২] *ক্রি.* ভাগ করা; বন্টন করা; বাটোয়ারা; টুকরা; হিস্‌সা; অংশ; বখরা। 'নিজের আননদো হক্কলের মধ্যে বাইটা দিবার লাইগাই চেছটা করতাচি।'

বাইরা *ক্রি.* বেড়ে যাওয়া; বেড়ে গিয়ে; অগ্রবর্তী হওয়া; অগ্রগামী হওয়া; স্পর্ধা; ঔদ্ধত্য; বাড়াবাড়ি; গ্রাহ্য না করা; অতিরিক্ত; প্রয়োজনাতিরিক্ত; অতিরঞ্জিত করা; খুব বেশি বাড়; মাত্রাতিরিক্ত; সীমা লঙ্ঘন। 'বেছি বাইরা গেলে তুপানে বানগে।'

বাইত *বি.* বাড়ি; আবাসগৃহ; বাসস্থান; বাস্তু সংলগ্ন বেষ্টিত স্থান। 'হৌরবারির খাওন খাইয়া/ জামাই মিয়া মজা পায়া/ বাইতে যাইতে চায় না।'

বাইদা *বি.* বেদে; বেদিয়া; বাদিয়া; যাযাবর; সাপুড়ে জাতি বিশেষ; বিষবৈদ্য। 'আমার বাপ দাদারা বাইদা দাকতর দইরা বহুত কাম পাইচে।'

বাইদ্য *বি.* বাদ্য; বাজনা; বাদ্যযন্ত্রের তান; বাদ্য ধ্বনি; বাদ্যযন্ত্র বিশেষ।

বাইদ্যানি *বি.* বেদেনী; বেদিয়া; বেদে; যাযাবর; সাপুড়ে জাতিবিশেষ; বিষবৈদ্য। 'কালা হাপ দরতে অইলে বাইদ্যানি লাগে।'

বাইনচোদ *বিণ.* বোনের সাথে সঙ্গমকারী (জঘন্য ও ঘৃণ্য গালি বিশেষ)। 'যারা মাইনে বুঝেনা হ্যারা বাইনচোদ-মাদারচোদ বইলা গাইল দেয়।'

বাইন্দা *ক্রি.* বেঁধে; বাঁধা; আটকানো; বেঁধে রাখা; বন্ধন করা; গিরা দেওয়া; বন্ধ; আটক; বন্দী করা। 'অহনকার জামানা অইল ব্যবছা আর জানা হুনার লগে গিট্টু বাইন্দা ঝুইলা চলনের।'

বাই-বিরাদর *বি.* জ্ঞাতিগোষ্ঠী; আত্মীয়-স্বজন। 'ছোনেন ছোনেন বাই-বিরাদর, ছোনেন দিয়া মোন।'

বাউরা *বি.* ভাউড়া; তল্পী বাহক; মোটবাহী চাকর; অনুচর; ভৃত্য। 'ইয়াহিয়ার বাউরা ছেনাপতি জেনারেল পীরজাদা ঢাকার ছহরে আইয়াই আক্কেল গুরুম অয়্যা পরল।'

বাউয়্যা *বিণ.* বাহাতে কাজ-কর্ম যে করে। 'কাকরে কয় কাউয়্যা/ কুকুরকে সে কুত্তা বলে/ বাম হাতি সে বাউয়্যা।'

বাউর *বি.* ভাসুর; স্বামীর বড় ভাই।

বাউল্লা[1] *বি.* বাউলা; সংগীতের সুরবিশেষ। 'দ্যাছের মানুর বালা কাম করতা না পারলে রাজনীতি ছাইরা বাউল্লা অয়্যা যায়োন বালা।'

বাউল্লা[2] *বিণ.* বাউলা; এলোমেলো; এলোপাতাড়ি; এলোপাথাড়ি; এলোপাতালি; বিশৃঙ্খল; বেধড়ক; মাত্রাজ্ঞানশূন্য; দিগ্বিদিক; জ্ঞানশূন্য। 'এই মেগ বাউল্লা বাছাতে উইরা বহুত দূর আছমানে বাছতাচে।'

বাওতাবাজ *বিণ.* ভাঁওতাবাজ; ধাপ্পাবাজ; ফাঁকিবাজ; প্রতারক; শঠ (গালি বিশেষ)। 'বাওতাবাজের মায়রে বাপ হ্যালায় ঠ্যাং বাইনগা দে।'

বাও *বি.* ভাউ; অবস্থা; ভাব; হালচাল; দর; মূল্য; হার। 'ফয়দা হাচিলের ছোময় অইলে তুমি বালা বাও দিয়া কতা পার।'

বাওতা *বি.* ভাঁওতা; ভুল বুঝানো; বাটপারি করা; অপকৌশলে ফেলে; কূটকৌশলে ফেলে। 'বাওতা দিয়া দিজিটাল যুগের মানুরে বুজ দেওন যাইব না।'

বাওতাবাজের গরের বাওতাবাজ *বিণ.* ভাঁওতাবাজের ভাঁওতাবাজ সন্তান (গালি বিশেষ)। 'বাওতাবাজের গরের বাওতাবাজের কপালে লোয়ার গরম ছ্যাকা মাইরা দে।'

বাক *বি.* বাগ; বাঙ; বাঙ্গ; মোরগের ডাক; গোলমাল; চিৎকার। 'মুরগায় বাক দিচে, রাইত পোয়াইতে বেছি বাকি নাইক্যা।'

বাকাট্যা *ক্রি.* কেটে দেওয়া; ছেদন বা কর্তন করা; খণ্ডন করা। 'মা দেইখা যা, আকবইরার গুড্ডি বাকাট্যা কইরা ফালাইচি।'

বাখ্খরখনি *বি.* বাখরখনি; শুকনো রুটি বিশেষ।

বাগ[1] *বি.* বাগান; উদ্যান; উপবন। 'আগিলা বাগগুনার উপ্রে অহন উচা উচা দলান উটবার লাকচে।'

বাগ[2] বাঘ; হিংস্র বন্যপ্রাণী। শিকার করে খুনিবৃত্তি করে। গহিন জঙ্গলে বাস করলেও বৃদ্ধকালে লোকালয়ে এসে মানুষ শিকার করার ঝুঁকি নিয়ে থাকে।

বাগা *বি.* বাঘা; বাঘ; ব্যাঘ্র; শার্দূল। 'আমগো বাগা কিরকেটাররা মাছাল্লা খেলে বালা।'

বাগান *বি.* ফুল-ফলের উদ্যান; যেখানে ফুল-ফলাদি উৎপন্ন হয়। 'ঢাহা ছহরে কুনো বাগান খুইজা পায়োন যাইব না।'

বাগায়া *ক্রি.* বাগিয়ে নেওয়া; আদায় করা; কৌশলে আয়ত্ত করা;

উসুল করা; বশে আনা; সংগ্রহ করা; কৌশলে লাভ বা আদায় করা। 'আইজকাইল টাইতেল বাগায়া নেয়োন কুনো কঠিন কাম না।'

বাগিচা *বি.* বাগান; ছোট বাগান; বাগ; ক্ষুদ্র উদ্যান; উপবন; যেখানে ফুল-ফলাদি উৎপন্ন হয়। 'বাগ-বাগিচায় গেরা ঢাহার ছহর দেকতে দেকতে ইট-পাত্‌রে বইরা গেচে।'

বাগন *ক্রি.* ভাগা; ভেগে যাওয়া; ভাগিয়ে যাওয়া; পালিয়ে যাওয়া; পালানো; পলানো; পলায়ন করা; অপরের অলক্ষে প্রস্থান করা; পলায়িত; পালিয়ে গেছে এমন। 'রেজাকার কয় আলবদর বাই, গুল্লি ফাটাইবার আগে বাগনের রাচতাটা চিন্না রাখনের পয়জোন অহে।'

বাগলপুর অইচে *ক্রি. বি.* ভেগে যাওয়া; পালিয়ে যাওয়া; পলায়ন করা; অপরের অলক্ষে প্রস্থান করা; পলানো; পালানো। 'রাজকাররা ফাছির ডরে আগেই খুজ খবর রাইহা বডার দিয়া বাগলপুর অইচিল।'

বাগায়া *ক্রি.* ভাগিয়ে; দলে এনে। 'পুলিছ আগে বাগে নাইমা বেবাকরে বাগায়া দিচে।'

বাগোয়াট *ক্রি. বি. বিণ.* ভাগোয়াট; পলায়নপর; ভাগেল; ভাগা; ভঙ্গ দেওয়া। 'ছেনারা বাগলপুর অইবার আগে ছেনাপতিরা নাছপতি খায়্যা বাগোয়াট হয়া পরচে।'

বাগুন *বি.* বেগুন; ছোট আকৃতির গাছে ফলবান গেলেও লম্বাকৃতির সবজি বিশেষ।

বাগের লাহান বাঘের মতো। 'বাচবার অইলে বাগের লাহান বাঁচুম।'

ব্যাগার *বিণ.* বেগার; পারিশ্রমিক বিহীন কাজ; কম বেতন বা অনিয়মিত বেতনে বাধ্যতামূলক পরিশ্রম। 'কুলুর বইলের লাহান আর কত্ত ব্যাগার খাটবা?'

ব্যাগাট *বি. বিণ.* আঘাট; অঘাটা; আঘাট; অব্যবহার্য ঘাট; ব্যবহারের অযোগ্য ঘাট। 'কলির কালে আমানু মানু অইব ব্যাগাট গাট অইব।'

বাঙ্গাল *বি. বিণ.* গেঁয়ো; গ্রাম্য ও অমার্জিত লোক। 'বাঙ্গাল কুনো গালি না।'

বাচপান *বি. বিণ.* শিশুকাল; শৈশব; বাল্য; ছেলেবেলা। 'বাচপান কা দিনের চাইর পছার বাইচকোপ দেখনের মজা অহন লাক ট্যাকা খরচ কইরা বি খুইজা পায়োন যাইব না।'

বাচায়া *ক্রি.* বাঁচিয়ে; বাঁচাইয়া। 'আমগো কাম অইল ক্যাম্নে মানু বাচায়া রাখন যায় হেই চিন্তা করোন।'

বাছ *বি.* বাস; অনেকযাত্রী বহনকারী মোটরযান। 'মোমিন কোমপানী পইল্লা পরথম ঢাহার ছহরে বাছ চালু করে।'

বাছ্ক *বি.* বাক্স; পেডি; কৌটা। '১৯৫৪ ছাল থনে নৌকামার্কা বাছ্কে বুট দিয়া আইবার লাকচি।'

বাছ্প *বি.* জলীয়বাস্প; বায়বীয় পদার্থ; উত্তাপের ফলে তরল পদার্থের বায়বীয় অবস্থা; ধোঁয়া; তাপ; চোখের জল; অশ্রু। 'নিবর্ন বাছ্পের লাহান উইবা যায় আমার দিলের নিছাদল।'

বাছবন *বি.* বাঁশবন; বাঁশঝাড়। 'বাছবন, কাছফুল, কানি-দলা বক/ ছূর্য্য-ছারথী আমার কামিনী কোরক।'

বাছর *বি.* বাসর; বিয়ের প্রথম রজনী। 'ছওদাগরের বাছরের ফুল বাছি অয়া যায়/ ময়ূর পেখম দইরা অহন ঘুজ্যুর বানছে পায়।'

বাছনা *বি.* গন্ধ; সুবাস; খুশবো; সৌরভ। 'কদম ফুলের বাছনায় অহন বি মন উথাল পাথাল করে।'

বাছা *বি.* বাসা; বাসস্থান; গৃহ; বাড়ি; বাড়ী; ঘর-বাড়ি; আশ্রয়; আবাসগৃহ। 'ঢাহার ছহরে নিজের একটা বাছা-বারি না থাকনের কছটো বুঝাইবার পারুম না।'

ব্যাছাত *বি.* বেসাত; পসার; পুঁজি; ব্যবসা; ব্যবসায়ের পণ্যদ্রব্য; পণ্যদ্রব্য ক্রয়-বিক্রয়; দোকানদারি। 'অঙ্গে অঙ্গে ঢেউ রূপের ব্যাছাত।'

বাছি[১] *বি.* বাঁশি; বাঁশী; বংশী; বেণু; মুরলী; ফুঁ দিয়ে বাজানোর এক প্রকার বাদ্যযন্ত্র। 'রোম পুরব আর নীরো বাছি বাজাইব এইটা দ্যাছ পেম অইবার পারে না।'

বাছি[২] *বিণ.* বাসি; বাসী; শুষ্ক; মলিন; টাটকা নয় এমন; পুরনো। 'বাছি প্যাডে কি আর কবিতা বাইর অয়?'

বাছন *বি.* ভাষণ; বক্তৃতা; বিবৃতি; উক্তি; বাক্য; বচন। 'জ্ঞান পাপীরা ঢুলবার লাকছে/ বাছন-উচন কইবার লাকছে।'

বাছকরয *বি.* ভাস্কর্য; ভাস্কর; শিল্প; প্রস্তরাদি খোদাই করে বা তা দিয়ে মূর্তি নির্মাণের কাজ; মূর্তি; যে কোনো জিনিসের প্রতিকৃতি। 'মদুদার বাছকরয মদুর কেনটিনে ঢুকার কালে আতের

বামও মুরায় আম গাচের নীচে দেকবার পারবা।'

বাছা *বি.* ভাষা; ভাব প্রকাশক উক্তি বা সংকেত; নিজস্ব ভাব প্রকাশের রীতি; উক্ত; কথা। 'বাছা আনদুলনের পর থাইকা ছাদারন পাবলিক মুসলিম লীগরে কমই বিচ্ছাছ করত।'

বাছনা *বি.* গন্ধ; ঘ্রাণ; সুঘ্রাণ; গন্ধ বা বাস গ্রহণ; নাক; নাসিকা; ঘ্রাণেন্দ্রিয়। 'চাম্পা ফুলের বাছনায় নিম আয়্যা পরে।'

বাছাত *বি.* বাতাস; হাওয়া। 'দখিনা বাছাতে নিম আহে বালা।'

বাছা দিবছ *বি.* ভাষা দিবস; শহীদ দিবস। '২১ ছে ফেব্রুয়ারি খালি আমগো না, ছারা বিচ্ছের বাছা দিবছ।'

বাছানী *ক্রি. বি.* ভাসিয়ে দেওয়া; ভাসানো; পানিতে বিসর্জন; বাসতে দেওয়া; প্লাবিত করা। 'পরতিমা বাছানীর ছোময় অয়্যা গেচে।'

বাছিপ্যাড *বিণ.* খালি পেট; অভুক্ত পেট; শূন্য পেট; অনাহারি পেট। 'বাছিপ্যাড লয়্যা বারির বাহার যাইতে নাই।'

বাছিনদা *বি.* বাসিন্দা; বাসকারী; বসবাসকারী; অধিবাসী। 'হুনচি ঢাহার নোয়াবরা এই দ্যাছের আদি বাছিনদা না।'

বাছুম *ক্রি.* ভালোবাসা; প্রেম করা; প্রীতির বন্ধনে আবদ্ধ করা; অনুরাগে সিক্ত করা; পীরিতি করা। 'আর কতকাল বাছুম তোমারে বালা-জ্বালাইয়া ইছ্কে তুরের পাহার।'

বাজ খ্যায়া *ক্রি.* ভাজ খেয়ে; সংযোগ স্থাপন; গোপন আঁতাত; যোগাযোগ; একাত্ম হয়ে যাওয়া; মিলিয়ে যাওয়া; চুপসে যাওয়া; ব্যাবাচেকা বনে যাওয়া। 'বাপ দাদারা হ্যালায় নোয়াবগো লগে বাজ খ্যায়া মুচলিম লীগেরে সাপোর্ট দিত।'

বাজাইরা *বিণ.* বাজার অধ্যুষিত এলাকায় বসবাসকারী লোক। 'আগে ছোব্বাছিদের বাজাইরা কওয়া অইত।'

বাজবার *ক্রি.* বেজে ওঠা; বাজানো; বাদ্য; বাদ্য ধ্বনি; যা বাজে। 'ছুরের বাইদ্য বাজবার লাগছে।'

বাজাই *বি.* জাজিম; উঁচু নরম গদি। 'বাজাই-বালিছ ঠেইলা দিয়া আঞ্চলে গুম আইঅ।'

বাজার *বি.* পণ্য ক্রয়বিক্রয়ের স্থান; হাট; প্রচুর উপস্থিতি; বহু লোকের সমাবেশ। 'ঢাহা ছহরে এহন ছবদিন বাজারের দিন।'

বাজায়া *ক্রি.* বাজিয়ে; বাজনা; বাদ্যধ্বনি; বাদ্যযন্ত্র; বাদন।

'ব্যাটা গাও-গতর না খাটায়া খালি বাছি বাজায়া দিন চলব?'

বাজ্জি *বি.* বোন; আপা; বড়বোন; ভগিনী; ভগ্নি; সহোদরা; ভগ্নিপতি; বোনের স্বামী।

বাজ্জি *বি.* বাজি; বাজী; ইন্দ্রজাল; ভেল্‌কি; খেলা; ক্রীড়া; কৌতুক; আতশবাজি। 'ছব-বরাতের দিন পুলাপানে বাজ্জি ফুটায় ক্যালা?'

বাজিমাত *ক্রি.* জয়ী হওয়া; জিতে যাওয়া; বিজয় লাভ করা। 'ঠিক মোতন তেল মারবার পারলে বাজিমাত করতে বেছতি টাইম লাগে না।'

বাজীমাৎ *ক্রি. দ্র.* বাজিমাত।

বাজে *বি.* অকেজো; অনাবশ্যক; অপ্রয়োজনীয়; অসার; মিথ্যা; অনর্থক; নিরর্থক; বাড়তি; ফালতু; অতিরিক্ত; তুচ্ছ; অপ্রধান; খারাপ। 'তুমি নকরি আরাইচ তুমার বাজে ছবাবের লাইগা।'

বাটখারা *বি.* ওজন পরিমাপক কাজে ব্যবহৃত পাথর বিশেষ।

ব্যাটা *বি.* বেটা; পুত্র; ছেলে; পুরুষ মানুষ; পুরুষ জাতীয়। 'ব্যাটার চুল-বাল দেকি বাপের চাইতে লম্বা অয়্যা গেচে!'

ব্যাটি *বি. বিণ.* মেয়ে; দুহিতা; আত্মজা; তনয়া; নন্দিনী; কন্যা; কুমারী মেয়ে; অবিবাহিত নারী। 'কলির যুগের ঝি-ব্যাটিগ ফেলাইনা চুল/ তা-অ বি হ্যালায় বাজারে বিকায় পাচছ টেকা কেজি!'

বাটোরা *বিণ.* বাঁটোয়ারা; বাটোয়ারা; বাঁটওয়ারা; বিভাগ; বন্টন; ভাগ-বাটোয়ারা। 'বখরার ট্যাকার বাগ-বাটোরা লয়্যা তিন দলে খুনাখুনি অইচে।'

বাণ *বি.* তীর; শর; শায়ক; এক প্রকার তান্ত্রিক মন্ত্রযুক্ত মারণাস্ত্র (বাণ মারা)। 'হায়রে মরার বালোবাছা তুমি কিমুন খেলোয়ার/ পিরীতের বাণ মাইরা করো জিন্দেগী ছারখার!'

বাদ্দর *বি. বিণ.* ভাদ্র; বাংলা বর্ষের পঞ্চম মাস। 'বাদ্দর মাছে বেজায় গরম তাপে করে বর।'

বাতউত *বি.* কথাবার্তা; আলাপ-আলোচনা; গালগল্প; কোনো বিষয়ে তর্কিত আলোচনা; বাক্যালাপ; কথোপকথন; তর্কাতর্কি। 'দুনিয়ার মানু জনগি-টনগি লইয়া মুক ফুইটা বহুত বাতউত করতাচে।'

বাতচিত *বি. দ্র.* বাতউত।

বাতপাক্কা *বি. বিণ.* এনগেজমেন্ট; জাঁকজমকপূর্ণভাবে বিয়ের পানচিনির অনুষ্ঠান (অবস্থা সম্পন্নদের ক্ষেত্রে)। 'হরদারের

পুলার বাতপাক্কায় গরীবের তিন বিয়ার হোমান ট্যাকা খরচা অইচে।'

বাতাইচ *ক্রি.* বলেছ; বলা হয়েছে এমন; ব্যক্ত করা হয়েছে এমন। 'ছরিয়তের কতা তুমি যা বাতাইচ হের লেবা লংছ বি বুঝি নাইক্যা।

বাতাছা *বি.* বাতাসা; একপ্রকার মিষ্টি; চিনি বা গুড় দিয়ে প্রস্তুত এক প্রকার মিষ্ট দ্রব্যবিশেষ। 'আমার মান্নত পুরা অইলে জুম্বাবারে মুছল্লিগো বাতাছা খিলামু।'

বাতানো *ক্রি.* বলা; উক্তি; ব্যক্ত; বিবৃতি; বাচন; বলে দেওয়া; নির্দেশ দেওয়া; উপদেশ দেওয়া। 'মুরুব্বিগো বাতানো কতা মাইন্যা চলোন লাগে।'

বাত্তি *বি.* আলো দানকারী; দীপ; প্রদীপ; বর্তিকা; আলোকবর্তিকা; দীপাধার। 'একখান বুঝা আমার দিলের বি বাত্তি, বোংশের বি বাত্তি।'

বাতিজা *বি. দ্র.* বাইচতা।

বাতেনি *বি. বিণ.* গোপন কথা; যেসব কথা সাধারণের নিকট প্রকাশনীয় নয়; গুপ্ত; গোপনীয়; অপ্রকাশিত। 'বাতেনি বিছয় পুলাপানরে কয়োন নাইক্যা।'

বাতেল *বিণ.* বাতিল; অগ্রাহ্য; না-মঞ্জুর; পরিত্যক্ত; অসার; নাকচ। 'তোমগো বাতেল ফিরকা দিয়া জমাতি জিহাদ কুনো কামে আইব না।'

ব্যাতাবার *বি.* ব্যথাভার; ব্যথা; ক্লেশ; দুঃখ; কষ্ট; বেদনা। 'খ্যাদায়া দিছেন যত বুকের ব্যাতাবার।'

বাদছা *বি.* বাদশাহ; সম্রাট; রাজাধিরাজ। 'বাদছা জাহানগিরের আমলে ঢাহা ছহরের নাম জাহানগির নগর অইচিল।'

বাদছায়ি *বিণ.* বাদশাহী; বাদশাই; রাজকীয়; বাদশাহের ঐশ্বর্য ও সম্পদ; সম্রাটের কর্তৃত্ব; জাঁকজমকময় জীবন; বাদশাহগিরি; ভোগবিলাস; সর্বময় কর্তৃত্ব। 'কুনো কুনো দ্যাছে এহন বি ওহাবি বাদছায়ি ছাছন চলতাচে।'

বাদায়া *ক্রি.* বাঁধিয়ে; বাঁধনি; বাঁধুনি; শৃঙ্খল; সংহতি; সুসঙ্গত সৌষ্ঠব; আটকিয়ে; সুশৃঙ্খল বিন্যাস। 'দুই বাছায় কাইজা বাদায়া বাগলপুর অইছ ক্যালা?'

বাদাইম্যা *বিণ.* ভবঘুরে; ইচ্ছাকৃত বেকার (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'বাদাইম্যার মোতন না গুইমা কাম কাইজ কইরা খাও।'

বাদাইম্যার বাচ্চা *বিণ.* ভবঘুরের সন্তান (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'বাদাইম্যার বাচ্চারে কানে দইরা কাম করাও।'

বান্দরের বাচ্চা *বি. বিণ.* বানরের বাচ্চা (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'বান্দরের বাচ্চারে কলার চোছা খাইবার দে।'

বাদে *বিণ.* পরে; পিছনে; পশ্চাতে; অনন্তর; অপরে; অন্যলোকে; অন্যত্র; কোনো ঘটনাদি অবসান হলে; ক্রম অনুসারে। 'দুই দিন বাদে চান দেকবা বারান্দায় বয়্যা।'

বানগা *ক্রি.* ভাঙা; ভাঙ্গা; ভগ্ন করা; চূর্ণ হওয়া; অকল্যাণ বা নীচু হওয়া; হীন করা; দুরবস্থায় পড়া; ভগ্নহৃদয় হওয়া বা করা; হতাশ হওয়া বা করা; পণ্ড করা; ছিন্ন হওয়া; জীর্ণ; হতাশ; উৎসাহহীন। 'মনে রাইখ কতায় কয়, দিল বানগা না মজিদ বানগা।'

বানগালি *বি.* বাঙালি; বাংলাদেশের মানুষের জাতি-সত্তা; বাংলাভাষী; বাংলাদেশী; বাংলাদেশ সংক্রান্ত। 'কতায় আছেনা বানগালির মাইর হ্যালায় অর মায়রে বাপ দুনিয়ার বাইর।'

বানচাল *ক্রি. বিণ.* ষড়যন্ত্র; বিনষ্টকরণ; ভেস্তে দেওয়া; বিঘ্ন ঘটানো; ব্যাঘাত; অন্তরায়; কর্মসিদ্ধির পথে প্রতিবন্ধক; বিরোধিতা করণ; বিরোধীচারণ। 'দ্যাছবাছীর ৪৩ বচ্ছরের দাবি বানচাল করনের কামের ফল বালা অইবার পারে না।'

বানছি *ক্রি.* বেঁধেছি; বান্ধা; বাঁধা; বন্ধন করা; গিরা দেওয়া; আটক। 'তুমারে বানছি আমি দিলের ছুতা দিয়া।'

বানদন *ক্রি.* বেঁধে রাখা; আটকানো; আবদ্ধ করা; অবরুদ্ধ করা। 'বর গাচে নাও বানদন দোছের কিছু না।'

বানদা *বি.* গোলাম; দাস; ক্রীতদাস; একান্ত বাধ্য; ব্যক্তি; সৃষ্ট মানব; মানুষ; অনুগত লোক। 'দ্যাছের মানু দো দেল বানদাগো বালা কইরাই চিনে।'

বান্দি *বি.* বাঁদি; বান্দী; দাসী; ক্রীতদাসী; একান্ত বাধ্য। 'এখন কামের মাইয়্যাগো বান্দি কইলে কামে আইবার চায় না।'

বানদোর *বি.* বানর; বাঁদর; বান্দর; মর্কট; কপি; শাখামৃগ; একপ্রকার চতুষ্পদজন্তু; জংলী প্রাণী। খুবই কৌতুক প্রিয়। শহরেও এদের দেখা যায়। এরা দলবদ্ধ হয়ে বসবাস করে। প্রাণীকুলে মধ্যে বানর সবচে বুদ্ধিমান। 'নাপিতের লাহান

বানদোরের ছোল্ল চোঙ্গা বুদদি আচে।'

বান্দপ *বি.* বান্ধব; প্রিয়জন; ভালোবাসার পাত্র; বন্ধুবান্ধব; প্রীতিভাজন; আত্নীয়স্বজন। 'কীনা কাতর আত্নীয়-বান্দপ দল।'

বান্দুম *ক্রি.* বাঁধা; আটকানো; বেঁধে রাখা; তৈরি করা। 'বন্দুর বুকে বান্দুম গর/ বিন্দাবনে গিয়া।'

বানলে *ক্রি.* বানানো; তৈরি করা; নির্মাণ করা; ঘর বাধা; গঠন; প্রস্তুতকরণ। 'নয়া ঢঙে, নয়া রঙে বানলে নয়া বাছা।'

বানাইচিল *ক্রি.* বানিয়েছিল; নির্মাণ করেছিল; তৈরি করেছিল। 'বাছছা ছাজাহান বহুত পছা খরচা কইরা তাজমেহেল বানাইচিল।'

বানাইবার *ক্রি.* বানানো; তৈরি করা; গড়া; প্রস্তুত করা; রাঁধা; বাধবার জন্য কোনো কিছু কোটা; কোনো কিছুর সঙ্গে তুল্য জ্ঞান করা; কিছুতে পরিণত করা। 'কতা খুইজ্যা না পায়া এহন কাহানি বানাইবার লাকচ?'

বানাউটি *বিণ.* বানোয়াট; বানাওট; কৃত্রিম; মিথ্যা; কল্পিত; সত্য নয় এমন; বানানো; তৈরি করা; তৈয়ারি; তৈয়ারী; প্রস্তুত করা; নির্মাণ করা; নির্মিত। 'বানাউটি কতা পাইরা মানুর মোন পায়োন এত হোজা না।'

বানায়া *ক্রি.* বানিয়ে; তৈরি করে; সৃষ্টি করে; প্রস্তুত করে; ব্যবহার উপযোগী করে। 'বালা কইরা গর বানায়া থাকমু কয়দিন আর!'

বানুয়াটি *বিণ.* *দ্র.* বানাউটি।

ব্যান *বি.* *বিণ.* নিষিদ্ধ করা; নিবারিত; বারণ বা মানা করা হয়েছে এমন; হারাম; অন্যায়; অন্যায্য; অবিহিত; অনুচিত; বে-আইনি। 'ইয়াহিয়া খান আমিলীগরে ব্যান করবার যাইয়া নিজেই ব্যান অয়া গেচিল !'

বাপা পিডা ভাঁপা পিঠা।

বাবচি *ক্রি.* ভাবছি; ভাবনা; ভাবা; চিন্তা করা; বিবেচনা করা; সংকল্প করা; স্থির করা; দুশ্চিন্তা করা; অনুমান করা; উদ্ভাবন বা বের করা; মনে করা। 'বাবচি হ্যারে ট্যাকা দেয়োন ঠিক অইব নিকি।'

বাবত *অব্য.* বাবদ; জন্য; দরুন; দফা; বার; কিস্তি; পালা; ক্ষেপ। 'দছ কেজি কওরাতেল বাবত তুমার কাচে ট্যাকা পাওনা।'

ব্যাবাক *বিণ.* সব; সকল; সমস্ত; সমুদয়। এমুন দিন আইব, ব্যাবাক মানু দলছুট অয়্যা যাইব।'

ব্যাবাকতে *বিণ.* সকলে; সবাই; সকল লোক; সব মানুষে। 'চিনে ব্যাবাকতে দনপতি, জ্ঞানপতি, রাইজ্যের অদিপতি, ঋছি-চামারে।'

বাবরি *বি. বিণ.* বাবরী; লম্বা কোঁকড়ান চুল; কাঁধ পর্যন্ত লম্বা কোঁকড়ান চুল; বাবরির মতো কুঞ্চিত করে কাটা বা ছাঁটা। 'কাওয়ালের বাবরিটা দেকতে খুব ছুনদর লাগে।'

বাবুর্ছি *বি.* বাবর্চি; বাবরচি; বাবরচী; পাচক; মুসলমান পাচক। 'কাচ্চি বিরিয়ানী রান্দোনে পুরান ঢাহার বাবুর্ছিগো জুরি নাইক্যা।'

বারাইব *ক্রি.* বের হওয়া; বাহির হওয়া; বার হওয়া; নিঃসৃত হওয়া; নিষ্কাশিত হওয়া; নিষ্ক্রান্ত হওয়া। 'লারা দিলে বানগা ডাইলে বারাইব কছ।'

বারচিটি *ক্রি.* ভার্সিটি; বিশ্ববিদ্যালয়। 'বারচিটির মাটি অইল আচল আনদুলন আর ছংগেরামের গাটি।'

বারবার[১] *অব্য.* পুনঃপুন, ঘনঘন; একাধিক বার। 'বারবার এককতা কয়োন বালা লাগে না।'

বারবার[২] *অব.* উন্নতি করা; এগিয়ে যাওয়া; বেড়ে যাওয়া। 'দোয়া কর হ্যায় আর বহুত ছামনে বারবার চায়।'

বারবার[৩] *অব.* বেড়ে যাওয়া; বেড়ে উঠা; অতিরিক্ত; প্রয়োজনাতিরিক্ত; অতিরঞ্জিত; মাত্রাতিরিক্ত; সীমা লঙ্ঘন; খুব বেশি বাড়। 'হেরা দেকতাচে তোমরা কেতনা বাইর বারবার পার।'

বারাইব *ক্রি.* বের হওয়া; বাহির হওয়া; বার হওয়া; নিঃসৃত হওয়া; নিষ্কাশিত হওয়া; নিষ্ক্রান্ত হওয়া। 'লারা দিলে বানগাডাইলে বারাইব কছ।'

বারাবারি *বি. বিণ.* বাড়াবাড়ি; অতিরিক্ত; অতিরঞ্জিত; সীমা অতিক্রম। 'দ্যাছবাচি এইটা লয়্যা বারাবারির জবাব টাইম মোতন ঠিকই দিব।'

বারায়া *ক্রি.* বাড়িয়ে; এগিয়ে; অগ্রভাগে; উন্নতি সাধন; বাড়তি; বৃদ্ধি; বৃদ্ধিশীল; বৃদ্ধি পাওয়া; প্রকৃত অপেক্ষা বেশি করে বলা; মাত্রাতিরিক্ত। 'আমরা দ্যাছের আয়-উন্নতি বারায়া এইটার ছর্মান বহুত উপ্রে তুলুম।'

বারিছ *বি.* বৃষ্টি; বর্ষা; বর্ষণ; বরষণ; বৃষ্টিপাত; বারিপাত; ধনাত্মক ও ঋণাত্মক মেঘের ঘর্ষণে সৃষ্ট বারিপাত। 'বাংলার মাটি হিতকালে ফাইটা চউচির অয়্যা

পরে আবার বরছাতে বারিছ আইলে পিছলা অয়্যা যায়।'

বারিছকাল *বি.* বর্ষাকাল; আষাঢ় ও শ্রাবণ দুইমাস বর্ষাকাল।

বাবারি *বি. বিণ. দ্র.* বাবরি।

ব্যারখা *বি.* ঘোড়ার গাড়ির অংশবিশেষ।

বাল *বি.* যৌনাঙ্গের কেশ।

বালফালাইনা *ক্রি. বি.* অকামা; অকর্মণ্য; ফালতু (ঘৃণ্য গালি বিশেষ)। 'বালফালাইনারে দিয়া মুক ছ্যাব করান ঝুক্কির বিছয়।'

বালবাছা *বি.* ভালোবাসা; কারো প্রতি অনুরক্ত হওয়া; পছন্দ করা; শ্রদ্ধা করা; বন্ধুত্ব করা। 'মাইয়ার পিচে থাইক্যা টানকি মারলে আর ছিটি মারলে বালবাছা অয়না।'

বাললো হিখ্যা *বি.* বাল্য শিক্ষা; পূর্বকালে শিশুশিক্ষার পাঠ্য-পুস্তক। 'বাললো হিখ্যা কিতাবে পর নাই লম্প দিয়া পত চলিয় না।'

বালা[১] *বিণ.* দুর্যোগ; বিপদ; দুর্বিপাক; দুর্দিন; বিপর্যয়; দুর্বিপাক। 'হে আল্লাহ; জমিনি বালা জমিনের নিচে আছমানি বালা আছমানে উটায়া নেও।'

বালা[২] *বিণ.* ভালো; উত্তম; হিতকর; কল্যাণকর; সৎ; শোভন; মঙ্গল; কল্যাণ। 'বালা কামে বাও আত ঢওয়াইও না।'

বালাই *বিণ.* আপদ; বিপদ; অমঙ্গল; উৎপাত; দুর্দৈব; সংকট। 'তুমার মোতন এমুন বালাই আর নাইক্যা।'

বালাখানা *বি.* উচ্চ অট্টালিকা; প্রাসাদ; দোতলা বা তদূর্ধ্ব তলার ঘর। 'রঙ্গিলা ছহর, ছবি ছপ্পনের বালাখানা!'

বালাবুরা *বিণ.* ভালোমন্দ। 'বালাবুরা কিচু খায়োন দেও।'

বাহাচ *বি.* তর্কযুদ্ধ; কথার যুদ্ধ; বাক্যুদ্ধ; তর্ক বিতর্ক করা; মতদ্বৈত সূচক আলোচনা করা। 'দ্যাছের ছাদীনতার গোছক লয়্যা বেহুদা বাহাচের কুনো সুযুগ নাই।'

বাহাছ *বি. দ্র.* বাহাচ।

বাহাদুর *বি.* কৃতী; বীর; দুঃসাধ্য কর্ম সম্পন্নকারী; দুর্জয়; সাহসী; নির্ভীক; কাজ হাসিল করতে জানে বা পারে এমন। 'রমজাইন্নার মোতন বাহাদুর এই মহল্লায় আর আচে ক্যাঠা?'

বাহাদুরি *বি.* বীরত্ব; দুঃসাধ্য কর্ম সম্পন্নকারী; কৃতী; সাহসী; নির্ভীক; তেজস্বী; বীরোচিত কাজ। 'দেহ মিয়া হ্যায় বহুত

বর জমিদার থাইকাও বাহাদুরি করে নাই।'

বাহানা *বি.* অছিলা; ছল; ভান; ছুতা; ওজর; বায়ানা; আবদার; অবিরত প্রার্থনা; আপত্তি; বিশেষ রূপ ধারণ করা; যুক্তি দাঁড় করা। 'তুমার নানা কিচিমের বাহানার মাইনে আমি বুছবার পারি না।'

বায়না১ *বি.* বরপক্ষের বাড়িতে বিয়ে সংক্রান্ত কথাবার্তা।

বায়না২ *বি.* আব্দার; প্রবল আগ্রহের সাথে বারংবার কোনো কিছু পেতে চাওয়া; উছিলা; ছল। 'আবার কি বায়না লয়্যা আইলা।'

বায়না৩ *বি.* অগ্রিম মূল্যদান; দাদন; মূল্য নির্ধারণ পূর্বক কিয়দংশ অগ্রিম দান বা গ্রহণ; মূল্যের কিয়দংশ পূর্বে দান করে ক্রয়ের অংগীকার করণ। 'বায়না হিছাবে পাচ হাজার ট্যাকা আগে দিয়োন লাগব।'

বাহার১ *বি. বিণ.* বাহির; বাইর; বের; বার; বহির্ভাগ; বাইরের অংশ; বহির্দেশ। 'আগুন লাগলে ঠিক মতন বাহার আইতে না পাইরা বহুত ছরমিক জীবন দিচে।'

বাহার২ *বি.* সৌন্দর্য; শোভা; রূপ; লাবণ্য। 'মাইয়্যা মানুর চয়-চরিত্র আর রূপের বাহার ঠিক থাকলে হুরি চায় ক্যাঠা?'

বাহায়া *ক্রি. দ্র.* বায়ায়া।

বায়্যা *বিণ.* ভেসে উঠা; জেগে ওঠা; জাগরিত হওয়া। 'হজের কথা পারতে গেলে পরথম বিদায় হজের কতা মনের মইদ্যে বায়্যা উটে।'

ব্যারাম *বি.* রোগ; ব্যাধি; শারীরিক; মানসিক অবস্থা খারাপ হওয়া। 'ব্যারাম যখন অয়্যা গেচে, চিন্তা না কইরা দাকতরের কাচে যাও।'

ব্যায়া *বি.* বিয়ে; বিবাহ; পরিণয়; শাদী। 'পুলা লায়েক অইলে ব্যায়া করান দরকার অহে।'

বি *অব্য.* ও। 'বালা কইরা কইলে দিবার বি পারে।'

বিকায় *ক্রি.* বিক্রিয়ে; বিক্রয় হওয়া; বেচা; বিকিয়ে দেওয়া। 'খালি দছ্তার লাদি-না বিকায় কাগজে কুন/ না বিকায় পেরেছে কুন।'

বিকায়া *ক্রি.* বিকিয়ে; বিক্রয়িক; বিক্রয়ী; বিক্রেতা; বিক্রি করে; বিকানো; বিকনো; বিক্রয় করে এমন; কাটতি হওয়া। 'দুকানটা বিকায়া দিমু।'

বিকানো *ক্রি.* গ্রহণযোগ্য করা; চালিয়ে নেওয়া; মেনে নেওয়া;

পালন; উপলব্ধি। 'এই রাজনীতি বাজারে বিকানো যাইব না।'

বিকি *ক্রি.* বিক্রি; বেচা; বিক্রি করা; ক্রয়-বিক্রয়। 'আইজকা বালা বিকি অহে নাইক্যা।'

বিগগানি *বি.* বিজ্ঞানী; বিশেষভাবে জ্ঞানী; তত্ত্বজ্ঞান সম্পন্ন ব্যক্তি; বিজ্ঞান বিষয়ে গবেষক; ধারাবাহিক পর্যবেক্ষণ ও গবেষণার ফলে কোনো বিষয়ে প্রাপ্ত ব্যাপক ও বিশেষ জ্ঞান সম্পন্ন ব্যক্তি; পরীক্ষা ও প্রমাণ প্রভৃতি দ্বারা নিরূপিত শৃঙ্খলাবদ্ধ জ্ঞানের অধিকারী।

বিগরায়া *ক্রি.* বিগড়ানো; বিগড়নো; বিকৃত হওয়া; অচল বা বিকল হওয়া; অসৎ পথে যাওয়া; কুপথগামী করা; অধঃপতিত করা; বিরোধী হওয়া। 'দ্যাছের মানুর মিজাজ মুবারক বহুত বিগরায়া গ্যাচে।'

বিচনা *বি.* বিছানা; শয্যা; যার উপরে শোয়া হয়; শয়ন; শোয়ার স্থান; ঘুমানোর জন্য নির্দিষ্ট ঘর। 'এচি ছাইরা বিচনায় গেলে হ্যালায় দুই মিলিটেই নিম আহে।'

বিচায়া *ক্রি.* বিছিয়ে; বিস্তার করা; পাতা; বিছানো; বিস্তৃত করা; ছড়ানো; বিন্যস্ত করা।

'দচতর-খানা বিচায়া খানা লাগায়া বউ বয়্যা রইচে; আহ খ্যায়া লই।'

বিচরানো *ক্রি.* খোঁজ করা; তালাশ করা; সন্ধান করা; অন্বেষণ করা। 'এত বর ছহর, কই বিচরানো যায় কও দেহি।'

বিচ্চু *বি.* বিচ্ছু; বিছা; বৃশ্চিক; বিষাক্ত কীটবিশেষ; বিচ্ছুর মতো ক্ষুদ্র কিন্তু ভয়ংকর; ক্ষুদ্র কিন্তু তীব্র আঘাতদানে সক্ষম; বিষধর পোকা বিশেষ; সুপরিচিত বহুপদবিশিষ্ট কীট; অত্যন্ত ধূর্ত ও সর্বনাশা লোক। '৭১ ছালে মুক্তিরা বিচ্চু অয়্যা ছিনা উচা কইরা লরচে।'

বিচ্ছ *বি.* বিশ্ব; পৃথিবী; জগৎ; পৃথ্বী; ভূমণ্ডল; ধরনী; ধরিণী; অবজী; ক্ষিতি; বসুমতী; বসুন্ধরা; মহী; মোদিনী। 'যারা ৭/৮ বচ্ছর আগে আমগো বিচ্ছ চিনাইল তাগো বিছয়ে কুনো বয়ান নাই।'

বিছ *বি.* বিষ; গরল; হলাহল; যে পদার্থ দেহে প্রবেশ করলে অসুস্থতা ঘটে বা মরণ হয়; দ্বেষ; হিংসা। 'হাপের বিছ নামানো যায় মাগার মোনের বিছ নামানো যায় না।'

বিছয় *বি.* বিষয়; ভোগ্য পদার্থ; ধন; সম্পত্তি; আলোচ্য বা বর্ণনীয় বস্তু; সংক্রান্ত; সম্বন্ধীয়;

অধিকারভুক্ত জায়গা। 'রাজনীতি কইরা মাইনছের মোঙ্গল ক্যাম্বে করা যায় ছেইটা অইল আছলি বিছয়।'

বিচ্ছ ব্যাং *বি.* বিশ্ব ব্যাংক। 'বিচ্ছ ব্যাং ছাপ ছাপ বাতাইয়া দিচে ছেতু তইয়ারের লাইগা কুনো ট্যাকা দিব না।'

বিচ্ছ মনদা *বিণ.* বিশ্বমন্দা; বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দা বা বিপর্যয়। 'বিচ্ছ মনদার কারণে ইউরুপ আমরিকায় ট্যাকার টানাটানি পরছে।'

বিচ্ছকবি *বিণ.* বিশ্ব কবি; জগদ্ব্যাপী কবি; পৃথিবীর সমস্ত মানুষের কবি। 'বিচ্ছকবি রবিনদোরনাত ১৯২৬ ছালে ঢাহার নোয়াব বারীর 'তুরাগ' বোটে দুই রাইত থাইকা নিম গেচিল।'

বিচ্ছাছ *বি.* বিশ্বাস; সত্য বলে বিবেচনা; প্রত্যয়; নির্ভর; আস্থা; ভরসা; শ্রদ্ধা। 'এই দ্যাছে রেজাকার আল বদরেরে বিচ্ছাছ করার কুনো কারোন নাইক্যা।'

বিচ্ছের *বি.* বিষের; গরলের; বিষাক্ত পদার্থ। 'তোমারে হারাইলে বেবাক অইবো বিচ্ছের বরি।'

বিছাক্ত *বিণ.* বিষাক্ত; গরলপূর্ণ; বিষে ভরপুর; গরলপূর্ণ; বিষমিশ্রিত; বিষযুক্ত। 'পেমের মদুবনে বি ঢুইকা গ্যাছে বিছাক্ত কীট্।'

বিছুইক্কা *বিণ.* বিসুখ; সুখহীন; অসুখ। 'তুমার তাবিজে বরা বিছুইক্কা গতর।'

বিজলি বাত্তি *বি. বিণ.* বৈদ্যুতিক আলো; বিদ্যুতের দ্বারা চালিত আলো; বিদ্যুৎপূর্ণ; তড়িৎসম্বন্ধীয়। 'নোয়াব আচানউলল্লা ১৯০১ ছালে ঢাহার ছহরে বিজলি বাত্তি জ্বালায়া রাইতরে দিন বানায়া ফালায়।'

বিজিনেচ *বি.* বিজনেস; ব্যবসা; ব্যবসায়; জীবিকা; বৃত্তি; পেশা; তেজারতি; কারবার; বাণিজ্য। ছহরে টেরেন চললে বাছের একচেটিয়া বিজিনেছ বন অয়্যা যাইব।'

বিছা *বি.* ভিসা; ভিন্ন রাষ্ট্রের নাগরিককে স্বরাষ্ট্রে প্রবেশের ও স্বল্পকাল অবস্থানের অনুমতিপত্র। 'পাচপুটে বিছা বি লাগাইচি, এইবার বিবিছাবরে তাজমেহেল না দেকাইলে হ্যালায় কপালে বাত নাইক্যা।'

বিছি *বি.* ভিসি; বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, আচার্য।

বিচ্ছের *বি.* বিষের; গরলের; বিষাক্ত পদার্থ। 'তোমারে হারাইলে বেবাক অইবো বিচ্ছের বরি।'

বিছুদবার *বিণ.* বৃহস্পতিবার; সপ্তাহের ষষ্ঠ দিন। 'বিছুদবার রাইতের বেলা কাউয়ালি গান গাই/ রাইত বারটা বাজার আগে ছুকের নিম যাই।'

বিজা পিঠা *বি.* ভিজাপিঠা' দুধ; চিতই।

বিজা রুটি *বি.* ভিজারুটি বাখরখানি রুটি দুধ চিনি জাফরানে বিজানো।

বিটিছ *বি.* ব্রিটিশ; যুক্তরাজ্য; ব্রিটেন; ইংল্যান্ড। 'বিটিছ আমলে লড কাজ্জন ১৯০৫ ছালে বাংলা বাইনগা ঢাহারে পুব বাংলা আর আছাম পোদেছের রাছদানী করে।'

বিন্ত *বি.* বৃন্ত; বোঁটা; স্তনাগ্র। 'কান্দাইয়্যা দিল বিন্ত হারা ব্যাকুল বকুল।'

বিদরহী *বিণ.* বিদ্রোহী; বিরোধিতা; বিদ্বেষ। 'বিদরহী কবি নজরুল ইচলামের নাম হুনে নাই ক্যাঠা!'

বিদায় *বি.* স্থানান্তরে যাওয়ার জন্যে অনুমতি; দূরীকরণ; বিচ্ছেদ; প্রস্থান; কর্ম থেকে অবসর; ছুটি। 'নকরের পাওনা ট্যাকা দিয়া বিদায় কইরা দেও।'

বিদ্যেছ *বি. বিণ.* বিদেশ; স্বদেশের বাইরে অবস্থিত দেশ; অন্যদেশ; ভিন্ন রাষ্ট্র; প্রবাস। 'দ্যাছের আদাআদি মানু বিদ্যাছ গিয়া ট্যাকা পাডাইলে দ্যাছের বহুত উননতি অইব।'

বিনাছ *বি.* বিনাশ; বিলোপ; উচ্ছেদ; উৎসাদন; উৎপাটন; ধ্বংস; নাশ; মৃত্যু; মরণ। 'রাজনীতির লগে দরমোরে মিলায়া দরমো বিনাছ করা যাইব না।'

বিনীদ *বিণ.* বিনিদ্র; নিদ্রাহীন; নিদহীন; জাগরিত। 'বছ্ছা মাইনে বিনোদিনীর বিনীদ রাইতের জ্বালা।'

বিনোদিনী *বি. বিণ.* রাধা; রাধিকা; প্রমোদিনী; সুন্দরী; সন্তোষদায়িনী; হিন্দু অবতার শ্রীকৃষ্ণের প্রমোদিনী।

বিন্দাবন *বি.* বৃন্দাবন; রাধা ও কৃষ্ণের প্রেমের লীলাক্ষেত্র; যমুনার তীরবর্তী মথুরার নিকটে হিন্দুদের তীর্থস্থান।

বিবি *বি.* মুসলমান মহিলার সাধারণ পদবি; সম্বোধনেও ব্যবহৃত; স্ত্রী; বধূ; পত্নী; ইয়োরোপীয় রমণী; কর্ত্রী; রমণী মূর্তিচিহ্নিত তাস বিশেষ; সাজ-সজ্জা ও আরামপ্রিয়; বিলাসিনী নারী। 'আমার বিবিছাব দুনিয়ার ছেরা আওরত।'

বিমার *বি.* বেমার; পীড়া; রোগ; ব্যাধি; পীড়িত। 'বিমার

অয়োনের আগে ছরিলের দিকে নজর দিবার অহে।'

বিরাদর *বি.* বেরাদর; ভাই; ভ্রাতা; বন্ধু; জ্ঞাতি; আত্মীয়-স্বজন। 'বিবাদরাইনে মিল্লাত, আচ্ছালামু আলাইকুম।'

বিয়ান *বি. বিণ.* সকাল; ভোরবেলা; প্রাতঃকাল; প্রত্যুষ; সূর্যোদয়ের কাল। 'পরমান অইচে বিয়ানে আমির আর রাইতে ফকির অয়োন দুনিয়ার নিয়ম।'

বিমরতি *বি.* ভীমরতি; ভীমরথী; বয়স সাতাত্তর বছর সাতমাস সাতরাত পূর্ণ হওয়ার অবস্থা; অতিশয় বার্ধক্যবশত বুদ্ধি-ভ্রংশতা। 'তুমারে বুইরা মানুর বিমরতিয়ে দরচে নিকি?'

বিম্‌রি[১] *বিণ.* ভয় পাওয়া; ভীত হওয়া; ভীতিপ্রদ; ভয়জনক; আতঙ্কিত হওয়া; শঙ্কিত হওয়া; ভয়ে কাতর; কিংকর্তব্যবিমূঢ়। '৭১ ছনে পাকিরা বান্‌গালা দেছের নদীর ছাইজ দেইখাই বিম্‌রি খায়্যা পরচিল।'

বিমরি[২] *বিণ. বি.* ভিরমি; হঠাৎ মাথা ঘোরা; মূর্ছা; জ্ঞানহারা অবস্থা; ভয়ে মূর্ছিত হওয়ার ভাব; ঘূর্ণি রোগ বিশেষ। 'এমুন বিমরি খায়োনের অবচতা অইল ক্যালা তুমার?'

বিরা *ক্রি.* নদীর পাড়ে নোঙ্গর ফেলা। 'তহন পাল তুলা বর-বর বজরা নাও মাল ছামান- লইয়া ছদর গাটে বি আয়্যা বিরা যাইত।'

বিরিক্ষি *বি.* বৃক্ষ; গাছ; তরু। 'বিরিক্ষি না থাকলে মানু আর জনতু জানুয়ার কেওঅ বাচবার পরত না।'

বিরিয়ানি *বি.* বির্‌য়ানী; গোশ্‌ত সংযোগে এক প্রকার পোলাও বিশেষ। 'পুরান ঢাহার বিরিয়ানি ঢাহার মোতন পুরানা।'

বিরুদ্য *বিণ.* বিরোধী; বিপক্ষ; বিরুদ্ধ আচরণকারী; বিরোধিতা করে এমন; বিরোধযুক্ত।

'মালা দেয়োন ছরিয়ত বিরুদ্য, ছেরেক আর বেদাতি কাম।'

বিল-বাট্টা *বি.* বিক্রিত দ্রব্যের মূল্য ও বাদ যাওয়ার পরিমাণ। 'ট্যাক্স-খাজনা, বিল- বাট্টায় উপায় হইল মরবার।'

বিলকুল *বিণ.* স্রেফ; একদম। 'আমার বিবিছাবের চেহেরা বিলকুল রূপবানের লাহান।'

বিলাই *বি.* বেড়াল; বিড়াল; চতুষ্পদ গৃহপালিত প্রাণী বিশেষ; মার্জার। 'এত কিচু কইরা কালা বিলাই দরন না গেলে, দ্যাছের মানু হাছব।'

বিলাও *ক্রি.* বিলানো; বিলিয়ে দেওয়া; দান বা বিতরণ করা; বিলান; বণ্টন করা। 'দান-দক্ষিণা যত পার বিলাও জনে জনে।'

বিলাত *বি.* বিলেত; ইংল্যান্ড; লন্ডন; ইয়োরোপ; বিদেশ। 'আমার মাইয়্যার জামাই বিলাত ফেরৎ দাকতর।'

বিলাতি বাগুন *বি.* টমেটো; ছোট আকৃতির গাছে ফলবান সবজি বিশেষ। সালাদ হিসেবে ব্যবহৃত হয়।

বিলায়া *ক্রি.* বিলিয়ে দেওয়া; দান করা; বিতরণ করা; মেলে দেওয়া। 'ছরৎ নিছিথে বিলায়া দিমু পরাণের ছব মদু।'

বিলাফ *বি.* ব্লাফ; মিথ্যা; বানোয়াট; মিথ্যে; অসত্য; সত্য নয় এমন; অযথার্থ; বেঠিক; অমূলক; কল্পিত; কাল্পনিক; অনর্থক; নিষ্ফল; বৃথা। 'বিলাফ ছাক্ষি বানায়া বনগবন্দুরে ফাছি দেয়োন অত ছহছ আচিল না।'

বিয়ান রাইত *বি. বিণ.* ধলপ্রহর; সুবহে সাদেক, সূর্যোদয় ও রাতের অবসানের কাল।

বিয়াল *বি. বিণ.* বিকেল; সূর্য যখন পশ্চিমাকাশে হেলে পড়ে; অপরাহ্ণ; মধ্যাহ্ন হতে সূর্যাস্ত পর্যন্তকাল। 'বাপ-দাদারা বেয়নে-বিয়ালে বুরিগনগা নদীর পারে গিয়া হাওয়া-বাছাত খাইত।'

বিহাইন *বি. বিণ.* ভোর; উষা; প্রত্যুষ; ভোরবেলা; প্রভাত; নিশাবসান। 'ছক্কু মিয়া রোজা রাইখা নামাজ পইবা দোয়া চায়/ বিহাইন রাইতে ছেহরি বি ছাঝের বেলা ইফতার খায়।'

বীরছেহটো *বিণ.* বীরশ্রেষ্ঠ; মর্যাদা-ক্রম; বীরত্ব ও সাহসিকতার জন্য সরকার প্রদত্ত খেতাববিশেষ। 'ছাত জোন বীরছেহটোগো ছারা জীবুন দইরা পুজা করলে বি ঋণ ছোদ অইব না।'

বুইঝা *ক্রি.* বুঝে; জেনেশুনে; বুঝেশুনে; বিচারজ্ঞান করে; বোধসম্পন্ন হয়ে। 'বুইঝা-হুইনা কামে নামবার লাগে।'

বুইঝ্যা *ক্রি. দ্র.* বুইঝা।

বুইদবার *বিণ.* বুধবার; সপ্তাহের পঞ্চম দিন। 'বুইদবারে পারার মানু চক করবার যায়/ মনের ছুক্কে কিন্যা লয় যার যা মোনে চায়।'

বুইল্যা *ক্রি.* ভুলে যাওয়া; ভুলো; ভুলুয়া; প্রায়ই ভুল করে বা ভুলে যায় এমন; ভুলে যাওয়া স্বভাববিশিষ্ট। 'তুমারে বুইল্যা যায়োন কি এত্না ছহজ কাম?'

বুক *বি.* ভুখ; ক্ষুধা; উদরে খাদ্য ভাবজনিত অবস্থা। 'বহুত বুক লাগচে, খায়োন দেও।'

বুকা *বিণ.* বোকা; নির্বোদ; কাণ্ডজ্ঞানহীন; সাধারণ জ্ঞানহীন; কোনোকিছু সহজে বুঝতে অক্ষম এমন ব্যক্তি। 'হ্যালায় বুকা নিকি, ডাইন বাও কিচ্ছুই বুঝে না।'

বুক্কি *বি.* ব্রা; ব্রেসিয়ার।

বুখা *বি. বিণ.* ভুখা; ক্ষুধার্ত; ক্ষুধিত; ক্ষুৎপীড়িত; ভুখল; ভুখিল; ভুখালু; উদরে খাদ্য ভাবজনিত অবস্থা। 'বুখা মানুরে না খাওয়ায়্যা বিদাই দেয়োন ঠিক অহে নাইক্যা।'

বুগন *বি.* ভোগা; দুঃখকষ্ট রোগ ইত্যাদি ভোগ করা; ক্লেশ বা দুঃখ পাওয়া; দুর্যোগে পড়া; ভোগান্তিতে পড়া। 'প্যাট পূজা এই বয়ছে ঠিক মোতন না করলে বিচনায় পইরা বহুত বুগন লাগব।'

বুচকি *বি.* ছোট বোঁচকা; পুটলী; পুঁটলি; পুটুলি; ক্ষুদ্র গাঁঠরি; বোঁচকা। 'ব্যাটা হ্যালায় বুচকি মাইরা যায় কই।'

বুচকি মাইরা *ক্রি. বিণ.* লুকিয়ে থাকা; আত্মগোপন করা; আড়াল হওয়া; গুপ্ত থাকা; গোপন করা। 'ডেরাইবার ছয় মাছ বাদে বুচকি মাইরা টিবির ছামনে আয়্যা হাদু হাজল।'

বুজরগী *বিণ. দ্র.* বুজুরকি।

বুজায়া *ক্রি.* বন্ধ করে; বুজে দিয়ে; বুজিয়ে দিয়ে; ভরে দিয়ে। 'ইচলাম খার বানাইনা দোলাইখাল বুজায়া অহন ছরক বানাইচে।'

বুজুরকি *বি. বিণ.* বুজরুকি; জ্ঞানী ব্যক্তি; অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি; পণ্ডিত; অভিজ্ঞতা বা জ্ঞানের বহিঃপ্রকাশ। 'অহন বুইজা লও তার বুজুরকির জিল্‌লতি কেতনা আছিল।'

বুঝতাচি *ক্রি.* বুঝতে পারা; বুঝছি; বুঝেতেছি; অবগত হচ্ছি। 'এহন বুঝতাছি লেলের কালা বিলাই ক্যালা দরোন যায় না।'

বুঝদার *বিণ.* জ্ঞানী; বুদ্ধিমান; বিদ্বান; সুচতুর; অভিজ্ঞ; সুদক্ষ। 'দ্যাছের পাবলিক খালি চালু না বহুত বুঝদার।'

বুঝদিল *বিণ.* বুজের মানুষ; বুঝমান মানুষ; জ্ঞানী মানুষ; পণ্ডিত ব্যক্তি। 'বুজদিল মানু অইয়া দরমো লয়া বারাবারি করতাছ ক্যালা?'

বুঝন *ক্রি.* বুঝা; বিচার; জ্ঞান; বোধ; বিচার-বিবেচনা; অবগত।

'ক্যালা এই মোতন কাম চলতাচে বুঝন লাগব।'

বুঝবার *ক্রি.* বুঝাতে চাওয়া; অবগত হতে চাওয়া। 'লেহাপড়া না হিক্কা ছবকুচ বুঝবার আহোন ঠিক না।'

বুঝমান *বি.* বুঝের মানুষ; বুদ্ধিমান; জ্ঞানী ব্যক্তি; পণ্ডিত; সহজে বুঝে এমন মানুষ। 'ঝামেলায় পরার থাইক্যা চুপ কইরা থাকন বুঝমানের কাম।'

বুঝচছ *ক্রি.* বুঝেছিস (তুই সম্বোধনার্থে)। 'কতাটা বুঝচছ কিনা হাছা হাছা কয়্যা ফালা।'

বুঝতাচি *ক্রি.* বুঝছি; অবগত হচ্ছি। 'অহন বুঝতাচি এইটা কুনো হপন না, আচলি বাত।'

বুঝাইবার *ক্রি.* বুঝাতে; বুঝানো; বুজানো; বুঝানোর; বুজানোর; বুঝাইতে। 'ইমান ঠিক কইরা লাইনে ফিরা না আইলে তুমাগো কপালে কি আচে বইলা বুঝাইবার পারুম না।'

বুঝায়া *ক্রি.* বুঝিয়ে; বুঝানো; অনুমান করে; বোধগম্য করে; 'নিয়াজিরে পিয়াজি বানায়া রমনা রেচকোর্চে আইনা নাকে খত দিয়া বুঝায়া দিচে জং এর মজা।'

বুড্ডা *বিণ.* বৃদ্ধ; বৃদ্ধা; বুড়া; বুড়ি; বয়স্ক ব্যক্তি; পৌঢ়; বয়োজ্যেষ্ঠা; প্রবীণ; প্রবীণা। 'বুড্ডা বয়ছে একলা একলা রাচতায় বাহার অইচেন ক্যালা?'

বুদদি *বি.* বুদ্ধি; প্রজ্ঞা; মতি; ধী; বোধ; জ্ঞান; মনীষা; যুক্তি; কৌশল। 'বিগ-গান মাইনে অইল বুদদির খেইল।'

বুদ্দি-ছুদ্দি *বিণ.* আক্কেল জ্ঞান; কাণ্ডজ্ঞান; সাধারণ বুদ্ধি-বিবেচনা; বোধ-বিবেচনা সম্পন্ন। 'জিতবার চাইলে বুদ্ধি-ছুদ্ধি কইরা কতা পারোন লাগে।'

বুদ্দো *বি.* বুদ্ধ; বৌদ্ধ; বৌদ্ধ ধর্ম যার প্রবর্তক গৌতম বুদ্ধ; বুদ্ধদেবের মতাবলম্বী; বুদ্ধদেব প্রবর্তিত ধর্মগ্রহণকারী।

বুট *বি.* ভোট; নির্বাচনে জ্ঞাপিত মত। 'বুট চাইতে আয়্যা মলানার বাব দরে।'

বুনাচ *বি.* বোনাস; ঈদ উৎসব ভাতা। 'ছরমিকরে মালিকরা ঠিক মোতন ঈদ বোনাছ বি দেয় না।'

বুনী *বি.* লাল ও কালো পাড় বিশিষ্ট কাপড়।

বুতা *বি.* মাথামোটা; কাণ্ডজ্ঞানহীন ব্যক্তি; কম বুদ্ধিসম্পন্নলোক;

ব্যাকুব; নিষ্কর্মা; অকর্মা। 'অর মোতন বুতা মানুরে দিয়া কুনো কাম অইব না।'

বুরখা *বি.* বোরকা; বোরখা; মুসলিম মহিলা কর্তৃক ব্যবহৃত আপাদমস্তক আবরণ বস্ত্র; ঘেরাটোপ। 'মুছলমান আওরতের বুরখা পরার বিদান আচে।'

বুরা[১] *বিণ.* বৃদ্ধ; বয়স্ক ব্যক্তি; পৌঢ়। 'বুরা মানুছটার লগে দিল্লাগি করন ঠিক না।'

বুরা[২] *বিণ.* খারাপ; খারাব; মন্দ; বদ; দুষ্ট। 'তুমার মোতন বুরা মানু ছহরে আর দুইটা নাইক্যা।'

বুরা অংগুলি *বি.* বৃদ্ধাঙ্গুলি। 'আইন মাইনা না চলনে বর বাচ, টেরাক থাইকা ছুরু কইরা হক্কলেই আইনেরে বুরা অংগুলি দেহাইতে কছুর করে না।'

বুরিগনগা *বি.* বুড়ীগঙ্গা নদী। 'বুরিগনগার কয়লার লাহান পানির দিকে তাকাইলে চকে বি পানি আহে।'

বুরুন *বি.* ভ্রূণ; গর্ভস্থ সন্তান। 'যে দিব আমারে আইজ কবিতার বুরুন।'

বুলবুলি *বি.* বুলবুল; স্বনাম প্রসিদ্ধ পাখি বিশেষ। 'আইজকাইল ছহরে একটা বি বুলবুলি নাইক্যা।'

বুলায়া *ক্রি.* ভুলিয়ে; ভুলানো; ভুলানি; ভালানে; ভুলুনে; ভুলা; আনাড়ি। 'পিচ্চিটারে বুলায়া বালায়া বাইত লয়্যা আহ।'

বুলি *বি.* কথা; শব্দ; বাক্য; বোল; ভাষা; মুখস্থ ভাষা; প্রচলিত গৎ; অস্পষ্ট ভাষা বা বাক্য। 'মুহস্ত বুলি যত পারবা কম ছারবা।'

বুলোগার *বি.* ব্লগার; যারা ইন্টারনেটে বিভিন্ন ওয়েব সাইডে লেখালেখি করে। 'তুমগো বুলোগার বেগানা মাইয়্যা পোলাগো মন্‌চ ফন্‌চ বানাইবার দিন ছেছ।'

বুং বাং করা *ক্রি. বি.* ভুংভাং করা; হামকি ধামকি করা। 'বং বাং কইরা ট্যাকা আদায় করবার পারবা না।'

বেআন্দাইজ *বিণ.* বেহিসাব; পরিমাণ সম্বন্ধে যার জ্ঞান নেই। 'বেআন্দাইজা মানু বুড্ডাকালে খায়োন-উয়োনে কছটো পায়।'

বেইচা *ক্রি. বি.* বেচে; বিক্রি করে; ক্রয়-বিক্রয়; বিক্রি; মূল্যের বদলে দ্রব্যের স্বত্ব ত্যাগ; বেচা। 'জান বাচাইবার গিয়া আদরের গুরাটারে বেইচা দিলাম।'

বেইজ্জতি *বিণ.* অসম্মানিত; মানহানি; অপমানিত। 'আমারে বেইজ্জতি করোন এত্ত ছোজা না।'

বেইনছাফ *বি.* অন্যায়; অবিচার; জুলুম; নির্বিচার; বিচারের অভাব; অবিবেচনা; বিচারহীন। 'বেইনছাফি কাইজকাম আল্লায় ছইব না।'

বেইমান *বিণ.* বেঈমান; বিশ্বাসঘাতক; নিমকহারাম; ধর্ম বিশ্বাসহীন। 'বেইমানের আতের খায়োন-উয়োন বি হারাম।'

বেঈমানী *বি.* বিশ্বাসঘাতকতা; বিশ্বাসের অমর্যাদাকারী। 'বেঈমানী কইরা পরকালে ক্ষেমা পাইবা না।'

বেইল *বি.* বেলা; সময়; দিবাভাগ; বিলম্ব; দেরি; ব্যাপ্তি; বিস্তৃতি। 'বেইল থাকতে পছতে অইলে পাও টাইনা হাটোন লাগব।'

বেইল্লা *ক্রি.* রুটি প্রস্তুত করা; বেলা; ব্যালা।

বেউরা *বি. বিণ.* ভেউড়া; দালাল (নিকৃষ্ট অর্থে); গায়ে পড়ে মধ্যস্থ সাজা বা সঙ্গী হওয়া। 'ছঙ্গী আছিল মানু একজন– বেউরার মোতন, আউলা ঝাউলা ক্যাছ।'

বেউলা[১] *বিণ.* বেউল; ব্যাকুল; আকুল; অস্থির; উৎকণ্ঠিত; উদগ্রীব; ব্যগ্র। 'বেউলা অয়্যা চায়্যা রইচি পন্থে রাইখা চউখ।'

বেউলা[২] *বি.* বেহুলা; বেহুড়া; পাগলিনী; বাতুলা; লোক কাহিনির চাঁদ সওদাগরের সতী-সধ্বী পুত্রবধূ। 'আমি বি বেউলা ছতী তোমারে করমু জিন্দা।'

বেওয়ারিছ *বি.* বেওয়ারিশ; বেওয়ারিশী; অভিভাবকহীন; স্বত্বাধিকার বা দাবিদার শূন্য। 'বেওয়ারিছ লাছটারে কব্বর দেয়োনের ব্যবস্তা করোন লাগব।'

বেক্কল *বিণ.* বেআক্কেল; জ্ঞানবুদ্ধিহীন; নির্বোধ; কাণ্ডজ্ঞানহীন। 'বেক্কল মানু আর বইল দুই বি হোমান।'

বেকাইদা *বিণ.* বেকায়দা; উপায়হীন; বেকসুর; বেকুব; বেকুবি। 'তুমার কতায় কাম কইরা জব্বর বেকাইদায় পইরা গেলাম।'

বেকার *বিণ.* কর্মহীন; জীবিকাবিহীন। 'বেকার পুলাপানের চলোন-চালোনের দিকে নজর রাকবার অহে।'

বেকুব *বিণ.* বেকুফ; বেঅকুফ; নির্বোধ; বোকা; জ্ঞানহীন; বুদ্ধিহীন। 'শালিছ-দরবারে বয়্যা বেকুবের মোতন কতা কইবার অহেনা।'

বেগরে *অনু.* ব্যতীত; বিনা; ছাড়া; বাদে; ভিন্ন। 'কুকিল বেগরে ছাহারামরু খোয়াবের ফাল্গুন।'

বেগানা *বিণ.* অনাত্মীয়; নিকট সম্পর্কহীন; পর পুরুষ। 'মাইয়্যাগুনা চুক্ষে কালা গো গো চছমা ফিট কইরা বেগানা পোলার ইনজিল ছাইকেলের পিচে বইয়া ছুইটা বেরায়।'

বেচইন *বিণ.* অস্থির; অথির; চঞ্চল; চপল; অস্থিরতা; আকুল; বিহ্বল; অনিশ্চিত; অনির্ধারিত। 'মেরা জুতা হায় জাপানি দিল হায় হিনদুচতানি– গানা হুনলে দিল বেচইন অয়্যা পরত।'

বেচারা *বিণ.* শান্তশিষ্ট; উপায়হীন্ ব্যক্তি; নিরীহ; শান্ত; গোবেচারা; অহিংস্র; নির্বিরোধ। 'গেরামের থনে আয়্যা বেচারা চিনতাইকারীর কবলে পরচে।'

বেছ *বি.* বেশ; রূপ ধারণ করা। 'বাগোয়াট পাকি ছেনাপত্তিরা নাকি পাকিস্তান ফিরৎ গিয়া মুচল্লীর বেছ দরচিল।'

বেছতি *বিণ.* বেশি; বেশী; প্রাচুর্য; আধিক্য; অল্পাধিক; অতিরিক্ত; অতিরঞ্জিত; মাত্রাতিরিক্ত; প্রয়োজনের চেয়ে বেশি; চাহিদার তুলনায় বেশি। 'বেছতি কতা কয়্যা খাল কাইট্টা কুমবির আইনো না।'

বেছম্বব *বিণ.* অসম্ভব; সম্ভব নয় এমন। 'বেছম্বব জ্ঞান, এ্যাক্কেবারে হ্যালায় ছাপ্পর ফাইরা যারে কয়।'

বেছরম *বিণ.* বেশরম; বেসরম; যার লজ্জা নেই; নির্লজ্জ; বেহায়া; লজ্জাহীন; বেয়াদব। 'বেছরম মানুর ঈমানের জুর থাহে না।'

বেছ্‌ছা মাগী *বি. বিণ.* অসতী নারী; চরিত্রহীন নারী (অত্যন্ত ঘৃণ্য গালি বিশেষ)। 'বেছ্‌ছা মাগীরা পূজা করবার লাইগ্যা আগে আগে চলে।'

বেছ্‌ছামাগির পুলা *বি. বিণ.* অসতী নারীর ছেলে; চরিত্রহীন নারীর ছেলে (অত্যন্ত ঘৃণ্য গালি বিশেষ)। 'বেছ্‌ছামাগির পুলায় বালা কতা কইব ক্যাম্বে?'

বেছাত *বি.* বেসাত; পুঁজি; ব্যবসা। 'ট্যাকা থাকলে বেছাত করোন বালা।'

বেছাতি *বি.* বেসাতি; বেসাতী; ব্যবসায়; কেনাবেচা; দোকানদারি; পসারি। 'কত আজদাহা জাহাজের বানিজ্য বেছাতি।

বেছামাল *বিণ.* বেসামাল; বেপরোয়া; বিধ্বস্ত; দিকবেদিক ছুটাছুটি; এলোমেলো হওয়া। 'ছরকার তুমগো চাল বরবাদ কইরা দেয়োনে বেছামাল অয়্যা আবোল তাবোল বাত ছুরু করচ।'

বেছুমার *বিণ.* অগণিত; অসংখ্য; অজস্র; বহু; অনেক। 'বেছুমার দিন- রাইত অয়্যা গেল পার/ দেহিনা তোমারে দুই নয়নে আমার।'

বেছি *বিণ.* বেশি; বেশ ধারণ; ছদ্মবেশ; ভিন্নরূপ ধারণ করা; আধিক্য। 'দেবদাছের বেছি আমি মজনু দেওয়ানা/ লইলী নামের তজবী ছারা কিচ্ছু বুজি না।'

বেজন্মা *বি. বিণ.* জারজ; অবৈধ সন্তান; জারজজাত; পর পুরুষ বা উপপতি দ্বারা উৎপন্ন সন্তান। 'বেজন্মা আগাছার মোতন খালি বর অয়্যা যায়, খালি লাম্বা অয়্যা যায়।'

বেজার *বিণ.* ব্যাজার; বিরক্ত; অসন্তুষ্ট; অপ্রসন্ন; ক্রুদ্ধ। 'পাগলের কতায় বেজার অয়্যা লাব আচে?'

বেতমীজ *বিণ.* বেতমিয; অশিষ্ট; বেআদব; শিষ্টাচারের জ্ঞানবর্জিত; অনভিজ্ঞ। 'বেতমীজ মানু ছয়তানের দোছ।'

বেদকল *বিণ.* বেদখল; অধিকারহীন; অধিকারচ্যুত; নিজস্ব জিনিস অপরের হাতে চলে যাওয়া; বিহীন; বিনা; ব্যতীত; ছাড়া; বৈপরীত্য ভাব প্রকাশক শব্দ। 'নজরদারি না করলে নিজের জমিন বেদকল অয়্যা যায়।'

বেদরদী *বিণ.* নিঠুর; নিষ্ঠুর; নির্মম; কঠোর; দয়ামায়াহীন; কঠিন; ক্রূর; নৃশংস। 'ইমুন বেদরদী তোমরা মানু/ খোদাতালার রহম দিলে জার্‌রা কি নাই?'

বিদাত *বি.* বিদাত; বেদআত; নতুন রীতির প্রচলন; ইসলামি শাস্ত্র বিরুদ্ধ কাজ; ইসলামি শাস্ত্র বিরোধী কাজ করে এমন। 'চৌদা পরকারের আওরত ছাদি করোন বিদাত।'

বেদানা *বিণ. বি.* ফল বিশেষ, উঁচু জাতের ডালিম।

বেদিছা *বিণ.* বেদিশা; দিশাহারা; বিভ্রান্ত; যার দিকবোধ নেই। 'আমগো জুট দেইখ্যা তুমরা বেদিছা অয়্যা পরচ।'

বেদীন *বিণ.* ধর্মহীন; সত্য ধর্মে অবিশ্বাস; অভাব; বিরোধ; নিন্দা; বৈপরীত্য ভাব প্রকাশক শব্দ। 'বেদীন মানুর লগে দরমো লয়্যা তর্ক করোন বিরথা।'

বেদ্দপ *বিণ.* বেয়াদব; অশিষ্ট; অভদ্র; শিষ্টাচার বর্জিত। 'বেদ্দপ মানুরে পিটায়া আদ্দপ আনোন যায় না।'

বেনকার *বিণ.* ব্যাংকার। 'মুকতিগ আক্রোমনে পাকিরা কাকইরের লাহান খালি বেনকারে ঢুইহা থাকত।'

বেনচি *বি.* বেঞ্চ; বেঞ্চি; একাধিক লোকের বসার জন্য কাঠনির্মিত লম্বা উঁচু আসন বিশেষ। 'ইছকুলে যাইয়া ছামনের বেনচিতে বইবার ত ছাহচ বি পাইতানা।'

বেন্ডি *বি.* ভেণ্ডি; ঢেঁড়শ, সবজি বিশেষ।

বেনদা *বি.* মোটা লাঠি বিশেষ; যষ্টি; লগুড়; অপেক্ষাকৃত কম মোটা বা ছোট দণ্ডবিশেষ।

ব্যেনদ ছু *বি.* ব্যান্ড সু। 'গেরামের মানুছ বি আইজকাইল টেলিবিছনে ব্যেনদ ছু দেকবার পারতাছে।'

বেনামা *বিণ.* বেনামী; লেখকের নাম গোপন করা হয় এমন নামহীন। 'মুবাইল ফুন আয়োনের আগে চান্দাবাজরা বেনামা চিটঠি দিয়া ট্যাকা লেডি রাকবার কইত।'

বেপরদা *বিণ.* বেপর্দা; যে পর্দা সম্পর্কে সচেতন নয়; উন্মুক্ত; ঘোমটাহীন; লজ্জাহীন।

'বেপরদা আওরত জাহান্নামের লাকরি অইব।'

বেফয়দা *বিণ.* মূল্যহীন; অগ্রহণযোগ্য; অগ্রহণীয়; গ্রহণের অযোগ্য; অপ্রয়োজনীয়। 'তারপও তুমরা বেফয়দা কতা পারবার তালেই আচ।'

বেবাক *বিণ.* সবগুলি; সমস্ত; কিছু বাকি নেই এমন; যাবতীয়; সকল; সম্পূর্ণ; একত্রীকৃত; সমাহৃত। 'বেবাক মানু এক নায়ে উটলে নাওটা ডুইব্যা যাইবার পারে।'

বেবিদ্যার মানু *বি. বিণ.* অশিক্ষিত মানুষ; মুরুখ্য মানুষ; মূর্খ মানুষ; অক্ষর জ্ঞানহীন মানব; বোকা মানুষ; নির্বোধ মানব। 'বেবিদ্যার মানু বইছ্যের হোমান।'

বেবুলা *বিণ.* বেভুলা; যে সবকিছু ভুলে যায়; ভুল; ভ্রান্তি; বিস্মৃত হওয়া; সহজে ভুলে যাওয়া; আত্মবিস্মৃত; বিভোর; বিহ্বল। 'বেবুলা বন্দু আমার নাপাইল্ গাছের খাল।'

বেমালুম *বিণ.* একেবারে; নিতান্ত; সম্পূর্ণভাবে। 'মোনে কইর না কালা বিলাই দরনের কতা আমি বেমালুম বুইলা গেচি।'

বেয়ান *বি. বিণ.* সকাল; ভোর; প্রত্যুষে; প্রাতঃকালীন। 'বেয়ান বেলা গানগের হাওয়া-বাছাত খায়োন ছরিলের লাইগা বালা।'

বেরাইবার *ক্রি.* বেড়ানোর; বেড়ানো; ঘোরা; ভ্রমণ করা; ঘুরে বেড়ানো; বিচরণ করা; পদচারণা করা। 'দেখলাম বিবিছাব বেরাইবার লাইগা লেডি।'

বেরাদার *বি.* ব্রাদার; ভাই; ভ্রাতৃ; সহোদর। 'কব্বরে বাই-বেরাদর কেওঅ যাইব না।'

বেরায়া *ক্রি.* বেড়িয়ে; বের হওয়া; অবগাহন করা; ঘুরাফিরা করা। 'আহ গানগের পার দিয়া বেরায়া আহি।'

বেরাম *বি.* অসুখ; দুঃখ; অসোয়াস্তি; রোগ; ব্যাধি; বিমার; অশান্তি; অসুখী; অসুস্থ; রুগ্ন; পীড়িত। 'ছরিলে বেরাম লয়া মোকামে আইছ ক্যালা?'

বেরেন *বি.* মগজ; মস্তিষ্ক; সারবস্তু; মজ্জা; শাঁস। 'নকলি বাতউত নিয়া বেরেন খাটায়া কাম নাইক্যা।'

বেলকিবাজি *ক্রি.* অবাস্তব; ফাঁকি দেওয়ার কাজ; প্রতারণা; ছল চাতুরি করা; ধোঁকাবাজি। 'ক্ষেমতায় আয়্যা পাবলিকের লগে বেলকিবাজি কইরা পার পাইবানা।'

বেলচা *বি.* লম্বা হাতলযুক্ত কোদাল বিশেষ; শাবল; কোদালের মতো এক প্রকার খনন-যন্ত্র; বালি; কয়লা ইত্যাদি তোলার যন্ত্র। 'মাটি কাটোনের লাইগা বেলচাটা লয়্যা আহ।'

বে-লাইন *বি.* বাঁকা পথ; বেঁকা পথ; অসৎ পথ; যা সোজা বা সিধা নয়; তির্যক; অসরল; চোরা; গোপন; কুটিল; কপট। 'পুলাপান বে-লাইনে গেলে লাইনে আনোন কুঠিন অয়্যা পরে।'

বেলাক্ *বি.* ব্লাক; কালবাজারি; চোরাকারবারি; চোরাচালানি। 'দ্যাছে অবাব লাগলে কিচু হারামাইদ ব্যবছায়ী বেলাক্ কর্বার ছুরু করে।'

বেলেহাজ *বিণ.* বেসরম; নির্লজ্জ; লজ্জাহীন; সরম নাই যার। 'ওই মহল্লার মাইয়াগুনা জব্বর বেলেহাজ।'

বেস্তা *বি.* ভেস্তা; পানি বহনকারী (সন্তানের রোগ-মুক্তির জন্য পিতামাতা মানত করেন আগামী মহররমে তাদের ছেলে ভেস্তা হবে)।

বেহায়া *বিণ.* যার লজ্জা শরম নেই; নির্লজ্জ; বেলেহাজ; বেসরম; লজ্জাহীন; সরম নাই যার। 'বেহায়ার ঈমান আচে কয় ক্যাঠা?'

বেহাল *বিণ.* শোচনীয়; শোচ্য; শোকের যোগ্য বা উপযুক্ত;

খারাপ অবস্থা; অবস্থা খারাপ হয়েছে এমন; বেগতিক অবস্থা; কোণঠাসা; নিরুপায়; বেকায়দা; বিপজ্জনক অবস্থা। 'ব্যবছায় মাইর খায়্যা আমার এহন বেহাল দছা অয়্যা গেচে।'

বেহুদা *বিণ.* অহেতুক; অযথা; বেহিসাব; বেয়াদব; বেহায়া; যার ব্যবহার খারাপ; অনর্থক; বাজে। 'শালিছ-দরবারে বেহুদা কতা কয়া প্যাচ লাগায়া দেও ক্যালা?'

বেহুছ *বিণ.* বেহুঁশ; বেহোঁশ; হুঁশহীন; অচৈতন্য; বেখেয়াল; অজ্ঞান; সংজ্ঞাশূন্য; মূর্ছিত। 'বেহুছ মানুটারে জলদি দাকতরের কাচে লয়্যা যাও।'

বৈছাক *বি. বিণ.* বৈশাখ; বাংলা বর্ষের প্রথম মাস। 'বৈছাক মাছে আমের মাতায় রোং দরে লাল।'

বৈদেছ *বি.* বিদেশ; প্রবাস; ভিন্নদেশ; ভিনদেশ। 'কোন্ পরাণে যাইবা বৈদেছ আমারে ফালাইয়্যা!'

বোগা *বি.* ফাঁকি; প্রতারণা; প্রবঞ্চনা; ছলনা; চালাকি করা; ঠকামি; শঠতা; দুঃখ-কষ্ট; ক্লেশ। 'খাকিরে দিয়া বোগা উরাল আছমানে—তার লিগা বাবিনা।'

বোগাচ *বি. বিণ.* বোগাস; মিথ্যা; মেকি; নকল; অর্থহীন। 'আটাইছছে জুনের বাছনে ইয়াহিয়া যা মারচিল হ্যার ছবই আচিল বোগাচ।'

বোচকা *বি. দ্র.* বুচকি।

বোদাই *বিণ.* নির্বোধ; বোধহীন; অজ্ঞান; মূর্খ; বুদ্ধিশূন্য। 'একেত বকলম, আবার বোদাই, অরে কাম দিব ক্যাঠা?'

বোদা মারানি *ক্রি. বি.* যৌনক্রিয়া করা; মৈথুন (অত্যন্ত ঘৃণ্য গালি বিশেষ)। 'বোদা মারানির আবার জাত-বিজাত আচে নিকি?'

বোদা মারানির পুলা *বি. বিণ.* বেশ্যার সন্তান (অত্যধিক ঘৃণ্য গালি বিশেষ)। 'হুনছছ নিকি, বোদা মারানির পুলায় আবার পৈতা লাগাইবার চাহে?'

বোন *বি.* বন; অরণ্য; ঝোপঝাড়পূর্ণ স্থান; আগাছা; জঙ্গলপূর্ণ; জঙ্গলময়; অরণ্য; বুনো। 'বাবরি যখন বানাইচ, এখন লাল-ছালু লয়্যা বোনে চইলা যাও।'

বোন-বিরিক্ষী *বি.* বন-বৃক্ষ; বন-বনানী; বন-বাদার; গাছ-পালা; অরণ্য। 'পছু-পঙ্খি, বোন-বিরিক্ষী আর ক্ষেতের ফছল।'

বোরাক *বি.* বোর্‌রাক; বুররাক; পক্ষবিশিষ্ট স্বর্গীয় অশ্ব– এর মুখ নারীর মতো, শরীরের বাকি অংশ ঘোড়ার আকৃতিবিশিষ্ট, যে বিদ্যুৎগতি সম্পন্ন স্বর্গীয় বাহন মে'রাজের রাত্রিতে হজরত মুহম্মদ (সা.) কে বহন করে উর্ধ্বলোকে আরোহণ করেছিল।

বোবাতিচ্ছুল *বি.* যে যন্ত্রণা প্রকাশ করা যায় না এমন ত্রিশূল; তিচ্ছুল; তিন মাথাবিশিষ্ট ধারালো অস্ত্রবিশেষ। 'কোন দ্যাছে বয়া রইছ অচিন নগরে/ জোবানে মাইরা আমার বোবাতিচ্ছুল।'

বোম *বি.* ঘোড়ার গাড়ির অংশবিশেষ।

ম

মইদ্যে *বিণ.* মধ্যে; মাঝে; ভিতর; মধ্যখানে; মধ্যিখানে; মাঝখানে। 'তুমার আমার মইদ্যে কুনো ফারাক নাইক্যা।'

মইরা *ক্রি.* মরে যাওয়া; শেষ নিশ্বাস ত্যাগ করা; মৃত্যুবরণ করা; প্রাণহীন; নিষ্প্রাণ; মারা গিয়াছে এমন। 'এমুন তাজা মানুটা ক্যামনে মইরা গেল!'

মউজ *বি.* মওজ; মৌজ; আনন্দ-উল্লাস; মহাসমারোহ; ফূর্তি করা; মজা করা; তৃপ্তি পাওয়া; ঢেউ; তরঙ্গ। 'তুমি ত বাবিছাবরে লয়্যা ফুরেনে বেরায়া আয়্যা খুব মউজেই আচ দেকি।'

মউত *বিণ. বি.* মওত; মৌত; মৃত্যু; মউৎ; মরণ; প্রাণত্যাগ; দেহত্যাগ; ধ্বংস; মারা যাওয়া; শেষ নিশ্বাস ত্যাগ করা। 'কুনো চিঠ্ঠি পাইবানা, মউতের লিছটি লয়্যা আজরাইল খালি গুইরা বেরাইবার লাকছে।'

মওকা *বি.* উপযুক্ত সময়; সুযোগ; সুবিধা; উত্তম সময়; সুবিধা খুঁজে বেড়ায় এমন। 'হাত্তির ঝিলে মওকা পায়্যা মানু গারি লয়্যা বেরাইবার যায়োন শুরু করচে।'

মকছুদ *বি.* মকসুদ; মকসূদ; মনের আশা; অভিপ্রায়; ইচ্ছা; উদ্দেশ্য; লক্ষ্য; মতলব। 'রাজনীতি থাইক্যা দরমো হরাও, তোমাগো মোনের মকছুদ বি পুরা অইব।'

মক্কা *বি.* মক্কা; আরবদেশের অন্যতম প্রধান নগর এবং মুসলমানদের প্রধান তীর্থস্থান, হজরত মুহম্মদ (সা.) এর জন্মস্থান, তার মধ্যে কা'বা শরিফ মুসলিম জগতের কিবলা, হজের স্থান।

মক্কেল *বি.* মামলা-মোকদ্দমার ব্যাপারে উকিলের সাহায্য গ্রহণকারী। 'উকিলছাব ছবই

বালা কইলেন, তবে আমারে মক্কেল কয়োনে মিজজটা খরাব অয়্যা গেল।'

মক্কিরানী *বি.* মক্ষিরানি; বেশ্যার রক্ষক। 'পুরান ঢাহার মক্কিরানীরা নতুন ঢাহায় বাছা-বারি লয়্যা বালা মজমা বওয়্যায়ছে।'

মগার বাচ্চা মগা *বিণ.* আহম্মকের সন্তান আহম্মক; বোকার সন্তান বোকা; মূর্খের সন্তান মূর্খ; নির্বোধের সন্তান নির্বোধ। (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'হ্যালায় মগার বাচ্চা মগায় আবার বিগগানি অইবার চাহে।'

মচকরা *বি. দ্র.* মছকরা।

মচ্ছের *বি. দ্র.* মচ্ছর।

মচগুল *বিণ.* মশগুল; মসগুল; মগ্ন; আবিষ্ট; বিভোর; বিহ্বল; নিমগ্ন। 'যারা উরদু মরদুতে বয়ান দেয় তাগো বয়ানে মচগুল হয়্যা ফায়দা নাইকা।'

মচতান *বি.* মস্তান; গুণ্ডা; মত্ত; উন্মত্ত; দেওয়ানা। 'মচতান, খানা-খন্দক আর একছিটেনের ডরে রাচতা দিয়া আটোন যায় না।'

মচলি *বি.* মছলি; মঞ্চ; মাচা; মাচান। 'মচলিটা বেছি পাতলা অয়্যা গেচে।'

মচ্ছর *বি.* মশা; মশক; দংশনকারী। 'পুরান ঢাহার মচ্ছর এরোচলে বি মরবার চায় না।'

মছকরা *বি.* মশকরা; পরিহাস; ঠাট্টা; তামাশা; ইয়ার্কি করা। 'খুলা দিলের মানু অয়্যা কতায় কতায় মছকরা করন উচিত অহে না।'

মছগুল *বিণ. দ্র.* মচগুল।

মছলা[১] *বি.* মেছেল; যুক্তি; যুকতি; যুকুতি; কারণ; হেতু; বিচার; ন্যায়; পরামর্শ; মন্ত্রণা; সিদ্ধান্ত। 'তুম্মার দল পাওরে যায়োনের লাইগা অহন নতুন মছলা দিতাচে।'

মছলা[২] *বিণ. বি.* মসলা; মশলা; মসল্লা; মশল্লা; ব্যঞ্জনাদি মুখরোচক করার জন্য ব্যবহৃত উপকরণ। নিত্য ব্যবহার্য মসলা যেমন: পিঁয়াজ; রসুন; মরিচ; আদা; হলুদ; জিরা; ধনে; ছোট ধনে; তেজপাতা; বড় এলাচ; ছোট এলাচ; লং; দারুচিনি; লবঙ্গ; গোল মরিচ; জায়ফল; জয়ত্রি; পোস্তদানা; আলুবোখরা; কাট বাদাম; জাফরান; মেথি; সোন্দা; মৌরী। 'গরম মছলা ছারা গোছত রান্দোন বালা অহেনা।'

মছলি *বি.* মাছ; মৎস্য; মীন। উল্লেখযোগ্য ঢাকাইয়া মাছ জাতীয় খাদ্য যেমন: ইলিশ ভাজা; ইলিশ ফুলুরি; সরিষা ইলিশ; ইলিশ পাতুড়ি; দই ইলিশ; কচু ইলিশ; আনারস ইলিশ; ইলিশ কোপ্তা; ইলিশ মাছের রোস্ট; ইলিশ কাবাব; নোনা ইলিশের ঝোল; চিতল মাছের ফুলুরি; চিতল মাছের দোপেঁয়াজা; চিতল মাছের কোপ্তা; ফলিমাছের কোপ্তা ভাজি; রুই মাছের কোরমা; রুই মাছের কালিয়া; কৈ মাছের দোপেঁয়াজা; কৈ কমলা; শোল পালং ঝোল; শোল মাছের দোপেঁয়াজা; শিং তরইয়ের ঝোল; মলা বা পাঁচমিশালি মাছের বড়া; আমড়ার মুকুলে কাচকি; ফিশ কাটলেট; শজনে চ্যাপার পাঁচমিশালি; শোল মাছের শুঁটকি; চিংড়ি ফ্রাই; চিংড়ির কোরমা; চিংড়ি নারকেলের মালাইকারি; ফলি কোপ্তার ঝোল; ফলি মাছের টক মিষ্টি। 'গাংগ্যের তাজা মচলির টেছই আলহেদা।'

মছাল *বি.* মশাল; মসাল; দীর্ঘ স্থূল বর্তিকা; ছোট লাঠির মাথায় জড়ানো তেল মাখানো নেকড়া ইত্যাদির মোটা বাতি। 'রাইত-বিরাইত মছাল মিচিল বহুত খতরনাক বেপার।'

মছিবত *বি.* মসিবত; মুসিবত; দুর্যোগ; দুর্বিপাক; বিপদ-আপদ; দুঃখ। 'এই বলা মছিবত দুর করনে হক্কলের নাইমা আইবার লাগব।'

মছুম *বি.* মৌসুম; মওসুম; মসুম; মরশুম; মর্শুম; মরসুম; ঋতু; সময়; কাল; বায়ুস্রোত বিশেষ যাতে বৃষ্টি হয়; বর্ষাকাল; সময়কাল। 'অহন হরতালের মছুম আয়্যা পরচে।'

মজক *বি.* মগজ; মস্তিষ্ক; সারবস্তু; মজ্জা; শাঁস; হাড়ের ভিতর চর্বিজাতীয় নরম পদার্থ; কোনো বস্তুর সার অংশ। 'তুমার মাতায় কুনো মজক নাইক্যা।'

মজনু *বিণ.* মজনুন; পাগল; বিবাগী; বিরাগী; বিশ্ববিখ্যাত প্রেমিক যিনি লাইলীর প্রেমে পাগল হয়েছিলেন। 'তুমি দেখি মজনু অয়্যা জোঙ্গলে যায়োনের হাল দরচ।'

মজমুত *বিণ.* মজবুত; শক্ত; ভাঙা কঠিন এমন; সহজে ভাঙে না এমন; অনমনীয়; টেকসই; কঠোর; নির্মম; দৃঢ়; অনড়; অবিচলিত; স্থির; সহজে নড়ে না এমন। 'আহ ইমান মজমুত

করনের কামে জংগে জিহাদে নাইমা পরি।'

মকজ্ব *বি. দ্র.* মজক।

মজমা *বি.* আড্ডা; আবাস; মিলনকেন্দ্র; মজলিস; বৈঠক; দলবদ্ধ হয়ে আমোদ স্ফূর্তি করা। 'কাওয়ালির মজমাটা জমে বলো।'

মজহাব *বি.* মজহব; মযহব; ময্হাব; মাজহাব; ধর্মীয় পথ; ধর্মীয় সম্প্রদায়; সংঘ; দল। 'আল্লা রছুলের পাক-কুরআন থাকতে এই মজহাব আর ফিরকা কিল্লিইগা অইল বুছবার পারি না।'

মজা *বি.* স্বাদ; আনন্দ; আরাম; কৌতুক; তামাশা; রংগ; রগড়; ঠাট্টা; ; উপহাস; কৌতুককর বা আনন্দজনক ব্যাপার। 'আইজকাইল পয়-পুলাপানের লগে বয়্যা টেলিবিছোন দেইখা মজা পায়োন দুরের কতা উল্টা ছরম বি পায়োন লাগে।'

মজাইলে *ক্রি.* মজে যাওয়া; মুগ্ধ বা তন্ময় হওয়া; প্রেমে মজা; অনুরক্ত বা আসক্ত হওয়া; নিমজ্জিত করা; ডুবানো; জলমগ্ন করা। 'মজনুর মোতন মজাইলে আমার বালবাছায় মোন।'

মজায়া *বিণ.* মজা; মজিয়ে; মজে যাওয়া; মুগ্ধ বা তন্ময় হওয়া; মোহিত হওয়া। 'মজায়া পিরিতের রছে দিলা ঢাইলা বিছ।'

মজিদ *বিণ. বি.* মসজিদ; মসজেদ; উপাসনালয়; প্রার্থনা স্থান; ইবাদতের স্থান। 'মজিদ অইল আল্লার পবিত্র গর।'

মজুত *বিণ.* মজুদ; মওজুদ; মৌজুদ; জমা; সঞ্চিত; বিদ্যমান; বর্তমান। 'জিনিছপত্রে দাম বারাইবার লাইগা মজুতদারি করোন মহা অন্যায়।'

মডল *বিণ.* জামরুল, ফল বিশেষ।

মন্তর *বি.* মন্ত্র; মন্ত্রণা; উপদেশ; যুক্তি; কর্মের মূলনীতি; হিন্দুদের দেবপূজা প্রভৃতিতে ব্যবহৃত পবিত্র বাক্য বা শব্দ। 'মন্তর দিয়া হাপের বিছ নামানো আইজ কাইল কেওঅ মানবার চাহে না।'

মতলব *বি.* মৎলব; অভিপ্রায়; অভিসন্ধি; উদ্দেশ্য; ফন্দি; কৌশল; কার্যসিদ্ধির উপায়।

'খরাব মতলব লয়্যা আমার কাচে আইলেই দরা খাইবা।'

মথন *বিণ.* মতন; মতো; মতোন; রকম; অনুরূপ। 'তুমার মথন বুকা এই মহল্লায় কয়টা আচে!'

মদারু *বি. বিণ.* মাদকাসক্ত; মাদ্দপ; মদ্যপ; মদ্যপায়ী; মদ

খায় এমন; মদখোর; মাতাল; মাতোয়ালা; মত্ত; বিহ্বল; বিভোর; আত্মহারা। 'মদারু কাতেল জাহান্নামী নিয়াজীর লগে আমগো বাগা কাদের ছিদ্দিকী মোছাবা করব ক্যালা?'

মনক্কা *বি.* মুনাক্কা; কিসমিস অপেক্ষা বড় শুষ্ক আঙুর বিশেষ। 'বিবিছাবের লাহান আমার পুলাপানগুনা বি মনক্কা খাইবার পছন করে।'

মনকির নকীর *বিণ. বি.* দুই ফেরেশতা যাঁরা মৃত ব্যক্তিদের কবরের মধ্যে তাদের ধর্মবিশ্বাস ও কার্যাদি সম্বন্ধে জিজ্ঞাসা করেন। 'দুই কান্দে বয়্যা মনকির নকীর ফিরিচতারা ছব লেইখ্যা লইতাচে।'

মনগরা *বিণ.* মনগড়া; স্বেচ্ছাকৃত; ইচ্ছামত; বানোয়াটি; আপন ইচ্ছা; স্বাধীন ইচ্ছা; নিজ ইচ্ছায় করা হয়েছে এমন; নিজ ইচ্ছায় চালিত বা বশবর্তী হয়ে; নিজের ইচ্ছামত আচরণ। 'এইছব তুমার মনগরা মছলা।'

মন্চ-ফন্চ *বি.* মঞ্চ-ফঞ্চ। 'এইছব মন্চ-ফন্চ কইরা ফয়দা হাছিল করবার দিন চইলা গ্যাচে।'

মনুছত্ত্ব *বি.* মনুষ্যত্ব; মানবতা; মানবীয়; মানবিক; মানুষের থাকা উচিত এমন সদ্‌গুণ; মানবোচিত গুণে পূর্ণ। 'বানের পানিতে বাইছা গেছে মনুছত্তের বেরী।'

মুনজিল *বি.* মঞ্জিল; প্রাসাদ; বাসভবন; অবতরণস্থান; পান্থনিবাস; সরাইখানা; গন্তব্যস্থান; লক্ষ্যস্থল; সমাধি; কবর। 'আচান মুনজিল পুরান ঢাহার আলিছান ইজ্জত।'

মুনজুর *বি.* মঞ্জুর; অনুমোদিত; গৃহীত; গ্রহণ করা বা মানা হয়েছে এমন। 'ছমাজের দছজোনের আবদারে তুমার আরজি মুনজুর করলাম।'

মনতোরো *বি.* মন্ত্র; যাদু; জাদু; কুহক; মায়া; আকর্ষণ; ম্যাজিক। 'মনে রাইখ দূরে থাইকা মনতোরো দিয়া এইবার বাজনা বাজাইবার চানচ দিমু না!'

মনদো *বিণ.* মন্দ; খারাপ; কু; অননুকূল; অসৎ; অলস; ধীর; ক্ষীণ; দুষ্টবুদ্ধিসম্পন্ন; দূরদৃষ্ট। 'মনদো মানুর ছামনে হাটার থাইকা বালা মানুর পিচে হাটোন বহুত বালা।'

মমিন *বি.* মোমিন; মোমেন; মুমিন; প্রকৃত ঈমানদার; ধর্মনিষ্ঠ মুসলমান; মনেপ্রাণে আল্লাহ্‌তে বিশ্বাসী ও তাঁর উপর

নির্ভরশীল। 'মমিন-মুছলমান ছগ্তেই ইনছাপের দাবীদার।'

মলবি *বি.* মৌলবি; মওলবি; মুসলমান পণ্ডিত বা অধ্যাপক; ইসলাম ধর্মশাস্ত্র সম্বন্ধে অভিজ্ঞ; আরবি ও ফারসিতে পণ্ডিত; মওলা বা প্রভুর প্রতি ভক্ত ব্যক্তি। 'মলবি ছাব আইচে, মিঠাই খিলাও।'

ময়দা *বি.* গমের মিহি চূর্ণ; আটার চেয়ে মিহি ও পরিষ্কার গুঁড়া; গমের মিহি গুঁড়া। 'নাছতা-উছতার পরায় ছব আইটোমে ময়দা লাগে।'

ময়দান *বি.* মাঠ; প্রান্তর; খেলার নির্দিষ্ট স্থান; বৃহৎ ক্ষেত্র বা ভূভাগ। 'রোজ কিয়ামতের বাদে আরাফাতের ময়দানে আল্লায় ছগ্তের বিচার করব।'

ময় মুরুব্বি *বি.* অভিভাবক; গুরুজন; সহায়ক; রক্ষক। 'ছব ময়-মুরুবিগো আমি বাপ-চাচার লাহান দেখি।'

মরচা *বি.* মরিচা; মরচে; মর্চে; লৌহমল; জং। 'মরচা পইরা হারাইছটা পরায় নছটো অয়্যা গেচে।'

মরতবা *বি.* মূল্য; দাম; মাসুল; পারিশ্রমিক; যা দ্বারা ক্রেতার নিকট পণ্যদ্রব্যের চাহিদা ও মান নিরূপিত হয়। 'হারাম খ্যায়া বাইচা থাকলে পরকালে এইটার মরতবা দিতে অইব।'

মরদ *বি.* পুরুষ; নর; মানব; ব্যাটাছেলে; শক্তিশালী ব্যক্তি; বীর পুরুষ; যে ব্যক্তির পুরুষোচিত গুণ আছে; শক্তিশালী ব্যক্তি; যুবক; পতি; স্বামী। 'ছালিছে বয়্যা ময়মুরুব্বিগো ছামনে এত মরদগিরি দেখাও ক্যালা?'

মর্ছিয়া *বি.* মর্সিয়া; মরসিয়া; মহররমের শোকগান; মৃত্যু উপলক্ষে রচিত শোকগান বা গাথা; আহাজারি; শোক-বিলাপ।

মর্দ *বি.* মদ্দ; মরদ; পুরুষ; জোয়ানলোক; যুবক; স্বামী; বীরপুরুষ; সাহসী। 'দুই মোইনা বছতা মাতায় না দিলে মর্দ আটবার চায় না।'

মর্দাগাজি *বি. বিণ.* পুরুষালি স্বভাবের মহিলা। 'মর্দাগাজি ম্যাইয়া মানু ছামির বাত পায় না।'

মরছিয়া *বি.* মরসিয়া; মর্জিয়া; মর্সিয়া; মৃত্যু উপলক্ষে রচিত শোকসূচক গান; মোহররমের শোকগান। 'আছুরা আইলে মরছিয়া হুইনা চোকের পানি থামাইয়া রাকবার পারি না।'

মরজি *বি.* মর্জি; ইচ্ছা; খেয়াল; খিয়াল; চেতনা; খুশি; স্মরণ; বিশেষ লক্ষ্য। 'আমার আর্জিটা মনজুর করবার লাইগা মরজি অয়্যা যান।'

মল *বি.* ময়লা; বিষ্ঠা। 'যেন হেন মল ফেলান উচিত অহে না।'

মলনা *বি.* মৌলানা; মওলানা; ইসলাম ধর্ম সম্বন্ধে বিশেষজ্ঞ; আমাদের প্রভু। 'আমগো মলনাছাব কতায় কতায় বুজুরগী দেখান না।'

মলবুল খাস *বিণ.* মুগল বাদশাহ ও তাঁর পরিবারের জন্য তৈরি মসলিন বিশেষ।

মলম *বি.* প্রলেপ; লেপিয়া প্রয়োগ করার ওষুধ বিশেষ। 'ছিনতাইকারীরা কাম হাইরা চোকে মলম মাইখা মানুরে ছাইরা দেয়।'

মলমল খাস *বি. দ্র.* মলবুল খাস।

মলুদছরিপ *বি.* মওলুদ শরিফ; মৌলুদ শরীফ; হজরতের জন্মবৃত্তান্ত পাঠ সূচক অনুষ্ঠান।

'আমি মহল্লার ছব বাছার মলুদছরিপে যাই।'

মহব্বত *বি.* প্রেম; প্রীতি; বন্ধুত্ব; মায়া-মমতা; ভালোবাসা; মনের মিল। 'তরে কি দোছ্ বুইলা গেছি এই দিলে কি রহচ না?/পেয়ার মহব্বত ইমুন জিনিছ বুইলা যায়োন ছহজ না।'

মহল্লা *বি.* নগরের অংশ; পল্লি অঞ্চল; পাড়া। 'আমি ছব মহল্লার মানুরে এক চোকে দেখি।'

মাইগা[১] *বিণ.* চাওয়া; কামনা করা; ইচ্ছা করা; প্রার্থনা; যাচঞা বা ভিক্ষা করা; চাহিদা জানানো। 'অহনো ছময় আচে উপরোয়ালার দরবারে কাইনদা মাফি মাইগা লও।'

মাইগা[২] *বি. বিণ.* মেয়েলি স্বভাবের পুরুষ। 'মাইগা মানু মুর্গি দরবার ছাহছ বি পায় না।'

মাইজা *বিণ.* মেজু; মধ্যম; দ্বিতীয়। 'আমার মাইজা পুলার মিজাজটা বহুত খরাপ।'

মাইটা *বি. বিণ.* মেটে; মাটি দিয়ে তৈরি; মাটির লেপযুক্ত। 'মাইটা কুঠির পাছে হংছ পদ্মদিগি।'

মাইতা *ক্রি.* মেতে থাকা; মেতে ওঠা; মত্ত হওয়া; বিভোর হওয়া; দুর্দান্তপনা; দুরন্তপনা; দাপাদাপি। 'তুমি বহুত ফালাফালিতে মাইতা আচ বইলা মনে অইতাচে।'

মাইদ *বিণ.* মধ্য; মাঝামাঝি; মধ্যবর্তী। 'এক ডুবে মাইদ গাঙ তমাত চইল্যা গেচি।'

মইদ্যে *বিণ.* মাঝে; মধ্যে; মধ্য; মধ্যিখানে; মাঝ; মধ্য; মধ্যস্থ; ভিতর; অভ্যন্তরে; মাঝামাঝি স্থান। 'মোনের মইদ্যে না ঢুকবার পারলে ছম্পর্ক বালা রাখোন যায় না।'

মাইনা *ক্রি.* মেনে; স্বীকার করা; বোঝা; সম্মান করা; মান্য করা; মেনে নেওয়া; সম্মত হওয়া; খাপ খাওয়া। 'হক্কল বিছয়ে হরদারের ছিদদানতো ছবতে মাইনা চলে।'

মাইনে *বি.* মানে; তাৎপর্য; মূল ভাব; বক্তব্য; অর্থ; উদ্দেশ্য; লক্ষ্য; অভিপ্রায়; কারণ। 'কাহানি মাইনে অইল কুনো দিন হত্য আচিল না।'

মাইনগা *ক্রি.* মাগা; মাঙা; মাঙ্গা; প্রার্থনা করা; ইবাদত করা; ভিক্ষা করা। 'হারামি পছা না খাইয়া মাইনগা খায়োন অনেক বালা।'

মাইপা *ক্রি.* মেপে; পরিমাপ করা; ওজন করা; জরিপ করা; মাপন; মাপানো। 'মোনের বিতরে কত মদু মাইপা দিব ক্যাঠা?'

মাইয়্যা *বি. বিণ.* মেয়ে; কন্যা; বালিকা; জায়া; নারী; স্ত্রীলোক; নারীসুলভ; নারী জাতি। 'খাছ ঢাকাইয়্যা মাইয়্যা/ নাম তার ছুরাইয়্যা/ ছাদের উপর গুইরা বেরায়/ ঢাকাইয়্যা গান গাইয়্যা।'

মাইর *ক্রি. বি.* মার; প্রহার বা আঘাত; মারামারি; কাটাকাটি; শাসানি। 'মুকতিরা বুজায়া দিচে মাইরের উপ্রে দাওঐ নাইক্যা।'

মাইরা *ক্রি.* মেরে; হত্যা করে; খুন করে; বধ করে; মারী; মড়ক; প্রহার বা আঘাত করা। 'অর পাছায় দুইখান গরম ছ্যাকা মাইরা দেও।'

মাউই *বি.* ভাই ও বোনের শাশুড়ি।

মাওছা *বি.* নিকারি; মাছ বিক্রেতা।

মাওদান *বি.* ঘোটকী; মাদী ঘোড়া।

মাক্খন *বি.* মাখন; দুধ থেকে উৎপন্ন স্নেহ পদার্থ; ননী; নবনী; নবনীত।

মাক্খনমারা *বিণ.* মাখন দিয়ে তৈরি; মাখন; ননী; নবনী; নবনীত; দুধ থেকে উৎপন্ন স্নেহ পদার্থ। 'বালোবাছা কি মাক্খনমারা নোন্তা বাকরখানি/একটা দুইডা খাইলা আর পেট বইরা গেলো?'

মাকর *বি.* মাকড়শা; মাকড়সা; এক প্রকার অষ্টপদী কীট; ঊর্ণনাভ; লূতা।

মাক্ষি *বি.* মাছি; মক্ষিকা; সুপরিচিত বিরক্তিকর ও বিপত্তিকর ক্ষুদ্র পতঙ্গবিশেষ।

মাখ্খায়া *ক্রি.* মেখে; মালিশ করা। 'পিঠে এট্টু মলম মাখ্খায়া দেও।'

মাখ্খি *বি.* মাছি; মক্ষিকা; সুপরিচিত বিরক্তিকর ও বিপত্তিকর ক্ষুদ্র পতঙ্গবিশেষ। 'মাখ্খির মাতায় চক আচে ছয়টা।'

মাখ্যনবাজী *বিণ.* তেলমারা; মোশায়েবী করা; তোশামোদ করা; খোশামোদ করা; চাটুকারী করা; চামচামি করা। 'মাখ্যনবাজী কইরা বি রেজাকারগো ছেছ রক্ষা অইল না।'

মাগ *বি. বিণ.* মাঘ; বাংলা বর্ষের দশম মাস। 'মাগের ছেছে ছীত পলায় ছুন্যে লাফায়া।'

মাগফিরাত *বি.* মাগফেরাত; ক্ষমা; মার্জনা; খেমা; মাফ করা; নিষ্কৃতি দেওয়া। 'নুমাজ পইরা আল্লার কাছে ছব ছময় মাগফিরাত মাগি।'

মাগনা *বিণ.* বিনা পয়সায়; মাঙনা; মাংনা; বিনামূল্যে পাওয়া। 'মাগনা খায়োনের অব্যাছ বালা না।'

মাগরেবি *বিণ.* পূর্বদিক। 'মাগরেব থাইক্যা মাছরেক পরযনত যত মানু আচে ছপ্তের মোঙ্গল কর আল্লা।'

মাগা *ক্রি.* মাঙা; মাঙ্গা; যাচ্না করা; চাওয়া; ভিক্ষা করা; প্রার্থনা করা; মোনাজাত করা। 'আল্লার কাচে দুয়া মাগা ছারা কুনো রাচতা নাইক্যা।'

মাগার *অব্য.* কিন্তু; অথচ; তবু; পরন্তু; তবে; পক্ষান্তরে; সংকুচিত; জড়সড়; দ্বিধাগ্রস্ত; দ্বিধা; সংঙ্কোচ। 'ছারা ঢাহা ছহর গুরবার পারবা মাগার খাটি ছৈষ্যার তেল বি পাইবানা।'

মাগি *বি. বিণ.* মেয়ে মানুষ; নারী; মহিলা; স্ত্রীলোক। 'ছরোয়াদ্দি ছাব বাছনের ছুরুতে কইত মাগি ও মরদগন ছালামালেকুম।'

মাঙ্গির পো *বি. বিণ.* যোনি হতে উৎপন্ন পুত্র। ঘৃণ্যা বা জঘন্য (গালি বিশেষ)। 'হ্যালায় একটা মাঙ্গির পো।'

মাচি *বি. দ্র.* মাক্ষি।

মাছআলা *বি. বিণ.* মাছ বিক্রেতা।

মাছরেকি *বি. বিণ.* পশ্চিম। 'ইমানদাররা মাছরেকি দুনিয়ার দিকে ছুটব এইটাই কতা।'

মাছটর *বি. বিণ.* শিক্ষক; শিক্ষাদাতা; অধ্যাপক; উপদেষ্টা; গুরু; মাস্টার; শাসনকর্তা। 'পুলাপানরে পরানের লাইগ্যা একজোন মাছটর রাখোন লাগব।'

মাছটন্নি *বি. বিণ.* শিক্ষয়িত্রী; শিক্ষিকা; শিক্ষাদাতা; শিক্ষক; শিক্ষকের বৃত্তি বা পদ। 'আমগো ইছকুলের মাছটন্নিটা বহুত রাগী।'

মাচ্ছার পুলা *বি. বিণ.* মৎসজীবীর সন্তান (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'মাচ্ছারের পুলায় বামুনের মাইয়্যা বিয়া করবার ছাহছ পাইল কই?'

মাচ্ছার গরের মাচ্ছা *বি. বিণ.* মৎসজীবীর সন্তান (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'মাচ্ছার গরের মাচ্ছায় চকে আবার কালা চছমা পরে।'

মাছাল্লা *অব্য.* মাশাআল্লা; সাবাস; শাবাশ; আল্লাহ্ অপদৃষ্টি থেকে রক্ষা করুন; প্রশংসাসূচক ধ্বনি; ধন্য; বলিহারি। 'তুমার পুলাটা মাছাল্লা বহুত গেয়ানী অইচে।'

মাছুক *বিণ.* মাশুক; প্রেমাস্পদ, প্রেমিক; প্রণয়াস্পদ; অনুরক্ত। 'মাটির মায়া, বটের ছায়া, আছেক মাছুক মোনের মহব্বতনামা।'

মাছুম *বিণ.* মাসুম; নিস্পাপ; পাপহীন; পবিত্র। 'মাছুম বাচ্চাটারে এমুন কইরা মারতাছ ক্যালা?'

মাছুল *বি.* মাসুল; ভাড়া; শুল্ক; মূল্য; দণ্ড। 'নতুন চামচাগো দিয়া কাম করনের মাছুল দেয়োনের দিন আয়্যা পরচে।'

মাঞ্জা *বি.* মাঝা; কোমর; কটি; দেহের মধ্যাংশ; মাজা। 'মাঞ্জায় মাখ্‌খায়া দেই পুরাইনা গি।'

মাজেজা *বি.* মোজেজা; মাজেযা; আলৌকিক শক্তির প্রকাশ; অলৌকিক ঘটনার ছাপ। 'তুমি বিচ্ছ রাজনীতির মাজেজা কিচুই বুঝনা।'

মাট *বি.* মাঠ; প্রান্তর; ময়দান; গবাদি পশু চরার ভূমি। 'তেল মারা বাদ দিয়া মাটে নাইমা ছটিক কাম করতে অইব।'

মাত *বি.* কথা; বচন; ভাষা; উক্তি; বক্তব্য। 'বং চং থুয়্যা আচলি মাত মাত।'

মাতওয়ালা *বিণ.* মাতোয়ারা; মাতওয়ারা; মত্ত; বিভোর; আত্মহারা; বিহ্বল। 'মাতওয়ালা যেই দিনের কথাই দিলদার আলী কয়/ আমগো চোক্ষে অহনও বি স্মৃতি অয়্যা রয়।'

মাতম *বি.* শোক; বুক চাপড়িয়ে শোক প্রকাশ; শোকাকুল; শোকাতুর; শোকার্ত; কান্নাকাটি; বিলাপ; উচ্চস্বরে চিৎকার। 'লেলে কালা বিলাই দরার কতা হুনার লগে লগেই মাতম ছুরু অয়্যা গেল।'

মাতা *বি.* মাথা; মস্তক; শির; আগা; সূচনা; শীর্ষ। 'আরে বে হ্যালায় অরে ছাইজ করোন খুব ছোজা, কান দইরা টান দিয়া দেক মাতা ক্যাম্বে আহে।'

মাতোলা *বিণ. দ্র.* মাতওয়ালা।

মাদরাচা *বি.* মাদ্রাসা; ইসলাম ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠান। 'পোলারে মাদরাচায় না পাটায়া ইচকুলে পরাও, আচলি গেয়ানি অইব।'

মাদারচোদ্ *বিণ.* মায়ের সাথে যৌন সঙ্গমকারী মর্মে জঘন্য ও ঘৃণ্য গালি। 'যারে তারে মাদারচোদ কয়্যা গাইল দেয়োন ঠিক অহে না।'

মাদারী *বিণ.* বানুয়াটি গল্প; বানোয়াট; বানাওট; কৃত্রিম; কল্পিত; মিথ্যা। 'ছানবাদিক্গো কাছে ইয়াহিয়ার মাদারীর গীত তল খুইজ্যা পায় নাইক্যা।'

মাদি *বিণ.* স্ত্রীজাতক; মাদী। 'পিচের গুরা মর্দা অইলে বি ছামনের মাদিটার লগে লৌরায়্যা পারে না।'

মাদুর *বি.* তৃণ দ্বারা নির্মিত এক প্রকার পাটি; মন্দরা; মুস্ত; মুথা; মাথুর। 'মিলায়া তোমার নয়নে নয়ন, নয়ন যুদি বরে/ পাইতা দিমু ছোনার মাদুর দিলের মক্কাগরে।'

মানজার *বিণ.* ফিটফাট; ধারালো করা। 'দিল মানজার কইরা আহ বালা কামে লাইমা পরি।'

মানলা *ক্রি.* মেনে নেওয়া; মনে স্থান দেওয়া; বরণ করা; সাদরে গ্রহণ করা; বরণযোগ্য করা; মহৎ উদ্দেশ্যে কোনো কষ্ট স্বেচ্ছায় ভোগ করা। 'মানলা যারে দিল পেয়ারা হ্যায় অইল পর।'

মানু *বি.* মানুষ; মানব; মনুষ্য; লোক; জন; নৃ; নর-নারী; আদমসন্তান; ব্যক্তি। 'আঠ্‌ঠারো হাজার মুকলোখাতের মইদ্দ্যে মানু অইল ছিছটির ছেরা জীব।'

মান্নৎ *বি.* মানত; মান্নত; মানসিক মনোবাসনা সিদ্ধির জন্য সদকা ভোগ বা বলিদান কিংবা বিশেষ ইবাদত ইত্যাদি করার সঙ্কল্প। 'বিবিছাব মান্নাৎ করচে হের এরাদা পুরা অইলে মজিদে ছিন্নী দিব।'

মাপ *বি.* মাফ; মার্জনা; ক্ষমা; রেহাই; অব্যাহতি; ছাড়; দোষ-মার্জনা; অপরাধ ক্ষমা। 'তবা করলে ছবগুনা আল্লায় মাপ করবার পারে।'

মাপন *ক্রি.বি.* মাপজোক; মাপকরণ; পরিমাণ; পরিমাপ করা; ওজন করা। 'ছিরাজ মিয়া বুরিগনগার পানি মগ দিয়া মাপনের কাম নিচে।'

মাফি *ক্রি. দ্র.* মাপ।

মাফিল *বি.* মাহফিল; মফিল; মহফেল; মহফিল; ম'ফিল; আসর। 'আইন্দা এই মহল্লায় ছবচাইতে বর কইরা ওয়াজ মাফিলের আনজাম করুম।'

মাবুদ *বি.* মা'বূদ; উপাস্য; পূজনীয়; ইবাদতের যোগ্য। 'মাবুদ ছারা এই গরীব মমিন মুছলমানরে দেখনের আর কেওঅ নাইক্যা।'

মামদির পো *বিণ.* মামার ছেলে; এক প্রকারের গালি। 'সোনার চান-পিতলা গুগু মামদির পো মামদা/ চৌরাস্তায় খারায়া ছিলি হাতে লয়্যা রাম দা।'

মামানি *বি. বিণ.* মামি; মায়ের ভাইয়ের স্ত্রী।

মামু *বি. বিণ.* মামা; মায়ের ভাই।

মায়না *বি.* মাহিনা; মাহিয়ানা; মাইনে; মাসিক বেতন। 'এত্ত কম মায়না দিয়া মানুগুনা চলে ক্যাম্বে?'

মারকা *বিণ.* মার্কা; দাগ; রেখা; বৈশিষ্ট্য; লক্ষণ। 'তোমগো বুকে ওহাবি জেহাদের মারকা মাইরা দিচে।'

মারকামারা *বিণ.* তারকা চিহ্নিত; চিহ্নিত। 'আগামি ইলেকছনে দেখবা বহুত মারকামারা নেতারা হুইয়া পরচে।'

মার খাট্টা *বিণ.* উঠে পড়ে লাগা। 'আমগো নেতায় মার খাট্টা অয়্যা কইচে দোছিগো বিচার করব।'

মারচ *বি.* মার্চ মাস; ইংরেজি বর্ষের তৃতীয় মাস। 'মারচ মাহিনা অইল বানগালিগ আচলি ইতিহাছ তইয়ারের মাহিনা।'

মারছাল ল *বি.* মার্শাল'ল; সামরিক আইন; সেনা শাসনকালীন আইন।

মারবার *ক্রি.* মারা; মারতে; দেওয়া; উদ্যত। 'চরা দামের পাগলা গুলা/ আছমানে লাফ মারবার লাগছে।'

মারহাবা *অব্য.* মরহাবা; মার্হাবা; প্রশংসাসূচক উক্তি; শাবাশ; প্রশংসা; স্তুতি; সুখ্যাতি; গুণকীর্তন; সাধুবাদ; খোশ আমদেদ ইত্যাদি। 'কামটা বালা মোতন করবার পারলে খাছা মারহাবা পাইবা।'

মারিং *ক্রি.* আত্মসাৎ করা; অন্যায় লাভ; তছরুপ করা; অন্যায়ভাবে নিজের আয়ত্ত বা হস্তগত করা। 'ছরকার একটা বালা কাম দিলেই পাতি নেতারা মারিং করবার দান্দা করতে থাকে।'

ম্যার *বি.* বারান্দা; বারান্ডা; ঘরের সম্মুখস্থ চত্বর; অলিন্দ; দাওয়া। 'হারাদিন ম্যারে বয়্যা থাকলে কাম অইব না।'

মালদার *বিণ.* বড়লোক; ধনবান; ধনী; ঐশ্বর্যশালী ব্যক্তি; প্রসিদ্ধ বা ধনী হওয়া। 'হজে যাইবার লাগলে মালদার অয়োন লাগে।'

মালপানি *বি.* টাকাপয়সা; অর্থকড়ি; ধনসম্পত্তি; ধনদৌলত; বিপুল ধনের অধিকারী ব্যক্তি।

'লেহাপরা করলে নোবল পুরুছকার জুইটা গেলে বহুত মালপানি পায়োন যায়।'

মাল-ছামান *বি.* মালামাল; দ্রব্য-সামগ্রী; তল্পী-তল্পা। 'মাল-ছামান রাইখ্যা বালা কইরা খায়্যা লও।'

মালামতি *বি.* শঙ্খের পোকা বের করবার কাজ; মেরামত শব্দ থেকে জাত।

মাহে রমজান *বি.* রমজান মাস; রোজার মাস; রহমত মাস; মাগফিরাতের মাস। 'ছারা বচ্ছর বাইন্দা মাহে রমজানের লাইগা চায়্যা থাকি।'

মাহামাহি *বি.* মাখামাখি; নির্লজ্জ চাল-চলন; দহরম মহরম; মেশামেশি; অন্তরঙ্গতা; ঘনিষ্ঠতা। 'পার্কে বয়্যা পুলা-মাইয়্যাগো মাহামাহি দুরচত অইবার পারে না।'

মাহিনা *বি.* মাস; বছরের বারো ভাগের এক ভাগ; ত্রিশ দিনে এক মাস। 'রমজান মাহিনা আয়্যা পরলেই ব্যবছায়ীরা জিনিছ পরতের দাম বারায়্যা দেয়।'

মাং মারানি *বি.* বেশ্যা; সঙ্গমকারী নারী (জঘন্য ও ঘৃণ্য গালি বিশেষ)। 'মাং মারানিরা বরাবরই বালা খায় দায়।'

মাং মারানির বাচ্চা *বি.* বেশ্যা বা অবৈধ সঙ্গমকারী নারীর সন্তান (ঘৃণ্য গালি বিশেষ)। 'মাং মারানির বাচ্চা মাং মারানি না অয়্যা করবটা কি?'

ম্যাগ *বি.* মেঘ; আকাশে ভাসমান জলীয় বাষ্পের কুণ্ডলী; জলধর; জীমূত; বারিদ; নীরদ; পয়োদ; মেঘমল্লার। 'আছমানে ম্যাগ জমলেই বারিছ অহেনা।'

ম্যাজিছট্রেট *বি.* ম্যাজিস্ট্রেট; আদালতের বিচারক; ফৌজদারি মকদ্দমার বিচারক।

মিচিল *বি.* মিছিল; শ্লোগান; শোভাযাত্রা; মকদ্দমা বা তৎসম্বন্ধীয় নথিপত্রাদি। 'কতায় কতায় মিচিল বাহার কইরা রাচতা বন করোনের মোতন যনতরনা আর অইবার পারে না।'

মিছকিন *বি.* মিছকীন; মিস্‌কিন; কিছকীন; নিঃস্ব; অতি দরিদ্র; নিরুপায়; অতি দরিদ্র ব্যক্তি।

'ফকির-মিছকিনরে পেট বইরা খিলাইতে অহে।'

মিছরি *বি.* মিছরী; মিশ্রী; মিস্‌রী; স্ফটিকের মতো দানাবাঁধা চিনি; মিশরদেশ জাত বা মিশর দেশ সম্বন্ধীয়। 'ফটিক চানের আছলি দুলাল মিছরি এহন বাজারে পাওয়া যায় না।'

মিছা *বি.* মিথ্যা; মিথ্যে; অসত্য; সত্য নয় এমন; অযথার্থ; বেঠিক; অমূলক। 'মিছা মাত মাইতা দুযুগের লাকরি অইবার পারুম না।'

মিছায় *ক্রি.* মিশানো; মেশানো; মিশ্রিত; সংযুক্ত; অপরের সঙ্গে মিশ্রিত করা হয়েছে এমন; অবিশুদ্ধ; খাঁটি নয় এমন। 'চাইলে ঢালে কাংকর হ্যালায় নুনে মিছায় বালু।'

মিজাজ *বি.* মিজাজি; মেজাজ; মানসিক অবস্থা বা পরিস্থিতি; মনের হাল; প্রকৃতি; ক্রোধ; উগ্রতা। 'তুমার খোমা দেইখ্যা আমার মিজাজ আছমানে উইঠ্‌ঠা গেচে।'

মিঠ্‌ঠাই *বি.* মিঠাই; মেঠাই; মিষ্ট খাবার; মিষ্টান্ন; মিষ্টি জাতীয় খাদ্য দ্রব্য। উল্লেখযোগ্য ঢাকাইয়া মিষ্টিজাত খাদ্য যেমন: বুন্দিয়া; জিলেপি; অমৃতি; ছানার অমৃতি; কালাই অমৃতি; খাজলা বা কদমা; বাতাসা; তিলের লাড়ু; গজা; ছানার সন্দেশ; ক্ষীর মোহন; মোহন ভেজা; মতিপাক বরফি; নারিকেলের বরফি পেড়া; কালাকন্দ; প্রাণহরা; রাজভোগ; রসগোল্লা; স্পন্স সরগোল্লা; কালোজাম; মৌচাক; পানতোয়া; মণ্ডা; চমচম; লালমোহন; ছোট লাল মোহন; কমলাভোগ; কাটাভোগ; রসকদম; পাঙ্কুয়া; কাঁচাগোল্লা; লাড্ডু; মতিরচুর লাড্ডু; মাওয়ার লাড্ডু; নিক্ষদীর লাড্ডু; মিহিদানা; বালুশাই; ছানার বালুসাই; ক্ষিরের বালুসাই; ময়দা বালুসাই; মনহরা; নিখুদী; রাবড়ি; হাফলাতুন; হাপসি; মিষ্টি আলুর পান্তুয়া; মলাইকারি; মলাই; মালাই চপ; রস মালাই; মিষ্টি দধি; নকূল; জদ্দা গুটি; সন্দেশ বরফি; কেক সন্দেশ; ডিম সন্দেশ; গুড়ের সন্দেশ; কমলা সন্দেশ; মাছ সন্দেশ; আপেল সন্দেশ; কাঁচা ছানা সন্দেশ; ক্ষীরা; ক্রীমজাম; ক্ষীর চমচম; বাদশা ভোগ; সাগর ভোগ; জাফরানি লাড্ডু; সুজির মোহনভোগ; চালকুমড়ার মিষ্টি; পাপড়; নারকেলের মিঠাই; নারিকেলের সমুচা; কচুরী; মুনসুর; শোন পাপড়; কৃষ্ণ

কদম; মাওয়া; মসল্লা কচুরী; ক্ষীর কদম; ঘৃত দধি; মুতাঞ্জান; কদুর ক্ষীর; শাহি দুধ কদু; দুধ খোরমা; আম দুধ; লিচুর মিঠাই; শাহি ফিরনি; শাহি পায়েস; নিমসুখা দুধ রুটি; দুধের ছানা; লাল পাতা; সাদা পাতা; ল্যানসা; আঙ্গুর সুইট; রোল; হালুয়া চন; কোরফা জাম; গজা; লবঙ্গ; হাফসী; পাউরুটির পুডিং; মালাই পুডিং; শাহি মালাই পুডিং; শাহি বুন্দিয়ার লাড্ডু; চুটকি সেমাই; জরদা সেমাই; শাহি জরদা সেমাই; নবাবি জরদা সেমাই; গাজরের লজ; গমের নেশাস্‌তা; ডিমের জরদা; জরদা; কাস্টার্ড; শাহি টুকরা; ছানার পোলাও; রসবড়ি; শিরবিরিঞ্জ।

মিন্তেজারী *বি.* মিনতি করা; কাকুতি করা; অনুরোধ করা; বিনীত প্রার্থনা; আবেদন; অনুরোধ; উপরোধ। 'হাতে দরি, পায়ে দরি, করি মিন্তেজারী।'

মিলাদ *বি.* মউলুদ; মওলুদ; মলুদ; মৌলুদ; হজরত মুহম্মদের (সা.) এর জন্ম বৃত্তান্ত বিষয়ক ওয়াজ-মহফিল; জন্মকাল। 'নবীজি (সা.) এর জনমদিনে মিলাদ মাফিলের আনজাম অহে।'

মিরামত *বি.* জীর্ণ সংস্কার; জীর্ণ বস্তুর সংস্কার সাধন। 'বারিটা মিরামত না করলে দইছা পরব।'

মিল্যা *বি.* মিলে; মেলা; মিলা; মিলিত হওয়া; মিলেমিশে; একত্রে; একসাথে; একত্রে অবস্থান করা; খাপ খাওয়া; সংযুক্ত করা; যৌথভাবে; মিলিত বা সংযুক্ত ভাবে; সামঞ্জস্য রক্ষা করে; খাপ খাওয়ানো। 'ইয়াহিয়া মোনে করচিল চীন আর আমরিকার লগে মিল্যা হক্কল বানগালি হালাক কইরা ফালাইব।'

মিল্লা *বি. দ্র.* মিল্যা।

মিল্লামিছা *বি.* মিলেমিশে; সামঞ্জস্য; সাদৃশ্য; সঙ্গতি; ঐক্যভাবে। 'মিল্লামিছা থাকি আমরা হাইছা খেইলা বাচি/ আদি ঢাকার মানুষ আমরা পুরান ঢাকায় আছি।'

মিলায়া *ক্রি.* মিলিয়ে; একত্র; মিলিত বা সংযুক্ত করানো; সামঞ্জস্য রক্ষা করানো; খাপ খাওয়ানো; মিল করানো; জোটানো; তুলনা করানো; গলানো। 'জিননার কতার লগে ছুর মিলায়া তাল দিয়া খাজা নাজিমউদদিন বি ১৯৫২ ছালের ৩০ জানুয়ারি গোছনা দেয়

উরদু, একমাতরো উরদুই অইব জাতীয় বাছা।'

মিলিট *বি.* মিনিট; সময়ের পরিমাপ; ষাট সেকেন্ডে এক মিনিট। 'ছাইত চেকেনতে এক মিলিট; ছাইত মিলিটে এক গনটা।'

মিহি *বি.* মিহিন; সূক্ষ্ম; পাতলা; অতি ক্ষুদ্র; কোমল। 'আগিলা জমানায় কারিগররা চিকুন মিহি হুতা দিয়া মোছলিন কাফোর বানাইত।'

মিহিদানা *বি.* বেসন; চিনি ইত্যাদি দ্বারা তৈরি এক প্রকার মিষ্টান্ন; মতিচূর। 'পুরান ঢাহার মিহিদানার ছাদ আগের মোতন নাইক্যা।'

মীরকাদীমের ছুন্দরী গাই *বিণ.* ঢাকার মুন্সিগঞ্জের মিরকাদীম নামক স্থানে ঘরের ভিতর রেখে অতি যত্নে পোষা গোলাপি চোখের পাপড়ি বিশিষ্ট এক ধরনের সাদা গাইগরু যা শুধু পুরানো ঢাকার ধনীরা কোরবানির ঈদের পূর্বের রাত্রে লালবাগের কাছে গণি মিয়ার হাট থেকে কেনে। গণিমিয়ার হাট ঐ একরাতই শুধু বসে।

মুইচা *ক্রি.* মুছে; মুছা; মোছা; মুছে ফেলা; ঘষে পরিষ্কার করা; তুলে ফেলা; অপনোদন করা; শুষ্ক করা; নিশ্চিহ্ন করা; পোঁছা; তুলে ফেলা; অপলোহন করা। 'বানগা কাচ জুরা দেয়োন যায়, মাগার দাগ বি মুইচা যায় না।'

মুইঞ্জা *ক্রি.* বুজে যাওয়া; মরে যাওয়া। 'নাইচা নাইচা মুইঞ্জা গেল ময়ূরীর পেখম।'

মুইরা *বি.* মুড়া; মুড়ো; মাছের মাথা; মুণ্ড; আগা; অগ্রভাব; সীমা; প্রান্ত। 'রুইত মছলির মুইরা আর মেনি মছলির মুইরা এক জিনিছনা।'

মুইরা[২] *বি.* মুণ্ডিত; নেড়া; ন্যাড়া; ক্ষৌরীকৃত মস্তক; ক্ষয়প্রাপ্ত; শাখাশূন্য নির্জলা। 'চোট্টারে মাতা মুইরা মহল্লা থনে বাইর কইরা দেও।'

মুকতি *বি.* মুক্তিবাহিনী; মুক্তিযোদ্ধা; মুক্তিফৌজ। 'মুকতিরা অইল আমগো দ্যাছের ছেছটো সনতান।'

মুকচতো *বি.* মুখস্থ; কণ্ঠস্থ; স্মৃতি থেকে বলা যায় এমন। 'হেরা রানা পেলাজার রানার নাম মুকচতো কইরা ফালাইচে।'

মুকছুদ *বি.* মকসুদ; মকসূদ; উদ্দেশ্য; লক্ষ্য; মতলব; অভিপ্রায়; ইচ্ছা। 'আল্লায় আমার মোনের মুকছুদ পুরা করচে।'

মুকাবিলা *বি.* মোকাবিলা; মোকাবেলা; সামনা সামনি বোঝাপড়া; নিষ্পত্তি; বিরুদ্ধাচরণ; হঠকারিতা। 'আমগো মহল্লায় আরকোমন করলে ছপ্তে মিল্লা মুকাবিলা করুম।'

মুগল *বি.* মোগল; মুঘল; মঙ্গোলিয়ার অধিবাসী; তাতার জাতির শাখা বিশেষ। 'মুগল বাছ্ছা জাহাঙ্গীরের নামে তাহার নাম অইচিল জাহাঙ্গীরনগর।'

মুর্গা *বি.* মোরগ; দুই পা বিশিষ্ট গৃহপালিত পাখি বিশেষ। ভিন্ন প্রজাতির এই পাখি বনেও বাস করে।

মুর্গি *বি.* মুরগি; দ্রঃ মুর্গা।

মুচ্‌কী *বিণ.* মিটিমিটি; ঈষৎ; সামান্য; নীরবে মৃদু হাসা; মুখ টিপে হাসা; বদ্ধ ঠোঁটে ঈষৎ প্রকাশিত। 'মুচ্‌কী হাছিতে কঙ্কন বাজায়া কইলো ছপ্পনের রাণী।'

মুচলিম *বি.* মুসলিম; মুসলমান; মুছলমান; মোসলেম; হজরত ইব্‌রাহিম (আ.) কর্তৃক নামাঙ্কিত এবং হজরত মোহাম্মদ (সা.) কর্তৃক প্রবর্তিত ইসলাম ধর্মাবলম্বী সম্প্রদায় বা ব্যক্তি; ইসলাম ধর্মে বিশ্বাসী। 'একজোন মুচলিম অয়্যা মিছা কতা হাজেনা।'

মুচাফির *বি. বিণ.* মুসাফির; সফরকারী; পথিক; আগন্তুক; পর্যটক। 'তুমগো না জায়েজি কাইজ কারবার দেকলে মোন চায় মুচাফির অয়্যা জোঙ্গলে চইলা যাই।'

মুচিবত *বি. দ্র.* মুছিবত।

মুছকিল *বি.* মুশকিল; মুস্কিল; বিপদ; সঙ্কট; বাধা; বিঘ্ন; অসুবিধা। 'ব্যাংকের লোন লয়্যা বেহুদা ছুদ দিতে দিতে বর মুছকিলে পইরা গেচি।'

মুচলমান *বি. দ্র.* মুচলিম।

মুছল্লী *বিণ.* মুসল্লী; মুসুল্লী; নামাজী; যে সালাত আদায় করে। 'ছব মুছল্লীরা নুমাজ পরবার লাইগা কাতার বাইন্দা খারাইল।'

মুছাফা *বি.* মুসাফা; সাক্ষাৎকালে করমর্দন। 'দুই মলানাছাব মুছাফা কইরা বিদায় অইল।'

মুছাবা *বি. দ্র.* মুছাফা।

মুছাফির *বি. দ্র.* মুচাফির।

মুছিবত *বি.* মুসীবত; মুসিবত; মসিবত; বিপদ দুর্যোগ; দুঃসময়। 'বলা-মুছিবত খবর দিয়া আহেনা।'

মুজা *বি.* মোজা; সুতা-রেশম-পশম-চামড়া প্রভৃতি দ্বারা প্রস্তুত পদাবরণ বিশেষ; স্টকিং; বুট

জুতা। 'জুতা-মুজা পইরা জামাই হাইজা কই যাইবার লাকচ?'

মুজুরি *বি.* মজুরি; পারিশ্রমিক; মজুরের কাজ বা শ্রমিকের কাজ। 'বেইল ডুইবা যায়োনের আগে মুজুরের মুজুরি দেয়োন অহে।'

মুঞ্জায়া *ক্রি.* বুজে দেওয়া; মুখ বন্ধ করা; চেপে রাখা। 'মুঞ্জায়া পাপরি কলির বিত্রে–তার লিগা বাবিনা।'

মুণ্ডা *বি. দ্র.* মুইরা।

মুদি *বি.* মসলাপাতি বিক্রেতা।

মুনছি *বিণ. বি.* মুনশী; মুনসী; কেরানি; লেখক; উর্দু শিক্ষক; বিদ্বান। 'আমগো মক্তবে মুনছি ছাব পুলপানরে বালা হিক্কা দিতাচে।'

মুনজিল *বি.* মনজিল; মঞ্জিল; লক্ষ্য; গন্তব্য; প্রাসাদ; বাসভবন; পান্থনিবাস; সরাইখানা। 'বালা মানুর মুনজিল অইল দ্যাছের উন্নতির কামে ছরিক অয়োন।'

মুনতিরি *বি.* মন্ত্রী; পরামর্শদাতা; রাষ্ট্রশাসনের কোনো বিশেষ বিষয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী।

মুনাজাত *বি.* মোনাজাত; প্রার্থনা; আরাধনা; আবেদন। 'আহ হক্কলে নাজাত চায়্যা আল্লার কাচে মুনাজাত করি।'

মুনফা *বি.* মুনাফা; লভ্যাংশ; লাভ; ক্রয়-বিক্রয়ের লাভ। 'ব্যবছায় মুনফা আগের চাইত্তে বহুত নাইম্যা গেচে।'

মুনাফেক *বিণ.* মুনাফিক; মুনাফেখ; মোনাফেক; কপট; কপটী; কপটাচারী; প্রবঞ্চক; ভণ্ড। 'দ্যাছটা মুনাফেকে বইরা গ্যাচে।'

মুনাফেকি *বি.* মেকি আচরণ; নিজে যা করে তা বিশ্বাস করে না। 'মুনাফেকি কইরা মজিদে পইরা কপালে কালা দাগ ফেইলা ছাইন বোড বানাইলে বি কাম অইব না।'

মুনিচ্ছি *বি.* মানুষ; মানব; লোক; ব্যক্তি। 'মুনিচ্ছির লেবাছদারী পিচাছের দল।'

মুনিছ্যি *বি. দ্র.* মুনিচ্ছি।

মুনিব *বি.* মনিব; মুনিব; প্রভু; নায়েব নিযুক্তকারী; পতি; স্বামী; ভর্তা; রাজা; আল্লাহ; ঈশ্বর; ভগবান; মহামানব; অতিসম্মানিত ব্যক্তি; নেতা; নায়ক; পরিচালক। 'মুনিবের নিমক খায়্যা গুণ না গাইলে নাফরমানি অইব।'

মুপতি *বি.* মুফতি; মুসলমান আইন-ব্যাখ্যাদাতা বা শাস্ত্রীয় ব্যবস্থা নির্দেশক। 'আইন্দা

ওয়াজ মাহফিলে বর মুপতি আনুম।'

মুরব্বি *বি. বিণ.* মুরুব্বি; শ্রদ্ধাভাজন ব্যক্তি; বয়স্ক লোক। 'মুরব্বিগো লগে তর্ক জুইরা দেয়োন ঠিক অহে না।'

মুরা *বি.* পায়ের গোড়ালির আঘাত; পদাঘাত; পায়ের দ্বারা আঘাত; পদপ্রহার; লাথি। 'একটা মুরা মাইরা ছিনার আড্ডি বাইনগা ফালামু?'

মুরীদ *বি.* মুসলমান ভক্ত বা তপস্বী; পীরের শিষ্য; অনুসারী; শিষ্য। 'আখিরাতে ছানতির রাচতা পাইতে অইলে পীরের মুরীদ অইবার লাগব।'

মুরুখ্য *বিণ.* মূর্খ; অক্ষর জ্ঞানহীন; অশিক্ষিত; বোকা; নির্বোধ। 'মুরখ্য মানুর আগে হাটন বি বালানা।'

মুলাকাত *বি.* মোলাকাত; মুলাকাত; সাক্ষাৎ; দেখা; দর্শন; প্রত্যক্ষীভূত; জ্ঞাত। 'বহুত দিন বাদে তুমার লগে মুলাকাত করনের মওকা মিলচে।'

মুলল্যা *বি. বিণ.* মোল্লা; পরিপূর্ণ জ্ঞানবিশিষ্ট মহাপণ্ডিত ব্যক্তি; আরবি ফারসি ভাষা ও ইসলামি শাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি; বংশীয় উপাধিবিশেষ। 'ফুরিন মাইয়ারে মুচলমান বানাইয়া ছাদি করলে মুলল্যারা গলা ফাটায়া মারহাবা কইব।'

মুল্লা *বি. দ্র.* মুলল্যা।

মুহুরী *বি.* নালা; জল বা জলীয় পদার্থ স্থানান্তরিত করার জন্য নির্মিত সরু পথ। 'মুহুরী দিয়া পানি নাইমা যাইবার না পারলে পাউপ্যা গাছগুলা বাচাইবার পারবা না।'

মুহাজির *বিণ.* মুহাজের; মোহাজের; দেশত্যাগী; উদ্বাস্তু; আশ্রয়সন্ধানী। 'মুহাজিররা দ্যাছ বদলাইচে মাগার বাছা বদলায় নাইক্যা।'

মুয়াজ্জিন *বি.* নামাজের সময় মসজিদের মিনার হতে উঁচু স্বরে আল্লার মহিমা ঘোষণাকারী; যিনি আজান দেন। 'মুয়াজ্জিন আজান দিচে, লও হক্কলে মজিদে যাই।'

মেইল্ল্যা *ক্রি.* মেলে; খোলে; তাকিয়ে; উন্মোচন করে। প্রসারিত করে; বিস্তৃত করে; বিছানো; মেলানো। 'চক্ষু মেইল্ল্যা দেখবার চাইলেই দেখবার পারবা।'

মেও *বি.* বিড়লের ডাক; বিড়ালের স্বভাব। 'বিলাইয়ের লাহান মেও মেও করতাছৎ ক্যালা?'

মেওয়া *বি.* বেদানা; ডালিম; আঙুর; বাদাম প্রভৃতি পুষ্টিকর ফল।

'নেকবানরা জন্নাতে বয়্যা মেওয়া খাইবার পাইব।'

মেওর *বি. বিণ.* মেয়র; নগরপতি। 'হ্যেয় দ্যাছে পরথম মাইয়া মেওর অয়্যা রাজনীতির হিছাব পালটায়া দিচে।'

মেগ *বি. দ্র.* ম্যাগ।

মেছাল *বি. দ্র.* মছলা।

মেতি *বি.* মেথি; এক প্রকার মসলা; রবি শস্য। বিয়ের পূর্বদিন কনের হলুদ মেহেদীর অনুষ্ঠানে মেথি, সোন্দা, গিলা, হলুদ ইত্যাদির চূর্ণ একত্রে মিশিয়ে কনের শরীরে মেখে গোসল করানো হয়।

মেন্নত *বি.* মেহনত; পরিশ্রম; মেহনৎ; মেহন্নত; খাটুনি; দৈহিক শ্রম, মেহনতি; মিহনতি; মেহনতানা; মজুরি। 'বহুত মেন্নত কইরা পছা কামাই করি।'

ম্যেনদা *বিণ.* ম্যাদা; মেদা; স্ত্রীলোকের ন্যায় ভীরু; নির্জীব। 'পুলাডা মইরা যায়োনের পর থেইকা তুমি এক্কেবারে ম্যেনদা অয়্যা গেচ।'

মেনদি *বি.* মেহেদি; মেহেদী; মেহেন্দি; মেন্দি; এক প্রকার চির সবুজ ছোট গাছ যার পাতা বেটে হাতে গায়ে লাগালে লাল রং হয়; হেনাফুল; রঙের নামবিশেষ। 'এক রাজাকার দারিতে মেনদি লাগায়া টিবিতে কাচামিঠা বয়ান করত।'

মেনিজার *বি. বিণ.* ম্যানেজার; ব্যবস্থাপক; প্রধান কর্মচারী; প্রতিষ্ঠানের কর্তা।

মেতর *বি.* মেথর; ময়লা সাফকারী; ঝাড়ুদার। 'মেতরগো ছুটলুক বইলা গিন্না করবার অহে না।'

মেমান *বি.* মেহমান; অতিথি; নিমন্ত্রিত; অভ্যাগত। 'মেমান আইচে, বাজার-হদাই লয়্যা আহ্।'

মাইয়্যালোক *বিণ.* মেয়ে মানুষ; মেয়ে; কন্যা; বালিকা; জায়া; নারী; স্ত্রীলোক। 'কলির জমানায় মাইয়্যালোকের মন যুগাইয়া চলবার অহে।'

মেরাছিন *বি.* বিয়ের আসরের মহিলা গায়ক দল।

মেহেরবান *বিণ.* দয়াবান; দয়ালু; মিহিরবন; অনুগ্রহ; দয়া। 'ছিনার লগে ছিনা মিলা হাছি-খুছি প্রাণ/ রোজার ছেছে রহমতেরই পাইছি মেহেরবান।'

মোক *বি.* মুখ; মুখগহবর; মুখমণ্ডল। 'তর মোক আর গোপাটের মইদ্যে ফারাক নাইক্যা।'

মোকদ্দমা *বি.* মুকদ্দমা; মকদ্দমা; মকর্দমা; মামলা; আদালতে অভিযোগ ও তার বিচার; বিষয়; ব্যাপার। 'বালা মোতন ছায়েচতা করবার চাইলে মোকদ্দমায় লাগায়া দেও।'

মুকাম *বি.* মোকাম; মকাম; বাসস্থান; আবাস; আড্ডা; আস্তানা; বাণিজ্য স্থান; বিপণি কেন্দ্র।

'কেউগা তোমার নায়ের মাজি, কোন মোকামে বাছ?/ বালবাইছা কৌরল তোমার ইমুন ছব্বনাছ।'

মোখ *বি. দ্র.* মোক।

মোঙ্গলবার *বি. বিণ.* মঙ্গলবার; সপ্তাহের চতুর্থ দিন। 'মোঙ্গলবারে গরে আহে আছমানি মোঙ্গল/ মনের খ্যিকা ছাফ করি বালা বুরা জোঙ্গল।'

মোচর *বি.* মোচড়ানো; মুচড়ানো; মোচড় দেওয়া; বারংবার আবর্তিত করা; বারবার পাকানো; বাগে পেয়ে চাপ দেওয়া; মোড়। 'রাচতার মোচরে রোজ রোজ খারাই থাহ ক্যালা?'

মোছলমানি *বি.* সুন্নতে খাত্না উৎসব।

মোছলিন *বিণ. বি. বিণ.* মসলিন; অতি সূক্ষ্ম ও মিহি বুননবিশিষ্ট কার্পাস; মলমল। আনুমানিক খ্রিষ্টীয় নবম শতক হতে বাংলাদেশে এর উৎপাদন শুরু হয়। মধ্যযুগে ঢাকার বিখ্যাত মসলিন মোগল মহলে এবং ইয়োরোপে খুবই সমাদৃত ছিল। বর্তমানে বিলুপ্ত। উল্লেযোগ্য মসলিন যেমন : মলমল খাস; ঝুনা; রঙ্গ; আব-ই-রওয়ানা; সরকার-ই-আলি; খাস্সা; শবনম; আলিবালি; তন-জেব; তরান্দাম; নয়ন-সুখ; বদন খাস; সর-বন্দ; সর-বুটী; কামিছ; ডোরিয়া; চার-কোনা। 'ঢাহাইয়া মোছলিন আচিল দুনিয়ার ছেরা কাফোর।'

মোচা *ক্রি.* মুছে দেওয়া; শুষ্ক করা; ঘষে পরিষ্কার করা. পোছা; তুলে ফেলা; অপনোদন করা। 'আইজকা একবার বি গর মোচা অয় নাইক্যা।'

মোতাছা *বি.* ঘটক; যে ব্যক্তি মধ্যবর্তী হয়ে বিবাহ সম্বন্ধ ঘটিয়ে দেয়। 'আইজকালকার পুলা মাইয়্যারা নিজেরাই নিজেগো মোতাছা আর মোতাছীর কাম করে।'

মোতাছী *বি.* ঘট্কি; মহিলা ঘটক।

মোতায়েন *বিণ.* নিযুক্ত; বহাল; রত; পাহারারত। 'মহল্লার

রাচতায় পুলিছ মোতায়েন আচে।'

মোথা *বি.* গাছের গোড়া; মূল; শিকড়। 'হানাদারগো মোথা মাইনে টিক্কা খান হারু পার্ট্টির নেতা অয়্যা পিণ্ডিতে গিয়া হাপ ছারচিল।'

মোন *বি.* মন; হৃদয়; হিয়া; অন্তঃকরণ; অন্তর; চিত্ত; দিল। 'মোনের মোতন মোন না অইলে মোন পুইরা যায়।'

মোনপিয়ারী *বিণ.* মনপেয়ারি; প্রণয়ী; পেয়ারী; প্যারী; প্রণয়িণী; প্রেমপাত্রী। 'তাঅবি হ্যালার মোনপিয়ারী কাট্টি মারবার চায়।'

মোরব্বা *বি.* মুরব্বাহ। চিনির রসে জারিত ফল যেমন: আমের মোরব্বা; আমের রেসা; আমলকির মোরব্বা; জলপাইয়ের মোরব্বা; চালকুমড়ার মোরব্বা; তালের শুকনা শাঁসের মোরব্বা;

মোলবি *বি. বিণ.* মৌলভী; মুসলিম পণ্ডিত; ইসলাম ধর্ম সম্বন্ধে অভিজ্ঞ; আলেম। 'লম্বা পাঞ্জাবী পইরা টুপি মাতায় দিলেই মোনে কইর না মোলবি অয়্যা গেচে।'

মোহররম *বি.* মোহর্‌রম; মহরম; মোহারম; আরবি চান্দ্রমাসের প্রথম মাস; প্রিয়নবী হজরত মোহাম্মদ (সা.) এর দৌহিত্র ইমাম হোসেন (রা.) কারবালা প্রান্তরে এই মাসের দশ তারিখে নির্মমভঅবে শহীদ হন। সেই স্মৃতি উদ্‌যাপনমূলক পর্ব সাধারণভাবে মোহরম বলে গণ্য। 'মোহরম আইলে কুনো মুছলমানের চোকে পানি না আয়্যা পারেনা।

মৌজ *বি. দ্র.* মউজ।

মৌতাতী *বিণ.* প্রবলভাবে আগ্রহান্বিত; ব্যগ্র; ব্যাকুল; নির্দিষ্ট সময়ে মাদকদ্রব্য সেবনের বা নেশা করার দুর্নিবার আগ্রহ। 'মোনের আন্দারে রাখি নাই বুজি মৌতাতী মোন?'

মৌরবার *ক্রি.* মরে যেতে; মরে গেলে। 'আগামাছির চাচি, মৌরবার পারলেই বাচি/ ছাতপোলারে বানায়া ছাব নুনে-ফ্যানে আচি।'

য

যছ *বি.* যশ; খ্যাতি; মর্যাদা; সুনাম। 'আপনের ব্যাবাক কর্ম-কির্‌তি, আপনের নাম যছ/ জাতিরে দিছে আনন্দ-গরব মদুর পরছ।'

যত্তন *বি.* যত্ন; যতনে; আদর; স্নেহ; সেবা; শুশ্রূষা; আদর আপ্যায়ন; খাতির। 'যত্তন কইরা রাখুম ঝিনুকের বিত্তরে মুকতা যেমুন।'

যদ্দুর *বিণ.* যতদূর; শুধুমাত্র; কেবল; মাত্র। 'নাই, নাই, তুমি নাই চান-তারা খালি/ যদ্দূর দেহা যায় কাজলের কালি।'

যন্‌তরনা *বি.* উৎপাত উপদ্রব; দৌরাত্ম্য; পীড়া; যাতনা; ক্লেশ; দুঃখ; বেদনা। 'তুমার যন্‌তরনা আর ছইবার পারতাচিনা।'

যাইতাই *বিণ.* যাতা; সামান্য; অকিঞ্চিৎকর; তুচ্ছ বা নগণ্য। 'মাত্র নয় মাছে দ্যাছ ছাদীন করা কি যাইতাই কতা!'

যাইতাচি *ক্রি.* যাচ্ছি; যাইতেছি। 'যাইতাচি যহন একটা বেবস্থা না কইরা আহুম না।'

যাউকগা *অব্য.* যাকগে; যাক; চলে যাক; গমন করুক; উপেক্ষায়; উদাসীনতায়; যাউক; যাক গিয়া; বিরক্তি বা অবজ্ঞা প্রকাশে। 'যাউকগা দোছ, ছিরিংগী ছালছা ত বালাই চলবার লইচে?'

যাগ্‌গা *অব্য.* *দ্র.* যাউকগা।

যাগা *বিণ.* চলে যেতে বলা; প্রস্থান; গমন; যাওয়া; গমন করা। 'যাইবার মোন চাইলে যাগা।'

যাগো *সর্ব.* যাদের। 'যাগো লগে দোচতালি করচ হেরাই তুমার টেংরি বাংবো।'

যাদু *বি.* জাদু; ইন্দ্রজাল; ভেল্কী; মায়া; কুহক; বশীকরণ। 'আইজকালকার বুত যাদু টোনারে ডরায় না।'

যামু *ক্রি.* যাব; যাওয়া; প্রস্থান; অবসান হওয়া। গমন করা; বের হওয়া। 'তুমারে ছাইরা বনদু কই যামুরে?'

যায়োন *ক্রি.* যাওয়া; গমন করা; প্রস্থান করা; অবসান হওয়া; কেটে যাওয়া; ক্ষতি হওয়া; নষ্ট হওয়া; ব্যয়িত হওয়া; কোনো কিছু ঘটা। 'আয়োন নিজের ইচ্ছায় মাগার যায়োন পরের ইচ্ছায়।'

য্যামতে *অব্য.* যেভাবে; যে প্রকারে; যেরূপে। 'য্যামতে কাম করবার কও করুম; মাগার মিছা বাতউত করবার পারুম না।'

য্যাম্বে *অব্য.* *দ্র.* য্যামতে।

যিমুন *অব্য.* যেমন; যে রকম; যে প্রকার; ঠিক; যথা। 'ঢাকায় যিমুন দিনে মজা রাইতেও যে বালা/ মাঝে-মইদ্যে বাত্তি গেলে দিলে লাগে জ্বালা।'

যিয়ারত *বি.* জেয়ারত; জিয়ারত; পুণ্যাত্মার কবর বা পুণ্যস্থান

দর্শন ও প্রদক্ষিণাদি; ভক্তিভরে কবর দর্শন ও প্রার্থনা করা। 'আহ কব্বর যিয়ারত কইরা খাছ দিলে মুদ্দারগো ছানতি চায়্যা দুয়া করি।'

যুবছমাজ *ক্রি. বি.* যুবসমাজ; তরুণ সমাজ; তারুণ্য সমাজ। 'দোহাই লাগে যুবছমাজ,
ছান্তির পথ দরো।'

যুহর *বি.* জোহর; মধ্যাহ্নকালীন নামাজ পড়ার ওয়াক্ত। 'দুফুরে খানা খিলানের আগে যুহরের নুমাজ পরোন দুরচ্‌ত।'

যুয়ান *বি. বিণ.* যুবক; যুবা; প্রাপ্তযৌবন; তরুণ; জোয়ান। '৭১ ছালে যুয়ান-বুরা ছপ্তে ছংগেরামে নাইমা পরচিল।'

যেতনা *বি. বিণ.* যতনা; যে পরিমাণ; যে সংখ্যক; যা কিছু। 'যেতনা দান করবে তেতনা আয়্যা পরবে।'

যেমতে *অব্য. দ্র.* য্যামতে।

যেয়চা কি ত্যায়চা *অব্য.* মনের মতো; মনঃপূত; মনের মিল সম্পন্ন। 'যেয়চা কি ত্যায়চা না অইলে কি দোচ অয়োন যায়।'

যৈবন *বি. দ্র.* জউবন।

র

রইচ *ক্রি.* থাকা; রয়ে যাওয়া; বসবাস করা; কাটানো; অবস্থান করা; যাপন করা। 'কাম-কাইজ নাই, ত রইচ ক্যালা?'

রইচে *ক্রি.* রয়েছে; রওয়া; থাকা; রহা; রহিয়াছে; থেকে গেছে; আছে। 'দান-খয়রাত কইরা যা রইচে তা বি কমনা।'

রইবার *ক্রি.* রোববার; সপ্তাহের দ্বিতীয় দিন। 'রইবারে দিলের রোছনাই বিলাই জনে জনে/ আন্ডা বাচ্চার ছোনার মুক দেখি আপন মোনে।'

রওনা *ক্রি. বি.* রওয়ানা; যাত্রা; গমন; প্রেরণ; যাত্রার জন্য নিষ্ক্রান্ত। 'ফযরের নুমাজ পইরা ছফরে রওনা অয়োন বালা।'

রকক্যা *বি.* রক্ষা; মুক্তি; নিষ্কৃতি; ত্রাণ; উদ্ধার; পরিত্রাণ; হেফাজত; নিস্তার; অব্যাহতি; ক্ষতিগ্রস্ত হতে না দেওয়া। 'আমার লগে দিল্লাগী করলে বরক্যা নাই।'

রনগরছ *বি. রঙ্গরস;* রসিকতা করা; রসিকতাপটু; হাস্যকৌতুক; আমোদপ্রমোদ। 'রনগরছ করবার চাইলে রনগরছ বুঝবার মানু লাগে।'

রছাতল *বিণ.* রসাতল; পাতাল; ভূতল; অধঃপাত; অধোগতি; ধ্বংস; বিনাশ। 'ব্যাগাট অইছে গাট, গাট রছাতল।'

রচ্ছি *বি.* রশি; রজ্জু; দড়ি; জমি জরিপে ব্যবহৃত শিকল বা চেন। 'মোনের মাইদ্যে ফাছির রচ্ছির ডর ঢুকবার পারে এমুন কাম কর ক্যালা?'

রজু *বিণ.* রুজু; রুজূ; দায়ের; দাখিল; উপস্থাপিত; ফেরা; প্রত্যাবর্তন। 'চুরের বিরুদ্দে মামলা রজু করলে লাব অহে না।'

রত্ *বি.* রথ; চক্রযুক্ত যান; গাড়ি; শকট। 'হোন হোন কতা আমার থামাও তোমার রত্/ ছোহাগ বানুর বারিৎ যামু বাতায়া দেও পত্।'

রত্তন *বি.* রতন; রত্ন; অলঙ্কার বিশেষ; মণি-মুক্তাদি; জওহর; জহরত। 'করছনি জমা কিছু রাজাই- বালিশ/ ছোনাদানা, রত্তন, কম্বল, কেথা?'

রনগিলা *বিণ.* রঙ্গঅলা; রঙিলা; রঙীলা; রংগিলা; রংগীরা; রঙ্গপ্রিয়; রঙ্গকারী; স্ফূর্তিবাজ। রঙিন; রংচটা; রঞ্জিতা; রাঙা। 'পোচটার বানায়া এই রনগিলা পোচার কাম বহুত আগায়া নিচে।'

রপা *বি.* রফা; আপস মীমাংসা; মিটমাট; নিষ্পত্তি। 'কাইজা-কেলেংকার বন করবার চাইলে দুই পক্কের মইদ্যে রপা কইরা দেয়োন বালা।'

রব *বি.* কথা; বলাবলি; শব্দ; ধ্বনি; আওয়াজ; গোলমাল; সাড়া; জনরব; কথা; গুজব; জাঁকজমক; প্রভাব-প্রতিপত্তি; শোভা; খ্যাতি; প্রতাপ। 'রব উটলে বুছতে অইব কিচ্ছু একটা গইট্যা গেচে।'

রমজান *বি.* রমযান; রমাদান; হিজরি সনের নবম মাস; রোজার মাস; এ মাসে শারীরিকভাবে সমর্থ মুসলমান নারী-পুরুষের জন্য ফজরের আজানের কিছু পূর্ব থেকে সূর্যাস্ত পর্যন্ত সম্পূর্ণ উপবাস থাকা ফরজ বা আবশ্যকরণীয়। 'রমজান আইলে বুছবা ঈদ আয়্যা পরচে।'

রম-রইম্যা *বিণ.* জম-জমাট; সুসংহত ও চিত্তাকর্ষক; সরগরম ও উপভোগ্য; সুসংহত ও আনন্দদায়ক। 'বেলাকের ট্যাকার রম-রইম্যা অবচতা বেছিদিন চলবার পারে না।'

রহইছ্য *বি.* রহস্য; রসিকতা; গুপ্ত; গোপনীয়। 'বুজবার ছক্তি তারে

দেও মা'বুদ-আমিত্বের রহইছ্য অপার!'

রহম[১] *বিণ.* রকম; প্রকার; মত; ধরন; রীতি; প্রায়; কতকটা; আলাদা; ভিন্ন। 'আল্লার দুইনায় মানুর চেহেরায় রহমের ছেহ নাই।'

রহম[২] *বি.* রহমত; রাহমত; রহমৎ; করুণা; দয়া; কৃপা; অনুগ্রহ। 'ইয়া আল্লা, আমার ছামীর দিলে রহম পয়দা কইরা দেও।'

রহমান *বিণ.* রাহমান; পরম করুণাময়; করুণাময় আল্লাহ্; খোদার এক নাম। 'আল্লা তুমি রহমানের রহীম।'

রয়্যা *ক্রি. বি.* থেকে যাওয়া; রয়ে যাওয়া; বেশি হওয়া। 'পরালেহা কইরা বালা রেজাল করা যায় মাগার বহুত কিচু দেখনের বাহার রয়্যা যায়।'

রয়্যা-সয়্যা *ক্রি. বিণ.* রয়ে-সয়ে; দেখে-শুনে; বুঝে-শুনে; ধীরে-স্থিরে; ব্যস্ত না হয়ে; মন্থরগতিতে; আস্তে আস্তে; মৃদুমন্দ গতিতে; অবারিতভাবে; চুপিসারে। 'রয়্যা-সয়্যা কাম না করলে ঢাবিছ অয়্যা যাইবা।'

রংবাজ *বি.* রংদার; রংবেরং; রংমহল; রংরেজ; রংরেয; রংসাজ; রং; রঙ; বর্ণ; রঞ্জন দ্রব্য; দেহের বর্ণ; তাসের রুইতন হরতন প্রভৃতি চিহ্নভেদ; ধরন; আতিশয্য। 'রংবাজ ছিনেমা দেইখা ছব পুলাপান রংবাজী অয়্যা গেচে।'

রাইক্কা *ক্রি.* রেখে; স্থাপন বা নিবেশন করা; থোয়া; সংরক্ষিত করা। 'তের'ছ ছালের যুয়ান কবি চান্দেরে রুটি বানায়া রাইক্কা গেছে– খিদার জ্বালায়।'

রাইখ্যা *ক্রি. দ্র.* রাইক্কা।

রাইত *বি.* রাত; রাত্রি; রজনী; নিশি; নিশা; যামিনী; শর্বরী; বিভাবরী; নিশীথিনী; ক্ষণদা। 'রাইত অইলে মাতোয়ালাগো হেলোচিল্লায় টিকন যায় না।'

রাইত কানা *বি. বিণ.* রাতকানা; রাতে যে ভালো দেখতে পায় না; নিশাচর; পাখি; বাদুড়; পেচক। 'রাইত কানারা গোছক লয়্যা বাজার মাত করবার চায়।'

রাখন *ক্রি.* রাখা; থোয়া; রাখবার; রাখিবার; রেখে দেওয়া; আশ্রয় দান করা। 'মুনছিগোঞ্জে এইবার যে আলু ফলচে হেইগুনা রাখনের মোতন এত কুল ইছটোরেছ নাইক্যা।'

রাচতা *বি.* রাস্তা; সড়ক; রাজপথ; পথ; মার্গ; বর্ত্ম; উপায়; ব্যবস্থা বড় রাস্তা; মাটি দ্বারা বাঁধা পথ। 'ঢাহা ছহরের টেরাফিক জামের

লাইগা পনরো মিলিটের রাচতা যাইতে দুই গনটা লাইগা যায়।'

রাছটো বাছা *বি.* রাষ্ট্রভাষা। 'হুনচি নোয়াব পরিবার রাছটো বাছা বাংলা করনের বিরুদি আচিল।'

রাছটোদোরহ *বি.* রাষ্ট্রদ্রোহ; রাষ্ট্র বিরোধী। 'রাছটোদোরহ মামলার আছামি অইয়া বংগোবনদুরে এক যুগ জেল খাটতে অইচে।'

রাজতনতো *বি.* রাজতন্ত্র; রাজার অধীন শাসন-পদ্ধতি বা রাষ্ট্র; রাজ্যশাসন নীতি বা ব্যবস্থা। 'আমগো দ্যাছে রাজতনতো নাইক্যা, গনতনতো দিয়া দ্যাছ চলে।'

রাজমিচতিরি *বি.* রাজমিস্ত্রি; মিস্ত্রি; কারিগর; যন্ত্রশিল্পী; সূত্রধর; কাঠের কাজ করে যে; ইট, বালি, সিমেন্ট, সুরকি ইত্যাদির সাহায্যে অট্টালিকা নির্মাণ করে যে; অট্টালিকা নির্মাতা।

রাজাই *বি.* লেপ। 'এহন গরে গরে মানু ছীত মাহিনায় রাজাই মুরা দিয়া হোয়।'

রাজি *বিণ.* রাজি; রাযী; সম্মত; স্বীকৃত; গৃহীত; মেনে নেওয়া হয়েছে এমন। 'পুলারে রাজি করাইবার না পারলে বিয়া করামু ক্যামনে?'

রানডি মাগি *বি. বিণ.* বেশ্যা; বারবনিতা; কুলটা; চরিত্রহীন নারী; পতিতা (ঘৃণ্য গালি বিশেষ)। 'রানডি মাগিটার ওই গতরে কত্ত কুলায়?'

রানডি মাগির পুলা *বি. বিণ.* বেশ্যার ছেলে; চরিত্রহীন নারীর ছেলে; পতিতার ছেলে (ঘৃণ্য গালি বিশেষ)। 'রানডি মাগির পুলারে ক হাদু হাইজা লাব অইব না।'

র‍্যাকাবি *বি.* ট্রে; বারকোশ; খুঞ্চা; দ্রব্য বহনের থালাবিশেষ।

রিক্‌ছ *বি.* রিস্‌ক; ঝক্কি; ঝঞ্ঝাটপূর্ণ; দায়িত্ব; ঝুঁকি; ঝঞ্ঝাট; ধকল; উপদ্রব। 'এর থাইক্যা বালা রিচকা চালাও, রিচকায় রিক্‌ছ নাই।'

রিচকা *বি.* রিকশা; রিকসা; রিক্সা; মানুষটানা যাত্রীবাহী ত্রিচক্রযান। 'ছহরে রিচকা আহনে গুরার গারি ফেল মারচে।'

রিছকা *বি. দ্র.* রিচকা।

রিজিক *বি.* রেজেক; রিজক; রিযক; আহার; জীবনোপকরণ। 'রিজিকের মালিক আল্লা।'

রিয়া *ক্রি. বিণ.* হিংসা; বিদ্বেষ; রেষারেষি; বধ; হনন; অনিষ্ট; অপকার; বিদ্বেষ; লোক দেখানো; কপটতা; ভান। 'রিয়া

কইরা চলোন বালা মানুর কাম অইবার পারে না।'

রুই *বি*. তুলা; তুলো; কার্পাস শিমুল প্রভৃতি ফুলের আঁশ; কার্পাস। 'ছিমূল রুইয়ের বালিছে হুইলে বালা নিম অহে।'

রুইত *ক্রি*. রুই মাছ; বড় আকৃতির সুস্বাদু মিঠা জলের মাছ। অতিথি আপ্যায়নে এর জুড়ি নাই।

রুইখা *বিণ*. রুখে দেওয়া; আটকানো; বাধা দেওয়া; প্রতিহত করা; বন্দী করা। 'মহল্লার মানু মস্তানগো রুইখা দিচে।'

রুকু *বি*. নামাজের সময় দুই হাঁটুতে ভর করে নতমস্তকে দাঁড়ান। 'পরতি রেকাত নুমাজে একবার রুকুতে যাইবার অহে।'

রুজ *বি*. রোজ; দিন; তারিখ; দৈনিক মজুরি; প্রতিদিন; প্রত্যহ। 'রুজ রুজ বাকির ট্যাকার তাগাদা দিতে বাল্লাগেনা।'

রুজ কিয়ামত *বি*. রোজকিয়ামত; রোজকেয়ামত; মৃত্যুর পর পুনরায় জীবিত হয়ে ওঠার দিন; শেষ বিচারের দিন; অতি কষ্টকর অবস্থা। 'রুজ কিয়ামতের দিন ইয়া নপছি ইয়া নপছি কইরা কূল পাইবা না।'

রুজগার *বি*. উপার্জন; আয়; রোজগার; কামাই; লাভ; প্রাপ্তি; সংগ্রহ; অর্জন। 'লও ওইগুনি নিয়া মাতা না গামায়া আয় রুজগারের পত দেখি।'

রুজহাছর *বি*. রোজ হাশর; কিয়ামতের দিন; পুনরুত্থানের দিন; মহাসম্মেলনের দিন; আল্লাহ্‌র সামনে হাজির হওয়ার দিন। 'রুজ হাছরের দিন সপ্তেরই আল্লার কাচে হাজির অয়োন লাগব।'

রুজি *বি*. রুযি; রুযী; জীবিকা; উপার্জন; উদরান্ন; বৃত্তি; জীবনোপায়; আয়; রোজগার; কামাই; দৈনন্দিন খাদ্য সংস্থান। 'চাই না আমি উলটাপুলটা হারাম রুজির টাকা রে/ অন্যায়-পাপ দেখলে আমার বুকটা করে খাঁ খাঁ রে।'

রুমাইল *বি*. রুমাল; রূমাল; রোমাল; মুখের ঘাম ও হাতমুৎ মোছার বস্ত্রখণ্ড; ছোট শাল বিশেষ। 'আত্তর মাইখ্যা রুমাইল লয়্যা কই যাইবার লাকচ?'

রুহম *বি*. *দ্র*. রহম।

রুহু *বি*. রূহ; রুহ; আত্মা; অন্তরাত্মা; অন্তর। 'রুহু একবার বাহার অয়্যা গেলে আর ফিরত আইব না।'

রিওয়াছ *বি.* রেওয়াজ; রিওয়াজ; রীতি; পদ্ধতি; ধরন; আচার; চলন। 'বাত্‌পাক্কা আর আতপান যাই কও এইগুনা বিয়াছাদির রিওয়াছ।'

রেকাত *বি.* রাকাত; রেকাৎ; রাক'আত; নামাজের অংশ বিশেষ। 'ছুক্কুরবার ছারা পরতিদিন ফরজ নুমাজ ছতর রেকাত।'

রেছ কোরচ *বি.* রেসকোর্স; দৌড় প্রতিযোগিতা; ঘোড়দৌড়ের বাজি। 'রবিবারে হপ্তার বনদের দিনে রেচ কোরচ ময়দানে দুফুরে গুর দউর অইত।'

রেজগি *বি.* রেজকি; রেজকী; রেজগী; টাকার ভাঙতি; খুচরা; আধুলি সিকি পয়সা ইত্যাদি। 'আমারে কিচু রেজগি পছা দেও।'

রেজাল *বিণ.* রেজাল্ট; ফলাফল; পরিণতি; পরিণাম; অবস্থান্তর-প্রাপ্তি; ভবিষ্যৎ; আখের। 'রেজাল দেইখা বুজুম কে ফেল মারচে আর কে পাছ করচে।'

রেনতাল *বিণ.* ভাড়াটে; ভাড়া করা; ভাড়াটিয়া বা ভাড়া করা যায় এমন; ঠিকা। 'আইজকাইল রেনতাল গারি বেছি বেছি ছিনতাইকারীর করলে পরতাচে।'

রেছটি *বিণ.* রেজিস্টি; রেজিস্টারি; নিবন্ধন; সরকারি বইতে বা খাতায় নামাদি রেসটি অথবা দলিলাদির নকল রক্ষণ ও তৎসমুদয় সরকারি মোহরাঙ্কিতকরণ। 'বারিটা পুলার নামে ছাব কাওলা রেছটি কইরা দিচি?'

রেয়াই *বি.* রেহাই; অব্যাহতি; নিষ্কৃতি; মুক্তি; স্বাধীনতা; পরিত্রাণ; মোক্ষ; অবসান; অবরোধ বা ইন্ধন থেকে উদ্ধার। 'আজরাইল আয়্যা একবার দরলে আর রেয়াই অইব না।'

রোছনাই *বি.* রোশনাই; রোশনি; রোশনী; রওশনি; রওশনী; রুশনী; রোশনাই; রৌশনি; রৌশনী; আলোকোজ্জ্বল; ঝলমলে; আলোময়; আলোকিত; আলোকসজ্জা; জ্যোতি; উজ্জ্বল আলো। 'অহন বুচতাছি ক্যালা ইছলামের বর বর অলির মাজার দিনে দিনে এতনা রোছনাই অইতাচে।'

রোজাখুলি *বি.* ইফতার; সারাদিন রোজা রাখার পর সন্ধ্যায় খাদ্য গ্রহণ। 'আজান দিচে আহ ছপ্তে রোজাখুলি।'

রোছন *বিণ.* রোশন; রওশন; রৌশন; উজ্জ্বল আলো, আলোকিত। 'ইনছাল্লা তুমার

পুলা নিজগুণে মহল্লা রোছন করব।'

রোং তামাছা *দ্র.* রঙ্গরছ।

রোংদনু *বি.* রংধনু; রোদ ও বৃষ্টির মিশ্রণে আকাশে ভাসমান সাতরঙের ভেলা। রোংদনু দেকলে মোন চায় আছমানে উইঠ্যা ছরিলে মাইখা লই।

ল

লইচিলা *ক্রি.* লওয়া; নেওয়া; নেয়া; গ্রহণ করা। 'পাগলের লাহান লইচিলা বি দাই মা আর হত বাপ।'

লইটকা *ক্রি. বি.* লটকে; লটকানো; ঝুলন; ঝুলে থাকে যা; দোলন। 'গলায় গজমতির লাহান লইটকা রইছে ছিউলী ফুলের মালা।'

লইবার *ক্রি.* নিবার; নেওয়ার; নেয়া; নেওয়া; গ্রহণ করা; লওয়া। 'পছন যহন অয়্যা গেচে মালটা লইবার পার।'

লয়্যা *বিণ.* লওয়া; নেওয়া; গ্রহণ করা। 'ছুন্য কপাল-ঢাকাইয়্যা নাম লয়্যা আছি বেছ।'

লইরা *ক্রি.* সরে যাওয়া; সরে বসা। 'অহন আমার চান্দি গরম যা কইতাছি ছইরা/ আব্বে হ্যালায়-পরলাম জ্বালায় বহে দেহি লইরা।'

লঙ্কাকাণ্ড *বি.* রামায়ণোক্ত লঙ্কারাজ রাবণ ও তাঁর আত্মীয়দের যুদ্ধে নিধনপর্ব; হুলুস্থূল; সাংঘাতিক ঝগড়াঝাটি; লণ্ডভণ্ড করা; তছনছ করা। 'বাইঙ্গা-চুইরা লণ্ড-বণ্ড মোন পবনের নাও/ উথালি-পাথালি লঙ্কাকাণ্ড গুমপারানীর গাও।'

লগৃগন *বি.* গায়ে হলুদ; বিবাহাদিতে বর ও কনের হাতে মেহেদি, গায়ে হলুদ মেখে গোসল বা সর্বাঙ্গ ধৌত করার অনুষ্ঠান।

লগগি *বি.* লগি; লগী; বাঁশ দিয়ে প্রস্তুতকৃত অগভীর জলে নৌকা বাওয়ার সরঞ্জাম। 'লগগি-বৈঠা ছারা কি নাও বায়োন যায়।'

লগে *অনু.* সাথে; সঙ্গে; সহচর; সাথি; সাথী; সহগামী; সঙ্গী; নিকট; সহিত। 'আমার লগে গেলে বনদু চক্ কইরা দিমু।'

লচ *ক্রি.* নেওয়া; গ্রহণ করা; লওয়া। 'ট্যাকা নাই, এত ছামান লচ ক্যালা?'

লডর-বডর *বিণ.* ঢিলেঢালা; নড়বড়ে; শ্লথ; শিথিল-স্বভাব; অলস। 'এ্যাই লডর-বডর মার্কা রিছকায় কইরা কই যাইবার লাকচ?'

লরলরা *বিণ.* নড়বড়ে; শিথিল; অদৃঢ় মূল; ভেঙে পড়ার পূর্ব অবস্থা। 'লরলরা দাঁত লয়্যা হ্যালায় গোছত খাইবার খায়েছ কর ক্যালা?'

লন্ডিপট *বিণ.* অকাজের কাজী; অকাম; অকাম্য; অবাঞ্ছনীয়; অনভিপ্রেত। 'এই লণ্ডিপট মার্কা মানু লয়্যা আমার কাচে আহ ক্যালা?'

লনকায় *বিণ.* লংকা; শ্রীলঙ্কা। 'লনকায় যেওই যায় রাবন অইবার চায়।'

লনঠন *বিণ.* লন্ডন; ব্রিটেন; যুক্তরাজ্য। 'ফুরিনার মেম বিয়া কইরা পুলায় বি লনঠন থাইক্যা যাইবার চাহে।'

লবৃজ *বি.* মুখের ভাষা; কথ্য স্বভাব; কথার মুদ্রাদোষ; শব্দ; ধ্বনি; আওয়াজ; রব; নাদ; কথা বা উচ্চারণ। 'বুড্ডা অইলে বি মুকের লবজ বদলায় নাইক্যা।'

লব্বন *বি.* লবণ; নুন; ক্ষারযুক্ত দ্রব্য। 'তরকারিতে এস্তু বেছি লব্বন দিছ ক্যালা?'

লমবর *বি.* নম্বর; সংখ্যা; ক্রমিক সংখ্যা; পরিচয়সূচক অঙ্ক; চিহ্ন বা মূল্যজ্ঞাপক সংখ্যা। 'তুমি হ্যালায় একখান চাইর ছ বিছ লমবর মার্কা চিরিয়া।'

লম্বর *বি. দ্র.* লমবর।

লয়্যা *বিণ.* লয়ে; লওয়া; নিয়ে; নেওয়া; নেয়া; বহন করা; গ্রহণ করা; মূল্য দিয়ে গ্রহণ করা। 'তুমারে লয়্যা চক করবার আয়্যা আমার মরণ অইচে।'

লয়েল বেনগল *বিণ.* রয়েল বেঙ্গল; বাঘ যা বাংলাদেশের জাতীয় পশু হিসেবে স্বীকৃত। 'বংগোবন্দু ছেক মুজিব লয়েল বেনগল বাগের লাহান ছামনে থাইকা নেতা অয়্যা লরচে।'

লরাদছা *বিণ.* খারাপ আর্থিক অবস্থা। 'দুকানে চুরি যাইবার বাদে আমার অবচতা লরাদছা অয়্যা গেচে।'

লহু *বি.* রক্ত; রক্তিম; শোণিত; রুধির; দেহের শিরা ধমনি প্রভৃতিতে প্রবাহিত শ্বেত ও লালকণিকায় প্রস্তুত তরল পদার্থ। 'ছমুন্দুর বোঝাই কত দুঃখের ব্যাতাবার কতনা লহুর বান।'

লয়োন *ক্রি.* নেওয়া; নিয়ে যাওয়া। 'আইজ কাইলের মইদ্যে মালটা লয়োন লাগব।'

লংকরখানা *বি.* লঙ্গরখানা; গরিব মিসকিনকে যেখানে বিনামূল্যে বাসস্থান ও খাদ্য পরিবেশন করা হয়; সাধারণের রান্নাঘর। 'দ্যাছে

অকাল পরলে গরীবগো লাইগা লংকরখানা বানাইবার অহে।'

লাইওর *বি.* নাইওর; বিবাহ পরবর্তী অনুষ্ঠান; নাইয়র; নায়র; বিবাহিতা নারীর বাপের বাড়ি যাওয়া; বাপের বাড়িতে স্ত্রীলোকের কিছুদিনের জন্য অবস্থানকরণ। 'হ্যাই দিকে পাকি ছেনাগো খবরপাত্তি না পায়া তাগো বউ- বেটীরা লাইওর গিয়া আর ফিরৎ আহনের নাম নিতাচিলনা।'

লাইগা[১] *অনু.* লেগে; লাগি; লাগিয়া; হন্যে; তরে; নিমিত্ত; হেতু; উদ্দেশ্য। 'দ্যাছের বালার লাইগাই কাম করতাচি।'

লাইগা[২] *ক্রি. বি.* লেগে; লাগা; খাপ খাওয়া; বিদ্ধ হওয়া; আটকানো; পৃথক না হওয়া; মিলিত। 'ফেরেচতারা তাগো খেদমতে দিন রাইত লাইগা রইচে।'

লাইছেন *বি.* লাইসেন্স; ব্যবসা বা বিশেষ বিশেষ অস্ত্র এবং নিষিদ্ধ কোনো দ্রব্য রাখার ও ব্যবহার করার সরকারি অনুমতি। 'তুমরা লাইছেন ছারা অছতরো লইয়া মিচিলে গেচ ক্যালা?'

লাইথায়া *ক্রি.* লাথি মেরে। 'লাইথায়া বানগার পারে ফাটকের তালা।'

লাইপ *বিণ.* লাইফ; জীবন; প্রাণ; শক্তি; জীবনচরিত; উৎসাহ-উদ্দীপনা। 'লাইপ বি একটাই, আহনা হ্যালায় ফুরতি কইরা মরি।'

লাইফেল *বি.* রাইফেল; বন্দুক; এক প্রকার আগ্নেয়াস্ত্র। 'ফাইটার, ত্যাং, লাইফেল দিয়া গণতনতো বাচায়া রাখন যায় না।'

লাইলাতুল কদর *বি.* সম্মানিত রাত্রি; মুবারক রাত; ইসলামি শাস্ত্রমতে রমজান মাসের শেষ দশদিনের কোনও একটি বেজোড় রাত; অনেকের মতে সাতাশে রমজানের রাত, এই একটি রাতের ইবাদতের পুণ্য হাজার মাসের ইবাদতের তুল্য।

লাওয়ারিছ *বিণ.* লাওয়ারিশ; লাওয়ারেশ; লাওয়ারেস; উত্তরাধিকার শূন্য; বংশধরহীন; দাবিদার বা মালিকশূন্য। 'লাওয়ারিছ জমিটা ছরকারি দকলে চইলা গেল।'

লাউয়ের মিষ্টান্ন *বি.* পানি কদুর পায়েস।

লাক *বিণ.* লাখ; একশো হাজার। 'দিনে দুফুরে চোরা কারবারি করলে লাকপতি অইতে কয়দিন লাগে?'

লাকপতি *বি.* লাখপতি; লাখে লাখে; লাখো লাখো; বহু;

অসংখ্য; অগণিত; অগণ্য। 'লাকপতিরা গবীরগো মানু কয় না।'

লাখান *বিণ. দ্র.* লাহান।

লাগ *ক্রি. বি.* নাগাল; সংস্পর্শ; নৈকট্য; সামীপ্য; আপন হিসেবে পাওয়া। 'পীরের লাগ পাইতে অইলে আরামবাগ, যাতরাবারি, ছাইদাবাদ যাইবার পার।'

লাগামছারা *বিণ.* লাগামহীন; অসংলগ্ন; যথেচ্ছাচারী; স্বেচ্ছাচারী; অবাধ; অবারিত; অসংযম। 'লাগামছারা কতা কয়োনের লাইছেন মানে গনতনতো না।'

ল্যাঙ্গট *বি.* জাইংগা; পুরুষের অন্তর্বাস; নেংটি; নেংটী; লেংটি; কৌপনী; ছিন্ন মলিন বস্ত্র। 'ল্যাঙ্গট একটা পোছাক, তার আবার বুক পকেট!'

লাছ *বি.* লাশ, লাস; শব; মৃতদেহ; মরদেহ; মড়া। 'দেকলাম বুরিগনগায় একটা মানুর লাছ বাইছ্যা রইচে।'

লাছটো *বিণ.* সর্বশেষ। 'আমার দরমো ইচলাম এইটাই আমার লাছটো কতা।'

লা-জওয়াব *বিণ.* নিরুত্তর; হতভম্ব; বিমূঢ়; জব্দ; উত্তরশূন্য; জবাবহীন; লা-জবাব; নির্বাক; নীরব। 'উজবুকের লাহান লা-জওয়াব অয়্যা রইচ ক্যালা?'

লাটু *বি.* লাটিম।

লাটে উটা *বিণ.* ব্যবসায় মার খাওয়া; ভাঙা; নষ্ট; বিপর্যস্ত; ভূমিশায়ী; নির্জীব; শোচনীয় অবস্থাপ্রাপ্ত। 'কইবার লাকচে ছরকার আগায়া আইয়া তাগো বারতি ছুবিদা না দিলে ব্যবছা লাটে উটব।'

লাড্ডু *বি.* এক প্রকার মিষ্টি খাদ্য বিশেষ; লাড়ু; নাড়ু। 'দিল্লীকা লাড্ডু যে খায় হে বি পস্তায় যে না খায় হেও বি পস্তায়।'

লারা *ক্রি. বি.* নাড়াচাড়া দেওয়া; ঝাঁকুনি; 'উই পারেতে ছোহাগ যুদি আতে লারা মারে/ ছোনার কাঙ্কন গরায়া জুম্মন খারায় এই পারে।'

ল্যারল্যারা *বিণ.* নড়বড়ে; শিথিল; অদৃঢ় মূল; ভেঙে পড়ার পূর্ব অবস্থা। 'আট মাহিনা আইতে না আইতে মুকতিরা ঢাহা ছহরে ঢুইহা সব কুচ ল্যারল্যারা কইরা ফালাইচিল।'

লাত্তিমারা *দ্র.* লাইথায়া।

লাথ *বি.* লাথি; পদাঘাত; পায়ে আঘাত; পায়ের দ্বারা আঘাত; পদপ্রহার। 'গুরার পিচে মুনিব গেলে বি লাথ মারে।'

লাদ *বি.* বিষ্ঠা, লেদা; মল; লাদি; নাদ; নাদি; গবাদিপশুর বিষ্ঠা; নাদা; লাদা। 'মামদীর পোলা মামদা খাবি এ্যালায় লাদ/ বালাই খায়োন হেইগুনাতে নাই যে কুনো খাদ।'

লাদখোর *বিণ.* মদমাগিতে আসক্ত পুরুষ। 'হরদার কইচে, লাদখোরের মুখে চুনকালি মাইখ্যা দিবার।'

লানত *বিণ.* লানত; লানৎ; লাহানতি; অভিশাপ; অপমান; লাঞ্ছনা; ভর্ৎসনা। 'এ্যাই লানত আমার কপালে ক্যালা দিচ আল্লা?'

লান্নত *বিণ. দ্র.* লানত।

লাপাত্তা *বিণ.* নিখোঁজ; পাত্তাহীন; খোঁজ পাওয়া যায় না এমন; সন্ধানশূন্য; নিরুদ্দেশ। 'দালানের মালিক লাপাত্তা অয়োনে থানা পুলিছ তারে পাইতাচে না।'

লাপাত্যা *বিণ. দ্র.* লাপাত্তা।

লাম্‌বা *বিণ.* লম্বা; দীর্ঘ; দিঘল; উচ্চ; ঢ্যাঙ্গা; প্রাংশু; প্রসারিত; বিস্তৃত; আস্ফালন; বাড়ানো। 'হরদারের তয়-তদবীরের আত জব্বর লাম্‌বা।'

লাম্বা *বিণ. দ্র.* লাম্‌বা।

লায়েক *বি.* সাবালক; প্রাপ্ত-বয়স্ক; উপযুক্ত; যোগ্য; যথোপযোগী; সমকক্ষ; তুল্য; অনুরূপ। 'আমরা লায়েক অয়্যা কমর ছোজা কইরা নিজের পায়ে খারাঅয়োন হিক্যা গেচি।'

লারৎ *বি.* নিকটে; ধারে; কাছে। 'বালা চাহ্ত ত আমার লারৎ আবি না।'

লাহান *বিণ.* মত; মতো; মতোন; অনুরূপ; এইরূপ; ঐরূপ; তদ্রূপ; একই রকম; ন্যায়; তুল্য; সদৃশ; মতন। 'পুলাপান অইল ফেরচতার লাহান।'

ল্যাহা *বি.* লেখা; লিখা; ল্যাখা; বর্ণ সাজানো বা বিন্যাস করা; লিপিবদ্ধ করা। 'মাইয়াটার আতের ল্যাহা মুক্তার লাহান জ্বলজ্বল করে।'

ল্যাহাপরা *বি.* লেখাপড়া; বিদ্যাশিক্ষা; বিদ্যাচর্চা; বিদ্যানুশীলন; বিদ্যা অর্জন; লিখন ও পঠনের কাজ; লিখন ও পঠন। 'দরমে আচে ল্যাহাপরা করবার লাইগা চীন দ্যাছে বি যায়োন অহে।'

ল্যাংডা *বিণ.* ল্যাংটা; উলঙ্গ; নগ্ন; বিবস্ত্র; নেংটা; অকপট; উন্মুক্ত; উদার; খাপমুক্ত; অনাবৃত। 'নুরা পাগলার মোতন ল্যাংডা অয়্যা যাছ কই?'

ল্যাংরা *বিণ.* নেংড়া; ল্যাংড়া; খোঁড়া। 'ল্যাংরা মানুটার আতে লাঠিটা তুইলা দেও।'

লিকচে *ক্রি.* লিখেছে; লিখা হয়েছে। 'আল্লায় কপালে যেইটা লিকচে, মাইন্যা নেয়োন ছারা উপায় নাইক্যা।'

লিকতাচে *ক্রি.* লিখছে; লিখিতেছে; লিখন; লেখন; অক্ষর বিন্যাস বা সাজানো।

'চক্ষু মেইলা দেখ মিডিয়া কি লিকতাচে।'

লিখ্যা *ক্রি.* লিখা; লেখা; লিখন; বর্ণবিন্যাস; বিন্যস্ত বর্ণ; লিপিবদ্ধ করা; বর্ণ সাজানো বা বিন্যাস করা। 'দরকারি বিছয় লিখ্যা রাহোন পয়জন অহে।'

লিগা *অনু.* লাইগা; লেগে; জন্য; প্রয়োজন। 'তুমার লিগা গর বানামু চানদের দ্যাছে গিয়া।'

লিপিচটিক *বি.* লিপস্টিক; ঠোঁটপালিশ। 'ঠোঁটে লিপিচটিক লাগায়া কদম ফুলের লাহান হাছি মারলে পুলাপানে টানকি মাইরা ছিটি দিব না ক্যালা।'

লিল্লা *বি.* লিল্লাহ্; আল্লাহ্র রাস্তায় দান; আল্লাহ্কে সন্তুষ্ট করার উদ্দেশ্যে কোনো কিছু উৎসর্গ করা। 'লিল্লা বডিঙ্গে জকাত দেয়োন যায়।'

লিল্যা *বি. দ্র.* লিল্লা।

লিহাপরা *বি. দ্র.* ল্যাহাপরা।

লিয়া *ক্রি.* নিয়ে। 'কোনকালে দিলচান ফিরব বারি/ লিয়া আইব টাঙ্গাইলা তাতের ছারি।'

লুইচ্চা *বি.* লুচ্চা; লোচ্চা; লম্পট; চরিত্রহীন। 'এই বয়ছে আমরা এই রোহুম লুইচ্ছা আচিলাম না।'

লুইফা *ক্রি. বি.* লোফা; লুফা; পতনশীল বস্তু মাটিত পড়ার পূর্বেই ধরে ফেলা; আগ্রহের সঙ্গে গ্রহণ করা। 'মিডিয়া এক্টারে বালা মোতন লুইফা নিয়া পোচার করচে।'

লুইবা *বি.* ভটভটি; লতানো উদ্ভিদে জন্মানো চিকন লম্বাকৃতির সবজি বিশেষ।

লুইব্বা *বি. দ্র.* লুইবা।

লুকজ *বিণ.* লোকজ; লোক সাহিত্য বিষয়ক; ফোকলোরের একটি শাখা; লোকগল্প; রূপকথা; লোকগাথা ইত্যাদি; মৌখিক সাহিত্য। 'গেরামে রাইত জাইগা পললি গীতি, বাওইয়া, লুকজ গাহানা হুনবার মওকা চইলা গ্যেচে।'

লুকাছুপা *বিণ.* দ্র. লুপাচুপি।

লুক্ক *বিণ. দ্র.* লাক।

লুছনি *বি.* রান্নাশেষে পাতিল মোছার কাজে ব্যবহৃত ন্যাকড়া।

লুটায়া *ক্রি.* লুটা; লুটানো; লুটিয়ে; ভোগ করা; ভূলুণ্ঠিত হওয়া। 'লুটায়া দিমু কাইটা আমার বুকের ফাগুন ছুখ।'

লুটিপুটি *ক্রি.* লুটিয়ে পড়া; অতিরিক্ত উচ্ছলিত হওয়া। 'পুবে ছুরুজ দেইখ্যা আমি লুটিপুটি খাই।'

লুটেরা *বিণ.* লুটতরাজকারী; জোরপূর্বক গ্রহণ; কেড়ে নেওয়া। 'হালাল রুজির খায়োন-দায়োন লুটেরাগো পেটে ছয় না।'

লুতুপুতু *বিণ.* আলস্য; অসুস্থতার ভাব; জড়তার ভাব; শরীর ম্যাজম্যাজ করা। 'ছোমবারে মোন বালানা গতর লুতুপুতু।'

লুপাচুপি *বি.* লুকোচুরি; লুকাচুরি; নিজের অবস্থা লুকিয়ে অন্যের ক্ষতির চেষ্টা করা; ছাপাছাপি; গোপন রাখা; গোপনীয়তা। 'লুপাচুপি থুইয়্যা মোন খুইলা কতা কও।'

লুব *বি.* লোভ; লিপ্সা; কামনা; কাম্য বস্তু পাওয়ার প্রবল বাসনা। 'বেছি লুবে কপাল নছটো অহে।'

লেইখা *ক্রি. দ্র.* লেইখ্যা।

লেইখ্যা *ক্রি.* লিখে; লিখা; লেখা; অঙ্কিত; অক্ষরবিন্যাস বা সাজানো; লিপিবদ্ধকরণ। 'কাগজে যা কইবেন নিজ আতে লেইখ্যা দিমু।'

লেইগা *অনু.* লাইগা; লেগে; জন্য। 'বাতে না মারলে বি পানিতে মাইরা ছাইরা দিমু/ জনমের লেইগা চাবি মাইরা বন্ কইরা দিমু।'

লেইষ্য *বিণ.* নেয্য; ন্যায্য; ন্যায়গত; যথার্থ; যথোপযুক্ত। 'কর্মের যোইগ্য ফল লেইয্য বিচার।'

লেওরা *বি.* লেওড়া, পুরুষের যৌনাঙ্গ; পুরুষাঙ্গ।

লেকলে *ক্রি.* লিখলে; লেখা হলে। 'কি নামে লেকলে নালিছ করব বি অনুতাপ?'

লেগা *বি.* লেগে; জন্য; নিমিত্ত; হেতু; কারণে; নিবন্ধন; দরুন; উদ্দেশ্য; প্রয়োজন। 'গায়ে থাকলে ছহরের লেগা মোন কান্দে/ শহরে ফের আইছাই পরে যায় ফান্দে।'

লেছরানো *ক্রি. বি.* খোড়ানো। 'দেইখ্যাত মোনে অহে বছরতমাক পাও লেছরানো লাগব।'

লেটেছ *বিণ.* লেটেস্ট; সর্বশেষ; অত্যাধুনিক। 'মাস্তানী ছব পুরান

খাতা, ক্যাডার হইল লেটেছ্
কতা।'

লেডি *বিণ.* রেডি; প্রস্তুত; তৈরি; নির্মিত; সম্পাদিত। 'চিড়িয়াখানায় যায়োনের লাইগ্যা বাছার ছপ্তে লেডি অয়্যা রইচে।'

লেডিও *বি.* রেডিও; বেতার যন্ত্র। 'লেডিওতে ছাদীন বানগালা বেতার কেনডের অনুচটান পরচার. কইরা বানগালিগো ছরিলে ছাদীনতার আগুন জ্বলায়া দিচিল।'

লেডীগাড়ী *বি.* বুক্কি।

লেতা *বি.* নেতা; পথপ্রদর্শক; পরিচালক; নায়ক; সেনাপতি; প্রধান; অগ্রণী; অগ্রগামী। 'লেতা অইবার চাইলে হিক্যা আর মাতা দুই বি লাগে।'

লেন *বি.* নেওয়া; নেয়া। 'লেনের বেলায় ছোল আনা দেনের বেলায় ফাঁকি/ মা-বইনেগ বেহাল ইজ্জত কীমুন কইরা ঢাকি?'

লেনগুর *বি.* লেজ; লাঙ্গুল; পুচ্ছ। 'মচলির লেনগুর দইরা কাম অহেনা।'

লেনজা *বি.* লেনগুর।

লেঞ্জা *বি. দ্র.* লেনগুর।

লেবাছ *বি.* লেবাস; পোশাক; পরিচ্ছদ; বেশ; বস্ত্র। 'আইজকাইলের পুলাপানের লেবাছ টেবাছের তাছির বালানা।'

লেমবু *বি.* লেবু; একপ্রকার অম্লরসাত্মক ফল; ডিম্বাকৃতির টক উপাদেয় ও স্বাস্থ্যসম্মত রসসমৃদ্ধ ফল বিশেষ। 'লেম্‌বু চিপ্পা তিতা কইরা লাব নাইক্যা।'

লেম্বু *বি. দ্র.* লেমবু।

লেবেন চুছ *বি.* লজেন্স; ক্যান্ডি। 'হারাইলাম যে হুঁছ/ বোকার লাহান মুখে অহন চুছছি লেবেন চুছ।'

লেমপোছ *বি.* লাইটপোস্ট; আলোর খুঁটি। 'মাতোয়াইলা লেমপোছরে কয় দোছ নিকি?'

লেল *বি.* রেলওয়ে; রেললাইন। 'ঢাহা ছহরের সবগুনা লেল লাইনের উপ্রে ফেলাই উবার বানাইবার কাম আগে নেয়োন উচিৎ আচিল।'

লেলগারি *বি.* ট্রেন; রেলগাড়ি; রেললাইনের উপরে ইঞ্জিনের দ্বারা চালিত বগিসমূহ। 'মুকতিগো ডিনামাইটের ডরে লেলগারি চালান বন অয়্যা গেচিল।'

লেহাজ *বি.* লাজ; লজ্জা; সরম; সরমেন্দা; লজ্জাকর; লজ্জশরম;

শিষ্টাচার; ভদ্র ব্যবহার; নম্র আচরণ; আদব-কায়দা; । 'খান ছাবের মাইয়্যাগুনার কুনো লেহাজ নাইক্যা।'

লেহান[১] *বি. দ্র.* লাহান।

লেহান[২] *বিণ.* জিহ্বা; জবান; কথা বলার ক্ষমতা; যা দ্বারা লেহন করা যায়; রস আস্বাদন করার ইন্দ্রিয়; রসনা; জিভ। 'আল্লায় বালা লেহান দিচে মিঠা বাতউত পারনের লাইগা।'

লোওর *ক্রি. দ্র.* লৌর।

লোকমা *বি.* লুকমা; গ্রাস; নির্দিষ্ট পরিমাণ খাদ্য যা একবারে মুখে দিয়ে গিলতে পারা সম্ভব। 'আমি রাইতের বেলা আট/দছ লোকমার বেছি বাত খাইনা।'

লোচকান *বি.* লোকসান; ক্ষতি; মূল দর অপেক্ষা কম মূল্য; পণ্যদ্রব্যের বিনিময়ে মূলদরের অপেক্ষাও কম মূল্য প্রাপ্তি। 'পোলায় যহন যা চায় তহন তাই দিতাচি, তাও বি তেজারাততে লোচকান দেয়।'

লোট আইছে *ক্রি.* ফিরে এসেছে; প্রত্যাবর্তন করা; আগমন করা। 'হারামিটা লোট আইছে কোনখান থনে।'

লোম্বা *বি.* লোম; চুল; মাথার লম্বা চুল; বাবরী; বাবরি; রোম; কেশ; শরীরে জাত সূক্ষ্ম কেশ। 'তুমার কতায় আমার লোম্বা খারাইয়া গেচে?'

লোল *বিণ.* লালা; লোলুপ; লোভাতুর; লালসাময়; লকলকে দীর্ঘ প্রসারিত ও চঞ্চল। 'বখরা খাইবার লাইগা তোমগো লোল ঝর ঝর কইরা পরতাচে।'

লোয়া *বিণ.* লোহা; লৌহ; লোহার তৈরি। 'ছোনা দিয়া করবি ঢালাই ব্যাবাক লোয়ার মুখ।'

লৌকি *বি.* মহররমের অনুষ্ঠানকালে ব্যবহৃত কাঠ, বাঁশ, রঙিন কাপড় এবং কাগজের ঝালর দিয়ে তৈরি এক ধরনের ঝাড়বাতি।

লৌর *ক্রি. বি.* দৌড়; বেগে গমন; ধাবন; ছুট; উদ্দামভাবে সশব্দে চলাফেরা। 'আগ্রা কি এত কাচে যে লৌর দিয়া পওছায়া তাজমেহেল দেইখ্যা আয়োন যাইব।'

হ

হইমু *ক্রি.* হওয়া; বর্তমান বা বিদ্যমান বা উপস্থিত থাকা। 'আমি হইমু রানগা দুলহান দিলের আগরবাত্তি।'

হইরা *ক্রি. দ্র.* ছইরা।

হইলদা *বিণ.* হলদে; হলদি; হলদী; হরিদ্রা; হলুদ; হলুদ রঙ; হলদি রঙের নাম। 'বিনা লাইছেনে গ্যারি চালাইবার গেলে হইলদা জ্যেকেত পরা ছারজেনে দরলে খবর আচে।'

হহজ *বিণ.* সহজ; সোজা; সরল; স্বাভাবিক; অনায়াসে; অকঠিন; বিনাকষ্টে; অল্পে যা বোধগম্য হয়। 'আমারে ঠকানো এত্ত হইজ না।'

হক *বি.* ন্যায্য অধিকার; ন্যায্য স্বত্ব; দাবি; ন্যায্য কথা; প্রকৃত; সত্য; যথার্থ; সঙ্গত। 'হত্যবাদী মানু হক কতা কইতে ডরায় না।'

হকতি *বি.* শক্তি; ক্ষমতা; সামর্থ্য; বল; বলবান; শক্তিমত্তা; শক্তিশালী। 'আমরা ঠিক কাম আর পাবলিকের হকতি মনে রাইখাই চলি।'

হকতো *বিণ.* শক্ত করে; দৃঢ়; মজবুত; ভাঙা কঠিন এমন; অনমনীয়। 'এইটারে হকতো কইরা আকরায়া দরলে পিচলায়া পরনের চানচ নাই।'

হকদার *বি.* দাবিদার; প্রাপ্য; পাওয়ার উপযুক্ত; পাওনা; লভ্য। 'হকদার মানুরে ঠকানো ঠিক না।'

হক্কল *বিণ.* সকল; ; প্রত্যেক; সবাই; সমস্ত; সব; সবগুলি; সমুদয়; তামাম; সর্ব। 'আহ হক্কলে মিল্যা ছপৎ লই আর রাচতা বন করুম না।'

হকাল *বি. বিণ.* সকাল; প্রাতঃকাল; ভোরবেলা। 'হকালের বাছাত বহুত কামে দেয়।'

হক্কাল *বি. দ্র.* হকাল।

হকিকত *বি..* বাস্তবতা; বাস্তব বিষয়; সত্য ঘটনা; প্রকৃত; যথার্থ; সত্তাযুক্ত; ইন্দ্রিয়গোচর। 'আমরা নারানগুনজ দিয়া ছুরু কইরা ছময়ের হাল হকিকত নিয়া বহুত কথা পারলাম।'

হকিম *বি.* হাকিম; হাকীম; ইউনানী চিকিৎসক; তিব্বী কবিরাজ; বিজ্ঞ; জ্ঞানী। 'আগিলা ছোময়ে হাকিমরাই আচিল বালা ডাকতর।'

হগল *বিণ.* দ্র. হক্কল।

হচতা *বিণ.* সস্তা; কম দাম; অল্প দাম; স্বল্পমূল্য; সুলভ। 'হচতায় কিনবার চাইলে ফছতাইতে অহে।'

হচতা বুলি *বি.* সস্তা কথা; সহজ কথা; কথার কথা। 'তুমরা ছরকাররে চাপ রাখনের লাইগা খালি খালি দরমের হচতা বুলি দিতাচ।'

হজ্জ *বি.* জিলহজ চান্দ্রমাসে নির্দিষ্ট স্থানে ইহ্‌রাম বাঁধা; ৯ই তারিখে মক্কার অদূরবর্তী আরাফাত ময়দানে অবস্থান ও পরে কা'বা তওয়াফ সম্বলিত ইসলামি অনুষ্ঠান। 'আমি দুইবার হজ্জ কইরা আইচি।'

হজাগ *বিণ.* সজাগ; জাগরূক; জাগন্ত; জেগে থাকা; জেগে আছে বা ঘুমায়নি এমন; জাগ্রত; নিদ্রাহীন; অতন্দ্র। 'অমরত্ব বিলাও তাঁর কাইব্য লক্ষ্মীর হজাগ মন্দিরে।'

হজারু *বি.* সজারু; শরীরে লম্বা কাটাওয়ালা বন্য প্রাণী।

হটাৎ *বিণ. দ্র.* আত্‌কা।

হটায়া *ক্রি.* হটিয়ে; সরিয়ে; তাড়িয়ে; বদলিয়ে; অপসারিত করে। 'আমরা দ্যাছবাছি ছব কিচিমের ছরযনতো হটায়া মাথা উচা কইরা বুক ফুলায়া ছোনার বাংলা গরার কামে আগায়া যামু।'

হটুম *ক্রি.* হটা; সরে যাওয়া; স্থান বদলানো; পথ ছাড়া; নির্গত বা অপসারিত হওয়া; স্ফুরিত হওয়া; পলায়ন করা; সরিয়ে ফেলা; স্থানান্তরিত করা। 'আমরা ইমান বাচাইবার লাইগা জান কুরবান করতে এক পাও পিছে হটুম না।'

হত্য *বি. বিণ. দ্র.* ছইত্য।

হতগনাগুছটি *বি.* চৌদ্দগুষ্ঠি; পূর্বপুরুষ। 'আমি বি তোমার লগে ছুইন্যে কমর বান্দি/ হতগনাগুছটির লিগা মাইদ্যে মাইদ্যে কান্দি।'

হদাই *বি.* সদাই; সদায়; পণ্যদ্রব্য; বেসাতি; সওদা। 'আমি হপ্তায় দুই দিন বাজার-হদাই করি।'

হদিছ *বি.* হদিস; হদিশ; খোঁজ-খবর; সন্ধান; দিশা; পথ; কূলকিনারা; নির্দেশ। 'বহুত খুজ-খবর কইরা বি পুলার হদিছ পাই নাইক্যা।'

হনমান *বি. দ্র.* ছনমান।

হপ *বিণ.* হাফ; অর্ধেক; অর্ধাংশ; দুইভাগের এক ভাগ। 'পারলে পুরাটা অও, আইজকালের হপ মলনা অইয়া ফায়দা নাইক্যা।'

হপত *বি. দ্র.* ছপত।

হপৎ *বি. দ্র.* ছপত।

হপন *বি.* স্বপন; স্বপ্ন; সুপ্ত বা নিদ্রিত অবস্থায় কোনো বিষয়ে প্রত্যক্ষ অনুভব; কল্পনা। 'জাইগা হপন দেখোনের মইদ্যে কুনো ফয়দা নাইক্যা।'

হপায় *বিণ.* মাত্র; এইমাত্র; সবেমাত্র; এখন; এতক্ষণে; এক্ষুণি। 'হপায় আইজ চাইর আছামী কোর্টে হাজির করব।'

হপ্রি আম *বি.* পেয়ারা; ছোট, মাঝারি বিভিন্ন আকৃতির ফল পেয়েরা। এর সুমিষ্ট রস প্রচুর উপাদেয়।

হব *বিণ.* সব; সকল; সমস্ত; তাতাম। 'তুমার লগে হব মানু এক কাতারে খারায়া রইচে।'

হমজায়া *ক্রি. বি. দ্র.* ছমজায়া।

হময় *বি.* সময়; কাল; আমল; দিনকাল; ঋতু। 'অহনো হময় আচে, বিচ্ছু ব্যাংকের কতা মাইনা কামে আত দেও।'

হমাজ *বি.* সমাজ; সম্প্রদায়; পরস্পর সহযোগিতা ও সহানুভূতির সঙ্গে বসবাসকারী মনুষ্যগোষ্ঠী; একজাতীয় প্রাণীর দল বা সমাবেশ। 'দরমের নামে বেছতি কতা হমাজে চালাইয়া দিতাচে।'

হমানে *বিণ.* সমানে; এক নিয়মে; একতালে। 'দ্যাছের মানুর লাইগা হমানে কাম কইরা যাইতাচে।'

হয়োর *বি.* শ্বশুর; স্ত্রী বা স্বামীর পিতা।

হরদম *বিণ.* হর; প্রতি; প্রত্যেক; বিবিধ; নানা; বিভিন্ন। 'উল্লুক কা পাঠ্ঠায় হরদম মিছা বাত পারে।'

হরদার *বি. বিণ. দ্র.* ছরদার।

হরদারী পাগড়ি *বি.* মহল্লার সকলে মিলে সর্দারকে পাগড়ি পরাবার অনুষ্ঠান।

হরায়া *ক্রি..* সরিয়ে নেওয়া; স্থান বদলানো; স্থানান্তরিত করা। 'নাচতে নাইমা গোমটা হরায়া না ফালাইলে নাচনা জমে না।'

হরেক *বিণ.* বিবিধ; নানা প্রকার; এক-এক; বিভিন্ন; নানা রকম। 'হরেক রোহম বায়না লয়্যা আমার কাচে আহ ক্যালা?'

হলকুম *বি.* হোলকুম; কণ্ঠনালি; গলা; গলনালি; বাগযন্ত্র। 'বিচ্ছুগুলার প্যাদানীর চোটে মছুয়াগো হল্‌কুম বন অয়্যা গেচিল।'

হলফ *বি.* হলপ; হলোফ; সত্য বলার জন্য শপথ করা হয়; দিব্য; শপথ। 'আমি হলফ কইরা কইবার পারি, যা কইচি হত্য কইচি।'

হল্লা চিল্লা *বি.* ডাক-চিৎকার; চিল্লাচিল্লি উচ্চ সুরে আওয়াজ করা; চিৎকার করা। 'ইচলামের বিরুদদ্যে হল্লা চিল্লা কইরা বুছ ছাব কি করবার পারচে?'

হল্লা-পাল্লা *বি. দ্র.* হল্লা-চিল্লা।

হলুদ কোটা *বি.* গায়ে হলুদের আগে হলুদ কোটার অনুষ্ঠান।

হল্লা *বি.* কোলাহল; গোলমাল; সমস্বরে চিৎকার। 'চুর পলানের বাদে পুলিছ আয়্যা হল্লা চিল্লা ছুরু করল।'

হহজ *দ্র.* হওজ।

হহুর *বি. দ্র.* হয়োর।

হৎ *বিণ.* সৎ; নির্দোষ; দোষ রহিত; দোষ বর্জিত; অপরাধ নেই এমন; নিরপরাধ; নিখুঁত; ত্রুটিহীন; কলঙ্ক রহিত। 'এমুন হৎ মানুষটারে লয়্যা খরাব কতা কও ক্যালা?'

হৎ বাপ *বি.* সৎ বাপ। 'হৎ বাপ আর হৎ মার আনটারে থাইক্যা ইলেকছোন করলে দ্যাছের মান থাকব না।'

হৎ মা *বি.* সৎ মা। 'হৎ মায়রে হৎ মা কইলে হৎ বাপেরে মানু কি কয়া ডাকে?'

হাইছা *ক্রি.* হেসে; হাসি; হাস্য; হাসা; খুশি; হেসে ফেলা; হাসি দেওয়া; রঙ্গরস; আনন্দময়। 'দুই ট্যাকা খরচায় গুরার গারীৎ উটবার চাইচেন দেইখ্যা আমার গুরায় বি হাইছা উটছে।'

হাইট্যা *ক্রি.* হেটে; হাঁটা; পায়ে চলা; পায়ে হাঁটা; পদব্রজে চলন; হাঁটুনি; হাঁটন। 'বহুত দূর হাইট্যা যাইতে অইব।'

হাইদ্যা *ক্রি. বি.* সেধে; স্বেচ্ছায়; ইচ্ছাকৃত; নিজের ইচ্ছায়; নিজে নিজে আপন ইচ্ছা; স্বাধীন ইচ্ছায়; নিজের ইচ্ছামতো আচরণ; যথেচ্ছাচারী। 'বানগালিগো লগে জং করাটা ইয়াহিয়ার হাইদ্যা মরনের নাহাল আচিল।'

হাইদ্দা *ক্রি. দ্র.* হাইদ্যা।

হাইরা[১] *ক্রি.* হেরে যাওয়া; পরাজয়; পরাভূত; পরাস্ত; হারিয়েছে এমন। 'তুমরা হাইরা গিয়া রাচতা বন করবা এইটা আমরা বালা কইরা জানি।'

হাইরা[২] *ক্রি..* সেরে দেওয়া; চালু করা। মেছিনটা বালা কইরা হাইরা দেও।

হাইছ্যা *ক্রি. দ্র.* হাইছা।

হাউ-কাউ *ক্রি. বি.* হইচই; হট্টগোল; গণ্ডগোল, চেঁচামেচি; গোলমাল। 'ঠান্ডা মাতায় কতা না পাইরা হাউ-কাউ করলে কুনো লাব অইব না।'

হাউরী *বি.* শাশুড়ি; শ্বশ্রূ; শাশুড়ী; স্বামী বা স্ত্রীর মাতা। 'দেশ ছাদীন অইলে রাজাকারের হাউরী বি দামান্দরে থাকনের জাগা দিবার চাহে নাইক্যা।'

হাউয়া *বি.* যোনি; স্ত্রী যৌনাঙ্গ (ঘৃণ্য গালি বিশেষ)। 'তুই ফারা

হাউয়া লয্যা এত্ত মানু হামাল দেছ ক্যাম্বে?'

হাউয়ার পুলা *বি.* যোনি জাত পুত্র (তুচ্ছার্থে গালি বিশেষ)। 'হাউয়ার পুলারে কইয়া দে আর মাল ছামানা দিবার পারুম না।'

হাউয়া মারানী *বি. বিণ.* অবৈধ যৌনসঙ্গমকারী নারী; চরিত্রহীন নারী (ঘৃণ্য গালি বিশেষ)। 'এই হাউয়া মারানি বুটার লিস্টে তর নাম নাইক্যা।'

হাউয়ার গরের হাউয়া *বি. বিণ.* বেশ্যার মাইয়া বেশ্যা (ঘৃণ্য গালি বিশেষ)। 'হাউয়ার গরের হাউয়ায় এত ত্যারা কতা কয় ক্যালা?'

হাওয়া *বি.* বাতাস; বায়ু; হাওয়া; সংস্রব; প্রভাব। 'গানগের পারে গুইমা হাওয়া-বাছাত খাইলে ছরিল এমতেই বালা থাকে।'

হাকাইয়া *ক্রি.* হেঁকে; হাঁকায়া; হাঁকা; উচ্চস্বরে ডাকা; শোরগোল; দর্প বা বেগের সঙ্গে চালানো। 'আমরা পুরান ঢাকাইয়া/ থাকি অহন না খাইয়া/ তোমরা চলো ঢাকার বুকে/ এসি গারি হাঁকাইয়া।'

হাকারি *বি.* শাঁখারি; শাঁখারী; শঙ্ককার; শঙ্কবণিক; শঙ্কব্যবসায়ী। 'আইজকাইল হাকারিগো পুলারা বাপ-দাদার বেবছা ছাইরা দিবার লাকচে।'

হাগ আলু *বি.* শাগ আলু; সাদা জাতীয় অপেক্ষাকৃত কম মিষ্টি খাদ্য বিশেষ। মাটির নিচে ফলনশীল।

হাগর *বি. দ্র.* ছমুদ্দুর।

হাগ-হবজি *বি.* শাক-সবজি; কাঁচা বা সবুজ তরকারি; রেঁধে খাওয়ার যোগ্য এক ধরনের উদ্ভিদ বা লতাপাতা। শাকের মাঝে আছে যেমন : পালং শাক; নটে শাক; কলমি শাক; পুঁইশাক; লাউশাক; মিষ্টি আলুর শাক; কুমড়া শাক; লাল শাক; কলই শাক; মটর শাক; মেথি শাক; সরিষা শাক; পাট শাক; খেসারি শাক; মুলা শাক; ডাটা শাক; শাপলা; কচুশাক; মালঞ্চ; হেলেঞ্চ; উখরা; ঢেঁকি শাক; পিপল; ঠানঠানিয়া ইত্যাদি। সবজীর মধ্যে পাওয়া যায় যেমন: ডাটা; লাউ; চালকুমড়া; শালগম; মুলা; গাজর; পাতাকপি; ফুলকপি; ঢেঁড়শ; টমেটো; কপি; বেগুন; পটল; শিম; ধুনছল; ঝিংগা; সাজনা; বরবটি; মটরশুঁটি; শিমের বিচি; কচু; কচুরমুখি: করল্লা; কাঁচাকলা; কাঁচাপেঁপে; শশা; গোলআলু; চিচিঙ্গা; তরই ইত্যাদি।

হাঙ্গামা *বি.* হাঙ্গাম; হেঙ্গাম; হেঙ্গামা; হ্যাঙ্গামা; দাংগা; লড়াই; মারামারি; গোলমাল; ফেসাদ; উৎপাত; বিপত্তি। 'দাঙ্গা-হাঙ্গামা বালা মাইনের কামনা।'

হাচা *বিণ.* সত্যি; সত্য; সত্যিকার; সত্যিকারের; প্রকৃত; যথার্থ; অমিথ্যা; বাস্তব; নির্ভুল; সাচ্চা; অনশ্বরত্ব; নিত্যতা; সত্তা; বিদ্যমানতা; প্রতিজ্ঞা; শপথ; দিব্য। 'ছাদে বান্দি মাচা/ কাকের লাহান বাচা/ কথা মগর হাচা।'

হাচামাছি *বিণ.* সামান্য; অল্প; খুব কম। 'হাচামাছি নিমক দেও।'

হাচাহাচি *বিণ.* প্রফুল্ল; আনন্দময়; আত্মহারা হওয়া; হাসাহাসি; রঙ্গরস; রঙ্গরসিকতা; ঠাট্টা; তামাশা; উপহাস। 'এমুন কাম করবার চাইওনা যেইটা দেইখা ছমাজের মানু হাচাহাচি করবার পারে।'

হাচি *বি.* হাসি; হাস্য; হাসা; খুশি; আনন্দের মিশ্রিত ভাব; আনন্দে পরিপূর্ণ; রঙ্গরস; প্রফুল্ল; আনন্দময়। 'হকালে নিম থনে উইটা বিবি ছাবের হাচি মুক না দেকলে দিনটা মাটি অয়্যা যায়।'

হাছিল[১] *বি.* হাসিল; আদায় করা; অর্জন করা; বুদ্ধি ও কৌশলপূর্বক কার্য উদ্ধার; সিদ্ধি; সম্পাদন; উৎপন্ন দ্রব্য; কল্যাণ; মঙ্গল; ভালো; মালের উপর শুল্ক; গরু-ছাগলাদি কেনার জন্য ইজারাদারকে দেয় মাসুল। 'হ্যাই বাজারে একছ ট্যাকায় পাচ ট্যাকা হাছিল দেয়োন লাগে।'

হাছিল[২] *বি.* অর্জন করা; হাসিল; হাসেল; বুদ্ধি ও কৌশলপূর্বক কার্যোদ্ধার; লাভ করা; আদায়; সিদ্ধি; সম্পাদন; জয় করা। 'ইয়াহিয়া দুরাছা হাছিল করবার লাইগা টিক্কারে হায়ার করচিল।'

হাছর *বি.* হাশর; পুনরুত্থান; কিয়ামত; শেষ বিচারের দিন; আল্লাহর বিচারের দিন। 'হাল-হকিকত দেইখা মোনে অইতাছে হাছরের দিন নছদিক অয়্যা গেচে।'

হাছাইলা *ক্রি.* হাসালে; হাসানো। 'দরমের মাচলা দিয়া রাজনীতির মাতউত কইরা আমারে তুমি বি হাছাইলা।'

হাছাহাছি *বিণ.* *দ্র.* হাচাহাচি।

হাছি *বি.* *দ্র.* হাচি।

হাছিছ *বিণ.* হাসিস; একধরনের মাদকদ্রব্য। 'তুমগো করমিগো হাছিছ খাওয়ায়া রাচতায় নামাও দেইকা হেরা গারিৎ আগুন দেয়।'

হাজা *বি. দ্র* ছাজা।

হাজাইচে *ক্রি.* সাজিয়েছে; সাজানো হয়েছে এমন। 'বাপ দাদারা এই ছহর বহুত খাইটা পিটা মনের মতো কইরা হাজাইচে।'

হাজান *ক্রি.* সাজানো; তৈরি বা রচনা করে রাখা। 'হাজান পাতান নিরবাচন অইবার পারব না।'

হাজলে *ক্রি.* সাজলে; সজ্জা; পোশাক; পরিচ্ছদ; সরঞ্জাম; আচ্ছাদান; আবরণ; বেশভূষা; পরিধান; সজ্জা ও উপকরণ। 'বিদ্যাছে পারি জমায়া বিন দ্যাছি ছিটিজেন হাজলে আখেরে কাম দিব না।'

হাজির *বিণ.* হাযির; উপস্থিত; আগত; বর্তমান। 'তুমার কতা মোতন হক্কাল হক্কাল হাজির অয়্যা গেলাম।'

হাঙ্গায়া *ক্রি. বি.* সাজিয়ে রাখা; দর্শনীয় করে রাখা; পরিপাটি করে রাখা। 'তার লিগা খাট-পাট, পুণ্যির খেয়াগাট হাঙ্গায়া রাখি।'

হাড্ডিগুড্ডি *বি. দ্র.* হাড়গোড়।

হাতকপালি *বিণ.* পোড়াকপালী; অভাগী; অভাগিনী। 'ছোয়ামী আরা বউটা চাইট্টা পুলাপান লয়্যা হাতকপালি অয়্যা গেল।'

হাতার *বি.* সাঁতার; সন্তরণ; পানিতে ভাসমান অবস্থায় বিচরণ। 'হেইনা রঙ্গে কাইটা হাতার বন্দু করবা তুমি খেলা/ দেকতে দেকতে রূপের নগর কাটব তোমার বেলা।'

হাতুর *বি. দ্র.* হাতার।

হাতারি-পাতারি *ক্রি. বি.* হাতিপাতি করে; কোনো রকমে তাড়াহুড়া করে। 'হাতারি পাতারি খুইলা খিল, দুক্-দুক্ বুকে/ ছরমে রাঙ্গা বাত্তির আলো, কতা নাইক্কা মোখে।'

হাদা *ক্রি. বি.* সাধা; কোনো কিছু নেবার জন্য অনুরোধ করা। 'হাদা জিনিছ ফেলইবার অহেনা।'

হাদা *বিণ. দ্র.* ছাদা।

হাদা ইন্দুর *বি.* সাদা ইঁদুর; আমাদের দেশে সাধারণত এদের দেখা যায় না। তবে ধূসর বা বাদামি রঙের ইঁদুরের মতো এর স্বভাব।

হাদু *বি. বিণ.* সাধু; ধার্মিক; ধর্মপরায়ণ; ভদ্ররীতিসঙ্গত; শিষ্ট; উত্তম; সুষ্ঠু; উচিত; উপযুক্ত; যথাযোগ্য; ফকির; সন্ন্যাসী। 'বোমা ফাটায়া মানু মাইরা এহন হাদু হাজছে?'

হাদু হাজা *বি.* সাধু সাজা; ভালো মানুষি; ভদ্র রীতিসঙ্গত। 'এই খুনিটারে হাদু হাজাও ক্যালা?'

হাদে *অব্য.* এমনিই কি আর। 'হাদে কি আর চাইরটা গরু আর আছটোটা ছাগল কুরবানি দিতাচি?'

হান *সর্ব.* টি; টা; খানা; খানি। 'জিগরহান হারা জীবুনের লাইগ্যা তুমারে দিয়া দিলাম।'

হানকি *বি.* সানকি; সানকী; ছোট মাটির থালা বা বাসন। 'কালা বিবি মালা জপে বালা বর পায়/ হানকির ওপর হানকি থুইয়া ডুগডুগি বাজায়।'

হানাফী *বি.* হানিফি; হনাফী; ইমাম আবু হানিফার মতাবলম্বী মুসলিম। 'চাইর মজহাফের একটা অইল হানাফী।'

হান্দাইন্যা *ক্রি. বি.* ঢুকানো; ঢুকা; ঢোকা; ভিতরে প্রবেশ করা; যাওয়া; ঢোকানো। 'গাথায় হান্দাইন্যা হাপের ল্যানজা দইরা টাইনা বাহার করোন যায় না।'

হান্দায়া *ক্রি.* প্রবেশ করা; ভেতরে যাওয়া; ঢুকে পড়া; ডেবে যাওয়া। 'মওকা পাইলেই হান্দায়া যামু চান ছওদাগরের লোহার বাছরে।'

হাপ *বি.* সাপ; সর্প; নাগ; অজি; উরগ; একপ্রকার সরীসৃপ। 'আনদার গরে হাপ, ব্যাবাক গরে হাপ।'

হাপ ছাইরা *ক্রি.* তৃপ্তিতে দম ফেলা; স্বস্তির নিশ্বাস ফেলা। 'ক্যাঠা কয় দ্যাছের মানু হাপ ছাইরা বাচচে?'

হাপঝাপ *ক্রি. বি.* অতি উৎসাহে লাফালাফি করা; অনর্থক আড়ম্বর করা; হইচই করা। 'মাগনা জিলেপী খায়্যা কিমুন হাপঝাপ পারবার লাকচে, দেখ।'

হাপর *বিণ.* ফাঁপর; অস্বস্তি; ফাঁফর; ফাপর; শূন্যতা। 'রাও ফরমান আলী ছেছতক মুক খুইল্যা কইল ঢাহা ছহরে গরের বিত্‌রে থাইক্যা থাইক্যা বরই হাপরে আচি।'

হাপাইয়া *ক্রি. বি.* হাঁফিয়ে ওঠা; রুদ্ধপ্রায় শ্বাসজনিত ক্লেশ হওয়া; ক্লান্ত হয়ে পড়া; ঘন ঘন বা কষ্টে শ্বাস গ্রহণ। 'দছ কদম লৌর পাইরাই হাপাইয়া গেচ?'

হাবিয়া *বি.* দোজখ; নরকবিশেষ। 'আখিরাতে আল্লার বিচারে তুমি হাবিয়ার লাকরি অয়্যা জ্বলবা।'

হামনে *বি.* সামনে; সম্মুখে; চোখের সামনে। 'হিমমত থাকলে হামনে আয়্যা কতা পারবার কও।'

হামানো *ক্রি. বি.* সামলানো; সংযত করা; সংবরণ করা; তত্ত্বাবধান করা। 'এছটোক করলে লেব এদ কিলনিকে নিয়া হামাইতে অইব।'

হামাম দিস্তা *বি.* হামানদিস্তা; পান বা কোনো কিছু ছেঁচার সরঞ্জাম; হামানদিস্তে; হাত দিয়ে কঠিন দ্রব্যাদি চূর্ণ করার উপযোগী লৌহ-পাত্র ও লৌহদণ্ড। 'আমাগো বিচ্চুগুলা রেজাকার আর মছুয়াগুলারে দইরা দইরা হামামদিস্তা দিয়া আত-পাওয়ের আঙ্গুলগুলা ছেইচ্চা দিচিল।'

হাম্মামখানা *বি.* গোসল খানা; স্নানাগার। 'অহন ছব বাছায় নিজেগো হাম্মামখানা আচে।'

হামাল *ক্রি. বি.* সামাল; সংবরণ; রক্ষা; রোধ। 'ক্ষমতার লুব হামাল দিয়া চলন বহুত কুঠিন।'

হামায়া *বি.* ঢুকে পড়া; প্রবেশ করা; স্থান নেয়া। 'এত ছাবদান থাকনের পরেও কালা বিলাই হামায়া পরচে ক্যাম্বে?'

হাম্বুলদিস্তা *বি.* মসলা কুটনি। 'আইজকাইল মানু আর হাম্বুলদিস্তা দিয়া মছলা কুটে না।'

হারচ *ক্রি. বি.* সারছ; পরিণত করা; শেষ করা; সমাপ্ত করা; রূপান্তরিত করা; পর্যবসিত; চরমে উপনীত; অবস্থান্তর প্রাপ্তি। 'কামটা তাইলে বালা মোতনই হারচ।'

হারন *ক্রি. বি.* হেরে যাওয়া; পরাস্ত হওয়া; পরাভূত হওয়া; পরাজিত হওয়া; পরাজয় বরণ করা। 'হক্কলের মনে রাখন দরকার বারাবারি অইল গিয়া হারনের দরওয়াজা।'

হারাম *বি.* ইসলাম ধর্মের বিধানে অবৈধ বা নিষিদ্ধকার্য; নিষিদ্ধ; নিবারিত; বারণ বা মানা করা হয়েছে এমন; অন্যায়; অন্যায্য; অনুচিত; বে-আইনি; বিষয়বস্তু বা প্রাণী। 'গুছ খায়োন আর হারাম খায়োন হোমান হোমান।'

হারামজাদা *বিণ.* জারজ সন্তান; অবৈধ সন্তান (ঘৃণ্য গালি বিশেষ)। 'হারামজাদার লেওরা কাইট্যা ফুলুরি বানায়া দে।'

হারামজাদি *বিণ.* জারজ সন্তান; অবৈধ সন্তান (ঘৃণ্য গালি বিশেষ)। 'হারামজাদির হাউয়া কাইট্যা আমের ফলি বানায়া ফালা।'

হারায়া[১] *ক্রি.* হারিয়ে; হারানো; পরাজিত করা; পরাস্ত করা; পরাভূত করা; পরাভূব; হার; বঞ্চিত; বিহীন। 'মুকতিরা পাকি ছেনাগো হারায়া দিবার পারব এইটা হক্কলেই জানত।'

হারায়া[২] *ক্রি. বি.* হারিয়ে যাওয়া; খোয়া যাওয়া; খোঁজ না পাওয়া; হারানো বা খোয়ানো গেছে বা নাশ হয়েছে এমন। 'ছাত দিন না দেইখ্যা মোনে করছিলাম তুমি বুঝি হারায়া গেচ।'

হারাইছ *বি.* সাঁড়াশি; সাঁড়াশী; চিমটার ন্যায় যন্ত্র; যা শক্ত করে এঁটে ধরে। 'ঠিক মোতন হারাইছ দিয়া চিপ্পা দর, কতা না কয়্যা যাইব কই?'

হারু *ক্রি. বিণ.* হেরে যাওয়া; পরাজয় বরণ করা; পরাজিত হওয়া। 'মাতা ঠানডা রাইখ্যা কাম না করবার পারলে হারু পাট্টি অয়্যা যাইবা।'

হারুপাট্টি *ক্রি. বিণ.* পরাজিত; পরাস্ত; হারিয়ে যাওয়া; হেরে যাওয়া; পরাভূত। 'ঐদিন দূরে না যেইদিন হেরা হারুপাট্টি অয়্যা কইব রাজনীতিতে জরায়া বহুত বুল অইচে।'

হারেম *বি.* হেরেম; অন্তঃপুর; অন্দরমহল; পবিত্র স্থান; স্ত্রী। 'আগিলা রাজা-বাছ্ছা বি নাই, তাগো হারেম বি নাই ক্যা।'

হাল *বি. বিণ.* অবস্থা; দশা; বর্তমান কাল; বর্তমান; উপস্থিত; আধুনিক; চলতি। 'তুমার হাল-হকিকত কইতাচনা ক্যালা?'

হাল *বিণ.* বর্তমান; চলমান; এ সময়। 'হালের হাত্তির ঝিলের মাতউত বাদ দিয়া অহন হ্যালায় পুরানা দিনের কতা পারবার চাই।'

হালকা *বি.* হাল্কা; অল্পভার; লঘু; মৃদু; ফিকা; গুরুত্বহীন; কর্মহীন। 'অল্প-ছল্প খায়্যা ছরিল হালকা-পাতলা রাখোন বালা।'

হালখাতা *বি.* নববৎসরের হিসাব নিকাশের জন্য নতুন খাতা। 'বৈছাক মাছের পইল্লা দিন হালখাতা খুলবার অহে।'

হালত *বিণ.* অবস্থা; দশা; ভাব; দুর্গতি; ক্ষেত্র; গতিক। 'ঝরে তুমগো রাজনীতির জাহাজ ডুবে ডুবে হালত অইতাচে।'

হালনা *বি.* ঘোড়ার গলায় ব্যবহৃত চামড়া।

হালাক *বিণ.* নিধন; ধ্বংস করা; শেষ করা; নিশ্চিহ্ন করা; খতম করা; হত্যা করা; শেষ করে দেওয়া; মেরে ফেলা। 'নেতা জিননা আর খাজা নাজিম উদদিন রাছটো বাছা উরদু করনের লাইগা বানগালিগ বুকে গুল্লি মাইরা হালাক কইরা দিবার চাইছিল।'

হালাল *বিণ.* ইসলাম ধর্মানুসারে বৈধ ও পবিত্র; বৈধ পথ; বৈধ কাজ; মুসলমান ধর্মের

নিয়মানুযায়ী বৈধ পশুপাখি জবেহ। 'হালাল রুজগারে বরকত বেছি।'

হালি *বি. বিণ.* শ্যালিকা; স্ত্রীর ছোট বোন। 'হালি হইল হৌর বারির মজার ছমপদ।'

হালুয়া *বিণ. বি.* মোহনভোগ; ঘি চিনি দুধ; সুজি বা অন্যান্য বস্তু সহযোগে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। যেমন : গাজরের হালুয়া; চালকুমড়ার হালুয়া; বুটের ডালের হালুয়া; মটরশুঁটির হালুয়া; মাসকটের হালুয়া; হাফসি হালুয়া; নেসস্তার হালুয়া; পেঁপের হালুয়া। 'গিয়ে বাজা পরোটার লগে হালুয়া, এর চাইত্তে বালা নাছতা অইবার পারে না।'

হাহুছ *বি. দ্র.* ছাহুছ।

হা হুতাছ *বি.* হা-হুতাশ; হা-হুতাস; আক্ষেপ ধ্বনি; শোক প্রকাশ। 'হায়েত মউত লয়্যা হাহুতাছ করোন ঠিক না।'

হায়া *বি. দ্র. লেহাজ।*

হায়াত *বি.* আয়ু; জীবন; পরমায়ু; জীবনের মেয়াদ; আয়ুরেখা; আয়ুপ্রদ; প্রাণ। 'ইয়া আল্লা, আমগো হায়াত কাইট্যা এই মাছুম বাচ্চাটারে হায়াত দেও।'

হায়োন *বি. বিণ.* শ্রাবণ; বাংলা বর্ষের চতুর্থ মাস। 'হায়োন মাছে গায়ের মানু করে দান চাছ।'

হাংগা *বি.* সাংগা; বিয়ে; বিবাহ; পরিণয়; দারপরিগ্রহ; পানিগ্রহণ। 'মাইর খায়া টিক্কা পিণ্ডিৎ পওছায়া আবার নতুন কইরা হাংগা বইবার চাইচিল?'

হ্যাইখানে *সর্ব.* সেখানে; ঐখানে। 'যেইখানে টেনদার ডরপ করবার যাই, হ্যাইখানেই দেখি খালি ছিনডিকেত।'

হ্যাইটা *সর্ব.* ঐটা; নিকটস্থ বা আলোচ্য বহু বিষয় বা পদার্থের মধ্যে উদ্দিষ্ট একটি– সম্ভ্রমার্থে টি টী; তুচ্ছার্থে টা টে।

হ্যাছ *বিণ. দ্র.* ছেছ।

হ্যাম্‌তে *বিণ.* সেভাবে; সেরূপে। 'ফান্দে পইরা বক য্যামতে কক কক করে, পাকি ছেনারা হ্যামতেই চিল্লাইবার লাকচিল।'

হ্যামে *বিণ. দ্র.* হ্যামতে।

হ্যার *সর্ব.* তার; সেজন্য; তার জন্য। 'হের গুড্ডি বাকাট্যা কইরা দিচি।'

হ্যালা *বি. বিণ.* শালা; শ্যালক; স্ত্রীর ছোট ভাই; ছোটগিরি; গালি বিশেষ। 'রাজনীতির লগে পোলা-মাইয়া, বাই-বাতিজা,

হ্যালা-হালি হক্কল খেছিরা আয়্যা চানচ লয়।'

হ্যালায় *বি. বিণ.* খেদোক্তি; গালিবিশেষ; শালায়; শালা; শ্যালক সম্পর্কীয়, স্ত্রীর ছোট ভাই। 'আবে হ্যালায় খালি খালি খোমা নাচাইবার লাকচ ক্যালা?'

হ্যালার পু *বিণ. বি.* শ্যালকের পুত্র (রঙ্গ রসাত্মক গালি বিশেষ)। 'আবে হ্যালার পু এতক্কোনে আইলি?'

হ্যালার হ্যালা *বি. বিণ.* স্ত্রীর ছোট ভাই এর শ্যালক (রঙ্গ রসাত্মক গালি বিশেষ)। 'আবে হ্যালার হ্যালায় এত্ত বালা খেইল হিকল কইথনে?'

হ্যায় *সর্ব.* সে; তিনি; কোনো ব্যক্তি; নির্দিষ্ট লোক; সেই; উক্ত; নির্ধারিত। 'বুইল্যা গেছে হ্যায় মাটির কতা/ মায়ের দুদের দেনা!'

হিক *বিণ.* শিক্ষাগ্রহণ করতে বলা; শিক্ষা অর্জন করতে বলা; শিক্ষা শুরু করা। 'হিছাব কইরা চলন হিক।'

হিকতাচ *ক্রি.* শিখে যাওয়া; বিদ্যাচর্চা; অধ্যয়ন; এলেম; বিদ্যা বা জ্ঞান লাভ। 'হিকতাচ ল্যাহাপরা মাগার রাজনীতি লয়্যা মাতা গামাও ক্যালা?'

হিকন *ক্রি. বি.* শেখা; শিক্ষা; জ্ঞান অর্জন করা। 'আছমানের মুহি চাইয়া থাইক্যা যুদি কিচু হিকন যায় তা বি বালা।'

হিকা *ক্রি. দ্র.* ছিখ্যা।

হিক্যা *ক্রি. দ্র.* ছিখ্যা।

হিক্কা *বি.* শ্বাস কষ্ট; হাঁপানি প্রভৃতি রোগ; মৃত্যুর পূর্বের কষ্ট; মৃত্যুকালে যে কষ্টদায়ক নাভিশ্বাস ওঠে। 'মুকতিগো মাইরের চোটে হীত মাহিনা আইবার আগেই পাকিগো হিক্কা উইট্যা গেচিল।'

হিকখ্যা *ক্রি. বি. দ্র.* ছিখ্যা।

হিকায়া *ক্রি.* শিখিয়ে। 'জিহাদি দরম হিকায়া আমগো মা বাপের দরম লয়্যা বারাবারি কইরো না।'

হিংগ *বি. দ্র.* হিংহ।

হিগছে *ক্রি.* শিখেছে; শিখছে; শিখতাছে। 'এমুন বেয়াদপী হিগছে কার থনে।'

হিছাব *বি.* হিসাব; হিসেব; হিশাব; হিশেব; গণনা; সংখ্যাকরণ; জমা-খরচের গাণিতিক বিবরণ; জমাখরচ নিধারণ; দর; বিচার বিবেচনা; কৈফিয়ত। 'দুনিয়াটা হিছাবের, হিছাব কইরা না চললে কুনো ফয়দা অহেনা।'

হিজনা চাইল *বি.* সিদ্ধ চাল; সিদ্ধ করা ধান হতে প্রাপ্ত বা সংগৃহীত চাল। ছব জিলার মানু হিজনা চাইলের বাত খায়না।

হিজরা *বি.* হিজড়া; হিজড়ে; নপুংসক; ক্লীব; একই দেহে স্ত্রী ও পুংচিহ্নযুক্ত মানুষ বা অন্য জীব। 'হিজরা মানু দেকলে কছটে ছিনাটার বিত্রে একটা মোচর মারে।'

হিটকায়া *ক্রি. বি.* ছিটকিয়ে; ছিটকানো; ছিটকনো; দূরে সরে যাওয়া। 'দরম লয়্যা খেলতে খেলতে তুমরা হাচা-মিছার ফারাক থাইকা বহুত ফারাকে হিটকায়া পরচ।'

হিরিক *বি.* হুজুগ; সাময়িক অনুষ্ঠান; চাপ; প্রাবল্য; আধিক্য; ভিড়; ঝঞ্ঝাট। 'তহন দেকবা আগুনের হিরিক পইরা লাইন লাইগা গ্যেচে।'

হিত্ *বি.* উপকার; কল্যাণ; ইস্ট সাধন; মঙ্গল; হিত সাধন; আনুকূল্য; সাহায্য। 'বুইদ-বিচ্ছুদে কৌরলে হিত্ গটে বিপরীত/ পাতার তলের ঢাকা মল অয়া যায় চিৎ।'

হিতল *বিণ.* শীতল; শান্ত; ঠান্ডা; স্নিগ্ধ; শৈত্যগুণ। 'হুনচি লনঠন আমরিকা নাকি খুব হিতল দ্যাছ।'

হিদায়েত *বি.* হিদায়ত; হেদায়েত; সদুপদেশ; সত্যপথ প্রদর্শন; ন্যায়পথে পরিচালন; দেশনা। 'তুমারে হিদায়েত করবার মোতন মানু পয়দা অহে নাইক্যা।'

হিনদুইরা *বিণ.* সিধুর রাঙা। 'গর পোরা গরুর লাহান আছমানে হিনদুইরা মেগ দেকলেই ডরাই।'

হিন্দুর হলদি *বি.* বিয়ের মূল আনুষ্ঠানিকতার পূর্বে বর ও কনের গায়ে আলাদাভাবে হলুদের অনুষ্ঠান। 'পুরান ঢাহার হাক্কারিগো হিন্দুর হলদি অনুষ্ঠান জমজমাট অহে।'

হিমমত *বি.* হিম্মত; হিম্মৎ; সাহস; ক্ষমতা; উদ্যম; নির্ভীকতা; ভয়হীনতা; নির্ভীক। 'হিমমত অলা মানুর লগে থাইক্যা হিকনের বহুত কিচু আচে।'

হিমপানজি *বি.* শিপাঞ্জি; একধরনের বন্য প্রাণী।

হিম্মত *বি. দ্র.* হিম্‌মত।

হিরু *বি. বিণ.* নায়ক; ছায়াছবি অথবা গ্রন্থের বর্ণনীয় প্রধান চরিত্র। 'রানা হিরু অইবার কাহানি জানা খুব ছোজা।'

হিরুইন *বি. বিণ.* নায়িকা। 'বাইচকোপে দেখন যাইত হিন্দি ফিলিমের হিরুইন কানুন দেবী,

মদুবালা ঠুট লাল কইরা খারায়া আচে।'

হিলপরা *বি.* শিলাবৃষ্টি; বৃষ্টির সঙ্গে আকাশ হতে জমাট মেঘচূর্ণের পতন।

হিল্লা *বি.* হিলে; উপায়; গতি; ব্যবস্থা; আশ্রয়; অবলম্বন। 'ছপ্তে মিল্লা বয়্যা আলুচনা করলে একটা হিল্লা বাহার অয়্যা যাইব।'

হিয়াল *বি.* শিয়াল; শেয়াল; শৃগাল; শিবা; চতুষ্পদ বন্যপ্রাণী। কৃষকের হাস-মুরগি শিকার করার ঝুঁকি নিতে অভ্যস্ত। অত্যন্ত ধূর্ত ও মানুষের কৌতূহল সৃষ্টিকারী পশু এটি। 'হিয়াল পাগলারে দেকলে হইহই করে না ক্যাঠা?'

হিং মাছ *বি.* শিং মাছ; বিষাক্ত কাঁটাযুক্ত মিঠাজলের সুস্বাদু মাছ।

হিংহ *বি.* সিংহ; পশুরাজ; কেশরী; পশুবিশেষ; উপাধিবিশেষ; রাশিবিশেষ। 'যুগ্‌গতা না থাকলে হাদে কি হিংহরে বনের রাজা কয়।'

হীত মাহিনা *বি. বিণ.* শীত মাস; ঠান্ডা সময়কাল। 'গরম মাহিনার ওয়াজ হীত মাহিনায় করলে বিপদ আচে।'

হুইক্কা *ক্রি.* শোয়া; শুয়া; শয়ন করা; শোয়ানো। 'ছোট-বরো-লম্বা-সরু সবতেই খায় জানি/ না খায়া যে হুইক্কা মরে কবি আসলাম সানী।'

হুইটা *ক্রি.* ছুটে যাওয়া; দৌড়ে যাওয়া। 'তাহা ছহরের ইতিহাছ জানন ফরয বইলা আপনের কাচে হুইটা আইচি।'

হুইত্যা *ক্রি. বি.* শোয়া; শুয়া; শয়ন করা; শোয়ানো; শয়ন করানো। 'বহুত খেইল দেহায়া অহন হুইত্যা আচ!'

হুইনা *ক্রি.* শোনে; শোনা; শুনা; জ্ঞাত হয়ে; শ্রবণ করা, কর্ণগোচর করা; অবগত হয়ে; মেনে নিয়ে। 'বেলেহাজ মাইয়্যাটার কতা হুইনা পায়ের খুন মাতায় উইঠা গেচে।'

হুইলা *বি.* হুলিয়া; আসামিকে গ্রেপ্তারের জন্য তার চেহারার বিবরণসহ বিজ্ঞাপন বিশেষ। 'পিরীত আইনে অর নামেতে হুইলা পাঠাইলাম।'

হুইয়্যা *ক্রি. বি. দ্র.* হুইত্যা।

হুকনা *বিণ.* শুকনা; শুকনো; শুষ্ক; রসহীন; নীরস; মাধুর্যহীন; লাবণ্যহীন; জলহীন; মলিন; বিষণ্ণ; অসার; ফাঁকা। 'উদ হুকনা মাটি আর পানি দুই খানে চলবার পারে।'

হুকরিয়া *বি.* শুকরিয়া; কৃতজ্ঞতা; উপকারীর উপকার স্বীকার;

ধন্যবাদ জ্ঞাপন। 'এত খরাপ মানুর দুনিয়াৎ অহনঅ গজব নাজিল না করোনের লাইগ্যা আল্লাহ্‌র কাছে বহুত বহুত হুকরিয়া।'

হুকানো *বিণ.* শুকনো; শুকনা; শুষ্ক; রসহীন; নীরস; মাধুর্যহীন; লাবণ্যহীন; জলহীন; মলিন; বিষণ্ন; অসার। 'ছরমিকের ন্যাজ্য পাওনা ছরিলের গাম হুকানোর আগে না দিলে কেয়ামতের দিনে দুজকের আগুনে পুরবার লাগব।'

হুকায়া *ক্রি. বি.* শুকিয়ে যাওয়া; শেষ হয়ে যাওয়া; মলিন; বিষণ্ন; ফাঁকা; রসহীন; নীরস। 'বুরিগনগা হুকায়া গেলে আমগো কান্দোন ছারা রাচতা থাকব না।'

হুক্কা *বি.* হুকা; হুঁকো; কাঁসা পিতল দস্তা বা মাটি দ্বারা অথবা নারকেল খোলে প্রস্তুত নলিচাযুক্ত এক প্রকার সরঞ্জাম যা তামাক খেতে বা ধূমপান করতে ব্যবহৃত হয়; মোসাহেব; তোষামোদকারী। 'হুক্কার চল ছহরথনে উইঠ্‌ঠা গেচে।'

হুকুম *বি.* আজ্ঞা; আদেশ; অনুমতি; আদালতাদির নির্দেশ। 'কতায় কতায় হুকুম কর ক্যালা?'

হুছ্ *বি.* হুঁশ; হুঁস; হুশ; হোশ; জ্ঞান; বোধ; বুদ্ধি; অনুভব শক্তি; সংজ্ঞা; চেতনা; চৈতন্য; সতর্কতা; বোঝবার বা বিচার করবার ক্ষমতা। 'এত্ত বুঝাইলাম মাগার তুমার কুনো হুছ্ অইল না।'

হুছিয়ার *বি.* হুঁশিয়ার; হুঁশিয়ারী; হুঁশ; হুঁস; হুশ; হোশ; চেতনা; জ্ঞান; চৈতন্য; সতর্কতা। 'এই মহল্লায় না আইবার লাইগা তুমারে হুছিয়ার কইরা দিলাম।'

হুজুক *বি.* হুজুগ; সাময়িক আন্দোলন; আবেগবশ্যতা; জনরব; গুজব; ঝোঁক; ফ্যাশন। 'মানু হাচাই কয়, হুজুকে বানগালি মাতে।'

হুজ্জতি[১] *বি.* দাপট; প্রবল প্রতাপ; দুর্দান্ত; প্রভাব; তেজ; সৌর্যবীর্য। '২০০৬ ছালের ইলেকছোনে বানগালি হুজ্জতি দেহায়া ইতিহাছ গরচে।'

হুজ্জতি[২] *বি.* বারাবারি; অতিরঞ্জিত করা; মাত্রাতিরিক্ত সীমালঙ্ঘন। 'বংগোবনদুর বাংলাদ্যাছে দরমের নামে কুনো হুজ্জতি চলব না।'

হুটাহুটি *ক্রি. বি.* ছুটাছুটি; অস্থিরতা প্রকাশ; তাড়াহুড়া করা; আকুল; বিহ্বল; অনিশ্চিত; অনির্ধারিত। 'তুমি বাচপান কাল থাইকা গানা হুনবার লাইগা বহুত হুটাহুটি করচ।'

হুটেল *বি.* হোটেল; রেস্টুরেন্ট; রেস্তোরাঁ। 'হুটেলে যাইয়া দেহ দিন রাইত লীল বাত্তি জ্বালাইয়া হ্যালায় কি কাম অইতাচে।'

হুতা *বিণ.* সূতা; সুতা; সুতো; নানা ধরনের আঁশ দিয়ে তৈরি সূক্ষ্ম দড়ি, যা বস্ত্রের মূল উপকরণ; যেমন : রেশমি সুতা; কার্পাস সুতা; পাটের সুতা। 'বংগোবনদু আর বাংলাদ্যাছ এক হুতায় বানদা।'

হুতায়া *ক্রি. বি.* শুইয়ে; শোয়া; শুয়া; শইয়ে; শয়ন করা; শোয়ানো; শোয়ায়ে; শয়ন করানো। 'পুলারে হুতায়া হুতায়া খাওয়ায়া বাছাৎ অলক্ষী ডাইক্যা আনবার চাও?'

হুনচি *ক্রি.* শুনছি; শুনেছি; শুনিয়াছি। 'হুনচি নোয়াবগো রোছনাই জমানায় নাকি কমবিরেঅ মানু খায় নাই।'

হুনতাচি *ক্রি.* শুনছি; শুনিতেছি। 'হুনতাচি রাজনীতির মাট গরম করবার লাইগ্যা তুমরা নাকি ঈদের বাদে বালা মোতন নামবা?'

হুনমু *ক্রি.* শোনা; শ্রবণ করা; কর্ণগোচর করা; শুনবো; শুনিব। 'তুমার কাছ থনে কিচু বালা কতা হুনমু বইলা আয়্যা পরলাম।'

হুনা *ক্রি.* শুনা; শোনা; শ্রবণ করা; কর্ণগোচর করা; পালন করা বা মান্য করা। 'হুনা কতায় কান দেয়োন বালা মানুর কাম না।'

হুনাইচ *ক্রি.* শুনিয়েছ; শোনানো হয়েছে এমন। 'কারবালার কাহানি এমুন কইরা হুনাইচ না কাইনদা পারলাম না।'

হুনাইচিলা *ক্রি.* শুনিয়েছিলে; শোনানো হয়েছিল এমন। 'ইচলাম খার লাছ কবর থনে উটাইয়া দিল্লিৎ নেয়োনের যেই কাহানি হুনাইচিলা হেইটা ফের খোলছা কইরা কও।'

হুনাইতাচ *ক্রি.* শুনাচ্ছ; শুনানি; শুনানো। 'বিনা পয়ছায় ছার দিবা হুনায়া বুট নিচ আর অহন হুনায়তাচ বিচ্ছ বাজারে মালের দাম বারচে।'

হুনামু *ক্রি.* শোনাব; শোনানো হবে এমন। 'আহ আইজ তুমারে ঢাকার আচলি ইতিহাছ হুনামু।'

হুমন্দি *বি. দ্র.* ছুমুন্দী।

হুযুগ-হুবিদা *বি.* সুযোগ-সুবিধা। 'কুনো দলের লগে না থাকনে চলোন ফিরোনের হুযুগহুবিদা নাইক্যা।'

হুর *বি.* হুরি; হুরী; অতিশয় সুন্দরী; জান্নাতের পরী; স্বর্গের অপ্সরী; বেহেশ্তের সুন্দরী। 'ঈমানদার মানুর লাইগা ছওগাত লয়্যা জন্নাতে হুর-পরিরা বয়্যা আচে।'

হুংতে *ক্রি. বি.* শুঁকতে; শোঁকা; শুকা; শোঁখা; শুঁখা; শোখা; গন্ধ নেওয়া; ঘ্রাণ নেওয়া। 'ইয়াহিয়া

ছেছ বয়ছে বি বাতাস হুংতে হুংতে কইবার পারত আছপাছে মাইয়্যা মানু আচে কিনা।'

হেইহানে *সর্ব. দ্র. হ্যাইখানে।* সেখানে; সেইখানে; ওখানে; ওইখানে। 'না কি হেইহানে আছে বেবাক অজানার পরম জানাজানি।'

হেগর *সর্ব.* তাদের; তাহাদের 'গরীব হ্যালায় কাইন্দা মরে নিত্তি হেগর রোজা/ পওলা- কুরমা, নয়া জামা গোদের ওপর বোজা।'

হেগুনা *সর্ব.* সেগুলো; সেইগুলো; ঐগুলো। 'হেগুনা বালা মানুর পুলাপান না।'

হ্যাইগুনা সর্ব. দ্র. হেগুনা।

হ্যাগো *সর্ব.* তাদের; তাহাদের; ওদের। 'হ্যাগো কতা হুইনা কুনো কাম নাইক্যা।'

হ্যাগোর *সর্ব.* তাদের; তাহাদের। 'হ্যাগোর বারি আর মগোর বারির মাইদ্দ্যে চিপা গলি।'

হেচমেছ *বিণ.* শেষমেশ; অবশেষে। 'আমাগো ঢাহার ছহর কি এমতে কইরা হারায়া হেচমেছ অর মায়রে বাপ মইরা যাইব?'

হেচ রাইতে *বি. বিণ.* শেষ রাত। 'কতায় কয়না উছতাদের মাইর হেচ রাইতে।'

হেছকতা *বি. বিণ.* শেষ কথা। 'আমার হেছকতা অইল আগে নিজের ঈমান আমান ঠিক করা।'

হেজাব *বি.* হিজাব; মহিলাদের মুখ বন্ধক। 'মুকে হেজাব লাগায়া ছরিল উদলা রাখন নাজায়েজী কাম।'

হেদি পেদি *বিণ.* সাদা সিদা; অচতুর; সরল-সোজা; আপন ভোলা। 'আমি হ্যালায় হেদি পেদি বুজিনা ডাইন-বাও।'

হেদিন *বিণ.* সেদিন; সেইদিন; ঐদিন। 'ছুরমা মাখা এই দুই নয়নে হেদিন থিকা খালি তুমি, তুমি আর তুমি।'

হেপাজত *বি.* হেফাজত; হিফাজত; রক্ষণাবেক্ষণ; জিম্মাদারি; তত্ত্বাবধান; দায়িত্ব; পরিচর্যা। 'ইচলাম হেপাজতের মালিক আল্লা।'

হৈল *বি.* শোল মাছ; কালচে রঙের পিঠ ও হলুদাভ পেটযুক্ত লম্বাটে মাঝারি আকৃতির মিঠা জলের সুস্বাদু মাছ। এর পোনা টকটকে লাল বর্ণের।

হোয়োন *ক্রি. বি.* শোয়া; শুয়া; শয়ন করা; নিদ্রা; ঘুম; শয্যা। 'খায়োন আর হোয়োন ছারা তুমারে আর কুনো কাম করবার দেকি না।'

হোগা *বি.* পায়ুপথ; পোঁদ; মল্লার; গুহ্যদেশ; পাছা; নিতম্বের

নিম্নাংশ। 'হোগার বিত্রে বাছ ঢুকাইয়া খারা করন যায় মাগার কতা বি কয়ান যায় না।'

হোগার পু *বিণ.* অর্থহীন ঘৃণ্য গালি বিশেষ। 'আবে হোগার পু বাচবার চাইলে লৌর দে।'

হোজা *বিণ.* সোজা; সহজ; সরল; সিধা; ঋজু; শান্ত। 'মোনে রাকবা হোজা অংলিতে গি উটে না।'

হোতন *ক্রি.* শোয়া; শুয়া; শুয়ে থাকা; শয়ন করা। 'যহন আহি, তুমারে খালি হোতন দেকি।'

হোদর *বিণ.* নিকটজন; ঘনিষ্ঠজন; অতি আপনজন; আত্মীয়; স্বজন; জ্ঞাতি; কুটুম্ব; অন্তরঙ্গ ব্যক্তি। 'মহল্লার ছব মানুই আমার হোদর।'

হোমরা-চোমরা *বিণ.* সম্ভ্রান্ত ও প্রভাবসম্পন্ন; প্রতিপত্তিযুক্ত; প্রচুর ক্ষমতাবিশিষ্ট; উচ্চপদস্থ ব্যক্তি। 'হোমরা-চোমরা মানু আমগো মহল্লায় একটা বি নাইক্যা।'

হোমান *বিণ.* সমান; সমকক্ষ; সদৃশ; মতো; তুল্য; ভারসাম্যযুক্ত। 'পাইলে তারে কইর নালিছ ইমুন বরার ডুবি/ অয়নাই কি হোমান হোমান দিলে প্যারাক-চুবি!'

হোয়া *ক্রি. বি.* শোয়া; শুয়া; শয়ন করা; নিদ্রা; ঘুম; শয্যা; শায়িত। 'দক্ষিণমুখী গর, ময়ূরপঙ্খি পালঙ্কে হোয়া ছান্তির নগর।'

হৌরবারি *বি.* শ্বশুর বাড়ি। 'হৌরবারির মজা এক নাগারে তিনদিনের বেচি থাকে না।'

হৌরি *বি.* শাশুড়ি; স্ত্রী বা স্বামীর মাতা। 'হৌরি আর মায়ের মইদ্যে কুনো ফারাক নাইক্যা।'

হৌরের পুলা *বি. বিণ.* শ্যালক; শালা; স্ত্রীর ছোট ভাই (তুচ্ছ-তাচ্ছিল্যকর গালি বিশেষ)। 'আবে হ্যালায় হৌরের পুলা তরে আর কত পছা দিমু?'

ক্ষ

ক্ষেতি *বি.* ক্ষতি; অনিষ্ট; লোকসান; অপচয়। 'আমার বাইয়ের যে কইরাছে ক্ষেতি তার ছাতে জরমের আরি।'

ক্ষেমতা *বি.* ক্ষমতা; শক্তি; সামর্থ্য; পটুতা; দক্ষতা; যোগ্যতা; সাধ্য; সাধ্যি। 'দুর্বলেরে ক্ষেতমা দেহান বহুত হোজা।'

ক্ষেমা[১] *বি.* খেমা; ক্ষমা; মাফকরা; নিষ্কৃতি দেওয়া। 'আমার খুতিতে তার নাই কুনো ক্ষেমা।'

ক্ষেমা[২] *ক্রি. বি.* বন্ধ করা; রহিত; গতিহীন; নিশ্চল; সমাপ্তি। 'আগুন নিয়া বহুত খেলচ, এহন ক্ষেমা দেও।'